(a) পর্যৎ সেক্রেটারীর কাজের ওপর সাধারণভাবে তত্ত্বাবধান ও পর্যৎ কর্তৃক নিযুক্ত কর্মচারীদের নিয়োগ ও বদলি সংক্রান্ত বিষয়ের তত্ত্বাবধান ;
(b) ভ্রমণ ভাতা মঞ্জুর এবং
(c) পর্ষদের যথাযথ পরিচালনার ক্ষেত্রে পর্ষদের সিদ্ধান্তের সঙ্গে সামঞ্জস্য হয় এরূপ ব্যবস্থা গ্রহণ।

পঞ্চম অধ্যায়

সভা

9. (1) প্রত্যেক বছরে জুলাই মাসে পর্ষদের বাৎসরিক সভা আহ্বান করতে হবে।
(2) বোর্ডের প্রেসিডেণ্টের আহ্বানে পর্ষদের অন্য সময়েও বৈঠক হতে পারবে।
(3) বোর্ডের প্রেসিডেণ্ট কেবলমাত্র জরুরী সভা (emergency meeting) ছাড়া সাব-সেকশন 6 ধারায় অন্য বার্ষিক বা বিশেষ সভার জন্য অন্যূন সাতদিনের নোটিসে সভা ডাকবেন।

অবশ্য পর্যদের অন্যূন ১০ জন সদস্যের সই করা তলবী সভা আহ্বানের দাবীতে প্রেসিডেণ্ট পর্ষদের সভা ১৫ দিনের মধ্যে আহ্বান করবেন এবং ঐ সভায় তলবী সভার নির্ধারিত বিষয় ব্যতীত অন্য বিষয়ের অবতারণা হবে না।

(4) পর্যদের অন্যূন ছয়জন সদস্যের সই করা তলবী সভায় সভাপতি কমিটির সিদ্ধান্তের আলোচনার জন্য আইনের আওতায় সভা ডাকবেন এবং পর্ষদ্ সদস্যদের দু'তৃতীয়াংশের সম্মতিতে পূর্ব-সিদ্ধান্তের পরিবর্তন সাধন করতে পারবেন।

(5) কোন বিষয়ই যা, একবার পর্ষদ্ সিদ্ধান্ত গ্রহণ করলে, তার ছয় মাসের মধ্যে পুনর্বিবেচিত হবে না, তবে পরে অন্ততঃ দশজন সদস্যের সইতে তলবী সভা আহ্বান করে দু'তৃতীয়াংশের সম্মতিতে গৃহীত সিদ্ধান্তের পুনর্বিবেচনা করা চলে।

(6) জরুরী সভা আহ্বান করতে হলে প্রেসিডেণ্টকে অন্ততঃপক্ষে দু'দিনের নোটিসে সভা ডাকতে হবে।

(7) যে কোন সভায় অন্ততঃপক্ষে ১০ জন উপস্থিত না থাকলে কোরাম হবে না। এবং ঐ সভায় কোন কাজ হবে না।

30. পর্ষৎ যে কোন কমিটির সভা অথবা রিজিওন্যাল পরীক্ষা কাউন্সিলের সভার কার্য পরিচালনা বিধি সংক্রান্ত রেগুলেশন প্রণয়ন করবে।

ষষ্ঠ অধ্যায়

ফিনান্স ও অডিট

31. বার্ষিক প্রতিবেদন ও আয়-ব্যয়ের খসড়া (Annual Report and Budget Estimate) :

(1) পর্ষদ্ প্রেসিডেণ্ট পর্ষদ্ প্রতিষ্ঠার পরবর্তী বছরে বার্ষিক সভায় এবং প্রত্যেক বছর পূর্ববর্তী বছরের পর্ষদের কাজ-কর্মের হিসেব-নিকেশ এবং তৎসহ চলতি বছরের প্রত্যাশিত আয়-ব্যয়ের হিসেব বার্ষিক সভায় পেশ করবেন।

(2) বার্ষিক সভায় বাজেট পেশ করবার অন্ততঃ একমাস পূর্বে রাজ্য সরকারের কাছে—বাজেটের সম্বন্ধে পর্ষদের প্রয়োজনীয় মন্তব্যাদি সহ রিপোর্ট পেশ করতে হবে।

(3) প্রস্তাবিত বজেট পর্ষদ কর্তৃক অনুমোদিত হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে রাজ্য সরকারের কাছে পাঠাতে হবে।

(4) a. রাজ্য সরকার প্রস্তাবিত বাজেট প্রাপ্তির তিনমাসের মধ্যে হয় অনুমোদন পাঠাবে, নয়তো পর্ষদের কাছে কার্যকরী প্রস্তাবসহ প্রয়োজনীয় রিপোর্ট পাঠাবেন যদি, এই রিপোর্ট প্রত্যাশিত বাজেট তাঁদের মতে—

(i) যদি যুক্তিযুক্তভাবে সরবরাহ করা তথ্য থেকে বুঝতে পারা যায় যে, ক্লোজিং ব্যালেন্সের সংখ্যাটি ঘাটতি দেখাচ্ছে ;

(ii) চিরাচরিত ব্যয়ের মধ্যে নূতন বিষয় (item) ধরা হয়েছে অথচ বোর্ডের আয় থেকে ভবিষ্যৎ আর্থিক দায়-দায়িত্ব শোধ করার সামর্থ্য নেই ; অথবা

(iii) ব্যয়ের মধ্যে যে সব ব্যবস্থা রাখা হচ্ছে, তা আইনের সীমার মধ্যে পড়েনা ;

b. যদি প্রস্তাবিত বাজেটটি clause (a)-এর অধীনে পাঠানো হয়, পর্ষদ তাহলে রাজ্য সরকারের মন্তব্য ও ইঙ্গিতপূর্ণ প্রস্তাবটি প্রয়োজনবোধে সংশোধন করবেন। পর্ষদ্ পুনরায় সংশোধিত বাজেটটি রাজ্য সরকারের কাছে পেশ করবেন অথবা পর্ষদ্ যদি মনে করেন যে, বাজেটের সংশোধন করার প্রয়োজনীয়তা নেই, তাহলে একমাসের মধ্যে মূল বাজেটটির উত্তর ও মন্তব্যাদিসহ রাজ্য সরকারের কাছে পাঠিয়ে দেবেন।

c. যদি রাজ্য সরকার পর্ষদের সংশোধিত বাজেট অনুমোদন না করেন প্রস্তাবিত বাজেট যদি পর্ষদ্ সংশোধন না করে ফেরত পাঠান, তাহলে রাজ্য সরকার বাজেট প্রস্তাবটি সংশোধন করতে পারেন নিম্নোক্ত মন্তব্যে—

(i) এরূপ ঈষৎ পরিবর্তন তাদের মতে খসড়া প্রস্তাবকে যুক্তিযুক্তভাবে নিখুঁত করা অথবা আয়-ব্যয়ের মধ্যে ভারসাম্য বজায় রাখা ;

(ii) সংযোজন, পরিবর্তন অথবা ঈষৎ পরিবর্তন যে কোন ব্যবস্থায় নিত্য-ব্যয়ের তাগিদে প্রয়োজন ; (iii) যে কোন পরিবর্তন অথবা সংশোধন যা ব্যয়বরাদ্দে দেখান হয়েছে তা আইনের ধারামাফিক নয় ;

এভাবে সংশোধিত বাজেটটি পর্ষদের কাছে প্রেরণ করা হবে।

(5) রাজ্য সরকার যদি প্রস্তাবিত বাজেটটি পাওয়ার তিনমাসের মধ্যে অনুমোদন না করেন বা সম্মতি না দেন অথবা তিনমাসের মধ্যে পুনরায় পেশ করা সত্ত্বেও, অনুমোদন না দেন তাহলে প্রস্তাবিত বাজেটটি রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত বলে গণ্য করা হবে।

32. রাজ্য সরকার প্রস্তাবিত বাজেট বিবেচনা করে এবং হিসাবপত্র দেখে-শুনে এবং অন্যান্য রিপোর্ট বিবেচনা করে যেরূপ ভাল মনে করবেন, সেরূপ বার্ষিক বা সাময়িক সাহায্য মঞ্জুর করবেন।

33. শিক্ষা ভাণ্ডার (Education Fund) :

1. পর্ষদের একটি নিজস্ব ফাণ্ড থাকবে ; আর তার নাম হবে পঃ বঃ মধ্যশিক্ষা ফাণ্ড। আর তাতে জমা পড়বে—;

(a) আইনের 32নং ধারায় রাজ্য সরকারের যাবতীয় মঞ্জুরী—

(b) আইনের আওতায় যাবতীয় আদায়কৃত ফিস ;

(c) পর্ষদের যাবতীয় সম্পত্তি অথবা আয়ের সংস্থা থেকে লব্ধ আয় ;

(d) যে কোন উৎস থেকে পর্ষদের পক্ষে লব্ধ আয় বা অর্থ ;

2. 'ফাণ্ড' হবে পর্ষদের নামে এবং পর্ষদের শাসনাধীনে এবং পর্ষদের আইন অনুযায়ী।

3. পর্ষদ ফাণ্ডে দেয় সর্ব প্রকারের প্রাপ্য ফাণ্ডের নামে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়াতে জমা দিতে হবে। এবং সব রকমের চেক প্রভৃতি পর্ষদ্ প্রেসিডেণ্টের দ্বারা অথবা প্রেসিডেণ্ট কর্তৃক লিখিতভাবে ভারপ্রাপ্ত ব্যক্তি দ্বারা দেওয়া চলবে।

34. কোন ব্যয়ই আইনের আওতায় ও বাজেটের অনুমোদন প্রাপ্তি ছাড়া হবে না।

35. নির্ধারিত উপায়ে পর্ষদ্ সমস্ত প্রকারের আয়-ব্যয়ের হিসাব রাখবে।

36. 1. রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত অডিটর দ্বারা পর্ষদের হিসাবপত্র প্রতি বছর পরীক্ষা করা হবে।

2. হিসাব পরীক্ষার জন্য (audit) সাব-সেকসন (1) উপধারায় নিযুক্ত অডিটর

(a) অডিটের প্রয়োজনে লিখিতভাবে বোর্ড সংক্রান্ত যে কোন কাগজপত্র লিখিতভাবে দাবী করতে পারবেন।

(b) লিখিতভাবে যে কোন দায়িত্বাধীন ব্যক্তিকে অডিটরের সামনে হাজির থাকতে বলতে পারবেন অথবা সংশ্লিষ্ট বিষয়ের জন্য জবাবদিহি করা বা কাগজপত্র পেশ করতে বলতে পারবেন।

(c) যে কোন ব্যক্তিকে অডিটারের সামনে হাজির হয়ে লিখিতভাবে বিবৃতি দিতে বা কাগজপত্র সম্বন্ধে বক্তব্য পেশ করতে বলতে পারবেন।

3. পর্ষদের প্রত্যেক সভ্য, সেক্রেটারী এবং চাকুরিরত প্রত্যেক ব্যক্তির পক্ষে— অডিটরকে হিসাব পরীক্ষার প্রয়োজনে সাব-সেকশন (2) অনুযায়ী সুযোগ দিতে হবে।

4. কোন ব্যক্তি ইচ্ছাকৃত ভাবে উক্ত দায়িত্ব পালনে অস্বীকার করলে বা অবহেলা করলে শাস্তি স্বরূপ উক্ত আইনের (2) সাব-সেকশনে ১০০ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে।

5. সাব-সেকশন (4) উপধারায় শাস্তিযোগ্য কোন অপরাধের বিরুদ্ধে রাজ্য সরকারের অনুমতি ভিন্ন কোন অভিযোগ আনা চলবে না।

6. সাব-সেকশন (4) উপধারায় শাস্তিযোগ্য অপরাধের বিচার প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট অথবা ১ম ও ২য় শ্রেণীর ম্যাজিস্ট্রেট ছাড়া (4) উপধারায় অন্য কারও দ্বারা করা চলবে না।

37. 1. অডিটের ১৫ দিনের মধ্যে অডিটর পরীক্ষিত হিসাবের রিপোর্ট রাজ্য সরকারের কাছে দাখিল করবেন এবং মন্তব্যাদিসহ পর্ষদ্ ও সরকারের কাছে অডিট রিপোর্ট দাখিল করবেন।

2. রাজ্য সরকার অডিট রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করবেন।

সপ্তম অধ্যায়

সম্পূরক অনুবিধি (Supplemental Provisions)

38. রাজ্য সরকারের প্রয়োজনমত পর্ষদ্ সরকারের কাছে নির্ধারিত রিপোর্ট, রিটার্ন এবং বিবৃতি প্রভৃতি পেশ করতে বাধ্য থাকবেন।

39. রাজ্য সরকার লিখিত আদেশবলে সুনির্দিষ্ট যুক্তির ভিত্তিতে পর্ষদের যেকোন আদেশ অথবা প্রস্তাব, যে কোন কমিটি বা পরীক্ষা কাউন্সিলের কাজ বন্ধ করে দিতে পারবেন, যদি রাজ্য সরকার মনে করেন যে, পর্ষদের কাজ বা সিদ্ধান্ত তাঁদের ক্ষমতার সীমা অতিক্রম করে গেছে।

40. পর্ষদের সদস্যবৃন্দ, এমনকি যে কোন কমিটি বা কাউন্সিল পর্ষদ্ আইনের আওতায় পর্ষদের কর্মচারী এবং যে কোন ব্যক্তি বোর্ডের একাউন্টস অডিট করতে নিযুক্ত হলে পাবলিক সার্ভেন্টস্বরূপে গণ্য হবেন—ইণ্ডিয়ান পেনাল কোড, [সেকশন 21—অ্যাক্ট XLV of 1860]।

41. এই আইনের বলে কোন লোক সৎ উদ্দেশ্যে কাজ করলে তার বিরুদ্ধে কোন প্রকার ফৌজদারী, দেওয়ানী বা আইনগত ব্যবস্থা নেওয়া চলবে না।

42. পর্ষদ্ আইনের বলে কোন ট্রাইব্যুনেল গঠিত হলে এই ট্রাইব্যুনেল সাক্ষ্যগ্রহণের উদ্দেশ্যে শপথ পাঠ করান, সাক্ষীর উপস্থিতি বাধ্যতামূলক করতে এবং সাক্ষীকে হাজির করাতে অথবা কাগজপত্র উপস্থাপিত করাতে ক্রিমিন্যাল কোডের 480 ও 482 সেকশনে এবং সিভিল কোর্টের ক্ষমতাসম্পন্ন বলে পরিগণিত হবে।

43. এই অ্যাক্টের আওতায় গৃহীত কোন কাজ বা কার্যাবলী কেবল অবৈধ প্রতিপন্ন হবে না—

(a) আইনের আওতায় পর্ষদ্, কোন কমিটি বা কোন রিজিওন্যাল পরীক্ষা কাউন্সিলের শাসনতন্ত্রের কোন পদের শূন্যতা বা ত্রুটির জন্য।

(b) পর্ষদের কোন সদস্য সেকশন 15 ধারায় ব্যতিক্রমে ভোট দিলে—

(c) কোন ত্রুটি বা অনিয়ম মামলার গুণ বা উৎকর্ষে ক্ষতিকর প্রভাব না ঘটালে—

44. এই অ্যাক্টের রেগুলেশনে কোন বিষয়বস্তু দরকার হলে আইনের ধারার (rules) বলে অনুরূপ রেগুলেশন তৈরী না হওয়া পর্যন্ত কাজ চালাতে পারবে।

45. (1) রাজ্য সরকার এই অ্যাক্টের উদ্দেশ্য সাধনের জন্য পূর্বে প্রকাশ করার পর রুলস তৈরি করতে পারবেন।

(2) বিশেষ করে এবং পূর্ববর্তী ক্ষমতার প্রতি কোন প্রকার প্রতিকূল ধারণা বা পক্ষপাতিত্বের সুযোগ না দিয়ে ঐরূপ রুল নিম্নলিখিত বিষয়ে অথবা সকলের প্রতি দৃষ্টি দিতে পারে—

(a) পর্ষদ কর্তৃক অর্জিত, দখলিকৃত এবং বিলি বন্দোবস্তকৃত সম্পত্তি যদি পর্ষদের 3নং সেকসনের 2নং সাব-সেকসনে উল্লেখ থাকে ;

(b) পর্ষদ সদস্যদের নির্বাচন সেকশন 4-এর 15 ও 16 ধারার (clause) সাব-সেকশন (b) অনুযায়ী নির্বাচন নির্বাচক মণ্ডলীর কনষ্টিটিউশন-নির্দিষ্ট তারিখ অনুযায়ী অনুষ্ঠিত হবে ;

(c) সেকশন 4-এর 17 নং ধারায় (clause) পর্ষদের সদস্য নির্বাচন পদ্ধতি ও তারিখের যেরূপ উল্লেখ আছে, তদ্রূপ হবে।

(d) বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গঠন, ক্ষমতা এবং কার্যাবলী ;

(e) সেকশন 12 এর (1) নং সাবসেকশন অনুযায়ী ট্রাইব্যুনেলের কাছে প্রেরিত অনুসরণীয় কার্যাবলী ;

(f) পর্ষদ্ সেক্রেটারীর নিযুক্তি শর্তাদি, পে-স্কেল এবং শৃঙ্খলার সংক্রান্ত রুলস ;

(g) সেকশন 17 ধারায় ভ্রমণ ভাতা (T.A.) সংক্রান্ত নিয়মাবলী ;

(h) সেকশন 27 ধারায় (clause I এর 2 সাব-সেকশনে বর্ণিত) প্রভিডেণ্ট ফাণ্ড সম্পর্কিত পর্ষদ কর্তৃক সূচিত ও অনুশাসিত নিয়মাবলী ;

(i) যে নিয়মে প্রস্তাবিত বাজেট তৈরি হবে ;

(j) যে পদ্ধতিতে প: বঃ মধ্য শিক্ষা পর্ষদ ফাণ্ডে টাকা আসবে বা টাকা দেওয়া হবে ;

(k) সেকসন 34 ধারায় যে পদ্ধতিতে পুনরধিকার প্রতিষ্ঠা করা ;

(l) সেকশন 35 ধারায় যে নিয়ম বা পদ্ধতিতে আয়-ব্যয়ের হিসাব রাখা হবে ;

(m) যে পদ্ধতিতে হিসাব পরীক্ষা ও অডিট হবে ;

(n) সেকশন 38-এ রিপোর্ট, রিটার্ন, বিবৃতি পর্ষদকে দাখিল করতে হবে, তার ফরম, রিটার্ন প্রভৃতি ;

(o) আইনে অন্য যে কোন বিষয় বর্ণিত থাকলে।

46. (1) ১৯৫০ সালের পঃ বঃ মধ্যশিক্ষা আইন ও ১৯৫৪ সালের পঃ বঃ মঃ শিক্ষা আইন (অস্থায়ী শর্তাদি) এতদ্বারা বাতিল করা হল।

(2) বাতিল কি হল—

(a) মধ্যশিক্ষা পর্ষদের অর্জিত বা দখলিকৃত সম্পত্তি এবং গচ্ছিত ধন-সম্পদ এবং সবরকম অধিকার, দায় এবং বাধ্য-বাধকতা রাজ্য সরকারে হস্তান্তরিত হল।

(b) রাজ্য সরকার আদেশ বলে এই অ্যাক্টের সূচনার আগে মধ্যশিক্ষা পর্ষদের সমস্ত আইনানুগ কার্যাবলী, পক্ষে বা বিপক্ষে যাই হউক না

কেন, ক্ষেত্রবিশেষে চলতে পারে অথবা রাজ্য সরকারের আদেশে নির্দিষ্ট না করা পর্যন্ত,

(c) এই আইন কার্যে পরিণত হওয়ার আগে পর্যন্ত পর্ষদের সমস্ত অফিসার ও কর্মচারী নূতন ব্যবস্থা না হওয়া পর্যন্ত চাকরিতে বহাল থাকবে।

(d) এই আইনের আওতায় সমস্ত অনুমোদিত স্কুলকে স্বীকৃতিপ্রাপ্ত (recognised) বলে ধরে নিতে হবে, যতদিন পর্ষদ্ এই আইনের সীমার মধ্যে অর্থাৎ আইনবলে স্বীকৃতি প্রত্যাহার করে নিচ্ছেন ;

(e) সমস্ত সিলেবাস, পাঠ্যক্রম এবং পাঠ্যবই চালু থাকবে, যদিনা আইনে কোন ভিন্ন বা বিকল্প ব্যবস্থা না হয়,

(f) এই আইনের সেকসন 30 এর সাব-সেকশন (3) উপধারায় এই অ্যাক্ট চালু হওয়ার আগে পর্যন্ত যে সব অ্যাপিল বিচারাধীন ছিল, তা, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশনে নতুন করে অ্যাপিল কমিটি উক্ত ধারাবলে গঠন না করা পর্যন্ত, আগের (existing) অ্যাপিল কমিটি কর্তৃক শ্রুত হবে এবং নির্ণীত হবে।

47. পর্ষদ্, এই আইনের আওতায় পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের আদেশে ক্ষমতা পরিচালন ও কাজ করবে, যা সরকারের অফিসিয়েল গেজেট মাধ্যমিক শিক্ষার প্রসার ও বিষয়বস্তু সম্বন্ধে মাঝে মাঝে বিজ্ঞপ্তি মারফত জানিয়ে দেওয়া হবে।

48. যদি এই আইনের ধারা অনুযায়ী কাজ করতে কোন অসুবিধা সৃষ্টি হয়, তাহলে রাজ্য সরকার এরূপ আদেশ বা ব্যবস্থা নিতে পারেন যা আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে অসুবিধা দূরীকরণে প্রয়োজনীয় বা তাৎক্ষণিক সুবিধা হয়।

49. **পর্ষদকে বাতিলকরণ (Supersession of the Board) :**

যদি রাজ্য সরকারের মতে পর্ষদ্—

(a) পর্ষদের উপর যে দায়িত্বভার দেওয়া আছে, তা যদি বার বার পর্ষদ্ পালনে অসমর্থ হয়, অথবা

(b) ক্ষমতার সীমা অতিক্রম করে অথবা অপপ্রয়োগ করে—

(1) রাজ্য সরকার অফিসিয়াল গেজেটে সরকারী আদেশ প্রচার করে যথাযথ যুক্তির ভিত্তিতে অনধিক দুবছরের জন্য পর্ষদ্ বাতিল করে দিতে পারেন এবং উক্ত সময়ের পরে যাতে পর্ষদকে পুনরায় প্রতিষ্ঠিত করা যায়, তার জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করতে পারবেন।

(2) রাজ্য সরকার প্রয়োজন মনে করলে আদেশবলে পর্ষদের বাতিলের সময় বাড়িয়ে বা কমিয়ে দিতে পারেন ; আর তা' গড়ে তিন বছরের বেশী হবে না।

50. **বাতিলের প্রতিক্রিয়া** (**Consequences of Supersession**) **:**

সেকশন 49 ধারায় পর্ষদকে বাতিল করা হলে

(a) আইনের বলে পর্ষদের প্রেসিডেন্টসহ পর্ষদের সকল সভ্য, কমিটি, সাব-কমিটিকে নিজ নিজ পদ ছেড়ে যেতে হবে।

(b) রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত প্রশাসক সরকারের পক্ষে পর্ষদের সমস্ত ক্ষমতা পরিচালন করবেন এবং প্রেসিডেন্ট, কমিটি ও সাব-কমিটির পক্ষে তিনি সব কিছু দেখাশোনা করবেন ;

অবশ্য নিযুক্ত প্রশাসক আইনের বলে উপযুক্ত ব্যক্তির ওপর নিজের ক্ষমতা প্রতিনিধিত্ব করতে হস্তান্তরিত করতে পারেন।

(c) পর্ষদের প্রতিনিধি বা সংবিধিবদ্ধ সংস্থার সভ্যদেরও নিজ নিজ পদ ছেড়ে দিতে হবে এবং প্রশাসক যদি ভাল মনে করেন, তৎস্থলে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে প্রতিনিধিত্ব দিতে পারেন।

(2) বাদ (১৯৭৮ সালের সংশোধনে বাদ পড়েছে।)

(3) রাজ্য সরকার অফিসিয়াল গেজেটে আদেশ প্রচার করে 49 ধারার বলে আগে দেওয়া আদেশকে বাতিল করে পর্ষদের পুনঃপ্রতিষ্ঠা করতে পারেন।

(4) সাব-সেকশন 3 ধারায় পর্ষদের পুনঃপ্রতিষ্ঠা হলে প্রশাসক তাঁর ক্ষমতা ও দায়িত্ব পালন থেকে বিরত থাকবেন।

(5) প্রশাসকের কার্যকাল এবং চাকরির শর্তাদি রাজ্য সরকার কর্তৃক নিরূপিত হবে।

51. সন্দেহ নিরসন কল্পে এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, 49 ধারায় পর্ষদ্ বাতিলের আদেশ কোনক্রমেই সামগ্রিকভাবে পর্ষদ্‌কে ভেঙ্গে দেওয়া নয়।

52. **পর্ষদের পুনঃস্থাপন** (Re-establishment of the Board) **:**

(1) রাজ্য সরকার কর্তৃক অফিসিয়াল গেজেটে আদেশ প্রচারের মাধ্যমে পর্ষদের পুনঃস্থাপনের দিন ঘোষণা করা হবে (সেকশন 4 ধারার বলে)।

(2) রাজ্য সরকার অফিসিয়াল গেজেটে নির্দিষ্ট তারিখে উল্লেখ করে জানাবেন, রাজ্য সরকার ছাড়া অন্য কর্তৃপক্ষ সেকশন 4নং ধারায় সদস্য নির্বাচন বা মনোনয়ন করবেন। আর নির্দিষ্ট তারিখের মধ্যে এইসব সদস্য যদি নির্বাচিত বা মনোনীত না হন, তাহলে রাজ্য সরকার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের মধ্য থেকে সদস্য বা সদস্যবৃন্দ নিযুক্ত করবেন।

(3) সেকশন 4নং ধারায় নির্বাচন না হওয়া পর্যন্ত রাজ্য সরকার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সেকশন 4 এবং (14)নং ধারার উপধারা (b) অনুযায়ী সভ্য নিযুক্ত করবেন।

(4) (i) সাব-সেকশন (2)তে নিযুক্ত সভ্যরা সেকশন 4নং ধারায় মনোনয়ন না হওয়া পর্যন্ত স্বপদে বহাল থাকবেন ;

(ii) সাব-সেকশন (3)-তে নিযুক্ত সভ্যবৃন্দ সেকশন (4) এ নির্বাচন না হওয়া পর্যন্ত এবং নির্বাচনের ফলাফল অফিসিয়াল গেজেটে প্রকাশ না হওয়া পর্যন্ত স্বপদে বহাল থাকবেন।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ অ্যাক্ট—১৯৬৩

সংশোধন—সেকশন (9) এর সাব-সেকশন (2)

(সাব-সেকশন (1) এ রাজ্য সরকারের নির্দিষ্ট বিজ্ঞপ্তি অনুযায়ী পর্ষদ্ প্রেসিডেন্ট নিয়োগের স্থায়িত্ব কাল মাঝে মধ্যে বাড়ান সত্ত্বেও পাঁচ বছরের বেশী (প্রথম নিয়োগের দিন থেকে) বাড়বে না। [Substituted for sub-section 2 by section 2 of the West Bengal Board of Secondary Education (Amendment) Act 1963.]

পঃ বঃ রাজ্য সরকার

(আইন মন্ত্রক)

West Bengal Ordince No. V of 1969

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ (সংশোধন অর্ডিনেন্স, ১৯৬৯)

যেহেতু পঃ বঃ মধ্য শিক্ষা পর্ষদ্ ১৯৬৩ আইনটি সংশোধন করা সুবিধাজনক, যা আছে : (ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট V অব 1963)

এবং যেহেতু পঃ বঃ আইন সভার উভয় কক্ষই এখন বন্ধ, এবং রাজ্যপাল বর্তমান অবস্থায় তাঁর পক্ষে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে ইচ্ছুক ;

রাজ্যপাল ভারতীর শাসনতন্ত্রের 213 ধারা (article) বলে স্বীয় ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত অর্ডিন্যান্সটিতে সম্মতি দিলেন—

শিরোনামা

1. এই অর্ডিন্যান্সকে **পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্** সংশোধন অর্ডিনেন্স, ১৯৬৯ বলা হবে।

45 সেকশন সংশোধন : ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট ১৯৬৩

2. ১৯৬৩ সালের পঃ বঃ মঃ শিক্ষা পর্ষদ্ আইন সেকশন 45 ধারার সাব-সেকশন (2)—'ডি' অংশ "Composition of" এর পরিবর্তে হবে, "the composition, powers and functions of".

স্বাঃ ডি. এন. সিনহা
গভর্নর অব ওয়েস্ট বেঙ্গল

৯ই মে, ১৯৬৯

স্বাঃ কে. কে. চক্রবর্তী
সেক্রেঃ পঃ বঃ রাজ্য সরকার।

কলকাতা গেজেট (অসাধারণ) নভেম্বর ৯, ১৯৭২

পঃ বঃ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ মাধ্যমিক

[প্রস্তাব]

No. 2062-Edn (S)—9th Nove, 1972—পশ্চিমবঙ্গে (রাজ্যে বর্তমান মাধ্যমিক শিক্ষা ১৯৫৭ সালে No 10973-Edn. dt. 6th Dec, 1955) প্রস্তাব অনুসারে সূচিত হয়।

2. এর পর থেকে স্কুল শিক্ষা গত পনের বছর ধরে চলে এসেছে বর্তমান অবস্থায়। এর মধ্যে বর্তমান অবস্থার কিছু কিছু ত্রুটি রাজ্য সরকারের নজরে এসেছে।

3. রাজ্যে মাধ্যমিক শিক্ষার বর্তমান কাঠামোকে নূতন করে গড়ে তোলার তাগিদে এবং যুগের প্রয়োজন মেটাতে রাজ্যের বিভিন্ন শিক্ষক সংস্থার, ছাত্রদের এবং শিক্ষা প্রতিষ্ঠানের সাথে আলাপ-আলোচনা হয়।

4. সমস্ত মতামত বিচার-বিবেচনা করে এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ভারত সরকার কর্তৃক একটি সর্বভারতীয় জাতীয় শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে যে শিক্ষা ব্যবস্থা ঠিক হয়েছে, এই রাজ্যে তা এরূপ হবে :

   1. স্কুল শিক্ষার সময় সীমা ১০ বছর ;
   2. প্রথম পাঁচ বছর প্রাথমিক শিক্ষা ;
   3. পরবর্তী পাঁচবছর মাধ্যমিক শিক্ষা ; আর ঐ সময়ে দুটি স্তরে, অর্থাৎ জুনিয়ার সেকেণ্ডারী কোর্সে (ক্লাশ VI থেকে VIII) এবং মাধ্যমিক কোর্স হবে দু'বছরের (ক্লাশ IX ও X) স্কুল শিক্ষার সমাপ্তি ক্লাশ X-এর শেষে এবং পঃ বঃ মধ্য শিক্ষা পর্ষদ্ কর্তৃক একটি পাবলিক পরীক্ষা (Public Examination) গ্রহণ করা হবে।
   4. স্কুল শিক্ষায় প্রথম দশ বছরের মধ্যে প্রাইমারী ও মাধ্যমিক স্তরে পাঁচ বছর করে সাধারণ শিক্ষার (general education) দেওয়া হবে। কিন্তু মাধ্যমিক স্তরে নবম ও দশমশ্রেণীতে সামাজিক দিকে দরকারী উৎপাদনমূলক ট্রেড বা ক্র্যাফট শেখার উপর জোর দেওয়া হবে।
   5. বর্তমানে চালু একাদশ শ্রেণীর (Class XI) স্কুলগুলোকে দশম শ্রেণীতে পরিবর্তিত করা হবে এবং ১৯৭৩ সালের ১লা জানুয়ারী থেকে 'স্টাকচারেল প্যাটার্ন' চালু করা হবে। বর্তমানে চালু একাদশ শ্রেণীর স্কুলগুলো ১৯৭৩ সাল থেকে দশমশ্রেণীর স্কুলে পরিবর্তিত করা হলেও যারা ১৯৭২ সালে IX, X ও XI ক্লাশে পড়ছে, তারা ১৯৭৩, ১৯৭৪ ও ১৯৭৫ সালে পাস করে বেরিয়ে যাবে, তবে ফেল করা ছাত্রদের জন্য পঃ বঃ মধ্য শিক্ষা পর্ষদ্ ব্যবস্থা করবে।

6. পঃ বঃ মধ্য শিক্ষা পর্যদ্ মাধ্যমিক শিক্ষার জন্য নূতন স্কুল পাঠ্যক্রম তৈরী করবেন এবং বিস্তৃত পাঠ্য বিষয় স্থির করবেন। দশমশ্রেণীতে পরিণত হায়ার সেকেণ্ডারী স্কুলের নবমশ্রেণীতে স্কুল ফাইন্যাল সিলেবাস ১লা জানুয়ারী, ১৯৭৩ সাল থেকে চালু করা হবে।

7. হাই স্কুলের পঠন-পাঠন শেষ হওয়ার পরবর্তী দুবছর পৃথক শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ জুনিয়ার কলেজ নামে একটি পৃথক স্বশাসিত (Statutory Body) বোর্ড অর্থাৎ বোর্ড অব্ ইণ্টারমিডিয়েট এডুকেশন দ্বারা পরিচালিত হবে। তাই সব জুনিয়ার কলেজ স্কুল ও কলেজের ভাল বৈশিষ্ট্যসমূহ একত্র করে নিম্নলিখিত উপায়ে কাজে লাগান হবে :

   (a) একটি সেক্সনের ছাত্রসংখ্যা সাধারণত একশয়ের বেশী হবে না ;

   (b) টিউটোরিয়েল ও সেমিনার শুধু মাঝে মাঝে নয়, বাধ্যতামূলক হবে ;

8. প্রকৃত বৃত্তিমূলক শিক্ষা এবং বিভিন্ন ধারায় ছাত্র-ছাত্রীদের প্রেরণ করার কাজ দু'বছরের জুনিয়ার কলেজে শিক্ষার বিভিন্ন শাখার, যথা কৃষি, শিল্প এবং অন্যান্য সহযোগী উৎপাদনমূলক ব্যবস্থা চালু হবে, যাতে শিল্প, কৃষি ও ব্যবসার প্রয়োজনে লাগে।

9. বর্তমান ডিগ্রী কলেজগুলোকেও ১৯৭৫ সাল থেকে মধ্যশিক্ষা পর্যদের স্কুল ফাইন্যাল পাস করা ছাত্র-ছাত্রীদের ভর্তি করার সুযোগ দেওয়া হবে। প্রি-ইউনিভারসিটি কোর্সে ভর্তি ১৯৭৫ সাল থেকে বন্ধ করে দেওয়া হবে এবং ১৯৭৫ সাল থেকেই দশবছরের কার্যক্রমে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা দুবছরের জুনিয়ার কলেজ কোর্সে প্রথম বর্ষে ভর্তি হতে পারবে।

10. ১৯৭৫ সাল পর্যন্ত হায়ার সেকেণ্ডারী কোর্সে ছাত্র-ছাত্রীরা বর্তমান তিন বছরের ডিগ্রী কোর্সে ভর্তি হবে। এর পর থেকে এরূপ পাস করা ছাত্রদের জুনিয়ার কলেজের দ্বিতীয় বার্ষিক শ্রেণীতে ভর্তি হতে হবে।

আদেশ

এই আদেশবলে ক্যালকাটা গেজেটে প্রস্তাবাবলি ছাপানো হউক এবং তার কপি ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশন, পঃ বঃ এবং পাবলিক রিলেসান্স ডিপার্টমেণ্ট, রাজ্যের সকল বিশ্ববিদ্যালয়ে, ইণ্ডিয়ান ইনষ্টিটিউট অব, টেকনোলজি, খড়্গপুর এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদে পাঠিয়ে দেওয়া হউক।

রাজ্যপালের আদেশক্রমে
স্বাঃ ডি. কে. গুহ
সেক্রেটারী
এডুঃ কমিশনার এবং পঃ বঃ সরকার

পঃ বঃ রাজ্য সরকার, শিক্ষা-বিভাগ বিজ্ঞপ্তি

No. 2067-Edn(S) dt. 11th Nove, 1972

১৯৬৩ সালের পঃ বঃ মধ্য শিক্ষা অ্যাক্ট-এর 47 ধারা অনুসারে রাজ্যপাল পশ্চিমবঙ্গে মধ্যশিক্ষার সুযোগ-সুবিধা সম্বন্ধে নির্দেশ দিচ্ছেন :

নির্দেশ

১৯৭৩ সালের ১লা জানুয়ারী থেকে—

1. প্রথম পাঁচ বছরের প্রাথমিক শিক্ষার পর পরবর্তী পাঁচ বছর মাধ্যমিক শিক্ষার জন্য দুটি স্তরে ভাগ করা হবে, যেমন জুনিয়ার সেকেণ্ডারী কোর্স তিন বছরের জন্য ক্লাশ VI থেকে VIII এবং পরের সেকেণ্ডারী কোর্স হচ্ছে দু'বছরের ক্লাশ IX ও X ক্লাশ। X-এ স্কুল শিক্ষা শেষ হবে এবং তারপর পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের পরিচালনায় একটি পাবলিক একজামিনেশন অনুষ্ঠিত হবে।
2. দশ বছরের স্কুলশিক্ষায় প্রথম পাঁচ বছর প্রাথমিক শিক্ষা এবং দ্বিতীয় স্তরে মাধ্যমিক বিভাগে কোন বিশেষীকরণ হবে না ; তবে নবম ও দশমশ্রেণীতে সামাজিক দিক থেকে দরকারী এবং উৎপাদনমূলক ক্র্যাফট ও ট্রেড শেখানো হবে।
3. বর্তমান একাদশ শ্রেণীর বিদ্যালয়গুলোকে দশম শ্রেণীর স্কুলে পরিবর্তিত করা হবে এবং ১৯৭৩ সালের ১লা জানুয়ারী থেকে উপরে বর্ণিত স্তরের শিক্ষা (Structural pattern) চালু হবে। বর্তমান একাদশ শ্রেণীর স্কুলগুলো ১৯৭৩ সালের ১লা জানুয়ারী থেকে দশমশ্রেণী স্কুলে পরিণত হবে এবং ১৯৭২ সালে অধ্যয়নরত IX, X ও XI শ্রেণীর ছাত্র-ছাত্রীরা হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় অবতীর্ণ হবে। উক্ত পরীক্ষায় ফেল করা প্রার্থীদের জন্য পর্ষদ যথোপযুক্ত ব্যবস্থা করবেন।
4. পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ মাধ্যমিক শিক্ষার জন্য যথাশীঘ্র নতুন পাঠক্রম বিস্তৃত পাঠ্যসূচী প্রস্তুত করবে। নূতন পাঠক্রম ও পাঠ্যসূচী প্রস্তুত সাপেক্ষে একাদশ শ্রেণীর হায়ার সেকেণ্ডারী স্কুল থেকে দশমশ্রেণীতে পরিবর্তিত স্কুলে নবম শ্রেণীর স্কুল ফাইন্যাল সিলেবাসই ১৯৭৩ সালের ১লা জানুয়ারীতে চালু করা হবে।

রাজ্যপালের আদেশ ক্রমে

স্বাঃ ডি. কে. গুহ

এডুকেশন কমিশনার এবং পশ্চিমবঙ্গ রাজ্য সরকার সেক্রেটারী।

১৯৭৭ সালের পশ্চিমবঙ্গ অ্যাক্ট, IX

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ (সংশোধন) অ্যাক্ট, ১৯৭৭

যেহেতু, নিম্নলিখিত উদ্দেশ্যে ১৯৬৩ সালের মধ্যশিক্ষা পর্ষদ আইনের সংশোধন অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়েছে :

এতদ্ দ্বারা ভারতীয় সাধারণতন্ত্রের ২৮তম বার্ষিকীতে পশ্চিমবঙ্গ বিধান সভায় এই সংশোধন বিধিবদ্ধ করা হয়েছে :

সংক্ষিপ্ত শিরোনামা :

1. এই অ্যাক্টকে ১৯৭৭ সালের পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্, (সংশোধন) আইন রূপে অভিহিত করা যেতে পারে।

পশ্চিমবঙ্গ অ্যাক্ট V, ১৯৬৩, ১নং সেকশনের সংশোধন :

2. ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের 1 নং সেকশনের 2 নং সাব-সেকশনে নিম্নলিখিত ব্যবস্থাদির সংযোগ করা হয়েছে, যেমন—

"অবশ্য যে কোন রাজ্যে (State) অথবা ইউনিয়ন টেরিটোরি (কেন্দ্রশাসিত) অঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠান রাজ্য সরকারের অনুমতিক্রমে (Sanction) পর্ষদের কাছে স্বীকৃতি বা অনুমোদনের জন্য আবেদন করতে পারেন এবং পর্ষদও শর্ত সাপেক্ষে অথবা সীমাবদ্ধতার মধ্যে রাজ্য সরকারের অনুমোদন নিয়ে স্বীকৃতি দিতে পারেন।"

সেকশন 4-এর সংশোধন :

3. এই আইনের 4নং সেকশনে—

(1) 1নং অংশের পর নিম্নলিখিত অংশটুকু বসাতে হবে—

"(1A) পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট (পদাধিকারবলে)"

(2) (2) অংশের পরিবর্তে নিম্নলিখিত অংশটুকু উল্লেখ থাকবে—

"(2) ডাইরেক্টর অব্ সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকারবলে)" ;

19নং সেকশনের সংশোধন :

4. ঐ আইনের 19নং সেকশনের (1)নং সাব-সেকশনে (b) অংশের পরিবর্তে নিম্নোক্ত অংশটুকু হবে :

"(b) ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পঃ বলে)

21নং সেকশনের সংশোধন :

5. এই আইনের 21নং সেকশনের (1)নং সাব-সেকশনে (b) অংশের পরিবর্তে নিম্নোক্ত অংশটুকু হবে :

"(b) ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুশেন, ও পশ্চিমবঙ্গ রাজ্য সরকার, (পদাধিকারবলে)।

23নং সেকশনের সংশোধন :

6. এই আইনের 23নং সেকশনের (1)নং সাব-সেকশনে (b) অংশের পরিবর্তে— নিম্নোক্ত অংশটুকু হবে :
"(b) ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার, (পদাধিকারবলে)।

33নং সেকশনের সংশোধন :

7. এই আইনের 33নং সেকশনের (3) নং সাব-সেকশনে—"রিজার্ভ ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়ার" পরিবর্তে "স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়া অথবা এর কোন ব্রাঞ্চ" বসাতে হবে।

নতুন সেকশন 49 ও 50 সংযোজন (Addition of new sections 49 and 50)—

8. এই আইনের 48 সেকশনের পর পরবর্তী সেকশনগুলো যুক্ত হবে, যথা : "পর্ষদকে বাতিল" (Supersession of the Board)

49. 1. যদি রাজ্য সরকারের মতে পর্ষদ্—

(a) তার ওপর যে দায়িত্বভার চাপান আছে, তা পালন না করলে,
(b) ক্ষমতার সীমা অতিক্রম করে যায় অথবা অপপ্রয়োগ করে,

রাজ্যসরকার অফিসিয়াল গেজেটে আদেশ প্রকাশ করে যুক্তির ভিত্তিতে পর্ষদকে অনধিক দু'বছরের জন্য বাতিল করে দিতে পারেন এবং বাতিলের সময়সীমা পার হয়ে গেলে পর্ষদের পুনঃপ্রতিষ্ঠার জন্য ব্যবস্থা নিতে পারেন।

2. রাজ্য সরকার প্রয়োজন বিবেচনা করলে পর্ষদের বাতিল কাল বাড়িয়ে কমিয়ে বিভিন্ন শর্তের মাধ্যমে কোন ক্রমেই গড়ে তিন বছরের বেশী হবে না।

বাতিলের প্রতিক্রিয়া (Consequences of supersession) :

50. (1) **সেকশন 49 ধারায় বাতিলের আদেশ দেওয়া হলে—**

(a) পর্ষদের সকল সদস্যই নিজ নিজ দফতর ছেড়ে দেবেন।
(b) রাজ্যসরকার কর্তৃক নিযুক্ত প্রশাসকই পর্ষদের সমস্ত ক্ষমতা ও কাজকর্ম পর্ষদের পক্ষে পরিচালনা করবেন।
অবশ্য আদেশের তারিখ থেকে নিযুক্ত সাব-সেকশন বিধি অনুযায়ী তাঁর ক্ষমতা ও কাজ যে কোন অফিসার কর্মচারীর উপর হস্তান্তর করতে পারেন।

2. পর্ষদ বাতিল হয়ে থাকাকালীন পর্ষদের সমস্ত সম্পত্তি রাজ্য সরকারের সম্পত্তি বলে পরিগণিত হবে।
3. রাজ্য সরকার অফিসিয়াল গেজেটে আদেশ প্রচার করে সেকশন 49 ধারায় বাতিল বোর্ডকে পুনঃপ্রতিষ্ঠা করতে পারেন ;

4. পর্ষদ্ পুনঃ প্রতিষ্ঠার পর প্রশাসক সাব-সেকসন 3 নং ধারায় নিজের ক্ষমতা ও কর্তব্য করবার দায়িত্ব থেকে অব্যাহতি লাভ করতে পারেন।
5. প্রশাসকের চাকরির কার্যকাল ও শর্তাদি রাজ্য সরকারের আদেশবলে স্থিরীকৃত হবে।

বাতিল ও সঞ্চয় (Repeal and Savings) ঃ

১৯৭৭ সালের পঃ বঃ অর্ডিন্যান্স

9. 1. এতদ্দ্বারা ১৯৭৭ সালের পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ (সংশোধন) অডিন্যান্স ঘোষণা করা হল।
2. ১৯৭৭-এর পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ অর্ডিন্যান্স বলে যা কিছু করা হয়েছে অথবা যে সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তা বৈধভাবে করা হয়েছে অথবা যা সংশোধন করা হয়েছে—তা এই সংশোধিত আইনের বলে—১৯৭৭ সালের ১৯ ফেব্রুয়ারী থেকে।

রাজ্যপালের আদেশক্রমে
কে. কে. মৈত্র, সেক্রেটারী
পশ্চিমবঙ্গ সরকার।

ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট XXXII অব 1979

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ (সংশোধন) অ্যাক্ট, ১৯৭৯
(পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত)

[রাজ্যপালের সম্মতি ক্যালক্যাটা গেজেটের বিশেষ সংখ্যা ১৯৭৯ সালের ২রা নভেম্বর প্রকাশিত হয়।]

১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ আইনের সংশোধনে একটি আইন যেহেতু পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ আইনটির সংশোধন অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অতি জরুরী, তা এইভাবে নীচে প্রকাশ করা হল :

ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট V অব 1963

সাধারণতন্ত্রের ত্রিংশতম বৎসরে আইনটিকে পশ্চিমবঙ্গ বিধানসভায় পাশ করা হল :

1. এই অ্যাক্টকে ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ (সংশোধন) আইন বলা যেতে পারে।

2. পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ অ্যাক্ট অব 1963-এর (2) নং সেকশনে প্রধান অ্যাক্ট,—

(i) (a) অংশের (clause) পর পরবর্তী অংশটি (clause) বসবে :

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ অ্যাক্ট V অব 1963 সংশোধন

(aa) "by-law" অর্থে এই আইনে এক্সিকিউটিভ কমিটি কর্তৃক প্রস্তুত by-law ;

(iii) (c) অংশের (clause) পরিবর্তে নিম্নলিখিত অংশ বা clause বসবে :

(c) "Institution" অর্থে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান অথবা যে শিক্ষা প্রতিষ্ঠানে অথবা যে স্কুল বা শিক্ষা প্রতিষ্ঠানের ডিপার্টমেণ্টে অনুরূপ শিক্ষা দেওয়া হয়।

(**সেকশন 3, 4**)

3. মূল অ্যাক্টের 4 সেকশনে নিম্নলিখিত সেকশন সন্নিবদ্ধ করা হবে :

সেকশন 4-এ নতুন সেকশন সংযোজন

4. বোর্ড বা পর্ষদ্ নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হবে—

(1) প্রেসিডেণ্ট ;

(2) প্রেসিডেণ্ট, পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ (পদাধিকারবলে) ;

(3) ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ সরকার (পদাধিকারবলে ;

(4) ডাইরেক্টর অব প্রাইমারী এডুঃ, পশ্চিমবঙ্গ সরকার (পদাধিকারবলে) ;

(5) ডাইরেক্টর অব টেক্‌নিক্যাল এডুঃ, পশ্চিমবঙ্গ সরকার (ঐ)

(6) ডেপুটি ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুঃ (ফর উমেন) পশ্চিমবঙ্গ সরকার (পদাধিকারবলে)

(7) ডেপুটি ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুঃ, পশ্চিমবঙ্গ সরকার (পদাধিকারবলে) ;

(8) পশ্চিমবঙ্গে অনুমোদিত দু'টি শিক্ষক শিক্ষিকা কলেজ থেকে বৈধ ভাবে নির্বাচিত দুজন সদস্য ;

(9) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ডীন অব ফ্যাকাল্টি অব আর্টস্, এবং ডীন অব সায়েন্স (পদাধিকারবলে) ;

(10) যাদবপুর ইউনিভার্সিটির ডীন অব ফ্যাকাল্টি অব ইঞ্জিনীয়ারিং (পদাধিকার-বলে) ;

(11) অধ্যাপক, কলাভবন, বিশ্বভারতী, শান্তি নিকেতন (পদাধিকারবলে) ;

(12) বর্ধমান, কল্যাণী ও নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয় থেকে একজন করে মনোনীত ডীন ;

(13) মাদ্রাসা এডুকেশন বোর্ডের সদস্যদের থেকে একজন মনোনীত সভ্য ;

(14) রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত মাধ্যমিক স্কুলের প্রধানদের থেকে মনোনীত দুজন প্রধান এবং শিক্ষকদের থেকে প্রথানুসারে নির্বাচিত 32জন স্থায়ীপদে নিযুক্ত শিক্ষক ;

(15) পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে প্রথানুসারে নির্বাচিত দুজন সদস্য ;

(16) রাজ্য সরকার কর্তৃক মনোনীত 5 জন শিক্ষানুরাগী, তন্মধ্যে অন্ততঃপক্ষে একজন মহিলা এবং অন্ততঃ একজন অনুমোদিত স্কুলের ম্যানেজিং কমিটির সভ্য ;

(17) পর্ষদ্ কর্মচারীদের মধ্য থেকে নিয়মানুসারে নির্বাচিত একজন প্রতিনিধি ;

(18) (a) সরকার-স্বীকৃত ও অনুমোদিত প্রাথমিক স্কুলের থেকে সরকার কর্তৃক একজন মনোনীত প্রতিনিধি ;

সেকশন 12-এর সংশোধন

(b) রাজ্য সরকার কর্তৃক পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত কলেজ থেকে স্থায়ীপদে কর্মরত একজন অধ্যাপক।

4. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 12 নং সেকশনের (1) সাব-সেকশনে যেখানে "রিজিওন্যাল এক্সামিনেশন কাউন্সিল" আছে, সেখানে শুধু "রিজিওন্যাল কাউন্সিল" শব্দটি বসবে।

সেকশন 5—8

5. প্রিন্সিপ্যাল অ্যাক্টের III Chapter-এ "রিজিওন্যাল এক্সামিনেশন কাউন্সিলের" পরিবর্তে "রিজিওন্যাল কাউন্সিল" শব্দটি বসবে।

6. প্রিন্সিপ্যাল অ্যাক্টের সেকশন 18-এর (a) অংশের পরে নিম্নলিখিত অংশটুকু বসবে—

"(aa) দি এক্সিকিউটিভ কমিটি"।

7. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 19 নং সেকশনে—

সেকশন 19-এর সংশোধন

সাব-সেকশন (a) এর (1) এ নিম্নলিখিত সাব-সেকশন বসাতে হবে :

(1) অনুমোদন কমিটি (Recognition committee) নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হবে :

(a) প্রেসিডেন্ট ;

(b) ডাইরেক্টার, সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকার-বলে)

(c) সেকশন (4) ধারায় 14, 15 ও 16 নং clause-এ সদস্যদের থেকে পর্ষদ্ কর্তৃক চারজন নির্বাচিত সদস্য ;

(d) ডেপুটি ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন ফর উমেন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকারবলে)।

(e) ডেপুটি ডাইরেক্টার অব সেকেণ্ডারী এডুকেশন (1), পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকারবলে) ;

(f) সাবসেকশন 3তে 'বোর্ড' শব্দটির পরিবর্তে "এক্সিকিউটিভ কমিটি" বসবে।

8. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 19 নং সেকশনে নিম্নলিখিত অংশটুকু লিখিত হবে—

নতুন সেকশন 19-এর সন্নিবেশ

19A (1) এক্সিকিউটিভ কমিটি নিম্নলিখিত সদস্যবর্গ নিয়ে গঠিত হবে :

... পৃষ্ঠায় 19A এক্সিকিউটিভ কমিটি—থেকে (7) রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত সমস্ত বাই-লজ (by-laws) দ্রষ্টব্য।

* * * *

9. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 20 নং সেকশনে—

সেকশন 20-এর সংশোধন

1. (1) নং সাব-সেকশনের পরিবর্তে নিম্নোক্ত সাবসেকশন বসবে—

(1) সিলেবাস কমিটি নিম্নোক্ত সদস্যদের নিয়ে গঠিত হবে—

(a) প্রেসিডেন্ট,
(b) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডীন অব ফ্যাকাল্টি অব আর্টস্ (পদাধিকারবলে)
(c) কলিকাতা বিশ্ববিদ্যালয় ডীন অব ফ্যাকাল্টি অব সায়েন্স (পদাধিকারবলে)
(d) বর্ধমান, কল্যাণী ও নর্থবেঙ্গল বিশ্ববিদ্যালয়ের থেকে একজন করে "ডীন",
(e) যাদবপুরবিশ্ববিদ্যালয় ডীন……ইঞ্জিনীয়ারের (পদাধিকারবলে)
(f) সেকশন 4-এর 14নং clause-এ—রেগুলেশনে পর্ষদ্ কর্তৃক একজন নির্বাচিত ব্যক্তি
(g) সেকশন 4-এর 14 নং অংশে রেগুলেশন অনুযায়ী পাঁচজন নির্বাচিত সদস্য ;
(h) রেগুলেশনে বর্ণিত বিধি অনুযায়ী পর্ষদ্ কর্তৃক তিনজন সদস্য নির্বাচিত হবেন। তাঁরা পর্ষদের সভ্য হউন বা না হউন, তাঁদের সায়েন্টিফিক বা টেকনিক্যাল শিক্ষা সম্বন্ধে জ্ঞান থাকবে।

2. সাব সেকশন (3)তে—
(a) clause (a)-তে "বোর্ড" শব্দটির স্থলে "এক্সিকিউটিভ কমিটি" শব্দটি বসবে এবং
(b) clause (b)-তে বোর্ড শব্দটি যেখানেই থাকুক না কেন তৎপরিবর্তে এক্সিকিউটিভ কমিটি শব্দটি বসবে এবং (3) সাব-সেকশন (4) এ "বোর্ড" শব্দটির স্থলে এক্সিকিউটিভ কমিটি প্রযুক্ত হবে।

10. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 21নং সেকশনে

সেকশন 21-এর সংশোধন

(1) সেকশন (I)-এর পরিবর্তে নিম্নলিখিত সাব-সেকশনটি বসবে—

1. এক পরীক্ষা কমিটি নিম্নলিখিত সদস্যদের নিয়েগঠিত হবে—

(a) প্রেসিডেন্ট ;
(b) ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকারবলে)
(c) 4 নং সেকশনের 9, 10, 11 ও 12 নং clause-এ বোর্ড বা পর্ষদ্ সদস্যদের থেকে মনোনীত একজন সভ্য ;
(d) সেকশন 4-এর 9, 10, 11 এবং 12 ধারা অনুযায়ী পর্ষদ্ সদস্যদের মধ্যে নির্বাচিত একজন সভ্য ;
(e) ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশন, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকারবলে) ;

(f) ডেপুটি ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (I) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (পদাধিকারবলে)।

(সেকশন 11—15)

(2) সাব-সেকশন (4)-এর পরিবর্তে নিম্নোক্ত সাব-সেকশনটি বসবে—

(4) পরীক্ষা কমিটি (Examination Committee) উপদেশ দেবে—

(a) এক্সিকিউটিভ কমিটিকে—

(i) কি হারে প্রশ্নকর্তা, প্রশ্ন নিয়ন্ত্রক, নম্বর গণক, পরীক্ষক, নিরীক্ষক, পরিদর্শক এবং পরীক্ষা সংক্রান্ত কাজে নিযুক্ত কর্মচারীদের পারিশ্রমিক দেওয়া হবে

(ii) পরীক্ষার্থীদের কী হারে পরীক্ষার ফিস দিতে হবে এবং

(b) পর্ষদের কাছে পরীক্ষা সংক্রান্ত কোন বিষয় জানালে, তৎসম্বন্ধে পর্ষদের দেয় উপদেশ—

(3) সাব-সেকশন (5)এ শব্দগুলোর পরিবর্তে "এক্সামিনেশন কমিটি এক্সিকিউটিভ কমিটি অথবা বোর্ডের" বসবে—"Of the Examination Committee or the Executive Committee or the Board."

11. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 22নং সেকশনে—

সেকশন 22-এর সংশোধন

(ক) নিম্নোক্ত সাব-সেকশনটি বসবে—

"(1) অ্যাপিল কমিটি নিম্নোক্তদের নিয়ে গঠিত হবে—

(a) সেকশন 14-এর (14)নং ধারায় সদস্যদের থেকে নির্বাচিত তিনজন।

(b) রাজ্য সরকারের বিচার বিভাগীয় চাকরিতে কর্মরত রাজ্য সরকারের মনোনীত একজন।

(c) ডাইরেক্টর অব, সেক্রেটারী এডুকেশন, (পদাধিকারবলে)

(d) প্রেসিডেন্ট কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি সদস্য এবং

(e) সাব-সেকশন (2)-তে "প্রেসিডেন্ট" শব্দটির পরিবর্তে "সাব-সেকশন (1)-এর (b) ধারায় যে ব্যক্তির উল্লেখ রয়েছে" বসবে।

12. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 25নং ধারায় "Regional Examinations Council" কথাটির স্থলে শুধু "Regional Council" হবে ঃ

13. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 26নং সেকশন সাব-সেকশন (3) "Regional Examination Council"-এর স্থলে "Regional Council" হবে,

14. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 'IV' Chapter-এ 'function' কথাটির পরিবর্তে 'duties' কথাটি বসবে।

15. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 27নং সেকশনে—

(i) প্রান্তিক নোটে "Functions" কথাটির পরিবর্তে "powers and duties" কথাগুলো বসবে এবং—

(ii) সাব-সেকশন (2) এ (a) থেকে (m) পর্যন্ত ধারায় নিম্নলিখিত অংশটুকু বসবে ঃ

(d) সেকশন 19A-এর সাব-সেকশন (3)-এর (j), (k) (l) ধারায় সেকশনের আওতায় মাধ্যমিক পরীক্ষা এবং অন্যান্য পরীক্ষা গ্রহণ ;

(e) 'পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ ফাণ্ড' পরিচালনা।

(সেকশন 16 ও 17)

(f) প্রভিডেণ্ট ফাণ্ড খোলা ও পরিচালনা ;

(g) কর্মচারীদের আচরণ, নিয়ম-শৃঙ্খলা এবং আবেদন সংক্রান্ত রেগুলেশন গঠন ;

(h) এই অ্যাক্টের আওতায় এক্সিকিউটিভ কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে কোন অ্যাপিল বা আবেদন সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা ;

(i) পর্ষৎ কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষার ব্যাপারে কোন ডিপ্লোমা, সার্টিফিকেট, পুরস্কার এবং বৃত্তিদান ;

(ii) সাব-সেকশন (5)-এর পরে নিম্নলিখিত সাব-সেকশনটি যুক্ত হবে—

(6) সাব-সেকশন (2) ও (3)-এর পরে আর একটি সাব-সেকশনের প্রয়োগ সাপেক্ষে পর্ষদ্ মাঝে মাঝে এক্সিকিউটিভ কমিটিকে দিয়ে রিপোর্ট, রিটার্ন, বিবৃতি এবং অন্যান্য সংবাদ যা, সাব-সেকশন (3) ও (4) ধারায় 19A-এর সেকশনে এক্সিকিউটিভ কমিটির কর্তব্যাদি সম্বন্ধে দাবী করতে পারেন।"

16. প্রিন্সিপ্যাল অ্যাক্টের সেকশন 28-এ—

সেকশন 28-এর সংশোধন

(a) সাব-সেকশন (2)-এর পরিবর্তে নিম্নলিখিত সাব-সেকশনটি বসবে—

"(2) প্রেসিডেন্ট জরুরী অবস্থায় পর্ষদের অথবা এক্সিকউটিভ কমিটির যে কোন ক্ষমতার প্রয়োগ করতে পারেন অবশ্য তা পর্ষদ্ বা এক্সিকিউটিভ কমিটির কোন সিদ্ধান্তের বিরুদ্ধে যাবে না এবং পরবর্তী অবস্থায় কেন এবং কোন্ অবস্থায় তাঁকে ঐ ঐ পন্থা গ্রহণ করতে হয়েছে, তা তিনি পর্ষদ্ বা এক্সিকিউটিভ কমিটিকে অবহিত করবেন" এবং

(b) সাব-সেকশন 3র c ধারায় 'বোর্ড' শব্দটি যেখানে যেখানে প্রয়োগ হয়েছে, সেখানে "এক্সিকিউটিভ কমিটি" প্রয়োগ করতে হবে।

17. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 29নং সেকশনে—

সেকশন 29-এর সংশোধন

(a) প্রান্তীয় নোটে 'বোর্ড' শব্দটির পর "এবং এক্সিকিউটিভ কমিটি" বসবে।

(b) সাব-সেকশন (2) এর জন্য নিম্নলিখিত সাব-সেকশনটি বসবে—

"(2) এক্সিকিউটিভ কমিটির উপদেশে পর্ষদ, প্রেসিডেণ্ট বছরে অন্ততঃ দুবার বৈঠক করবেন ;

(c) সাবসেকশন (3) এ 'দশ' শব্দটির পরিবর্তে 'বিশ' শব্দটি বসবে—

(d) সাব-সেকশন 4-এ—

(i) 'ছয়' শব্দটির পরিবর্তে বসবে "পনর"।

(ii) 'যে কোন কমিটির' পরিবর্তে এক্সিকিউটিভ ছাড়া অন্য যে কোন কমিটি' কথাগুলি বসবে।

(e) সাব-সেকশন 5-এ 'দশের' পরিবর্তে "বিশ" কথাটি বসবে।

(f) সাবসেকশন 7-এ 'দশের' পরিবর্তে 'বিশ' কথাটি বসবে ;

(g) সাব-সেকশন '7' এর পর নিম্নোক্ত সাব-সেকশনটি যুক্ত হবে ;

(8) (a) এক্সিকিউটিভ কমিটি অন্ততঃ দু'মাসে একবার, অন্ততঃ ছয়মাসে একবার বৈঠক ডাকবে ;

(b) প্রেসিডেণ্ট প্রত্যেক মিটিং-এর জন্য প্রত্যাক সদস্যকে অন্ততঃ ৭ দিনের নোটিস দেবেন ; অবশ্য প্রেসিডেণ্ট অন্ততঃ পক্ষে সদস্যদের দুদিনের নোটিস দিয়ে জরুরী সভা ডাকতে পারেন।

(c) "এক্সিকিউটিভ কমিটির কোন সভায় নয় জন সদস্যের উপস্থিতি না থাকলে কোন আলোচনা করা যাবে না।"

(সেকশন 18—22)

18. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 30 সেকশনে—

(a) প্রান্তিক নোটে রিজিওন্যাল এক্সামিনেশন কাউন্সিলের' পরিবর্তে 'রিজিওন্যাল কাউন্সিল' শব্দগুলি বসবে।

সেকশন 30-এর সংশোধন

(b) 'রিজিওন্যাল এক্সামিনেশন কাউন্সিল শব্দগুলির পরিবর্তে 'রিজিওন্যাল কাউন্সিল' বসবে।

(c) 'যে কোন কমিটি' শব্দগুলির পরিবর্তে 'এক্সিকিউটিভ কমিটি ছাড়া অন্য যে কোন কমিটি' শব্দটি বসবে ;

সেকশন 39-এর সংশোধন

19. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 39নং সেকশনে 'রিজিওন্যাল এক্সিমিনেশন কাউন্সিলের' পরিবর্তে 'রিজিওন্যাল কাউন্সিল' বসবে ;

20. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 43 সেকশনে (a)—

(a) "কনষ্টিটিউশন বা সংবিধানের ত্রুটি"-র পরিবর্তে "সংবিধানের প্রাথমিক অথবা পরবর্তী সংবিধান" বসবে এবং

(b) 'রিজিওন্যাল এক্সামিনেশন কাউন্সিলের' পরিবর্তে 'রিজিওন্যাল কাউন্সিল' বসবে।

21. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 45 নং সেকশনের 2নং সাব সেকশনে—

(i) (b) উপধারায় 'ব্র্যাকেট', 'লেটার্স' এবং ফিগার্স' clause (15) ও (16) এর Sub-clause-এর জায়গায় "clause (8) এবং clause (14)-এর Sub-clause (b) বসবে।

(ii) clause (c)-তে 'ব্রাকেট', 'ফিগার' এবং 'clause 17"—'ওয়ার্ড, ব্রাকেট ফিগার্স ও clause 15' বসবে।

(iii) Clause (h)-তে ব্রাকেট, লেটার্স, clause (1)-এ ব্রাকেট, লেটার, clause 'e' বসবে।

22. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 51 ধারায় নিম্নোক্ত সেকশনটি বসবে—

মূল সেকশন 52-এর সংযোজন

52. (1) রাজ্য সরকার স্পেশ্যাল গেজেটে আদেশ প্রচারের মাধ্যমে তারিখ নির্দিষ্ট করে দেবেন এবং ঐ তারিখের মধ্যে সেকশন 4-এর ব্যবস্থা অনুযায়ী বোর্ডের পুনঃ প্রতিষ্ঠা হবে।

(2) রাজ্য সরকার স্পেশ্যাল গেজেটে আদেশ প্রচারের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে (রাজ্য সরকার ছাড়া) অন্যান্য কর্তৃপক্ষ সেকশন 4 অনুযায়ী সদস্য মনোনীত ও নির্বাচিত করে নেবে। আর ঐ নির্দিষ্ট তারিখের মধ্যে যদি সদস্য মনোনয়ন বা নির্বাচন করা না যায়, তাহলে রাজ্য সরকার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিবর্গের মধ্য থেকে সদস্য নিযুক্ত করবেন।

(3) রাজ্য সরকার কর্তৃক সেকশন 4 ধারায় আইন না করা পর্যন্ত, রাজ্য সরকার সেকশন 4-এর(8)নং clause ও (14)নং clause-এর সাব-সেকশন (b) অনুসারে নির্বাচনের জন্য যোগ্য প্রার্থীদের মধ্য থেকে এরূপ সদস্য বা সদস্যদের নিযুক্ত করবেন।

(4) সাব-সেকশন (2) ও (3) তে নিযুক্ত সদস্যেরা তত দিনের জন্যই স্বপদে নিযুক্ত থাকবেন, আর তা দুবছরের বেশী হবে না। রাজ্য সরকার মাঝে মাঝে সময় নির্ণয় করে দেবেন।'

রাজ্যপালের আদেশে
এস. এন. সান্যাল
সেক্রেটারী, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষৎ

বিজ্ঞপ্তি

নং S/734—3rd ডিসেম্বর, ১৯৮০—নিম্নলিখিত রেগুলেশনটি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের অধীনে—Sub-sec. (3) of Sec. 27 read with clause (c) of sub-section (1) of section 19, clause (f), (g) (h) and (i) of sub-sec. (1) of Section 19A, clause (f) (g) (h(of sub-section (1) of section 20,

clause (d) of sub-section (1) of section 21, clause (a) of sub-section(1) of section 22 and clause (c) of sub-section (1) of section 23 of the West Bengal Board of Secondary Education Act, 1963 (West Bengal Act V of 1963 যা রাজ্যপাল সন্তুষ্ট মনে ঐ আইনের মধ্যে addition, alteration এবং moderation করতে অনুমোদন দিয়েছেন এবং তা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের ঐ আইনের 27 নং সেকশনের (4)নং সাব-সেকশন অনুযায়ী প্রয়োজন মত প্রকাশিত হল।

রেগুলেশন

1. **শিরোনামা ও সূচনা :** (i) এই রেগুলেশনগুলো পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ (কমিটি নির্বাচন) রেগুলেশন, ১৯৮০ নামে অভিহিত হবে।

(ii) অফিসিয়াল গেজেটে প্রকাশিত হওয়ার দিন থেকে এইগুলি কার্যকরী হইবে।

2. **সংজ্ঞা :** এই সব রেগুলেশনের বিষয়বস্তুতে প্রতিকূল বা বেমানান ধরনের কিছু না থাকলে—

(a) এই অ্যাক্ট হচ্ছে : ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন অ্যাক্ট, ১৯৬৩ (W. B. Act V of 1963)

(b) 'বোর্ড' অর্থে এই আইনের বলে গঠিত "ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন" ;

(c) "কমিটির" অর্থ সেকশন 18তে উল্লিখিত ;

(d) "ইলেকশন" অর্থে 18 নং সেকশনে উল্লিখিত যে কোন কমিটিতে নির্বাচিত সদস্য ;

(e) "ফরম" অর্থে এই রেগুলেশনে সংযুক্ত ফরম ;

(f) "মেম্বর" অর্থে পর্ষদের সদস্য ;

(g) "প্রেসিডেণ্ট" অর্থে পর্ষদের সভাপতি বা প্রেসিডেণ্ট ;

(h) "সেকশন" অর্থে এই আইনের ধারা বা সেকশন।

3. **মনোনয়নপত্র দাখিল ও সমীক্ষা (Presentation and Scrutiny of Nomination Papers) :** প্রত্যেক প্রার্থীকে নির্বাচনের জন্য ১১টা থেকে ৫টার মধ্যে প্রেসিডেণ্ট বা তৎ-প্রতিনিধি কর্তৃক নির্ধারিত দিনে নিজে অথবা প্রস্তাবক সমর্থকের মাধ্যমে 1(a), 1(b), 1(c), 1(d) 1(e) অথবা 1(f) ফরমে একজন সদস্যদ্বারা প্রস্তাব ও অন্য একজন সদস্য দ্বারা সমর্থন ক্রমে এবং প্রার্থীর ঐ মনোনয়নে সম্মতি থাকলে প্রেসিডেণ্টের কাছে দাখিল করতে হবে। প্রত্যেকটি মনোনয়নপত্র নির্দিষ্ট দিনে বা নির্দিষ্ট সময়ে প্রেসিডেণ্ট কর্তৃক পরীক্ষা বা যাচাই করা হবে।

4. **মনোনয়নপত্রের স্ক্রুটিনির তারিখ ঘোষণা :** প্রেসিডেণ্ট কর্তৃক

3নং রেগুলেশন অনুযায়ী যথাসময়ে স্ক্রুটিনির তারিখ ও সময় সদস্যদের নোটিস মারফত জানিয়ে দেওয়া হবে এবং তার একটি কপি নোটিস বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হবে।

5. **প্রার্থীপদ প্রত্যাহার :** যে কোন প্রার্থী নিজে অথবা ক্ষমতা প্রদত্ত প্রতিনিধিকে দিয়ে স্ক্রুটিনির জন্য নির্ধারিত দিনের অন্ততঃ দুদিন আগে ২নং ফরমে লিখিতভাবে প্রেসিডেন্টের কাছে জমা দিতে হবে।

6. **নির্বাচন পরিচালনা :** (1) নির্বাচনের বেলায় যদি দেখা যায় যে, প্রার্থীপদ প্রত্যাহারের শেষদিন অতিবাহিত হওয়ার পর রেগুলেশন 5 অনুযায়ী প্রার্থী পদের সংখ্যানুযায়ী নির্বাচন প্রার্থীর সংখ্যা একরূপ হয়, তাহলে প্রার্থীদের নির্বাচিত বলে ঘোষণা ক'রে দিতে পারবেন।

(2) কোন নির্বাচনের বেলায় 5নং রেগুলেশন অনুযায়ী প্রার্থীপদ প্রত্যাহারের তারিখের পর দিন যদি দেখা যায় যে, প্রাথীর সংখ্যা প্রার্থীপদের চেয়ে কম হয়, তাহলে প্রেসিডেন্ট প্রার্থীদের যথারীতি নির্বাচিত বলে ঘোষণা করবেন এবং সাব রেগুলেশনে (3) অনুযায়ী বাকী পদগুলো পূরণের জন্য ব্যবস্থাদি গ্রহণ করবেন।

(3) কোন ক্ষেত্রে যদি দেখা যায়, প্রার্থীপদ প্রত্যাহারের ফলে আর কোন নির্বাচন প্রার্থী নেই অথবা কোন পদে আদপেই প্রার্থী হয়নি. তাহলে প্রেসিডেন্ট সাব-রেগুলেশন (২) বলে—পুনরায় নির্বাচন ঘোষণার দিনক্ষণ স্থির করে মনোনয়নপত্র আহ্বান করবেন।

(4) কোন ক্ষেত্রে যদি দেখা যায়, প্রার্থীর সংখ্যা পদের সংখ্যার চেয়ে বেশী, স্ক্রুটিনির 72 ঘণ্টার মধ্যে প্রার্থীদের নাম পদবী ভিত্তিক আক্ষরিক হিসেবে (alphabatically) নোটিস বোর্ডে টাঙ্গিয়ে দেবেন এবং প্রেসিডেন্ট ভোট গ্রহণের দিনক্ষণ প্রভৃতি ঘোষণা করবেন। যদি প্রার্থীপদ একটিই হয়, তাহলে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষণা করবেন এবং যদি প্রার্থীপদ একাধিক হয়, তাহলে সর্বাধিক প্রাপ্ত ভোট এবং পরবর্তী (next to the highest) প্রার্থীর পদ ঘোষণা করা হবে।

7. **ব্যালট প্রথায় নির্বাচন :** নির্বাচন ব্যালট প্রথায় সম্পন্ন হবে। এবং ভোটপত্র III (a), III (b), III (c), III (d), III (e), III (f), III (g), III (h), III (i), III (j) অথবা III (k) অথবা যেরূপ প্রয়োজন নির্বাচনের জন্য ব্যবহৃত হবে।

৪. **সদস্যপিছু এক ভোট :** নির্বাচনে প্রার্থী সংখ্যা যাই হউক না কেন, কোন প্রার্থীর একটির বেশী ভোট দেওয়া চলবে না।

9. ভোট নেওয়ার সময় প্রত্যেক ভোটারকে একটি করে প্রেসিডেন্ট থেকে ভোটপত্র দেওয়া হবে এবং তিনি ভোট দিতে ইচ্ছা করলে কলম অথবা ডট-পেন দিয়ে 'X' এরূপ ক্রশ চিহ্ন নামের বা নামগুলোর পক্ষে দিয়ে প্রেসিডেন্টের সম্মুখে বাক্সের মধ্যে জমা দিতে হবে। কাঠ পেন্সিল ব্যবহার চলবে না। প্রেসিডেন্টের পরিবর্তে তাঁর কোন নির্ধারিত লোকও একাজ চালাতে পারেন। প্রেসিডেন্ট নিজেও একইভাবে ভোট প্রদান করতে পারবেন।

10. ভোটপত্র নাকচ : (i) ভোটপত্র (ballot paper) অবৈধ হবে যদি—

(a) ইহা ঠিকমত চিহ্নিত না হয় ; অথবা

(b) এতে ভোটদানের কোন রেকর্ড না থাকে ; অথবা (c) কোন প্রার্থীর নামের পক্ষে একাধিক ভোট চিহ্ন দেওয়া হয়, (d) প্রার্থীপদের সংখ্যার তুলনায় ভোটের সংখ্যা বেড়ে গেলে ; (e) চিহ্ন এরূপভাবে দেওয়া হলে যদি প্রার্থীর অনুকূলতা সম্বন্ধে সন্দেহ জাগে ; (f) ভোটপত্রে এমন চিহ্ন দিলে যদি ভোটদাতা পরে সনাক্ত হতে পারে ;

অবশ্য কোন সদস্য একই ভোটপত্রে একাধিক সদস্যকে ভোট দিলে সমস্ত ভোট পত্রটিই (f) ধারা অনুযায়ী বাতিল হয়ে যাবে কিন্তু clause (a), অথবা (c) অথবা (d) ধারায় সংশ্লিষ্ট ভোটটি বাতিল হবে। সম্পূর্ণ ভোটপত্রটি বাতিল হবে না।

(2) প্রেসিডেণ্ট বা তৎকর্তৃক ভারপ্রাপ্ত প্রিসাইডিং অফিসারের আদেশই চূড়ান্ত বলে গৃহীত, কেবলমাত্র 12নং সেকশনের যাতে বিপরীত না হয়।

(3) প্রেসিডেণ্ট অথবা তাঁর প্রতিনিধি নির্বাচনী সভার প্রিসাইডিং অফিসার হিসেবে বাতিল ভোটপত্রে বাতিলের কারণসহ লিখে নিজের স্বাক্ষর রেকর্ড করবেন।

11. নির্বাচনের ফলাফল ঘোষণা : প্রেসিডেণ্ট অথবা প্রেসিডেণ্ট কর্তৃক নিযুক্ত কোন সদস্য নির্বাচনী সভায় সভাপতি হিসেবে ভোট গ্রহণের পর পরই ভোট গণনা সমাপ্ত করতঃ ভোটের ফলাফল ঘোষণা করবেন এবং প্রার্থীদের প্রাপ্ত ভোটের সংখ্যা প্রকাশ করে কেবলমাত্র সর্বোচ্চ ভোটপ্রাপ্ত ব্যক্তিকে নির্বাচিত বলে ঘোষণা করবেন। যদি প্রার্থীপদ একের বেশী হয়, তাহলে প্রাপ্ত ভোটের ক্রমানুসারে যোগ্য প্রার্থীদের নাম ঘোষণা করা হবে। একাধিক ব্যক্তির প্রাপ্ত ভোট সংখ্যা সমান হলে তাঁরা সকলেই নির্বাচিত হবেন না ; সেক্ষেত্রে প্রেসিডেণ্ট লটারীর সাহায্যে প্রার্থী বা প্রার্থীদের জয়-পরাজয় চূড়ান্তভাবে নির্ণয় করবেন।

12. নির্বাচিত প্রার্থীদের সার্টিফিকেট প্রদান : ভোট গণনা এবং চূড়ান্ত নির্বাচন হয়ে গেলে প্রেসিডেণ্ট—

(1) ফরম নং IV (a), IV (b), IV (c), IV (d), IV (e) অথবা IV (f) যথাযথ ভাবে প্রস্তুত করে নির্বাচনের সংশ্লিষ্ট ব্যাপারে সার্টিফাই করবেন, এবং

(2) উক্ত রিটার্নের একটি কপি যে কোন নির্বাচিত প্রার্থীকে মঞ্জুর করবেন এবং উক্ত সার্টিফিকেটের কপি বা অংশবিশেষ গ্রহণে অনুমতি দেবেন।

13. নির্বাচনের ফলাফল সম্বন্ধে রিপোর্ট : নির্বাচনের ফলাফল ঘোষণার সাতদিনের মধ্যে প্রসিডেণ্ট নির্বাচনের ফলাফল জানিয়ে রাজ্য সরকারের শিক্ষা বিভাগের সেক্রেটারীর কাছে রিপোর্ট প্রদান করবেন।

14. এই রেগুলেশনের আওতায় নির্বাচন সংক্রান্ত সমস্ত কাগজপত্র একটি সীল করা প্যাকেটে প্রেসিডেণ্টের জিম্মায় দু বছরের জন্য জমা রেখে দেওয়া হবে এবং ঐ সব কাগজপত্র খোলা হবে না এবং কেবলমাত্র সেকশন 12এর আওতায় নিযুক্ত ট্রাইব্যুনালের কাছে ছাড়া কাকেও তা দেখান যাবে না।

FORM I (a)

(See regulation 3)

**NOMINATION PAPER

For election of member(s) of the Recognition Committee under clause (c) of sub-section (1) of section 19 of the West Bengal Board of Secondary Education Act, 1963 (West Bengal Act. V of 1963).

1. (a) Full name of the Candidate (In block letters—Surname first)... ... ...

(b) Occupation ... ...

(c) Academic Qualification... ... ...

(d) Full Address (present and permanent) ... ...

2. (a) Full name of the Proposer ... ...

(b) Full Address ... ...

(c) Signature of the Proposer ... ...

3. (a) Full name of the Seconder ... ...

(b) Full Address ... ...

(c) Signature of the Seconder ... ...

Declaration by Candidate

I hereby declare that I agree to the nomination.

Date.......... ....

Signature of the Candidate.

N.B.—This nomination paper shall not be valid unless it is delivered to the President, West Bengal Board of Secondary Education at his office before 5 p.m. on......19......

(To be filled in by the President, West Bengal Board of Secondary Education.)

**Form No. 1 (b) to 1 (f) shall be same as 1 (a).

Certificate of Delivery

Serial No.

The nomination paper in respect of..............delivered to me at my office at (date and hour)..............by the Candidate/Proposer/Seconder Shri/Sm.*..............................

President

FORM II

(*See* regulation 6)

NOTICE OF WITHDRAWAL

To

The President,

West Bengal Board of Secondary Education.

I, ..., a candidate nominated for the election to the ... ... Committee ... ... under clause ... ... of sub-section ... ... of section ... ... of the West Bengal Board of Secondary Education Act, 1963 (West Bengal Act V of 1963), do give you notice that I hereby withdraw my candidature.

Dated this.................day of....................

....

Signature of the Candidate

(To be filled in by the President, West Bengal Board of Secondary Education.)

This notice of withdrawal was delivered to me at my office at (date and hour) ... ... by the candidate/his authorised agent**.

President.

FORM III(a)

(*See* regulation 7)

***BALLOT PAPER

For election to the Recognition Committee under clause (c) of sub-ssection (1) of section 19 of the West Bengal Board of Secondary Education Act, 1963 (West Ben. Act V of 1963).

*Strike out which is not necessary.

**Strike out which is not necessary.

***Form III (b) to Form III (k) shall be same as Form III (a)

Serial No. of Ballot Paper ... ...

Names of contesting candidates	Mark of voting

(Please see reverse for instructions)

Reverse of Form III (a)

Instructions

(1) The number of candidates for whom the member may vote is four.

(2) Not more than one vote may be given to a candidate.

(3) Vote shall be recorded by marking (X) with pen or dot-pen but not with pencil on the column "Mark of voting" opposite to name/names of candidate/candidates for whom the member wishes to vote.

President.

FORM IV(a)

(*See* regulation 12)

*RETURN OF ELECTION

To the Recognition Committee under clause (c) of sub-section (1) of section 19 of the West Bengal Board of Secondary Education Act, 1963 (West Bengal Act V of 1963).

---

* **Form IV (b) to Form (IV) (f)shall be same as Form IV (a).**

Names of contesting candidates	Number of valid votes recorded in favour of the candidates
(1)	
(2)	
(3)	
(4)	
(5)	
(6)	
(7)	
(8)	
(9)	
(10)	

Total number of votes polled ... ...
Total number of valid votes ... ...
Total number of invalid votes ... ...

I declare that

(1) (Name)..

(2) (Name)..

(3) (Name)..

(4) (Name)..

has/have* been duly elected.
I also declare that..
has been elected by draw of lots.
Dated the..............day of...............

....
Signature of President.

ওয়েষ্ট বেঙ্গল অর্ডিন্যান্স, ১৯৮২

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ (সংশোধন)

অর্ডিন্যান্স, ১৯৮২

ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট অব 1963

যেহেতু ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ আইনটির সংশোধন অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ, তাই নিম্নে বর্ণিত হল :

যেহেতু বর্তমানে পশ্চিমবঙ্গ বিধান সভার অধিবেশন চলছে না এবং রাজ্যপাল বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে সন্তুষ্ট হয়েছেন যে, এরূপ তাৎক্ষণিক সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন রয়েছে ;

** Strike out which is not necessary.

ভারতীয় সংবিধানের 213 নং আর্টিকেলের (1) Clause-এর বলে রাজ্যপাল নিজস্ব ক্ষমতা প্রয়োগ করে নিম্নোক্ত অর্ডিন্যান্সটি বলবৎ করলেন।

শিরোনামা

(1) এই অর্ডিন্যান্সকে পঃ বঃ মধ্যশিক্ষাপর্ষদ্ সংশোধন অর্ডিন্যান্স ১৯৮২ বলা যেতে পারে।

(2) এই সেকশন এবং clause (1) item (i) of sub-clause (b) and item (ii) of sub-clause (d) of clause (2) of section 2, clause (1) of section 3 and section 4 and 5 তৎক্ষণাৎ কার্যকরী হবে এবং বাকী অংশ ১৯৭৯ সালের ২রা নভেম্বর কার্যকরী হয়েছে বলে ধরে নেওয়া হবে।

2. ১৯৬৩ সালের পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্ আইনের 19A সেকশনে প্রিন্সিপ্যাল অ্যাক্টে বলা হয়েছে ঃ

ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট V অব 1963-এর সংশোধন

(1) সাব-সেকশন (1) clause (a)-এর পর নিম্নলিখিত অংশটি সংযোজিত হবে ; "(1) (aa) পঃ বঃ উচ্চ মাধ্যমিক সংসদের সভাপতি—(ex-officio)" (2) সাব-সেকশন (3)-তে এই কথাগুলো, "It shall be the duty of the Executive Committee"-র স্থলে এই কথাগুলো লিখিত হবে ; "Subject to any general or special orders of the State Government the provisions of this Act and any rules or regulations made thereunder, the Executive Committee shall have the power".

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ শিক্ষা (সংশোধন)

অর্ডিন্যান্স, ১৯৮২

(সেকশন ২)

(b) Clause (c)তে—
   (i) "Subject to any orders" কথাগুলোর পরিবর্তে "Subject to any directions" বসবে ;
   (ii) সাব-ক্লজ (ii)তে এই কথাগুলো বাদ থাকবে—"and in accordance with such regulations as may be made by the Board in this behalf".

(c) ক্লজ (d)-এর সাব-ক্লজ (iii)তেও উপরের কথাগুলো বাদ যাবে—

(d) (i) ক্লজ (c)-এর সাব-ক্লজ (iii)তেও উপরের কথাগুলো বাদ থাকবে—
   (ii) সাব-ক্লজ (iv)-এ "অ্যাডমিনিস্ট্রেটর" শব্দটির স্থলে "Or Ad-hoc Committee" কথাটি বসবে।

(e) ক্লজ (g)-এর স্থলে এই ক্লজটি বসবে ; "(g) provide after considering

the recommendation, if any, of the Syllabus Committee, the syllabus, the courses of studies to be followed and the books to be studied in recognised institutions and for examinations instituted by the Board."

(f) ক্লজ (j)-এ "make by-laws regarding" কথাগুলোর পরিবর্তে the words "set down" কথাটি প্রযুক্ত হবে,

(g) ক্লজ (k)-এর স্থলে নিম্নলিখিত কথাগুলো প্রযুক্ত হবে—

"(k) provide, after considering the recommendation, if any of the Examination Committee and the Regional Councils and with the approval of the State Government, the rates of remuneration to be paid to other persons employed in connection with the examinations instituted by the Board and the rates of fees to be paid by candidates for such examination";

(h) clause এর (ii) সাব-ক্লজ "in accordance with such by-laws as may be made by it in this behalf" the words 'stating the reasons of such refusal or withdrawal' কথাগুলো প্রযুক্ত হবে।

(3) সাব-ক্লজ (4-)এ "quarterly reports" কথাগুলোর পরিবর্তে "half-yearly reports" কথাগুলো প্রযুক্ত হবে ;

(4) সাব-ক্লজ (5)-এ নিম্নোক্ত সাব-ক্লজটি প্রযুক্ত হবে—

(5) "The Executive Committee shall have the power to make by-laws not inconsistent with this Act or the rules or the regulations made thereunder, for discharging its function under this Act".

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ (সংশোধন)

অর্ডিন্যান্স ১৯৮২

(সেকশন 3—7)

3. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 20 নং সেকশনে—

সেকশন 20 এর সংশোধন

(1) (1) নং সাব-সেকশন clause (a)-এর পরে নিম্নলিখিত clauseটি বসবে—

(aa) প্রেসিডেণ্ট ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব, সেকেণ্ডারী এডুকেশন (পদাধিকারবলে) ;

(2) সাব-সেকশন (3)তে,—

(a) ক্লজ (a)তে "advise" শব্দটির পর বসবে—"by way of recommendation."

(b) ক্লজ (b)তে "advise" শব্দটির পর ঐ একই কথাটি বসবে।

4. প্রিন্সিপ্যাল অ্যাক্ট সেকশন 22এ—

সেকশন 22 এর সংশোধন

(1) সাব-সেকশন (1)-এর ক্লজ (b)-এর পরিবর্তে নিম্নোক্ত ক্লজটি বসবে—

"(b) এক ব্যক্তি, যিনি রাজ্য সরকারের বিচার বিভাগীয় চাকরি নিয়েছেন বা চাকরিতে আছেন রাজ্য সরকার কর্তৃক মনোনীত হয়ে" ;

(2) সাব-সেকশন (4)-এর পরে নিম্নোক্ত সাব-সেকশনটি বসবে :

"(5) ক্লজ (b) অব সাব-সেকশন (1)-এর আয়ত্তে মনোনীত সদস্যের সাম্মানিক অথবা পারিশ্রমিক রাজ্য সরকারের আদেশে ঠিক করা যেতে পারে—

5. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 25 নং সেকশনে নিম্নলিখিত অংশটুকু বসবে—

সেকশন 25 এর সংশোধন

25(1) পর্ষৎ রাজ্য সরকারের অনুমোদনক্রমে এরূপ রিজিওন্যাল কাউন্সিল গঠন করতে পারেন, যা তাঁরা উপযুক্ত বলে বিবেচনা করবেন।

রিজিওন্যাল কাউন্সিলের সদস্য, গঠন এবং কার্যক্ষেত্রের সীমা রাজ্য সরকারের অনুমোদনক্রমে স্থিরীকৃত হবে।

রিজিওন্যাল কাউন্সিল

(2) পর্ষৎ রাজ্যসরকারের অনুমোদন ক্রমে রিজিওন্যাল কাউন্সিলকে এক্সিকিউটিভ-এর এরূপ ক্ষমতা বা কাজের ভার প্রদান করতে পারেন যা' তারা আইনের আওতায় উপযুক্ত মনে করবেন, আবার এরূপ রিজিওন্যাল কাউন্সিলের কাছ থেকে প্রত্যর্পিত ক্ষমতা প্রত্যাহার করে নিতে পারেন।

6. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 26 সেকশনের (2) নং সাব-সেকশনে এই কথাগুলোর "provided by regulations made in this behalf", পরিবর্তে বসবে—"specified by the Board".

সেকশন 26 নং সংশোধন

7. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 27 নং সেকশনের সাব-সেকশন (2) তে,—

সেকশন 27 এর সংশোধন

(1) ক্লজ (c) বাদ পড়বে।

(2) ক্লজ (d)তে the words, letters, figures and brackets excepting in respect of matters in clause (j), (k) and (l) of sub-section (3) of section 19A" shall be omitted.

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ (সংশোধন)

অর্ডিন্যান্স, ১৯৮২

(সেকশন 8)

8. প্রিন্সিপ্যাল অ্যাক্টের 52 সেকশনে—

সেকশন 52 এর সংশোধন

(1) সাব-সেকশন (3),—

(a) কথাগুলো—"rules are made by the State Government for" বাদ পড়বে ;

(b) Word and figure referred to in section A-এর সঙ্গে 'is held' যোগ হবে।

(2) সাব-সেকশন 4-এর পরিবর্তে এই সাব-সেকশনটি সংযোজিত হবে—

(4) (i) সাব-সেকশন (3)-এ নিযুক্ত সদস্যরা যত দিন না সেকশন (4) অনুযায়ী সদস্যদের মনোনয়ন হয় এবং অফিসিয়াল গেজেটে নির্বাচনের ফলাফল ঘোষিত হয়।

২রা আগস্ট, ১৯৮২

স্বাঃ বি. ডি. পাণ্ডে
পশ্চিমবঙ্গের রাজ্যপাল

২

অ্যাপিল রেগুলেশনস্

অ্যাপিল কমিটি কর্তৃক অ্যাপিলের শুনানি ও মীমাংসা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

বিজ্ঞপ্তি

৩০শে জানুয়ারী, ১৯৬৫

১৯৬৩ সালের পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্ অ্যাক্ট, (পঃ বঙ্গ অ্যাক্ট V অব, ১৯৬৩) সেকশন 27 এর সাব-সেকশন (3) এবং সেকশন 22-এর সাব-সেকশন (3)-এর বলে রাজ্যপাল সন্তুষ্ট হয়ে এর মধ্যে কিছুটা সংশোধনে সম্মতি দিয়ে পর্ষদের সঙ্গে আলোচনা করে এবং উক্ত আইনটি (অ্যাক্ট) সাব-সেকশন 5 নং ধারায় প্রচারিত ও প্রকাশিত হল :

রে গু লে শ ন

1. এই রেগুলেশনকে পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষৎ (অ্যাপিল শুনানি ও মীমাংসার প্রণালী) রেগুলেশন, ১৯৬৪ বলা যেতে পারে।
2. এই রেগুলেশনের বিষয়-বস্তুতে কোন প্রতিকূল বা বিরোধী কিছু যদি না পাওয়া যায়, তাহলে—
   (a) "এই অ্যাক্টের" অর্থ পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্ আইন, ১৯৬৩ ;
   (b) 'অ্যাপিল কমিটি' মানে পর্ষদের সেকশন 18 ধারায় গঠিত অ্যাপিল কমিটি ;
   (c) "বোর্ড" মানে এই আইনে প্রতিষ্ঠিত পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্ ;
   (d) "ইন্স্টিটিউশন" অর্থে এই অ্যাক্টের সেকশন 2 ধারায় clause C-তে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান ;
   (e) "ম্যানেজিং কমিটি" অর্থে সেকশন 2 এর clause d-তে বর্ণিত পরিচালন সমিতি ;
   (f) "টিচার" অর্থে বিদ্যালয়ের শিক্ষাদাতাদের যে কোন সদস্য ;
3. কোন শিক্ষক যদি চাকরিতে নিযুক্ত অবস্থায় ঐ স্কুলের পরিচালনা সমিতি মনে করেন যে, ম্যানেজিং কমিটির কোনরূপ সিদ্ধান্তে তিনি ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাহলে তিনি রেগুলেশনের আওতায় সরাসরি অ্যাপিল কমিটির কাছে আবেদন জানাতে পারেন।
4. (1) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন (appeal) করাই যদি স্থির করা হয়, তাহলে আবেদনকারীকে লিখিতভাবে সংশ্লিষ্ট সিদ্ধান্তের একটি কপি কৈফিয়ত তলবের এক সপ্তাহের মধ্যে তা পেশ করতে হবে।

(2) আবেদনকারীকে পর্ষদের সেক্রেটারীর সমীপে প্রাপ্তি-পত্র সহযোগে রেজিস্টার্ড পোস্টে অ্যাপিলের দরখাস্তের তিন প্রস্থ কপি নির্দিষ্ট অ্যাপিলের ফরমে যথাযথ লিখে দাখিল করতে হবে,—

a) সাব-রেগুলেশন (1) অনুযায়ী আবেদনকারী সিদ্ধান্তের চিঠি পাওয়ার এক মাসের মধ্যে অথবা ঐরূপ সিদ্ধান্তের কপিসহ।

(b) অথবা যেখানে ম্যানেজিং কমিটি সাব-রেগুলেশন (1) এর প্রভিশন অনুযায়ী ১½ মাসের দাবী করা সত্ত্বেও সিদ্ধান্তের কপি দিতে নারাজ, তাহলে ঐ সিদ্ধান্তের কপি ছাড়াই পেশ করবে।

যেক্ষেত্রে অ্যাপিলকে অগ্রাধিকার দেওয়া হয়েছে—, সেক্ষেত্রে আপিল আদেশের বিরুদ্ধে কার্যকরী স্থগিতাদেশ জারী করবেন। যদি অ্যাপিলের দরখাস্তে অনুরূপভাবে আবেদনকারী প্রার্থনা না করেন এবং আপিল কমিটি যথাযথ বিবেচনা করে আবেদন গ্রহণ না করেন এবং আদেশ কার্যকরী করার বিরুদ্ধে স্থগিতাদেশ জারী করেন।

6. (1) অ্যাপিলের দরখাস্ত পাওয়ার পর পর্ষদ্ সম্পাদক রেজিঃ পোস্ট চিঠিতে প্রাপ্তি স্বীকার (Regd. post with acknowledgment due) সহযোগে অ্যাপিলের দরখাস্তের কপি ম্যানেজিং কমিটির কাছে পাঠিয়ে দেবেন তাঁদের মন্তব্য চেয়ে।

(2) ম্যানেজিং কমিটি তাঁদের মন্তব্যের তিন কপি রেজিঃ পোস্ট ও প্রাপ্তি স্বীকারসহ পর্ষদ্ সেক্রেটারীর কাছে—মেমোরেণ্ডাম পাওয়ার তিন সপ্তাহের মধ্যে পাঠাবেন।

(3) সাব-রেগুলেশন (2) অনুসারে ম্যানেজিং কমিটি থেকে অনুরূপ মন্তব্য প্রাপ্তির পর পর্ষদ্ সেক্রেটারী প্রেরিত আবেদনকারীর (appellant) কাছে পুনরায় উক্ত অ্যাপিলের বিরুদ্ধে কমিটির মন্তব্যের কপি চিঠি প্রাপ্তির এক পক্ষের মধ্যে পর্ষদ সেক্রেটারীর নিকট তাঁর নিজস্ব কোন বক্তব্য থাকলে পেশ করার জন্য "রেজিঃ পত্র ও প্রাপ্তি স্বীকার" উত্তর দেবেন।

7. (1) পর্ষদ সেক্রেটারী—

(a) রেগুলেশন 6-এর সাব-রেগুলেশন (2) অনুযায়ী নির্দিষ্ট সময় অতিবাহিত হয়ে যাওয়ার ১৫ দিনের মধ্যে ম্যানেজিং কমিটি থেকে কোন মন্তব্য না পেলে অথবা

(b) রেগুলেশন 6 এর সাব-রেগুলেশন (3) অনুযায়ী একপক্ষ কালের মধ্যে কেসের সংশ্লিষ্ট সমস্ত কাগজপত্র, ম্যানেজিং কমিটির মন্তব্যাদি এবং আবেদনকারীর (explanations) আবার কোন অনুসন্ধান (inquiry) সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণের দরকার আছে কি নেই, জানবার জন্য অ্যাপিল কমিটির কাছে পেশ করবেন। এই ব্যাপারে অ্যাপিল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

(2) যেখানে অ্যাপিল কমিটি সাব-রেগুলেশন (1) অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করলেন এই কেসে অধিক অনুসন্ধানের (enquiry) আর প্রয়োজন নেই এবং যেক্ষেত্রে আবেদনকারীর মন্তব্য সাব-রেগুলেশন (2) ধারায় নির্দিষ্ট সময়ের মধ্যে পাওয়া গেছে বা পাওয়া যায়নি, পর্ষদ সেক্রেটারী কেসটি অ্যাপিলের সিদ্ধান্তের জন্য আপিল কমিটির কাছে পেশ করবেন।

(3) অ্যাপিল কমিটি যদি অভিযোগের আরো অধিক তদন্ত করতে মনস্থ করেন, তাহলে পর্ষদ সেক্রেটারী ঐরূপ সিদ্ধান্তের এক মাসের মধ্যে অভিযোগ সংক্রান্ত কেসের কাগজপত্র যা অ্যাপিল কমিটির কাছে পেশ করা হচ্ছিল, সব পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা আধিকারিকের (D. P. I. West Bengal) কাছে পাঠিয়ে দেবেন এবং তিনি যত সম্ভব শীঘ্র যেমন প্রয়োজন বোধ করবেন, অনুসন্ধান করে নিজের মতামত অ্যাপিল কমিটির কাছে পাঠিয়ে দেবেন। পর্ষদ সেক্রেটারী তখন রিপোর্টের এক কপি আবেদনকারীর কাছে রেজিঃ পত্র এবং প্রাপ্তি স্বীকারসহ পাঠাবেন এবং এক পক্ষকালের মধ্যে উক্ত রিপোর্ট সম্বন্ধে তাঁর মন্তব্য আহ্বান করবেন।

8. (1) অ্যাপিল কমিটি নিজস্ব সিদ্ধান্তে আবেদনকারী অথবা ম্যানেজিং কমিটির সেক্রেটারীকে অথবা তাঁর প্রতিনিধিকে ব্যক্তিগতভাবে শুনানির সুযোগ দিতে পারেন এবং এই উদ্দেশ্যে প্রয়োজন বোধ করলে আবেদনকারী অথবা ম্যানেজিং কমিটির সেক্রেটারী বা তাঁর প্রতিনিধিকে দরকারী কাগজপত্র নিয়ে হাজির থাকতে নির্দেশ দিতে পারেন।

(2) সাব-রেগুলেশন (1)-এ যখন কোন আদেশ দেওয়া হবে, তখন সংশ্লিষ্ট পক্ষকে যথানির্দিষ্ট তারিখ ও সময়ে অ্যাপিল কমিটির কাছে হাজির হতে হবে। যদি কোন পক্ষ বা উভয়পক্ষ উপস্থিত থাকতে ব্যর্থ হন, তাহলে অনুপস্থিত পক্ষকে আর অধিক সময় না দিয়ে আপিল কমিটি মোকর্দ্দমা (case) সম্বন্ধে অগ্রসর হতে পারেন।

9. (1) অ্যাপিল কমিটি তার সামনে উপস্থিত করা বিষয়বস্তু নিয়ে বিবেচনা করতে পারেন—

(a) আবেদনকারীর পদমর্যাদা হ্রাস করে দিতে পারেন, বেতনের একটি অংশ বাজেয়াপ্ত করে দিতে পারেন, বেতনবৃদ্ধি বন্ধ করে দিতে পারেন অথবা আবেদনকারীর প্রতি যে কোন আদেশের বিরুদ্ধে সিদ্ধান্ত নিতে পারেন।

(i) অ্যাপিল মঞ্জুর করতে পারেন, যা উপযুক্ত মনে করবে, সেরূপ উপশম দিতে পারবেন, অথবা যদি মনে হয় যে আদেশের বিরুদ্ধে অ্যাপিল, তা যথেষ্ট নয় এবং তার মূলে সন্তোষজনক ভিত্তি নেই।

(ii) যদি মনে হয়, যে আদেশের বিরুদ্ধে অ্যাপিল করা হয়েছে, তাতে

হস্তক্ষেপ করবার কোন যুক্তি নেই। তাহলে অ্যাপিল অগ্রাহ্য বা বাতিল করে দিতে পারেন।

(b) ছাঁটাই বা পদচ্যুতির আদেশের বিরুদ্ধে—

(i) অ্যাপিল মঞ্জুর করে সংশ্লিষ্ট বিবাদীপক্ষের বিরুদ্ধে আদেশ দিতে পারেন; আবেদনকারীকে স্বপদে বহাল করতে এবং তার বহাল জারিকরণে সুযোগসুবিধাদি ফিরিয়ে দিতে—

(ii) আবেদন মঞ্জুর করে আবেদনকারীকে গ্রাচ্যুয়িটি হিসেবে প্রতি বছরের চাকরির জন্য এক মাসের বেতন তথা অনধিক ১২ মাসের বেতন দান, যদি পুনর্বহালের পরিবর্তে তা দেওয়ার সিদ্ধান্ত হয়।

(iii) যে আদেশের বিরুদ্ধে অ্যাপিল করা হয়েছে, তাতে হস্তক্ষেপ করার কোন সন্তোষজনক কারণ না থাকলে অ্যাপিলটি বাতিল করে দেওয়া যেতে পারে।

(2) অ্যাপিল কমিটি সব ক্ষেত্রেই তার সিদ্ধান্তের সপক্ষে যুক্তি রেকর্ড করবেন।

10. অ্যাপিল কমিটি সাধারণতঃ দু মাসের মধ্যে রেগুলেশন 7 এর 3নং সাব-রেগুলেশন অনুযায়ী—পর্ষদ সেক্রেটারীর কাছ থেকে কাগজপত্র পাওয়ার পর প্রতিটি অ্যাপিলের মীমাংসা করবেন।

11. (1) অ্যাপিল কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য; এবং তা আবেদনকারী ও ম্যানেজিং কমিটি উভয়ের ক্ষেত্রেই বর্তাবে এবং অ্যাপিল কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী কোর্টে কোন মামলা দায়ের করা চলবেনা।

(2) পর্ষদ সেক্রেটারী অ্যাপিল কমিটির সিদ্ধান্ত জানবার পর আবেদনকারী ও ম্যানেজিং কমিটিকে, উভয়কেই জানিয়ে দেবেন।

(3) যদি আবেদনকারী অথবা ম্যানেজিং কমিটি সাব-রেগুলেশন (2) এর নির্দেশানুযায়ী অ্যাপিল কমিটির সিদ্ধান্তের এক মাসের মধ্যে অথবা যথানির্দিষ্ট বর্ধিত সময়ের মধ্যেও মেনে না নেন, তাহলে পর্ষদ আইন বা রুলস অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

FORM

West Bengal Board of Secondary Education

FORM OF APPEAL TO THE COMMITTEE

Particulars to be furnished in triplicate by the aggrieved teacher of a recognised institution

1. Name of Appellant.
   Present Address.
2. Academic career.
3. Teaching experience.

4. Name of the school in which employed, when the order complained of was passed. (State also Post Office and District).

5. Whether the School is aided or unaided.

6. (a) Nature of the appointment held by the appellant in the school ; whether temporary or permanent.

(b) If temporary, for what period appointed ?

(c) Whether appointed on probation ; if so, for what period ?

7. Whether he was given a letter of appointment ; if so a copy should be furnished.

8. Period of service, with date of commencement and termination thereof.

9. First appointment held in the school and the appointment held at the time when the grievance arose.

10. Salary when first appointed in the school and the salary last drawn (with specific mention of dearness allowances).

11. Nature of the decision or order complained of whether dismissal, discharge, reduction or withholding of salary. (Furnish copy of the order).

12. (a) Whether grievance is the outcome of any decision of the Managing Committee.

(b) If so, date of meeting of the Committee and date of receipt of orders by the appellant. The relavant decision of the Committee should be furnished.

13. In case of dismissal or discharge—

(a) What notice, if any, was given ?
(b) What compensation, if any, was paid,
(c) What was the Committee's contribution, if any, to the Provident Fund of the appellant ?
(d) His own contribution towards Provident Fund.
(e) Total Provident Fund dues.

14. Relief prayed for :

(a) Reinstatement.
(b) Gratuity, equivalent to...month's salary ?
(c) Arrear salary from...to...@ Rs....p. m.
(d) Provident Fund dues.

15. Documents (or copies thereof in triplicate) in support of the teacher's appeal, should be annexed.

16. Teacher's grievance, with relevant details (in triplicate).

17. Signature of Appellant, with date.

৩

পরিচালন সমিতির গঠনতন্ত্র
Constitution of The Managing Committee

1

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সার্কুলার নং 20/69(M.C) dt. 27.8.69

সমস্ত অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের (হায়ার সেকেণ্ডারী ক্লাশ XI, হাই XI মাদ্রাসা, হাইস্কুল, জুনিয়ার হাইস্কুল ও সিনিয়র বেসিক স্কুল) প্রধান/প্রধানা বরাবরেষু,

বিষয় : বিদ্যালয়ের পরিচালনা সমিতির গঠন ও পুনর্গঠন :
নিউ রুলস্ রাজ্য সরকারের বিজ্ঞপ্তি নং 1598-Edn(S)
dated 15th July 1969.

অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের (সাহায্যপ্রাপ্ত অথবা সাহায্যহীন) প্রধান/প্রধানাদের এই মর্মে নিম্নলিখিত নির্দেশানুযায়ী যথাবিহিত পদক্ষেপের জন্য দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে—

(1) পুরানো রুলস্ অনুযায়ী যে সব বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠিত বা পুনর্গঠিত হয়েছে তাদের আবার নূতন রুলস্ অনুযায়ী ৯৭০ সালের ·৫ই জানুয়ারীর মধ্যে গঠন বা পুনর্গঠন কার্য সমাধা করতে হবে।

(2) যে সব স্কুলের প্রশাসন পর্ষৎ কর্তৃক প্রশাসক অ্যাডহক কমিটির উপর ছেড়ে দেওয়া হয়েছে, তাদের ১৯৬৯ সালের ১৫ই জুলাই বা পরবর্তী কোন তারিখের মধ্যে যথা ১৯৭০ সালের ১৫ই জানুয়ারীর মধ্যে অতি অবশ্যই নূতন রুলস্ ও পদ্ধতি অনুযায়ী পুনর্গঠন কার্য সমাধা করতে হবে।

(3) যে সব বিদ্যালয় কলকাতা বিশ্ববিদ্যালয় অথবা পর্ষদের অনুমোদনক্রমে স্পেশ্যাল কনষ্টিটিউশনের আওতায় সুযোগ-সুবিধা ভোগ করছে, তাদের আবার পর্ষদের কাছে নূতন করে সম্মতির জন্য সার্কুলার পাওয়ার সাতদিনের মধ্যে ট্রাস্ট ডীড ও অন্যান্য কাজপত্রসহ দরখাস্ত পেশ করতে হবে, যাতে করে নির্দিষ্ট তারিখের মধ্যে পুনর্গঠন কার্য সমাধা হয়।

(4) যে সব বিদ্যালয় ম্যানেজিং কমিটি গঠনে স্পেশ্যাল কনষ্টিটিউশনের সুযোগ নিতে প্রয়াসী—তাদের এই সার্কুলার প্রকাশের সাতদিনের মধ্যে ট্রাস্ট ডীড ও অন্যান্য কাগজপত্রসহ আবেদন করতে হবে।

(5) পর্ষদ্ কর্তৃক অনুমোদিত নূতন স্কুলগুলোর ম্যানেজিং কমিটি গঠনের কাজ ১৯৭০ সালের ১৫ জানুয়ারীর মধ্যে সমাধা করতে হবে।

সাঃ এন. সিনহা
সেক্রেটারী

অনুমোদিত বেসরকারী বিদ্যালয়ের (এইডেড ও আন-এইডেড) প্রশাসনের (মেনেজমেণ্ট) নিয়মাবলী (রুলস্) ১৯৬৯

1. সংক্ষিপ্ত শিরোনামা : এই নিয়মাবলীকে বেসরকারী বিদ্যালয়ের "প্রশাসনিক নিয়মাবলী—১৯৬৯" বলা যেতে পারে।

2. সংজ্ঞা—এই সব রুলে মূল বিষয়ের স্ব-বিরোধী না থাকলে :

(a) 'অ্যাক্ট' অর্থে পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্ আইন, ১৯৬৩ (ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট V অব্ ১৯৬৩)।

(b) "ইনস্টিটিউশন" অর্থে পঃ বঃ মধ্যশিক্ষা অ্যাক্ট, ১৯৫০ (W. B. Act. XXXVI of 1950) অ্যাক্টে 2 নং সেকশনের (C) ধারা অনুসারে বর্ণিত ;

(c) "কমিটি" অর্থে অ্যাক্টের সেকশন (2)-এর (d) ধারা অনুসারে ব্যাখ্যাত ;

(d) "বোর্ড" ও "হেড্ অব্ ইনস্টিটিউশন" অর্থে অ্যাক্টে যা বলা হয়েছে ;

(e) "ডাইরেক্টর" অর্থে ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশন, পঃ বঃ ;

(f) "নন-গভর্ণমেণ্ট" বলতে যে সব শিক্ষা প্রতিষ্ঠান রাজ্য সরকার, ইউনিয়ন গভর্ণমেণ্ট বা রেলওয়ে বোর্ড কর্তৃক পরিচালিত নয় ;

3. কমিটি—প্রত্যেকটি অনুমোদিত বে'সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের একটি করে কমিটি থাকবে যা নিয়মানুসারে এবং নিম্নে বর্ণিত উদ্দেশ্যে গঠিত হবে।

4. ভোটদাতার তালিকা (Register of Voters) :—(1) চলতি বা বর্তমান কমিটির সাথে পরামর্শ করে বিদ্যালয় প্রধান/প্রধানা আইনতঃ যোগ্যতা-সম্পন্ন ভোটারদের তালিকা প্রণয়ন করবেন এবং তা করতে হবে—সাত দিনের নোটিসে রেজিঃ পত্রযোগে (Regd. with A/D) সভা ডেকে এবং প্রতি বছর তা পুনঃ বিচার করে সংশোধন করে নেবেন। ঐ ভোটার তালিকা সাময়িকভাবে প্রত্যেক বছরের ১৫ই মার্চের মধ্যে বন্ধ করা হবে এবং সেই তারিখ থেকে অন্ততঃ একমাস জনসাধারণের জ্ঞাতার্থে খোলা থাকবে এবং এপ্রিল ১লা তারিখে বন্ধ হবে। এভাবে বিদ্যালয়ের প্রধান/প্রধানা ম্যানেজিং কমিটির সাহায্য নিয়ে ভোটার তালিকা বর্তমান অর্থাৎ আপ-টু-ডেট করে রাখবেন। যদি কোন ক্ষেত্রে বিদ্যালয়ের প্রধান/প্রধানার সঙ্গে কমিটির অধিকাংশ সদস্যের মতভেদ হয়, তখন বিষয়টি মীমাংসার জন্য সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের কাছে পাঠাতে হবে এবং তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(2) যে বছরে কমিটির গঠন বা পুনর্গঠনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে, সে বছরে যোগ্য ভোটার দিয়ে গঠিত সাময়িকভাবে রচিত ভোটার তালিকা বিদ্যালয়ের নোটিস বোর্ডে অন্ততঃ একমাস পূর্বে টাঙ্গিয়ে দেওয়া হবে এবং অন্ততঃ পনর দিন পূর্বে সংশোধন ও সংযোজন সহ শেষ বারের মত ঘোষণা করা হবে।

(3) নির্বাচন শেষ হলে ভোটার রেজিষ্টারকে পুনরায় নূতন করে ভোটার করার জন্য খোলা রাখতে হবে।

5. **ভোটার রেজিস্টারের খুঁটিনাটি** (Particulars in the Register of Voters) : (1) অ্যাডমিশন রেজিস্টারে লিখিত সমস্ত অভিভাবকের নাম, (i) বিদ্যালয়ের প্রতিষ্ঠাতাবৃন্দ, যাঁদের নাম বিদ্যালয় প্রতিষ্ঠার গোড়ার থেকে স্বীকৃত (ii) বিদ্যালয়ের দাতা (Donors) (iii) স্থানীয় এলাকার শিক্ষানুরাগী ; আর তাঁদের সংখ্যা দশজনের বেশী হবে না, এবং সংশ্লিষ্ট জেলা পরিদর্শক কর্তৃক প্রতিবার তাঁদের অনুমোদন থাকা চাই।

ব্যাখ্যা—রুলের উদ্দেশ্যে

(1) বিদ্যালয়ে কর্মচারী, যিনি আবার অভিভাবক, তাঁর নাম ভোটার তালিকায় অভিভাবকের বিভাগে লিখিত থাকবে কিন্তু তিনি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না, অথবা কোন শূন্য পদে তাঁকে নেওয়া চলবে না।

(2) 'অভিভাবক' বলতে পিতা, অথবা মাতা বা উভয়ের অবর্তমানে পিতামহ, পিতামহী, ভ্রাতা, ভগ্নী, মামা। এঁদেরও অবর্তমানে যে কোন আত্মীয়, যাঁর সাথে প্রকৃতপক্ষে ওয়ার্ড বাস করে। ২১ বছর না হলে কেউ অভিভাবক-রূপে বিবেচিত নন।

(3) 'দাতা' (donors) অর্থে সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শক কর্তৃক স্বীকৃত এবং বিদ্যালয়ে এককালীন ১০০০ টাকা অথবা দু'কিস্তিতে ৫০০ টাকা করে এক হাজার টাকা দান করেছেন। ঐরূপ দাতার নাম তালিকায় পর পর তিন বছর করে দু'বার স্থান পাবে।

(4) শিক্ষানুরাগী বলতে জেলা স্কুল পরিদর্শক কর্তৃক স্বীকৃত কোন ব্যক্তি যাঁরা শিক্ষাগত যোগ্যতা, বিশ্ববিদ্যালয়ের অন্ততঃ ডিগ্রীধারী এবং সাধারণত শিক্ষাগত বা উদার পেশায় নিযুক্ত আছেন (যেমন স্কুল কলেজের শিক্ষক, রেজিষ্টার্ড চিকিৎসক এবং আইনজীবী)।

(5) 'প্রতিষ্ঠাতা' হিসেবে একমাত্র যিনি বা যাঁরা বিদ্যালয়ের প্রথম কমিটি কর্তৃক গোড়া থেকেই স্বীকৃত এবং ম্যানেজিং কমিটি গঠনে তাঁর বা তাঁদের নাম বারে বারে ভোটার তালিকায় উল্লিখিত আছে। প্রতিষ্ঠাতার মৃত্যুর পর তাঁর পুত্রাদি বা কোন কোন উত্তরাধিকারীর নাম রেজিস্টার্ড দলিলে উল্লিখিত

আছে। আর কমিটি কর্তৃক, প্রথম কমিটি কর্তৃক স্বীকৃত এবং ইউনিভার্সিটি বা মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক অনুমোদিত।

6. কমিটির নির্বাচন (Election to the Committee): (1) ভোটার তালিকায় বৈধ ভোটারদের নাম তালিকাভুক্ত হলে তাঁরা নিজেদের থেকে কমিটিতে প্রতিনিধি পাঠাতে পারবেন,—

(i) একজন দাতা সদস্য, (ii) একজন প্রতিষ্ঠাতা, (iii) একজন শিক্ষানুরাগী এবং (iv) চারজন অভিভাবক হায়ার-সেকেণ্ডারী, হাইস্কুল ও হায়ার সেকেণ্ডারী স্কুল। অথবা জুনিয়ার হাইস্কুল ও সিনিয়ার বেসিক স্কুলের ক্ষেত্রে ৩ জন অভিভাবক, অথবা দু'ক্লাশ জুনিয়ার স্কুলের ক্ষেত্রে দু'জন অভিভাবক। অবশ্য যেসব বিদ্যালয়ের ক্ষেত্রে শতকরা ৫০ জন ছাত্র/ছাত্রী আবাসিক, সেসব ক্ষেত্রে প্রধান/প্রধানা কর্তৃক প্রস্তুত অভিভাবকের ভোটার তালিকা থেকে সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শক অভিভাবক সদস্য মনোনয়ন করে দেবেন।

(2) যদি কোন দাতা বিদ্যালয়কে দশহাজার টাকা বা সমমূল্যের দান করেন, তাহলে তিনি লাইফ মেম্বর হিসেবে স্বীকৃতি পাবেন এবং তিনি জীবদ্দশায় কমিটির স্থায়ী সদস্যরূপে মর্যাদা পাবেন অথবা তিনি কমিটিতে অন্য কোন ব্যক্তিকে মনোনীত করতে পারবেন এবং সেক্ষেত্রে শিক্ষানুরাগীদের মধ্য থেকে কাকেও সদস্য করা হবে না।

অবশ্য একাধিক 'দাতা' থাকলে এককালীন একব্যক্তি এবং চক্রাকারের ডাইরেক্টর কর্তৃক নির্দেশত পন্থায় সদস্য হবেন এবং তাঁদেরও কমিটিতে একেক-বার প্রতিনিধি মনোনয়নের সুযোগ দেওয়া হবে।

অবশ্য লাইফ মেম্বারের মৃত্যুতে তাঁর মনোনীত ব্যক্তির সদস্য পদের অধিকার বাতিল হবে,

(3) ম্যানেজিং কমিটির অপর একজন সদস্য হবেন সরকারী প্রতিনিধি—তিনি ডি. পি. আই. অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, তাঁর পক্ষে প্রতিনিধিত্ব করবেন।

7. **শিক্ষকের প্রতিনিধি নির্বাচন** (**Election by Teachers**):

(1) হায়ার সেকেণ্ডারী (XI) স্কুল, হায়ার সেকেণ্ডারী মাদ্রাসা (XI) এবং হাই স্কুলের শিক্ষকেরা তিনজন সদস্য নির্বাচন করবেন। চার শ্রেণীর জুনিয়ার হাই ও সিনিয়ার বেসিক স্কুলের শিক্ষকেরা—দুজন ; দু' ক্লাশ জুনিয়ার স্কুলের শিক্ষকেরা—একজন করে শিক্ষক প্রতিনিধি নির্বাচন করবেন, তারপর তাঁদের মধ্য থেকে একজনকে ফিনান্স কমিটিতে পাঠাবেন। আর দু'ক্লাশ জুনিয়ার হাই স্কুলের নির্বাচিত প্রতিনিধিই ফিনান্স কমিটির সভ্য হবেন।

(2) বিদ্যালয়ের প্রধান/প্রধানা পদাধিকার বলে ম্যানেজিং কমিটির সভ্য থাকবেন।

ব্যাখ্যা : শিক্ষকবর্গ (member of the teaching staff) অর্থে সর্বক্ষণের নিমিত্ত, স্থায়ী চাকরিতে নিযুক্ত এবং অবেক্ষণাধীন· হলেও হবে, তবে তাঁর কমপক্ষে চার মাসের চাকরি হওয়া চাই।

8. (1) **কমিটি অনুমোদন এবং বাতিল করবার ক্ষেত্রে পর্ষদের ক্ষমতা :** পর্ষদের অনুমোদন সাপেক্ষে কমিটি গঠন করা হয় এবং পর্ষদের মতে কমিটি যথাযথভাবে কাজকর্ম না করিলে পর্ষদ্ কমিটির কাজ পরিচালনার উদ্দেশ্যে প্রশাসক নিযুক্ত করে দিতে পারেন।

অবশ্য কমিটি বাতিল করে দেওয়ার আগে পর্ষদের নিয়ম অনুসারে ডাইরেক্টরের রিপোর্টের উপর গুরুত্ব দিয়ে কমিটিকে আত্মপক্ষ সমর্থনের জন্য সুযোগ পর্ষদ দেবেন।

(2) কোথাও এটা পরিষ্কার করে উল্লেখ না থাকলেও পর্ষদ স্পেশ্যাল ক্ষমতাবলে বিদ্যালয়ে স্পেশ্যাল কনষ্টিটিউশন অনুমোদন করতে পারবেন।

অবশ্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন ট্রাস্ট-ডীড বা লিগ্যাল ডকুমেন্টের ভিত্তিতে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা হিসেবে স্বীকৃত না হলে স্পেশ্যাল কনষ্টি-টিউশনকে অনুমোদন দেওয়া হবে না।

অবশ্য স্পেশ্যাল কনষ্টিটিউশন 6 ও 7 রুলসে বর্ণিত শিক্ষক-অভিভাবক প্রতিনিধি ব্যতীত অন্যান্য প্রতিনিধিদের (নির্বাচিত ও মনোনীত) 50% জনের বেশী হবে না। আর প্রধান/প্রধানা পদাধিকার বলে কমিটির জয়েন্ট সেক্রেটারী হবেন।

(3) সাব-রুল (1)-এ নিযুক্ত প্রশাসক বাতিল ম্যানেজিং কমিটির সমস্ত ক্ষমতারই অধিকারী এবং সমস্ত কাজ করার অধিকারী এবং ছয় মাসের মধ্যেই ম্যানেজিং কমিটির পুনর্গঠন করবেন।

(4) ম্যানেজিং কমিটির গঠন বা পুনর্গঠনের অনুমোদন ডাইরেক্টরের মাধ্যমে পর্ষদ সকাশে পেশ করতে হবে। আর পর্ষদ অনুমোদন দেওয়ার সময় ডাইরেক্টরের রিপোর্ট বিবেচনা করে দেখবেন।

9. **নির্বাচন পদ্ধতি (Procedure of election) :**

(1) নির্বাচন পদ্ধতি পর্ষদের 6 ও 7 ধারা অনুযায়ী নির্ধারিত হবে।

(2) নির্বাচনের দিন-ক্ষণ এরূপভাবে নিরূপিত হবে, যাতে কমিটির আয়ুষ্কাল ফুরানোর অন্ততঃ ৯০ দিন আগেই তা অনুষ্ঠিত হয়।

10. **সেক্রেটারী ও কোরাম (Secretary and quorum) :**

(1) কোন কমিটির সাধারণতঃ ১২ জন সদস্যই থাকবে প্রেসিডেণ্ট ও ভাইস-প্রেসিডেণ্ট সহ। সেক্রেটারী কমিটির সকল সদস্য দ্বারা নির্বাচিত হবেন। বিদ্যালয় প্রধান/প্রধানা যদি সম্পাদক নির্বাচিত না হন, তাহলে তিনি জয়েণ্ট

সেক্রেটারী হবেন। যে কোন নির্বাচিত কর্মকর্তা সংখ্যাধিক্যের ভোটে স্বপদ থেকে বিতাড়িত হবেন।

(2) সদস্যদের শতকরা পঞ্চাশ ভাগ উপস্থিত থাকলে সভা চলতে পারে।

ব্যাখ্যা : যেক্ষেত্রে সদস্যদের মোট সংখ্যা বেজোড় (odd number), সেক্ষেত্রে কোরাম নির্ণয় করতে হলে বেজোড় সংখ্যার সঙ্গে এক যোগ করতে হবে।

11. **সাময়িক শূন্যপদ (Casual vacancy) :**

কমিটিতে সাময়িকভাবে কোন পদ শূন্য হলে, শিক্ষক বিভাগ (Teacher Category) ছাড়া, অন্যান্য ক্ষেত্রে আদি ভোটার তালিকায় ভোটারদের যে-সব নাম আছে, তার থেকে কো-অপ্ট করতে হবে। তবে যে পদে শূন্যতা, তা যেন পূরণ হয়। শিক্ষকদের শূন্য পদে রুল 7 অনুসারে পদ পূরণ করতে হবে। ম্যানেজিং কমিটির কোন সদস্য যদি কোন সময়ে যে প্রয়োজনে বা উদ্দেশ্যে মনোনীত বা নির্বাচিত হয়েছিলেন, সে যোগ্যতা বা প্রয়োজনীয়তা তিনি হারান, তাহলে তিনি সদস্য পদের মর্যাদা হারাবেন এবং ঐ পদটি শূন্য হবে এবং ঐ শূন্য পদটি কো-অপশন বা মনোনয়ন দ্বারা পূরণ করা হবে। তবে শিক্ষকের ক্ষেত্রে 7 নং রুল অনুযায়ী নির্বাচনের মাধ্যমে পূরণ করা হবে।

12. **কমিটির কার্যকাল (Terms of the Committee) :** পর্ষদের অনুমোদন সাপেক্ষে কমিটির কার্যকাল তিন বছর মাত্র—পূর্ববর্তী কমিটির কার্যকাল ফুরিয়ে যাওয়ার পরে মনোনীত, নির্বাচিত সদস্যদের নিয়ে গঠিত কমিটির কর্মকর্তা নির্বাচন পর্ব সমাধা করে পুরানো কমিটি বা প্রশাসকের হাত থেকে দায়িত্বভার গ্রহণ করার পরে।

তবে অবশ্য কমিটির কার্যকালের মেয়াদ—যথেষ্ট ও যথোপযুক্ত কারণ থাকলে বাড়ান যেতে পারে, তবে তা কোন রকমেই এক বছরের বেশী হবে না।

13. **অনুপস্থিতি জনিত কারণে শূন্য পদ (Vacancy caused by absence) :** কমিটির সদস্য পর পর চারটি সভায় অনুপস্থিত থাকলে, কমিটি যদি কোন ভিন্নরূপ সিদ্ধান্ত গ্রহণ না করেন, তাহলে তিনি সদস্যপদ হারাবেন এবং ঐ শূন্যপদ 11 নং রুল অনুযায়ী পূরণ করা হবে।

14. **অডিট (Audit) :** ডাইরেক্টর প্রত্যেক বছর তাঁর নিজস্ব প্যানেল অডিটরদের থেকে স্কুলের অ্যাকাউণ্টস্ পরীক্ষা করবার জন্য অডিটর নিযুক্ত করবেন এবং তিনি ৩১শে মার্চের মধ্যে অডিট রিপোর্ট দাখিল করবেন। দু কপি রিপোর্টের মধ্যে ডাইরেক্টর এককপি পর্ষদের কাছে পাঠিয়ে দেবেন। অডিট রিপোর্টে কোন ব্যতিক্রম থাকলে ডাইরেক্টর ম্যানেজিং কমিটির কাছে রিপোর্ট তলব করতে পারেন। কমিটি ঐ রিপোর্ট পাওয়ার ছয় সপ্তাহের মধ্যে ব্যাখ্যাসহ কি কি প্রতিবিধান করেছেন ডাইরেক্টরকে জানাবেন।

কমিটির ব্যাখ্যা সন্তোষজনক মনে না হলে ডাইরেক্টর পর্ষদকে কমিটি বাতিল করে দেওয়ার জন্য সুপারিশ করতে পারেন।

15. **ফিনান্স সাব-কমিটি (Finance Sub-committee) :**

(1) প্রত্যেকটি ইনষ্টিটিউশনে ম্যানেজিং কমিটির একটি ফাইনান্স সাব-কমিটি থাকবে এবং ঐ সাব-কমিটির সদস্য হবেন—

(i) কমিটির সেক্রেটারী, অথবা প্রধান শিক্ষক যদি সেক্রেটারী থাকেন, তাহলে কমিটির প্রেসিডেণ্ট—চেয়ারম্যান ;

(ii) বিদ্যালয় প্রধান / প্রধানা—সম্পাদক।

(iii) শিক্ষকদের একজন প্রতিনিধি—রুল 7 ধারা অনুসারে নির্বাচিত ; —সদস্য।

(2) কমিটির সাধারণ পর্যবেক্ষণ সাপেক্ষে ফাইনান্স কমিটি (i) স্কুলের বাজেট রচনা, (ii) অডিট রিপোর্ট এবং অডিটরের বার্ষিক প্রতিবেদন বিবেচনা, (iii) বিল চেক করা, (iv) টেণ্ডার ডাকা, (v) কাজের আদেশ দান, (vi) ভাউচার স্ক্রুটিনি করা, এবং (vii) কমিটি কর্তৃক যে যে কাজের ভার দেবে তা করা, একশ টাকার অধিক খরচের টাকা দিতে হলে ফিনান্স কমিটির পূর্ণ অনুমোদন লাগবে, তবে ধরাবাঁধা খরচ (recurring expenditure), যেমন—স্টাফ বেতনের ক্ষেত্রে তার প্রয়োজন হবে না।

16. **কমিটির সভা (Meeting of the Committee) :** অন্ততঃপক্ষে সেক্রেটারীকে দু মাসে একবার কমিটি-মিটিং ডাকতে হবে, তবে দীর্ঘ ছুটির (vacation) মধ্যে নয়। সাধারণতঃ সাত দিনের নোটিসে সভা ডাকতে হবে।

17. **স্পেশ্যাল মিটিং (Special Meeting) :** কমিটির অন্ততঃ চারজন সদস্যের তাগিদে সেক্রেটারীকে ১৫ দিনের মধ্যে স্পেশ্যাল মিটিং ডাকতে হবে। ঐ সভার জন্য অন্ততঃ সাতদিনের নোটিস থাকা প্রয়োজন।

18. **দাবীর ভিত্তিতে স্পেশ্যাল মিটিং (Special meeting by requisition) :** কমিটির সেক্রেটারী যদি স্পেশ্যাল মিটিং ডাকতে ব্যর্থ হন, তাহলে দাবীদারেরা বিষয়টি প্রেসিডেণ্টের গোচরে আনবেন এবং প্রেসিডেণ্ট সভা আহ্বান করবেন, প্রেসিডেণ্ট ১০ দিনের মধ্যে সভা না ডাকলে তাঁকে অবশ্য জানিয়ে দাবীদারদের সংখ্যা কমিটির সভ্যদের অর্ধেক থাকলে সাতদিনের নোটিসে তলবী সভা ডাকতে পারেন।

19. **জরুরী সভা (Emergency Meeting) :** কোন একটি জরুরী বিষয় বিবেচনার জন্য ২৪ ঘণ্টার নোটিসে একমাত্র প্রেসিডেণ্ট ম্যানেজিং কমিটির সভা ডাকতে পারেন। জরুরী সভায় গৃহীত প্রস্তাব কমিটির পরবর্তী সাধারণ সভায় অবশ্য অনুমোদন করিয়ে নিতে হবে।

20. **সভা স্থল (Place of Meeting) :** বিদ্যালয়ের চত্বরের মধ্যে সকল সভা ডাকতে হবে, অবশ্য কমিটির সদস্যরা সর্বসম্মত ভাবে অন্যত্র স্থির করলে ভিন্ন কথা।

21. **আলোচ্য সূচী (Agenda) :** প্রত্যেকটি সভার আলোচ্য সূচী সেক্রেটারী বিদ্যালয় প্রধান ও কমিটির প্রেসিডেন্টের সঙ্গে আলোচনাক্রমে স্থির করবেন, সভ্যদের তিন-চতুর্থাংশের সম্মতি ব্যতীত সভায় কোন বিষয় আলোচনা করা যাবে না। অবশ্য কোন বিষয়, যেমন নিযুক্তি, ডেপুটেশন অথবা পদচ্যুতি সংক্রান্ত যথাযথ নোটিস দিয়ে আলোচ্য সূচীর অন্তর্ভুক্ত করতে হবে। আর এই সবের কাগজপত্র কমিটির সভ্যদের, শিক্ষাবিভাগ এবং পর্ষদের পরীক্ষা করে দেখার প্রয়োজনে সংরক্ষণ করে রাখতে হবে।

22. **সভায় সভাপতিত্ব (President to preside) :** কমিটির সভায় সভাপতিত্ব করবেন কমিটির প্রেসিডেন্ট। প্রেসিডেন্টের অনুপস্থিতিতে ভাইস্-প্রেসিডেন্ট (অবশ্য থাকলে) ; আর প্রেসিডেন্ট ও ভাইস-প্রেসিডেন্টের অনুপস্থিতিতে উপস্থিত সভ্যদের নির্বাচিত ব্যক্তি সভাপতিত্ব করবেন।

23. **জয়-পরাজয় নির্ধারণী ভোট (Casting Vote) :** যখন সভায় উপস্থিত সভ্যদের ভোটদান সমান সমান হবে, তখন প্রেসিডেন্ট নিজের ভোট ছাড়াও আর একটি জয়-পরাজয়সূচক ভোট দিতে পারবেন।

24. **অডিটরের রিপোর্ট (Auditor's Report) :** অডিট রিপোর্ট পাওয়ার পর প্রথম সাধারণ সভায় ফিনান্স সাব-কমিটি কর্তৃক গৃহীত ও বিবেচিত রিপোর্টটি প্রথম পেশ করতে হবে। তারপর রিপোর্টের একটি কপিসহ কমিটির মতামত সহ বোর্ড ও ডাইরেক্টরের কাছে পাঠাতে হবে, কারণ তাঁরা অতিরিক্ত সংবাদসহ ব্যাখ্যা চাইতে পারেন।

25. (1) **সেক্রেটারী ও জয়েন্ট সেক্রেটারীর দায়িত্ব (Duties of the Secretary and the Joint Secretary) :** কমিটির নির্দেশে সেক্রেটারী কমিটির পক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে পত্র লেখালেখি (correspondence) করতে পারেন। তিনি কমিটি মিটিং-এর কার্যাবলীর রেকর্ড একটি বইতে সংরক্ষণ করে রাখবেন এবং প্রতিটি সভার কার্যাবলী পরবর্তী সভায় অনুমোদন করিয়ে নেবেন।

(2) কমিটি জয়েন্ট সেক্রেটারীকে যে সব দায়িত্ব অর্পণ করবেন, তা তিনি সম্পন্ন করবেন। আর সেক্রেটারীর ক্রমাগত অনুপস্থিতিতে অথবা সেক্রেটারীর পদে সাময়িক শূন্যতা হলে—মৃত্যু, পদত্যাগ বা পদচ্যুতির কারণে,—জয়েন্ট সেক্রেটারীকে সেক্রেটারীর কাজ চালিয়ে নিতে হবে।

26. **প্রেসিডেন্ট কর্তৃক সভা আহ্বান (President to convene the**

meeting) ঃ সেক্রেটারী ও জয়েণ্ট সেক্রেটারীর সাময়িক অনুপস্থিতিতে প্রেসিডেণ্ট কমিটির সভা ডাকতে পারেন।

27. **কাগজপত্র (Documents) ঃ**

(1) সেক্রেটারীর দায়িত্বে থাকবে স্কুলের ফাণ্ড, দলিলপত্রাদ, এবং বিদ্যালয়ের আইনগত দলিল-দস্তাবেজ। বিদ্যালয়ের কাগজপত্রাদি যাতে কমিটির কোন সদস্য, পর্যদ অথবা ডাইরেক্টর, অডিটর অথবা শিক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত কোন অফিসার পরিদর্শন করতে পারেন, তার ব্যবস্থা রাখতে হবে। পাকা দালানযুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের কাগজপত্র, হিসাবপত্র স্কুলের মধ্যেই থাকবে।

(2) স্কুলের একাউণ্ট সেক্রেটারী ও জয়েণ্ট সেক্রেটারী কর্তৃক যুগ্মভাবে পরিচালিত হবে। ব্যাঙ্কের সমস্ত লেন-দেন (operation) সেক্রেটারী ও জয়েণ্ট সেক্রেটারীর যুগ্ম স্বাক্ষরে চলবে। কোন একপক্ষের পদ খালি হলে কমিটির প্রেসিডেণ্ট আর প্রেসিডেণ্টের অবর্তমানে অনুপস্থিত সদস্যের পক্ষে কমিটি কর্তৃক ভারপ্রাপ্ত সদস্য দ্বারা পরিচালিত হবে।

28. **কমিটির ক্ষমতা (Powers of the Committee) ঃ**

(1) সরকারী সাহায্যপ্রাপ্ত শিক্ষায়তনে ডাইরেক্টরের অনুমোদনক্রমে ম্যানেজিং কমিটির ক্ষমতা থাকবে—

(i) স্থায়ী পদে, মঞ্জুরীকৃত শক্তির মধ্যে শিক্ষক বা অশিক্ষক কর্মচারী নিয়োগ ; পরবর্তী সময়ে ঐ সব পদের নিয়োগ অনুমোদনের জন্য কমিটির সিদ্ধান্তের এক সপ্তাহের মধ্যে ডাইরেক্টরের সম্মতি চাওয়া ;

(ii) শিক্ষক বা অন্যান্য কর্মচারীদের বয়ঃপ্রাপ্তির (superannuation) পর তাদের চাকরির মেয়াদ বাড়ান, এবং তার জন্য কমিটির সিদ্ধান্তের এক সপ্তাহের মধ্যে কমিটির সিদ্ধান্তের অনুকূলে ডাইরেক্টরের অনুমোদন চাওয়া ;

(2) সাব-রুল (1) এর আওতায় ডাইরেক্টর যদি clause (i) অথবা (ii) ও (iii) ধারায় নিয়োগ বা মেয়াদ বৃদ্ধি অনুমোদন না করেন, তাহলে তিনি কমিটিতে অনুমোদন না দেওয়ার কারণে জানিয়ে দেবেন।

(3) যেক্ষেত্রে কমিটি শিক্ষক অথবা কর্মচারীর চাকরির মেয়াদ বৃদ্ধির (extension of service) সুপারিশ না করেন, সেক্ষেত্রে কমিটিকে সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে। আর সংশ্লিষ্ট ব্যক্তিও ডাইরেক্টরের কাছে প্রতিনিধিত্ব পাঠাতে পারবেন এবং ডাইরেক্টরের সিদ্ধান্তটি চূড়ান্ত বলে গণ্য হবে।

(4) সরকারী সাহায্যহীন বিদ্যালয়ে পর্ষদের অনুমোদন সাপেক্ষে— কমিটি ক্ষমতা প্রয়োগ করতে পারবে—

(i) শিক্ষক ও অন্যান্য অশিক্ষক কর্মচারী—স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে নিয়োগ, তারপর নিয়োগ অনুমোদনের জন্য ডাইরেক্টরের মাধ্যমে পর্ষদের কাছে নিয়োগের পনের দিনের মধ্যে লিখতে হবে ;

(ii) শিক্ষক ও অন্যান্য অশিক্ষক কর্মচারীদের বয়ঃপ্রাপ্তির পর চাকরির মেয়াদ বৃদ্ধির জন্য কমিটির সিদ্ধান্ত গ্রহণের একসপ্তাহের মধ্যে লিখতে হবে ;

(5) যদি কোন ক্ষেত্রে সাব-সেকশন (4) clause (i) ও (ii) ধারায় পর্ষদ্ নিয়োগ বা চাকরির মেয়াদ বৃদ্ধি অনুমোদন না করেন, তাহলে পর্ষদ্ তাঁর অনুমোদন না দেওয়ার কারণ কমিটিকে জানিয়ে দেবেন।

(6) সাব-রুল (4) এর clause (ii) ধারায় কমিটি যদি কোন শিক্ষকের চাকরির মেয়াদ বৃদ্ধি (extension of service) অনুমোদন না করেন তাহলে কমিটিকে ইহার সুনির্দিষ্ট কারণ রেকর্ডভুক্ত করতে হবে এবং সেক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি পর্ষদে প্রতিনিধিত্ব পাঠাতে পারবেন এবং এ ব্যাপারে পর্ষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে পরিগণিত হবে।

(7) সমস্ত স্থায়ী ও অস্থায়ী নিয়োগের ক্ষেত্রে কমিটি নিয়োগপত্রে সুনির্দিষ্ট শর্তাদি উল্লেখ করে নিয়োগপত্র দেবেন। স্থায়ী পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে অবেক্ষণাধীন কাল অতিক্রান্ত হলে তাঁকে স্থায়ী করতে হবে, অথবা অবেক্ষণাধীন কাল অতিক্রমের অন্ততঃ ছয় সপ্তাহ আগে তাঁর প্রতি বিকল্প অর্ডার জারী করতে হবে। আর স্থায়ী পদে শিক্ষক বা অশিক্ষক কর্মচারী অস্থায়ীভাবে নিযুক্ত হলে একাধিক্রমে সন্তোষজনকভাবে দু বছর কাজ করলে তাঁকে স্থায়ী বলে অনুমোদন দিতে হবে।

(8) সাহায্যপ্রাপ্ত ও সাহায্যহীন উভয় প্রকার শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি পর্ষদের অগ্রিম অনুমোদন সাপেক্ষে স্থায়ী বা অস্থায়ী পদে নিযুক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে বিতাড়িত বা পদচ্যুত করতে পারবেন। এই উদ্দেশ্যে কমিটিকে প্রথমে আনুষ্ঠানিকভাবে আইনগত পন্থা অবলম্বন করতে হবে এবং শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর বিরুদ্ধে অভিযোগপত্র (charge sheet) দিতে হবে এবং তাকে আত্মপক্ষ সমর্থনের যুক্তিযুক্ত সুযোগ দিতে হবে। অভিযুক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারী সাধারণত অভিযোগপ্রাপ্তির ১৫ দিনের মধ্যে অভিযোগের উত্তর (explanation) প্রদান করবেন। কমিটি পর্ষদের কাছে চার্জশীট ও উত্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রাদি ও কমিটি শাস্তি

দেওয়ার (disciplining action) পক্ষে কি যুক্তি আছে তা পেশ করতে হবে। পর্ষদ্ যদি বিবেচনা করেন যে শাস্তি দেওয়ার পক্ষে যথেষ্ট যুক্তি আছে, তাহলে কমিটি আনুষ্ঠানিকভাবে ১৫ দিনের অগ্রিম নোটিস দিয়ে তাঁকে জানাতে হবে, কেন তাঁকে চাকরি থেকে বিতাড়িত অথবা পদচ্যুত করা হবে না। কমিটি পুনরায় পর্ষদের কাছে সংশ্লিষ্ট শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর সংশ্লিষ্ট কাগজপত্রাদি ও অভিযোগের উত্তর এবং কমিটির উক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারী সম্বন্ধে প্রস্তাবিত ব্যবস্থা নেওয়ার সুপারিশ প্রভৃতি পেশ করতে হবে। কমিটির সম্বন্ধে বলতে গেলে পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গ্রাহ্য।

অবশ্য পর্ষদের ওপর আইনের 24 ধারায় যে কাজ করার ক্ষমতা ও ভার দেওয়া আছে, সেই ক্ষমতাবলে যে কোন কমিটির ওপর ক্ষমতা অর্পণের ভার অর্পণ করতে পারেন।

(9) এইডেড ও আন্‌এইডেড শিক্ষায়তনে কমিটিকে নিম্নলিখিত ক্ষমতা দেওয়া আছে—

(i) ছুটি মঞ্জুর ; ক্যাসুয়েল লীভ মঞ্জুর করবেন বিদ্যালয় প্রধান/প্রধানা আর প্রধান/প্রধানার নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন বিদ্যালয়ের সেক্রেটারী ; সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মীদের গ্রান্ট-ইন্-এড্ অনুসারে বেতন বৃদ্ধি মঞ্জুর করবেন।

(ii) প্রধান/প্রধানার সম্মতিতে ছাত্র-ছাত্রীদের ফ্রী/হাফ্-ফ্রী স্টুডেন্টশিপ মঞ্জুর করা।

(iii) বিদ্যালয়ের ফাণ্ড পরিচালনা করা।

(iv) বার্ষিক প্রতিবেদন তৈরী করা।

(v) বিদ্যালয়ের উন্নতিকল্পে বিভিন্ন পরিকল্পনা প্রণয়ন করা

(vi) ছুটির তালিকা প্রণয়ন করা, কিন্তু স্পেশ্যাল ছুটি, বিশেষ ঘটনা উপলক্ষে পুরোদিনের বা অর্ধ দিনের ছুটি সম্পাদক বা বিদ্যালয়-প্রধান মঞ্জুর করতে পারবেন,

(vii) বিদ্যালয়ের স্বার্থে শিক্ষক/শিক্ষিকাকে শিক্ষক শিক্ষণে ডেপুটেশন পাঠাতে পারবেন, তবে কোন কারণে কমিটির সিদ্ধান্তে কোন শিক্ষক ক্ষতিগ্রস্ত বোধ করলে ডাইরেক্টরের কাছে প্রতিনিধিও পাঠাতে পারেন।

(viii) বিদ্যালয়ের স্বার্থে যে কোন বিষয় কমিটির পর্যালোচনার জন্য আনা যেতে পারে।

29. বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি—শিক্ষক, লাইব্রেরীয়ান ও কেরানীদের নিয়ে স্টাফ্ কাউন্সিল গঠন করবেন। বিদ্যালয় প্রধান/প্রধানা হবেন এই

কাউন্সিলের প্রেসিডেন্ট এবং অন্যান্য মেম্বাররা এদের থেকে সেক্রেটারী নির্বাচন করবেন : কমিটি বিদ্যালয়ের লেখাপড়া ও অন্যান্য বিষয়-সংক্রান্ত ব্যাপারে আলোচনা করতে পারেন এবং কমিটি বিদ্যালয়ের উন্নতি সংক্রান্ত প্রস্তাব সুপারিশ করতে পারেন। কমিটি উক্ত স্টাফ্-কাউন্সিলের কোন সুপারিশকে যথাযথ গুরুত্ব দিতে না পারলে তার কারণ রেকর্ড করবেন।

30. **একাডেমিক কাউন্সিল (Academic Council) :** প্রত্যেক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি একাডেমিক কাউন্সিল গঠন করবেন। ঐ একাডেমিক কাউন্সিলের সদস্য হবেন—প্রধান/প্রধানা, সহ-প্রধান/সহ-প্রধানা এবং শিক্ষকবর্গ থেকে তিনজন প্রতিনিধি। মাল্টিপারপাস স্কুলের ক্ষেত্রে একাধিক বিভাগ থেকে অনধিক একজন। কাউন্সিলের আলোচ্য বিষয়—(১) ভর্তি, (২) প্রমোশন, (৩) টেক্সট বই নির্বাচন, (৪) রুটীন এবং (৫) লেখা-পড়ার উন্নতিকল্পে কো-ক্যারিকুলার কাজকর্ম। বিদ্যালয়-প্রধান সাধারণতঃ উল্লিখিত বিষয়ে কাউন্সিলের উপদেশমতো কাজ করবেন। কিন্তু বিদ্যালয় প্রধান/প্রধানা কাউন্সিলের সঙ্গে একমত না হয়ে তাদের মতামতকে অগ্রাহ্য করতে পারেন। তবে সেক্ষেত্রে কাউন্সিল প্রধানের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে বিষয়টি কমিটির গোচরীভূত করতে পারেন এবং সেক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গৃহীত হবে।

31. **ছয় মাসের মধ্যে কমিটি গঠন :** কলিকাতা গেজেটে এর বিজ্ঞপ্তিপ্রচারের ছয় মাসের মধ্যে আইন অনুযায়ী কমিটির পুনর্গঠন কার্য সম্পন্ন করতে হবে।

32. **কোন্ কোন্ বিদ্যালয়ের ক্ষেত্রে এই রুলস প্রযোজ্য নয় :** রাজ্য সরকার, ইউনিয়ন বা কেন্দ্রীয় সরকার পরিচালিত বিদ্যালয়ে এবং রেলওয়ে বোর্ড পরিচালিত বিদ্যালয় ও Bengal Act XII of 1923 অনুযায়ী পরিচালিত সেন্ট থমাস্ স্কুল পর্ষদ্ রুলের আওতায় পড়ে না।

33. **রাজ্য সরকারের কয়েক প্রকার বিদ্যালয়ের পরিচালনার জন্য ক্ষমতা গ্রহণ :** ভারতীয় সংবিধানের ২৬ ধারার 30নং রুলে কোন বিদ্যালয় আবেদন করলে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গঠন, ক্ষমতা পরিচালনা সংক্রান্ত বিধি প্রণয়ন প্রভৃতি রচনা।

রাজ্যপালের আদেশানুসারে
জে. সি. সেনগুপ্ত
সেক্রেটারী, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সার্কুলার No. 35/55

To dt. 29th June, 55

মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান/প্রধানা বরাবরেষু,

Sub : অনুমোদিত হাইস্কুলের ম্যানেজিং কমিটির ভাইস প্রেসিডেণ্ট

নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে জানাচ্ছেন যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সংশোধিত (revised) স্কুল বোর্ডের clauses-কে এভাবে ব্যাখ্যা করা হয়েছে যে, ম্যানেজিং কমিটিতে মাত্র একজন ভাইস-প্রেসিডেণ্ট থাকবেন।

স্বাঃ পি. ব্যানার্জি
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সার্কুলার No. 21/61

To dt. 15th Sept., 61

মাধ্যমিক স্কুলের প্রধান/প্রধানা বরাবরেষু,

Sub : ট্রাস্ট বডি ও রেজিঃ অব্ ট্রাস্ট ডীডস্

নিম্ন স্বাক্ষরকারী দ্বারা জানান হচ্ছে যে, স্কুল অনেক সময় Trust Deed অথবা Deed of Gift (দানপত্র) রেজিস্টারি করে তারপর পর্ষদের অনুমোদনের জন্য পাঠান এবং ঐ দলিলে এমন সব বিষয় অন্তর্ভুক্ত করা হয়, যা' বেসরকারী মাধ্যমিক স্কুলের গভঃ নোটিফিকেশন *No. 3675-Edn(G)/G 8B 40/59 dt. 19.9.60 এর সঙ্গে সমতা নেই।

সুতরাং অনুমোদিত মাধ্যমিক স্কুলগুলোকে এই মর্মে উপদেশ দেওয়া হচ্ছে যে, কোন মাধ্যমিক স্কুল ট্রাস্ট-ডীডের অথবা দানপত্র (Deed of Gift) এর আওতায় আসতে ইচ্ছুক হলে পর্ষদের কাছে আগে থেকেই শর্তাদি (terms and conditions) উল্লেখ করে অনুমোদন নিয়ে তবেই ট্রাস্ট-ডীড সম্পন্ন করবে।

স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

* Govt. of West Bengal, Ed, Department, General Notification i.e.: Rules for management of non-Govt. High Schools including aided Schools.

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

No. 5360/G dt. 20. 7. 77

To

The Headmaster,

Tiljala Brajanath Vidyapith

129/1 Picnic Garden Road, Cal-39

বিষয় : স্কুলে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে সাময়িকভাবে পদচ্যুত (suspended) শিক্ষকদের অংশগ্রহণ

প্রিয় মহাশয়, এই মর্মে জানান হচ্ছে যে, সাসপেনডেড শিক্ষক শ্রীধর পাত্র, শ্রীপ্রবীর মিত্র এবং শ্রীগণপতি হুর 'শিক্ষক প্রতিনিধি নির্বাচনে' ভোটদানের অধিকারী।

আপনারই

এ. গুপ্ত

সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্, কলি-১৬

No. 5426/G dt. 21. 7. 77

To

The Headmaster,

Tiljala Brajanath Vidyapith

129/1 Picnic Garden Rd., Cal-39

Sub : শিক্ষক প্রতিনিধি নির্বাচনে সাময়িকভাবে পদচ্যুত (suspended) শিক্ষকদের অংশ গ্রহণ।

প্রিয় মহাশয়,

এই মর্মে জানান হচ্ছে যে, No. 5360/G dt. 20. 7. 77 বাতিল বলে ধরে নিতে হবে।

আপনাকে আরও জানান হচ্ছে যে, suspended শিক্ষকদের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে ভোট দেওয়ার অধিকার আছে। তাঁদের এই মর্মে জ্ঞাত করা যেতে পারে।

আপনারই বিশ্বস্ত

স্বাঃ এ. গুপ্ত

সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ্

No. 11246/G
G/Misc/20 Part-I
dt. 17. 11. 79

To

The Dist. Inspector of Sec. Schools (SE)
Nadia, P.O. Krishnagar, Dt. Nadia

Sub : Clarification of Rule 7……holding election of members ……of non-Govt. Institutes (aided & unaided) 1969 as amended.

Ref : His memo No. 2028/S dt. 4.9.79.

উত্তরে নিম্ন স্বাক্ষরকারী তাঁকে জানাচ্ছেন যে—

(1) Word "all the dues" অর্থে tuition fees, dev. fees, session charges, lib. fees, game fees or any other fees of the school. অতএব কোন ছাত্র-ছাত্রীর অভিভাবককে ভোটার হতে হলে তাঁর ওয়ার্ডের সমস্ত বকেয়া শোধ করে দিতে হবে।

(2) যদি কোন অভিভাবকের ওয়ার্ডের tuition fees রিলিফ ডিপার্টমেন্ট বা রাজ্য সরকার কর্তৃক দেওয়া হয়, তাহলে তাদের defaulter বলে গণ্য করা হবে না। তবে ভোটার হতে হলে তাঁর বা তাঁদের ওয়ার্ডের অন্যান্য বকেয়া অবশ্যই শোধ করতে হবে।

স্বাঃ পি. মজুমদার
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ

No. $\frac{\text{12204/G}}{\text{G/Misc/20(Part)}}$

Dt. 15.12.79

To

The Secretary
Bajkul Balai Vidyapith
P. O.—Kismot Bajkul, Dis.—Midnapore

বিষয় : ম্যানেজম্যান্ট রুলের ব্যাখ্যা

রেফাঃ তাঁর পত্র Dt. 6. 11. 1979 & 6. 12. 79

পর্যদ্ প্রশাসকের আদেশ ক্রমে জানান যাচ্ছে যে—

ম্যানেজিং কমিটিতে ডেপুটেড শিক্ষকের সদস্যপদ বজায় থাকবে। মঞ্জুরীকৃত

অতিরিক্ত পদে (সর্বক্ষণের) নিযুক্ত এবং পরবর্তী সময়ে উপযুক্ত কর্তৃপক্ষের আদেশে স্থায়ী পদে আত্মভূত (absorved) শিক্ষকের স্কুল ম্যানেজিং কমিটির শিক্ষক প্রতিনিধির পদে নির্বাচনের জন্য অংশ গ্রহণ করার অধিকার স্বীকৃত।

স্বাঃ পি. মজুমদার
সেক্রেটারীর পক্ষে
14. 12. 79

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

সার্কুলার নং S/MC-386/81 Dt. 7th July, 1981

To

সেক্রেটারী / প্রশাসক / প্রধান / প্রধানা
অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়, পশ্চিমবঙ্গ

বিষয়ঃ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গঠন ও পুনর্গঠন কল্পে মাঝে মাঝে ম্যানেজম্যাণ্ট রুলসের সংশোধন।

১৯৬৯ সালের সংশোধিত ম্যানেজিং কমিটি রুলস, পরবর্তী সময়ে গভঃ নোটিফিকেশন নং 855 Edn. (S) dt. 23rd Dec. 1980 এবং পরবর্তী গভঃ নোটিফিকেশন No. 640 Edn. (S) dt. 24th July, 1981 এবং ১৯৮১ সালে ২৬শে জুনে ক্যালকাটা গেজেটে প্রকাশিত।

এইসব রুলস্ ম্যানেজিং কমিটির নির্বাচন পদ্ধতিসহ পর্যদ নোটিফিকেশনের নং 5/94 dt. Feb. 26, 1981 প্রকাশের পর থেকে কার্যকর করা হবে।

অনুমোদিত বেসরকারী শিক্ষায়তনের কর্তৃপক্ষকে ম্যানেজিং কমিটি গঠন বা পুনর্গঠন কল্পে প্রয়োজনীয় বিধি-ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিম্নে তার নির্দেশ দেওয়া হলঃ

(i) পর্যদের নোটিফিকেশনের No. 5/94 Dt. Feb. 25, 1981 অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয়ের কর্তৃপক্ষকে ম্যানেজিং কমিটি গঠন বা পুনর্গঠন ১৯৮১ সালের ২৯শে মার্চের মধ্যে সম্পন্ন করতে হবে। আর উক্ত নোটিফিকেশনের পূর্বে যে সব বিদ্যালয়ের গঠন বা পুনর্গঠন সমাধা হয়েছে, ঐ সব বিদ্যালয়ের কমিটি রুলের ১২নং ধারা অনুসারে, পর্যদ্ ভিন্ন কোন নির্দেশ না দেওয়া পর্যন্ত কাজ চালিয়ে যাবে।

(ii) রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, রেলওয়ে বোর্ড অথবা যে সব স্কুল স্পেশ্যাল রুলে পরিচালিত, ওসব স্কুল ছাড়া বাকী সব মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটির গঠন ও পুনর্গঠন যখন, তখন উক্ত রুলসের নির্দেশ মেনে চলতে হবে।

(iii) উক্ত আইনের আওতায় মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন বা পুনর্গঠন উদ্দেশ্যে যে নির্বাচন অনুষ্ঠিত হবে—নির্বাচনী সূচী (Election Programme) তৈরীর এক সপ্তাহের মধ্যে পর্ষদ্ সকাশে নির্বাচনের প্রোগ্রামের একটি কপি পাঠিয়ে দিতে হবে।

(iv) যে সমস্ত স্কুলের ম্যানেজিং কমিটি গঠনে ১৯৭৪ সালের নিউ ম্যানেজম্যাণ্ট রুলের আওতায় স্পেশ্যাল কনষ্টিটিউশন মঞ্জুর করা হয়েছিল, তার কর্তৃপক্ষকে ম্যানেজিং কমিটির মেয়াদ ফুরোনোর অন্ততঃ ছয়মাস পূর্বে পর্ষদের কাছ থেকে স্পেশ্যাল কনষ্টিটিউশনের মঞ্জুরী নতুনভাবে নিতে হবে। যে সব স্পেশ্যাল কনষ্টিটিউশন স্কুলের ম্যানেজিং কমিটির মেয়াদ ছয় মাস আগে শেষ হয়েছে, তাদের অবিলম্বে পর্ষদের কাছ থেকে নবীকরণ করে নিতে হবে। নতুবা উক্ত নির্দেশ অবহেলা করলে স্পেশ্যাল কনষ্টিটিউশনের সুযোগ বাজেয়াপ্ত হবে।

(v) যে সব স্কুল, ১৯৭৪ সালের ম্যানেজম্যাণ্ট রুলস বলবৎ হওয়ার পর বোর্ডের সার্কুলার 1/74 (M.C.) dt. 19th April, 1974 অনুযায়ী স্পেশ্যাল কনষ্টিটিউশনের অনুমতি প্রার্থনা করে তখনও প্রয়োজনীয় আদেশ—অনুমোদনের পক্ষে বা বিপক্ষে, লাভ করেনি, তাদের পুনরায় পর্ষদ সেক্রেটারীর সকাশে উক্ত সার্কুলার প্রকাশের এক পক্ষকালের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সমেত স্পেশ্যাল কনষ্টিটিউশনের জন্য আবেদন করতে হবে, নতুবা তাদের স্পেশ্যাল কনষ্টিটিউশনের দাবী বৃথা হবে।

পর্ষদ্ এই ব্যাপারে সমস্ত স্বীকৃত অনুমোদিত বিদ্যালয়ের কর্তৃপক্ষের সহযোগিতা প্রার্থনা করছেন।

স্বাক্ষর এন. সিনহা
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক ষ্ট্রীট কলিকাতা-১৬

[১৯৬৯ সালের গভঃ নোটিফিকেশন No. 1598 Edn. (S) dt. 15th July, 1969 এবং পরবর্তীকালে সংশোধিত No. 41 Edn. (S)/8B—12/72 dt. 8th January, 1974, পরবর্তী গভঃ নোটিফিকেশন No. 1541 Edn. (S) dt. 15th Dec. 1977 এবং গভঃ নোটিফিকেশন 2675 Edn. (S) dt. Dec. 19, 1978 এবং গভঃ নোটিফিকেশন 855 Edn. (S) dt. 23rd Dec. 1980 এবং নোটিফিকেশন নং 640 Edn. (S) dt June, 24, 1981 এবং কলিকাতা গেজেটে প্রকাশিত ২৬শে জুন, ১৯৮১ এর রুলস]

1. **সংক্ষিপ্ত শিরোনামা (Short title) :** এই নিয়মাবলীকে অনুমোদিত বেসরকারী বিদ্যালয়ের ১৯৬৯ সালের প্রশাসনিক নিয়মাবলী বলা যেতে পারে।

2. **সংজ্ঞা (Definition) :** এই সব রুলে মূল বিষয়ের স্ব-বিরোধী কিছু না থাকলে—
   (a) "অ্যাক্ট" অর্থে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ্ আইন, ১৯৬৩ (West Bengal Act V of 1963) ;
   (b) "ইনষ্টিটিউশন" অর্থে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা অ্যাক্ট, ১৯৫০ (W. B. Act XXX VII of 1950) সেকশন 2 এর (c) ধারা অনুসারে বর্ণিত,—
   (c) "কমিটি"" অর্থে অ্যাক্টের সেকশন 2 এর (d) ধারা অনুসারে ব্যাখ্যাত ;
   (d) 'বোর্ড' ও 'হেড অব ইনষ্টিটিউশন' অর্থে অ্যাক্টে যা বলা হয়েছে ;
   (e) "ডাইরেক্টর' অর্থে 'ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ'।
   (f) "নন-গভর্ণমেণ্ট" বলতে যেসব ইনষ্টিটিউশন রাজ্য সরকার, ইউনিয়ন গভর্ণমেণ্ট, 'রেলওয়ে বোর্ড' কর্তৃক পরিচালিত নয়।
   (g) স্পনসর্ড ইনষ্টিটিউশন' বলতে যে সব শিক্ষাপ্রতিষ্ঠান বোঝায় যা অফিসিয়াল গেজেটে প্রকাশিত হয়েছে।
   অবশ্য কোন ইনষ্টিটিউশন 'স্পনসর্ড' বলা যাবে না, যদি—
      (i) তা অন্যের সহায়তা নিয়ে বা ছাড়া রাজ্য সরকার কর্তৃক স্থাপিত হয়ে থাকে ;
      (ii) রাজ্য সরকার কর্তৃক অধিকাংশের সম্মতিতে রাজ্য সরকার কর্তৃক পরিচালনার জন্য এবং সম্পূর্ণ গ্রাণ্ট-ইন্-এডের সাহায্যে রাজ্য সরকার কর্তৃক পরিচালনার জন্য।

3. **কমিটি (Committee) :** প্রত্যেকটি অনুমোদিত বেসরকারী শিক্ষায়তনের একটি কমিটি থাকবে এবং যে নিয়মানুসারে এবং নিম্ন বর্ণিত উদ্দেশ্য গঠিত হবে—

নোট : হায়ার সেকেণ্ডারী ক্লাশ XI ও XII, হায়ার সেকেণ্ডারী কাউন্সিল কর্তৃক অনুমোদিত বিদ্যালয় শিক্ষায়তনের অবিচ্ছেদ্য অংশরূপে পরিগণিত হবে এবং একটি ও একই কমিটির দ্বারা পরিচালিত হবে।

4. **ভোটদাতার তালিকা (Register of Voters) :** বর্তমান কমিটির সদস্যদের সাথে পরামর্শ করে বিদ্যালয় প্রধান/প্রধানা কমিটি গঠন কল্পে ভোটারদের রেজিষ্টার বা তালিকা প্রণয়ন করবেন। প্রধান/প্রধানাই এই উদ্দেশ্যে সাতদিনের নোটীশে ও রেজিষ্টারী পত্র যোগে (Regd. with A/D) বর্তমান কমিটির সভা আহ্বান করবেন এবং প্রত্যেক বছরেই সভা ডেকে ভোটার তালিকা সংশোধন (revise) করে নেবেন এবং ১৫ই মার্চে ভোটার তালিকার কাজ বন্ধ হবে। ঐ ভোটার তালিকা জনসাধারণের জন্য অন্ততঃ একমাস খোলা থাকবে এবং ঐ তারিখ থেকে এপ্রিল মাসের

শেষ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। প্রধান/প্রধানার সঙ্গে কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতবিরোধ হলে, তা জেলা পরিদর্শকের নিকট পেশ করতে হবে, এবং জেলা পরিদর্শকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(2) যে বছরে নির্বাচন অনুষ্ঠিত হবে, সে বছরে নির্বাচনের জন্য নির্দিষ্ট তারিখের অন্ততঃ একমাস পূর্বে ভোটার তালিকা সাময়িকভাবে (provisionally) বন্ধ করা হবে এবং ভোটার তালিকা নোটীশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হবে। ভোটার তালিকা ১৫ দিন খোলা থাকার পর নির্বাচন দিনের অন্ততঃ ১৫ দিন আগে বন্ধ হবে। ঐ ফাইন্যাল ভোটার তালিকায় সংশোধনাদি (addition and alteration, omission প্রভৃতি) কমিটি সদস্যদের সঙ্গে আলোচনা করেই ঠিক করতে হবে। আর এই ব্যাপারে প্রধান/প্রধানার সাথে কমিটি সদস্যদের অধিকাংশের বিরোধ ঘটলে, তা জেলা পরিদর্শকের নিকট জানাতে হবে এবং তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(2a) কমিটি গঠনের উদ্দেশ্যে নির্বাচনের জন্য অনুষ্ঠানসূচী (programme) বিদ্যালয় প্রধান/প্রধানা সভা ডেকে কমিটিকে দিয়ে অনুমোদন করিয়ে রাখবেন এবং তা প্রকাশিত হবে অস্থায়ী ভোটার তালিকা প্রকাশের অন্ততঃ ত্রিশ দিন পূর্বে।

(2b) যদি কোন কারণে বিদ্যালয় প্রধান/প্রধানা নির্বাচন নির্ঘণ্ট (election programme) অনুমোদনের উদ্দেশ্যে ম্যানেজিং কমিটি সভা ডাকতে ব্যর্থ হন বা অবহেলা প্রকাশ করেন, তাহলে সম্পাদক মহাশয় কমিটির অনুমোদনক্রমে বিষয়টি জেলা পরিদর্শকের নজরে আনবেন। জেলা পরিদর্শক যথাযথ বিবেচনার পর কমিটি নির্বাচন সংক্রান্ত সমস্ত কাজ. যথা ভোটার তালিকা প্রণয়ন, স্ক্রুটিনি অফিসারের দায়িত্ব নির্ণয় করা, নির্বাচন কর্তা (election officer) প্রভৃতি ঠিক করার কাজ সহপ্রধান / সহপ্রধানার ওপর ভার দিতে পারেন, আর যে বিদ্যালয়ে সহপ্রধানের পদ নেই, সেখানে সিনিয়ার সহকারী শিক্ষক / শিক্ষিকার ওপর দায়িত্ব দেওয়া যেতে পারে তবে সেই অবস্থায় বিদ্যালয় কমিটি বিদ্যালয় প্রধান / প্রধানার বিরুদ্ধে—28নং রুলের (9) সাব-রুল (class vii a) অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেন।

অবশ্য যেক্ষেত্রে প্রধান / প্রধানা কমিটি মিটিংএ কোরামের অভাব অথবা তাঁর আয়ত্তের বাইরে কোন যুক্তিযুক্ত কারণে নির্বাচন সূচী বা ভোটার তালিকা অনুমোদন করা যায়নি, সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শককে দিয়ে ভোটার তালিকা বা নির্বাচন নির্ঘণ্ট পাশ করে নিতে পারেন, অবশ্য জেলা পরিদর্শক এই অনুমোদন দিতে গিয়ে পরিস্থিতির যথাযথ অবস্থা সম্যক উপলব্ধি করে নিজে সন্তুষ্ট হয়ে তবেই অনুমোদন দেবেন।

(2c) সাব-রুল (2b) তে কোন কেস্ জানান হলে, পর্ষদ্ ম্যানেজিং কমিটি গঠনের কাজে স্ক্রুটিনি অফিসার, ইলেকশন অফিসার নিয়োগ থেকে শুরু করে সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের ব্যবস্থা করতে পারেন।

(3) নির্বাচন শেষ হওয়ার পর পুনরায় নূতন ভোটার করার প্রয়োজনে ভোটার তালিকা খোলা রাখতে হবে।

5. ভোটার রেজিষ্টারের খুঁটিনাটি (Paticulars of Voters' List)

বৈধ ভোটার তালিকায় থাকবে (i) অ্যাড্মিশন রেজিষ্টারে লিখিত সমস্ত অভিভাবকের নাম, (ii) বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা যাঁর / যাঁদের নাম বিদ্যালয় প্রতিষ্ঠার সূচনা থেকেই স্বীকৃত ও অনুমোদিত।

(2) **ব্যাখ্যা**—রুলের উদ্দেশ্যে—

(1) বিদ্যালয়ের কোন কর্মচারী, তিনি যদি অভিভাবক বা প্রতিষ্ঠাতা হন, তাহলে তাঁকে অভিভাবক বা প্রতিষ্ঠাতারূপে স্বীকৃতি দিতে হবে; কিন্তু তিনি রুল 6 এর ব্যবস্থামতে তিনি অতিভাবক বা প্রতিষ্ঠাতারূপে ভোট দিতে পারলেও উক্ত কোন বিভাগেই নির্বাচন প্রার্থী হতে পারবেন না।

(2) কোন ব্যক্তি একাধিক বিভাগে (category) বৈধ ভোটার হলেও একটির বেশী ভোট দানে অধিকারী নন।

নোট ঃ (a) অভিভাবক বা 'গার্ডিয়ান' অর্থে পিতা অথবা মাতা, অথবা মৃত্যু অথবা অন্তর্ধান জনিত কারণে উভয়ের অনুপস্থিতিতে আত্মীয়দের মধ্য থেকে এই ধারায় (order) যথা পিতামহ, পিতামহী, ভাই, ভগ্নী, কাকা, তারপর মামা, অভিভাবক বলে পরিগণিত হবেন। উক্ত আত্মীয়দের অবর্তমানে, যে আত্মীয়ের সঙ্গে ওয়ার্ড বাস করবে, তিনিই গার্ডিয়ান বা অভিভাবক বলে পরিগণিত হবেন। কিন্তু যাঁর বয়স ২১ বছরের কম এবং যাঁর নাম অ্যাডমিশন রেজিষ্টারে থাকবে না, তিনি অভিভাবক পদবাচ্য নন।

(b) 'প্রতিষ্ঠাতা' অর্থে বিদ্যালয়ের প্রথম কমিটি কর্তৃক গোড়া থেকে স্বীকৃত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত এবং প্রতিষ্ঠাতা হিসেবে ভোটার লিষ্টে যার নাম স্থান পেয়েছে। তার মৃত্যুর পর পুত্র বা কোন উত্তরাধিকারী প্রতিষ্ঠাতা হিসেবে স্বীকৃতি পাবে না, যদি কোনপ্রকার রেজিস্ট্রীকৃত দলিলে প্রথম কমিটি তাকে প্রতিষ্ঠাতার উত্তরাধিকারী বলে স্বীকার করেছে এবং তা কলকাতা বিশ্ববিদ্যালয় বা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক অনুমোদন লাভ করেছে। কোন প্রকার বিরোধ হলে ব্যাপারটি পর্ষদ্ সকাশে পাঠাতে হবে এবং পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গ্রাহ্য।

6. কমিটির গঠনপ্রণালী (তবে সরকার কর্তৃক স্পনসর্ড স্কুলকে বাদ দিয়ে)

কমিটি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হবে ঃ

(i) একজন 'প্রতিষ্ঠাতা—রুল 6A অনুসারে স্থির করতে হবে।

(ii) একজন 'লাইফ-মেম্বর'—রুল 6A অনুসারে স্থির করতে হবে;

(iii) চারজন অভিভাবক—দশ ক্লাশ হাই স্কুল এবং XI—XII ক্লাশ সম্বলিত হায়ার সেকেণ্ডারী স্কুলের ক্ষেত্রে ; এবং জুনিয়ার হাইস্কুলের ক্ষেত্রে দুইজন অভিভাবক রুল 6A এর সাব-রুল (3) অনুযায়ী হয় মনোনীত, না হয় নির্বাচিত হবেন।

(iv) 6A নং রুলের সাবরুল 3, clause (i) অনুসারে একজন শিক্ষানুরাগীকে কো-অ্যাপ্ট করা যাবে।

অবশ্য পঞ্চায়েত এলাকায় প্রতিষ্ঠিত পঞ্চায়েতের প্রতিনিধি হিসেবে একজন শিক্ষানুরাগীকে নিতে হবে।

(v) দশমমান ও একাদশ-দ্বাদশ শ্রেণী সম্বলিত অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক / শিক্ষিকাদের তিনজন প্রতিনিধি এবং জুনিয়ার হাই স্কুলের শিক্ষকদের প্রতিনিধি থাকবে দুজন (রুল 6A এর সাবরুল (4) ; প্রধান শিক্ষকের সদস্যপদ পদাধিকার বলে।

(vi) কমিটির অপর একজন সদস্য ডাইরেক্টর বা তাঁর অফিস কর্তৃক মনোনীত হবেন।

(vii) বিদ্যালয়ের প্রধান / প্রধানা (পদাধিকার বলে) ;

6A. কমিটির গঠনপ্রণালী—

যে সব ব্যক্তির নাম প্রতিষ্ঠাতার তালিকার বৈধ বলে স্থান পেয়েছে, তাঁদের মধ্য থেকে একবারে একজন এবং পালা করে কমিটিতে স্থান পাবেন। তবে তা ডাইরেক্টর কর্তৃক বিধি সম্বলিত হওয়া চাই।

(i) কোন ব্যক্তি যদি অন্যূন ২০,০০০ টাকা বা সমপরিমাণ স্কুলকে দান করে থাকেন, তাহলে তিনি কমিটির লাইফ মেম্বর বলে আখ্যাত হবেন। তবে যতদিন বেঁচে থাকবেন, ততদিনের জন্যই এই পদ অথবা তিনি অন্য কাউকেও কমিটিতে 'দাতা-মেম্বর' হিসেবে মনোনীত করতে পারেন। কোন ব্যক্তি নির্বাচনের নোটিফিকেশন No. 855-Edn (S) dt 23rd December, 1980, অব্যবহিত পূর্বে দশহাজার টাকা নগদে বা সমমূল্যের জিনিসপত্র দান করলে তিনি কমিটির লাইফ-মেম্বার হিসেবে পরিগণিত হবেন। অবশ্য একজনের অধিক লাইফ-মেম্বর থাকলে এবং পালাক্রমে মনোনীত হলে অথবা তাঁর দ্বারা মনোনীত হয়ে কমিটিতে প্রতিনিধিত্ব করতে রাজী না হলে ডাইরেক্টর প্রতিষ্ঠাতার প্যানেল থেকে অন্য যে কোন ইচ্ছুক ব্যক্তিকে মনোনয়ন দিতে পারেন।

(ii) লাইফ মেম্বরের মৃত্যুতে কমিটিতে তাঁর মনোনীত লাইফ মেম্বরেরও সদস্যপদ বিলোপ হবে।

(iii) কোন বিরোধ হলে তা পর্ষদ সকাশে জানাতে হবে এবং পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে মেনে নিতে হবে।

(2) যে সব ব্যক্তির নাম অভিভাবকের ভোটার তালিকায় থাকবে, তাঁরা দশ ক্লাশ ও দ্বাদশ ক্লাশ সম্বলিত স্কুলের ক্ষেত্রে চারজন প্রতিনিধি মনোনীত করবেন এবং জুনিয়ার হাই স্কুলের বেলায় দুইজন প্রতিনিধি পাঠাবেন।
অবশ্য বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে একজন মহিলা প্রতিনিধির জন্য আসন সংরক্ষিত থাকবে, যদি কোন মহিলা অভিভাবক নির্বাচিত না হন, তাহলে জেলা স্কুল পরিদর্শক কর্তৃক মহিলা অভিভাবকের ভোটার তালিকা থেকে মনোনয়ন দেওয়া হবে।

(3) নির্বাচিত, মনোনীত, পদাধিকার বলে নির্বাচিত মেম্বর, লাইফ-মেম্বর, প্রভৃতি সকলের জন্য আহূত সভায় একজন শিক্ষানুরাগী গ্রহণ করা হবে। তবে সংশ্লিষ্ট ব্যক্তি তার সম্মতিসূচক মতামত অবশ্য প্রকাশ করবে, এবং এ সদস্য যথাযথভাবে নির্বাচিত সদস্যের সকল অধিকার ও সুবিধা ভোগ করবে এবং নিজে পদপ্রার্থী (office beares) হতে পারবে।
অবশ্য পঞ্চায়েত এলাকায় স্থানীয় পঞ্চায়েতই শিক্ষানুরাগীকেই মনোনয়ন দেবেন।

(4) বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা মিলে-মিশে (jointly) শিক্ষকদের থেকে তিনজন সদস্য নির্বাচিত করবেন এবং অশিক্ষক কর্মচারী থেকে একজন—বিদ্যালয়টি যদি XI—XII ক্লাশের স্কুল হয় এবং দশ ক্লাশের স্কুল হয়। জুনিয়ার হাই স্কুলের ক্ষেত্রে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী থেকে দুজনকে নির্বাচন করবেন।

ব্যাখ্যা ঃ বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের সর্বক্ষণের জন্য এবং স্থায়ীপদে নিযুক্ত থাকা চাই। যে সব অবেক্ষণাধীন শিক্ষক অন্ততঃ স্বপদে চারমাস একটানা কাজ করেছেন এবং অনুমোদিত মঞ্জুরীকৃত পদে নিযুক্ত হয়েছেন, তারা এই নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন।

(ii) নির্বাচনের অব্যবহিত পরেই একই নির্বাচক মণ্ডলী সাবরুল (4) clause (i) তে ফিনান্স সাবকমিটিতে একজন সদস্য নির্বাচন করবেন।

রুল 7 বাদ ঃ

৪. মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক ম্যানেজিং কমিটি অনুমোদন ও বাতিল করা—

(1) কমিটির গঠন বা পুনর্গঠন পর্ষদের অনুমোদন সাপেক্ষে এবং পর্ষদের মতে কমিটি যথাযথভাবে কাজ না করলে পর্ষদ্ কমিটি বাতিল করে প্রশাসক বা অ্যাডহক কমিটি বসিয়ে দিতে পারেন এবং ঐ প্রশাসক বা অ্যাড্‌হক ম্যানেজিং কমিটির মত ক্ষমতা প্রয়োগ ও কাজ করতে পারেন।
অবশ্য কমিটিকে বাতিল করে দেওয়ার আগে পর্ষদ্‌কে রুলের আওতায় ডাইরেক্টরের রিপোর্টে যথাযথ মর্যাদা দিয়ে এবং কমিটিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে পর্ষদের কাছে প্রতিনিধিত্ব করবার সুযোগ দিতে হবে।

(2) প্রশাসক বা অ্যাড-হক কমিটি সাব-রুল (i) এর আওতায় নিযুক্ত হলে বাতিল কমিটির কাজকর্ম সাধারণত একবছর পর্যন্ত করতে পারেন। পর্ষদ্ আদেশ বলে পুনরায় একবারে আরও ছয়মাস করে মোট দু'বছর সময় বাড়াতে পারেন। প্রশাসক বা অ্যাড্‌হক কমিটি উক্ত নির্দিষ্ট সময়ের মধ্যে কমিটি গঠনের কাজ সম্পন্ন করবেন।

(3) এই রুলের বিষয় থাকা সত্ত্বেও পর্ষদ্ কমিটি গঠনে স্পেশ্যাল কনষ্টিটিউশনের জন্য আবেদন আসলে এবং ডাইরেক্টর কর্তৃক সুপারিশ করা হলে পর্ষদ্ নিশ্চয়ই সহানুভূতি সহকারে বিবেচনা করে দেখবেন। পর্ষদ্ এজাতীয় আবেদন মঞ্জুর করবার সময় শিক্ষক-অশিক্ষক কর্মচারী অভিভাবক এবং ডাইরেক্টর কর্তৃক মনোনীত সদস্যের মতামত রুল 6এর clause v &vi এর মূল্য দেবেন। অবশ্য যদি পর্ষদ্ মনে করেন যে, স্পেশ্যাল কনষ্টিটিউশন থাকা সত্ত্বেও স্কুল ভালভাবে চলছে না, সেক্ষেত্রে ডাইরেক্টরের সুপারিশের প্রতি যথোচিত মর্যাদা দিয়েও স্পেশ্যাল কনষ্টিটিউশন বাতিল করে দিতে পারেন, এবং সেক্ষেত্রে প্রশাসক বা অ্যাড্‌হক কমিটি নির্দিষ্ট সময়ের জন্য বসিয়ে দিতে পারেন।

(4) কমিটি গঠনের ব্যাপারে ডাইরেক্টরের মাধ্যমে পর্যবেক্ষণ বা observation এর পর পর্ষদ্ বিবেচনা করে কমিটিকে অনুমোদন দেবেন।

9. নির্বাচন পদ্ধতি (Procedure of Election) :

(1) নির্বাচন পদ্ধতি রুলের 6 ও 6A ধারায় যেরূপ বলা আছে, সেভাবে অনুসরণ করা হবে।

(2) কমিটি গঠনের উদ্দেশ্যে নির্বাচনের তারিখ বর্তমান কমিটির কার্যকাল ফুরোবার অন্ততঃ ৬০ দিন আগে সম্পন্ন করতে হবে ;

(3) রুল 6 এর vi clause-এ সদস্য মনোনয়নের কাজ সাধারণত ডাইরেক্টরের মারফত অথবা তৎ নিযুক্ত কোন অফিসার দ্বারা বিভিন্ন বিভাগের (catagories) নির্বাচনের ত্রিশ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। বিদ্যালয় প্রধান / প্রধানা, ডাইরেক্টরের অথবা অফিসারের ত্রুটি হলে, পর্ষদ্‌কে বিষয়টি অবগত করাবেন এবং পর্ষদ্ ডাইরেক্টরের সঙ্গে আলোচনা করে যথাকর্তব্য স্থির করবেন।

10. কমিটির কর্মকর্তা নির্বাচন ও কোরাম :

(1) ম্যানেজিং কমিটি সাধারণতঃ অনধিক তের জন নিয়ে গঠিত এবং 6 নং রুলে নির্ধারিত প্রেসিডেন্ট ও সেক্রেটারী কমিটির সদস্যদের দ্বারা নির্বাচিত হবেন।

অবশ্য বিদ্যালয়ের শিক্ষক বা অশিক্ষক কর্মচারীদের মধ্য থেকে কেহ প্রেসিডেন্ট বা ভাইস্‌প্রেসিডেন্টের পদপ্রার্থী হতে পারবেন না।

অবশ্য বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের মধ্য থেকে কেবলমাত্র বিদ্যালয় প্রধান / প্রধানা সেক্রেটারীর পদের জন্য নির্বাচনপ্রার্থী হতে পারেন। অবশ্য বিদ্যালয় প্রধান / প্রধানা যদি সেক্রেটারী নির্বাচিত না হন, তাহলে তিনি অবশ্য জয়েন্ট সেক্রেটারীর পদে পদাধিকার বলে অধিষ্ঠিত হবেন।

(2) যে কোন নির্বাচিত কর্মকর্তা (office bearer) যদি—বিদ্যালয়ের স্বার্থে অবাঞ্ছিত হন, তাহলে সংখ্যাধিক্যের ভোটে তাঁকে সরানো চলবে।

(3) শতকরা ৫০ জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

ব্যাখ্যা : যেখানে মোট সংখ্যা বেজোড়, সেখানে কোরাম ঠিক করতে আর একজন যোগ করে তার ৫০% ধরে কোরাম ঠিক করতে হবে।

11. সাময়িক শূন্যপদ (Casual Vacancy) :

শিক্ষকের শূন্য পদ বাদ দিয়ে অন্যান্যপদে আদি ভোটার তালিকা থেকে নাম নিয়ে তবে শূন্যপদ পূরণ করতে হবে। কিন্তু যাকে কো-অপ্ট করা হবে তিনি যেন শূন্য পদের উদ্দেশ্য পূরণে গৃহীত হন। শিক্ষক বা অশিক্ষক কর্মচারীদের শূন্যপদ রুল 6A এর নির্দেশ অনুসারে সম্পন্ন করতে হবে। কমিটির কোন সদস্য যে উদ্দেশ্যে সদস্য নির্বাচিত হয়েছিলেন, যদি তা পূরণে ব্যর্থ হন, তাহলে সাধারণভাবে পদ শূন্য হবে এবং ঐ পদের পূরণ হবে কো-অপ্ট করে। শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের ক্ষেত্রে রুল 6A-এর অবস্থা অনুযায়ী ব্যবস্থা করা হবে, আর শূন্য পদে কো-অপ্টেড সদস্যের কার্যকাল কেবলমাত্র কমিটির কার্যকাল পর্যন্ত।

12. কমিটির কার্যকাল (Term of the Committee) :

পর্ষদের অনুমোদন সাপেক্ষে কমিটির কার্যকাল মাত্র তিন বছর। আর তা কমিটির কর্মকর্তা নির্বাচনের দিন থেকে অথবা পূর্ববর্তী কমিটির কার্যকাল ফুরোনোর দিন থেকে, আর যেটা পরে হবে।

অবশ্য বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে কমিটির কার্যকাল একবছর পর্যন্ত বাড়ান যেতে পারে। আর ঐ সময়ের মধ্যে কমিটির কার্যকাল বাড়ান না গেলে রাজ্য সরকারের পূর্ব অনুমোদন নিয়ে কমিটির কার্যকাল আরও বাড়াতে পারেন, তবে তা কিছুতেই দুবছরের বেশী হবে না।

অবশ্য ঐ সময়ের মধ্যে কমিটির পুনর্গঠন কার্য সম্পন্ন করতে না পারলে পর্ষদ যা ভাল মনে করবেন, তা করতে পারবেন।

13. অনুপস্থিতিজনিত শূন্যপদ (Vacancy caused by absence) :

রুল 6A ধারায় বর্ণিত কমিটির আজীবন সদস্য ছাড়া যে কোন সদস্য পর পর চারটি ম্যানেজিং কমিটির সভায় অনুপস্থিত থাকলে তিনি আপনা আপনি সদস্য পদ হারাবেন। এবং ঐ শূন্যপদ রুল 11 ধারা মতে পূরণ করা হবে।

14. অডিট (Audit) ঃ

ডাইরেক্টর তাঁর প্রস্তুত করা প্যানেল থেকে প্রত্যেকটি স্কুলের জন্য অডিটর নিয়োগ করবেন। তিনি স্কুলের হিসাবপত্র পরীক্ষা করে ৩১শে ডিসেম্বরের মধ্যে পূর্ববর্তী বছরের হিসাব পরীক্ষার দু'প্রস্থ রিপোর্ট ডাইরেক্টরের কাছে পাঠাবেন। ডাইরেক্টর এক কপি পর্ষদ সকাশে প্রেরণ করবেন। অডিটে কোন প্রকার ত্রুটি খুঁজে পেলে কমিটির কাছে ব্যাখ্যা চাইতে পারেন এবং কমিটি চিঠি পাওয়ার ছয় সপ্তাহের মধ্যে হিসাব ত্রুটিজনিত ব্যাখ্যা এবং তৎসহ ঐ ত্রুটি মোচনে কি কি ব্যবস্থা নিচ্ছেন তা জানাবেন। যদি ত্রুটির ব্যাখ্যা সন্তোষজনক বিবেচিত না হয়, তাহলে ডাইরেক্টর পর্ষদকে কমিটি বাতিল করে দেওয়ার জন্য বলতে পারেন।

15. ফাইনান্স সাব-কমিটি ঃ

(1) প্রত্যেকটি শিক্ষায়তনের ম্যানেজিং কমিটির একটি ফাইন্যান্স সাব-কমিটি থাকবে। ঐ ফাইন্যান্স সাব-কমিটির সভ্য হবেন যথাক্রমে—(i) বিদ্যালয়ের সম্পাদক, যেখানে প্রধান/প্রধানা সম্পাদক, সেখানে চেয়ারম্যান হবেন ম্যানেজিং কমিটির প্রেসিডেণ্ট ; (ii) প্রধান/প্রধানা—সম্পাদক ; (iii) 6A রুলে নির্বাচিত শিক্ষক-অশিক্ষক কর্মীদের একজন প্রতিনিধি।

(2) কমিটির সাধারণ তদারকি সাপেক্ষে ফিনান্স সাব-কমিটির কাজ হবে —(i) স্কুলের বাজেট প্রস্তুত করা, (ii) অডিটরের বার্ষিক প্রতিবেদন বিবেচনা করা, (iii) বিল প্রভৃতি চেক করা, (iv) টেণ্ডার আহ্বান করা, (v) কাজের অর্ডার দেওয়া, (vi) ভাউচার স্ক্রুটিনি করা (vii) কমিটি কর্তৃক যে সব কাজের ভার অর্পণ করা হবে, তা কার্যে পরিণত করা। কেবলমাত্র রেকারিং খরচের হিসাব ছাড়া একশ টাকার অধিক টাকা দিতে হলে ফিনান্স সাব-কমিটির অনুমোদন থাকা চাই।

16. কমিটির সভা ঃ

সাধারণতঃ সাতদিনের নোটীশে কমিটির সভা ডাকবেন সম্পাদক অন্ততঃ দুমাসে একবার। তবে বড় ছুটিতে (vacation) নয়।

17. স্পেশ্যাল মিটিং ঃ

পনের দিনের মধ্যে কমিটির অন্ততঃ চারজন সদস্যের দাবীতে সেক্রেটারী তলবী সভা আহ্বান করবেন। তাতেও অন্ততঃ পক্ষে সাত দিনের নোটিশ দিতে হবে।

18. তলবী সভা (Meeting by requisition) ঃ

সেক্রেটারী যদি তলবী সভা ডাকতে ব্যর্থ হন, তাহলে তলবকারীরা সভাপতির কাছে সভা ডাকবার জন্য দাবী জানাবে, প্রেসিডেণ্টও সভা ডাকতে

ব্যর্থ হলে তলবকারীরা তাঁকে জানিয়ে নিজেরা মোট সদস্য সংখ্যার অর্ধেক হলে সাতদিনের নোটীশে সভা আহ্বান করতে পারেন।

19. জরুরী সভা (Emergency Meeting) :

প্রয়োজনবোধে কেবলমাত্র কমিটির সভাপতি ২৪ ঘণ্টার নোটিশে জরুরী সভা ডাকতে পারেন কেবল জরুরী ধরনের একটি মাত্র বিষয়ের আলোচনা করবার জন্য। ঐ সভায় যে সব প্রস্তাব পাশ হবে, তা পরবর্তী সাধারণ সভায় অনুমোদন করিয়ে নিতে হবে।

20. সভার স্থান (Place of Meeting) :

কমিটির সদস্যরা কোন ভিন্ন সিদ্ধান্ত গ্রহণ না করলে কমিটির সভা বিদ্যালয় চত্বরে ডাকতে হবে।

21. আলোচ্যসূচী (Agenda) :

সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করবার জন্য যে সব বিষয় ঠিক করা হবে, তা কমিটির সেক্রেটারী প্রেসিডেণ্ট ও বিদ্যালয় প্রধান/প্রধানার সঙ্গে আলোচনা করেই সভার কার্যসূচী স্থির করবেন। সভার তিন চতুর্থাংশ সদস্যের মতামত থাকলে সভায় অন্যান্য বিষয় আলোচনা করা যেতে পারে। তবে নিয়োগ, ডেপুটেশন ও ছাঁটাই প্রভৃতি বিষয় যথাযথ নোটিশ দিয়ে আলোচনা করা যেতে পারে ; আর ঐ নোটিশ জারীর কাগজপত্র যথাযথভাবে রেখে দিতে হবে, যাতে কোন সময় পরিদর্শক দেখতে চাইলে যেন দেখান যায়, অথবা কমিটির কোন সদস্য অথবা শিক্ষা বিভাগের ডাইরেক্টর বা শিক্ষা বিভাগের কোন অফিসারকে যেন দেখান যেতে পারে।

22. সভায় সভাপতি (President to Preside) :

কমিটির প্রেসিডেণ্টই সভায় সভাপতিত্ব করবেন। প্রেসিডেণ্টের অনুপস্থিতিতে ভাইস্-প্রেসিডেণ্ট এবং উভয়ের অনুপস্থিতিতে উপস্থিত সভ্যদের মধ্য থেকে যে কোন ব্যক্তি সভায় সভাপতিত্ব করতে পারেন। উপস্থিত সভ্যরাই সভাপতি নির্বাচন করবেন।

23. চূড়ান্ত নির্ধারণী ভোট (Casting Vote) :

যখন সভার কোন আলোচ্য সূচীতে দু'পক্ষে সমান সমান ভোট পড়ে, তখন প্রেসিডেণ্ট তাঁর নিজের ভোটটি দিয়েও আর একটি অতিরিক্ত ভোট দিয়ে একটি সিদ্ধান্ত নিতে পারেন।

24. অডিটরের প্রতিবেদন (Auditor's report) :

স্কুলের একাউণ্টস্-এর ওপর অডিটরের রিপোর্ট পাওয়ার পর প্রথম সভাতেই রিপোর্টটি পেশ করতে হবে ; তার আগে ফাইনান্স সাব-কমিটি কর্তৃক রিপোর্টটি বিবেচিত হবে। রিপোর্টের একটি কপি এবং তৎসহ কমিটির

বক্তব্য (observation) পর্ষদ ও ডাইরেক্টরের কাছে পাঠাতে হবে। ডাইরেক্টর রুলের 14 ধারায় কোন অতিরিক্ত সংবাদ বা ব্যাখ্যা দাবী করতে পারেন।

25. **সেক্রেটারী ও জয়েন্ট সেক্রেটারীর কর্তব্য (Duties of Secretary and Joint Secretary) :**

(1) কমিটির নির্দেশে কমিটির পক্ষে সেক্রেটারী উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে পত্র মারফৎ যোগাযোগ করবেন। তিনি সভার কার্যাবলীর রেকর্ড একটি বইতে সংরক্ষিত রাখবেন। প্রত্যেকটি সভার কার্যাবলী পরবর্তী সভায় অনুমোদন করিয়ে নিতে হবে।

(2) কমিটি কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন কমিটির জয়েন্ট সেক্রেটারী। সেক্রেটারীর দীর্ঘ অনুপস্থিতি, পদত্যাগে, অপসারণে অথবা পদটি সাময়িক-ভাবে খালি হলে জয়েন্ট সেক্রেটারীই সেক্রেটারীর কাজ চালাবেন।

26. সেক্রেটারী ও জয়েন্ট সেক্রেটারীর সাময়িক অনুপস্থিতিতে প্রেসিডেন্টই কমিটির সভা আহ্বান করতে পারেন।

27. (1) **দলিল পত্র (Documents) :**

বিদ্যালয়ের টাকা-পয়সা (invested funds), জায়গা-জমির দলিলপত্র সম্পাদকের দায়িত্বেই থাকবে। এবং তা যে কোন সময় কমিটি কোন সদস্য, জেলা স্কুল পরিদর্শক, শিক্ষা দপ্তর, ডাইরেক্টর, বোর্ড এবং অডিটর প্রভৃতি দেখতে চাইলে দেখাতে হবে। পাকা দালান-বাড়ী সম্বলিত স্কুলের সমস্ত কাগজপত্র, দলিল ও একাউন্টস্ স্কুলেই থাকবে।

(2) স্কুলের একাউন্টস্ বিদ্যালয়ের সেক্রেটারী ও জয়েন্ট সেক্রেটারী কর্তৃক পরিচালিত (operated) হবে। ব্যাঙ্কের সমস্ত একাউন্টস্ সেক্রেটারী ও জয়েন্ট সেক্রেটারীর যুগ্ম স্বাক্ষরে পরিচালিত হবে। উভয়ের কোন একজনের অনুপস্থিতিতে কমিটির প্রেসিডেন্ট এবং প্রেসিডেন্টের অনুপস্থিতিতে অন্য একজন মেম্বরের সই-স্বাক্ষরে ব্যাঙ্কের একাউন্ট পরিচালিত হবে। অবশ্য রাজ্য সরকারের কোন লিখিত আদেশবলে—

(a) যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে একাউন্টস্ পরিচালনা এবং লেন-দেনের কর্তৃত্ব দিতে পারেন, অথবা

(b) ডাইরেক্টরকে কোন অফিসার নিযুক্ত করে, তাঁর দ্বারা একাউন্টস্ পরিচালনা করা এবং বিভিন্ন লেনদেনের ক্ষমতা দিতে পারেন।

(3) যদি ডাইরেক্টর দেখতে পান যে, অবস্থার পরিপ্রেক্ষিতে স্কুল ফাণ্ডের মাধ্যমে গ্রাণ্ট-ইন্-এড্ বিতরণ তাড়াতাড়ি হচ্ছে না, সেক্ষেত্রে ডাইরেক্টর কোন অফিসার নিয়োগ করে তাঁর মারফত গ্রাণ্টের টাকা-পয়সা বিতরণ করাতে পারেন।

28. সাহায্যপ্রাপ্ত শিক্ষায়তনে কমিটি, ডাইরেক্টরের অনুমোদন সাপেক্ষে, ক্ষমতা প্রয়োগ করতে পারেন—

(1) ডাইরেক্টরের নির্দেশে কমিটি স্থায়ী পদে বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগ করতে পারেন এবং মঞ্জুরীকৃত (sanctioned) পদে নিযুক্ত ব্যক্তির পরবর্তী সময়ে ডাইরেক্টর বা তাঁর ভারপ্রাপ্ত অফিসে নিযুক্তির পনের দিনের মধ্যে পাঠাতে হবে।

(2) ডাইরেক্টরের নির্দেশে কমিটি স্থায়ী/অস্থায়ী পদে অস্থায়ীভাবে কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে নিতে হলে ডাইরেক্টরের বা তাঁর অফিস থেকে অনুমোদন নিতে হবে কমিটির সিদ্ধান্তের একসপ্তাহের মধ্যে।

(3) ডাইরেক্টরের ভারপ্রাপ্ত কোন অফিসার যদি সাবরুল (1) এর clause (I), (II) ও (III) অনুযায়ী কারও কার্যকালের মেয়াদ বাড়াতে না চান, তাহলে তিনি কারও পদে অনুমোদন দেওয়া, না দেওয়া বা মেয়াদ বাড়ান প্রভৃতি সম্বন্ধে ডাইরেক্টরকে যুক্তিসহ রিপোর্ট দেবেন।

(4) যেখানে কমিটি কোন শিক্ষক বা কর্মচারীর কার্যকলাপের মেয়াদ বাড়াতে সুপারিশ না করেন, তাহলে তার সুনির্দিষ্ট কারণ দেখাবেন। সংশ্লিষ্ট ব্যক্তি জেলা স্কুল পরিদর্শকের মাধ্যমে ডাইরেক্টরের কাছে প্রতিনিধিত্ব পাঠাতে পারেন এবং এই ক্ষেত্রে ডাইরেক্টরের সিদ্ধান্তই চূড়ান্ত।

(5) সাহায্যহীন বিদ্যালয়ের কমিটি পর্ষদের অনুমোদন সাপেক্ষে নিম্নোক্ত বিষয়ে ক্ষমতা প্রয়োগ করতে পারেন—

(i) ডাইরেক্টরের নির্দেশানুযায়ী—শিক্ষক/অশিক্ষক কর্মচারী স্থায়ী বা অস্থায়ী পদে নিয়োগ এবং সাধারণতঃ ১৫ দিনের মধ্যে অনুমোদন চাইতে পারেন।

(ii) শিক্ষক/অশিক্ষক কর্মচারীর কার্যকালের মেয়াদবৃদ্ধি এবং তারজন্য পর্ষদ থেকে তার অনুমোদন এক সপ্তাহের মধ্যে নিতে হবে।

(6) কমিটি প্রেরিত নিয়োগ বা কার্যকাল বা মেয়াদবৃদ্ধির পক্ষে পর্ষদ সুপারিশ না করলে কমিটিকে তার কারণ জানিয়ে দেবেন।

(7) কমিটি শিক্ষকের কার্যকালের মেযাদ বৃদ্ধিতে সম্মতি না দিলে পর্ষদ্ সকাশে সংশ্লিষ্ট শিক্ষক প্রতিনিধিত্ব পাঠাতে পারেন এবং এই ব্যাপারে পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত।

(8) স্থায়ী ও অস্থায়ী পদে সমস্ত নিয়োগের ক্ষেত্রে সুনির্দিষ্ট শর্তাদি আরোপ করে কমিটি নিয়োগপত্র দেবেন। স্থায়ীপদে নিয়োগ হলে অবেক্ষাধীন সময় অতীত হলে তাঁকে স্থায়ী করতে হবে, সিদ্ধান্তটি ভিন্নরূপ হলে স্থায়ী করানর অন্ততঃ ছয় সপ্তাহ আগে তাঁকে জানাতে হবে। স্থায়ী পদে অস্থায়ী ভাবে নিযুক্ত হলে শিক্ষক বা কর্মচারীর ক্ষেত্রে চাকরির কাল দু'

বছর অতিক্রান্ত হলে তাঁকে স্থায়ী করে নিতে হবে। অবশ্য তার কাজকর্ম সন্তোষজনক হওয়া চাই।

অবশ্য খালিপদের মঞ্জুরী না থাকলে কোন নিয়োগ হবে না।

(9) এডেড বা আন্-এডেড বিদ্যালয়ের কমিটি পর্যদের অনুমোদন সাপেক্ষে স্থায়ী বা অস্থায়ী পদে নিযুক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে ছাঁটাই বা পদচ্যুত করতে পারেন। এই উদ্দেশ্যে কমিটিকে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ ও চার্জশীট দেবেন এবং আত্মপক্ষ সমর্থনের জন্য সুযোগ দেবেন। সংশ্লিষ্ট শিক্ষক বা কর্মচারী চার্জশীট পাওয়ার ১৫ দিনের মধ্যেই তার জবাব দেবেন। কমিটি তারপর সমস্ত কাগজপত্র, অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ ও তার উত্তর সবকিছুই এবং কেন তার বিরুদ্ধে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করার দাবী উঠেছে, সবটাই পর্যদ সকাশে পাঠাতে হবে। পর্যদ যদি মনে করেন, সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার অনেক যুক্তিসংগত কারণ খুঁজে পাওয়া যাচ্ছে, তাহলে কমিটিকে নির্দেশ দেবেন—এক সপ্তাহের মধ্যে কারণ দেখাতে হবে কেন তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে না। কমিটি তারপর পর্যদ্ সকাশে সংশ্লিষ্ট কাগজপত্র এবং উভয়পক্ষের উত্তর-প্রত্যুত্তর এবং কর্মীর বিরুদ্ধে কি সক্রিয় ব্যবস্থা নিতে চান তা লিখিতভাবে জানাবেন। কমিটির ব্যাপারে পর্যদের সিদ্ধান্তই চূড়ান্ত।

অবশ্য পর্যদ অন্য কোন কমিটির নিকট রুলের সাব রুলের সেকশন 24-এ ক্ষমতা দিতে পারেন।

(9a) যদি স্থায়ী বা অস্থায়ী পদে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ বা ত্রুটিবিচ্যুতি, পদচ্যুতি—বা ছাঁটাইয়ের পক্ষে না থাকে, তাহলে কমিটি একটি ইন্‌ক্রিমেণ্ট বন্ধ, বেতন কমিয়ে দেওয়া এবং নিন্দা/তিরস্কার প্রভৃতি করতে পারেন পর্যদের পূর্ব অনুমতি বা অনুমোদন নিয়ে। এই সমস্ত ব্যাপারে সাব-রুল (8) ধারা অনুসরণ করতে হবে।

(10) এডেড ও আন্-এডেড স্কুলের কমিটির ক্ষমতা হচ্ছে—

(i) নৈমিত্তিক ছুটি প্রধান/প্রধানা মঞ্জুর করবেন। আর প্রধানের ক্ষেত্রে সেক্রেটারী মঞ্জুর করবেন। শিক্ষক ও শিক্ষক কর্মীদের বেতন বৃদ্ধি ইত্যাদি।

(ii) ছাত্র-ছাত্রীদের ফ্রী/হাফ,-ফ্রী স্টুডেণ্টশিপ দান। এই ব্যাপারে প্রধান/প্রধানার মতামতের উপর গুরুত্ব দিতে হবে।

(iii) ডাইরেক্টরের নির্দেশ অনুযায়ী স্কুলের ফাণ্ড পরিচালনা।

(iv) বার্ষিক রিপোর্ট তৈরী করা;

(v) বিদ্যালয়ের উন্নতিমূলক প্রকল্প রূপায়ণ করা।

(vi) বছরে ছুটির দিন নির্ণয় করা ; কিন্তু কারও মৃত্যুতে বা বিশেষ ঘটনায় হাফ্-হোলি ডে দেওয়া সেক্রেটারী ও প্রধানের মতামত অনুযায়ী হবে।

(vii) যেখানে ট্রেনিং-এর জন্য ডেপুটেশন দেওয়া দরকার, যেখানে শিক্ষক কমিটির সিদ্ধান্তে ক্ষতিগ্রস্ত হচ্ছেন, ডাইরেক্টরের কাছে তিনি প্রতিনিধিত্ব পাঠাতে পারেন।

(viia) বিদ্যালয়ের স্বার্থে কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে যদি সাময়িকভাবে বরখাস্ত করতে হয়, তাহলে সাস্‌পেনশনের তারিখ থেকে ৯০ দিনের মধ্যে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে হবে এবং ঐ সাসপেনশন পিরিয়ডে তার সাসপেনশনের আগের দিনের প্রাপ্য বেতন ও ভাতার শতকরা ৫০ ভাগ দিতে হবে, বেতন ও ভাতা হিসেবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সাতদিনের মধ্যেই পর্ষদের কাছে অনুমোদন চাইতে হবে। উক্ত আদেশের বলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে পর্ষদে নালিশ জানাতে পারেন। সাসপেনশন প্রত্যাহার করে নিলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা স্বাভাবিক কারণে প্রত্যাহৃত হয়েছে বলে ধরে নিতে হবে। বিশেষ অবস্থায় এই সময়সীমা (৯০ দিন) পর্ষদ তুলে দিয়ে অবস্থা বিবেচনায় এক বছরও পর্যন্ত সময়সীমা বাড়িয়ে দিতে পারেন।

অবশ্য যেখানে সময়সীমা ৯০ দিন অতিক্রম করবে, সেখানে সংশ্লিষ্ট সাস্‌পেণ্ডেড ব্যক্তিকে জীবিকা-ভাতা বাড়িয়ে ৭৫% ভাগ করতে হবে।

অবশ্য সংশ্লিষ্ট ব্যক্তি জীবিকা ভাতা পাবেন না যদি ঐ সাসপেনশন পিরিয়ডে অন্যত্র কোন কাজ বা চাকরি নেন।

(viii) বিদ্যালয়ের স্বার্থে অন্যান্য বিষয়েরও পর্যালোচনা বা চিন্তা ভাবনা করা চলবে।

নোট : রুল 28 এর সাব-রুল (9) এর clause (1) এর পরে এই অংশটুকু যোগ করা হবে : "Appendix দেওয়া রুল অনুযায়ী কমিটি ছুটি মঞ্জুর করতে পারবেন।"

নোট : রাজ্য সরকার থেকে বেতন/ভাতা প্রাপ্ত শিক্ষায়তনকে aided বা সরকারী সাহায্যপ্রাপ্ত ইন্‌ষ্টিটিউশন বলে স্বীকার করে নিতে হবে।

28A. কমিটি সদস্যদের বিরুদ্ধে রাজ্য সরকারের ব্যবস্থা নেওয়ার ক্ষমতা (Power of the state govt. to take action) :

অন্যান্য রুলে যাই থাক না কেন, কমিটির কোন সদস্যের আর্থিক দোষ-ত্রুটি অথবা বিদ্যালয়ের স্বার্থবিরোধী কাজ-কর্মের দৃষ্টান্ত থাকলে রাজ্য সরকার তাঁর বা তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বনের ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

29. স্টাফ কাউন্সিল (Staff Council)—প্রতিটি বিদ্যালয়ের কমিটি বিদ্যালয়ের শিক্ষক, লাইব্রেরীয়ান, করণিক নিয়ে স্টাফ কাউন্সিল গঠন করবেন। বিদ্যালয় প্রধান হবেন ঐ কাউন্সিলের প্রেসিডেন্ট ; সেক্রেটারী হবেন সকলের দ্বারা নির্বাচিত। কাউন্সিল বিদ্যালয়ের লেখা-পড়া সংক্রান্ত সমস্ত বিষয় এবং স্কুলের উন্নতিমূলক সমস্যাদি নিয়ে চিন্তা-ভাবনা করবেন। কমিটি কাউন্সিলের সুপারিশের ওপরে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে পারেন কিন্তু না করলেও কারণ রেকর্ড করে রাখবেন।

30. একাডেমিক কাউন্সিল (Academic Council) :

প্রত্যেকটি বিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে বিদ্যালয় প্রধান / প্রধানা, সহকারী প্রধান / প্রধানা এবং শিক্ষকদের থেকে অনধিক তিনজন সদস্য থাকবেন। প্রধান ও সহপ্রধান যথাক্রমে প্রেসিডেন্ট ও সেক্রেটারী হবেন। মালটিপারপাস স্কুলের শিক্ষকেরা প্রত্যেকটি স্ট্রীম থেকে একজন করে তিনজন এবং প্রধান ও সহ-প্রধান মিলে মোট পাঁচজন সদস্য নিয়ে স্টাফ কাউন্সিল গঠিত হবে।

কাউন্সিলের কাজ : (i) ভর্তি (ii) প্রমোশন (iii) টেক্সট বই নির্বাচন (iv) রুটীন তৈরী করা (v) পঠন-পাঠন সম্পর্কিত কো-ক্যারিকুলার কাজকর্ম। বিদ্যালয় প্রধান/প্রধানা সাধারণতঃ সর্ব বিষয়েই কাউন্সিলের উপদেশ দ্বারা পরিচালিত হবেন এবং প্রধানের সঙ্গে মতান্তর ঘটলে, কাউন্সিলের সদস্য প্রধানের সিদ্ধান্তের বিরুদ্ধে কমিটিতে অভিযোগ দায়ের করতে পারেন এবং কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

31. ছয়মাসের মধ্যে কমিটি গঠন :

সংশোধিত নিয়মাবলীর ব্যবস্থার মধ্যে ক্যালকাটা গেজেটে সংশোধন প্রকাশের ছয়মাসের মধ্যে কমিটির গঠন বা পুনর্গঠন সমাপ্ত করতে হবে। আর যে যে সব কমিটি এই সংশোধন প্রকাশের পূর্বে পুনর্গঠিত হয়েছে, তাদের রুল 12 অনুযায়ী—কমিটির কার্যকলাপ শেষ না হওয়া পর্যন্ত চলতে পারবে অবশ্য আগে বাতিল হলে আলাদা কথা।

অবশ্য যথেষ্ট সন্তোষজনক কারণ থাকা সত্ত্বেও যদি কমিটি পুনর্গঠন ক্রিয়া সমাপ্ত না করেন তাহলে কমিটির কার্যকালের সীমা বাড়াতে পারেন, তারপর প্রয়োজনবোধে পর্ষদ্ কমিটিকে বাতিলও করে দিতে পারেন।

32. **যে সব শিক্ষায়তনের ক্ষেত্রে এরূপ প্রযোজ্য নয়ঃ**

রাজ্যসরকার, কেন্দ্রীয় সরকার এবং রেলওয়ে বোর্ড পরিচালিত এবং সেণ্ট টমাস্ স্কুল অ্যাক্ট (Bengal Act XII of 1923) এবং আর যে সব স্কুল রাজ্য সরকার কর্তৃক নির্দিষ্ট করা আছে, তাদের বেলায় মধ্যশিক্ষা পর্ষদ্ আইন প্রযোজ্য হবে না।

33. **কিছু কিছু স্কুলের জন্য রাজ্য সরকারের আইন প্রণয়নের ক্ষমতা (Power of the Govt. to frame Rules for certain Institutions) ঃ**

আইনের কোন ধারায় রাজ্য সরকারের ক্ষমতাকে খর্ব করেনি যাতে কোন শিক্ষায়তন বা কোন শ্রেণীর শিক্ষায়তনের আবেদনে সংবিধানের 26 অথবা 30 ধারা প্রযোজ্য হতে পারে, অথবা ম্যানেজিং কমিটির গঠন, ক্ষমতা ও কার্যাবলীর সম্পর্কে তা প্রযোজ্য হবে না।

পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

বেসরকারী স্কুলের ম্যানেজিং কমিটি গঠন ও পুনর্গঠনে নিয়মাবলী সংশোধিত গভঃ নোটিফিকেশন No 855-Edn(s) dt. 23rd Dec. 1980, ক্যালকাটা গেজেটে প্রকাশিত 5th January, 1981 এবং গভঃ নোটিফিকেশন No 640-Edn(s) dt. 24th June, 1981 এবং 1981 এর 26th June, ক্যালকাটা গেজেটে প্রকাশিত ঃ

1. এই পদ্ধতিতে বিদ্যালয়-প্রধান বলতে যে কোন নামে বা পদবীতে বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রধান।

2. (a) ইলেকশন অফিসার অর্থাৎ 'নির্বাচন কর্তা' অর্থে—যিনি কোনভাবে বিদ্যালয় শিক্ষক-অশিক্ষক কর্মচারী, অথবা ম্যানেজিং কমিটির সঙ্গে যুক্ত নন, তিনি বিদ্যালয়-প্রধান কর্তৃক তৈরী করা তিনজনের নামের প্যানেল থেকে ম্যানেজিং কমিটি/অ্যাড্-হক কমিটি কর্তৃক গৃহীত (selected) হবেন। তিনি জেলা স্কুল পরিদর্শক বা মধ্য শিক্ষা পর্ষদের রুল 4(2b) (2c) অনুযায়ী নিযুক্ত হতে পারেন।

2. (b) যে সব স্কুল প্রশাসকের অধীনে পরিচালিত, সে সব স্কুলে বিদ্যালয় প্রধান/প্রধানা কর্তৃক তৈরী করা প্যানেলে তিনজনের মধ্যে একজন প্রশাসক কর্তৃক অনুমোদিত হবেন। তবে তিনি কোনভাবে বিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট থাকবেন না—যেমন কোন category-তে ভোটার, ম্যানেজিং কমিটির সদস্য, অথবা স্কুলের শিক্ষক বা অশিক্ষক কর্মচারী। জিলা স্কুল পরিচালক বা পর্ষদ আইনের আওতায় কাকেও নিযুক্ত করতে পারেন।

3. "স্ক্রুটিনি অফিসার" অর্থে সাধারণত বিদ্যালয় প্রধান/ প্রধানা, যদি না অন্য কোন ব্যক্তি জেলা স্কুল পরিদর্শক বা পর্ষদ কর্তৃক আইনের আওতায় ভারপ্রাপ্ত না হন।

স্ক্রুটিনি অফিসারের কর্তব্য :

নিম্নোক্ত কাজগুলো স্ক্রুটিনি অফিসারের কর্তব্য বলে ধর্তব্য :

(i) তিনি (scrutiny officer) প্রার্থী/প্রার্থীদের মনোনয়ন পত্র বিলি করবেন এবং জমা নেবেন ;

(ii) তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মনোনয়ন পত্র ভোটার তালিকার সঙ্গে মিলিয়ে দেখবেন এবং মনোনয়ন পত্র সম্বন্ধে তাঁর সিদ্ধান্ত চূড়ান্ত হবে।

(iii) মনোনয়ন পত্র প্রত্যাহার করতে হলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের লিখিত ভাবে দরখাস্ত পেশ করতে হবে স্ক্রুটিনি অফিসারের কাছে।

নির্বাচনের তারিখ (Date of election) :

বর্তমান কমিটির কার্যকাল ফুরিয়ে যাবার অন্ততঃ ৬০ দিন আগে নির্বাচনের দিন স্থির করতে হবে, তবে Procedure-এর 7(b) অথবা পর্ষদের রুল 12 ধারার প্রয়োগ হলে ভিন্ন কথা।

নোট : বর্ষপঞ্জীর ১৫ই এপ্রিলের পূর্বে কোন নির্বাচন হবেনা।*

প্রভিশ্যনাল ভোটার তালিকা অনুমোদন (Approval of provisional voters' list)

5. (a) বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা রুল 4 এর (2b)(2c) এ পর্ষদ নিযুক্ত ব্যক্তি অথবা জেলা স্কুল পরিদর্শক নির্বাচনের বিস্তৃত কর্মসূচী ঠিক করবেন এবং অভিভাবকদের ভোটার তালিকা প্রণয়ন করে ম্যানেজিং কমিটিকে দিয়ে অনুমোদন করিয়ে নেবেন—৭ দিনের নোটিশে ও রেজিঃ পত্র যোগে খবর দিয়ে।

(b) বিদ্যালয় প্রশাসকের অধীনে হলে বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা জেলা পরিদর্শকের দ্বারা নিযুক্ত ব্যক্তি অথবা রুল 4-এর (2b) (2c) এ পর্ষদ-নির্দিষ্ট ব্যক্তিকে দিয়ে নির্বাচনী কর্মসূচী ও ভোটার তালিকা প্রণয়ন করবেন।

6. (a) বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক বা বোর্ড কর্তৃক নিযুক্ত ব্যক্তি প্রভিশ্যনাল ভোটার তালিকায় বৈধ ভোটারদের কাছে সার্টিফিকেট অব, পোষ্টিং চিঠিতে নির্বাচনের তারিখ সম্বলিত নির্বাচন কর্মসূচী পাঠাবেন। আর প্রোগ্রামটি হবে ফরম নং 3 (M. C) পূরণ করে।

---

*পরবর্তী পর্ষদ্ সার্কুলারে এর পরিবর্তন ঘটেছে।

6. (b) বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা 4 (2b) (2c) রুলে পর্ষদ্ নিযুক্ত ব্যক্তি প্রভিশ্যনাল ভোটার তালিকা ও ম্যানেজিং কমিটি / অ্যাড্‌হক কমিটি / প্রশাসক কর্তৃক অনুমোদিত ব্যক্তি নোটিশ বোর্ডে একটি নির্দিষ্ট তারিখে ভোটার তালিকা টাঙ্গিয়ে দেবেন।

ফাইন্যাল ভোটার তালিকা অনুমোদন (Approval of final voters' List) :

7. (a) বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা রুল 4 (2b) (2c)তে নিযুক্ত ব্যক্তি দাবী এবং প্রতিবাদের (claims and objections) ভিত্তিতে ম্যানেজিং কমিটি, / অ্যাড্‌হক কমিটি / প্রশাসকের দ্বারা অনুমোদিত—সংশোধিত ফাইন্যাল ভোটার তালিকা এবং নমুনা প্রোগ্রামের অনুসরণে নির্বাচনের কর্মসূচী জানিয়ে দিতে হবে।

(b) যে সবক্ষেত্রে অনিবার্যকারণে class 7 (a) বর্ণিত নির্দেশানুযায়ী ম্যানেজিং কমিটির সভা আহ্বান করা সম্ভব হয়নি, সেক্ষেত্রে প্রধান / প্রধানা অথবা অন্যকোন নিযুক্তব্যক্তি পনের দিনের মধ্যে আবার ম্যানেজিং কমিটির সভা আহ্বান করে ফাইন্যাল ভোটার তালিকা অনুমোদন করে নেবেন এবং নির্বাচন সূচী এমনভাবে তৈরী করা প্রয়োজন যাতে নমুনা নির্বাচন সূচীর অনুরূপ হয়।

(c) যেখানে স্কুল প্রশাসকের অধীনে, সেক্ষেত্রে প্রধান / প্রধানা অর্থাৎ পর্ষদ্ অথবা জেলা স্কুল পরিদর্শক কর্তৃক নিযুক্ত ব্যক্তি ফাইন্যাল ভোটার তালিকা অনুমোদন করিয়ে নেওয়ার আগে দাবী-প্রতিবাদ প্রভৃতি দেখে শুনে বিচার-বিবেচনা করে তবেই ফাইন্যাল ভোটার তালিকা পাশ করাবেন।

নোট : ফাইন্যাল ভোটার তালিকা পেশ করবার আগে প্রধান / প্রধানা অথবা পর্ষদ্ / জেলা পরিদর্শক কর্তৃক নিযুক্ত ব্যক্তি 4 (2b) (2c) অনুযায়ী দাবী-প্রতিবাদ (claims and objections) প্রভৃতি ও আনুষঙ্গিক কাগজপত্র পেশ করবে।

বৈধ অভিভাবক ভোটার (Eligible Guardian Voters)

অভিভাবক বিভাগের (catagory) বৈধ ভোটার তালিকা বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা পর্ষদ্ বা জেলা স্কুল পরিদর্শক কর্তৃক নিযুক্ত ব্যক্তিরূপে (2b) (2c) এর নিয়ম অনুযায়ী অ্যাডমিশন রেজিষ্টারের ভিত্তিতে তৈরী করবেন।

নোট (i) : যদি হাজিরা বইতে দেখা যায় যে, কোন ছাত্র পর পর তিনমাস প্রধান / প্রধানার বিনা অনুমতিতে বা অজ্ঞাতে অনুপস্থিত রয়েছে এবং ভোটার তালিকা প্রণয়নের দিন পর্যন্ত, তাহলে ঐ ছেলের অভিভাবকের নাম ম্যানেজিং কমিটি নির্বাচনের তালিকা থেকে বাদ পড়বে।

কিন্তু উক্ত অভিভাবককে পর পর তিনমাস নিজ ওয়ার্ডের অনুপস্থিতির কারণে

নির্বাচনে অংশ গ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করবার আগে বিদ্যালয় প্রধান / প্রধানা প্রোভিশ্যনাল ভোটার তালিকা প্রণয়নের পূর্বে একটি লিখিত নোটিশ দিতে হবে।

নোট (ii) : ১৫ ই ফেব্রুয়ারীর পর নবম শ্রেণীতে কোন 'প্রথম ভর্তি' first admission বিশেষ অবস্থার পরিপেক্ষিতে ছাড়া বৈধ নয়; অবশ্য স্বীকৃত বিদ্যালয় থেকে ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে চলতি বছরের ৩১শে আগষ্টের মধ্যে উপযুক্ত কারণে ভর্তি চলতে পারে।

নোট (iii) : পঃ বঃ মধ্যশিক্ষা সংসদেব নির্দেশে একাদশ শ্রেণীতে ভর্তি চলবে। উক্ত সংসদের নির্দেশে বারো ক্লাশেও ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে ভর্তি চলবে।

নোট (iv) : প্রোভিশ্যনাল ভোটার তালিকা প্রণয়নের আগে যে সব ছাত্র / ছাত্রী স্কুলে ভর্তি হবে, তাদের সকলের নাম অভিভাবকের তালিকায় থাকবে।

পত্র প্রেরণ (Letter of Intimation) :

9. ভোটার তালিকার প্রতি পাতায় মনোনয়ন পত্র এবং ভোটারের কাছে দেয় চিঠিপত্রে বিদ্যালয়ের প্রধান / প্রধানা, অথবা জেলা স্কুল পরিদর্শক বা পর্ষদ্ কর্তৃক নিযুক্ত ব্যক্তির স্বাক্ষর থাকবে।
10. নমুনা ফরম নং 2 (Mc) অনুযায়ী রেকর্ডে মনোনয়ন পত্র জমা দিতে হবে।
11. ব্যালট প্রথায় 'অভিভাবকদের' নির্বাচন হবে। যদি কোন কারণে মনোনয়ন-পত্র দাখিল না হয় অথবা বাতিল হয়ে যায়, অন্য মনোনয়ন প্রত্যাহার করে নেওয়া হয়, তাহলে ৩০ দিনের মধ্য আবার নতুন করে নির্বাচন করতে হবে। সেক্ষেত্রের সাতদিনের নোটীশে আবার মনোনয়নপত্র দাখিল থেকে সমস্ত স্তরের কাজগুলো করতে হবে। যদি কোন কারণে সেই নির্বাচন ভণ্ডুল হল, তাহলে পর্ষদের গোচরে আনতে হবে এবং পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত।
12. নির্বাচন কোন সাধারণ ছুটির দিনে সম্পন্ন করতে হবে, তবে রবিবারই সর্বাপেক্ষা ভাল। যদি কোন নির্বাচনের দিন দীর্ঘ অবকাশের মধ্যে পড়ে, তাহলে ছুটি শুরু হওয়ার আগে সম্পূর্ণ করে ফেলতে হবে। আর তা' যদি সম্ভব না হয়, রুল 9 (2) ধারায় বিষয়টি আগেই পর্ষদের গোচরে আনতে হবে এবং এই ব্যাপারে বোর্ডের অনুমোদন নিতে হবে।
13. যদি কোন কারণে নির্বাচনী অফিসার (Election officer) নির্বাচনের দিন উপস্থিত থাকতে না পারেন, তাহলে বিদ্যালয় প্রধান / প্রধানা 'ইলেকশন অফিসার' হিসেবে নির্বাচন পরিচালনা করবেন, অবশ্য যদি পর্ষদ্ বা জেলা স্কুল পরিদর্শক কর্তৃক নির্দেশিত না হন।

14. নির্বাচনের জন্য ব্যবহারযোগ্য ব্যালট পত্রে (ভোট পত্র) সংখ্যানুক্রমিক নম্বর থাকবে এবং প্রত্যেকটি ব্যালট পেপারে প্রার্থীদের নাম আক্ষরিক মতে (alphabatically) থাকবে। ভোটপত্রে কোন সীল ব্যবহার করা যাবে না।
প্রত্যেকটি ব্যালট পত্র ছাড়বার আগে তাতে নির্বাচনী অফিসারকে সই করতে হবে।

15. যদি কোন ভোটার মোট আসন সংখ্যার বেশী প্রার্থীকে ভোট দেন, তাহলে সমগ্র ভোট পত্রটিই বাতিল হয়ে যাবে।
ভোট দেওয়ার সময় যদি কোন ভোটার এরূপভাবে সীল মারে যাতে প্রার্থীর অনুকূলে ভোট দেওয়া হয়েছে কিনা নির্ণয় করতে সংশয় সৃষ্টি হয়, তাহলে ঐ সংশয়যুক্ত অংশটিই বাতিলযোগ্য অবশ্য যদি নির্দিষ্ট সংখ্যক ভোট প্রার্থীর বেশী ভোট দেওয়া না হয়।

16. যদি কোন বিভাগে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে সমান বা সমসংখ্যক ভোট পড়ে, তাহলে প্রার্থীদের উপস্থিতিতে একবার মাত্র লটারী টেনে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

17. নির্বাচনী কর্মসূচীতে সংক্ষেপে দিন-ক্ষণ (date and time) লেখা থাকবে :

(i) প্রোভিশ্যন্যাল ভোটার তালিকা প্রকাশ : নির্বাচনী দিবসের অন্ততঃ ত্রিশ দিন আগে অপরাহ্ণ ২ ঘটিকা।

(ii) দাবী বা প্রতিবাদপত্র পেশ : ভোটার তালিকায় কোন বাদ পড়া বা অতিরিক্ত কিছু লেখা—omission or inclusion—প্রোভিশ্যন্যাল ভোটার তালিকা প্রকাশের আট দিনের মধ্যে—অপরাহ্ণ ২ ঘটিকার মধ্যে।

(iii) ফাইন্যাল ভোটার তালিকা অন্ততঃ নির্বাচনের ১৫ দিন আগে—অপরাহ্ণ ২টায়।

(iv) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মনোনয়ন পত্র দাখিল করতে হবে—নির্বাচনের অন্ততঃ সাতদিন আগে—অপরাহ্ণ ২টায়।

(v) মনোনয়ন পত্র স্ক্রুটিনি এবং বৈধ প্রার্থীদের নাম ঘোষণা নির্বাচনের অন্ততঃ পাঁচ দিন আগে—অপরাহ্ণ ২ঘটিকায়।

(vi) মনোনয়নপত্র প্রত্যাহার স্ক্রুটিনির অন্ততঃ ২৪ ঘণ্টা আগে—২ ঘটিকায়।

(vii) সদস্য নির্বাচনের সময় : সকাল ৯টা থেকে দুপুর ১২টা এবং অপরাহ্ণ ১টা থেকে ৪টা, যদি দরকার পড়ে।

নোট : সকাল বেলার স্কুলের নির্বাচনী নির্ঘণ্ট (election programme) ম্যানেজিং কমিটির সঙ্গে আলোচনা করেই ঠিক করতে হবে।

18. যদি প্রতিদ্বন্দ্বীদের সংখ্যা নির্দিষ্ট সদস্য সংখ্যার বেশী না হয় (আইন মাফিক),

তাহলে প্রার্থীদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে ঘোষণা করতে হবে। আর যদি প্রার্থীর সংখ্যা নির্দিষ্ট পদের সংখ্যা থেকে কম হয়. তাহলেও তাঁদের নাম বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে ঘোষণা করতে হবে। আর বাকী আসনের জন্য আইনের 11 ধারায় নূতন করে নির্বাচন করতে হবে।

19. **ভোট গণনা (Counting of Votes):** নির্বাচনের দিনেই ভোট গণনা শেষ করতে হবে। যদি কোন অনিবার্য কারণে তা করা সম্ভব না হয়, তাহলে নির্বাচনী অফিসার লিখিত ভাবে রেকর্ড করে রাখবেন এবং তিনি সকল প্রার্থীদের উপস্থিতিতে ব্যালট বাক্স সীল করে রাখবেন এবং তাঁদের পরবর্তী দিনে ভোট গনণার সময় ঘোষণা করবেন এবং ঐ সীল-করা বাক্সটি বিদ্যালয় প্রধানের জিম্মায় রেখে দেবেন, অথবা স্টেট বা জেলা স্কুল পরিদর্শক কর্তৃক নিযুক্ত ব্যক্তির হেফাজতে জমা থাকবে।

নির্বাচনের ফলাফল ঘোষণা :

20. (a) নির্বাচনী অফিসার ভোট গণনার অব্যবহিত পরে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থীর উপস্থিতিতে ভোট গণনার ফলাফল প্রকাশ করবেন এবং প্রধান শিক্ষক/শিক্ষিকার কাছে একটি লিখিত রিপোর্ট পেশ করবেন অথবা জেলা পরিদর্শক বা পর্ষদ্-নির্দিষ্ট ব্যক্তির কাছে জমা দেবেন।

নির্বাচনের কাগজপত্র সংরক্ষণ :

(b) সমস্ত নির্বাচনী কাগজপত্র, অব্যবহৃত ব্যালট পেপার এবং ইলেকশন অফিসারের রিপোর্টের একটি কপি বিদ্যালয় প্রধান অথবা জেলা স্কুল পরিদর্শক বা পর্ষদ্-নির্দিষ্ট ব্যক্তির কাছে সীল কভারে সংরক্ষণের জন্য রেখে দেবেন।

21. (a) **স্পেশ্যাল কনষ্টিটিউশনে মনোনয়ন :** কমিটির গঠন বা পুনর্গঠন সমাধাকল্পে বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা স্কুল পরিদর্শক বা পর্ষদ্ নির্দিষ্ট ব্যক্তি নির্বাচনের অন্ততঃ ১৫ দিন আগে রেজিঃ পত্র যোগে সোসাইটি বা ট্রাস্টের কাছে তাঁদের মনোনীত ব্যক্তি / ব্যক্তিদের নাম চেয়ে পাঠাবেন। আর ঐ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিনিধির নাম পাওয়া না গেলে তাদের প্রতিনিধিত্বের বিবেচনা নাও করা যেতে পারে, অবশ্য যদি পর্ষদ্ কোন সিদ্ধান্ত গ্রহণ করেন।

(b) **পঞ্চায়েৎ সমিতির মনোনয়ন :** পঞ্চায়েতের এলাকায় অবস্থিত স্কুলে বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক বা পর্ষদ্ কর্তৃক নির্দিষ্ট ব্যক্তি পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে একজন ব্যক্তি ১৫ দিন আগে "শিক্ষানুরাগী সদস্য হিসেবে মনোনয়ন দেওয়ার জন্য রেজি: পত্র যোগে (Regd, with A/D) অনুরোধ জানাবেন। পঞ্চায়েত সমিতি থেকে মনোনীত ব্যক্তির নাম পাওয়া গেলে ব্যাপারটি পর্ষদের নজরে আনতে হবে।

22. **বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন :** কমিটির নির্বাচনের ফলাফল ঘোষণা করার তিন দিনের মধ্যে বিদ্যালয়-প্রধান অথবা জেলা স্কুল পরিদর্শক বা পর্ষদ্ কর্তৃক নিযুক্ত ব্যক্তি জেলা স্কুল পারদর্শকের (মাধ্যমিক শিক্ষা) কাছে বিভাগীয় প্রতিনিধি প্রেরণের উদ্দেশ্যে লিখবেন। এই ব্যাপারে বিলম্ব হলে প্রধান/প্রধানা পর্ষদের দৃষ্টি আকর্ষণ করবেন।

23. কমিটির পদ-কর্তা নির্বাচন (election of office bearers) নির্বাচিত, মনোনীত ও কো-অপ্টেটেড সদস্যদের নামের তালিকা সম্পূর্ণ না পেলে সম্পন্ন হবে না। অবশ্য পর্ষদের ভিন্ন সিদ্ধান্ত হলে স্বতন্ত্র কথা।

24. শহরাঞ্চলের (urban area) শিক্ষায়তনের ক্ষেত্রে শিক্ষানুরাগীকে কো-অপ্ট করতে হলে রুল 6(A) (3) (i) ধারায় নব্য নির্বাচিত, মনোনীত এবং পদাধিকারবলে ক্ষমতাপ্রাপ্ত, এবং আজীবন সদস্য (Life member) যদি কেউ থাকে এবং বিভাগগত প্রতিনিধিদের সাতদিনের মিটিং-এর নোটিশে সমবেত সদস্যেরা শিক্ষানুরাগীকে বেছে (select) নেবেন। তবে লিখিত-ভাবে সংশ্লিষ্ট ব্যক্তির সম্মতি থাকা চাই। উক্ত সভা প্রধান/প্রধানা অথবা স্কুল পরিদর্শক বা পর্ষদ্ প্রেরিত ব্যক্তিই ডাকবেন। আর তা করতে হবে বিভাগীয় প্রতিনিধি পাওয়ার ১৫ দিন পরে।

পদকর্তা নির্বাচন (Election of office bearers) :

25. (A) **শহরাঞ্চলের জন্য (For Urban areas) :**

(a) নব গঠিত বা পুনর্গঠিত ম্যানেজিং কমিটিতে সদস্য কো-অপ্‌শনের পরে (রুলের 6A (3)] বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা পর্ষদ্ কর্তৃক নির্দিষ্ট ব্যক্তি কো-অপ্‌শের ১০ দিনের মধ্যে কমিটির প্রথম সভা (first meetting) সাত দিনের নোটিশে আহ্বান করবেন পদকর্তা (office bearers) নির্বাচনের জন্য।

(b) উক্ত সভা আহ্বান করবেন বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা পর্ষদ্ কর্তৃক নিযুক্ত ব্যক্তি এবং তাঁর কাজের দায়িত্ব সভার প্রেসিডেণ্ট নির্বাচন করা পর্যন্ত। তারপরে পদকর্তা (office beares) নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে সমান সমান হলে একবার মাত্র লটারী করে বিষয়ের নিষ্পত্তি করতে হবে।

(B) **গ্রাম্য এলাকার জন্য (For Rural areas) :**

গ্রাম্য এলাকা অর্থাৎ নির্বাচন পদ্ধতির clause 21 (b) ধারায় জেলা স্কুল পরিদর্শক থেকে বিভাগীয় প্রতিনিধি পাওয়ার পর ১৫ দিনের মধ্যে বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক কর্তৃক অথবা পর্ষদ্ কর্তৃক প্রেরিত

ব্যক্তি নির্বাচিত, মনোনীত, আজীবন সদস্য, কো-অপ্টেড সদস্যদের নিয়ে সাত দিনের নোটিশে সভা আহ্বান করবেন পদকর্তা নির্বাচনের জন্য।

26. নব নির্বাচিত কমিটি পদকর্তাদের নির্বাচনের দিন অথবা পূর্ববর্তী কমিটির কার্যকাল ফুরোবার দিন থেকেই ক্ষমতাসীন বলে ধরে নিতে হবে। তবে এ দুটোর মধ্যে যেটি পরের, তদনুসারে হবে। এবং সঙ্গে সঙ্গেই কমিটির কাজ শুরু হবে।

27. যদি কোন নির্বাচিত সদস্য পদত্যাগ করেন বা মারা যান, অথবা নির্বাচনী যোগ্যতা হারিয়ে ফেলেন, তাহলে কমিটির বাকী নির্বাচিত, মনোনীত, কো-অপ্টেড সভ্যরা প্রথমে পদকর্তা নির্বাচন করবেন রুল 11 ধারায় এবং শূন্যপদে সদস্যকে কো-অপ্ট করবেন।

28. **সেক্রেটারীর পদত্যাগ এবং নতুন সেক্রেটারী নির্বাচন ঃ**

যদি সেক্রেটারী (যে ক্ষেত্রে বিদ্যালয় প্রধান সেক্রেটারী নিযুক্ত হয়েছেন) পদত্যাগ করেন এবং তাঁর সদস্যপদও বাতিল হয়ে যায়, তাহলে জয়েণ্ট সেক্রেটারী নূতন সেক্রেটারী নির্বাচন না হওয়া পর্যন্ত সেক্রেটারীর কাজ চালিয়ে যাবেন, এরূপ সেক্রেটারী পদত্যাগ বা সদস্যপদ বিলোপে জয়েণ্ট সেক্রেটারী শূন্যপদ পূরণে কো-অপশনের জন্য সভা আহ্বান করবেন। কো-অপশন করে শূন্য পদ পূরণ করা হলে জয়েণ্ট সেক্রেটারী নূতন সেক্রেটারী নির্বাচনের উদ্দেশ্যে কমিটির সভা ডাকবেন। ঐ দুটো সভা সেক্রেটারীর পদত্যাগ বা পদ বিলোপের অন্ততঃ দু'মাস আগে হবে না। সেক্রেটারীর পদত্যাগ বা পদবিলোপ জনিত কারণে কোন অসুবিধা হলে বিষয়টি পর্যদ্ সকাশে প্রেরণ করতে হবে এবং পর্যদের সিদ্ধান্ত চূড়ান্ত, বলে গৃহীত হবে।

শিক্ষক ও অশিক্ষক সদস্য নির্বাচন (Election of Teachers & Non-Teaching Staff) ঃ

29. (a) কমিটির সদস্য নির্বাচনের অন্ততঃ সাতদিন আগে শিক্ষক বা অশিক্ষক কর্মচারীরা যুগ্মভাবে 'শিক্ষক-অশিক্ষক' প্রতিনিধি নির্বাচন সম্পন্ন করবেন।

(b) বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা পর্যদ্ কর্তৃক নিযুক্ত ব্যক্তি অথবা প্রধান/প্রধানার অনুপস্থিতিতে বিদ্যালয়ের সাময়িকভাবে নিযুক্ত কোন শিক্ষক, যিনি প্রধানের কার্য পরিচালনার জন্য ভারপ্রাপ্ত, তিনি সাত দিনের নোটীশ সমস্ত বৈধ (eligible) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নির্বাচনী সভা আহ্বান করবেন। নির্বাচনের ৭২ ঘণ্টা পূর্বে প্রধান/প্রধানার প্রস্তাবিত মনোনয়ন পত্রে মনোনয়ন দাখিল করতে হবে। ৪৮ ঘণ্টা পূর্বে প্রধান/প্রধানা তা স্ক্রুটিনি করবেন। যথেষ্ট যুক্তির ভিত্তিতে কোন মনোনয়ন

পত্র বাতিল চূড়ান্ত বলে গ্রাহ্য। মনোনয়ন পত্র স্ক্রুটিনির ২৪ ঘণ্টার মধ্যে প্রত্যাহার করা চলবে।

সদস্যপদ বাতিল (Cessation of guardianship) :

30. (a) ভোটার তালিকায় নিজস্ব এক বা একাধিক ওয়ার্ডের জন্য বৈধ অধিকারেই অভিভাবক ভোটার হিসেবে গৃহীত হন। তাঁর ঐ ওয়ার্ড বা ওয়ার্ডগুলো বিদ্যালয় ছেড়ে যাওয়ার সঙ্গে সঙ্গেই তিনি যোগ্যতা হারাবেন। মাধ্যমিক পরীক্ষার জন্য কোন ওয়ার্ড নির্বাচিত হলে ঐ বছরের জানুয়ারী মাস থেকেই তাঁর ভোটার থাকার অধিকার বিলুপ্ত হবে।

(b) পঃ বঃ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃক হায়ার সেকেণ্ডারী পরীক্ষার জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীর অভিভাবকের ভোটার যোগ্যতা ঐ বছরের ৩০শে জুন থেকে লোপ পাবে।

31. পর্ষদ্ কর্তৃক কমিটির আয়ুষ্কাল বৃদ্ধির কোন অনুমোদন পাওয়া না গেলে, সকল সদস্যকে তিন বছরের কার্যকালের মেয়াদ অন্তে প্রত্যেক সদস্যকে পদ ছেড়ে দিতে হবে।

32. বিদ্যালয় প্রধান অথবা তাঁর অবর্তমানে বা অনুপস্থিতিতে প্রধানের ভারপ্রাপ্ত ব্যক্তি পর্ষদের কাছে কমিটি গঠন বা পুনর্গঠনের তিন প্রস্থ রিপোর্ট Form No. 4 (MC)-তে ডাইরেক্টর ও জেলা স্কুল পরিদর্শকের মারফতে পেশ করবেন।

33. বিদ্যালয় প্রধান/প্রধানা অথবা প্রধানের কাজে ভারপ্রাপ্ত কোন ব্যক্তি পর্ষদ্ সকাশে কো-অপশনের তিন প্রস্থ কপি Form No. 6 জেলা পরিদর্শক ও ডাইরেক্টর মারফৎ পেশ করবেন কো-অপশনের সাতদিনের মধ্যে।

34. নির্বাচনের ব্যাপারে কোন সংশয়, সন্দেহ বা বিতর্ক দেখা দিলে বিষয়টি পর্ষদ্ সকাশে প্রেরিতব্য এবং পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গ্রাহ্য।

স্বাঃ এন্. সিংহ

সেক্রেটারী।

Form-1 (MC)

SPECIMEN

Programme for holding election of members of the Managing Committee :

Suppose the term of a Committee expires on and from 24.6.81. In that event, the election shall be held by 24th April of 1981 at the latest. If the 24th of April be fixed as the date of election

(assuming it as Sunday or a holiday), the programme shall be as under :

(1) Date and time of publication of the Provisional Voters' List	...	15th March, 1981 at 2 p.m.
(2) Submission of claims to and objections against inclusion of any name(s)	...	22nd March, 1981 at 2 p.m.
(3) Publication of the Final Voters' List	...	7th April, 1981 at 2 p. m.
(4) Submission of Nomination Paper(s)	...	17th April, 1981 by 2 p. m.
(5) Scrutiny of Nomination Paper(s)	...	18th April, 1981 at 2 p.m.
(6) Withdrawal of Nomination Paper(s)	...	19th April, 1981 by 2 p.m.
(7) Holding of Election	...	24th April, 1981 (From 9 a. m. to 12 noon and if necessary, from 1 p.m. to 4 p.m.)

Signature of the Head of the Institution affixing the Seal, or any other person authorized by the District Inspector of Schools or appointed by the Board under Rule 4 (2b) (2c) of the Rules.

Note : (a) In drawing up an election progromme, the Head of the Institution or any other person authorized by the District Inspector of Schools or appointed by the Board under Rule 4 (2b) (2c) of the Rules may please see that the time-gaps between the different stages leading to the holding of election, are adhered to, excepting where minor adjustments may be necessary, in exceptional circumstances, to maintain the entire schedule.

(b) Dates under Items (1) to (6) should be all working days.

From-2 (MC)

SPECIMENT

In connection with the Election of members of the Managing Committee of ... ...

Name of of the contesting candidates... ... ...
(in block letters)

Voters' number on the list of voters ... ... in the Category of Guardian

Proposed by (full signature) ... ...

Proposer's Voter No... ... ...

Seconded by (full signature) ... ...

Seconder's Voter No... ... ...

Signature in full of the contesting candidate(s) ... ...
... ...

Date and time of issue of the Nomination Paper ... ...

Signature of the Head of the Institution or any other person authorized by the District Inspector of Schools or appointed by the Board under Rule 4 (2b) (2c) of the Rules.

Date and time of receipt of Nomination paper from the contesting Candidates ... ...

Signature of the Head of the Institution or any other person authorized by the District Inspector of Schools or appointed by the Board under Rulé 4 (2b) (2c) of the Rules.

Note : (1) It should be carefully noted the name of the contesting candidate as well as of the Proposer and Seconder should tally with those recorded in the final voter's list.

(2) Minor defects like spelling mistakes in the name(s] should be ignored.

(3) In case of any major discrepancy making confusion regarding identity of the candidate or the Proposer or the Seconder, the Nomination Paper is liable to be rejected. Of course, the decision of the Scrutiny Officer in this respect shall be binding.

Under Certificate of Posting

Form-3 (MC)

Letter of intimation to be issued to the Guardian-voters

To

Sri/Srimati··· ··· ··· ··· ···

··· ··· ··· ··· ···

··· ··· ··· ··· ···

Sub : Constitution/Reconstitution of the Managing Committee of··· ··· ··· ···

Dear Sir/Madam,

You are hereby informed that the Constitution/Reconstitution of the Managing Committee of the above-named school will be held on··· ··· ··· ···according to the programme noted below.

You are requested to contact the Head of the Institution or any other person authorized by the District Inspector of Schools or appointed by the Board under Rule 4 (2b) (2c) of the Rules for any detailed information in this regard.

Signature of the Head of the Institution or any other person authorised by the District Inspector of Schools or appointed by the Board under Rule 4 (2b) (2c) of the Rules (affixing the Office Seal).

ELECTION PROGRAMME

		Date	Time
1.	Date and time for publication of the Provisional Voters' List ··· ···	···	··· ···
2.	Submission of claims to and objection against omission or inclusion of any name(s) in the Voters' List ··· ···	···	··· ···
3.	Publication of the Final Voters' List ···	···	··· ···
4.	Last date of submission of the Nomination Paper(s) to the Head of the Institution or any other person authorized by the District Inspector of Schools or appointed by the Board under Rule 4(2b) (2c) of the Rules ··· ···	···	··· ···

5. Scrutiny of Nomination paper(s) ... ...
6, Withdrawal of Nomination Paper(s) ... ...
7. Holding of Election... ... ...

Name of the Ward Sri/Sm. ... ...
Class Section
Year and date of admission of the Ward ... ...
Sl. Number of the admission in the Admission Register ...

Form-4 (MC)

SPECIMEN

Letter for reporting Constitution/Reconstitution of the Managing Committee to the Board through the District Inspector of Schools (Secondary Education) and the Director of Secondary Education, West Bengal, with an advance copy to the Board,

To
The Secretary,
West Bengal Board of Secondary Education.
77/2, Park Street, Calcutta-16.

Sub : Report on the Constitution/Reconstitution of the Managing Committee of ... ...

1. The date of election of members under the category of Guardians ... ...
2. The date of election of teachers' representatives and the non-teaching staff ... ...
3. A copy of the letter with number and date from the Director of Secondary education, West Bengal or any other officer authorized by him in this behalf showing the precedence in the list of Founders, where the number of Founders in an Institution is more than one. [Vide Rule 6A (1) of the Rules.] ... ...
4. The date of nomination of member from the local Panchayat Samity quoting the number and date of the letter. [Proviso to Rule 6A (3) (i) of the Rules] ... ...

5. The date of receipt of the name of a departmental nominee quoting the number and date of the letter of the District Inspector of Schools (Secondary Education) ... ...
6. Date of co-option of a person Interested in Education by the elected, nominated and ex-officio members and the life-member, if any, of the newly elected committee under Rule 6A (3) (i) of the Rules ... ...
7. The date of election of office-bearers along with the names of members and date of assumption of charge of the school by the members of the new Managing Committee ... .
8. The name, occupation and address of each member of the constituted/reconstituted committee ... ...
9. Whether the election has been held under a special constitution approved by the Board. If so, an attested copy of the order of the Board should be enclosed ... ...
13. Total number of voters under the Category of Guradians ... ...
11. Whether nomination paper(s) have been invited and the election has been held by Ballot ... ...
12. Whether the Head of the Institution has been elected as Secretary ... ...
13. Constitution of the Committee should be detailed as under :

Names of members — Category to which they belong

(1) President
(2) Vice-President
(3) Secretary
(4) Joint Secretary

(5)

(6)

(7)

(8)

(9)

(10)

(11)

(12)

14. The following particulars are required to be enclosed along with the report :

(i) An attested copy of the resolution of the Managing Committee/Ad-hoc Committee approving the programme of election, selecting the election officer and approving the provisional and final voters' list. Where the school is under an Administrator, copy of and order of the Administrator approving the programme of election, selecting the election officer and approving the provisional and final voter's list should be enclosed.

(ii) Where the election officer has been appointed by the District Inspector of Schools or by the Board, a copy of the order to this effect should be enclosed.

(iii) An attested copy of the letter of intimation of the programme of election to the Guardian voters.

(iv) An attested copy of the report of the election officer.

(v) The date of holding of election of office-bearers of the outgoing Committee and the date of expiry of the term of the said Committee.

Signature of the Head of the Institution or any other person authorized by the District Inspecror of Schools or appointed by the Board under Rule 4 (2b) (2c) of the Rules (affixing the office seal).

Form-5 (MC)

SPECIMEN

To
The Secretary,
West Bengal Board of Secondary Education,
77/2, Park Street,
Calcutta-16.

Sub : Co-option of Sri/Sm ... ...
on the Managing Committee of... ... ...

1. Date of assumption of charge after constitution/reconstitution of the existing Managing Committee ... ...
2. Whether the existing Managing Committee was approved by the Board. If so, the number and date of the letter of approval should be quoted ... ...
3. The date upto which the school is recognised ... ...
4. The name of the outgoing member... ... ...
5. Circumstances in which the seat has fallen vacant... ...
6. Name of the co-opted member ... ...
7. Whether the name of the co-opted member is included in the list of original votérs' list on the basis of which the election of members of the existing committee was held ... ...
8. (a) Whether the co-opted (guardian member) has any ward still reading in the school... ... ...
   (b) If so, the name of the pupil and the class in which he/she is reading ... ...
   (c) The date of admission of the pupil to the school ...
   (d) The relationship of the pupil with the co-opted member... ... ...
   (e) If the co-opted member is other than father or mother of the ward, it should be stated it the parents of the pupil are living and if the pupil lives with the parents ... ...
9. Copy of the resolution of the Managing Committee regarding co-option should be enclosed.

Note : In case of a vacancy occurring the seat of a teacher's representative and the non-teaching staff if should be filled by a fresh election by the teachers from amongst themselves as per provisions under this rule.

Signature of the Head of the Institute or any other person authorised by the District Inspector of schools or appointed by the Board under rule 4 (2b) (2c) of the Rules (affixing the Office seal).

To
The Headmaster, Pingla K. K. Institution,
Po. Pingla, Dt. Midnapure.

বিষয় ঃ ম্যানেজিং কমিটি পুনর্গঠনে শিক্ষকের প্রতিনিধি নির্বাচন
রেফারেন্স ঃ সংশ্লিষ্ট স্টাফের দরখাস্ত, তাং 27.6.77

উক্ত রেফারেন্সে তাঁকে এই মর্মে জানান হচ্ছে যে, শিক্ষকদের প্রতিনিধি নির্বাচনে তিনি ভোটার হতে পারেন না, যেহেতু রুল অনুযায়ী তাঁকে নির্বাচন পরিচালনা করতে হবে।

স্বাঃ এন. ডি. ঘোষ
জেলা স্কুল পরিদর্শক
মাধ্যমিক শিক্ষা, মেদিনীপুর

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলি-১৬

ডি. ও. নং S/393
জুন 30, 1977

এ. সি. বিশ্বাস
সেক্রেটারী

প্রিয় শ্রী সিনহা,

আপনার চিঠির রেফাঃ নং XV dt. 29.6.77. আমি সংশ্লিষ্ট রুলস্ পর্যালোচনা করেছি, এবং ডি. ডি. পি. আই (SE)-এর সাথে বিষয়টি নিয়ে আলোচনা করেছি। তিনিও আমার সাথে একমত যে, বেসরকারী স্কুলের ম্যানেজমেণ্ট (এডেড ও আনএডেড) রুলস, ১৯৬৯-এ কোথাও প্রধান শিক্ষককে শিক্ষকদের নির্বাচনে অংশ গ্রহণে বাধা দেওয়া হয়নি, যেহেতু 7নং রুলস্ অনুযায়ী তিনিও শিক্ষকদের মধ্যে অন্যতম।

আপনার একান্ত
স্বাঃ অস্পষ্ট।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলি-১৬

No. $\frac{12204/G}{G/Misc/20 \text{ (Part-1)}}$ dt. 15.12.79

To

সেক্রেটারী, বাজকুল বলাই বিদ্যাপীঠ,

পোঃ—কিসমৎ বাজকুল, জেলা—মেদিনীপুর

বিষয় : ম্যানেজমেণ্ট রুলের ব্যাখ্যা

রেফারেন্স : তাঁর চিঠি তাং 6.11.79 & 6.12.79.

পর্ষদ্ প্রশাসকের আদেশানুযায়ী জানান হচ্ছে যে—

ম্যানেজিং কমিটিতে ডেপুটেড শিক্ষকের মেম্বারশিপ বজায় থাকবে, অতিরিক্ত পদে, সর্বক্ষণের জন্য নিযুক্ত শিক্ষক, এবং পরবর্তীকালে স্থায়ীপদে অন্তর্ভুক্ত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ায় শিক্ষকদের প্রতিনিধি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

স্বাঃ পি. মজুমদার
সেক্রেটারীর পক্ষে
14.12.79

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

No. $\frac{7342/G}{G/Misc/20}$ dt. 29.9.81

To

The Headmaster, Uttarpara Union High School,

Po. Uttarpara, Dt. Hooghly,

বিষয় : বেসরকারী স্কুলের ম্যানেজিং কমিটি গঠন ও পুনর্গঠনে কয়েকটি বিষয়ে ব্যাখ্যা

রেফারেন্স : আপনার চিঠি No. Gen/66/81 dt. 11.8.81

প্রিয় মহাশয়,

আপনার পয়েণ্ট মাফিক উত্তর দেওয়া হচ্ছে—

(1) বেসরকারী স্কুলের ম্যানেজিং কমিটি গঠনে এই অফিস থেকে মেমো নং S/MC—386/81, dt 7.7.81 অনুযায়ী শিক্ষকদের মধ্যে যিনি সাময়িকভাবে

বিদ্যালয় প্রধানের সমস্ত কাজকর্ম পরিচালনাতে ক্ষমতাপ্রাপ্ত—তিনি পরিচালনা করতে পারবেন, অর্থাৎ উত্তরটা 'হাঁ' বোধক।

(ii) কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী সাসপেনশন অবস্থায় থাকলেও তিনি নিজস্ব বিভাগ থেকে ভোট দিতে পারেন এবং নির্বাচনে দাঁড়াতে পারেন।

আপনার একান্ত
স্বাঃ এন্. সিংহ

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলি-১৬

সাকু´লার No. $\frac{\text{S/594}}{\text{G/Misc/20}}$ dt. 26.10.81

To
The Dist. Inspector of Schools (S.E.)

বিষয়ঃ বেসরকারী স্কুলের ম্যানেজিং কমিটির গঠন ও পুনর্গঠন (এডেড ও আন্‌এডেড)

মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গঠন ও পুনর্গঠনে লক্ষ্য করা গেছে যে, যখন কমিটির পদকর্তাদের নির্বাচন পর্ব শেষ হচ্ছে, তখন দেখা যাচ্ছে যাঁদের তত্ত্বাবধানে নির্বাচন অনুষ্ঠিত হল, তাঁদের কার্যকাল ফুরিয়ে গেছে। এটা কিন্তু ম্যানেজমেণ্ট রুলের 9(2) রুলের বিরোধী। অতএব কমিটি গঠন বা পুনর্গঠন কার্য কমিটির মেয়াদ ফুরোবার অন্ততঃ ৬০ দিন পূর্বে আরম্ভ করতে হবে।

আরও লক্ষ্য করা গেছে যে, এরূপ ত্রুটি থাকা সত্ত্বেও কমিটি গঠন বা পুনর্গঠন সংক্রান্ত বিষয় জেলা স্কুল পরিদর্শক এবং ডাইরেক্টর অব্ সেকেণ্ডারী এডুকেশন মারফৎ কমিটি অনুমোদনের জন্য পাঠান হচ্ছে—ম্যানেজমেণ্ট রুলের 8(4) ধারায়।

এইরূপ অবস্থায় জেলা স্কুল পরিদর্শককে জানান হচ্ছে যে, তাঁরা যেন অনুগ্রহ করে দেখেন যেন 9(2) রুলসের নিয়মানুযায়ী কমিটির নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজকর্ম—পদকর্তা নির্বাচন সমেত পূর্বতন কমিটির আমলেই সম্পন্ন হয় এবং বিদ্যালয় প্রধান/প্রধানাকেও যেন প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়।

স্বাঃ এন্. সিংহ
সেক্রেটারী।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলি-১৬

dt. 26th Oct. 1981

No. S/595
To
The Heads of all recognised Sec. Institutions, W.B.

বিষয়ঃ ম্যানেজিং কমিটির নির্বাচন ; রুল 5-এর ব্যাখ্যা (1)

এই মর্মে জানান যাচ্ছে যে, লক্ষ্য করা গেছে—বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নাম অভিভাবক হিসেবে রেজিষ্ট্রীভুক্ত হওয়া সত্ত্বেও শিক্ষক ও অশিক্ষক

বিভাগ (Category) থেকে ম্যানেজিং কমিটিতে নির্বাচিত হওয়ার অধিকারী হতে পারেন নি, সংশোধিত ১৯৬৯ সালের রুল 5-এর (1) ব্যাখ্যায় যে ব্যবস্থা রয়েছে, তার জন্য।

(2) অতএব পর্ষদ্ কর্তৃক ইহা স্থিরীকৃত হয়েছে যে, যেখানে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবার অধিকার ক্ষতিগ্রস্ত, শিক্ষক-অশিক্ষক বিভাগের (teachers and non-teaching staff category) প্রতিনিধি নির্বাচন স্থগিত থাকবে, যতক্ষণ পর্যন্ত উক্ত অর্ডার সংশোধিত না হয়।

উল্লিখিত ব্যাপারে শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধি নির্বাচন স্থগিত থাকলেও অভিভাবকের বিভাগ ও পঞ্চায়েত কর্তৃক শিক্ষানুরাগী (P.I.) মনোনয়নের কাজ সম্পন্ন করা যেতে পারে। শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধি নির্বাচন না হওয়া পর্যন্ত শহরাঞ্চলে শিক্ষানুরাগীকে গ্রহণ (co-option), সরকারী প্রতিনিধি প্রেরণ ও পদকর্তা (Office bearers) নির্বাচনের কাজ ও 4 (MC)-তে ম্যানেজিং কমিটি গঠনের কাজ সাময়িকভাবে স্থগিত থাকবে।

(3) অবশ্য যেখানে শিক্ষক ও অশিক্ষক অভিভাবক আছে, সেখানে বিদ্যালয় প্রধান/প্রধানাকে প্রথমে ঠিক করতে হবে, শিক্ষক ও অশিক্ষক অভিভাবকরা teacher constituency থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক কিনা, যদি দেখা যায়, তাঁদের কেউ প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক নন, তা'হলে এই মর্মে তাঁদের কাছ থেকে একটি লিখিত বিবৃতি নিয়ে ম্যানেজিং কমিটির গঠন বা পুনর্গঠনের ব্যবস্থাদি বর্তমান রুল অনুযায়ী সম্পন্ন করা হবে।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
মাধ্যমিক শিক্ষা ডাইরেক্টরেট
৬ ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. 4000 (16) Sc/S

To dt. 4th Dec. 1981

The Dist. Inspector of Schools (S. E.)

বিষয় : বেসরকারী অনুমোদিত মাধ্যমিক স্কুলের ম্যানেজম্যাণ্ট (এডেড ও আনএডেড) 6A (1) (i) রুলের সংশোধনের পর গভঃ নোটিফিকেশন নং 640 Edn. (S) dt. 24.6.81.
—প্রতিষ্ঠাতা ও আজীবন সদস্য থাকার ব্যাপারে ব্যবস্থা

উল্লিখিত বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, ম্যানেজিং কমিটির গঠন বা পুনর্গঠনে প্রতিষ্ঠাতা এবং আজীবন সদস্যকে কিরূপে গ্রহণীয়, অর্থাৎ কোন্ নিয়মাবলী অনুসরণীয়।

ডাইরেক্টর অব সেকেণ্ডারী শিক্ষা বিভাগ জেলা স্কুল পরিদর্শককে (মাঃ) নিম্নে বর্ণিত পদ্ধতিতে প্রতিষ্ঠাতা ও আজীবন সদস্যকে পালাক্রমে (by rotation) অনুমোদন করার কর্তৃত্ব দেওয়া হল।

(1) প্রতিষ্ঠাতার বেলায় বিদ্যালয়ের মানেজিং কমিটির resolution-এ ক্রমিক সংখ্যায় যার নাম প্রথমে আছে, তিনিই গঠিত বা পুনর্গঠিত ম্যানেজিং কমিটিতে প্রথম স্থান লাভের অধিকারী। এভাবে শেষের নামটি না আসা পর্যন্ত পালাক্রমে পর পর প্রতিষ্ঠাতা স্থান পাবে।

(2) 'আজীবন' সদস্যের স্থানও দানের তারিখ থেকে ধরা হবে, অর্থাৎ যিনি আগে দান করবেন, তাঁকে প্রথম সুযোগ দিতে হবে। এভাবে পালাক্রমে চলতে থাকবে।

স্পেশ্যাল কনষ্টিটিউশান স্কুলের বেলায় আজীবন সদস্য / প্রতিষ্ঠাতার নাম অনুমোদন যোগ্য নয়। তার জন্য ডাইরেক্টোরেটে কাগজপত্রসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য দাখিল করতে হবে।

স্বাঃ এস. রায়চৌধুরী
ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুকেশন, পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলিকাতা-১৬

সার্কুলার No S/678 dt. 16. 12. 81

বিষয়ঃ স্থানীয় পঞ্চায়েত সমিতি থেকে শিক্ষানুরাগী (Person interested in education) বিষয়ে ব্যাখ্যা

সর্বসাধারণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, যেখানে পঞ্চায়েতের এলাকায় সেকশন 94 অব, 1973 অনুযায়ী কোন শিক্ষায়তন অবস্থিত নয়, সেখানে সেখানকার স্কুলের ম্যানেজিং কমিটিকে ম্যানেজম্যাণ্ট রুলের 6A (3) (i) ধারায় 24 নং প্রসীডিউর অনুযায়ী শিক্ষানুরাগীকে কো-অপ্ট করতে হবে।

2. যে সব স্কুলের বিদ্যায়তন পঞ্চায়েতের আওতায় এসেছে, অথচ ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট, সেকশন 94, 1973 অনুযায়ী ম্যানেজিং কমিটি গঠিত হয়নি সেক্ষেত্রে ম্যানেজিং কমিটিতে শিক্ষানুরাগীর (P. I) স্থান খালি থাকবে।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ
৭৭/২ পার্ক স্ট্রীট
কলিকাতা-১৬

To
The Headmistress,
Kalipur Girls' High School
P. O. Purba Nichintapur, Budge Budge
24 Paraganas.

বিষয়: ম্যানেজিং কমিটির পুনর্গঠন ব্যাপারে ব্যাখ্যা
রেফা: তাঁর পত্র নং KGH 205 এবং 90/81 যথাক্রমে তাং, 24. 12. 81 এবং 28. 4. 82.

নিম্ন স্বাক্ষরকারী ক্রমিক সংখ্যানুসারে নীচে উত্তর দিচ্ছেন :—

1. বর্তমানের ম্যানেজম্যাণ্ট রুলসে অনুমোদন প্রাপ্ত কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে সংশ্লিষ্ট বিভাগ (catagory) থেকে নির্বাচনে অংশ নিতে বারণ করা হয়নি।

* * *

2. অতিরিক্ত পোষ্টে নিযুক্ত এবং অনুমোদনপ্রাপ্ত কোন স্টাফের ভোটদান এবং নির্বাচন প্রার্থী হওয়ার ব্যাপারে ম্যানেজম্যাণ্ট রুলের 6A (3) (1) রুলই স্বতঃ ব্যাখ্যাত।

3. কোন স্টাফ যদি দীর্ঘ ছুটিতে এবং ডেপুটেশনে থাকেন, সে ছুটি ও ডেপুটেশন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে ভোট দিতে পারেন এবং নির্বাচন প্রার্থীও হতে পারেন। কিন্তু নির্বাচন পদ্ধতি থেকে ভোট দান বা নির্বাচনে অংশ গ্রহণ সম্পর্কিত কোন নীতি বিচ্যুত হবে না।

* * *

স্বাঃ এস্. মুখার্জি
সেক্রেটারীর পক্ষে
এন. সিংহ (সেক্রেটারী)

গভঃ অব ওয়েষ্ট বেঙ্গল
এডুকেশন ডিপার্টমেণ্ট
মাধ্যমিক বিভাগ

No. 114-Edn(S)

dt. 3rd March 1982

নোটিফিকেশন

১৯৬৯ সালের সংশোধিত অনুমোদিত বেসরকারী শিক্ষায়তনের (এডেড এবং আনএডেড) পরবর্তীকালে নিম্নানুযায়ী সংশোধন করা হল :

সেই কথিত রুলে :

(1) সে 4নং রুলের (2a) সাব-রুলে "and got approved by the committee" এই কথাগুলোর পর বাদ দিতে হবে "at least 30 days prior to the publication of Provisional Voter's list"

(2) 5নং রুলের আইটেম (1) ব্যাখ্যায় "catagories under the Provision of" এর পরিবর্তে এই শব্দগুলো বসবে "catagories other than catagory (v) referred to in."

গভর্নরের আদেশবলে
স্বাঃ বি. এন. চ্যাটার্জী
স্পেশ্যাল সেক্রেটারী,
গভঃ অব ওয়েষ্ট বেঙ্গল

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলিকাতা-১৬

No S/188 dt. March 11, 1982

To

The Heads of all recognised non-Govt. Institutions in the State.

বিষয় : ১৯৬৯ সালের ম্যানেজম্যাণ্ট রুলের 5নং রুলের ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পর্কে ব্যাখ্যা—

রেফা : এই অফিস সাকুর্লার No S/695 dt. 28.12.81.

শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নির্বাচন স্থগিত সম্বন্ধে

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, যেহেতু সরকার ১৯৬৯ সালের ম্যানেজম্যাণ্ট রুলের রুল 5 এর ব্যাখ্যার (1) সংশোধন করে গভঃ নোটিফিকেশন নং 114 Edn. (S) dt. 3rd March, 1982 অনুযায়ী শিক্ষক অশিক্ষক অভিভাবক কর্মচারীদের নির্বাচনের বাধা অপসারিত করেছেন, সেহেতু বিদ্যালয় প্রধানদের অনুরোধ করা হচ্ছে, যাতে, শীঘ্রই শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের নিজ বিভাগের (catagory) নির্বাচন সম্পন্ন করে ম্যানেজিং কমিটির পুনর্গঠন কার্যে হস্তক্ষেপ করেন।

2. ঐ সব স্কুলের ম্যানেজিং কমিটির কার্যকাল এবং অ্যাডমিনিষ্ট্রেটারের পিরিয়ড ইতিপূর্বে 31. 3. 82 পর্যন্ত বোর্ডের সাকুর্লার নং 5/695 dt. 28. 12. 81 অনুযায়ী বাড়ান হয়েছিল তা পুনরায় 31. 7. 82 অথবা পদকর্তা (Office bearer) নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত বর্ধিত করা হল।

স্বাঃ এন্. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ

77/2 Park Street, Cal.-16

সার্কলার নং S/707 dt. August 29, 1982

To,

The Heads of all Recognised Non-Govt. Instnt, in West Bengal.

বিষয়ঃ 1981 সালের 7th July বোর্ডের সাকু´লার নম্বর S/Mc—386/81 শিক্ষানুরাগীকে P. I কো-অপ্ট করা সম্বন্ধে 24 নং প্যারাগ্রাফটির পরিবর্তন।

নিম্ন স্বাক্ষরকারী বর্তমান নির্বাচন নিয়মাবলীতে শিক্ষানুরাগীকে কো-অপ্ট করার ব্যাপারে নিম্নলিখিত পন্থা অনুসরণে নির্দেশ দিচ্ছেন।

পরিবর্তিত কার্যপ্রণালী অবিলম্বে কার্যকর হবে।

(2) যদি প্যারাগ্রাফ 24-এর বর্তমান কার্যধারায় যদি নতুন সাকু´লার না পাওয়ায় অথবা দেরীতে পাওয়ার জন্য শিক্ষানুরাগীকে কো-অপ্ট করার কাজ শেষ হয়ে থাকে, তাহলে পরিবর্তিত প্রোসীডিউর অনুযায়ী না হলেও উক্ত কাজ 31. 10. 82 পর্যন্ত আইনতঃ সিদ্ধ (valid) থাকবে।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No 2935/G
Gen. File dt. 3. 4. 82

বিষয়ঃ অনুমোদিত বেসরকারী বিদ্যালয়ের (এডেড ও আন-এডেড) ম্যানেজম্যাণ্ট রুলের 13 নং রুল অনুযায়ী অনুপস্থিতির ফলে মেম্বরশিপ বাতিল সম্বন্ধে ব্যাখ্যা।

1. ম্যানেজম্যাণ্ট রুলের রুল 13 এর ব্যবস্থানুযায়ী ম্যানেজিং কমিটিতে বিভাগীয় প্রতিনিধির সদস্যপদ বাতিলের প্রশ্ন নজরে আসেনা।
2. যে সব স্কু.লর ম্যানেজিং কমিটিতে প্রতিষ্ঠাতা সদস্যের সংখ্যা মাত্র একজন, সেখানে তার সদস্য পদ বাতিলের প্রশ্নটি ম্যানেজিং কমিটি সিদ্ধান্তের ওপর নির্ভর করবে।
3. যেহেতু প্রতিষ্ঠাতা সদস্যের নির্বাচনের কোন ব্যবস্থা নেই সেহেতু কো-অপশনের প্রশ্নটি বাতিল করা হল এবং ঐ বিভাগে (catagory) ম্যানেজিং কমিটির কার্যকাল শেষ না হওয়া পর্যন্ত পদটি খালি থাকবে।
4. যে সব স্কুলে প্রতিষ্ঠাতা সদস্যের সংখ্যা একাধিক, একজন প্রতিষ্ঠাতার

সদস্যপদ আইনে বাতিল করলে অন্য জনকে ডাইরেক্টর বা ভারপ্রাপ্ত অফিসার দ্বারা মনোনয়ন দেওয়া যেতে পারে।

স্বাঃ এম. সেনগুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলিকাতা—১৬

সার্কুলার S/499 dt. 13. 5. 82

To
The Heads of all Recognised Secondary Schools

বিষয়ঃ শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর প্রতিনিধি নির্বাচন এবং ম্যানেজিং কমিটিতে বিভাগীয় প্রতিনিধি উপস্থাপন।

নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে জানাচ্ছেন যে, ম্যানেজম্যাণ্ট রুলের 5নং রুলের ব্যাখ্যার সংশোধনের পূর্বে 1982 সালের 3rd March এর 114-Edn (S) অনুযায়ী যেখানে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী অভিভাবক ভোটার হিসেবে রেজিষ্ট্রিকৃত হয়েছিলেন, তা বাতিল এবং আদৌ করা হয়নি বলে মনে করতে হবে, তবে, ব্যতিক্রম হচ্ছে যেক্ষেত্রে বোর্ডের সার্কুলার নং S/595 dt. 26. 10. 81 অনুসারে করা হয়েছে।

যেহেতু গভঃ নোটিফিকেশন নং 114 Education (S) dt. 3rd March 1982 বলবৎ হয়েছে, বিদ্যালয় প্রধান / প্রধানারা এখন 29(A)-র নির্বাচন পদ্ধতি সরলীকৃত হওয়ায় সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শককে নব নির্বাচিত ম্যানেজিং কমিটিতে বিভাগীয় প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ জানাতে পারেন এবং পুনর্গঠন কার্য্য সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে পারেন।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

dt. 4. 9. 82

No. 8783/G
General File

To
The Headmaster,
Kalikatala Milan Bidyapith (High)
P. O. Kalikatala, 24 Paragans.

বিষয়ঃ স্কুল ম্যানেজিং কমিটিতে পঞ্চায়েত সমিতির মনোনীত প্রতিনিধি দেওয়ার ব্যাপারে ব্যাখ্যা।

রেফা : তাঁর পত্র নং 4/52 dt. 22. 7. 82

নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে জানাচ্ছেন যে, কোন স্কুলের চাকরিরত কোন শিক্ষক-অশিক্ষক কর্মচারীকে ঐ স্কুলে অর্থাৎ একই স্কুলে শিক্ষানুরাগী (Person intersted in education) হিসেবে পঞ্চায়েত সমিতির মনোনয়ন বর্তমান রুলে অনুমতিযোগ্য নয় (not permissible)।

স্বাঃ এস. মুখার্জি
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা-৬

সার্কুলার নং S/802

dt. ২০শে অক্টোবর ১৯৮২

বিষয় : নির্বাচন পদ্ধতির 4নং অনুচ্ছেদ—নির্বাচন তারিখ, রাজ্যের অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ে প্রচারিত সার্কুলার নং S/MC—386/81 dt. July 7, 1981.

নিম্ন স্বাক্ষরকারী নির্বাচন পদ্ধতির 4নং প্যারাগ্রাফে "নির্বাচন তারিখ" সম্বন্ধে নিম্নোক্ত সংশোধন করেছেন—

"নির্বাচনের তারিখ—

4. ....

নোট : বর্ষপঞ্জীর (calendar year) ১৫ই মার্চের আগে ম্যানেজিং কমিটির গঠন বা পুনর্গঠন কল্পে কোন নির্বাচন অনুষ্ঠিত হবে না।"

এই সংশোধিত পদ্ধতি অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ এন সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

সার্কুলার No S/35

dt. 2. 2. 83

To

The Heads of Recognised School
under B. S. E. W. B.

বিষয় : সংশোধন পদ্ধতি 21(b) স্থানীয় পঞ্চায়েত সমিতির মনোনয়ন সম্পর্কে পর্ষদ্ সার্কুলার No S/MC—386/81 dt. 7th July, 1981.

Ref : N. B. Note—"বর্ষপঞ্জীর ১৫ই এপ্রিলের পূর্বে ম্যানেজিং কমিটির গঠন বা পুনর্গঠন কল্পে কোন নির্বাচন অনুষ্ঠিত হবে না।"

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, "স্থানীয় পঞ্চায়েত সমিতির মনোনয়ন সম্পর্কে নিম্নানুরূপ সংশোধন করা হল :—

"কমিটির জন্য অভিভাবক সদস্য নির্বাচনের ৩০ দিনের মধ্যে পঞ্চায়েতকে অনুরোধ জানাতে হবে স্থানীয় পঞ্চায়েত সমিতির প্রতিনিধি পাঠাতে।"

সংশোধন পদ্ধতিটি নীচে বিস্তৃত করে বলা হল :

"স্থানীয় পঞ্চায়েত সমিতির মনোনয়ন 21(b) : পঞ্চায়েত এলাকার স্কুলের ক্ষেত্রে বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক কর্তৃক ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা পর্ষদ্ নিযুক্ত ব্যক্তি 4 নং রুলের (2b) (2c) রুল অনুযায়ী স্থানীয় পঞ্চায়েত সমিতিকে লিখবেন তাঁদের প্রতিনিধিকে মনোনীত করে পাঠাতে যিনি শিক্ষানুরাগী হিসেবে কমিটিতে প্রতিনিধিত্ব করবেন—অভিভাবক নির্বাচনের অন্ততঃ ১৫ দিনের মধ্যে অন্ততঃ অভিভাবক নির্বাচনের ৩০ দিনের মধ্যে। উক্ত তারিখের মধ্যে কোন নাম পাওয়া না গেলে বিষয়টি পর্ষদ্ সকাশে জানতে হবে।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা—১৬

dt. 2. 2. 83

সার্কুলার নং S/36

To,

The Heads of all Recognised Schools
Under W. B. Board of Secondary Education.

বিষয় : অফিস কর্তাদের নির্বাচন পদ্ধতি সম্পর্কে অনুচ্ছেদ 25(A), 25(B) এবং 25(C) পুন সংস্থাপন সম্পর্কে সার্কুলার নং S/MC 386/81 dt. 7.7.81

নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে জানাচ্ছেন যে, সহর এলাকা ও গ্রাম্য এলাকায় পদ-কর্তাদের (Office bearers) নির্বাচন পদ্ধতিতে অনুচ্ছেদ 25(a), 25(b), ও 25(c) পর্ষদের সার্কুলার নং S/MC—186/81 dt. 7th July, 1981 এভাবে পুনর্বিন্যাস করা হয়েছে :

"অফিস কর্তাদের নির্বাচন :"

25(a) আর্বান বা শহর এলাকার জন্য : রুল 5A (3) ও বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা জেলা পরিদর্শক অথবা পর্ষদ্ মনোনীত বা নিযুক্ত ব্যক্তি কমিটিতে একজন সদস্য কো-অপ্ট করার দশদিনের মধ্যে, নির্বাচিত, মনোনীত এবং কো-অপটেড মেম্বরদের সাতদিনের নোটিশে অফিস কর্তা ব্যক্তিদের নির্বাচনের জন্য সভা আহ্বান করবেন।

25(b) গ্রাম্য এলাকার জন্য : যে সব স্কুল 21(b) ধারার আয়ত্তে সেক্ষেত্রে নির্বাচিত মনোনীত, আজীবন সদস্য এবং পদাধিকার বলে সদস্যদের বিদ্যালয় প্রধান অথবা জেলা পরিদর্শক বা পর্ষদ্ কর্তৃক নিযুক্ত ব্যক্তি বিভাগীয় প্রতিনিধি পাওয়ার ১৫ দিনের মধ্যে প্রথম সভা আহ্বান করবেন কর্তা ব্যক্তিদের নির্বাচনের জন্য।

25(c) : 25(a) ও 25 (b) সম্পর্কে বিদ্যালয় প্রধান / প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা পর্ষদ্ নিযুক্ত ব্যক্তি প্রথম মিটিং সাতদিনের নোটিশে আহ্বান করবেন এবং প্রেসিডেণ্ট নির্বাচিত না হওয়ায় পর্যন্ত সভার কার্য পরিচালনা করবেন এবং পদকর্তাদের নির্বাচন পরিচালনা করবেন, সমান সমান হলে একবার মাত্র লটারী করে সিদ্ধান্তে পৌছাবেন।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

No. 1984/G / 089-110/143 dt. 2. 3. 83

To

The Headmaster,
Rani Rashmoni High School.
101/4, S. N. Banerjee Road, Cal.-14

রেফাঃ আপনার পত্র No SB/47/82, dt. 11. 12. 82

প্রিয় মহাশয়,

আপনার প্রশ্নের উত্তরে ক্রমিক সংখ্যানুসারে জানাচ্ছি—

1. স্টাফ কাউন্সিলে কোন ভাইস-প্রেসিডেণ্টের ও একজন যুগ্ম সম্পাদকের ব্যবস্থা হতে পারে কি ?	1. না।
2. মানেজিং কমিটিতে অশিক্ষক কর্মচারী প্রতিনিধির ব্যবস্থা আছে, কিন্তু স্টাফ কাউন্সিলে নেই। তারা কি নিজেদের জন্য কাউন্সিল গঠন করতে পারে ?	2. না। বর্তমান রুলে তার কোন ব্যবস্থা নেই।
3. N. D. S.-এর অধীনে কোন Physical Education Teacher স্টাফ কাউন্সিলে ভোট দেওয়ার অধিকার আছে কি ?	3. N. D. S.-এর teacher-দের স্টাফ কাউন্সিলের সদস্য হওয়ার অধিকার নেই।

4. স্টাট কাউন্সিলের খরচ বহন করবে কে ? তারা কি নিজেরা মাসিক চাঁদা তুলে খরচ নির্বাহ করতে পারে না ?

4. ব্যাপারটি পুরাপুরি আভ্যন্তরীণ এবং সদস্যেরা নিজে ব্যবস্থা করতে পারেন। এই বাপারে স্কুল ফাণ্ডের উপর চাপ না দেওয়া ভাল।

আপনার বিশ্বস্ত
স্বাঃ আবর বসু
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

No. 2482/G / 0538—213/112 dt. 11. 3. 83

To
The Director of Secondary Education, W. B.
6, Bhabani Datta Lane, Cal-73

বিষয় : যে সব স্কুলে দুজন হেডমাস্টার / হেডমিসট্রেস রয়েছেন তাঁদের মধ্যে পদাধিকার বলে মেম্বর ও যুগ্ম সম্পাদক কে হবেন ?

পর্ষদ 7. 2. 83 তারিখে ২৩তম সভায় পর্ষদের এক্সিকিউটিভ কমিটি যথাযথ বিবেচনার পর সিদ্ধান্ত নিয়েছেন—

"যে এজাতীয় কেসে বৈধ এবং সিনিয়র হেডমাস্টার / হেডমিসট্রেসই যিনি পরবর্তীকালে সরকারী আদেশে (No 1071—Edn.(S) dt. 19. 8. 77) পুনরায় স্কুলের স্বপদে নিযুক্ত হয়েছেন, তাঁকেই ম্যানেজিং কমিটিতে পদাধিকারবলে সদস্য পদ ও যুগ্ম সম্পাদকের মর্যাদা দিতে হবে।

স্বাঃ এম সেনগুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

dt. 21. 12. 83

No 10892/G (General File)

To
The Headmaster
Chapla High School
P. O. Chapla, 24 Paragans

বিষয় : বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি পুনর্গঠনে অন্ধ, অশিক্ষিত ও প্রতিবন্ধীদের ভোট দান পদ্ধতি।

পত্র প্রেরকের 82/83 dt. 1. 12. 83 তারিখের পত্রানুযায়ী নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ম্যানেজিং কমিটির গঠন / পুনর্গঠনে ঐরূপ ভোটারদের ভোট দানে সম্পূর্ণ নিরপেক্ষতা ও গোপনীয়তা অবলম্বন করতে নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ জানান হচ্ছে।

স্বাঃ এস্. কে. মুখার্জি
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

শিক্ষা বিভাগ, মাধ্যমিক বিভাগ

No. $\frac{\text{46-Edn(S)}}{\text{7C-62/83}}$ dt. 24. 1. 84

To

The Secretary, W. B. Board of Secondary Education

বিষয়ঃ বেসরকারী স্কুলের ম্যানেজিং কমিটিতে পঞ্চায়েত সমিতির সদস্য মনোনয়ন।

মহাশয়,

১৯৬৯ সালের বেসরকারী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি (aided & unaided) রুল 6(iv) ধারায় স্থানীয় পঞ্চায়েত সমিতির মনোনয়ন দেওয়ার বিষয়টি সংশোধিত হয়েছে। অধিকাংশ পঞ্চায়েত সমিতি ম্যানেজিং কমিটিতে মনোনীত প্রতিনিধি পাঠিয়ে সরকারী বিদ্যালয়ের সঙ্গে সহযোগিতা করেছেন। সরকারের কাছে এই মর্মে অভিযোগ এসেছে যে, নবগঠিত পঞ্চায়েত সমিতি ম্যানেজিং কমিটির বর্তমান সদস্যকে বাদ দিয়ে তার স্থলে নূতন সদস্য মনোনীত করছেন, যদিও কমিটির কার্যকাল তখনও ফুরায়নি।

সরকার এই ব্যাপারে আইনগত পরামর্শ নিয়েছেন এবং যেহেতু পঞ্চায়েত ১৯৭৩ সালের ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েৎ অ্যাক্ট অনুযায়ী একটি বডি করপোরেট, অতএব তাঁর উত্তরাধিকারীত্বের চিরন্তনতা আছে। অতএব পঞ্চায়েত কর্তৃক একটি বৈধ মনোনয়ন দিলে কমিটির পুরো কার্যকাল (terms) তিনি ভোগ করবেন অথবা বাকী সময়টুকুর জন্য তিনি প্রতিনিধিত্ব করবেন। ঐ সময়ে মনোনীত ব্যক্তিকে পরিবর্তন করে নতুন কোন মনোনয়ন দেওয়া চলবে না (vide রুল 11, বেসরকারী স্কুলের ম্যানেজমেণ্ট রুলস—১৯৬৯)

এই মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, সকলকে এই মর্মে জানান হউক।

আপনার বিশ্বস্ত
স্বাঃ/এস্. ঘোষ
ডেপুঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ্

77/2 পার্ক স্ট্রীট, কলি-১৬

No. S/76 dt. 16th Feb, 1984

To

The Heads of all recognised Non-Govt.

Secondary Schools in West Bengal.

বিষয় : বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিতে পঞ্চায়েত সমিতির সদস্য মনোনয়ন।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, যেহেতু পর্যৎ এই মর্মে কয়েকটি অনুসন্ধানের মাধ্যমে জানতে চেয়েছেন পঞ্চায়েত সমিতি কর্তৃক ম্যানেজিং কমিটিতে মনোনয়ন দেওয়ার পর কমিটির কার্যকালের মেয়াদ পার হওয়ার আগে অথবা বাকী সময়ের জন্য মনোনয়নের পরিবর্তন করা চলতে পারে কিনা।

রাজ্য সরকার থেকে এই ব্যাপারে ব্যাখ্যা চাওয়া হয়েছে।

রাজ্য সরকার তাঁর মেমো নং $\frac{\text{4b—Edn (s)}}{\text{7c—82/83}}$ dt 21.1.1984 মত দিয়েছেন যে,

যেহেতু পঞ্চায়েত সমিতি একটি বডি করপোরেট এবং পঃ বঃ পঞ্চায়েত অ্যাক্ট, ১৯৭৩ অনুযায়ী সমিতি সদস্যের পরিবর্তন হলেও আসল বা মূলটি ঠিক থাকে। পঞ্চায়েত সমিতি একবার মনোনয়ন দিলে ম্যানেজিং কমিটিতে তার পুরো কার্যকাল অথবা বাকী সময়টুকু না ফুরানো পর্যন্ত রুল 11 ধারায় বাতিল না হওয়া পর্যন্ত প্রতিনিধিত্ব করবেন।

এই সঙ্গে শিক্ষা বিভাগের মেমো নং $\frac{\text{4b—Edn (s)}}{\text{7c—62/83}}$ dt 24.1.84 জানান হল।

স্বাঃ এ. কে. দাশগুপ্ত

ডেপুটি সেক্রেঃ (জেনারেল)

পঃ বঃ রাজ্য সরকার, শিক্ষা-বিভাগ

মাধ্যমিক

No $\frac{\text{777—Edn (s)}}{\text{8B—3/83}}$ dt. 9th Aug. 1984

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ্ অ্যাক্ট, ১৯৬৩ (West Bengal Act V of 1963) এর সেকশন 45 এর সাব-সেকশন (2) এর ক্ষমতাবলে বেসরকারী শিক্ষায়তনে (এডেড ও আনএডেড) ম্যানেজম্যাণ্টের সংশোধন—No 1598-Edn (s) at 15th July, 1969 করা হল—

সংশোধন

(1) সেই বর্ণিত রুলে—

(1) 2নং রুলে—

(i) Clause (e) "ডাইরেক্টর" বলতে ডাইরেক্টর অব্ স্কুল এডুকেশন, পঃ বঙ্গ"

(ii) Clause (e)র পরে বসবে—"(ee) এক্সিকিউটিভ কমিটি মানে যে কমিটি clause (aa) সেকশন 18 অব দি অ্যাক্ট,"

(iii) 'f' clause-এর পরে বসবে—'ff' "মঞ্জুরীকৃত পদ" অর্থে ডাইরেক্টর অথবা কোন ভারপ্রাপ্ত অফিসার কর্তৃক শিক্ষক-অশিক্ষক কর্মচারীর পদ মঞ্জুর বোঝায়।"

(2) রুল (4)-এর সাব-রুল (2) "অন্ততঃপক্ষে"-এর পরিবর্তে "কম নয়" ;

(3) রুল 5—

(a) বাদ যাবে clause (2)-এর "ব্যাখ্যা" ;

(b) clause (b) "বোর্ড"-এর পরিবর্তে এক্সিকিউটিভ কমিটি ;

(4) রুল 6এ—

(a) clause (iv)-এর পরিবর্তে—"পঞ্চায়েত এলাকায় একজন শিক্ষানুরাগী পঞ্চায়েতের মনোনীত ব্যক্তি এবং পঞ্চায়েত এলাকার বাসিন্দা হবেন।"

(b) যোগ হবে—"কোন লোক একটি category বা বিভাগের শ্রেণীতে প্রতিনিধিত্ব করতে পারবে না।"

(5) রুল 6A তে

(a) সাব রুল (1) clause (iii) বাদ যাবে।

(b) সাব রুল (2)-এ যোগ হবে—
বিভিন্ন বিভাগের নির্বাচন অনুষ্ঠানের ৩০ দিন পরে জেলা স্কুল পরিদর্শকের মনোনীত প্রতিনিধি দেওয়া হবে। জেলা স্কুল পরিদর্শক উক্ত সময়ের মধ্যে প্রতিনিধি না পাঠালে বিদ্যালয় প্রধান পর্ষদের এক্সিকিউটিভ সমিতির কাছে বিষয়টি জানাবেন এবং তিনি ডাইরেক্টরের সঙ্গে পরামর্শ করে যা ভাল মনে করবেন, তাই করবেন।

(c) সাব-রুল (3) এ

(i) clause (ii) যোগ হবে—"সর্ব বিভাগে নির্বাচনের ৩০ দিনের মধ্যে বিদ্যালয় প্রধান পঞ্চায়েত সমিতিকে প্রতিনিধি প্রেরণের জন্য লিখবেন। উত্তর না পেলে এক্সিকিউটিভ কমিটির দৃষ্টিগোচরে আনবেন এবং তাঁরা যা ভাল বুঝবেন, তাই করবেন।

(ii) (i) clause এর পর নিম্নলিখিত clauseটি বসবে—

"(ii) নূতন অনুমোদিত বিদ্যালয়ের প্রধান/প্রধানা পদকর্তা (Office bearers) নির্বাচনের পূর্বে নির্বাচিত, মনোনীত এবং পদাধিকার বলে সদস্য/সদস্যবর্গ, আজীবন সদস্য (থাকলে), সকলে মিলে বিবেচনা করবেন "প্রতিষ্ঠাতার" বিষয়টি।

শহরাঞ্চলের বিদ্যালয়ের নূতন অনুমোদিত বিদ্যালয়ের প্রধান/প্রধানা office bearers নির্বাচনের আগে 'প্রতিষ্ঠাতার' বিষয়টি এবং 6A রুল অনুযায়ী নির্বাচিত, মনোনীত, ex-officio মেম্বর সকলে মিলে শিক্ষানুরাগী সদস্য (P. I. member) ঠিক করবেন।

(d) সাবরুল (4) এ নিম্নলিখিত অংশটুকু ব্যাখ্যা হিসেবে গৃহীত—

"ব্যাখ্যা—সর্বক্ষণের নিমিত্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারী মঞ্জুরীকৃত অথবা অতিরিক্ত পদে—অবেক্ষাধীন সহ যাঁরা নির্বাচনের আগে একাধিক্রমে অন্ততঃ চার মাসের কাজ করেছেন।"

(e) (5) সাবরুল (4)-এ যোগ হবে—কোন মতবিরোধ হলে (dispute) বিষয়টি এক্সিকিউটিভ কমিটির কাছে পাঠাতে হবে এবং এক্সিকিউটিভ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

6. "Power of the Board to approve and Supersede Committee"-এর পরিবর্তে বসবে—"এক্সিকিউটিভ কমিটির ক্ষমতা অনুমোদন, বাতিল করণ, প্রশাসক অথবা অ্যাড-হক কমিটি নিয়োগ করণ এবং স্পেশ্যাল কনষ্টিটিউশন মঞ্জুরকরণ ইত্যাদি।"

(b) সাবরুল (1) 'বোর্ড' কথাটির স্থলে 'এক্সিকিউটিভ কমিটি';

(c) সাবরুল (1) নিম্নোক্ত অংশটি হবে—

(1a) যখন কোন কমিটির পুনর্গঠন হয়নি, অথচ কমিটির মেয়াদ ফুরিয়ে গেছে সেখানে এক্সিকিউটিভ কমিটি প্রশাসক বা অ্যাডহক কমিটি বসিয়ে দিতে পারে;

(d) সাবরুল (2) হবে—

"(2) সাল-রুল (1) এ কোন প্রশাসক বা এ্যাডহক কমিটি নিযুক্ত হলে বাতিল কমিটির সমস্ত ক্ষমতাই তাঁরা পাবেন এবং তাঁদের কার্যকাল একবছর পর্যন্ত বাড়তে পারে এবং এক্সিকিউটিভ কমিটি প্রশাসক বা অ্যাডহক কমিটির মেয়াদ আরও ছয় মাস বাড়িয়ে দিতে পারেন এবং পুরো সময়টা দুবছরের বেশী হবে না। ইতিমধ্যে কমিটি পুনর্গঠনের যাবতীয় ব্যবস্থাদি গ্রহণ করবেন।

অনিবার্য কারণ বশতঃ প্রশাসক বা অ্যাড্‌হক কমিটি দরখাস্ত করলে তাঁদের

কার্যকাল যতদিন প্রয়োজন, ততদিন এক্সিকিউটিভ কমিটি বাড়িয়ে দিতে পারেন।"

(e) ও (f) ও 7 এ 'বোর্ড'-এর স্থলে 'এক্সিকিউটিভ কমিটি' হবে।

৪. (a) "(3) মোট সংখ্যার শতকরা ৫০ ভাগ উপস্থিতিতে 'কোরাম' হবে। ভগ্নাংশ থাকলে পুরো এক ধরতে হবে।

(4) যদি সদস্যদের কোন categoy বা বিভাগের নির্বাচন অনুষ্ঠিত না হয় তা হলেও কমিটি গঠন বা পুনর্গঠনের কাজ অসমাপ্ত থাকবে না।

9. রুল 11 তে থাকবে—

(1) নৈমিত্তিক শূন্যতা (Casual vacancy) কমিটির কোন মেম্বর যদি কোন সময় যে উদ্দেশ্যে নির্বাচিত, মনোনীত বা কো-অপটেড হচ্ছিলেন, সে উদ্দেশ্য হতে বিরত হলে ঐ পদ খালি হবে, আর তা মনোনয়ন, নির্বাচন বা কো-অপশন দ্বারা পূর্ণ করা হবে।

(2) শিক্ষক বা অশিক্ষক কর্মচারীদের শূন্যপদ রুল 6A মতে পূরণ করা হবে।

(3) শিক্ষক ব্যতীত অন্যান্য শূন্য পদে কেবলমাত্র আদি ভোটার তালিকা থেকে সংশ্লিষ্ট ভোটারের নাম নিয়ে ঐ পদ পূরণ করতে হবে।

(4) যে কোন সদস্য ক্যাজুয়েল ভেকেন্সীতে নির্বাচিত, মনোনীত বা কো-অপটেড হলে তিনি কমিটির বাকী দিনের মেয়াদ না ফুরানো পর্যন্ত ঐ কমিটিতে প্রতিনিধিত্ব করবেন।

10. (a) রুল 12-তে 'বোর্ডের' পরিবর্তে 'এক্সিকিউটিভ কমিটি' বসবে।

(b) "রাজ্য সরকারের পূর্ব অনুমোদন" কথাটি বাদ দিতে হবে।

11. রুল 6A যোগ করতে হবে—6 রুলের (VI) যা বর্ণিত হয়েছে ;

12. রুল 14-তে 'বোর্ড' শব্দের পরিবর্তে 'এক্সিকিউটিভ কমিটি' কথা গৃহীত হয়েছে।

13. 'ঐ'—

14. "29. স্টাফ কাউন্সিল—প্রত্যেকটি শিক্ষায়তনে সর্বক্ষণের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, স্থায়ী অস্থায়ীভাবে মঞ্জুরীকৃত অথবা অতিরিক্ত পদে দুবছর ধরে কর্মরত থাকলে—তাদের নিয়ে স্টাফ কাউন্সিল গঠিত হবে। ঐ কাউন্সিলের সভাপতি হবেন প্রধান/প্রধানা ; সেক্রেটারী সদস্যদের দ্বারা নির্বাচিত হবেন। কাউন্সিল বিদ্যালয়ের পড়াশোনা ও উন্নতিমূলক কাজকর্ম নিয়ে আলাপ-আলোচনা করতে পারবেন এবং কমিটির কাছে সুপারিশ পাঠাতে পারবেন। কমিটি বিবেচনা না করলে তা কাগজে কলমে লিখে রাখবেন।

"30. প্রত্যেকটি বিদ্যালয়ের কমিটি অ্যাকাডেমিক কাউন্সিল গঠন করবেন—প্রধান/প্রধানা সহ-প্রধান/প্রধানা এবং তিনজন সদস্য শিক্ষক ও লাইব্রেরীয়ানদের ভোটে নির্বাচিত হবেন।

প্রধান/প্রধানা উক্ত কাউন্সিলের প্রেসিডেন্ট ও সহ প্রধান/প্রধানা সম্পাদক। যেখানে সহপ্রধান/প্রধানার পদ নেই, সেখানে নির্বাচিত সদস্যদের থেকে একজন সেক্রেটারী নির্বাচিত হবেন। কোন সময় কোন পদ খালি হলে পদপূরণের উদ্দেশ্যে সভা থেকে নির্বাচনের সাহায্যে খালি পদ পূরণ করতে হবে। একাদশ-দ্বাদশ শ্রেণী সম্বলিত হায়ার সেকেণ্ডারী স্কুলের ক্ষেত্রে অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্য সংখ্যা প্রেসিডেন্ট ও সেক্রেটারীসহ কোন-রকমেই পাঁচজনের বেশী হবেন না।

(2) বিদ্যালয় প্রধান/প্রধানা কমিটি গঠন/পুর্নগঠন কার্য সম্পন্ন হওয়ার এক মাসের মধ্যেই শিক্ষক/শিক্ষিকা, লাইব্রেরীয়ান ও অ্যাসিষ্টান্ট লাইব্রেরীয়ানদের নিয়ে সভা থেকে অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্যদের নির্বাচন করে কাউন্সিল গঠন করবেন। যেখানে অ্যাড্‌হক কমিটি বা প্রশাসক আছেন, সেখানে অ্যাকাডেমিক কাউন্সিল অ্যাক্সিকিউটিভ কমিটি কর্তৃক নির্দেশিত উপায়ে গঠন করতে হবে।

(3) (অ্যাকাডেমিক) কাউন্সিল এই সব বিষয়ে আলোচনা করতে পারেন— (I) অ্যাডমিশান, (II) প্রমোশন, (III) সিলেকশন অব বুকস্, (IV) স্কুলের টাইম-টেবিল, ও (V) স্কুলের পড়া-শোনা এবং কো-ক্যারিকুলার কাজকর্ম। বিদ্যালয় প্রধান সাধারণতঃ কাউন্সিলের পরামর্শে চলবেন এবং উল্লিখিত বিষয়ে পরিচালিত হবেন। কিন্তু প্রধান/প্রধানা কারণ লিখিতভাবে উল্লেখ করে কাউন্সিলের উপদেশকে অগ্রাহ্য করতে পারেন, এবং সেক্ষেত্রে কাউন্সিলের যে কোন সদস্যর প্রধানের সিদ্ধান্তের সঙ্গে মতান্তর ঘটলে কমিটিতে জানাতে পারেন এবং সেক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে পরিগণিত হবে।

রাজ্যপালের আদেশক্রমে
স্বাঃ এ. কে. বসু
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক স্ট্রীট, কলি-১৬

dt. 14. 6. 85

মেমো নং 3919/L/3

To
The Secretary
Joygram Janakinath High School
Po. Minakhan/24 Pargs.

বিষয় : ম্যানেজিং কমিটিতে পঞ্চায়েত সমিতির মনোনয়ন

রেফা : তার পত্র—তাং ১৬. ৫. ৮৫

নিম্নস্বাক্ষরকারী এই মর্মে জানাচ্ছেন যে, কোন বিশেষ স্কুলের স্টাফ, মেম্বর ঐ একই স্কুলের ম্যানেজিং কমিটিতে পঞ্চায়েত সমিতি দ্বারা সদস্য মনোনীত (P.I.) হলে, বর্তমান রুলে তা অনুমতিদানযোগ্য নয়।

স্বাঃ পি. নিয়োগী
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

মেমো নং 4138/G/1

To

date 28. 8. 85

The Headmistress
Goripur Balika Vidyalay
P. O. Gazipore, Dt. Howrah.

বিষয়ঃ ম্যানেজিং কমিটি, স্টাফ, কাউন্সিল ও অ্যাকাডেমিক কাউন্সিলের সভার সময় নির্ধারণ সম্পর্কে ব্যাখ্যা।

রেফাঃ আপনার পত্র তাং ৪. ৩. ৮৫

মহাশয়,

উক্ত-পত্রের সম্পর্কে পর্ষদ্ প্রেসিডেণ্ট কর্তৃক আদিষ্ট হয়ে আপনাকে জানাছি যে,—

(1) স্কুলের পঠন-পাঠন সময়ে (School hours) পড়াশোনার ক্ষতি করে ম্যানেজিং কমিটি, স্টাফ কাউন্সিল ও অ্যাকাডেমিক কাউন্সিলের সভা ডাকা অনুমতিদান-যোগ্য নয়। ঐ সমস্ত সভা হয় স্কুল ছুটির পর অথবা রবিবার অথবা ছুটির দিনে ডাকাই সমীচীন।

(2) যেহেতু ম্যানেজিং কমিটি, স্টাফ কাউন্সিল এবং একাডেমিক কাউন্সিল স্বেচ্ছা-প্রতিষ্ঠান, অতএব স্কুল ছুটির পর অথবা ছুটির দিনে স্কুলের স্বার্থে স্বেচ্ছায় আসা উচিত।

(3) ম্যানেজিং কমিটি, স্টাফ কাউন্সিল ও অ্যাকাডেমিক কাউন্সিলের সভা সপ্তাহের ছুটির দিনে এবং স্কুলে ছুটির পর ডাকলে তা বৈধ।

আপনার বিশ্বস্ত
স্বাঃ এম. সেনগুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষাবিভাগ, মাদ্রাসা এড়ুঃ বোর্ড

19, হাজি মোহম্মদ মহসীন স্কোয়ার, কলি-১৬

মেমোঃ নং 438 Date 9th Sept. 1985

To

The Heads of all Recognised High/Jr. High, Senior Mardrasha of West Bengal

বিষয় : অতিরিক্ত পদে নিযুক্ত শিক্ষকদের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার বৈধতা

১৯৮৫ সালের ৩রা আগষ্টের মাদ্রাসা বোর্ডের সভার সিদ্ধান্ত মতে আপনাদের জানান যাচ্ছে যে, যে সব শিক্ষক অতিরিক্ত পদে নিযুক্ত হয়ে পরবর্তী সময়ে উপযুক্ত কর্তৃপক্ষের আদেশে স্থায়ী পদের অন্তর্ভুক্ত হয়েছেন এবং ইতিপূর্বে এই বোর্ড তাঁদের নিযুক্তির অনুমোদন দিয়ে থাকলে ম্যানেজিং কমিটি গঠনের জন্য শিক্ষক প্রতিনিধি নির্বাচনে তাঁদের প্রতিদ্বন্দ্বিতা বৈধ। অবশ্য নির্দিষ্ট সময়ের জন্য অতিরিক্ত পদে নিযুক্ত শিক্ষকের (দুবছরের জন্য নিযুক্ত) ভোট দান এবং প্রতিদ্বন্দ্বিতা অনুমোদনযোগ্য নয়।

স্বাঃ জেড্ হায়দর

সেক্রেটারী, ওয়েষ্ট বেঙ্গল মাদ্রাসা শিক্ষা বোর্ড

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

বিজ্ঞপ্তি নং এস/৪৫ তাং ২৪/১/৮৬

পর্ষদের কার্যকরী সমিতির ১৭. ১. ৮৬ তারিখের সিদ্ধান্ত অনুসারে পর্ষদ্ অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় প্রধানদের জানান যাচ্ছে যে,—

যে সমস্ত বিদ্যালয়ের পরিচালক সমিতি / প্রশাসক / অ্যাডহক্ কমিটির মেয়াদ ৩১/৫/৮৬ তারিখে অথবা তার আগে শেষ হয়েছে বা হবে, সেই সমস্ত বিদ্যালয়ের পরিচালক সমিতি / প্রশাসক / অ্যাডহক কমিটি নির্দিষ্ট ক্ষেত্রে পর্ষদের অন্য আদেশ সাপেক্ষে ৩০/৬/৮৬ পর্য্যন্ত মেয়াদ বাড়ান হোল।

যে সমস্ত বিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে কমিটি গঠন / পুনর্গঠনের জন্য নির্বাচনসূচী গ্রহণ করেছেন তাঁরা নির্বাচনসূচী অনুসারে কমিটি গঠন / পুনর্গঠন সম্পূর্ণ করবেন। এই বিজ্ঞপ্তির আওতাভুক্ত অন্যান্য বিদ্যালয় যারা এখনও কমিটি গঠন / পুনর্গঠনের জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেনি, সেই বিদ্যালয়গুলিকে ৩০।৩।৮৬ এর মধ্যে কমিটি পুনর্গঠনের নির্দেশ দেওয়া হচ্ছে।

সুদীপ চট্টোপাধ্যায়

সচিব

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ

৪

স্পনসর্ড ইনষ্টিটিউশন
Sponsord Institution

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা বিভাগ (মাধ্যমিক)

No. 264 Edn (S)

Date 8th March, 1982

বিজ্ঞপ্তি

সাব-সেকশনে ক্ষমতাপ্রাপ্ত এবং বিশেষ ভাবে clause (d)—

বিষয় : (1) ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ অ্যাক্টের সেকশন 45 এর clause(d) সাবসেকশন (1) এ রাজ্যপাল নিম্নলিখিত রুলগুলো রচনায় অনুমতি দিলেন স্পনসর্ড ইনষ্টিটিউশনের ম্যানেজম্যাণ্ট রুলের (মাধ্যমিক), —১৯৭২

1. **সংক্ষিপ্ত শিরোনামা :** এই রুলগুলোকে স্পনসর্ড ইনষ্টিটিউশনের ম্যানেজ-ম্যাণ্ট রুলস—১৯৭২ বলা যেতে পারে।
2. **প্রয়োগ :** এই রুলগুলো পশ্চিমবঙ্গের স্পনসর্ড ইনষ্টিটিউশনের ক্ষেত্রে প্রযোজ্য।
3. **সংজ্ঞা :** এই রুলে যে শব্দ ও বাক্যবিন্যাস ব্যবহৃত হয়েছে, তা অনুমোদিত বেসরকারী ইনষ্টিটিউশনের ম্যানেজমেণ্ট (এডেড ও আনএডেড) ১৯৬৯ এর একই অর্থ প্রকাশ করে।
4. **কমিটি :** প্রত্যেকটি স্পনসর্ড ইনষ্টিটিউশনের কমিটি (ম্যানেজিং) পরে বর্ণিত নিয়মানুসারে গঠিত হবে।
5. **কমিটি গঠন (Compsition of the Committee) :**

কমিটি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হবে যথা—

(i) রাজ্য সরকার কর্তৃক কমিটির প্রেসিডেণ্ট নিযুক্ত হবেন।

(ii) & (iii) ইনষ্টিটিউশন প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট সংস্থার (Body, organi-sation/society) সহায়তার জন্য দুজন প্রতিনিধি।

(iv) পশ্চিমবঙ্গ ডাইরেক্টর অব, পাবলিক ইনষ্ট্রাকশনের মনোনীত একজন সরকারী আমলা ;

(v) & (vi) ডাইরেক্টর অব পাবলিক ইনষ্ট্রাকশনের মনোনীত দুজন শিক্ষানুরাগী ;

(vii) ডাইরেক্টর অব, পাবলিক ইনষ্ট্রাকশন মনোনীত একজন মেডিক্যাল অফিসার ;

(viii) সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধান / প্রধানা

(ix & x) শিক্ষকদের দ্বারা নির্বাচিত দুইজন সর্বক্ষণের শিক্ষক প্রতিনিধি ;

(xi & xii) দুইজন অভিভাবক, তন্মধ্যে একজন মহিলা—বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে। তাঁরা রুল 7 অনুযায়ী প্রেসিডেণ্ট কর্তৃক মনোনীত।

অবশ্য ট্রাস্ট, ধর্মীয় প্রতিষ্ঠান ও মাইনরিটি ভাষাবাসীদের স্কুল সম্বন্ধে রাজ্য সরকারের স্পেশ্যাল কনষ্টিটিউশনের অনুমোদন দেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে।

6. **নির্বাচন ঃ** শিক্ষক প্রতিনিধি নির্বাচনের ব্যাপারে ১৯৬৭ সালের অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের রুলস্ অনুসরণীয়।

7. **অভিভাবক প্রতিনিধি মনোনয়ন ঃ** আইটেম (i) থেকে (x) পর্যন্ত সদস্যরা নিযুক্ত, মনোনীত বা নির্বাচিত হওয়ার পর কমিটির প্রেসিডেণ্ট বিদ্যালয় প্রধানের সঙ্গে আলোচনা করে রুলের (xi) ও (xii) ধারায় দুজন অভিভাবক প্রতিনিধিকে মনোনীত করবেন। কমিটির প্রেসিডেণ্ট ও বিদ্যালয় প্রধানের মধ্যে মতপার্থক্য ঘটলে বিষয়টি ডাইরেক্টরের কাছে সিদ্ধান্তের জন্য পাঠাতে হবে এবং সেক্ষেত্রে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য।

8. **সেক্রেটারী ঃ** বিদ্যালয় প্রধান সেক্রেটারী হিসাবে কাজ করবেন।

9. **সাময়িক ভেকেন্সী ঃ** শিক্ষক ভিন্ন অন্য বিভাগে সাময়িক ভাবে শূন্যপদে নিয়োগ অথবা মনোনয়ন দ্বারা শূন্যপদ পূর্ণ করা হবে। শিক্ষকদের ক্ষেত্রে 6নং রুলে পুনর্গঠনের দ্বারা পদ পূর্ণ করতে হবে। যে উদ্দেশ্যে কমিটির কোন সদস্য নির্বাচিত বা মনোনীত হয়েছিলেন, সে উদ্দেশ্য যদি অকেজো হয়ে পড়ে, তাহলে তাঁর সদস্যপদ বাতিল হবে এবং সেই শূন্যপদ মনোনয়ন, নিয়োগ অথবা নির্বাচনের সাহায্যে পূরণ করতে হবে। অন্য যে সদস্য ঐ শূন্যপদে নির্বাচিত, মনোনীত অথবা নিযুক্ত হবেন, তিনি কমিটির বাকী সময়ের জন্য, যাঁর স্থলে সদস্য হয়েছিলেন, সদস্য হিসেবে কাজ করবেন।

10. **কমিটির কার্যকাল ঃ** কমিটির প্রথম সভার (fir t meeting) দিন থেকে তিন বছরের জন্য কমিটি বহাল থাকবে। অবশ্য ঐ কার্যকাল রাজ্য সরকার কর্তৃক বাড়িয়ে দেওয়া হতে পারে।

অবশ্য অভিভাবক প্রতিনিধিরা 5নং রুলের xi এবং xii ধারায় এক বছরের জন্য পদাধিকারী থাকতে পারবেন।

11. **অনুপস্থিতির কারণে শূন্যপদ (Vacancy caused by absence) ঃ** কমিটির কোন সদস্য পরপর চারবার কমিটির সভায় অনুপস্থিত থাকলে, কমিটি কোন ভিন্নরূপ সিদ্ধান্ত না নিলে তিনি সদস্যপদ হারাবেন। ঐ শূন্যপদ ৭নং রুলের বিধান অনুযায়ী পূরণ করা হবে।

12. **সভা ও কোরাম ঃ** (Meeting and quoram) ঃ কমিটির সম্পাদক প্রতি দু'মাস অন্তর কমিটির সভা ডাকবেন। দীর্ঘ ছুটিতে (vacation) সভা

ডাকা চলবে না। অন্ততঃ সাত দিনের নোটিসে সভা ডাকতে হবে। সাতজনের উপস্থিতিতে কমিটির কোরাম হবে।

13. **অডিট** (Audit) **:** ডাইরেক্টর নিজের তৈরী করা নামের তালিকা (panel) থেকে অডিটর নিয়োগ করবেন। তিনি বিদ্যালয়ের একবছরের হিসাবপত্র পরীক্ষা করবেন এবং ৩১শে মার্চের মধ্যে কমিটিকে রিপোর্ট দেবেন। তিনি দু'প্রস্থ রিপোর্ট ডাইরেক্টরের কাছে জমা দেবেন। ডাইরেক্টর এককপি রাজ্য সরকারের কাছে জমা দেবেন। কমিটির কাজ-কর্ম ও অডিট রিপোর্টে কোন ক্রটি বা অসঙ্গতি ধরা পড়লে ডাইরেক্টর কমিটির কাছ থেকে কৈফিয়ৎ তলব করতে পারেন এবং কমিটি ডাইরেক্টরের কাছে ছয় সপ্তাহের মধ্যে ক্রটি দূরীকরণার্থে কি কি কার্যকরী পন্থা গ্রহণ করেছেন বা করতে প্রস্তাব করছেন, তা জানাবেন। যদি কৈফিয়ৎ সন্তোষজনক না হয়, তাহলে ডাইরেক্টর রাজ্য সরকারকে কমিটি বাতিল করার জন্য সুপারিশ করতে পারেন।

14. **স্পেশ্যাল মিটিং :** কমিটির চারজন সদস্যের দাবীতে কমিটির সম্পাদক এক-পক্ষকালের মধ্যে তলবী সভা ডাকতে বাধ্য। উক্ত সভা ডাকতে হলেও সাত দিনের নোটিশ দিয়ে ডাকতে হবে।

15. **তলবী সভা** (Meeting by requisition) **:** যদি কমিটির সেক্রেটারী স্পেশ্যাল মিটিং ডাকতে ব্যর্থ হন, তলবীকারীরা বিষয়টি প্রেসিডেণ্টের নজরে আনবেন। প্রেসিডেণ্ট দশ দিনের মধ্যে সভা ডাকতে ব্যর্থ হলে কমিটির সভ্য শতকরা পঞ্চাশ ভাগের উপস্থিতিতে সাতদিনের নোটিস সভা ডাকতে পারেন।

16. **জরুরী সভা** (Emegency meeting) **:** ২৪ ঘণ্টার নোটিসে প্রেসিডেণ্ট জরুরী সভা ডাকতে পারেন এবং ঐ জরুরী সভায় কেবল জরুরী বিষয়ক কোন বিষয়ের আলোচনা চলতে পারে। জরুরী সভায় পাস করা সমস্ত প্রস্তাব পরবর্তী সাধারণ সভায় অনুমোদন করিয়ে নিতে হবে।

17. কমিটির সদস্যরা কোন ভিন্নরূপ সিদ্ধান্ত না নিলে বিদ্যালয়ের চত্বরেই কমিটির সমস্ত সভা আহ্বান করতে হবে।

18. **আলোচ্য সূচী** (Agenda) **:** প্রত্যেকটি সভার আলোচনার জন্য বিষয়সূচী সম্পাদক মহাশয় বিদ্যালয় প্রধান ও প্রেসিডেণ্টের সঙ্গে আলোচনা করেই ঠিক করবেন এবং উপস্থিত সভ্যদের তিন-চতুর্থাংশের সম্মতি ব্যতীত নির্ধারিত আলোচ্যসূচীর বাইরে কোন বিষয়ের আলোচনা চলবে না। নিয়োগ, ডেপুটেশন, পদচ্যুতি অথবা বিতাড়ন সংক্রান্ত কোন বিষয় সভার যথাযথ আলোচ্যসূচীর (agenda) অন্তর্ভুক্তি না থাকলে আলোচনা করা যাবে না এবং ঐরূপ সভার নোটিস সংক্রান্ত কাগজপত্র কমিটির সভ্য-

বোর্ড, ডাইরেক্টর অব. এডুকেশন অথবা রাজ্য সরকারের পরিদর্শনের সুযোগ দিতে হবে।

19. **সভার সভাপতিত্ব** (President to preside) **:** কমিটির প্রেসিডেন্ট সভার সভাপতিত্ব করবেন। সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত সভ্যবৃন্দ সভাপতি নির্বাচন করে সভার কার্য পরিচালনা করবেন।

20. **কাস্টিং ভোট** (Casting vote) **:** সভায় ভোটাভুটির ব্যাপারে সমান সমান ভোট পড়লে সভাপতি নিজের ভোটটি ছাড়াও উপরি ভোটের (Casting vote) দ্বারা সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

21. **অডিটের রিপোর্ট :** অডিটরের প্রতিবেদন প্রাপ্তির পর কমিটির পরবর্তী সভায় অডিট রিপোর্ট বিবেচনার জন্য পেশ করতে হবে। পর্ষদ্ বা ডাইরেক্টর কমিটির কাছ থেকে কোন অতিরিক্ত বিষয় কৈফিয়ৎ তলব করলে কমিটিকে ব্যাখ্যা সহ অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

22. **সেক্রেটারীর দায়িত্ব :** কমিটির পক্ষে কমিটির সেক্রেটারী উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে পত্রালাপ বা চিঠি বিনিময় করতে পারেন। তিনি সভার কার্যাবলীর রেকর্ড সংরক্ষণ করবেন। প্রত্যেকটি সভার কার্যাবলী (proceedings) পরবর্তী সভায় অনুমোদন করিয়ে নিতে হবে।

23. **কমিটির ক্ষমতা (Power of the committee) :**
ডাইরেক্টর ও রাজ্যসরকারের নির্দেশ সাপেক্ষে কমিটি নিম্নোক্ত বিষয়ে ক্ষমতা প্রয়োগ করতে পারবেন—

(i) স্থায়ী বা অস্থায়ীভাবে শিক্ষক বা অশিক্ষক কর্মচারী নিয়োগ করতে পারেন ;

(ii) চাকরির কার্যকাল ফুরিয়ে যাওয়ার পর শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের কার্যের মেয়াদ বাড়ান যেতে পারে।

(iii) শিক্ষক বা অশিক্ষক কর্মচারীদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে চাকরি থেকে ছাটাই বা বিতাড়ন করা যেতে পারে।

(iv) ছুটি মঞ্জুরের ক্ষেত্রে ছুটির নিয়মাবলী অনুসরণ করে শিক্ষক/শিক্ষিকাদের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন প্রধান/প্রধানা আর প্রধান/প্রধানার ক্ষেত্রে প্রেসিডেন্টই মঞ্জুর করবেন।

(v) বিদ্যালয়ের ফাণ্ড পরিচালনা।

(vi) বার্ষিক বিবরণী পেশ।

(vii) বিদ্যালয়ের সার্বিক উন্নতির জন্য প্রকল্প গ্রহণ—

(viii) বছরে ছুটির তালিকা তৈরী করা ; স্পেশ্যাল ছুটি, অর্ধ ছুটি, কোন বিশেষ উপলক্ষে অথবা কোন প্রখ্যাত ব্যক্তির মৃত্যুতে ছুটি দান প্রধান/প্রধানার এক্তিয়ারে।

(ix) বিদ্যালয়ের স্বার্থে ডেপুটেশন এবং রুলস্ ও অর্ডার মেনে শিক্ষক/শিক্ষিকাকে ট্রেনিং-এর জন্য ডেপুটেশনে পাঠান প্রভৃতি।

অবশ্য কমিটির সিদ্ধান্তে কোন শিক্ষক/শিক্ষিকা ক্ষতিগ্রস্ত মনে করলে ডাইরেক্টর সমীপে প্রতিনিধিও পাঠাতে পাবেন।

(x) বিদ্যালয়ের স্বার্থের প্রয়োজনে যে কোন কাজ।

24. এই সব রুলে যা কিছু আছে তা থাকা সত্বেও রামকৃষ্ণ মিশনের সহায়তায় যে সব শিক্ষায়তন তৈরী করা হয়েছে (sponsored) নূতন কোন রুল রচনা না হওয়া পর্যন্ত, স্পেশ্যাল রুল দ্বারা রামকৃষ্ণ মিশন স্কুলগুলো পরিচালিত হবে।

25. ডাইরেক্টরের রিপোর্টের ভিত্তিতে যদি দেখা যায় স্পনসর্ড ইনষ্টিটিউশনের কমিটি যথোপযুক্তভাবে কার্য্য করছেন না তাহলে ঐ সব স্কুলে কমিটির পরিবর্তে প্রশাসক বা অ্যাডহক কমিটি নিয়োগের দ্বারা পরিচালন ক্ষমতা গ্রহণ করা যেতে পারে।

রাজ্যপালের আদেশে
জে. সি. সেনগুপ্ত
সেক্রেঃ পশ্চিমবঙ্গ সরকার।

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ অ্যাক্ট

ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট VII, 1975

(পশ্চিমবঙ্গ বিধানসভা কর্তৃক গৃহীত)

[ক্যালকাটা গেজেটের বিশেষ সংখ্যা 782, নূতন পৃষ্ঠা তাং 3rd April, 1975 রাজ্যপালের সম্মতি প্রথম প্রকাশিত হয়।]

পশ্চিমবঙ্গ রাজ্যে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ প্রতিষ্ঠা খুব জরুরী বোধ করার ফলে কাউন্সিল বা সংসদের ক্ষমতা ও কার্যাবলীর নির্ধারণ কল্পে এবং এর সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ের অবতারণার জন্য প্রয়োজন হয়ে পড়েছে।

ভারতীয় সাধারণতন্ত্রের ২৬তম বর্ষে পশ্চিমবঙ্গ বিধানসভা কর্তৃক এই আইন বিধিবদ্ধ হল :

প্রথম অধ্যায়

মুখবন্ধ

1. **সংক্ষিপ্ত শিরোনামা :** (1) এই আইনকে ১৯৭৫ সালের পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা আইন নামে অভিহিত করা যেতে পারে। (2) ব্যাপ্তি এই আইন সমস্ত পশ্চিমবঙ্গের জন্য।

2. **সংজ্ঞা :** এই আইনের রচনা প্রসঙ্গে প্রয়োজন—
   (a) 'কাউন্সিল' অর্থে সেকশন ও এর আওতায় পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ স্থাপিত ;
   (b) "ফাণ্ড" অর্থে সেকশন ২৪-এর আওতায় 'ওয়েষ্ট বেঙ্গল' কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন ফাণ্ড' ;
   (c) "ইনষ্টিটিউশনের হেড বা প্রধান" অর্থে শিক্ষায়তনের প্রধান / প্রধানাদের যে নামেই অভিহিত হউক না কেন ;
   (d) "হায়ার সেকেণ্ডারী এডুকেশন" বলতে বিশেষভাবে রাজ্য সরকার কর্তৃক সীমাবদ্ধ শিক্ষা ব্যবস্থা—স্কুল মাধ্যমিক শিক্ষার শেষে ১৯৭৪ সালের ১লা জানুয়ারী থেকে সূচিত পাবলিক এক্সামিনেশন যা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক আরব্ধ হয়—উদ্দেশ্যটা হচ্ছে, ঐ সব ছাত্র-ছাত্রীদের ইউনিভার্সিটি বা রাজ্য সরকার অথবা 'স্বয়ং ক্ষমতাসম্পন্ন সংস্থা কর্তৃক ডিগ্রী বা ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রয়োজনে এবং যা সাধারণ বা বিশেষ শিক্ষা হিসেবে রাজ্য সরকার কর্তৃক ঘোষিত—
   (i) মানবিক বিদ্যা (humanities) ; (ii) বিজ্ঞান (science) ;

(iii) বাণিজ্য (commerce) ; (iv) কৃষি (agriculture) ; (v) শিল্প বিদ্যা (technical course) অথবা (vi) অন্যান্য কোর্স—যথা বৃত্তিগত কারিগরী বিদ্যা (vocational) অথবা রাজ্য সরকার কাউন্সিলের সঙ্গে পরামর্শ করে যাই ব্যবস্থা করুন ;

(e) 'ইনষ্টিটিউশন' অর্থে হায়ার সেকেণ্ডারী স্কুল অথবা কলেজের অথবা শিক্ষায়তনের একটি ডিপার্টমেণ্ট—উদ্দেশ্য হচ্ছে, হায়ার সেকেণ্ডারী শিক্ষা দেওয়া ;

(f) 'ম্যানেজিং কমিটি' অর্থে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনার উদ্দেশ্যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ দ্বারা পরিচালিত প্রতিষ্ঠান ;

(g) "মেম্বর" অর্থে কাউন্সিলের সদস্য ;

(h) "নোটিফিকেশন" অর্থে অফিসিয়েল গেজেটে প্রকাশিত বিজ্ঞপ্তি ;

(i) "প্রেসক্রাইব্‌ড" অর্থে আইনের আওতায় বর্ণিত ;

(j) প্রেসিডেণ্ট' অর্থে কাউন্সিলের প্রেসিডেণ্ট বা সভাপতি ;

(k) "রেকগনাইজড" এই আইনের আওতায় ব্যাকরণের পরিভাষায় বিভিন্ন অর্থসহ বিদ্যালয় সংক্রান্ত স্বীকৃতি।

(l) "রেগুলেশন" অর্থে কাউন্সিল আইনের আওতায় কাউন্সিলের রেগুলেশন বা নিয়ম ;

(m) 'রুল' অর্থে এই আইনের আওতায় রাজ্য সরকার কর্তৃক তৈরী আইন ;

(n) "সেকেণ্ডারী এডুকেশন" ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা আইনে সরকার নির্দিষ্ট মাধ্যমিক শিক্ষার যে স্বরূপ বা প্যাটার্ন ১৯৭৪ সালের ১লা জানুয়ারী থেকে চালু হয় এবং মধ্যশিক্ষা পর্ষদ্‌ আয়োজিত পাবলিক পরীক্ষা পাসের সঙ্গে যেখানে এই শিক্ষা পরিসমাপ্ত হয়।

দ্বিতীয় অধ্যায়

কাউন্সিল

3. **প্রতিষ্ঠা ঃ** ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন ঃ

(1) রাজ্য সরকার এই অ্যাক্ট চালু হলে কাউন্সিল বা সংসদ প্রতিষ্ঠা করবেন এবং এই কাউন্সিলের নাম হবে ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন।

(2) এই কাউন্সিল চিরন্তন ও পরম্পরা অনুসারে সম্পত্তি অর্জন, অধিগ্রহণ, সংরক্ষণ ও আইনের বলে চুক্তিবদ্ধ হওয়া প্রভৃতি প্রয়োজনীয় কার্য সম্পন্ন করতে পারবেন।

4. **কাউন্সিলের গঠন :** (1) নিম্নোক্ত ব্যক্তিদের নিয়ে পর্ষদ্ গঠিত—
 (a) প্রেসিডেণ্ট তিনি রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত হবেন।
 (b) ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন, সভ্য, পদাধিকার বলে।
 (c) ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন, (পদাধিকার বলে) ;
 (d) ডাইরেক্টর অব টেক্‌নিক্যাল এডুকেশন, পশ্চিমবঙ্গ (পদাধিকার বলে) ;
 (e) ডাইরেক্টর অব ইণ্ডাষ্ট্রিজ, পশ্চিমবঙ্গ (ঐ)
 (f) ডাইরেক্টর অব এগ্রিকালচার, পশ্চিমবঙ্গ (ঐ)
 (g) রাজ্য সরকার কর্তৃক মনোনীত সাতজন সদস্য
  (1) একজন মহিলা—শিক্ষানুরাগী,
  (2) একজন কলেজের অধ্যক্ষ ;
  (3) বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের যে কোন ফ্যাকাল্টির একজন ডীন ;
 (h) বিদ্যালয়ের শিক্ষকদের দ্বারা নির্বাচিত চারজন সদস্য ;
 (i) বিধানসভার সদস্যদের নির্বাচিত দু'জন সদস্য ;
 (j) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য দ্বারা নির্বাচিত একজন সদস্য ;
 (k) বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে একজন নির্বাচিত সদস্য ;
 (l) নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি থেকে যথারীতি একজন সদস্য ;
 (2) প্রেসিডেণ্ট হবেন কাউন্সিলের সর্বক্ষণের অফিসার।
 (3) সাব সেকশন (1) এর clause (a) থেকে (g) পর্যন্ত সদস্যরা এবং নিম্নলিখিত ব্যক্তিরা রাজ্য সরকার কর্তৃক মনোনীত হবেন এবং তাঁরা কাউন্সিলের 'এক নম্বর' সদস্যের (first member) মর্যাদা পাবেন :
  (i) ওয়েষ্ট বেঙ্গল বিধান সভার দুজন সদস্য ;
  (ii) কলিকাতা বিশ্ববিদ্যালয় সিনেটের একজন সভ্য ;
  (iii) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের একজন সদস্য ;
  (iv) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের একজন সদস্য ;
 (4) কাউন্সিলের প্রেসিডেণ্ট ছাড়া অন্যান্য এক নম্বর সদস্য অনধিক দু' বছরের জন্য রাজ্য সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের জন্য পদমর্যাদায় আসীন থাকবেন।

5. **কাউন্সিলের প্রেসিডেণ্টের বেতন ও ভাতা :** রাজ্য সরকার যেরূপ মনস্থ করবেন, সেরূপ বেতন ও ভাতা পাবেন কাউন্সিলের প্রেসিডেণ্ট ওয়েষ্ট বেঙ্গল হায়ার বেকেণ্ডারী এডুকেশন ফাণ্ড থেকে।

6. **কাউন্সিলের প্রেসিডেণ্ট ও অন্যান্য সদস্যের নাম প্রকাশ :** কাউন্সিলের প্রেসিডেণ্ট ও অন্যান্য সদস্য নিযুক্ত, মনোনীত অথবা নির্বাচিত হওয়ার পর অফিসিয়েল গেজেটে তাঁদের নামের তালিকা প্রকাশ করা হবে।

7. **কাউন্সিলের মনোনীত সদস্যদের কার্যকাল ঃ** (1) আইনের আওতায় একজন মনোনীত অথবা নির্বাচিত সদস্যের নাম গেজেটে সেকশন 6 ধারায় প্রকাশিত হওয়ার পর থেকে রাজ্য সরকারের ইচ্ছানুযায়ী অনধিক তিন বছরের জন্য পদমর্যাদায় আসীন থাকবেন। (2) মনোনীত ও নির্বাচিত সদস্যের কার্যকাল ফুরিয়ে গেলেও কোন সদস্য পুনরায় মনোনীত বা নির্বাচিত হতে পারেন।

8. **সাময়িক শূন্যতা (Casual Vacancies) ঃ** কোন মনোনীত বা নির্বাচিত সদস্যের মৃত্যু হলে বা পদত্যাগ করলে অথবা সদস্যপদের মর্যাদা চলে গেলে ঐ শূন্যপদ পুনরায় সেকশন 6 ধারা মতে নতুনভাবে মনোনয়ন বা নির্বাচনের সাহায্যে পূরণ করা হবে।

9. **প্রেসিডেণ্টের কার্যকাল ঃ** সেকশন 44-এর আওতায় সাবসেকশন (1) ক্লজ(a) অনুযায়ী রাজ্য সরকারের ইচ্ছানুযায়ী সংসদ প্রেসিডেণ্ট একটি নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত হবেন। তবে ঐ কার্যকাল মোট চার বছরের বেশী হবে না ; আর ঐ কার্য্যকাল অতিক্রান্ত হলে প্রেসিডেণ্ট পুনরায় নিযুক্ত হতে পারেন।

10. **প্রেসিডেণ্ট, মনোনীত ও নির্বাচিত সদস্যের অযোগ্যতা হেতু কার্যকাল হ্রাস করণঃ** সংসদ প্রেসিডেণ্ট, মনোনীত ও নির্বাচিত সদস্যের মনোনয়ন বা নিযুক্তির পর তাঁদের অযোগ্যতা সাপেক্ষে তাঁদের কার্যকাল সেকশন 14 অনুযায়ী রাজ্য সরকারের ইচ্ছানুসারে হ্রাস হতে পারে।

11. **সদস্যপদ খারিজ ঃ** সেকশন 4-এর আওতায় সাবসেকশন (3) এবং clauses (2) এবং (3)-এর (g) এবং clause (h) থেকে (l) পর্যন্ত সংশ্লিষ্ট সদস্যবর্গ, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রধান, বিধানসভার সদস্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটের সদস্য, বর্ধমান ও নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়ের সদস্যপদ মর্যাদা হারালে সংসদেরও সদস্যপদ হারাবেন।

12. **সংসদ প্রেসিডেণ্টের পদত্যাগ ঃ** প্রেসিডেণ্ট রাজ্য সরকারকে লিখিত-ভাবে নোটিস দিয়ে পদত্যাদের ইচ্ছা জানাতে পারেন এবং তাঁর পদত্যাগ গৃহীত হলে তাঁকে দায়িত্বভারমুক্ত বলে মনে করা হবে।

13. **প্রেসিডেণ্টের অবর্তমানে বা অনুপস্থিতিতে স্বল্পকালীন ব্যবস্থা ঃ** প্রেসিডেণ্টের হঠাৎ মৃত্যু ঘটলে, পদত্যাগ করলে অথবা তাঁর স্বল্পকালীন অনুপস্থিতিতে প্রেসিডেণ্টের কাজ চালিয়ে নেওয়ার জন্য রাজ্য সরকার প্রেসিডেণ্ট কাজে যোগ না দেওয়া পর্যন্ত অথবা নূতন কোন প্রেসিডেণ্ট নিযুক্ত না হওয়া পর্যন্ত কাউন্সিলের সদস্যের ওপর দায়িত্বভার অর্পণ করতে পারেন।

14. **সদস্য পদে অযোগ্যতা ঃ** কাউন্সিলের সদস্য নিযুক্ত, মনোনীত অথবা নির্বাচিত হওয়ার পথে অন্তরায় হচ্ছে,—

(a) কোন ব্যক্তি উপযুক্ত বিচারালয় কর্তৃক অপ্রকৃতিস্থ ব্যক্তি হিসাবে সাব্যস্ত হলে,—

(b) দেওলিয়ার দায়যুক্ত থাকলে,—

(c) উপযুক্ত বিচারালয় কর্তৃক—দেওলিয়া দায় থেকে মুক্ত হলেও যদি এই মর্মে তিনি কোন সার্টিফিকেট না পেয়ে থাকেন যে, তাঁর দেওলিয়াপনার মূলে তাঁর দুর্ভাগ্য—কোন অসদাচরণের ফলশ্রুতি নয়।

(d) আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত এবং রাজ্য সরকার কর্তৃক সেই অপরাধ নৈতিক অধঃপতন জনিত,—

(i) ঐরূপ অযোগ্যতা রাজ্য সরকার কর্তৃক মার্জনা প্রাপ্ত হলে অথবা,

(ii) পাঁচ বছর বা তারও বেশী সময়ের জন্য কারাবাসের দণ্ডাদেশ ভোগ হলে—

(e) প্রত্যক্ষ বা পরোক্ষ নিজের অথবা অংশীদারের—

(i) কাউন্সিল কর্তৃক অনুমোদিত অথবা ভারপ্রাপ্ত ব্যক্তিদ্বারা প্রকাশিত পাঠ্য বইতে (text book) শেয়ার বা স্বার্থ থাকলে। অথবা

(ii) কাউন্সিলের সঙ্গে কোন কণ্ট্রাক্ট থাকলে অথবা যে কোন কাজ-কর্মে কোন স্বার্থ থাকলে ;

অবশ্য কোন টেক্সট্ বই প্রকাশনের সঙ্গে শেয়ার বা স্বার্থ থাকার পর যদি পাঁচ বছর পার হয়ে যায়, তাতে অযোগ্যতার দায় থেকে মুক্ত বলে ধরে নেওয়া হবে।

15. **সভা পরিচালনা ঃ** প্রেসিডেণ্ট অথবা তাঁর অনুপস্থিতিতে কাউন্সিলের সদস্যদের নির্বাচিত কোন ব্যক্তি সভায় সভাপতিত্ব করবেন এবং ঐরূপ সদস্যের সভায় ভোট দেওয়া ছাড়াও কোন বিষয়ে সমান সমান ভোটাভুটি হলে নিজের ভোট ছাড়াও কাষ্টিং ভোট দেওয়ার অধিকারী।

16. (1) কাউন্সিলের কোন সদস্যই এমন কোন বিষয়ে ভোট দিতে পারবেন না, যার সঙ্গে তাঁর কোন ব্যক্তিগত অথবা আংশিক স্বার্থ আছে অথবা যিনি ঐ শিক্ষায়তনের শিক্ষক অথবা ম্যানেজিং কমিটির সদস্য।

(2) প্রেসিডেণ্ট অথবা কোন সদস্য সভায় সভাপতিত্ব করবার সময় সাব-সেকশনে (1) যে কোন প্রশ্ন উঠতে পারে তিনি তা স্থির করবেন এবং তার সিদ্ধান্ত চূড়ান্ত।

17. **কাউন্সিলের কর্মচারীবৃন্দ ঃ** (1) কাউন্সিলের সেক্রেটারী রাজ্যসরকার

কর্তৃক নিযুক্ত হবেন এবং তাঁর চাকরির শর্তাদি রাজ্য সরকার কর্তৃক স্থিরীকৃত হবে।

(2) কাউন্সিল আইনের আওতায় এরূপ অন্যান্য অফিসার ও কর্মচারীদের সংসদের কাজ-কর্মাদি নির্বাহ করবার জন্য রাজ্য সরকারের অনুমোদন সাপেক্ষে নিযুক্ত করবেন এবং চাকরির বিভিন্ন শর্তাদিও ঠিক করবেন।

(3) প্রেসিডেণ্টের সাধারণ কর্তৃত্ব ও তদারকির পরিপ্রেক্ষিতে সংসদ সচিব মুখ্য প্রশাসক হিসেবে যে কোন সভায় বক্তব্য রাখতে পারবেন, তবে ভোট দানের বেলায় তিনি ভোটদানের অধিকারী নন।

তৃতীয় অধ্যায়

বোর্ড

18. (1) সংসদ বোর্ড অব স্টাডিজের এক বা একাধিক শাখা গঠন করতে পারেন, যথা :—

(a) মানবিক বিদ্যা (humanities) (b) বিজ্ঞান (science) ; (c) বাণিজ্য (commerce), (d) কৃষি (agriculture), (e) টেক্‌নিক্যাল বা শিল্প সম্বন্ধীয় বিদ্যা, (f) ভোকেশন্যাল কোর্স (বৃত্তিগত কারিগরী বিদ্যা) প্রভৃতি।

(2) প্রত্যেকটি বোর্ডের থাকবে—(i) প্রেসিডেণ্ট (ii) রাজ্য সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য (iii) কাউন্সিলের সদস্যদের দ্বারা সদস্যদের থেকে নির্বাচিত একজন সদস্য, (iv) কাউন্সিলের সদস্যদের দ্বারা বোর্ড অব স্টাডিজের সঙ্গে যুক্ত শিক্ষকদের থেকে নির্বাচিত অনধিক দু জন সদস্য, (v) সংশ্লিষ্ট বোর্ড অব্ স্টাডিজের বিশেষজ্ঞদের থেকে প্রেসিডেণ্ট কর্তৃক মনোনীত দুইজন সদস্য।

(3) বোর্ডের সদস্যদের কার্যকালের মেয়াদ—দু বছর। এবং কাউন্সিল ঐ কার্যকাল সময় সময় বাড়াতে পারেন এবং ঐ সময়সীমা তিন বছরের বেশী হবে না।

(4) প্রেসিডেণ্ট প্রত্যেকটি বোর্ড অব স্টাডিজের চেয়ারম্যান হিসেবে কাজ করবেন এবং কাউন্সিলের সেক্রেটারী হবেন ঐ বোর্ডের সেক্রেটারী।

(5) প্রত্যেকটি বোর্ড কাউন্সিল-নির্দিষ্ট কাজ-কর্মাদি পরিচালনা করবেন।

(6) চেয়ারম্যান ঐরূপ বোর্ডের (Board of Studies)-এর সভায় সভাপতিত্ব করবেন এবং তাঁর অনুপস্থিতিতে উপস্থিত সভ্যদের মধ্য থেকে একজন সভার কাজ পরিচালনা করবেন।

(7) বোর্ডের সভ্যমাত্রেই যত দিন তিনি কাউন্সিলের সভ্য থাকবেন, ততদিন তিনি সভ্য থাকবেন।

চতুর্থ অধ্যায়

কাউন্সিলের বিভিন্ন কমিটি

19. **কমিটির গঠন :** (1) রাজ্য সরকারের অনুমোদন নিয়ে কাউন্সিল এক বা একাধিক কমিটি গঠন করতে পারেন। যথা,—(a) স্বীকৃতি বা অনুমোদন কমিটি (recognition committee); (b) সিলেবাস কমিটি ; (c) অ্যাপিল কমিটি ; (d) ফাইনান্স কমিটি ; (e) অ্যাপিল কমিটি ; (f) অন্যান্য যে কোন কমিটি।

(2) (a) থেকে (d) ও (f) পর্যন্ত কমিটিগুলো সাব-সেকশন (1) ধারায় গঠিত হবে—প্রেসিডেণ্ট স্বয়ং চেয়ারম্যান এবং পুরো বা আংশিক কাউন্সিলের সদস্য নিয়ে অনধিক সাতজন।

(3) অ্যাপিল কমিটির সদস্য সংখ্যা সাতজনের বেশী নয় এবং যিনি ডিষ্ট্রিক্ট জজের পদমর্যাদায় ছিলেন বা আছেন এমন ব্যক্তিই চেয়ারম্যান হিসেবে কাজ করবেন এবং অন্যান্যরা পুরো অথবা অংশত কাউন্সিলের সদস্য হবেন।

(4) প্রত্যেকটি কমিটির একজন সেক্রেটারী থাকবেন। কাউন্সিলের অফিসারদের মধ্য থেকে একজন করে প্রেসিডেণ্ট কর্তৃক ডেপুটেড হবেন।

20. **কমিটির কাজকর্ম (Functions of the Committees) :**

(1) অনুমোদন কমিটির কাজ হবে কাউন্সিলের স্বীকৃতি বা অনুমোদন সংক্রান্ত সকল বিষয়ে পরামর্শ দান।

(2) সিলেবাস কমিটির কাজ—সিলেবাস ও পঠন-পাঠনের কোর্স নির্ধারণ করা এবং অনুমোদিত শিক্ষায়তনে পাঠ্য বই ঠিক করা ও পরীক্ষার কোর্স নির্ধারণ করা।

(a) সিলেবাস সংক্রান্ত বিষয়ে কাউন্সিলকে পরামর্শ দান এবং কাউন্সিল প্রেরিত বই পত্রাদি পঠন-পাঠন এবং পরীক্ষা সম্বন্ধে ব্যবস্থা করা।

(b) সিলেবাস, পাঠ্যবই ইত্যাদি সম্পর্কে কাউন্সিল কোন পরামর্শ চাইলে সে সম্পর্কে পরামর্শ দান।

(3) পরীক্ষা কমিটির কাজ হচ্ছে কাউন্সিলকে উপদেশ বা পরামর্শ দেওয়া—

(a) পরীক্ষক, মডারেটর, টেবুলেটর, প্রশ্নকর্তা, ইনভিজিলেটর, সুপার-ভাইজর ও অন্যান্য পরীক্ষা পরিচালনার সঙ্গে সংযুক্ত কর্মচারীদের দেয় পারিশ্রমিক প্রভৃতি ;

(b) ঐরূপ পরীক্ষার জন্য ফিস নির্ধারণ করা ;

(c) কাউন্সিল প্রেরিত পরীক্ষা সম্পর্কিত বিষয়ে পরামর্শ দান ;

(4) 'ফিনান্স কমিটি'র কাজ হচ্ছে, কাউন্সিলের বাজেট তৈরী করা এবং কাউন্সিল কর্তৃক ফিনান্স সম্পর্কিত বিষয় জানালে তার সম্বন্ধে কাউন্সিলকে অবহিত করা ;

(5) (a) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী ক্ষুব্ধ হলে কমিটির কাছে প্রেরিত আবেদনের (appeal) শুনানি এবং সিদ্ধান্ত গ্রহণ ;

(b) অ্যাপিল কমিটির অ্যাপিল সম্বন্ধে সিদ্ধান্ত চূড়ান্ত বলে পরিগণিত হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারী বা দেওয়ানী আদালতে কোন মামলা গ্রাহ্য নয়।

(6) সেকশন 19 এর সাব-সেকশন (1) এর (f) clause এর আওতায় গঠিত যে কোন কমিটিকে কাউন্সিল উপযুক্ত বা প্রয়োজন মনে করলে ক্ষমতা ও দায়িত্ব দিতে পারেন।

পঞ্চম অধ্যায়

কাউন্সিল ও কাউন্সিলের প্রেসিডেন্টের ক্ষমতা ও দায়িত্ব

21. কাউন্সিলের দায়িত্ব (Functions of the Council) :

(1) কাউন্সিলের কর্তব্য হচ্ছে রাজ্য সরকার কর্তৃক প্রেরিত উচ্চ মাধ্যমিক শিক্ষা সম্বন্ধীয় সমস্যা সম্বন্ধে রাজ্য সরকারকে পরামর্শ দান।

(2) রাজ্য সরকারের সাধারণ বা বিশেষ আদেশে আইনের আওতায় কাউন্সিল সাধারণভাবে উচ্চ মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে নির্দেশ, পরিদর্শন এবং তদারক (direct, supervise and control) এবং বিশেষভাবে (particularly) ক্ষমতা—

(a) কোন শিক্ষায়তনের অনুমোদন বা স্বীকৃতি (recognition) মঞ্জুর করা, প্রত্যাহার করা, অনুমোদন কমিটির সুপারিশ বিবেচনা করা প্রভৃতি।

(b) অনুমোদিত শিক্ষায়তনের তালিকা (Register) রাখা ;

(c) অনুমোদিত শিক্ষায়তন পরিদর্শন করা ;

(d) সিলেবাস কমিটির সুপারিশ অনুযায়ী অনুসরণীয় পাঠক্রম (curriculum), পাঠ্য বিষয় (syllabus) এবং পাঠ্য-ধারা (courses of studies) ও অনুমোদিত বিদ্যালয়ে পরীক্ষার জন্য নির্ধারিত পুস্তকাবলী প্রকাশে রেগুলেশন তৈরী করা ;

(e) রাজ্য সরকারের অনুমোদনক্রমে টেক্সট বই প্রস্তুতকরণ, প্রকাশ ও বিক্রয় ও অন্যান্য বই ব্যবহারের জন্য প্রয়োজনবোধে দায়িত্ব গ্রহণ ;

(f) অনুমোদিত বিদ্যালয়ের জন্য সময়ে সময়ে বইয়ের তালিকা তৈরী করে প্রকাশ করা এবং কাউন্সিলের পরীক্ষার জন্য উক্ত বইকে কাজে লাগানো বা ঐ তালিকা থেকে কোন বইকে প্রত্যাহার করে নেওয়া ;

(g) এই অ্যাক্টের আওতায় উচ্চ মাধ্যমিক পরীক্ষা চালু করা বা এইরূপ পরীক্ষাদির ব্যবস্থা করা এবং তার প্রয়োজনে রেগুলেশন রচনা করা ;

(h) কাউন্সিলের উদ্যোগে অনুষ্ঠিত পরীক্ষাদির জন্য পরীক্ষার্থীদের বিভিন্ন শর্তাদি পালনে রেগুলেশন তৈরী করা ;

(i) কাউন্সিলের উদ্যোগে পরীক্ষার ফলাফল প্রকাশ করা, এবং সার্টিফিকেট, ডিপ্লোমা, পুরস্কার ও স্কলারশিপ প্রদান করা ;

(j) পরীক্ষা কমিটির সুপারিশ অনুযায়ী (paper setters), মডারেটর, ট্যাবুলেটর, পরীক্ষক, সুপারভাইজর, নিরীক্ষক (invigilator) ও অন্যান্য কর্মচারীদের পারিশ্রমিকদান এবং পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার ফিস নির্ধারণ সম্বন্ধে রেগুলেশন প্রণয়ন ;

(k) রেগুলেশন অনুযায়ী পরীক্ষার্থীদের পরীক্ষায় বসতে অনুমতি প্রদান অথবা অনুমতি প্রত্যাখ্যান এবং রেগুলেশন মতে যা করা উচিত, তা করা ;

(l) পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক সংসদের ফাণ্ড পরিচালনা ;

(m) অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে অ্যাপিল গ্রহণ ও শুনানির জন্য রেগুলেশন তৈরী করা ;

(n) আইন অনুযায়ী প্রভিডেণ্ট ফাণ্ড চালু করা এবং পরিচালনা করা ;

(o) কাউন্সিলার অফিসার ও কর্মচারীদের আচরণ, শৃঙ্খলা ও অ্যাপিল সম্বন্ধে রেগুলেশন তৈরী করা ;

(p) রাজ্য সরকার কর্তৃক অন্যান্য কাজের দায়িত্ব দিলে তা সম্পন্ন করা ;

(3) এই আইনের আওতায় সাব-সেকশন (2) এর বলে কাউন্সিলকে রেগুলেশন তৈরী করতে প্রদত্ত ক্ষমতা কাজে লাগান প্রভৃতি।

(4) কোন রেগুলেশনই রাজ্য সরকারের অনুমোদন ব্যতিরেকে বৈধ নয়, এবং প্রয়োজনবোধে রাজ্য সরকার অনুমোদন দিতে গিয়ে রেগুলেশনে সংযোজন, বিয়োজন এবং পরিমিতিক্রমন (addition, alteration and modification) করতে পারেন।

অবশ্য এরূপ সংযোজন, বিয়োজন ও ব্যয় পরিমিতিক্রমণ করতে অথবা কাউন্সিলকে রাজ্য সরকার কর্তৃক নিরূপিত একমাস সময়ের মধ্যে মতামত প্রকাশের সুযোগ দিতে হবে।

(5) রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত সমস্ত রেগুলেশন অফিসিয়েল গেজেটে অবশ্যই প্রকাশ করতে হবে।

22. প্রেসিডেণ্টের ক্ষমতা ও দায়িত্ব (Powers and duties of the President) :

(1) প্রেসিডেণ্ট কাউন্সিলের সিদ্ধান্তকে কার্যে পরিণত করার এজন্য দায়ী থাকবেন এবং যে কোন বোর্ড অব স্টাডিজ অথবা কমিটি গঠনের ব্যাপারে কার্যকরী পন্থা অবলম্বন করবেন।

(2) যে কোন জরুরী প্রয়োজনে প্রেসিডেণ্ট কাউন্সিলের যে কোন ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। তবে তিনি কাউন্সিলের সিদ্ধান্তের বিপরীত কোন কাজ করতে পারবেন না এবং যথাসম্ভব শীঘ্র তিনি কাউন্সিলকে তাঁর কাজের রিপোর্ট দানে অবহিত করবেন এবং কোন্ অবস্থায় তাঁকে (জরুরী) ক্ষমতা প্রয়োগ করতে হল।

(3) প্রেসিডেণ্ট—

(a) কাউন্সিল নিযুক্ত সেক্রেটারী ও অন্যান্য অফিসার ও কর্মচারীদের ওপর সাধারণভাবে তত্ত্বাবধান ও তদারকি করবেন।

(b) প্রয়োজন ও উপযুক্ত বিবেচনা করলে কাউন্সিলের যে কোন সদস্য, বোর্ড অব্ স্টাডিজ ও কমিটির ওপর যে কোন কাজের দায়িত্বভার চাপিয়ে দিতে পারবেন।

(c) রাজ্য সরকার কর্তৃক নির্ধারিত রেটে ভ্রমণ ভাতা তিনি মঞ্জুর করতে পারবেন।

(d) প্রয়োজনবোধে এবং কাউন্সিলের যথাযথ পরিচালনার স্বার্থে কাউন্সিলের সঙ্গে সঙ্গতিপূর্ণ সিদ্ধান্ত অনুযায়ী তিনি যে কোন ব্যবস্থা অবলম্বন করতে পারবেন।

ষষ্ঠ অধ্যায়

সভা

23. (i) কাউন্সিলের সভা (Meeting of the Council) :

কাউন্সিল বা সংসদের বার্ষিক সভা প্রত্যেক বছর জুলাই মাসে অনুষ্ঠিত হবে।

(2) প্রেসিডেণ্ট মনে করলে সংসদ বছরের অন্যান্য সময়েও বৈঠক ডাকতে পারে। তবে বছরে অন্ততঃ চারটির কম হবে না।

(3) কাউন্সিলের যে কোন সভায় মোট সভ্যদের এক তৃতীয়াংশ উপস্থিত থাকলে কোরাম হবে।

24. সভা সম্বন্ধে রেগুলেশন : কাউন্সিলের বৈঠক বা সভা ডাকা সম্বন্ধে অথবা বোর্ড অব্ স্টাডিজ অথবা কাউন্সিলের উদ্যোগে গঠিত—যে কোন কমিটি সভা বা মিটিং এর ব্যাপারে কতকগুলো নিয়মনীতি মেনে চলতে হবে।

সপ্তম অধ্যায়

ফিনান্স ও অডিট

25. (1) প্রেসিডেন্ট কাউন্সিলের সাধারণ বার্ষিক সভায় প্রতিষ্ঠার দ্বিতীয় বর্ষে পূর্ববর্তী বছরের কাজ-কর্মের একটি রিপোর্ট পেশ করবেন।

(2) বার্ষিক বিবরণী পেশ করবার অন্ততঃ একমাস পূর্বে প্রেসিডেন্ট রাজ্যসরকারের কাছে রিপোর্ট পেশ করবেন এবং তৎসহ কাউন্সিল মন্তব্যাদিও যোগ করতে পারেন।

26. (1) **বাজেট :** (1) সংসদ প্রেসিডেন্ট প্রত্যেক বার্ষিক সভায় বাৎসরিক আয়-ব্যয়ের খসড়া হিসাব পেশ করবেন।

(2) উক্ত খসড়া বাজেট কাউন্সিল কর্তৃক পাস করার পর নির্ধারিত সময়ের মধ্যে রাজ্যসরকারের কাছে পাঠাতে হবে।

(3) (a) রাজ্যসরকার খসড়া বাজেট পাওয়ার তিনমাসের মধ্যে হয় বাজেটকে অনুমোদন করবেন, নয়তো প্রয়োজনীয় মন্তব্যাদি সহ ও সুপারিশ সহ ফেরৎ পাঠাবেন, যদি উক্ত খসড়া বাজেট রাজ্যসরকারের মতে—

(i) যুক্তিযুক্তভাবে যথার্থ ও গ্রহণযোগ্য না হয় অথবা closing balance-এ ঘাটতি পড়ে।

(ii) কাউন্সিলের কোন নূতন রেকারিং ব্যয় চাপান হতে পারে, যার দায়িত্ব পালন করা কাউন্সিলের পক্ষে সম্ভব নয় ; এবং

(iii) আইনের আওতায় যে সমস্ত ব্যয় বহন করা সম্ভব নয়, সেরকমের কোন ব্যবস্থা থাকলে।

(b) খসড়া বাজেট কাউন্সিলের clause-(a) মতে যদি ফেরত পাঠান হয়, কাউন্সিল রাজ্যসরকারের প্রস্তাব ও সুপারিশ বিবেচনা করে উক্ত বাজেট সংশোধন করবেন এবং রাজ্যসরকারের কাছে সংশোধিত বাজেট পেশ করবেন ; আর যদি প্রয়োজন মনে না করেন, তাহলে রাজ্যসরকারের প্রস্তাব ও মন্তব্যাদির উত্তর বা ব্যাখ্যা দিয়ে মূল বাজেটটি একমাসের মধ্যে রাজ্যসরকারের কাছে ফেরৎ পাঠাবেন।

(c) রাজ্যসরকার যদি সংশোধিত খসড়া-বাজেট অনুমোদন না করেন অথবা কাউন্সিল কোন সংশোধন না করেই প্রস্তাবিত বাজেটটি ফেরৎ পাঠিয়ে থাকেন, তাহলে সরকার বাজেটটি সংশোধন করে দেবেন—

(i) আয়-ব্যয়ের মধ্যে সমতা রক্ষার জন্য যোগ বিয়োগ করলে যা যথাযথ হয়।

(ii) আয়-ব্যয়ের মধ্যে কোন নূতন রেকারিং খরচে অদল-বদল বাড়ানো-কমানো করতে হলে।

(iii) অথবা যে সব খরচ করতে গিয়ে যে-সব অদল-বদল ঘটানো হল, তা আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়, তাহলে রাজ্যসরকার কর্তৃক ফেরৎ পাঠানো ঐ সংশোধিত বাজেটটি সংশ্লিষ্ট বছরের জন্য গৃহীত বাজেট বলেই পরিগণিত হবে।

(4) আর যদি রাজ্যসরকার তিনমাসের মধ্যে খসড়া বাজেটে সম্মতি না দেন অথবা কোন সংশোধন না করেন, তাহলে উক্ত বাজেট কাউন্সিল কর্তৃক গৃহীত বলে ধরে নিতে হবে।

27. **রাজ্যসরকারের অনুদান :** রাজ্যসরকার বাজেট পরিকল্পনা বিবেচনার পর এবং হিসাবপত্র সম্বন্ধে খোঁজ-খবর নিয়ে বাৎসরিক অথবা সাময়িক অনুদান মঞ্জুর করতে পারেন।

অবশ্য কাউন্সিল প্রতিষ্ঠার পর প্রথম বাজেট রাজ্যসরকারের কাছে উপস্থাপিত করলে এবং রাজ্যসরকার কাউন্সিলের থেকে প্রয়োজনীয় রিপোর্ট পাওয়ার পর রাজ্যসরকার একটি প্রাথমিক অনুদান (initial grant) মঞ্জুর করতে পারেন।

28. **কাউন্সিলের ফাণ্ড :** (1) কাউন্সিলের "ওয়েষ্ট বেঙ্গল হায়ার সেকেণ্ডারী ফাণ্ড" নামে একটি ফাণ্ড থাকবে, যাতে জমা হবে—

(a) সেকশন 27 অনুযায়ী রাজ্যসরকারের প্রদত্ত সকল অর্থ ;

(b) আইনের আওতায় সংগৃহীত সমস্ত ফিস ;

(c) কাউন্সিলের সমস্ত সম্পত্তি থেকে আয় ;

(d) যে কোন উৎস থেকে কাউন্সিলের প্রাপ্ত অর্থ অথবা কাউন্সিলের পক্ষে দেয় অর্থাদি ;

(2) ফাণ্ডটি কাউন্সিলের নামেই গঠিত হবে এবং আইন অনুযায়ী কাউন্সিল কর্তৃক পরিচালিত হবে।

(3) কাউন্সিলের নামে দেয় যে কোন টাকাপয়সা তৎক্ষণাৎ রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া অথবা স্টেট ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়াতে জমা পড়বে এবং ফাণ্ডের সমস্ত চেক প্রেসিডেন্ট অথবা তাঁর পক্ষের ভারপ্রাপ্ত ব্যক্তিই সই করবেন।

29. **ফাণ্ডের ব্যবহার (Application of the Fund) :**

আইনের সমর্থন ব্যতিরেকে ফাণ্ড থেকে কোন টাকা-পয়সা লেন-দেন চলবে না এবং বাজেট-অনুমোদিত ও নির্ধারিত পদ্ধতি ছাড়া অন্য কোন উপায়ে খরচ করা চলবে না।

30. নির্ধারিত পদ্ধতি অনুযায়ী কাউন্সিলকে আয়-ব্যয়ের হিসাব রক্ষা করতে হবে।

31. **অডিট :** (1) রাজ্যসরকার কর্তৃক নিযুক্ত অডিটর বা অডিটর গ্রুপের দ্বারা প্রতি বছরেই কাউন্সিলের হিসাব-পত্র পরীক্ষা করতে হবে।

(2) সাব-সেকশন (1) এর আওতায় হিসাবপত্র পরীক্ষা বা অডিট করার উদ্দেশ্যে উক্ত সাবসেকশনে নিযুক্ত অডিটর।

(a) অডিটের প্রয়োজনের বিবেচনায় লিখিতভাবে অডিটর কাউন্সিলের কাছ থেকে কোন দলিল বা কাগজপত্র তলব করতে পারেন।

(b) লিখিতভাবে হিসাবপত্রের সঙ্গে সংশ্লিষ্ট অথবা দায়িত্বশীল কোন ব্যক্তিকে হাজির হয়ে সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি সম্বন্ধে জবাবদিহি করতে পারেন ;

(c) লিখিতভাবে কোন ব্যক্তিকে তাঁর সম্মুখে হাজির হয়ে লিখিত বিবৃতি দিতে বলতে পারেন।

(3) রুলের সাব-সেকশন (2) মতে কাউন্সিলের প্রত্যেক সদস্য, সচিব এবং কাউন্সিলের কর্মরত কর্মচারীদের হিসাবপত্র সংক্রান্ত সমস্ত বিষয়ে অডিটরকে পরীক্ষা-নিরীক্ষার জন্য সুযোগ-সুবিধা দান বাধ্যতামূলক এবং অডিটর যা চাইবেন তা দেখাতে বা তাঁর সম্মুখে উপস্থাপিত করতে বাধ্য।

(4) সাব-সেকশন (2) মতে কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে উক্ত কর্তব্য অবহেলা করলে অথবা চাহিদা পূরণে অপারগ হলে শাস্তিস্বরূপ একশ টাকা জরিমানা দিতে বাধ্য থাকবেন।

(5) সাব-সেকশনের (4) অনুসারে শাস্তিযোগ্য অপরাধীর উপর কোন অভিযোগ রাজ্যসরকারের অনুমতি ভিন্ন করা চলবে না।

(6) সাব-সেকশনে বিচারযোগ্য অপরাধের শাস্তির জন্য একমাত্র মেট্রোপলিট ম্যাজিষ্ট্রেট অথবা প্রথমশ্রেণীর বিচার বিভাগীয় ম্যাজিষ্ট্রেট ছাড়া অন্য কাউকে দিয়ে চলবে না।

32. **অডিট রিপোর্ট :** (1) অডিট শেষ হওয়ার চৌদ্দ দিনের মধ্যে পরীক্ষিত হিসাবের একটি কপি রাজ্য সরকারের কাছে এবং আর একটি কপি কাউন্সিলের কাছে পাঠাতে হবে।

(2) রাজ্যসরকার প্রয়োজন বোধে অডিট রিপোর্টের উপর প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করতে পারেন।

অষ্টম অধ্যায়

সম্পূরক ব্যবস্থাদি

33. সেকশন (5)-এর ব্যবস্থা সাপেক্ষে—কাউন্সিলের সদস্যের সভায় উপস্থিত থাকবার জন্য অথবা অন্যান্য কাজের জন্য রাজ্য সরকারের নির্ধারিত রীতি অনুযায়ী ভাতাদি পাবেন।

34. রাজ্য সরকারের প্রয়োজনে কাউন্সিলকে চাহিদামত রিপোর্ট, রিটার্ন এবং বিবৃতি ও অন্যান্য কাগজপত্রাদি দাখিল করতে হবে।

35. প্রতিবিধান রোধে রাজ্য সরকারের ক্ষমতা (Power of the State Government to suspend proceedings) ঃ

রাজ্য সরকারের লিখিত আদেশবলে যুক্তির দ্বারা যে কোন প্রস্তাবের (resolution) কার্যকারিতা স্থগিত রাখা যাবে। উক্ত আদেশে কাউন্সিল বোর্ড অব স্টাডিজ অথবা কমিটির যে কোন কৃত কাজকর্ম অথবা যা করা হবে, এরূপ প্রস্তাব বা চেষ্টাকে বন্ধ করে দেওয়া যেতে পারে যদি রাজ্য সরকারের এরূপ ধারণা হয় যে তাঁরা ক্ষমতার অপব্যবহার করছেন।

36. কয়েক শ্রেণীর লোকের পাবলিক সার্ভেণ্টের মর্যাদা ঃ কাউন্সিলের সদস্য, যে কোন কমিটি বা বোর্ডের মেম্বর, কাউন্সিলের কর্মচারী, এবং কাউন্সিলের অডিট কার্যে নিযুক্ত ব্যক্তিরা ইণ্ডিয়ান পেনাল কোডের 21 সেকশন অনুযায়ী পাবলিক সার্ভেণ্টরূপ পরিগণিত হবেন (Act XLV of 1960)।

37. ক্ষতিপূরণ দান (Indemnity) ঃ

কোন ব্যক্তি সৎ আদর্শে প্রাণোদিত হয়ে কিছু করলে বা করতে চাইলে কোন ক্ষতিপূরণের মামলা আনা চলবে না।

38 সঞ্চয় (Savings) ঃ

এই আইনের বলে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করলে কেবলমাত্র অসিদ্ধ হবে না—

(a) এই আইনের বলে কোন পদ শূন্য হলে অথবা কাউন্সিলের কমিটি বা বোর্ডের ত্রুটির জন্য,—

(b) কাউন্সিলের কোন সদস্য সেকশন 15 অথবা কোন ব্যবস্থার বিরুদ্ধে—ভোট দিলে

(c) কোন ত্রুটি বা নিয়মবিরুদ্ধতা, মামলা বা কেসের ক্ষতি করতে পারবে না।

39. অস্থায়ী ব্যবস্থা (Transitory provisions) :

(1) এই অ্যাক্টের উদ্দেশ্যে প্রেসিডেণ্টই প্রথম রেগুলেশন তৈরী করবেন।

(2) আইনের আওতায় কাউন্সিল কর্তৃক রেগুলেশন তৈরী না করা পর্যন্ত প্রথম রেগুলেশন বলবৎ থাকবে।

40. রুলস বা আইন তৈরী করার ক্ষমতা বা অধিকার (Power to make rules) ঃ

(1) রাজ্য সরকার পূর্ব বিজ্ঞপ্তি দিয়ে আইনের উদ্দেশ্যকে চালু করবার জন্য রুলস তৈরী করতে পারেন।

(2) বিশেষভাবে এবং পূর্ববর্তী ক্ষমতা বা অধিকারের প্রতি কোন কটাক্ষ না করে এই রুলসমূহ সকলের অথবা নিম্নোক্ত বিষয়ের প্রতি সুবিচার করতে পারে—

(a) কাউন্সিল কর্তৃক কাউন্সিলের সম্পদের অধিগ্রহণ, দখল এবং বিলি-

বন্দোবস্ত-বিক্রয় করতে পারেন, তবে—তা করতে হলে সেকশন 3 এর 2 নম্বর সাব-সেকশন অনুযায়ী করতে হবে।

(b) কাউন্সিলের সদস্যদের নির্বাচন বিধি সেকশন 4-এর সাব-সেকশন (1)-এর clause (h) থেকে (l) পর্যন্ত—নির্দেশ মতে করতে হবে।

(c) সেকশন 21-এর সাব-সেকশন (2)-এর clause (h) অনুযায়ী প্রভিডেণ্ট ফাণ্ড ব্যবস্থা কাউন্সিলের কর্তৃত্বে শুরু করা যেতে পারে।

(d) অনুমোদিত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গঠন, কার্যপ্রণালী, অনুমোদন ও বাতিলকরণ।

(e) সেকশন 26-এর সাব-সেকশন (2) অনুযায়ী কাউন্সিলের বাজেট প্রস্তাব নির্দিষ্ট ফরমে করতে হবে;

(f) সেকশন 26-এর সাব-সেকশন (2) অনুযায়ী নির্দিষ্ট তারিখের মধ্যে বাজেট প্রস্তাব (budget estimate) পেশ করতে হবে;

(g) যে প্রকার বা পদ্ধতিতে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ থেকে সর্বপ্রকারের প্রাপ্য দিতে বা নিতে গেলে,

(h) সেকশন 29-এ পুনঃ ব্যবস্থাকরণ (reappropriation);

(i) সেকশন 30-এ যে পদ্ধতি বা ফরমে আয়-ব্যয়ের হিসেব রাখা;

(j) সেকশন 31-এ যে পদ্ধতিতে কাউন্সিলের হিসাবপত্র পরীক্ষা বা অডিট করা;

(k) সেকশন 34-এ কাউন্সিলকে রিপোর্ট ও বিবৃতি যে ফরমে দিতে হবে;

(l) রুলের আওতায় যে কোন বিষয়ের বিধিব্যবস্থা করা।

41. কাউন্সিলের প্রতি রাজ্য সরকারের নির্দেশ :

কাউন্সিল আইনের আওতায় ক্ষমতা ও দায়িত্ব পরিচালনার ব্যাপারে রাজ্য সরকার মাঝে মাঝে নির্দেশ, বিজ্ঞপ্তি মারফত হায়ার সেকেণ্ডারী শিক্ষার বিষয় ও সুযোগ-সুবিধা সম্বন্ধে কাউন্সিলকে অবহিত করবেন।

42. (1) **প্রত্যাহার ও সঞ্চয় (Repeal and savings) :** এতদ্ দ্বারা ১৯৭৫ সালের ওয়েষ্ট বেঙ্গল হায়ার সেকেণ্ডারী এডুকেশন অর্ডিন্যান্স প্রত্যাহার করে নেওয়া হল (West Bengal Ordinance of 1975)।

(2) উক্ত অর্ডিন্যান্সের আওতায় যা কিছু করা হয়েছে, সবকিছু বৈধ ভাবে করা হয়েছে বলে ধরে নেওয়া হবে, যেন এই আইন ১৯৭৫ সালের ৩১শে জানুয়ারী চালু হয়েছিল।

রাজ্যপালের আদেশক্রমে
কে. কে. মৈত্র
সেক্রেটারী, পশ্চিমবঙ্গ সরকার

মাধ্যমিক শিক্ষার পরিবর্তিত রূপ

(Changed pattern of Secondary Education)

No 1147 (200) IPR/P dt. 9th Nov. 1972

পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষার কাঠামোর রূপ পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং এই সিদ্ধান্ত ১৯৭৩ সালের ১লা জানুয়ারী থেকে কার্যকরী করা হবে।

দশমশ্রেণীর স্কুলের পরিবর্তিত কাঠামোর জন্য নূতন সিলেবাসের প্রস্তুতি সাপেক্ষে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্‌কে হায়ার সেকেণ্ডারী স্কুলের নবম শ্রেণীতে বর্তমান স্কুল ফাইন্যাল সিলেবাস চালু করতে নির্দেশ দেওয়া হল। হায়ার সেকেণ্ডারী স্কুলে নবম, দশম ও একাদশ শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের বর্তমান সেকেণ্ডারী কোর্স অনুসরণ করবে। অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য পর্ষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশ দেওয়া হল।

সরকার কর্তৃক ইণ্টারমিডিয়েট বোর্ড অব এডুকেশন স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হবে।

No 2062 Edn (s)

প্রেস নোট
9.11.72

প্রস্তাবাবলী

1. পশ্চিমবঙ্গ রাজ্যে বর্তমান উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রস্তাব নং 10973 Edn. dt. 6.12.55 অনুসারে ১৯৫৭ সালে চালু করা হয়।
2. বর্তমান ব্যবস্থায় বিগত পনর বছর ধরে স্কুলের শিক্ষা চালু ছিল। এই সময়ে বর্তমান শিক্ষা ব্যবস্থার কিছু কিছু ত্রুটি রাজ্য সরকারের নজরে এসেছে।
3. মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার কাঠামোর রূপ পরিবর্তনের উদ্দেশ্যে রাজ্যে যুগের প্রয়োজনে রাজ্যের বিভিন্ন শিক্ষক, ছাত্র প্রতিষ্ঠান ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে দীর্ঘদিন ধরে আলাপ আলোচনা করা হয়েছে।
4. সমস্ত মতামত বিচার-বিবেচনা করে এরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হল যে, ভারত সরকারের একই জাতীয় শিক্ষা ব্যবস্থা নীতির প্রতি সামঞ্জস্য রেখে এই রাজ্যে স্কুল শিক্ষা ব্যবস্থার কাঠামো নিম্নানুরূপ হবে :—
   (i) স্কুলের শিক্ষার পরিণতি দশ বছর ;
   (ii) প্রথম পাঁচ বছর প্রাথমিক শিক্ষা— ;
   (iii) পরবর্তী পাঁচ বছর মাধ্যমিক শিক্ষা ; আর সেই মাধ্যমিক বিভাগকে দুটি স্তরে ভাগ করা হবে,—
      (ক) জুনিয়ার সেকেণ্ডারী কোর্স, ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী ; এবং মাধ্যমিক বা সেকেণ্ডারী কোর্স—নবম ও দশম শ্রেণী পর্যন্ত।

দশম শ্রেণীতে স্কুল শিক্ষার শেষ ধাপ এবং পশ্চিমবঙ্গ শিক্ষা পর্ষদের উদ্যোগে এ স্তরে একটি জাতীয় পরীক্ষা (Public examination) গ্রহণ করা হবে।

iv) স্কুলের পড়াশোনার দশ বছরের মধ্যে প্রথম পাঁচ বছর প্রাথমিক শিক্ষা এবং মাধ্যমিক স্তরের, পাঁচ বছরে একটি সাধারণ শিক্ষার ব্যবস্থা থাকবে এবং তাতে বিশেষীকরণ ছাড়াই নবম ও দশম শ্রেণীতে সামাজিক দিক থেকে প্রয়োজনীয় ক্রাফ্‌ট্‌ বা শিল্প এবং হাতের কাজ (ট্রেড) শেখানো হবে।

(v) বর্তমানের হায়ার সেকেণ্ডারী (class xi) স্কুলগুলোকে দশম শ্রেণীর স্কুলে পরিণত করা হবে ১৯৭৩ সালের ১লা জানুয়ারী থেকে। অবশ্য পরিবর্তিত দশম শ্রেণীগুলোতে পাঠরত নবম, দশম ও একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ১৯৭৩, ১৯৭৪ ও ১৯৭৫ সালে হায়ার সেকেণ্ডারীর শেষ ধাপ পর্যন্ত যাওয়ার সুযোগ দেওয়া হবে।

(vi) পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্‌ নূতন স্কুল পাঠক্রম (curriculum) তৈরী করবেন এবং তদনুযায়ী পরিবর্তিত প্যাটার্নের জন্য নূতন সিলেবাস তৈরী করবেন।

(vii) হাই স্কুল কোর্স শেষ করে পৃথক শিক্ষায়তনে যাকে বলা যেতে পারে জুনিয়ার কলেজ, পৃথক স্বশাসিত সংস্থা (statutory body) ইণ্টার-মিডিয়েট বোর্ড অব্‌ সেকেণ্ডারী এডুকেশন পরিচালিত দু বছরের কোর্স চালু হবে,—

(a) প্রত্যেকটি সেকশনে সাধারণতঃ একশ'র বেশী ছাত্র-ছাত্রী থাকবে না ;

(b) টিউটোরিয়েল ও সেমিনার শুধু মাঝে মাঝে নয়, বাধ্যতামূলক ভাবে চালু থাকবে।

(viii) প্রকৃতপক্ষে দু'বছরের জুনিয়ার কলেজে বৃত্তিশিক্ষা ও বহুমুখী শিক্ষা, যেমন কমার্স, কৃষি, শিল্প এবং অন্যান্য উন্নয়নমূলক শিক্ষা, কৃষি, শিল্প ও ব্যবসার ক্ষেত্রে কাজে লাগান যাবে।

(ix) বর্তমান ডিগ্রী কলেজগুলোতে ১৯৭৫ সাল থেকে জুনিয়ার কলেজের কোর্স চালু হবে। ১৯৭৩ সালে নবম শ্রেণীতে পাঠরত ছাত্র-ছাত্রী ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আয়োজিত মাধ্যমিক পরীক্ষা দেবে। কলেজের বর্তমান প্রি-ইউনিভার্সিটি ১৯৭৫ সাল থেকে বন্ধ করে দেওয়া হবে এবং স্কুল ফাইন্যাল পাস করা ছাত্র-ছাত্রীরা দশ বছর কোর্সের শেষে দু'বছরের জুনিয়ার কলেজে ভর্তি হবে।

(x) ১৯৭৫ পর্যন্ত হায়ার সেকেণ্ডারী কোর্সে পাঠ শেষ করে কলেজের তিন

বছরের ডিগ্রী কোর্সে ভর্তি হবে। ১৯৭৫ সালের পর ঐরূপ ছাত্ররা —কেও থাকলে জুনিয়ার কলেজের দ্বিতীয় বর্ষে ভর্তি হতে পারে।

অর্ডার—এই মর্মে আদেশ দেওয়া যাচ্ছে যে, এই প্রস্তাব ক্যালকাটা গেজেটে প্রকাশ করা হউক এবং এর কপি ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, ইনফরমেশন ও পাবলিক রিলেসান্স ডিপার্টমেণ্টে, রাজ্যের সমস্ত বিশ্ববিদ্যালয় এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে পাঠান হউক।

রাজ্যপালের আদেশ অনুসারে,
ডি. কে. গুহ
এডুকেশন কমিশনার ও সেক্রেটারী,
পশ্চিমবঙ্গ রাজ্য সরকার।

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

নো টি ফি কে শ ন

27শে মার্চ, ১৯৭৬

রাজ্যপালের আদেশ বলে নিম্নলিখিত রেগুলেশন পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃক সংশোধিত, সংযোজিত হয়ে প্রকাশিত হল।

রেগুলেশন

1. (1) **সংক্ষিপ্ত শিরোনামা ও সূচনা :** (1) এই রেগুলেশনকে ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ কাউন্সিল অব্ হায়ার সেকেণ্ডারী এডুকেশন (ক্যারিকুলাম) রেগুলেশন বলা যেতে পারে।

(2) ১৯৭৬ সালের ১লা জুলাই থেকে এই রেগুলেশন বলবৎ হবে।

2. **সংজ্ঞা :** (a) অ্যাক্ট বলতে 'ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট VIII অব ১৯৭৫'।

(b) "শিডুল" অর্থে রেগুলেশনের সঙ্গে যুক্ত শিডুল।

(2) 'শব্দ ও উক্তি' বলতে অ্যাক্টে যা বলা হয়েছে।

3. **পাঠক্রম (Curriculum) :**

বৃত্তিশিক্ষার কোর্স (vocational course) ছাড়া হায়ার সেকেণ্ডারী শিক্ষার অন্যান্য কোর্স কাউন্সিল কর্তৃক চালু করা হবে :—

I. **ভাষা :** ৪০০ নম্বর (চারশ নম্বর)

(i) A গ্রুপের (1) নং শিডুলে ... ২০০ নম্বর

(ii) B " " " ... ২০০ নম্বর

অবশ্য মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষায় কোন ছাত্র বাংলাকে প্রথম ভাষা হিসেবে গ্রহণ করে থাকলে A গ্রুপের বাংলা নিতে হবে।

II. ২০০ নম্বরের তিনটি ঐচ্ছিক (elective) বিষয় মোট ৬০০ নম্বরের বিষয় (subject) II নম্বর শিডুল থেকে

মোট নম্বর ১০০০

III. III নং শিডুলের অন্তর্ভুক্ত কো-ক্যারিকুলার কার্যক্রমের একটিতে অংশ গ্রহণ করেছে বলে প্রধান / প্রধানাকে সার্টিফিকেট দিতে হবে।

IV. IV শিডুলের অন্তর্ভুক্ত অর্ডিনারী ও অ্যাডভান্স লেভেলের নির্দিষ্ট বিষয় থেকে যে কোন একটি ঐচ্ছিক (optional) বিষয় নেওয়া যেতে পারে,—

(a) যে কোন একটি অর্ডিনারী সাব্জেক্ট—২০০ নম্বর

(b) (অথবা) যে কোন একটি অ্যাডভান্স লেবেলের সাবজেক্ট—১০০ নম্বর করে প্রত্যেকটি

4. **ব্যাখ্যা (Interpretation) :** এইসব রেগুলেশন সম্বন্ধে কোন ব্যাখ্যার প্রশ্ন উঠলে তা রাজ্যসরকারের কাছে পাঠাতে হবে এবং সরকারের সিদ্ধান্ত বলে গ্রাহ্য।

শিডুল—I

গ্রুপ—A

নিম্নলিখিত ভাষাগুলোর মধ্যে যে কোন একটি, অবশ্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আয়োজিত মাধ্যমিক পরীক্ষায় প্রথমভাষা বাংলা থাকলে উচ্চমাধ্যমিকেও প্রথমভাষা হবে বাংলা :—

(১) বাংলা (২) নেপালী (৩) সাঁতালী (৪) হিন্দী (৫) উর্দ্দু (৬) অসমীয়া (৭) ওড়িয়া (৮) তামিল (৯) তেলেগু (১০) মলয়ালম্ (১১) মারাঠি (১২) গুজরাটি (১৩) পাঞ্জাবী (১৪) ইংরাজী।

গ্রুপ—B

ইংরাজী, গ্রুপ Aতে ইংরাজী পড়লে—বাংলা অথবা হিন্দী।

শিডুল—II

ঐচ্ছিক (Elective Subjects) :

ছাত্র / ছাত্রী নিম্নোক্ত বিষয়সমূহ থেকে প্রত্যেকটি দুটি পত্র (two papers) হিসেবে মোট ৩টি বিষয় পড়তে হবে—

(1) ফিজিক্স (2) কেমেষ্ট্রি (3) বাইওলজিক্যাল সায়েন্স (4) ম্যাথামেটিক্স (5) স্টাটিসটিক্স (6) ইকোনোমিক্স (7) পলিটিক্যাল সায়েন্স (8) হিষ্ট্রী (9) পাবলিক অ্যাডমিনিষ্ট্রেশন (10) জিওগ্রাফী (11) জিওলজি (12) সাইকোলজি (13) অন্ত্রোপলজি (14) সোসিওলজি (15) ফিলজফি (16) বিজনেস ইকোনোমিক্স—বিজিঃ ম্যাথ (17) বিজনেস অর্গানাইজেশন (18) অ্যাকাউন্টেন্সি (19) ইকো-জিওগ্রাফি (20) হোম ম্যানেজম্যাণ্ট ও নার্সিং (21) নিউট্রিশন (22) ফাইন আর্টস্ এণ্ড ক্রাফটস্ (23) মিউজিক (24) এডুকেশন (25) এগ্রোনমি (26) (a) ক্লাসিক্যাল লেঙ্গুয়েজ থেকে একটি—(i) সংস্কৃত (ii) পালি (iii) ফারসি (iv) আরবি (b) মডার্ণ

ইণ্ডিয়ান ল্যাঙ্গুয়েজ—(i) বাংলা (ii) হিন্দী (iii) উর্দ্দু (iv) নেপালী (v) (সাঁতালি) (vi) ওড়িয়া (vii) অসমীয়া।

গ্রুপ—C

মডার্ণ ফরেন ল্যাঙ্গুয়েজ—(i) ফ্রেন্স (ii) জার্মান (ii) রাশিয়া (iv) চাইনিজ।

শিডুল—III

কো-ক্যারিকুলার বিষয় হিসেবে বিধিবদ্ধ (specified) কাজকর্ম :

(i) ওয়ার্ক এডুকেশন (কর্মশিক্ষা)
(ii) ফিজক্যাল এডুকেশন (শারীর শিক্ষা)
(iii) এন. সি. সি. (ন্যাশনাল ক্যাডেট কোর)
(iv) সোস্থাল এণ্ড কমিউনিটি সার্ভিস—সামাজিক ও সেবামূলক কাজ।

শিডুল—IV

অপশ্যানেল-ইলেকটিভ সাবজেক্ট অর্ডিনারি / অ্যাডভান্সড্ লেবেল।

অর্ডিনারি লেবেল কোর্স অর্থে—সে সব ছাত্র ইলেকটিভ সাবজেক্ট হিসেবে নেয়নি—

(1)	ফিজিক্স	অর্ডিনারী ও অ্যাডভান্সড্ লেবেল
(2)	কেমিষ্ট্রী	ঐ
(3)	বটানী	কেবলমাত্র অ্যাডভান্সড্ লেবেলে
(4)	জুলোজী	ঐ
(5)	ফিজিওলজী	ঐ
(6)	ম্যাথামেটিক্স	অর্ডিনারী ও অ্যাডভান্সড্ লেবেল
(7)	স্টাটিসটিকস্	ঐ
(8)	ইকনমিকস্	ঐ
(9)	পলিটিক্যাল সায়েন্স	ঐ
(10)	হিস্ট্রী	ঐ
(11)	পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন	ঐ
(12)	জিওগ্রাফী	ঐ
(13)	জিওলজি	ঐ
(14)	সাইকোলজি	ঐ
(15)	অন্ত্রোপলজি	ঐ
(16)	সোসিওলজি	ঐ
(17)	ফিলজপি	ঐ
(18)	বিজনেস ইকোনোমিক্স	ঐ
(19)	বিজনেস অর্গানিজেশন	ঐ

(20)	একাউন্টেন্সী	অর্ডিনারী ও অ্যাডভান্সড্ লেবেল
(21)	ইকো-জিওগ্রাফী	ঐ
(22)	হোম ম্যানেজম্যান্ট ও নার্সিং	ঐ
(23)	নিউট্রিশন	ঐ
(24)	ফাইন আর্টস্ এণ্ড ক্রাফটস্	ঐ
(25)	মিউজিক	ঐ
(26)	এডুকেশন	ঐ
(27)	ল্যাঙ্গুয়েজ (ভাষা) I ও II শিডুলে	ঐ
(28)	এগ্রোনমি (নির্দেশিত)	অর্ডিনারী লেবেল
(29)	বাইওলজিক্যাল সায়েন্স	ঐ

স্বাঃ ডি. এস. গাঙ্গুলী
প্রেসিডেন্ট
পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

(১৯৭৬ সালের ২৭শে এপ্রিল ক্যালকাটা গেজেটে প্রকাশিত)

পশ্চিমবঙ্গ উচ্চ শিক্ষা সংসদ

নো টি ফি কে শ ন

২৭শে এপ্রিল, ১৯৭৬

রে গু লে শ ন

1 (1) **সংক্ষিপ্ত শিরোনামা ও সূচনা ঃ** এই রেগুলেশনকে পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ (ভোকেশ্যন্যাল কোর্স) রেগুলেশন, ১৯৭৬ বলা যেতে পারে।

(2) ১৯৭৬ সালের ১লা জুলাই থেকে এই রেগুলেশন বলবৎ হবে।

2. **সংজ্ঞা ঃ**

(1) এই রেগুলেশনে—

(a) 'অ্যাক্ট' বলতে ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট অব ১৯৭৫ ঃ

(b) 'শিডুল' বলতে এই রেগুলেশনের সঙ্গে যুক্ত শিডুল।

(2) 'শব্দ' ও 'উক্তি' রেগুলেশনে যা বলা হয়েছে, অ্যাক্টেও একই অর্থ বোঝান হয়েছে।

3. **ক্যারিকুলাম (পাঠক্রম) :** ভোকেশ্যনাল বা বৃত্তিমূলক উচ্চ মাধ্যমিক শিক্ষার কোর্সে যে পাঠক্রম চালু হবে :

I. **ল্যাঙ্গুয়েজ (ভাষা) :** ২০০ নম্বর

(i) শিডুল A তে বর্ণিত গ্রুপ এ তে যেসব ভাষার নাম আছে তন্মধ্যে যে কোন একটি :— ১০০ নম্বর

(ii) শিডুল B তে গ্রুপ বি তে যে সব ভাষা দেওয়া আছে তন্মধ্যে যে কোন একটি :— ১০০ নম্বর

অবশ্য যে ছাত্র / ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় বাংলা নিয়ে পাস করছে, তাকে উচ্চ মাধ্যমিক স্তরে বাংলাই নিতে হবে।

II. শিডুল II তে উল্লেখিত বিষয়সমূহের মধ্যে যে কোন তিনটি। ৩০০ নম্বর

III. শিডুল III তে উল্লেখিত ভোকেশন্যাল সাবজেক্টে একটি অথবা ছ'টি এলাকা হচ্ছে তার পাঠের নির্দিষ্ট বিষয় :—

একটি এলাকা (One area of study)		দু'টি এলাকা (for two areas of study)
(i)	থিওরী পত্র ২০০ / ৩০০	৫০০ নম্বর
(ii)	প্র্যাকটিক্যাল কোর্সেস এবং ওপারেশন ৩০০ / ২০০	৫০০ নম্বর
	মোট নম্বর—	১০০০ নম্বর

IV. শিডুল IV-এ বর্ণিত কো-ক্যারিকুলার কাজকর্ম (প্রধান / প্রধানা কর্তৃক সার্টিফায়েড)

(2) কাউন্সিল সিলেবাস কমিটির সুপারিশ মত মাঝে মাঝে ক্যারিকুলাম বা পাঠক্রমে পরিবর্তন করতে পারেন।

(3) এই রেগুলেশনে যে সব সাবজেক্টের ওপর সিলেবাস তৈরী করা হয়েছে বা মাঝে মাঝে হবে—

4. **ব্যাখ্যা (Interpretation) :** যদি এই রেগুলেশন সম্বন্ধে কোন প্রশ্ন ওঠে, তাহলে তা' রাজ্য সরকারের কাছে ব্যাখ্যার জন্য পাঠাতে হবে এবং সে ব্যাপারে রাজ্য সরকারের ব্যাখ্যাই চূড়ান্ত।

শি ডু ল

ল্যাঙ্গুয়েজ

গ্রুপ A

নিম্নলিখিত ভাষাসমূহের মধ্যে বাংলাভাষা তাকেই নিতে হবে, যে মাধ্যমিক পরীক্ষায় বাংলাকে প্রথম ভাষা হিসাবে মর্যাদা দিয়েছে—

(i) বাংলা (ii) নেপালী (iii) হিন্দী (iv) উর্দু (v) ইংরাজী

গ্রুপ B

ইংরাজী ; আর ইংরাজী যদি A গ্রুপ থেকে নেওয়া হয়ে থাকে, তাহলে বাংলা বা হিন্দী

শিডুল

II. ঐচ্ছিক বিষয়সমূহ (Elective Subjects) :

নিম্নে লিখিত বিষয়সমূহের মধ্য থেকে যে কোন তিনটি—

1. ফিজিক্স 2. কেমেষ্ট্রি 3. বাইওলজিক্যাল সায়েন্স 4. ম্যাথমেটিকস্ 5. বিজনেস ইকোঃ এণ্ড বিজনেস ম্যাথ, 6. বিজনেস অর্গানিজেশন 7. একাউন্টেন্সী 8. ইকনমিক জিওগ্রাফি।

শিডুল III

I. ভোকেশ্যন্যাল সাবজেক্ট (বৃত্তিমূলক বিষয়) :

1. **কৃষি** (Agriculture) : যে কোন একটি বিষয়ে এলাকা
   (i) হর্টিকালচার এবং ফল ও সব্জি সংরক্ষণ
   (ii) শস্য চাষ
   (iii) পিজিকালচার
   (iv) পোল্ট্রী ও ডেয়ারী
2. **শিল্প** (টেক্সটাইল গ্রুপ)
   (a) টেক্সটাইল স্পিনিং, উইভিং
   (b) টেক্সটাইল প্রোসেসিং, ডিজাইনিং, ব্লিচিং, ডাইয়িং এবং ফিনিশিং
3. **টেক্‌নিক্যাল এডুকেশন** (যে কোন একটি) :
   (i) মেকানিক্যাল সার্ভিসিং ও সংরক্ষণ
   (ii) ফার্ম ইকুপমেণ্টস্ সার্ভিসিং এবং সংরক্ষণ
   (iii) অটোমোবাইল সার্ভিসিং এবং সংরক্ষণ
   (iv) ফেব্রিকেশন প্র্যাকটিস
   (v) ইলেকট্রিকেল সার্ভিসিং এবং সংরক্ষণ
   (vi) রেডিও এবং ইলেকট্রনিক সার্ভিসিং এবং সংরক্ষণ
   (vii) সিভিল ইঞ্জিনীয়ারিং সংরক্ষণ
   (viii) ওয়াটার সাপ্লাই ও সেনিটারী সার্ভিস
4. **ট্রেড এণ্ড কমার্স** (যে কোন দুটি) :
   (i) অফিস প্রোসীডিউর ও রুটিন, (ii) স্টেনোগ্রাফী (iii) কো-অপারেটিভ সংগঠন ও অপারেশন ; (iv) বেঙ্কিং, (v) ইনসিওরেন্স, (vi) ইম্পোর্ট-এক্সপোর্ট, (vii) স্টোর পারচেজ ও স্টোর মেনটেনেন্স, (viii) সেলসম্যানশিপ এণ্ড অ্যাডভারটাজিং (ix) কস্ট একাউন্টিং

(x) টেক্সেশন (ইনকাম টেক্স, সেলস টেক্স, মিউনিসিপ্যাল ট্যাক্স ও অক্টরয়) (xi) একাউন্টেন্সী।

5. **প্যারা মেডিক্যাল শিক্ষা** (যে কোন একটি) **:**

(i) ফার্মেসী (ii) মাল্টিপারপাস হেলথ শিক্ষা (iii) মেডিক্যাল লেবরেটরী টেকনোলজী।

শিডুল IV

স্পেসিফাইড কাজকর্ম :

(i) ওয়ার্ক এডুকেশন (ii) ফিজিক্যাল এডুকেশন (iii) এন্. সি. সি. (iv) সোস্যাল ও কমিউনিটি সার্ভিস।

স্বাঃ ডি. এস. গাংগুলী
প্রেসিডেন্ট
পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক সংসদ

ক্যালকাটা গেজেটে প্রকাশিত তাং ২৭শে এপ্রিল, ১৯৭৬)

ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব্ হায়ার সেকেণ্ডারী এডুকেশন

তাং ২৭শে এপ্রিল, ১৯৭৬

সাব-সেকশন (3) এবং সেকশন 21-এর সাব-সেকশন (2)-এর clause (d) অনুযায়ী পঃ বঃ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ, ১৯৭৫ কর্তৃক প্রস্তুত রেগুলেশনটিতে রাজ্যপাল তত্র সংযোজন, বিয়োজন ও পরিবর্তনকে অনুমোদন করেছেন।

রে গু লে শ ন

1. **সংক্ষিপ্ত শিরোনামা এবং সূচনা :** (1) এই রেগুলেশনকে পশ্চিমবঙ্গ কাউন্সিল-এর হায়ার সেকেণ্ডারী এডুকেশন (Curriculur for Bridge Course) রেগুলেশন, ১৯৭৬ বলা যেতে পারে।

(2) এই রেগুলেশন ১৯৭৬ সালের ১লা জুলাই থেকে বলবৎ হবে।

(3) এই রেগুলেশনে যদি বিষয় অথবা বক্তব্য সম্বন্ধে প্রতিকূল কিছু না থাকে—

(a) "অ্যাক্ট" বলতে ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব্ হায়ার সেকেণ্ডারী এডুকেশন, ১৯৭৫ (West Bengal Act VIII of 1975).

(b) "ব্রিজ কোর্স" অর্থে কোর্সের অংশ হিসেবে সিডুলে উক্ত বৃত্তিমূলক শিক্ষা ছাড়া অন্যান্য বিষয় ;

(c) 'শিডুল' বলতে রেগুলেশনে যুক্ত ;

2. যে সব শব্দ বা উক্তি রেগুলেশনে ব্যবহৃত হয়েছে, অথবা ব্যাখ্যাত বা সংজ্ঞাপ্রাপ্ত হয়নি অ্যাক্টে যেই অর্থ আছে, তাই বোঝাবে।

3. **পাঠক্রম (Curriculum) :** (i) বৃত্তিমূলক শিক্ষায় হায়ার সেকেণ্ডারী এডুকেশনের যে ব্রিজ কোর্স প্রচলিত হয়েছে তা নিম্নরূপ—

I. **লাঙ্গুয়েজ :** ২০০ নম্বর

(i) শিডুল A ভুক্ত ভাষার মধ্যে যে কোন একটি, ১০০ নম্বর

(ii) আর গ্রুপ থেকে যে কোন একটি ভাষা ; ১০০ নম্বর

II. তিনটি বাধ্যতামূলক ঐচ্ছিক বিষয় ১০০ নম্বর করে শিডুল II ৩০০ নম্বর

সার্টিফিকেটের জন্য মোট নম্বর ৫০০ নম্বর

III. (1) বাধ্যতামূলক কর্মশিক্ষার মধ্যে শিডুল III তে উল্লেখিত (অংশগ্রহণে প্রধানের সার্টিফিকেট প্রয়োজন) যে কোন একটি কো-কারিকুলার কাজকর্ম।

(2) কাউন্সিল সময়ে সময়ে সিলেবাস কমিটির সুপারিশ অনুসারে পাঠক্রম পরিবর্তন বা পরিবর্ধন করতে পারেন।

(3) পাঠ্য বিষয়ের মধ্যে নির্দিষ্ট বিষয় রেগুলেশনে কাউন্সিল কর্তৃক সময়ে সময়ে কাউন্সিল বদলাতে পারেন।

(4) এই সব রেগুলেশনের সম্বন্ধে কোন প্রশ্ন উঠলে ঐসব প্রশ্ন রাজ্য সরকারের কাছে জানাতে হবে এবং রাজ্যসরকারের সিদ্ধান্তই চূড়ান্ত।

শিডুল I

I. **ভাষা (Language) :**

গ্রুপ—A

নিম্নলিখিত ভাষাসমূহের মধ্য থেকে যে কোন একটি ; অবশ্য কোন ; ছাত্র / ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় বা অনুরূপ পরীক্ষায় বাংলাকে প্রথম ভাষা হিসেবে গ্রহণ করলে, তাকে উচ্চমাধ্যমিকেও ঐ ভাষা নিতে হবে :

1. বাংলা 2. নেপালী 3. হিন্দী, 4. উর্দু, 5. ইংলিশ।

গ্রুপ—B

ইংরাজি, অথবা ইংরাজীকে গ্রুপ A থেকে অন্যতম ভাষা হিসাবে গ্রহণ করলে

শিডুল—II

I. ঐচ্ছিক বিষয় (Elective Subjects)

নিম্নলিখিত বিষয়সমূহ যে কোন তিনটি বিষয়ের মধ্যে এক বিষয় করে তিনটি :

1. ফিজিক্স 2. কেমিষ্ট্রি 3. বাইওলজিক্যাল সায়েন্স 4. ম্যাথমেটিকস্ 5. বিজনেস ইকোনমিক্স—বিজনেস ম্যাথমেটিকস্ সহ 6. বিজনেস অর্গানিজেশন 7. একাউণ্টেন্সি 8. ইকনমিক জিওগ্রাফি।

শিডুল III

কো-ক্যারিকুলার কার্যক্রম হিসেবে নির্দিষ্ট

1. ওয়ার্ক এডুকেশন (কর্মশিক্ষা)
2. ফিজিক্যাল এডুকেশন (শারীর শিক্ষা)
3. এন. সি. সি. (ন্যাশনেল কেডেট কোর)
4. সোশ্যাল এণ্ড কমিউনিটি সার্ভিস (সামাজিক ও সমাজ কল্যাণমূলক কাজকর্ম)

স্বাঃ ডি. এস. গাঙ্গুলী
সেক্রেটারী
পঃ বঃ কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন

ক্যালকাটা গেজেটে প্রকাশিত

(১৪ই মে, ১৯৭৬)

ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন

নোটিফিকেশন, ১৪ই মে, ১৯৭৬

রে গু লে শ ন

1. সংক্ষিপ্ত শিরোনামা (Short title) ও সূচনা (Commencement) :

(1) এই সব রেগুলেশনকে ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন রেগুলেশন, ১৯৭৬ বলা যেতে পারে।

(2) অফিসিয়েল গেজেটে প্রকাশিত হওয়ার তারিখ থেকে কার্যকরী হবে।

2. সংজ্ঞা :

(1) অ্যাক্ট বলতে ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন অ্যাক্ট, ১৯৭৫

(2) শব্দ বা উক্তি যা, রেগুলেশনে ব্যবহৃত হয়েছে, অথচ ব্যাখ্যাত বা সংজ্ঞা-প্রাপ্ত হয়নি—একই অর্থ বহন করবে।

3. স্বীকৃতি (Recognition) :

(1) রাজ্য সরকারের আদেশ সাপেক্ষে কাউন্সিল পরীক্ষায় বসবার জন্য যে সব শিক্ষা প্রতিষ্ঠানকে অনুমতি দিয়েছেন রেগুলেশনের আওতায়।

(2) কাউন্সিলের কোন কিছু পরিষ্কার করে বলা না থাকলে কাউন্সিলের কাছে প্রথমবারের স্বীকৃতি বা অনুমোদনের জন্য পূর্ববর্তী বছরের ৩০শে

সেপ্টেম্বরের মধ্যে অনুমোদনের জন্য দরখাস্ত করতে হবে। দরখাস্তের কপির সংখ্যা ও ফিসের মাত্রা কাউন্সিল মাঝে মাঝে জানিয়ে দেবেন। অবশ্য ১৯৭৩ সালের জুলাই মাস থেকে অনুমোদন-প্রার্থী শিক্ষায়তনের বেলায় এইসব নিয়মকানুন প্রযোজ্য নয়। অথবা রাজ্য সরকার যে সমস্ত শিক্ষায়তনের সম্বন্ধে যা সুপারিশ করবেন।

4. অনুমোদনের শর্তাদি (Conditions for recognition) :

শিক্ষা প্রতিষ্ঠানকে অনুমোদনের জন্য নিম্নোক্ত শর্তাদি পালন করতে হবে :

(i) (a) স্থান বা জায়গা (Accommodations) : সাধারণ ক্লাশের জন্য প্রত্যেক রুমের অন্ততঃ ৫০টি ছাত্রের বসবার প্রয়োজনে ৫০০ বর্গ ফিট জায়গা এবং শিক্ষকদের ব্যবহারের জন্য জায়গা।

(b) লেবরেটরীর জন্য মাথাপিছু ২০ বর্গ ফুট জায়গা অথবা ৫০০ বর্গ ফুট এবং প্রত্যেকটি বিষয়ের জন্য অনুরূপ পরিসরযুক্ত গৃহ। কাউন্সিলের নির্দেশ অনুযায়ী—লেবরেটারীতে যন্ত্রপাতি রাখতে হবে।

(c) শিক্ষক, প্রধান / প্রধানা ও অফিসের জন্য পৃথক ঘরের ব্যবস্থা করতে হবে।

(d) খেলা-ধুলা ও নির্দেশিত কাজ-কর্মের (specified activities) জন্য খোলা জায়গা রাখা প্রয়োজন।

(e) কমপক্ষে ৫০০ বর্গ ফুটের স্থানযুক্ত একটি ঘর লাইব্রেরীর জন্য রাখতে হবে এবং তৎসহ একটি পাঠ গৃহ (reading room) থাকবে।

লাইব্রেরীর পুস্তকের স্টক কিরূপ হবে—

টেক্সট বই / বিষয়ভিত্তিক পুস্তক সংখ্যা	60%
রেফারেন্স বই	25%
বিবিধ বই, জার্নেল, সাময়িকী	15%

অবশ্য (a), (b) ও (c) তে যে সব শর্তাদির উল্লেখ আছে, বিশেষ অবস্থায় আলগা করা যেতে পারে।

(ii) পাঠ্য বিষয় (subjects to be taught)
প্রত্যেক শিক্ষায়তনকে দু'টি ভাষা ছাড়াও কমপক্ষে চারটি ঐচ্ছিক (elective subjects) পাঠ্য বিষয়ের ব্যবস্থা করতে হবে।

(b) ভোকেশন্যাল বা বৃত্তি শিক্ষার কোর্সের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ইচ্ছুক হলে রাজ্য সরকার তা নির্দিষ্ট করে দেবেন।

(iii) প্রত্যেক সেকশনে ছাত্র-ছাত্রীর সংখ্যা : প্রত্যেকটি সেকশনের ছাত্র / ছাত্রীর সংখ্যা সাধারণত ৫০ এর বেশী হওয়া উচিত না। এই সীমারেখা বিশেষ অবস্থায় কাউন্সিল শিথিল করতে পারেন।

(iv) স্টাফ : শিক্ষক ও অশিক্ষক কর্মচারী : রাজ্য সরকারের সাধারণ বা বিশেষ আদেশে—

(a) অনুমোদিত বিদ্যালয়ের জন্য আবশ্যকীয় সংখ্যার শিক্ষক থাকা চাই।

(b) প্রতিষ্ঠানের সুপরিচালনার জন্য প্রয়োজনীয় ও যোগ্য অশিক্ষক কর্মচারীকে নিযুক্ত করতে হবে।

(c) স্কুল ও কলেজের পার্ট টাইম শিক্ষক ও কর্মচারী নিযুক্ত করা যেতে পারে।

(v) বিদ্যালয় প্রধান / প্রধানা নিয়োগ : শর্তাদি সাপেক্ষে এবং রাজ্য সরকারের অনুমোদন সাপেক্ষে—কলেজের অধ্যক্ষ অথবা একাদশ শ্রেণীর স্কুলের ১৯৭৬ সালের ১লা জুলাইতে কর্মরত প্রধান / প্রধানাকে কলেজ বা স্কুলের বিদ্যালয় প্রধান / প্রধানা নিয়োগ করা যেতে পারে।

(vi) শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা : শিক্ষক / শিক্ষিকার নিম্নতম শিক্ষাগত যোগ্যতা হবে—

(a) সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার ডিগ্রী ;

(b) (i) একটি পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী অথবা একই বিষয়ে অনার্স ডিগ্রী ;

(ii) অন্ততঃপক্ষে একাদশ শ্রেণীর স্কুলে আট বছরের শিক্ষাগত অভিজ্ঞতা। কাউন্সিল অবশ্য এই শিক্ষাগত যোগ্যতার নিম্নস্তর সম্বন্ধে কড়াকড়ি শিথিল করতে পারেন।

(iii) ম্যানেজিং কমিটি : শিক্ষা প্রতিষ্ঠানের রাজ্যসরকার কর্তৃক নির্দেশিত রুলস্ অনুযায়ী ম্যানেজিং কমিটি গঠন করতে হবে।

(vi) শিক্ষাপ্রতিষ্ঠানকে কাউন্সিল কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে আটহাজার টাকার রিজার্ভ ফাণ্ড খুলতে হবে।

অবশ্য কোন সরকারী স্কুলে সরকার কর্তৃক স্পনসর্ড ক্ষেত্রে তার দরকার হবে না।

5. সহ-শিক্ষার শর্তাদি :

কোন শিক্ষা প্রতিষ্ঠানকে সহ-শিক্ষা চালু করতে হলে কাউন্সিল কর্তৃক নির্ধারিত শর্তাদি পালন করতে হবে এবং রাজ্য সরকারের অনুমোদন নিতে হবে।

6. স্পেশ্যাল টাইপের ইনষ্টিটিউশনকে অনুমোদন দান :

যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ফাইন আর্টস, মিউজিক প্রভৃতি শিক্ষা দেওয়া হয়, তাদের উক্ত বিষয়ে শিক্ষা দেওয়ার জন্য আংশিক অনুমোদন দেওয়া চলতে পারে।

7. কাউন্সিলের নির্দিষ্ট ফরমে বা রিটার্নে কাউন্সিলের প্রয়োজন মত রিপোর্ট বা রিটার্ন জমা দিতে হবে।

৪. **কাউন্সিল কর্তৃক সার্কুলার দান :**

কাউন্সিল রেগুলেশন অনুযায়ী কাজ পরিচালনের সুবিধার্থে এককভাবে অথবা সমষ্টিগতভাবে সার্কুলার পাঠাতে পারেন।

(a) পাঠ দানের সময় সম্বন্ধে নির্দেশ।

(b) শিক্ষকদের জন্য দৈনিক কত পিরিয়ড ও ছাত্রদের জন্য কত পিরিয়ড।

(c) বছরে কাজের দিনের সংখ্যা।

(d) বছরে অনুমোদনযোগ্য ছুটি বা দীর্ঘ ছুটি।

(e) সহ-শিক্ষা সম্বন্ধে শর্তাদি।

(f) নিয়মশৃঙ্খলা এবং পড়ানোর স্টাণ্ডার্ড ও পরীক্ষার ফলাফল রক্ষার্থে শর্তাদি আরোপ।

(g) অতিরিক্ত কোর্স চালু করতে গেলে ব্যবস্থাদি।

(h) শিক্ষা বর্ষ চালু ও শেষ হবে কখন।

স্বাঃ ডি. এস. গাংগুলি
প্রেসিডেন্ট
ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক সংসদ

৮নং হো চি-মিন সরণী, কলি-১৬

সার্কুলার নং ASC/VS/1/76 dt. 1st July, 1976

To

All Higher Secondary Institutions recognised by the Council to offer general stream courses.

বিষয় : শর্তাদি পরিপূরণ

অনুমোদন পত্রের (letter of recognition) সঙ্গে সঙ্গতি রেখে আপনাকে অনুরোধ জানান হচ্ছে যে, নিম্নলিখিত শর্তাদি পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অবশ্যই পূরণ করতে হবে—

1. **সাধারণ (General) :**

(a) ওয়েষ্ট বেঙ্গল হায়ার সেকেণ্ডারী এডুকেশন অ্যাক্ট, ১৯৭৬-এ যেসব নির্দেশ ও শর্তাদির উল্লেখ আছে, তা রাজ্য সরকারের সম্মতিক্রমে সংশোধন ও পরিবর্তন করা যেতে পারে।

(b) সংশ্লিষ্ট শিক্ষায়তনকে রেগুলেশনে উল্লেখিত ও বাধানিষেধাদি অবশ্যই মেনে চলতে হবে এবং সময়ে সময়ে সার্কুলার যোগে কাউন্সিল যে

সমস্ত নির্দেশ উপদেশাদি দেবেন তা অবশ্যই অনুসরণ করে চলতে হবে।

(c) যে সমস্ত শিক্ষায়তনকে হায়ার সেকেণ্ডারী কোর্সের জেনারেল স্ট্রীম কোর্সের অন্তর্ভুক্ত বিষয় ১৯৭৬ সালের ২৭শে মার্চের অফিসিয়াল গেজেট প্রকাশিত হয়, সেই কোর্সের আওতায় সংশ্লিষ্ট শিক্ষায়তন যে সব বিষয় পড়াবার জন্য অনুমোদন লাভ করেছে, তা যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।

(d) যে কোর্সের অধীনে যে সব বিষয় নির্দিষ্ট করা আছে, তা সংশ্লিষ্ট শিক্ষায়তনকে অবশ্যই মেনে চলার জন্য সময়ে সময়ে কাউন্সিল কর্তৃক গাইড লাইনের সাহায্যে সংশ্লিষ্ট শিক্ষায়তনকে অবগত করান হবে।

নোট ঃ উক্ত অ্যাক্ট ও রেগুলেশনের ছাপান কপি কাউন্সিলের অফিসের সেলস্ কাউন্টার থেকে পাওয়া যায়।

2. **শিক্ষা বর্ষ (Academic year) ঃ** সংশ্লিষ্ট শিক্ষায়তন প্রত্যেক বছর ১লা জুলাই থেকে পরবর্তী বছরের ৩০শে জুন পর্যন্ত শিক্ষা বর্ষ হিসেবে গ্রহণ করবে।

3. **ম্যানেজিং কমিটি ঃ** রাজ্য সরকার কর্তৃক ঘোষিত রুল ও আদেশ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন করবে। ম্যানেজিং কমিটি গঠনের পনের দিনের মধ্যে কমিটির সদস্যদের নাম এবং পদকর্তাদের নামধাম কাউন্সিলে জানিয়ে দিতে হবে।

4. (a) **ভর্তি (Admission) ঃ** শিক্ষা প্রতিষ্ঠানগুলো একাদশ শ্রেণীতে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ থেকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমর্যাদা-সম্পন্ন পরীক্ষায় উত্তীর্ণ হলে ছাত্র-ছাত্রীদের ভর্তি করতে পারবেন।

(b) ১৯৭৬ সালে একাদশ শ্রেণীতে ২১ দিনের মধ্যেই ভর্তি পর্ব শেষ করতে হবে অথবা কাউন্সিল কর্তৃক ভর্তির শেষ তারিখ বাড়িয়ে দিলে তার মধ্যেই ভর্তি কাজ সমাধা করতে হবে।

5. **ফী (Fees) ঃ** যে সব শিক্ষায়তন এর পর থেকে রাজ্য সরকারের আর্থিক মঞ্জুরীর অধীনে আসবে, তাদের জন্য নীচে ফিস নির্দিষ্ট করে দেওয়া হল ঃ

(a) টুইশন ফী ঃ—

(i) লেবরেটরী বিষয় সম্বলিত মাসিক ফিস ঃ 0/- থেকে 12/-

(ii) লেবরেটরী ছাড়া ফিস ঃ 8/- থেকে 10-

(b) ভর্তি ফিস ঃ একমাসের টুইশন ফিসের বেশী নয়।

(c) ট্রান্সফার ফিস ঐ

(d) অন্যান্য ফিস—

(i) সেসন চার্জ ও অন্যান্য ফিস—কাউন্সিলের অনুমিত ক্রমে একটা যুক্তিযুক্ত ফিস।

(e) জামানত অর্থ (Caution money) :

(i) প্রত্যেকটি লেবরেটরী বিষয়ের জন্য (প্র্যাকটিক্যাল সহ) : 15/-

(ii) লাইব্রেরী—10/-

6. **প্রধান / প্রধানা, শিক্ষকমণ্ডলী / অশিক্ষকমণ্ডলী**

(a) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের উপাধি হবে "রেক্টর"

(b) যদিন পর্যন্ত বর্তমান কলেজ বা স্কুল থেকে ইনষ্টিটিউশন পৃথক করা সম্ভব নয়, ততদিন কলেজের প্রিন্সিপাল বা বিদ্যালয় প্রধানকে ইনষ্টিটিউশনের পরিচালনার দায়িত্ব দিতে হবে।

আর সেই সব ক্ষেত্রে প্রধান / প্রধানার পদমর্যাদা (designation) ম্যানেজিং কমিটিই স্থির করবেন।

(c) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলীর শিক্ষাগত যোগ্যতা সম্বন্ধে কাউন্সিল কর্তৃক মাঝে মাঝে যেরূপ নির্দেশ দেওয়া হবে তাই অনুসরণ করে শিক্ষক নিয়োগ করা হবে।

(d) অশিক্ষক কর্মচারী সম্বন্ধে সরকার অথবা কাউন্সিল যাই নির্দিষ্ট করে দেবেন, সেভাবে তাঁরা নিযুক্ত হবেন।

নোট : এই ব্যাপারে বিস্তৃত বিবরণ সরকার বা কাউন্সিল থেকে শীঘ্রই জানা যাবে।

I. **স্বাচ্ছন্দ্য বিধান (Accommodation) :** শিক্ষা প্রতিষ্ঠানে স্বাচ্ছন্দ্য বিধানের ক্ষেত্রে ১৯৭৬ সালের ১৪ই মে তারিখের অফিসিয়েল গেজেটে প্রকাশিত রেগুলেশনে নিদিষ্ট শর্তাবলীই অনুসরণীয়।

8. (a) **ভর্তির সংখ্যা (enrolment) :** একটি সেকশনে উর্ধ্ব পক্ষে ৫০ জন ছাত্র/ছাত্রী থাকাই বাঞ্ছনীয়। তবে কাউন্সিল কর্তৃক এই সংখ্যা বাড়তে কমতে পারে। নিম্নপক্ষে এই সংখ্যা ৩০-এর কম যেন না হয়।

(b) কোন বিশেষ বিষয়ে (subject) ছাত্র সংখ্যা ১০-এর কম হবে না।

(c) জেনারেল ষ্ট্রীমে ছাত্র / ছাত্রীর সংখ্যা ৫০-এর কম হবে না।

9. ইনষ্টিটিউশনে পঠিতব্য বিষয়ের নিম্নতম সংখ্যায়—

(i) জেনারেল ষ্ট্রীম কোর্সে দুটি ভাগ ছাড়াও চারটি ঐচ্ছিক বিষয় (elective subjects)।

নোট : অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে স্পেসিফিক সাবজেক্ট নেওয়ার অনুমতি পাওয়া গেলে শীঘ্রই জানিয়ে দেওয়া হবে।

10. **শিক্ষার মাধ্যম :** গ্রুপ A-র শিডুল I-তে যে সব ভাষা স্থানলাভের মর্যাদা পেয়েছে, সে সব ভাষার যে কোন একটিকে শিক্ষার বাহন হিসাবে

ব্যবহার করা যেতে পারে। কিন্তু ছাত্র-ছাত্রীরা নিম্নলিখিত ভাষা-গুলোর যে কোন একটিতে উত্তর দিতে পারে :

1. বাংলা 2. ইংরাজি 3. হিন্দী 4. নেপালী 5. উর্দু।

1. (a) **পাঠদানের সময় (Instructional years) :** শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে XI ও XII এর দু'বছরের কোর্সে পরীক্ষার দিনগুলো বাদ দিলে অন্ততঃপক্ষে ৩০০ দিন পঠন-পাঠন হওয়া দরকার। বাকী দিনগুলো পরীক্ষা ও ছুটি-ছাটার জন্য নির্দিষ্ট থাকবে। রবিবার বাদ দিলে বছরের ছুটির সংখ্যা হচ্ছে ৮৭ দিন।

(b) শিক্ষা প্রতিষ্ঠানে ৪৫ মিনিটের অন্ততঃ ৩৯টি পিরিয়ড ক্লাশ হবে। প্রয়োজনবোধে সময়ের সামান্য হেরফের করে নিম্নানুরূপ পাঠ্য সময় নির্ধারণ করাই সঙ্গত।

গ্রুপ A একটি ভাষা	5 পিরিয়ড	
গ্রুপ B একটি ভাষা	5 „	
তিনটি বাধ্যতামূলক শিক্ষার বিষয় 6 × 3	18 „	প্র্যাকটিক্যাল ক্লাসহ
নির্ধারিত কাজকর্ম	2 „	
ঐচ্ছিক নির্ধারিত কাজকর্ম	5 „	
টিটোরিয়াল ক্লাস	4 „	
	39 পিরিয়ড	

2. **ছাত্র-ছাত্রীদের উপস্থিতি :** (a) দু বছরের কোর্সে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে শতকরা 90 (90%) দিন ক্লাশ করতে হবে। তাহলে ঐ ছাত্র রেগুলার হিসেবে পরীক্ষায় বসবে।

(b) শতকরা ৫৫ (৫৫%) দিন ক্লাশে উপস্থিত থাকলে দু বছরের কোর্সে ছাত্র-ছাত্রী কাউন্সিলের নির্দেশ মত জরিমানা ফিস দিয়ে পরীক্ষায় বসতে পারবে।

(c) উক্ত (a) ও (b) তে আরোপিত শর্তাদি পূরণ করতে না পারলে পরীক্ষার্থী পরীক্ষাদানের অযোগ্য প্রমাণিত হবে।

3. **পরীক্ষার জন্য ছাত্র পাঠান (Sending up pupils for Examination) :** কাউন্সিল কর্তৃক আয়োজিত প্রথম দু বছর কোর্সের হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কাউন্সিল নির্দিষ্ট তারিখের মধ্যে পরীক্ষার্থীদের নাম পাঠাবেন।

4 **রিজার্ভ ফাণ্ড :** ইনষ্টিটিউশন কমপক্ষে আট হাজার টাকা দিয়ে রিজার্ভ ফাণ্ড খুলবেন। ঐ টাকা পোষ্ট অফিস / ন্যাশনেল সেভিংস সার্টিফিকেট, ইউনিট ট্রাস্ট অথবা লোন ট্রাস্টে দীর্ঘমেয়াদী পরিকল্পনায় জমা রাখতে

হবে। কাউন্সিলের বিনা অনুমতিতে ঐ রিজার্ভ ফাণ্ডের টাকা তোলা বা অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা চলবে না।

(b) সরকারী এবং সরকার স্পনসর্ড ইনষ্টিটিউশনের জন্য রিজার্ভ ফাণ্ডের টাকা জমা রাখা বাধ্যতামূলক নয়।

15. **হায়ার সেকেণ্ডারী পরীক্ষা ঃ** পশ্চিমবঙ্গ উচ্চ মধ্যশিক্ষা সংসদ রেগুলেশনের আওতায় দু বছরের কোর্সে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের পরীক্ষা গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট ইনষ্টিটিউশনগুলো সংসদের নির্দেশ অনুযায়ী নির্দিষ্ট পদ্ধতি অনুযায়ী ছাত্র-ছাত্রীকে পরীক্ষার অনুমতি দেবেন।

16. দু'বছরের কোর্স হায়ার সেকেণ্ডারী ছাত্র-ছাত্রীদের সম্বন্ধে কাউন্সিল মাঝে মাঝে যে নিয়মকানুন তৈরী করবে সংশ্লিষ্ট ইনষ্টিটিউশনগুলো তা অনুসরণ করবেন।

স্বাঃ এস্. কে. দত্ত
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৮ হো চি-মিন সরণী, কলিকাতা-১৬

সার্কুলার নং HSC/US/1/76 dt. 1st July 1976

To

All Higher Secondary Institutions recognised by the Council to offer Vocational Course.

বিষয় ঃ শিক্ষায়তনে বৃত্তিমূলক শিক্ষার শর্তাদিপূরণ

কাউন্সিল কর্তৃক অনুমোদনের প্রসঙ্গে শিক্ষায়তন কর্তৃপক্ষকে নিম্নোক্ত শর্তাদি জানান যাচ্ছে ঃ

1. **সাধারণ (General) ঃ**

(a) শিক্ষায়তনকে ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অ্যাক্ট, ১৯৭৫ এবং পরে যা সংশোধিত বা পরিবর্তিত হয়েছে বা হবে, সে সব শর্তাদি পূরণ করতে হবে।

(b) ১৯-৬ সালে ১৪ই মে তারিখে অফিসিয়েল গেজেটে যে সব রেগুলেশন প্রকাশিত হয়েছে এবং সেখানে যে সব শর্ত-নিষেধ আরোপিত করা হয়েছে এবং মাঝে মাঝে যা প্রকাশ করা হবে, তা মেনে চলতে হবে।

(c) যে সব শিক্ষায়তনকে জেনারেল স্ট্রীম কোর্স মঞ্জুর করা হয়েছে তাদের ১৯৭৬ সালের ২৭শে মার্চ তারিখের ক্যালকাটা গেজেটে প্রকাশিত

সিলেবাস ও স্পেসিফিক বিষয়ের পঠন-পাঠনের জন্য কাউন্সিল কর্তৃক অনুমতি দেওয়া হয়েছে।

নোট ঃ রেগুলেশনের ছাপান কপি কাউন্সিলের সেলস্ কাউন্টারে পাওয়া যাবে।

2. **শিক্ষা বর্ষ (Academic year) ঃ** সংশ্লিষ্ট শিক্ষায়তনকে প্রত্যেক বছরের ১লা জুলাই থেকে পরবর্তী বছরের ৩০শে জুন পর্যন্ত শিক্ষাবর্ষ মেনে চলতে হবে।

3. **ম্যানেজিং কমিটি ঃ** শিক্ষায়তনের রাজ্য সরকার প্রচারিত রুলস্ অনুযায়ী ম্যানেজিং কমিটি গঠন করতে হবে। এবং ঐ ম্যানেজিং কমিটির কর্মকর্তাদের নামের তালিকা কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে কাউন্সিলে পাঠিয়ে দিতে হবে।

4. (a) **ভর্তি ঃ** শিক্ষায়তন মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অথবা সম-মর্যাদাসম্পন্ন পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের একাদশ শ্রেণীতে ভর্তি করবেন। সম-মর্যাদা অর্থে কাউন্সিলের সিদ্ধান্ত নীচে ব্যক্ত করা হল ঃ

(i) যে সব ছাত্র-ছাত্রী ১০+২-এর নতুন প্যাটার্ন অনুযায়ী ক্লাশ X ফাইন্যাল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তারাই ক্লাস XI-এ ভর্তি হওয়ার যোগ্য অথবা অন্যান্য রাজ্যের সমমর্যাদাসম্পন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, যাদের নাম এনেক্সারে দেওয়া হবে।

(ii) একাদশ শ্রেণীর জেনারেল কোর্স অথবা ভোকেশনাল কোর্সে ভর্তি করার পূর্বে স্কুল কর্তৃপক্ষকে X শ্রেণীর শেষ পরীক্ষায় বিষয় ও নম্বরাদি সম্বন্ধে কাউন্সিলের যে সব বাধানিষেধ আছে, সেই নিয়ম অনুযায়ী বিচার বিবেচনা করে দেখতে হবে। এবং যে সব ছাত্রের বিষয় কাউন্সিলের দেওয়া নিয়ম-রীতিতে আটকাবে, তাদের ভর্তি করতে হলে সংসদের পূর্ব অনুমতি দরকার হবে।

(iii) যে সব রাজ্যে 10+2+3 শিক্ষা নীতি এখনও চালু হয়নি সে সব স্কুলের ক্লাশ X পাস করা ছাত্র-ছাত্রীদের ভর্তি করতে হলে সংসদ থেকে অনুমতি নিতে হবে।

(iv) বিদেশী ইনষ্টিটিউশন কর্তৃক পরীক্ষিত ছাত্র-ছাত্রীদের বিষয় সংসদ কর্তৃক গুণগত বৈশিষ্ট্যের বিচারের ভিত্তিতে বিবেচনা করা হবে।

v) ১৯৭৬ সালের পর্ষদ্ পরিচালিত মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ২১ দিনের মধ্যে একাদশ শ্রেণীতে ভর্তি পর্ব শেষ করতে হবে অথবা কাউন্সিল ভর্তির তারিখ বাড়িয়ে দিলে তদনুযায়ী ভর্তি করে নিতে হবে।

5. **ফিস ঃ** যে সমস্ত শিক্ষায়তন রাজ্য সরকারের আর্থিক সাহায্যের আওতায় আসবে, তাদের নির্ধারিত হারে ফিস আদায় করতে হবে ঃ

(a) **টুইশন ফী :**

(i) লেবরেটরী-নির্ভর পাঠ্য বিষয়ের জন্য মাসিক ফিস : ১০-১২ টাকা।

(ii) লেবরেটরী-নির্ভর নয় এমন বিষয়ের জন্য মাসিক ফিস : ৮-১০ টাকা।

(b) ভর্তি ফিস—একমাসের টুউশন ফিসের সমান।

(c) ট্রান্সফার ফিস—অনধিক একমাসের বেতন।

(d) অন্যান্য ফী :

(i) সেসন চার্জ ও অন্যান্য ফিস কাউন্সিলের অনুমোদনসাপেক্ষ একটা যুক্তি-যুক্ত হারে নিতে হবে।

(e) সতর্ক

(ii) ওয়ার্কশপ / লেবরেটরী সম্বলিত ভোকেশন্যাল (কোর্সের জন্য সেসন চার্জ :

(a) ভোকেশন্যাল ফিল্ড, যথা—কৃষি, শিক্ষা, টেকনিক্যাল ও প্যারা মেডিক্যাল কোর্সের জন্য ১৫ টাকা।

(b) ট্রেড এণ্ড কমার্সের জন্য ১ টাকা।

(iii) লাইব্রেরী : ১০ টাকা।

৬. প্রধান/প্রধানা, শিক্ষকমণ্ডলী ও অশিক্ষক কর্মচারী :

(a) শিক্ষায়তনের প্রধান/প্রধানাদের পদবী হবে রেক্টর।

(b) যদ্দিন শিক্ষায়তনকে স্কুল বা কলেজ থেকে পৃথক করা সম্ভব হচ্ছে না, তদ্দিন যে সব প্রধান/প্রধানা ১৯৭৬ সালের ১লা জুলাই তারিখে কর্মরত থাকলে রেক্টর হিসেবে কাজ করবেন এবং এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন ম্যানেজিং কমিটি।

(c) প্রয়োজনীয় শিক্ষকমণ্ডলী কাউন্সিল নির্ধারিত যোগ্যতা অনুযায়ী এবং কাউন্সিলের বিধিবদ্ধ নিয়মানুযায়ী নিযুক্ত হবেন।

(d) অশিক্ষক কর্মচারী সংসদ রুলস্ ও পদ্ধতি অনুযায়ী এবং কাউন্সিল বা রাজ্য সরকারের নির্দেশ মত যে কয়জন প্রয়োজন, তা নেওয়া চলবে।

নোট : এই ব্যাপারে বিস্তৃত বিবরণ রাজ্য সরকার অথবা সংসদ থেকে জানান হবে।

7. স্থান সংকুলান (Accommodation) :

(i) ১৯৭৬ সালের ১৪ই মে অফিসিয়েল গেজেটে রেগুলেশন অনুযায়ী যে ছক দেওয়া আছে, তাই অনুসরণীয়।

(ii) পৃথক ওয়ার্কশপ, লেবরেটরী এবং ভোকেশন্যাল/প্রাক্‌টিকেল ট্রেনিং-এর জন্য ব্যবস্থা করাতে হবে এবং তার জন্য ৫ : ০ বর্গফুট স্থান প্রয়োজন.

(iii) কৃষি জমির জন্য :

(a) শস্য উৎপাদন—তিন একর জায়গা/জমি।

(b) অন্যান্য—প্রত্যেকটি বিষয়ের জন্য অন্ততঃ এক একর জায়গা।

8. ছাত্র সংখ্যা (Enrolment) :

(a) প্রত্যেকটি সেকশনে সর্বোচ্চ ছাত্র/ছাত্রীর ভর্তির সংখ্যা হবে অনধিক ৫০। তবে এই সংখ্যার হের-ফের বিশেষ অবস্থায় চলতে পারে।

(b) ট্রেড ও কমার্সের ক্ষেত্রে নিম্নতম ছাত্র-ছাত্রীর সংখ্যা দশজন।

(c) ভোকেশনাল কোর্সে সমস্ত বিষয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩০-এর কম হওয়া বাঞ্ছনীয়।

9. শিক্ষায়তনের কমপক্ষে স্বল্পতম বিষয় পঠনযোগ্য :

১৯৭৬ সালের ২৭শে এপ্রিল তারিখে প্রকাশিত রেগুলেশন clause 1 এর C-তে যে ক্যারিকুলাম নির্ধারিত করা আছে—

(i) শিডুল II-এর পাঠক্রমে তিনটি ঐচ্ছিক (elective) বিষয় এবং শিডুল I-এর পাঠক্রমে দুটি ভাষা শেখার বিধান আছে।

(ii) ভোকেশনাল পাঠ্য বিষয়ের ক্ষেত্রে—

(a) শিডুল III-তে বর্ণিত বিশেষ পাঠ্যক্রমে—কৃষি / শিল্প / টেকনিক্যাল এডুকেশন/প্যারামেডিক্যাল এডুকেশন অথবা, (b) ট্রেড ও কমার্সের ক্ষেত্রে দুটি।

(iii) শিডুল IV-এ ক্যারিকুলামে কো-ক্যারিকুলার কার্যক্রমের যে কোন একটি।

10. শিক্ষার মাধ্যম :

জেনারেল স্ট্রীম ক্যারিকুলামের শিডুল I-এর গ্রুপ A-তে যেকোন একটি ভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে গ্রহণ করতে হবে :

1. বাংলা 2. ইংরাজী 3. হিন্দী 4. নেপালী 5. উর্দু।

11. পাঠদানের সময় ও ঘণ্টা :

(a) একাদশ ও দ্বাদশ শ্রেণীর দু' বছরের কোর্সে পরীক্ষার দিনগুলো বাদ দিয়ে কমপক্ষে ৩৪০ দিনের পাঠ্য দিবস বজায় রাখতে হবে। বাকী দিনগুলো পরীক্ষা, ছুটি ও দীর্ঘ অবকাশের জন্য রইল। বছরে দীর্ঘ অবকাশ নিয়ে ছুটির দিন মোট ৮৭ দিন।

(b) শিক্ষায়তন সপ্তাহে ৪৫ মিনিটের ৩৯ টি পিরিয়ড ক্লাশের ব্যবস্থা করবেন। পাঠ্য সময়সূচীকে সপ্তাহে ভেঙ্গে দেখান হল—

পাঠ্যক্রমে দু'টি ভাষাকে গ্রুপ A ও

গ্রুপ B—শিডুল I—… চার পিরিয়ড

শিডুল II ভুক্ত বিষয়ের মধ্যে

তিনটি বাধ্যতামূলক ঐচ্ছিক … দশ পিরিয়ড

এন্টি প্রিনুরশিপ … দুই পিরিয়ড

ভোকেশনাল বিষয় শিডুল III

লেবরেটরী, প্রাকটিক্যাল ও টিউটেরিয়েল ক্লাস

সমেত/ফিল্ড ওয়ার্ক/পরীক্ষা প্রভৃতি— একুশ পিরিয়ড

স্পেসিফাইড কার্যক্রম দুই পিরিয়ড

মোট—উনচল্লিশ পিরিয়ড

(c) ফিল্ড ওয়ার্ক—ওয়ার্ক এবং ওয়ার্ক সাইটে ট্রেনিং প্রভৃতি…শিক্ষাবর্ষে ৪০ দিন।

12 ছাত্র/ছাত্রীদের জন্য উপস্থিতির হার :

(a) XI ও XII ক্লাশের দু'বছরের কোর্সে রেগুলার ছাত্র হিসেবে ফাইন্যাল পরীক্ষা দিতে হলে তাদের ৭০% উপস্থিতি রাখতে হবে।

(b) নন-রেগুলার ছাত্র/ছাত্রী হিসাবে স্পেশ্যাল অনুমতি নিয়ে ফাইন্যাল পরীক্ষা দিতে হলে তাদের অন্ততঃ ৫৫% দিন ক্লাশে উপস্থিত থাকতে হবে।

(c) উল্লিখিত (a) ও (b) তে শর্তাদি পূরণ করতে না পারলে ফাইন্যাল পরীক্ষায় বসবার অনুপযুক্ত বলে বিবেচিত হবে।

13. দু'বছরের শেষে শিক্ষা প্রতিষ্ঠান ফাইন্যাল হায়ার সেকেণ্ডারী পরীক্ষার জন্য পরীক্ষার্থী নির্বাচন করে পাঠাতে পারবেন।

14. (a) **রিজার্ভ ফাণ্ড :** সংশ্লিষ্ট হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনকে রিজার্ভ ফাণ্ডে ৮০০০ টাকা জমা রাখতে হবে। ঐ টাকা পোষ্ট অফিসের ন্যাশনেল সেভিংস সার্টিফিকেট, ইউনিট ট্রাস্ট, ন্যাশনেল লোন বণ্ড, ফিক্সড্ ডিপোজিটে জমা রাখতে হবে। ঐ অর্থ কাউন্সিলের বিনা অনুমতিতে তোলা যাবে না।

(b) রিজার্ভ ফাণ্ডে টাকা জমা রাখার এই ব্যবস্থা সরকারী শিক্ষায়তন ও স্পনসর্ড শিক্ষা প্রতিষ্ঠানের বেলায় প্রযোজ্য নয়।

15. **সহশিক্ষা (Co-education) :**
শিক্ষা প্রতিষ্ঠানকে ঘোষণা করতে হবে ঐ প্রতিষ্ঠান সহশিক্ষামূলক কিনা।
সহ-শিক্ষা প্রতিষ্ঠানকে নিম্নলিখিত শর্তাদি পূরণ করতে হবে—

(1) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলীর মধ্যে অন্ততঃ একজন শিক্ষিকা থাকবেন।

(2) শিক্ষা প্রতিষ্ঠান ছাত্রীদের দুবছরের উচ্চ মাধ্যমিক শিক্ষার প্রয়োজনে সুযোগসুবিধা দেখার জন্য একজন মেট্রন নিয়োগ করবেন।

(3) ছাত্রীদের জন্য পৃথক সেনিটারী ব্যবস্থা রাখবেন।

(4) ছাত্রীদের জন্য হোস্টেলের ব বস্থা করতে হলে ছাত্রদের হোস্টেল থেকে যথোপযুক্ত দূরত্ব বজায় রেখে প্রধান / প্রধানার ও অন্যান্য কর্তৃপক্ষের নজরে তা রাখতে হবে।

16. রেজিষ্টার ও বুকস অব্ একাউন্টস্ ঃ

শিক্ষা প্রতিষ্ঠানকে নিম্নোক্ত রেজিষ্টার ও বুকস্ অব একাউন্টস্ রাখতে হবে—

(i) শিক্ষক / শিক্ষিকার জন্য হাজিরা বই ;

(ii) লেবরেটারী এসিস্ট্যান্টদের হাজিরা বই ;

(iii) অশিক্ষক কর্মচারীদের হাজিরা বই ;

(iv) ছাত্র / ছাত্রীদের বিষয়ভিত্তিক হাজিরা বই ;

(v) প্রয়োজনীয় বুকস্ অব্ একাউন্টস্ ;

(vi) লাইব্রেরী রেজিষ্টার।

(vii) ছাত্র / ছাত্রী ও শিক্ষকদের লাইব্রেরীর বই ইস্যু করবার রেজিষ্টার।

(viii) প্র্যাকটিক্যাল ক্লাস চালাবার জন্য লেবরেটারী অ্যাপারেটাস্ ও ইনষ্ট্রুমেন্ট রেজিষ্টার।

(ix) অন্যান্য প্রয়োজনীয় খাতাপত্র।

(x) কাউন্সিল কর্তৃক নির্দেশিত যে কোন খাতাপত্র ;

(xi) প্রতিষ্ঠানের খাতা-পত্র পরিদর্শনের জন্য কাউন্সিল অথবা তৎপক্ষে ভারপ্রাপ্ত অফিসারদের পরিদর্শনের জন্য খাতাপত্র, বই, রেজিষ্টার দেখার সুযোগ দিতে হবে।

17. হায়ার সেকেণ্ডারী পরীক্ষা ঃ পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ আয়োজিত উচ্চ মাধ্যমিক পরীক্ষা বা তদনুরূপ পরীক্ষার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে পরীক্ষার্থীদের পাঠাতে হবে এবং রেগুলেশনে যা বর্ণিত আছে, তা অনুসরণ করতে হবে।

18. উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃক দু'বছরের উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম চালু রাখবার জন্য সংসদ-নির্দেশিত সমস্ত নির্দেশ মেনে চলবেন।

স্বাঃ এস. কে. দত্ত
সেক্রেটারী

ANNEXURE

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৮ হো-চি-মিন সরণী, কলি-১৬

অনুমোদিত শিক্ষায়তনের পালনীয়-শর্তাদি :

1. যে সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম ম্যানেজিং কমিটিকে কাউন্সিল সাময়িক অনুমোদন দিয়েছিলেন তাদের সরকারী নির্দেশানুযায়ী পুনর্গঠন করতে হবে।
2. অনুমোদিত বিদ্যালয়ের প্রথম ম্যানেজিং কমিটির কার্যকালের মেয়াদ ফুরিয়ে গেলে সরকারী নির্দেশানুযায়ী কমিটির পুনর্গঠন করতে হবে।
3. শিক্ষা প্রতিষ্ঠানকে ক্লাশের ব্যবস্থা, লেবরেটরী ও লাইব্রেরী রীডিং রুমের ব্যবস্থা করতে হবে।
4. শিক্ষা প্রতিষ্ঠানকে উপযুক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষকমণ্ডলী নিযুক্ত করতে হবে।
5. কাউন্সিল কর্তৃক নির্দিষ্ট বই-পত্র দিয়ে লাইব্রেরীকে সাজাতে হবে।
6. পঠন-পাঠন এবং প্র্যাকটিকেলের প্রয়োজনে লেবরেটরী, যন্ত্রপাতি ও অন্যান্য জিনিসপত্র দিয়ে পাঠদান ও প্র্যাকটিকেলের সুবন্দোবস্ত করতে হবে।
7. শিক্ষায়তনকে specific activities-এর জন্য ব্যবস্থা করতে হবে।
8. শিক্ষায়তনের ছাত্র ও শিক্ষকদের জন্য পানীয় জল ও স্বাস্থ্যসম্মত বিধিব্যবস্থা রাখতে হবে।
*9. শিক্ষায়তনকে ৮০০০ টাকার রিজার্ভ ফাণ্ড রাখতে হবে।
**10. সরকার কর্তৃক নির্দিষ্ট হারে ছাত্র-ছাত্রীদের থেকে ছাত্র বেতন আদায় করতে হবে।
11. কাউন্সিল নির্দিষ্ট নীতিবিধি অনুসারে অধিক সংখ্যক ছাত্র ভর্তি করা চলবে না।
12. ইনষ্টিটিউশনে অনুমতিপ্রাপ্ত কোর্সের ভিত্তিতে পঠন-পাঠন চলবে।
13. সহশিক্ষামূলক প্রতিষ্ঠানে অন্ততঃপক্ষে একজন শিক্ষিকা অথবা মেট্রনের ব্যবস্থা করতে হবে।
14. ইনষ্টিটিউশনকে রেগুলেশনের ভিত্তিতে পাঠদান ও পরীক্ষা প্রভৃতির ব্যবস্থা করতে হবে।

আইটেম নং 3 এ বিদ্যালয় গৃহের পরিসর সম্বন্ধে অনুসরণীয়—

(i) ৫০ জন ছাত্রের জন্য ৫০০ বর্গফুট জায়গা বা পরিসরের প্রয়োজন।

---

* ইন্টিগ্রেটেড ইনষ্টিটিউশনের ক্ষেত্রে পরবর্তীকালে উক্ত আদেশ প্রত্যাহৃত হয়েছে।

** ইন্টিগ্রেটেড ইনষ্টিটিউশনে টিউশন ফিস উঠে গেলেও অন্যান্য ফিস নেওয়া হচ্ছে।

(ii) লেবরেটারীর স্থান—প্রত্যেকটির জন্য ৫০০ বর্গফুট।
(iii) লাইব্রেরীর জন্য প্রয়োজন ৫০০ বর্গফুট পরিসরের গৃহ। শিক্ষক/শিক্ষিকা ও প্রধান/প্রধানার জন্য পৃথক বসিবার স্থান থাকা চাই।

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৮ হো-চি-মিন সরণী, কলি-১৬

সার্কুলার No HSC/GS/1C/76 dt. 2nd July, 1976

To

All Higher Secondary Institutions recognised to offer General Stream Course

বিষয়ঃ শিক্ষায়তনের মান পূরণের জন্য শর্তাবলী

পূর্ববর্তী সার্কুলার No HSC/GS/1/76 dt. 1. 7. 76 এর বরাবরে উক্ত বিষয়ে আপনাদের অবহিত করা যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী আপনাদের অবশ্যই পূরণ করতে হবে, অবশ্য পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত।

1. **ভর্তি (Admission)**ঃ পূর্ববর্তী সার্কুলারের 4নং clause-এ বর্ণিত ভর্তি বিষয়ে নিম্নে বলা হচ্ছে—

(a) সর্বভারতীয় স্তরে অথবা রাজ্য স্তরে যে সব ছাত্র/ছাত্রী 10+2 প্যাটার্নে দশম শ্রেণীর ফাইন্যাল পরীক্ষা পাস করেছে, তারাই কেবল XI শ্রেণীতে ভর্তি হওয়ার যোগ্য। অত্র ANNEXUR-এ ঐসব রাজ্যের নামের তালিকা প্রকাশ করা হল।

(b) যে সব ছাত্র/ছাত্রী অ্যাকাডেমিক অথবা ভোকেশ্যনাল কোর্সে সার্টিফিকেট অথবা মার্কশীটে অথবা অন্য কোন কারণে পরীক্ষায় উত্তীর্ণ হতে পারে নি, তাদের কাউন্সিল থেকে পূর্ব-অনুমতি না নিয়ে যেন ভর্তি করা না হয়।

(c) যে সব রাজ্যে (states) 10+2+3 শিক্ষা পাটার্ণ চালু হয় নি সেসব রাজ্যের X এর ফাইন্যাল পরীক্ষায় পাস করা ছাত্র/ছাত্রীদের XI ক্লাশে ভর্তি করার পূর্বে সংসদে ঐসব কেসের সম্বন্ধে মতামত সংগ্রহ করতে হবে।

(d) বিদেশের (foreign country) বিদ্যালয় থেকে পাস করা ছাত্র/ছাত্রীকে ভর্তি করবার পূর্বে কাউন্সিলের কাছে বিষয়টি জানাতে হবে।

2. **সহ শিক্ষা (Co-education)**ঃ

শিক্ষায়তনকে ঘোষণা করতে হবে, ঐ শিক্ষা প্রতিষ্ঠান সহ-শিক্ষামূলক কিনা। সহ-শিক্ষামূলক শিক্ষা প্রতিষ্ঠানকে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে—

(1) সংশ্লিষ্ট শিক্ষায়তনের শিক্ষকমণ্ডলীতে অন্ততপক্ষে একজন শিক্ষিকা থাকবেন।

(2) শিক্ষায়তন ছাত্রীদের প্রয়োজন ও সুখ-সুবিধা দেখবার জন্য একজন মেট্রনকে অবশ্যই নিয়োগ করতে হবে।

(3) শিক্ষায়তন ছাত্রীদের জন্য পৃথক সেনেটারী ব্যবস্থা করবেন।

(4) যে সব শিক্ষায়তনে মেয়েদের জন্য হোস্টেলের ব্যবস্থা করা হয়েছে, সেখানে ছেলেদের হোস্টেল থেকে বেশ দূরত্বে এবং প্রধান / প্রধানার নজরের মধ্যে মেয়েদের হোস্টেল করতে হবে।

3. **রেজিস্টার ও অ্যাকাউন্টস্ বুক :***

শিক্ষায়তনকে নিম্নলিখিত রেজিস্টার ও একাউন্টস্ বুক রাখতে হবে :

(i) শিক্ষকমণ্ডলীর জন্য রেজিস্টার।

(ii) লেবরেটরী অ্যাসিষ্টেন্টের জন্য রেজিস্টার।

(iii) অশিক্ষক কর্মচারীদের জন্য রেজিস্টার।

(iv) বিষয়ভিত্তিক ছাত্র / ছাত্রীদের হাজিরা বই।

(v) অ্যাকাউন্টস্ সংক্রান্ত খাতা-পত্র।

(vi) লাইব্রেরী রেজিস্টার ও বই সংগ্রহের রেজিস্টার।

(vii) ছাত্র-ছাত্রী ও শিক্ষক / শিক্ষিকাদের জন্য Cronological records of Library।

(viii) লেবরেটরী রেজিস্টার, যন্ত্রপাতি প্রভৃতির রেকর্ড বুক।

(ix) যে সব বই পত্র শিক্ষায়তনের জন্য কাজে লাগে।

(x) কাউন্সিল কর্তৃক মাঝে মাঝে নির্দেশিত অন্যান্য রেজিস্টারাদি।

(xi) কাউন্সিল থেকে ইন্‌সপেকসন পার্টির প্রয়োজনে রেজিস্টার ও খাতাপত্র শিক্ষাপ্রতিষ্ঠানকে পরিদর্শনের সুযোগ দিতে হবে।

স্বাঃ এস. কে. দত্ত
সেক্রেটারী

ANNEXURE

সর্বভারতীয় কর্তৃপক্ষ এবং রাজ্য কর্তৃপক্ষের (state authorities) নামের তালিকা, যাঁরা 10+2... প্যাটার্নে দশম শ্রেণীর ফাইন্যাল গ্রহণ করেন :

I—সর্বভারতীয় কর্তৃপক্ষ

1. সেণ্ট্রাল বোর্ড অব্ সেকেণ্ডারী এডুকেশন—নিউ দিল্লী
2. দি কাউন্সিল ফর ইণ্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশন—নিউ দিল্লী

*ইন্টিগ্রেটেড শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ ও দ্বাদশ শ্রেণীর জন্য কোন পৃথক রেজিস্টার সংরক্ষণ করার প্রয়োজনীয়তা নেই।

II—রাজ্য কর্তৃপক্ষ

Sl. No.	স্টেট	কর্তৃপক্ষের নাম
1.	অন্ধ্রপ্রদেশ	বোর্ড অব, সেকেণ্ডারী এডুঃ, হায়দরাবাদ
2.	দিল্লী (ইউনিয়ন	সেন্ট্রাল বোর্ড অব সেকেণ্ডারী এডু, নিউ দিল্লী
3.	গুজরাট	ঐ ঐ „ আমেদাবাদ
4.	কর্ণাটক	ঐ ঐ „ বাঙ্গালোর
5.	কেরালা	ঐ ঐ „ ত্রিবেন্দ্রাম
6.	মহারাষ্ট্র	স্টেট বোর্ড অব, সেকেণ্ডারী এডু পুনা
7.	পশ্চিমবঙ্গ	ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব, সেকেঃ এডু কলকাতা

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৮ হো-চি-মিন সরণী, কলিকাতা-১৬

No. HSC/GS/2/76

Dt. 2nd July, '76

To

বিষয় ঃ কোর্স ও বিষয় ঃ শিক্ষায়তনের অনুমতি প্রার্থনা

মহাশয় / মহাশয়া

আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে, শিক্ষা প্রতিষ্ঠানকেই কোর্স ও পাঠ্য বিষয় পছন্দ করতে হবে।

কাউন্সিল কর্তৃক প্রকাশিত vol. I ও IA ক্যারিকুলাম ও সিলেবাস ছাপান হলেও বিভিন্ন শিডুলে বিভিন্ন পাঠ্য বিষয়ের উল্লেখ আছে। কোন্ স্কীমে কোন্ কোন্ বিষয় নিতে হবে তার বিস্তারিত উল্লেখ নেই। নিচে তার তালিকা দেওয়া হল—

(a) লেবরেটরী প্রাকটিক্যাল ক্লাশ যথা, ফিজিক্স, কেমিষ্ট্রি, বাইওলজিক্যাল সায়েন্স, এগ্রোনমি, জিওলজি, সাইকোলজি, জিওগ্রাফি, হোম ম্যানেজমেন্ট এণ্ড নার্সিং, নিউট্রিশন, ফাইন আর্টস এবং ক্রাফ্‌ট ও মিউজিক।

(b) উল্লিখিত (a) তে লিখিত বিষয়সমূহের মধ্যে বিষয় নির্ধারণ করতে হলে সংসদের অনুমতির দরকার হবে।

কাউন্সিল কর্তৃক গৃহীত নীতির ওপর ভিত্তি করে আপনার শিক্ষা প্রতিষ্ঠানকে দু'বছরের একাদশ-দ্বাদশ শ্রেণীর ছাত্র / ছাত্রীর জন্য ১৯৭৬ সালের ১লা জুলাই থেকে অনুমতি দেওয়া হল—

(1) ল্যাঙ্গুয়েজ—বাধ্যতামূলক

গ্রুপ A

গ্রুপ B

এছাড়া গ্রুপ A থেকে একটি

(2) ইলেকটিভ বিষয় :

(a) থেকে লেবরেটরীভিত্তিক তিনটি বিষয়

(3) ঐচ্ছিক বিষয় :

(i) অর্ডিনারি লেবেল—আপনাদের পছন্দমত বিষয়

(ii) এডভানস্‌ড লেবেল—বিষয় (কাউন্সিলের অনুমতি সহকারে)

এছাড়া কো-ক্যারিকুলার কাজকর্মের মধ্যে যে কোনগুলি ভর্তি শেষ হওয়ার তারিখ থেকে ১৫ দিনের মধ্যে কোন্ কোন্ বিষয় এবং কত সংখ্যক ছাত্র / ছাত্রী ভর্তি হয়েছে তা জানাতে হবে।

আপনাদের বিশ্বস্ত

স্বাঃ এস. কে. দত্ত

সেক্রেটারী

ANNEXURE

WEST BENGAL COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION

8, Ho Chi Minh Sarani, Flat No. 17 (3rd Floor)
Calcutta-700016

*Dated, Calcutta, the*__________*1976*

*No.*__________

Intimation of Courses and Subjects offered by an Institution for the two-year Higher Secondary Courses in 1976-77 and 1977-78

(*To be submitted within 15 days of the closing date of admission*)

From____________________

To : The Secretary,
West Bengal Council of Higher Secondary Education.
8, Ho Chi Minh Sarani, Flat No. 17 (3rd floor)
Calcutta-700016.

Sir,

Referring to your letter No. HSC/GS/2/76 dated 2nd 7uly, 1976, I/we have to inform you that the Institution has offered the

following courses and subjects for the two-year academic session 1976-78 and admitted students to the subjects as stated against each of them :

General Stream Course

1. Languages (As per Schedule-1 of the curriculum)

Specified Language **No. of pupils admitted**

(i) Compulsory.

(a) Under Group A—(Please mention the Language)

(b) Under Group B—(Please mention the Language)

(**Name of the Institution**)

(ii) Besides (i) above—one language from Group A (Please mention the Language)

2. **Elective Subjects** (As per Schedule-II of the curriculum)

(a) Subjects requiring Laboratory/Practical Classes

Name of Subjects **No. of pupils admitted**

(i) Physics
(ii) Chemistry
(iii) Biological Sciences
(iv) Agronomy
(v) Geology
(vi) Geography
(vii) Psychology
(viii) Home Management and Nursing
(ix) Nutrition
(x) Fine Arts & Crafts
(xi) Music

(b) Subjects other than those specified in (a) above

Name of Subjects **No. of pupils admitted**

3. **Optional Elective Subjects**

Name may be specified and enrolment stated against each of them.

Name of Subjects **No of pupils admitted**

4. **Specified Activities as Compulsory Co-curriculre programme**
Subject/Activity offered **No. of pupils admitted**

(i)

(ii)

(iii)

(iv)

The above statement is for your information and record.

Yours faithfully.

(Signature with seal)

(xi) মিউজিক, বিজ্‌-ইকনমিক্স, বিজ্‌-ম্যাথ।

4. ঐচ্ছিক বিষয়ে বদল (Change of Elective Subject) : উল্লিখিত সাবজেক্ট লিষ্ট থেকে ছাত্র/ছাত্রীরা একাদশ শ্রেণীতে ভর্তির চার মাসের মধ্যে অর্থাৎ ৩১শে ডিসেম্বরের (যেটাই আগে হউক না কেন) মধ্যে প্রধান / প্রধানার সম্মতিতে বিষয়ের অদল বদল করতে পারবে (Vide circular No HSC/60/78 dt. 26.10.78)।

(সংসদের নূতন ঠিকানায় পত্রালাপ করতে হবে।)

আপনার বিশ্বস্ত
স্বাঃ জি. দাস
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ (এইচ্. এস. ব্রাঞ্চ)

No. $\frac{\text{89 – Edn. (H.S.)}}{\text{35—95/79}}$ dt. 23rd July, 1980

To
The Director of Secondary Education, W.B.

বিষয় : ইন্টিগ্রেটেড বে-সরকারী হায়ার সেকেণ্ডারী স্কুলে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী মঞ্জুর।

রেফারেন্স : গভঃ অর্ডার No. 61 Edn. (H.S.) dt. 11th May, 1978 এবং গভঃ অর্ডার No. 190 Edn. (H.S.) dt. 5th Dec, 1979.

গভঃ অর্ডার নম্বর 20 Edn. (H.S.) dt. 29th Feb, 1980 ব্যাখ্যা প্রসঙ্গে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে—

(1) পূর্ববর্তী সরকারী অর্ডার No. 61—Edn. (H.S.) dt. 11th May, 1978 অনুসারে অ্যাড্ হক পোষ্টের অনুকূলে যে সব শিক্ষক/শিক্ষিকা

নিযুক্ত হয়েছেন, তাঁদের নতুন করে নির্বাচনের (selection)-এর প্রয়োজন নেই, কিন্তু ১১ই মে, ১৯৭৮ সালের অনুযায়ী এখনও কোন পোষ্টে লোক নেওয়া না হয়ে থাকলে, সেই পোষ্ট বা পদ পূরণে গভঃ অর্ডার নম্বর 20—Edn. (H.S.) dt. 29th Feb. 1980 অনুসারে করতে হবে।

(2) গভঃ অর্ডার নং 61—Edn. (H.S.) dt. 11th May, 1978 অনুযায়ী স্কুলের অনার্স/মাস্টার ডিগ্রীধারী শিক্ষক/শিক্ষিকাকে অগ্রাধিকার দেওয়ার ফলে নূতন স্টাফ প্যাটার্ণ অনুযায়ী শিক্ষক নিতে হলে তাদের গ্রাজুয়েট স্কেলে গভঃ অর্ডার নং 190 Edn. (H.S.) dt. 5th Dec., 1979 অনুযায়ী ব্যবস্থা করতে হবে।

স্বাঃ বি. এন্. চাটার্জী
স্পেশ্যাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

43 কৈলাস বোস ষ্ট্রীট, কলি-৬

No HSC/112/80 dt. 4. 10. 80

To

All Heads of Higher Secondary Institutions

বিষয়: ১৯৮১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য অনুমতিপ্রাপ্ত প্রার্থীদের সম্বন্ধে গাইড লাইন ইত্যাদি।

মহাশয়/মহাশয়া,

১৯৮১ সালের পরিক্ষার্থীদের সম্বন্ধে নিম্নলিখিত নির্দেশ দেওয়া হচ্ছে ঃ

1. ১৯৭৭ সালের পরীক্ষা রেগুলেশন 14 নং রেগুলেশনে কোন পরীক্ষার্থী একবারে পরীক্ষা পাস করতে না পারলে তাকে পর পর দুবার উক্ত পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হবে, তা সে গ্রহণ করুক বা নাই করুক।

তদনুযায়ী ১৯৭৬-৭৭ সালে যে ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছিল, সে ১৯৭৮ সালে পরীক্ষা দিয়ে ফেল করলে, ১৯৭৯ এবং ১৯৮০ দু'দুবার পরীক্ষার সুযোগ গ্রহণ করতে পারে কিন্তু ১৯৮০ সালেও পরীক্ষা দিয়ে ফেল করলে সে আর রেগুলার ছাত্র/ছাত্রী হিসেবে ১৯৮১ বা পরবর্তী সময়ে পরীক্ষা দেওয়ার অধিকারী হবে না। তবে সে ১৯৮১ সালে পুনরায় একাদশ শ্রেণীতে ভর্তি হয়ে নিয়মানুসারে রেগুলার পরীক্ষার্থী হিসেবে দু বছরের (XI ও XII) পাঠ শেষ করে পুনরায় পরীক্ষা দিবে। সে কোথাও ভর্তি না হলে এক্সটার্নেল প্রার্থী হিসেবে ১৯৮২ সালে পরীক্ষা দিতে পারে।

2. **কন্টিনিউয়িং কেণ্ডিডেট (Continuing Candidate) ঃ**

১৯৮০ সালের রেগুলার প্রার্থী হিসেবে হায়ার সেকণ্ডারী পরীক্ষায় দুটোর বেশী আবশ্যিক (Compulsory) বিষয়ে ফেল করলে কন্টিনিউয়িং প্রার্থী

হিসেবে পরবর্তী দুটি হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় পরপর দু' বছর পরীক্ষা দিতে পারে। এইরূপ প্রার্থীরা ইচ্ছা করলে নিজস্ব বিদ্যালয়ে ভর্তি হতে পারে, তবে তারা রেগুলার ছাত্র / ছাত্রী হিসেবে বিবেচিত হবে না এবং তাদের টেষ্ট পরীক্ষায় বসবার প্রয়োজন হবে না।

3. **স্পেশ্যাল প্রার্থী (Special Candidate) :**

১৯৮০ সালে রেগুলার প্রার্থী হিসেবে একটি অথবা দুটি আবশ্যিক বিষয়ে (Compulsory Subjects) ফেল করলে তাকে পর পর আরও দু বছর হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় Special Candidate হিসেবে পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হবে। অবশ্য তারা ইচ্ছা করলে Continuing Candidate) হিসেবেও সকল বিষয়ে পরীক্ষা দিতে পারে।

4. ১৯৭৯ সালে যে সব পরীক্ষার্থী ১৯৭৭-৭৮ সালের রেজিঃ নম্বর নিয়ে রেগুলার প্রার্থী হিসেবে পরীক্ষা দিয়ে পাস করতে পারেনি, অর্থাৎ দু'বিষয়ের বেশী বিষয়ে ফেল করেছিল, ১৯৮১ সালে তারা Continuing Candidate হিসেবে পরীক্ষা দিতে পারে। অনুরূপভাবে ১৯৭৯ সালে রেগুলার প্রার্থী হিসেবে, ১৯৮০ সালে পরীক্ষা দিয়ে একটি বা দুটি বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারা ১৯৮১ সালে স্পেশ্যাল প্রার্থী হিসেবে অথবা Continuing Candidate হিসেবেও পরীক্ষা দিতে পারে।

১৯৭৯, ১৯৮০ সালের পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এমন ছাত্র/ছাত্রী একই কোর্সে এবং একই সিলেবাসে পুনরায় পরীক্ষা দিতে পারবে।

5. সমস্ত Continuing এবং স্পেশ্যাল প্রার্থী ১৯৮০ সালের ১৫ই ডিসেম্বরের মধ্যে পাঁচ টাকা ফিস জমা দিয়ে সত্বর শিক্ষা প্রতিষ্ঠানে নাম রেজিষ্ট্রি করবে।

6. ১৯৮১ সালের হায়ার সেকেণ্ডারী পরীক্ষা দিবার জন্য যে সব Continuing ও Special প্রার্থী লেবরেটরী ভিত্তিক বিষয়ে পরীক্ষা দেওয়ার জন্য নাম রেজেষ্ট্রি করেছে, তাদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে মাসে পাঁচ টাকা হিসেবে ফিস দিয়ে প্র্যাকটিক্যাল ক্লাশ করতে হবে। যে সব স্পেশ্যাল প্রার্থী থিওরীটিক্যাল পরীক্ষায় পাস করেছে তাদের প্রাকটিক্যাল ক্লাশও করতে হবে এবং প্রাকৃটিক্যাল পরীক্ষা দিতে হবে। আর যে সব স্পেশ্যাল প্রার্থী প্রাকটিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের আর প্রাকটিক্যাল ক্লাশ করার প্রয়োজনীয়তা নেই।

নোট : ১৯৮১ সালে স্পেশ্যাল প্রার্থী হিসেবে হায়ার সেকেণ্ডারী পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের নাম রেজিষ্ট্রী করার সময় আগের বছরের মার্কশীট জমা দিতে হবে।

7. ১৯৭৭ সালের এক্সামিনেশন রেগুলেশন অনুযায়ী মাঝে মাঝে সংশোধিত নিয়মানুযায়ী ১৯৮০ সালের পাস করা ছাত্র/ছাত্রীরা তাঁদের পরীক্ষার ফলাফল

ভাল করবার জন্য ১৯৮১ সালের হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় সকল বিষয়ে কন্টিনিউটিং প্রার্থী হিসেবে পরীক্ষা দিতে পারবে। সেক্ষেত্রে তাদের ১৯৮০ সালের পরীক্ষার মার্কশীট প্রভৃতি নূতন দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে, ১৯৮০ সালের ১৫ই ডিসেম্বরের মধ্যে নিজ নিজ স্কুলের প্রধান/প্রধানার কাছে।

৪. একটি বা দুটি বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক পাস করা প্রার্থী ঃ

যে সব প্রার্থী কাউন্সিল পরিচালিত হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় পাস করেছে অথচ তাদের একটি বা দুটি বিষয়ে ফলাফল ভাল দেখাবার প্রয়োজনে ইউনিভারসিটি লেবেলে সার্টিফিকেটের প্রয়োজন হয়, তারা কলেজে সাময়িক ভাবে ভর্তি হলেও অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাদের হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় ঐ একটি বা দুটি বিষয়ে পরীক্ষার অনুমতি দেওয়া যেতে পারে।

তাদের ১৯৮০ সালের ১৫ই ডিসেম্বরের মধ্যে প্রতি বিষয়ে পাঁচ টাকা ফিস এবং অন্যান্য ফিসসহ নির্দিষ্ট ফরম জমা দিতে হবে।

এরূপ প্রার্থীদের যে কোন অনুমোদিত হায়ার সেকেণ্ডারী শিক্ষাপ্রতিষ্ঠানে পাঁচ টাকা ফিস দিয়ে নাম রেজিষ্ট্রী করতে হবে। লেবরেটরী ভিত্তিক বিষয়ে অনুমতি পেতে হলে তাদের কশান মানিসহ মাসিক ৫ টাকা হিসেবে লেবরেটরী ফিস দিতে হবে। তাদের লেবরেটরী খাতা জমা দিতে হবে এবং টেষ্ট পরীক্ষা উত্তীর্ণ হতে হবে। আর টেষ্ট পরীক্ষার জন্য তাদের এক মাসের বেতনের সমান পরীক্ষার ফিস দিতে হবে।

আপনাদের বিশ্বস্ত
স্বাঃ কে. পি. মালাকার
সেক্রেটারীর পক্ষে

ANNEXURE—A

১৯৮১ সালের হায়ার সেকেণ্ডারী পরীক্ষার (এক্সটারন্যাল), ক্যারিকুলাম।

প্রার্থীকে ভাষা সংক্রান্ত বিষয়ে দুটি ভাষা—একটি গ্রুপ A থেকে, অন্যটি গ্রুপ B থেকে নিতে হবে এবং তিনটি নন-লেবরেটারী ঐচ্ছিক বিষয় নিতে হবে। তা নিম্নে বর্ণিত হল,—

(a) গ্রুপ—A

নিম্নোক্ত ভাষাসমূহের মধ্যে যে কোন একটিকে নিয়ে যদি প্রার্থী মাধ্যমিক পরীক্ষার অবশ্যই বাংলাকে প্রথম ভাষা হিসাবে নির্বাচন করেছিল—

(বাংলা, নেপালি, সাঁতালি, হিন্দী, উর্দু, অসমিয়া, ওড়িয়া, তামিল, তেলেগু, মালায়লম, মারাঠি, গুজরাঠী, পাঞ্জাবী, ইংরাজি, মডার্ণ টিবেটান)

(b) গ্রুপ—B

ইংরাজি

অথবা

যদি ইংরাজিকে গ্রুপ-A তে অন্যতম ভাষা হিসেবে নেওয়া হয় তাহলে—

বাংলা অথবা হিন্দী

অথবা

বিকল্প—ইংরাজি

[বিকল্প ইংরাজি কেবল সেই ছাত্র/ছাত্রীকে মঞ্জুর করা হবে, যে গ্রুপ Aতে ইংরাজী ছাড়া অন্য বিষয়কে গ্রহণ করেনি—নিম্নস্তরের পরীক্ষায় ঐ ভাষাই ছিল—এই জন্য সে হায়ার সেকেণ্ডারীতে বিকল্প ইংরাজি নেওয়ার যোগ্যতা অর্জন করছে।]

আবশ্যিক ঐচ্ছিক বিষয়—৩টি

(Three Compulsory Elective Subjects)

$200 \times 3 = 600$ নম্বর

তিনটি ঐচ্ছিক (elective) বিষয় এবং একটি অপশনেল ঐচ্ছিক (optional elective) যদি নিতে ইচ্ছা করে, তাহলে নীচে দেওয়া বিষয়ের তালিকা থেকে যে কোন একটি :

No.	Subjects
1.	বিজনেস অর্গানাইজেশন, এডুকেশন
2.	ফিলজপি
3.	ইতিহাস, একাউণ্টেন্সী
4.	পলিটিক্যাল সায়েন্স
5.	অন্ত্রোপলজি, ইকনমিক জিওগ্রাফী
6.	পাবলিক অ্যাড্‌মিনিষ্ট্রেশন
7.	ইকনমিকস
8.	সোশিওলজি
9.	ম্যাথমেটিকস্
10.	স্টাটিসটিক্স, ক্লাসিক্যাল লেঙ্গুয়েজ (কেবল একটি), মডার্ণ ইণ্ডিয়ান লেঙ্গুয়েজ (কেবল একটি) যদি তা লেঙ্গুয়েজ গ্রুপের A ও B, মডার্ণ ফরেন লেঙ্গুয়েজ (কেবল একটি)*
11.	বিজনেস ইকোনমিকস্—বিজনেস ম্যাথমেটিক্স

* Classical Language—Sanskrit, Persian, Arabic.
Modern Indian Language—Bengali, Hindi, Urdu, Nepali, Santali, Oriya, Assamese.
Modern Foreign Language—French, German, Russian & Chinease.

ন্যাশনেল কাউন্সিল অব এডুকেশনেল রিচার্স এণ্ড ট্রেনিং

(National Talent Research Unit)

New Delhi—110016

dt. 15th Dec. 1980

To

The Secretary,

West Bengal Council of Higher Secondary Education

43, Kailash Bose St. Cal—6

মহাশয়,

আপনারা অবগত আছেন যে N. C. RT সারা দেশে X থেকে XII ক্লাশের ছাত্র/ছাত্রীদের জন্য প্রত্যেক বছর মে মাসে ৫০০ ন্যাশনেল টেলেণ্ট স্কলারশিপ দেওয়া হয়। পরবর্তী পরীক্ষা ১৯৮১ সালের ১০ই মে নেওয়া হবে।

এই জাতীয় পরিকল্পনাকে সারা দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌছান দরকার। এই সাথে প্রয়োজনীয় ব্যবস্থা অববম্বনের জন্য এক কপি ব্রোচার পাঠান হল। বিজ্ঞাপনের প্রথম প্রকাশ ২৮শে ডিসেম্বর, ১৯৮০ এবং দ্বিতীয় প্রকাশ ৪ঠা জানুয়ারী, ১৯৮১ দেশের নাম করা কাগজে প্রকাশিত হবে।

আপনার বিশ্বস্ত

স্বাঃ পি. জি. মিশ্র

ইউনিট প্রধান

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৪৩, কৈলাস বোস ষ্ট্রীট, কলি-৬

dt. 15.12.'80

No. Ext/1

বিষয়ঃ ১৯৮১ সালে হায়ার সেকেণ্ডারী পরীক্ষার জন্য জেনারেল গাইড লাইন

কাউন্সিল বহিরাগত ছাত্রদের (External candidates) জন্য একটি পৃথক হায়ার সেকেণ্ডারী পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং তা কেবল নন-লেবরেটরী ভিত্তিক বিষয়সমূহের উপর ১৯৮১ সালে এবং পরবর্তী বছরে নেওয়া হবে।

1. **যোগ্যতা (Eligibility)ঃ**

যে ব্যক্তি পশ্চিমবঙ্গের স্কুল ফাইন্যাল, মাধ্যমিক পরীক্ষা, অথবা পুরান হায়ার সেকেণ্ডারী পরীক্ষা, অথবা পি. ইউ/ইউ-ই অথবা সমগুরুত্বপূর্ণ পরীক্ষা পাস করার পর ১৯৭৭-৭৮ অথবা আগে পর্যন্ত রেগুলার প্রার্থী হিসেবে পড়াশুনা করতে পারেনি, তাঁরা ১৯৮১ সালে অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে হায়ার সেকেণ্ডারী পরীক্ষা (External) দিতে পারবে।

ঐরূপ প্রার্থীদের উক্ত পরীক্ষায় বসবার যোগ্যতা অর্জন করতে হলে টেষ্ট

পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ১৯৭৮ সালের হায়ার সেকেণ্ডারী পরীক্ষা দিয়ে যে বা যারা উত্তীর্ণ হতে পারেনি এবং পরবর্তী ১৯৭৯ ও ১৯৮০ সালের পরীক্ষায়ও উত্তীর্ণ হতে পারেনি, তারা ১৯৮১ সালে আর হায়ার সেকেণ্ডারী (Extnl) পরীক্ষা দিতে পারবে না। তবে তারা ১৯৮২ সালে H. S. (Extnl) পরীক্ষায় নন-লেববেটরী সাবজেক্টে পরীক্ষা দিতে পারবে কেবলমাত্র শর্তাদি পূরণের পর, অবশ্য যদি তারা ১৯৮০ সালের ১৫ই ডিসেম্বরের মধ্যে রেগুলার ছাত্র/ছাত্রী হিসেবে কোন হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনে ভর্তি না হয়ে থাকে (vide Council Circular HSC/112/80. dt. 14.10.80.)

2. এক্সটারন্যাল প্রার্থীদের জন্য ক্যারিকুলাম ও সিলেবাস ঃ

এক্সটারন্যাল প্রার্থীদের জেনারেল স্ট্রীম কোর্সের জন্য ১০০০ নম্বরের সিলেবাস অনুসরণ করতে হবে (vide Annexure A)। আর তার মধ্যে ভাষা বিষয়ক—২০০ নম্বরের দুটি ভাষা এবং নন-লেবরেটরী ভিত্তিক তিনটি ইলেকটিভ বিষয়ে প্রত্যেকটির জন্য ২০০ নম্বর। প্রত্যেক পত্রের (paper) জন্য ১০০ নম্বর ; কোন বিষয়েই আভ্যন্তরীণ মূল্যায়ণের জন্য নম্বর নেই। এক্সটারন্যাল পরীক্ষার্থীদের বাধ্যতামূলক কো-ক্যারিকুলার কার্যক্রমে যোগদানের প্রয়োজন নেই।

3. টেষ্ট পরীক্ষার জন্য কিভাবে আবেদন করবে ?

সংসদ থেকে সাধারণভাবে অনুমতি লাভের পর এক্সটারন্যাল পরীক্ষার্থীদের সংসদ কর্তৃক ছাপান ফরম নং Ex/2-তে নির্দিষ্ট ফিস সহ নির্বাচিত এবং বাসস্থানের কাছাকাছি শিক্ষায়তনের প্রধানের কাছে ১৪.১.৮১ তারিখের মধ্যে আবেদন করতে হবে আর লেট ফীঃ সহ ২৪.১.৮১ তারিখের মধ্যে।

(i) পারমিশান ফী ঃ Rs. 20/-
(ii) রেজিষ্ট্রেশন ফী ঃ Rs. 5/-
(iii) মাইগ্রেশন ফী ঃ Rs. 10/- (ভিন্ন রাজ্য থেকে হলে মূল মাইগ্রেশন সার্টিফিকেট প্রদান করতে হবে।)
(iv) দরখাস্তের গায়ে দুটি পাসপোর্ট সাইজের ফটো উপযুক্ত কর্তৃপক্ষকে দিয়ে attest করে দিতে হবে।

সংসদ ১৯৮১ সালের ৪ঠা মার্চের মধ্যে রেজিষ্ট্রেশন সার্টিফিকেট সংশ্লিষ্ট ইনষ্টিটিশন প্রধানের কাছে পাঠিয়ে দেবেন। ঐ রেজিঃ সার্টিফিকেট টেষ্ট পরীক্ষার অ্যাডমিট কার্ড বলে গণ্য করা হবে। ঐ বছরের নির্ধারিত রেগুলার সিলেবাসের উপর ভিত্তি করে টেষ্ট পরীক্ষা ৫০০ নম্বরের মধ্যে গ্রহণ করা হবে। দুটো ভাষার জন্য ১০০ নম্বর হিসেবে—২০০ নম্বর এবং ১০০ নম্বর হিসেবে তিনটি নন-লেবরেটরী বিষয়ে মোট ৩০০ নম্বর। প্রত্যেকটি বিষয়ে পাস মার্ক রাখতে হবে ৩০ নম্বর। ১৯৮১ সালের প্রথম সপ্তাহে সংসদ নির্ধারিত তারিখে টেষ্ট

পরীক্ষা গ্রহণ করবেন। টেষ্ট পরীক্ষার ফলাফল সংসদ যথাসময়ে প্রকাশ করবেন।

4. **১৯৮১ সালের হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় (এক্সটারন্যাল) ভর্তি :**

টেষ্ট পরীক্ষায় সফলকামী প্রার্থীদের সংসদ কর্তৃক নির্দিষ্ট ছাপান ফরমে নিম্নলিখিত কাগজ-পত্র ও ফী সমেত নির্বাচিত ইনষ্টিটিউশনের মাধ্যমে ১৯৮১ সালের হায়ার সেকেণ্ডারী (Extnl) পরীক্ষায় বসবার জন্য নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

(i) পরীক্ষার ফিস—Rs. 40/-

(ii) দরখাস্তের ফরমে দুটি পাসপোর্ট সাইজ (ফ্রণ্ট) ফটো যথাযথভাবে attested ও fixed করে দিতে হবে। হায়ার সেকেণ্ডারী পরীক্ষা সম্বন্ধে যাবতীয় সংবাদ সংশ্লিষ্ট শিক্ষায়তন থেকে পাওয়া যাবে।

পি. মিত্র
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

এইচ. এস্. ব্রাঞ্চ

No. $\frac{\text{45-Edn(HS)}}{\text{(3S)-2/81}}$ dt. 13th May, '81

To

The Director of Secondary Education, W.B.

6 Bhabani Datta Lane, Cal-73

বিষয় : XI ও XII শ্রেণীর জন্য অন্যান্য ফিস আদায় (Collection of the fees)

এই মর্মে জানান যাচ্ছে যে, ১৯৮১ সালের ১লা জানুয়ারী থেকে হায়ায় সেকেণ্ডারী স্টেজে ছাত্রবেতন (tuition fees) আদায় করা রহিত করা হয়েছে। সরকার এখন শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের বেতন দেওয়ায় দায়িত্বভার গ্রহণ করেছেন। অবশ্য বিদ্যালয় পরিচালনার জন্য অন্যান্য খরচপত্র বহনের প্রয়োজনে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অন্যান্য কিছু ফিস আদায় করা প্রয়োজন মনে করেন।

উক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে ১৯৮১ সালের ১লা জানুয়ারী থেকে annexed schedule নির্দিষ্ট ফীঃ তালিকা প্রকাশ করা হল।

বিভিন্ন হেডে (head) একমাত্র সংগৃহীত ফিস নির্ধারিত উদ্দেশ্য পূরণের জন্য খরচ করা চলবে। উক্ত অনুমোদিত ফিস সরকারের বেলা এই head-এ আদায় করা চলবে না। ১৯৮১ সালের ১লা জানুযারী থেকে এই নূতন ব্যবস্থা চালু হল।

পর পৃষ্ঠায় এই ফীঃ তালিকা প্রকাশ করা হল—

SCHEDULE

Maximum limit of the other fees and charges to be collected by the Schools from the Students of Classes XI & XII

Area	Development fee	Sports & Games fee	Library fee	Fans and Electric charges including Telephones	Magazine fee	Laboratory charges	Examination fee	Tiffin fee	Total
	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum
Calcutta, Howrah and Barrackpore	25/-	4/-	4/-	3/-	5/-	5/-for each laboratory-based science Subject	10/-	25/-	81/-
District towns and Industrial areas	15/-	4/-	4/-	2·50	5/-	5/-	10/-	25/-	70·50
Rural areas	10/-	3/-	3/-	2·50	5/-	5/-	10/-	25/-	63·50

Sd/- B. N. Banerjee
Dy. Secretary

Memo. No, $\frac{250(16)GA}{3B-8/80}$ Dated $\frac{25.\ 5.\ 81}{16.\ 6.\ 81}$

Copy forwarded to the District Inspector of Schools (SE),.. ....P. O.........................Dist...for information and guidance. The content of the Govt. order should be circulated to the Heads of all XII Class Higher Secondary Schools for information and guidance.

Sd/- Illegible
for Director of Secondary Education, West Bengal.

নিম্নলিখিত আইটেমে খরচ করতে হলে কেবল ডেভেলাপমেণ্ট ফিসের আয় থেকে খরচ করতে হবে :—

(1) বিল্ডিং মেরামত

(2) ফার্ণিচার ও যন্ত্রপাতি মেরামত ও ক্রয় বাবদ

(3) প্রাইজ, উৎসব-অনুষ্ঠান,

(4) অডিট ফিস (সরকার মঞ্জুর না করলে),

(5) কন্টিঞ্জেন্সী (সরকার মঞ্জুর না করলে),

(6) রেণ্ট, রেট ও টেক্সেস (ঐ)

ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ভর্তি বাবদ ফিস আদায় করা চলবে না। বাৎসরিক দেয় ফিসকে মাসিক কিস্তিতে আদায় করতে হবে। স্বল্প আয়ের অভিভাবকদের অন্তত ১০% ভাগ ছাত্র-ছাত্রীদের পুরো অথবা অর্ধ কনসেশন দেওয়া চলবে।

বি. এন. চ্যাটার্জী
স্পেশাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৪৩নং কৈলাস বোস ষ্ট্রীট, কলি-৬

No. HSC/145/83 dt. 29. 6. '83

To

All Heads of recognised H.S. Institutions

বিষয় : সায়েন্স বিষয় ও ম্যাথমেটিকস্ বিষয়ে ভর্তির গাইড লাইন

কাউন্সিলের সার্কুলার নং HSC/138/83 dt. 28. 4. 83 এর আংশিক সংশোধন করে জানান হচ্ছে যে, মাধ্যমিক পরীক্ষায় অংক, ভৌত বিজ্ঞানে অন্ততঃ শতকরা ৪৫ নম্বর (৪৫%) পেলে একাদশ শ্রেণীর লেবরেটরী ভিত্তিক বিষয়, যথা—ফিজিক্স, কেমিষ্ট্রী, বাইওলজি ঐচ্ছিক (elective) বিষয় হিসেবে পড়তে পারবে। ম্যাথমেটিকসে শতকরা ৪৫ থেকে নম্বর থাকলে অংককে চতুর্থ বিষয় রেখে, অথবা জীবন-বিজ্ঞানে ৪৫%-এর চেয়ে কম থাকলে ফিজিক্স, কেমিষ্ট্রী, ম্যাথমেটিকস এবং জীবন-বিজ্ঞানকে ৪র্থ বিষয় হিসেবে নেওয়া যেতে পারে। কিন্তু সেক্ষেত্রে ভৌতবিজ্ঞান, জীবন-বিজ্ঞান ও অংকের গড়পড়তা নম্বর ৪৫% এর কম হলে চলবে না।

এ. ব্যানার্জী
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৪৩, কৈলাস বোস স্ট্রীট, কলি-৬

No. HSC/145/84 dt. 22. 5. '84

To

All Heads of recognised H. S. Institutions

বিষয় : XI ও XII শ্রেণীতে ১৯৮৪-৮৫ সালে ভর্তির গাইড লাইন

মহাশয়া/মহাশয়,

গাইড লাইন হিসেবে আপনাকে নিম্নলিখিত বিষয়গুলো অবগত করা হচ্ছে—

1. **XI ক্লাসে ছাত্র/ছাত্রীদের ভর্তি :**

(a) মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষা অথবা সমমর্যাদাসম্পন্ন পরীক্ষার ফলাফল প্রকাশ করার চার মাসের মধ্যে একাদশ শ্রেণীতে ভর্তি হতে হবে। অথবা উক্ত বছরের ৩০শে নভেম্বরের মধ্যে ভর্তি হতে হবে। যদি এর মধ্যে Vacation বা ছুটি পড়ে যায়, তাহলে ভর্তির তারিখ ছুটিজনিত কারণে অবশ্যই বাড়ান হবে।

(b) কম্পার্টমেণ্টেল/সাপ্লিমেণ্টারী মাধ্যমিক পরীক্ষা এবং এক্সটারন্যাল মাধ্যমিক পরীক্ষার পাস করা ছাত্রী/ছাত্রীকে ফলাফল প্রকাশের ৩০ দিনের মধ্যে ভর্তি হতে হবে। Vacation বা দীর্ঘ ছুটির কারণ প্রতিবন্ধক হয়ে দাঁড়ালে ভর্তির তারিখ অনুরূপভাবে বাড়ান হবে।

(c) পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষাপর্ষদ্ এবং সেণ্ট্রাল বোর্ড ছাড়াও অন্য কোন স্টেটুটরি কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত সেকেণ্ডারী বা হায়ার সেকেণ্ডারী বোর্ড পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ছাত্র / ছাত্রীদের XI ক্লাশে ভর্তির অনুমতি দেওয়া যেতে পারে (Vide Councils' Circular No. HSC/GS/1A/76 dt. 2. 7. 76)

(c)(1) কোন ছাত্র / ছাত্রী সর্বভারতীয় অথবা রাজ্য কর্তৃপক্ষ পরিচালিত class X ফাইন্যাল পরীক্ষায় উত্তীর্ণ হলে সমমর্যাদার ভিত্তিতে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার যোগ্য। (Annexure-এ ঐসব রাজ্যের পরিচালক সংস্থার নাম দেওয়া হল।)

ANNEXURE

X ক্লাশের শেষে ফাইন্যাল পরীক্ষা পরিচালিত সর্বভারতীয় এবং রাজ্য কর্তৃপক্ষের নামের তালিকা :

I—সর্বভারতীয় কর্তৃপক্ষ

(I) সেণ্ট্রাল বোর্ড অব্ সেকেণ্ডারী এডুকেশন — নিউ দিল্লী

(II) কাউন্সিল ফর ইণ্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশন — ঐ

II—রাজ্য কর্তৃপক্ষ

Sl No.	State	Names of Authority
1.	অন্ধ্র প্রদেশ	বোর্ড অব্ সেকেঃ এডুঃ হায়দরাবাদ
2.	দিল্লী (ইউনিয়ন টেরিটরী)	সেণ্ট্রাল বোর্ড অব্ সেকেঃ এডুকেশন, নিউদিল্লী
3.	গুজরাট	বোর্ড অব্ সেকেঃ এডুঃ, আমেদাবাদ
4.	কর্ণাটক	(ঐ) বাঙ্গালোর
5.	কেরালা	(ঐ) ত্রিবেন্দ্রাম
6.	মহারাষ্ট্র	মহারাষ্ট্র স্টেট বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন
7.	পশ্চিমবঙ্গ	ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব্ সেকেঃ এডুঃ, কলকাতা
8.	পশ্চিমবঙ্গ	হাই মাদ্রাসা এক্সাঃ বোর্ড

9. উল্লিখিত Annexure ছাড়া অন্য কোন বোর্ড অব্ সেকেণ্ডারী এডুকেশন থেকে কোন ছাত্র / ছাত্রী আসলে XI ক্লাশে ভর্তির জন্য সংসদ থেকে পূর্ব-অনুমতি পেতে হবে।

(d) যে সমস্ত প্রার্থী ১৯৮১ সালে অথবা তারও আগে মাধ্যমিক বা সমগুণ সম্পন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়েও হায়ার সেকেণ্ডারী অথবা তদ্রূপ কোর্সে ভর্তি হয়নি, তাদের ১৯৮৪ সালে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার সুযোগ দেওয়া হবে না। কিন্তু ঐ সব ছাত্র / ছাত্রী এক্সটারন্যাল প্রার্থী হিসেবে নন্-লেবরেটরী সাবজেক্টে পরীক্ষা দিতে পারবে।

(e) যে সব ছাত্র / ছাত্রী ১৯৮২ / ১৯৮৩ সালে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার পর XII শ্রেণীতে প্রমোশন পায়নি, তারা ১৯৮৪ সালে একাদশ শ্রেণীতে পুনরায় ভর্তি হ'তে পারে অবশ্য শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষ ব্রেক অব্ স্টাডিজ সম্পর্কে মেডিক্যাল সার্টিফিকেট অথবা কোন খাঁটি প্রমাণপত্র দাখিলের ভিত্তিতে সন্তুষ্ট হলে।

(f) কোন বিদেশী কর্তৃপক্ষ পরিচালিত স্কুল লীভিং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীকে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষ বা প্রধান / প্রধানা 1(a) অনুচ্ছেদে বর্ণিত নিয়মের মধ্যে সাময়িকভাবে সংসদের অনুমতি সাপেক্ষে একাদশ শ্রেণীতে ভর্তি করতে পারবেন। ঐরূপ ভর্তির বিষয় অবিলম্বে সংসদকে অবহিত করতে হবে।

সংসদ থেকে অনুমোদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীকে, 'ভর্তি বাতিল হ'ল'—এই মর্মে জানিয়ে দিতে হবে।

2. ট্রান্সফারের ভিত্তিতে ছাত্র ভর্তি :

১৯৮৫ সালের ৩১শে জানুয়ারীর মধ্যে ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে একাদশ শ্রেণী:তে একই সাবজেক্টের ভিত্তিতে এবং দ্বাদশ শ্রেণীর সেশন আরম্ভ হওয়ার তিন মাসের মধ্যে অথবা ১৯৮৫ সালের ৩০ শে সেপ্টেম্বরের মধ্যে ট্রান্সফার সার্টি-ফিকেটের ভিত্তিতে ইন্‌ষ্টিটিউশন প্রধান / প্রধানা Class XII এ ভর্তি করতে পারেন। তবে প্রধান / প্রধানাকে মনে রাখতে হবে সাবজেক্ট পরিবর্তনে কোন ভাবেই অনুমতি দেওয়া যাবে না। ট্রান্সফার সার্টিফিকেট ইস্যু করবার সময় Internal assessment এবং percentage of attendance in XI-XII এই দুটি বিষয়ে সার্টিফিকেট অবশ্যই থাকা চাই।

3. **প্যারা-মেডিক্যাল কোর্সে (ভোকেশ্যনাল) ষ্ট্রীম :** ১৯৮১-৮২ সাল এবং পরবর্তী সময়ে একাদশ শ্রেণী:তে প্যারা-মেডি:কেল কোসে' ছাত্র:দের একাদশ শ্রেণীতে ভর্তি করা হবে না।

4. **ক্যারিকুলাম এবং সিলেবাস :**

(a) ২০০ নম্বরের কোন সাবজেক্ট কোন ছাত্র / ছাত্রী অর্ডিনারী লেবেলে Optional elective subject হিসেবে নিলে 40% নম্বরের অতিরিক্ত প্রাপ্ত নম্বরই পাঁচটি বাধ্যতামূলক পাঠ্য বিষয়ের মোট নম্বরের সঙ্গে যুক্ত হবে এবং তা aggregrate marks এর গুরুত্ব নির্ণয় করবে মাত্র।

(b) **গ্রুপ A ও গ্রুপ B ভাষার জন্য পৃথক সিলেবাস।**

১৯৮৪-৮৫ এবং পরবর্তী সময়ে গ্রুপ A ও গ্রুপ B ভাষায় পৃথক সিলেবাসের ব্যবস্থা করা হইবে। ছাত্র / ছাত্রীকে গ্রুপ A এবং গ্রুপ B থেকে একটি একটি করে দুটি ভাষা নিতে হবে।

গ্রুপ—A তে ১৫টি ভাষার নাম দেওয়া আছে—যথা, (1) বাংলা (2) নেপালি (3) সাঁতালি (4) হিন্দী (5) উর্দু (6) অসমিয়া (7) ওড়িয়া (8) তামিল (9) তেলেগু (10) মলয়ালম (11) মারাঠি (12) গুজরাটি (13) পাঞ্জাবি (14) ইংলিশ (15) মডার্ণ টিবেটান। ছাত্র-ছাত্রীকে গ্রুপ-A থেকে যে কোন একটি, তবে যে / যারা মাধ্যমিক স্তরে বাংলাকে প্রথম ভাষা হিসেবে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের বাংলাকে প্রথম ভাষার মর্যাদা দিতে হবে।

গ্রুপ-B তে চারটি ভাষা : (1) ইংরাজি (2) বাংলা (3) হিন্দী (4) বিকল্প ইংরাজি। ছাত্র/ছাত্রীকে গ্রুপ B থেকে চারটি ভাষার মধ্যে একটি নিতে হবে। তবে A গ্রুপ থেকে ইংরাজি নেওয়া হলে তাকে বাংলা, হিন্দী অথবা বিকল্প ইংরাজির একটি নিতে হবে। তবে বিকল্প ইংরাজির ক্ষেত্রে ইংরাজি কেবলমাত্র তাকে মঞ্জুর করা যাবে যে ইংরাজি ছাড়া গ্রুপ-A এবং অন্যকোন ভাষা মাধ্যমিক স্তরে নেয়নি।

পরিষ্কার করে বলতে গেলে গ্রুপ-A তে যে ইংরাজিকে ভাষা বিষয় হিসেবে নিয়েছে, তাকে গ্রুপ-B থেকে কেবল বাংলা অথবা হিন্দীকে নিতে হবে।

(c) সংসদ যে এগারটি গ্রুপে Elective subjectsকে বিভক্ত করেছেন প্রার্থীরা তিনটি compulsory elective বিষয় কেবল নিতে পারে। এই উদ্দেশ্যে একটি গ্রুপ থেকে একটি করে এবং অর্ডিনারী লেবেলে অন্য একটি optional elective subject অতিরিক্ত বিষয় হিসেবে নিতে পারে।

Group	Subjects
1.	Physics, Nutrition, Bis-Organisations, Education.
2.	Bio-Sc, Botany, Zoology, Physiology, Philosophy.
3.	Chemistry, History, Accountancy.
4.	Geology, Pol. Sc.
5.	Fine Arts & Crafts, Anthropology. Economic-Geography.
6.	Agronomy, Geography, Pub-Administration.
7.	Economics, Psychology
8.	Home Management & Home Nursing, Sociology.
9.	Statistics, Classical lang., Modern Indian Lang., Modern Foreign Lang.
10.	Mathematics.
11.	Music, Business Economics including Bis. Mathematics.

5. একাদশ শ্রেণীর কোন ছাত্র/ছাত্রী কলকাতা বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী অথবা নর্থ বেঙ্গল মিউজিক কলেজের অনুমোদিত যে কোন সংগীত প্রতিষ্ঠানের আংশিক সময়ের ছাত্র/ছাত্রী হিসেবে Music বিষয়টিকে সংসদের প্রয়োজনীয় শর্তাদি optional elective subject হিসেবে নিতে পারে। ছাত্র/ছাত্রীরা যে কোন মিউজিক অনুমোদিত হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনে শিখতে পারে, যেখানে Music শেখানো হয়।

XII শ্রেণীতে ছাত্র ভর্তি :

6. যে সব ছাত্র/ছাত্রী দ্বাদশ (XII) শ্রেণীতে প্রমোশন পাওয়ার পর অথবা ১৯৮২-

৮৩, ১৯৮৩-৮৪ সালে টেষ্ট পরীক্ষায় অনুত্তীর্ণ হওয়ায় পড়াশুনা ছেড়ে দিয়েছিল, তাদের নিজস্ব ইনষ্টিটিউশনে অথবা ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে পুনরায় ভর্তি হতে পারে। তবে ট্রান্সফার সার্টিফিকেট নেওয়ার সময় একাদশ শ্রেণীর মূল্যায়ণ নম্বর, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং percentage of attendance জমা দিতে হবে। ইতিমধ্যে break of studies হয়ে থাকলে সংশ্লিষ্ট শিক্ষায়তনের প্রধান/প্রধানা মেডিকেল সার্টিফিকেট ও অন্যান্য ডকুমেণ্টের ভিত্তিতে মঞ্জুর করতে পারবেন।

7. ছাত্র/ছাত্রীদের অভিভাবকের বাসস্থান পরিবর্তন অথবা চাকরির কর্মস্থল পরিবর্তনে ভিন্ন রাজ্যের দ্বাদশ শ্রেণীতে (১৯৮৪) পাঠরত ছাত্র-ছাত্রীরা সংসদের আওতায় হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনের দ্বাদশ শ্রেণীতে ভর্তি হতে পারে। তবে তাদের subject পরিবর্তন করা চলবে না এবং percentage of attendance ও internal assesment যথাযথভাবে counter-signed হওয়া চাই। যেসব বোর্ড/ইউনির্ভাসিটিতে internal assesment দেওয়ার নিয়ম নেই, সেক্ষেত্রে তাদের বার্ষিক পরীক্ষার Marksheet দাখিল করতে হবে।

8. একাদশ-দ্বাদশ শ্রেণীতে ভর্তির ভিড় দেখে এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ১৯৮১ সাল থেকে H.S. কোর্সে ভর্তির সীমা বেঁধে দেওয়া হল। প্রত্যেকটি H.S. ক্লাশের জন্য—

	সর্বাধিক	সর্বনিম্ন
(i) স্কুল	275	50
(ii) কলেজ	500	75

9 **আভ্যন্তরীণ মূল্যায়ণ (Internal Assessment) :**

নিম্নলিখিত বিষয়গুলোতে আভ্যন্তরীণ মূল্যায়ণ করা হবে না—
(i) অসমীয়া, (ii) ওড়িয়া, (iii) মারাঠি, (iv) পাঞ্জাবি, (v) তামিল, (vi) তেলেগু, (vii) মালয়ালম (viii) বিকল্প ইংরাজি (ix) মডার্ন টিবেটান (x) জার্মান (xi) রাশিয়ান (xii) চায়নিজ।
ঐ সমস্ত বিষয়ে ২০০ নম্বরের ওপর external assessment করা হবে।

0. শিক্ষার্থীদের নাম রেজিষ্ট্রীকরণ (Registration of Students) : অনুমোদন প্রাপ্ত ইনষ্টিটিউশনের XI (একাদশ) শ্রেণীতে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের সংসদ প্রদত্ত নির্দিষ্ট ফরমে প্রয়োজনীয় রেজিষ্ট্রেশন ফী ৫ টাকা জমা দিয়ে প্রধান / প্রধানার বরাবরে ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে পাঠাতে হবে। বিশেষ অবস্থায় ৩১শে জুলাইয়ের মধ্যে একটাকা ফাইনসহ জমা দেওয়া যেতে পারে।

এই তারিখের পর আর কোন রেজিষ্ট্রেশন ফরম সংসদ গ্রহণ করবে না। প্রধান/প্রধানাকে দু'প্রস্থে, একবার ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে একাদশ শ্রেণীর ছাত্র

অবস্থায়, আর একবার দ্বাদশ শ্রেণীর ছাত্র হিসেবে ৩১শে জুলাইয়ের মধ্যে রেজিষ্ট্রেশন ফরম ব্যাঙ্ক ড্রাফট সহ পাঠাতে হবে। বাংলাদেশ থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাইগ্রেশন সার্টিফিকেট প্রদানের প্রয়োজন নেই। তবে তাদের ইণ্ডিয়ান সিটিজেনস সার্টিফিকেট থাকা চাই।

ফাইন্যাল পরীক্ষায় রেজিষ্ট্রেশন সার্টিফিকেট দেখাতে না পারলে প্রার্থীদের পরীক্ষা দিতে দেওয়া হবে না।

11 **ঐচ্ছিক বিষয়ের পরিবর্তন (Change of Elective Subjects) ঃ**

ইনষ্টিটিউশন প্রধান/প্রধানা প্রয়োজন বোধ করলে ছাত্র/ছাত্রীদের একাদশ শ্রেণীতে ৩১শে ডিসেম্বরের মধ্যে ইলেকটিভ সাবজেক্টের পরিবর্তনে অনুমতি দিতে পারেন।

অবশ্য ছাত্র-ছাত্রীর বাৎসরিক পরীক্ষার ফলাফল যদি কোন বিষয়ে সন্তোষজনক না হয়, তাহলে XI ক্লাশের শেষেও প্রধান-প্রধানার প্রতিবেদনে সংসদ change of subject অনুমোদন করতে পারেন।

অবশ্য সেক্ষেত্রে ছাত্র-ছাত্রীকে পুনরায় (XI) একাদশ শ্রেণীতে রেগুলার কোর্সে পড়াশুনা করতে হবে। হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রীকে কোন প্রতিষ্ঠানে পুনরায় ভর্তি হয়ে রেগুলার সাবজেক্ট পরিবর্তন করে পড়াশোনার অনুমতি দেওয়া হবে না। তবে external candidate হিসেবে নন-লেবরেটরী ভিত্তিক বিষয়ে অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে পরীক্ষা দিতে পারে।

ভোকেশ্যনাল স্ট্রীম কোর্সে কোন প্রার্থী হায়ার সেকেণ্ডারী পরীক্ষা পাস করার পর জেনারেল স্ট্রীম কোর্সে পড়াশুনা চালাতে চাইলে প্রার্থী পরীক্ষার ফলাফল প্রকাশের এক বছরের মধ্যে class XIIএ ভর্তি হতে পারে।

অবশ্য ঐরূপ প্রার্থীদের দুটি একই ভাষা ও ভোকেশ্যনাল কোর্সের বাধ্যতা-মূলক তিনটি ইলেকটিভ বিষয় নিতে হবে।

12. **লেব. ভিত্তিক বিষয় ঃ**

(a) মাধ্যমিক পরীক্ষায় ভৌতবিজ্ঞান ও অঙ্কে শতকরা ৪৫ নম্বর রাখলে ফিজিক্স, কেমিস্ট্রী ও ম্যাথম্যাটিক্স নিয়ে পড়তে দেওয়া হবে।

(b) মাধ্যমিক পরীক্ষায় জীবন বিজ্ঞানে ৪৫% নম্বরের কম পেলে কোন প্রার্থীকে বাইও-সায়েন্স, বোটানি, জুলজী ও ফিজিওলজী পড়তে অনুমতি দেওয়া যাবে না।

(c) মাধ্যমিক পরীক্ষা অঙ্কে বিষয়ে ৪৫% নম্বরের কম পেলে 12(a) বর্ণিত বিষয়ের সঙ্গে ম্যাথমেটিক্স পড়তে দেওয়া হবে না, অর্থাৎ 12(b) এর বর্ণিত বিষয়ের সঙ্গে নিতে পারে।

অবশ্য মাধ্যমিক পরীক্ষায় ভৌত বিজ্ঞান ও জীবন বিজ্ঞানে ৪৫% বা ততোধিক নম্বর পেয়েও অংকে ৪৫% নম্বরের কম পেলে প্রার্থীকে বাইও-সায়েন্স, পদার্থ বিদ্যা ও রসায়ন বিদ্যায় বাধ্যতামূলক বিষয় হিসেবে নিয়ে অঙ্ককে চতুর্থ elective subject রেখে পড়তে পারে। কিন্তু সব বিষয়ের প্রাপ্ত নম্বর ৪৫% এর কম হবে না। অন্য দুটি বিষয়, যথা—ভৌত বিজ্ঞান ও অঙ্কে ৪৫% নম্বর বা বেশী থাকলে, অথচ জীবন বিজ্ঞানে ৪৫% হিসেবে কম থাকলে বাইও-সায়েন্সকে ৪র্থ ইলেকটিভ সাবজেক্ট দেওয়া যেতে পারে। তবে সে ক্ষেত্রে ভৌত বিজ্ঞান, জীবন বিজ্ঞান ও অঙ্কের মোট নম্বর ৪৫% নম্বরের কম হবে না।

13. **সুযোগের সংজ্ঞা (Number of chances) :**

কোন প্রার্থী প্রথমবার পরীক্ষা দেওয়ার পর পাস করতে না পারলে, তাকে কোন প্রতিষ্ঠানে নূতন করে ভর্তি করে নেওয়া যাবে না। কিন্তু তাকে আরও দুবার একই কোর্সে কন্টিনিউং অথবা স্পেশ্যাল প্রার্থী হিসেবে পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হবে।

অবশ্য উপরি উক্ত তিনটি সুযোগ (chance) নিয়ে যদি প্রার্থী হায়ার সেকেণ্ডারী পরীক্ষা পাস করতে না পারে, তাহলে সে আরও তিনবার কারেণ্ট কোর্স এবং সিলেবাসের ভিত্তিতে স্পেশ্যাল বা কন্টিনিউং প্রার্থী হিসেবে পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে।

অবশ্য লেবরেটরী ভিত্তিক বিষয়ে একই স্কুলে পরীক্ষার পূর্বে অন্ততঃ তিন মাস লেবরেটরী প্র্যাকটিকেল ক্লাস করতে হবে।

এই ব্যবস্থা ১৯৮০ সালের আগে রেগুলার প্রার্থী হিসেবে পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়।

আরও পরিষ্কার করে বলতে গেলে যারা ১৯৮০ সালে হায়ার সেকেণ্ডারী পরীক্ষার জন্য অথবা পরে রেগুলার প্রার্থী হিসেবে enrolled হয়েছিল তাদের সর্বশুদ্ধ ৬বার (+২+৩) সুযোগ দেওয়া হবে।

14. **উপস্থিতির শতকরা হিসাব :**

হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় রেগুলার প্রার্থী হিসেবে পরীক্ষা দিতে হলে class XI ও XII এ মোট 70% উপস্থিতির কম হলে চলবে না।

ইনষ্টিটিউশনের প্রধান-প্রধানাদের অনুরোধ করা হচ্ছে যেন, তাঁরা কঠোর ভাবে এই নীতি অনুসরণ করেন।*

বিশ্বস্ত

স্বাঃ এ. এন. ব্যানার্জি

সেক্রেটারী

* উক্ত সার্কুলারটি সংসদ No HSC/16/Secy/85 dt. 27. 6. 85 গুরুত্ব হেতু পুনঃ প্রকাশ করেছেন।—Editor.

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৪৩ কৈলাস বোস স্ট্রীট, কলিকাতা-৬

No HSC/158/85 Secy. dt. 30. 4. 85

To

All Heads of Institutions recognised by W. B. Council of H.S. Education.

মহাশয়/মহাশয়া,

নিম্নস্বাক্ষরকারী নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি আপনাদের সহৃদয় দৃষ্টি আকর্ষণ করিতেছেন—

বেশ কিছুদিন আগে এরূপ সন্ধান পাওয়া গিয়েছে যে, পশ্চিমবঙ্গে কয়েকটি জেলার বেশ কিছু ছাত্র মাধ্যমিক পরীক্ষার নকল মার্কশীট প্রকাশ করে হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনে ভর্তি হয়ে গেছে। এরূপ অবৈধ ভর্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

এরূপ দুর্নীতির বিরুদ্ধে প্রতিবন্ধকতা সৃষ্টির জন্য আপনাকে নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করা হচ্ছে :

(a) ভর্তির সময় অনুগ্রহ করে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক প্রকাশিত প্রোভিশনাল গেজেটে ভাল করে অনুসন্ধান করুন। যদি দেখা যায়, XI শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীর রোল নাম্বার গেজেটে নেই, তাহলে বিষয়টি পর্ষদে মিলিয়ে দেখার জন্য অনুগ্রহ করে পাঠান।

(b) যদি কোন জালিয়াতির ঘটনা ধরা পড়ে, বিষয়টি—স্থানীয় থানায় জানান এবং F. I. R এর একটি কপি পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক সংসদে পাঠিয়ে দিন।

(c) মাইগ্রেশন নিয়ে কোন ছাত্র ভর্তি হতে এলে যদি কোন সন্দেহের উদ্রেক হয়, বিষয়টি অবিলম্বে কাউন্সিলে প্রতিকারের জন্য পাঠান।

(d) সমস্ত ব্যাপারে যেখানে প্রার্থীদের অনুকূলে কর্তৃপক্ষের দেওয়া সার্টিফিকেটে কোন সন্দেহের উদ্রেক করবে, সেখানে বিষয়টির ফয়শালা করে নেবেন কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে।

আপনার সক্রিয় সহযোগিতা একান্ত প্রার্থনীয়। আপনার বিশ্বস্ত

স্বাঃ এ. ব্যানার্জী (সেক্রেটারী)

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

৪৩ কৈলাস বোস স্ট্রীট, কলিকাতা-৬

dt. 11. 9. 85

No HSC/162/Secy/85

To

The Heads of all Recognised H. S. Institutions

বিষয় : ১৯৮৪-৮৫ থেকে আভ্যন্তরীণ মূল্যায়ণ লোপ

রেফা : কাউন্সিল সার্কুলার No. HSC/160/85 dt. June, 3, 1985

প্রিয় মহাশয়/মহাশয়া,

আমি আপনাদের জানাতে ইচ্ছুক যে, ১৯৮৪-৮৫ সেশন থেকে উল্লিখিত সার্কুলারের রেফারেন্সে ইণ্টারন্যাল এসেসম্যাণ্ট লোপ করা হয়েছে। উক্ত আভ্যন্তরীণ মূল্যায়ন লোপের পরিপ্রেক্ষিতে পুরাতন ও সংশোধিত সিলেবাসের উপর একটি বুকলেট তৈরী করা হচ্ছে যেখানে থিওরীটিক্যাল পেপারে নম্বর ভাগ করে দেওয়া হয়েছে। নিচে বিস্তৃত আলোচনা করা হয়েছে—

বাংলা 'ক' ভাষা পাঠক্রম

পূর্ণ সংখ্যা—২০০

প্রথমপত্র—১০০

গদ্য	—	৪০
কবিতা	—	৪০
নাটক	—	২০
		১০০

দ্বিতীয়পত্র—১০০

প্রবন্ধ রচনা (অনধিক ৬০০ শব্দে)	—২০
ব্যাকরণ	—২৫
ভাবসম্প্রসারণ, ভাবার্থ সংক্ষিপ্তসার, গল্প লেখা, পত্র-রচনা, সংলাপ, তাৎক্ষণিক বক্তৃতা (যে কোন একটি)	—১২
সাহিত্যের ইতিহাস	—২৫
সহায়ক পাঠ	—১৮
	১০০

বাংলা 'খ' ভাষা পাঠক্রম

প্রথমপত্র—১০০

গদ্য	—৪০
পদ্য	—৪০
পাঠ্য নির্ভর বাংলা ব্যাকরণ	—২০
	১০০

দ্বিতীয়পত্র—১০০

বোধ বিচার (সমগ্র সংকলন গ্রন্থের রচনা থেকে একটি গদ্যাংশ—২৫, এবং একটি পদ্যাংশ—২৫)	—৫০
ভাবসম্প্রসারণ, ভাবার্থ, পত্রলিখন	—১৫
রচনা	—২০
প্রবাদ প্রবচন	—১৫
	১০০

ENGLISH

Group—A Language

Full Marks—200

Paper I—100

Sl. No.	Units	No. of pieces	Weightage on catagories	Weightage on question paper		No. of options
1.	Prose					
	Personal	4		Essay type	32	2 out of 4
	Narrative Descriptive	2	44	Explanation	12	1 out of 2
	Impersonal	4				
2.	Poetry	13	28	Essay type	16	1 out of 3
				Critical type	12	1 out of 3
3.	Drama	1	28	Essay type	16	1 out of 2
				Explanation	12	2 out of 3

Paper II—100

Sl. No.	Units	No. of pieces	Weightage on catagories	Weightage on question paper		No. of options
1.	History of English Literature : (from the beginnings to 1832)		35	Essay types	25	2 out of 4
				Short Answer type	10	2 out of 6
2.	Rhetoric	12	20	See Note A of the Syllabus	12	4 figures of 7
	and Prosody (Scansion only)	8			8	1 passage out of 2
3.	Essay (500 words approx)		25		25	1 topic out of 4
4.	Substance with Critical Comments		20	Substance	15	1 out of 2
				comments	5	

ENGLISH

(Group B Language) Full Marks—200

Paper I—100

Sl. No.	Units	No. of pieces	Weightage on categories Total Marks 40
1.	Prose Categories		

A.	Impersonal	3	20
B.	Personal	1	10
C.	Narrative / Descriptive	4	10

[N. B. The above Categories are not mutually exclusive]

Weightage on Question type	No. of options
E 10	Two questions out of 4
S A 3	Three questions out of 5
O 5	Five questions out of 5

[N. B. E=Essay type, SA=Short answer, O—Objective type]

			Weightage on categories	Weightage on question types		No. of options
2.	Poetry	10	Total 35 marks	E	12	One question out of 2
				SA	15	Three questions out of 5
				O	8	Four questions out of 3
3.	Drama	1	Total 20 marks	SA	10	Two questions out of 4
				O	10	Five questions out of 5
4.	Words stress		Total 5 marks	O	5	Ten forms out of more than 20

Paper II—100

1.	Paragraph writing	16	As per Notes of Syllabus see Note A	One topic out of 3
2.	Letter writing	12	See Note B	One question out of 2
3.	Precis (passage containing 150-200 words)	14		One question out of 2
4.	Functional Grammar (unseen)	18	See Note D	12 items out of 16
5.	Comprehension (300 words approx)	40	a. Multiple choice	5 one passage
			b. Vocabulary test	10 see Note C
			c. True false Qs.	5
			d, Seqnence test	10
			e. S A Qs.	10

MATHEMATICS—Full Marks—200

Paper I—100

Algebra, Trigonometry and Analytical Geometry of Two Dimensions.

Algebra	... 30
Trigonometry	... 30
Analytical Geometry of two Dimensions	... 40

Paper II—100

Elements of Calculus and Mechanics

Elements of Differential calculus	... 30
Integral calculus and Differential equations	... 30
Elements of Mechanics	... 40

PHYSICS : Full Marks—200 (Theory and Practical)

Paper I—100

Mechanics	... 20
General properties of Matter	... 20
Heat	... 24
Vibration and waves	... 16

Paper II—100

Optics	... 24
Magnetism	... 10
Electrostatistics	... 10
Current Electricity	... 20
Modern Physics	... 16

CHEMISTRY—200 (Theory and Practical)

Paper I

Group—A—40

General and Physical Chemistry

Group—B—40

Inorganic Chemistry

Paper II

Group—A—20

General and Physical Chemistry

Group—B—20

Inorganic Chemistry

Group—C—40

Organic Chemistry

BIOLOGICAL SCIENCES—200 (Theory and practical)

Paper I—80 (Theory)

Paper II—80 (Theory)

Group—A—27

Botany portion

Group—B—27

Zoology

Group—C—26

Physiology

In the above context it may please be noted that distribution of marks in theoretical papers consequent on the abolition of internal Assessment marks in respect of the remaining Language subjects, Laboratory based subjects and Non-Laboratory based subjects will be as follows :

(A) Language subjects ... 100 marks in each paper

(B) Non. Laboratory based subjects ... 100 marks in each paper

(C) Laboratory based subjects ... 80 marks in each theoretical paper and 20 marks for practical.

The Continuing and special candidates for 1986 also will have to appear with 100 marks in each paper of Language and Non-Laboratory based subjects and with 80 marks in each theoretical paper of Laboratory based subjects. The Concerned Schools will not henceforth forward I. A. marks for these students.

As to the vocational stream courses for Regular, Continuing and special candidates the distribution of marks in theoretical papers consequent on the abolition of internal Assessment marks in respect of Language subjects, Non-Laboratory based Compulsory elective subjects and laboratory based compulsory elective subjects (general course) will be as follows :

(A) In case of Language subjects and Non-Laboratory based compulsory elective subjects (General Course) :

written Examination 100

(B) In case of Laboratory based Compulsory elective subjects (General Course)

Written Examination 80

Practical Examination 20

Yours faithfully
A. Banerjee
Secretary

WEST BENGAL COUNCIL OF H. S. EDUCATION
43, Kailash Bose Street, Calcutta-6

No. HSC/100/Secy/85 Date : September 18, 1985.

From : The Secretary,
W. B. Council of H. S. Education.

To : The Heads of all recognised H. Secondary Institutions in Vocational Stream Courses.

Sub : Syllabuses in English and Bengali in Vocational Stream Courses.

Ref : Council's Circular No. HSC/147/84 dt. July 31, 1984 and No. HSC/148/84 dt. August 18, 1984.

Dear Sir/Madam,

I am to inform you that you have already been apprised of the changes in the syllabuses for English and Bengali in Vocational Stream Courses which have come into force with effect from 1984-85 session (i. e. 1986 Examination) vide Council's Circulars under reference.

In this connection it may please be noted that Internal Assessment has been abolished from 1986 Examination for which necessary instruction has already been issued. The revised syllabuses in English and Bengali are again been detailed out for your ready reference and academic guidance.

ENGLISH

(Vocational Course])

Full Mark—100

Text ... ... 50 marks
Composition and Grammar ... ... 50 marks

FIRST HALF (Marks—50)

PROSE

(1) Principles of Good Writing ... L. A. Hill
(2) Baneras ... Aldous Huxley
(3) Technology for Mankind ... J. Bronowski

POETRY

(1) To Autumn ... John Keats
(2) By the Sea ... William Wordsworth
(3) The Eagle ... Lord Tennyson

DRAMA

(There will be no Drama)

SECOND HALF (Marks-50)

Composition and Grammar

(I) Grammar (Non-textual) ... 10 marks
The following items to be included :
(i) (a) Changing words from one parts of speech to another, and making sentences with these.
(b) Use of same words in different parts of speech.
(c) Opposite words.
(ii) Transformation of Sentences : only Narration change.
(II) Letter-writing ... 10 marks
(III) Precis ... 10 marks
(IV) Essay ... 20 marks
or
(a) Expansion of an idea ... 10 marks
(b) Comprehension (Unseen passage) 10 marks

Supplementary Reader (not to be examined)

Any one of the following :

1. Mulk Raj Anand ... The Story of Man
(Sikh Publishing House, Amritsar and Delhi)

2. Maurice Hertzog ... The Story of Annapurna
(Retold by John Kennott, Blakie and Sons)
3. Charles Dickens ... (a) A Tale of Two Cities
4. Charles Dickens ... (b) David Copper-fleld
(Simplified by Michael West)

N. B. The above pieces are included in the Higher Secondary English Selection, Prose, Poetry etc. for General Stream Courses.

BENGALI

(Vocational Course)

Full Marks—100

FIRST HALF (Marks—50)

TEXT

Prose	...	20 Marks
Poetry	...	20 Marks
Drama or Chhota Galpa		10 Marks
	Total	50 Marks

GADYA

(1) Babu ... Bankim Chandra Chattopadhyay
(2) Lokohita ... Rabindra Nath Tagore
(3) Naisha Abhijan ... Sarat Chandra Chattopadhyay

KAVITA

(1) Rabaner Ranasajya... Madhusudan Dutta
(2) Ora Kaj Karay ... Rabindra Nath Tagore
(3) Athuro Bachhar Bayas Sukanta Bhattacharyya

NATYANSHA

(1) Karna Kunti Sambad ... Rabindra Nath Tagore

CHHOTO GALPA

(1) Mahesh ... Sarat Chandra Chattopadhyay
(2) Pash-fel ... Manik Bandyapadhyay

SECOND HALF (Marks—50)

Grammar and Composition

(1)	Essay	··· 15 Marks
(2)	Pre'cis, Substance, Summary and Amplification	··· 15 Marks
(3)	Story Writing, Letter Writtng (Commercial Social and Personal) Prepared Speech for Various Occasions, imaginary dialogue etc.	··· 10 Marks
(4)	Grammar (Non textual) Bakya Paribartan, Bachya Paribartan, Sandhi and Samas	··· 10 Marks
	Total :	50 Marks

N. B.—The above pieces are included in the Higher Secondary Bengali Selections, Prose, Poetry etc. for General Stream Courses.

Yours faithfully.
(A. Banerjee)

W. B. COUNCIL OF H. S. EDUCATION

43, Kailash Bose Street, Calcutta-6.

No. HSC/164/OSD/85

From : The Secretary, Date : 19. 10. 1985

W. B. Council of H. S. Education

To : The Heads of all recognised Higher Secondary Institutions.

Sub : Abolition of Internal Assessment from 1984-'85 session.

Ref : Council's Circular No. HSC-162/Secy/85 dt. 11. 9. 85.

Sir/Madam

In partial modification of Council's Circular under reference I would like to inform you that the following changes have been made in respect of English Group-B Language.

(i) Marks shown against PROSE pieces at Sl. No. 1 of Paper-I (page-4) separately for categories may please be treated as "Deleted".

(ii) I or S. A.-15 marks there will be 2 questions out of 4 instead of 3 questions out of 5 shown below at Sl. 1 and 2 of Paper-I (page-4).

(iii) "As per Notes of Syllabus" written against Paragraph Writing of paper II at page-5 may be read as "As per Notes of Syllabus given in the Syllabus issue of Samsad Parichiti (July-August 1984).

Yours faithfully
(A. Banerjee)
Secretary

---

৬ বিদ্যালয়ের স্বীকৃতি
Recognition of Schools

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

[স্কুল ফাইন্যাল বা তদ্রূপ পরীক্ষায় পরীক্ষার্থী প্রেরণের উদ্দেশ্যে হাইস্কুল হিসেবে স্বীকৃতি (recognitions) পেতে হলে নিম্নের শর্তাদি পূরণ করতে হবে।]

1. **জমি-বাড়ী-ঘর (Site and Accommodation) :** স্কুলের জমি-বাড়ী-ঘর আপত্তিকর পরিবেশ থেকে মুক্ত এবং শান্ত ও কাজকর্মের অনুকূল পরিস্থিতি যুক্ত হওয়া প্রয়োজন।

স্কুল বাড়ী পাকা হবে, আলো-বাতাস যুক্ত, ক্লাস নেওয়ার উপযোগী প্রশস্ত কক্ষ। প্রত্যেক ছাত্র/ছাত্রীর প্রয়োজনে ১০ স্কোয়ার ফিট এবং অন্ততঃ ৪০০ স্কোয়ার ফিটের শ্রেণীকক্ষ। সেণ্ট্রাল অ্যাডভাইজারী বোর্ড, গভঃ অব্ ইণ্ডিয়া প্রতি ছাত্রের জন্য ১২ স্কোয়ার ফুট জায়গার জন্য সুপারিশ করেছেন। পৃথক অফিসঘর, প্রধান/প্রধানার অফিস, লাইব্রেরী, ভূগোলের ক্লাশ, বিজ্ঞান ঘর, শিক্ষকদের জন্য কমনরুমের ব্যবস্থা থাকা চাই।

অবিলম্বে স্কুলের জন্য পাকা বিল্ডিং-এর ব্যবস্থা করা সম্ভব না হলেও বিল্ডিং-এর মেজে অবশ্যই পাকা হতে হবে। দেওয়াল ও ছাদ দাহ্য পদর্থা দিয়ে যেন নির্মাণ না করা হয়। ঘরের ছাদ করগেটের টিন সীটের তৈরী হলে যাতে প্রচুর আলো-বাতাস খেলে, তার ব্যবস্থা রাখতে হবে। স্কুল বাড়ীর সংলগ্ন প্রশস্ত অঙ্গন থাকা চাই, যাতে ছাত্র-ছাত্রীদের খেলাধুলার মাঠ, বাগান এবং আউটডোর গেমসের ব্যবস্থা করা সম্ভব হয়।

স্কুলের জায়গা-জমি-বাড়ী এবং অন্যান্য সম্পত্তি রেজিষ্ট্রী দানপত্র করে ম্যানেজিং কমিটির হাতে তুলে দিতে হবে। বিশেষ অবস্থা ছাড়া ভাড়াবাড়ীতে স্কুল করা উচিত হবে না। যদি কোন ভাড়াবাড়ীতে একান্তই স্কুল করতে হয়, তাহলে ম্যানেজিং কমিটিকে দীর্ঘ মেয়াদের লীজের ভিত্তিতে ব্যবস্থা করতে হবে।

2. **সেনিটারী ব্যবস্থা :** যথোপযুক্ত সেনিটারী ব্যবস্থা অবশ্যই রাখতে হবে। শিক্ষক ও ছাত্রদের জন্য অধিকসংখ্যায় পায়খানা ও প্রস্রাবখানার ব্যবস্থা থাকবে। সহশিক্ষার ব্যবস্থা থাকলে ছাত্রী ও শিক্ষিকাদের জন্য পৃথক পৃথক সেনিটারী ব্যবস্থা থাকবে।

3. **শিক্ষক মণ্ডলী :** বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলীতে সবাই যোগ্যতাসম্পন্ন হবেন; প্রধান/প্রধানার মাস্টার্স ডিগ্রী অথবা অনার্স। উপরন্তু ট্রেনিং ডিগ্রী (বি.টি./ বি-এড) থাকা চাই। অ্যাসিষ্টেণ্ট হেডমাস্টার/হেডমিষ্ট্রেসের শিক্ষাগত যোগ্যতা প্রধান/প্রধানার অনুরূপ হওয়া বাঞ্ছনীয়।

ছয় ক্লাশ (V-X) যুক্ত স্কুলের সর্বক্ষণের শিক্ষক/শিক্ষিকার সংখ্যা প্রধান/প্রধানাসহ নয়জন থাকাই বাঞ্ছনীয়। শিক্ষকমণ্ডলীর অন্ততঃ এক-তৃতীয়াংশ ট্রেণ্ড হওয়া বাঞ্ছনীয়। শুরুতে প্রধান/প্রধানা ছাড়া অন্ততঃ একজন ট্রেণ্ড গ্রাজুয়েট এবং একজন সায়েন্সে ট্রেণ্ড গ্রাজুয়েট বি.টি./বি-এড থাকা প্রয়োজন। বিদ্যালয়ের স্বীকৃতি লাভের পর অনার্স বি.টি. অথবা এম.এ., এম.এস-সি. (II) বি.টি. শিক্ষক/শিক্ষিকার নিয়োগ বাঞ্ছনীয়।

সব শিক্ষকই অন্তত:পক্ষে গ্রাজুয়েট হওয়া বাঞ্ছনীয়। শিক্ষকমণ্ডলীর মধ্যে অন্ততঃপক্ষে ইণ্টারমিডিয়েট নয়, তদ্রূপ কেউ থাকবে না।

প্রত্যেক স্কুলে একজন গ্রাজুয়েট ফিজিকেল ইনস্ট্রাক্টার থাকবেন।

স্কুলের পঠন-পাঠনের প্রয়োজনে পর্ষদ শিক্ষকদের যোগ্যতা ও সংখ্যা নির্দেশ করে দিতে পারেন।

স্কুলের স্বীকৃতির (recognition) নির্বন্ধনে পর্ষদ প্রয়োজন বোধ করলে উচ্চতর যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ দ্বারা নিম্নতম যোগ্যতাসম্পন্ন শিক্ষকের পদ খারিজ করে দেওয়ার অধিকারী।

4. **বয়স ঃ** শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে ৬০ বছরের বেশী বয়সের কেউ থাকবেন না।*

5. **সহশিক্ষা ঃ** কোন বালকদের বিদ্যালয়কে বালিকা বিভাগ খুলতে অনুমতি দেওয়া হয় না। পর্ষদের পূর্ব-অনুমতি ছাড়া সহশিক্ষা চলবে না। কেবলমাত্র পর্ষদের সার্কুলার অনুযায়ী সহশিক্ষার নিম্নতম শর্তাদি পূরণে পর্ষদ্ সন্তুষ্ট হলে তবে সহ-শিক্ষা মঞ্জুর করা যেতে পারে।

6. হাই বা উচ্চ বিদ্যালয় হিসেবে স্বীকৃতি পেলেও, এটা বোঝায় না যে স্কুল নিম্নলিখিত যে কোন ইলেকটিভ বিষয়ের পাঠনের অধিকারী ঃ

   হোম-সায়েন্স, হোম-নার্সিং ; ফিজিওলজি ও হাইজিন ; কমারশিয়েল জিওগ্রাফী ; ফিজিক্স এণ্ড কেমিষ্ট্রী ; বাইওলজি ; মেকানিকস্ ; বিজনেস মেথড এণ্ড করেসপণ্ডেন্স ; সেলাই ; ড্রয়িং এণ্ড পেন্টিং।

যদি কোন স্কুল স্কুল ফাইন্যাল পরীক্ষায় উক্ত বিষয়সমূহের একটি বা একাধিক বিষয়ে পরীক্ষার্থী প্রেরণ করতে ইচ্ছা করেন, তাহলে পর্ষদ থেকে পূর্ব-অনুমতি সংগ্রহ করতে হবে।

7. **প্রাথমিক বিজ্ঞানের জন্য লেবরেটরী ঃ** বিজ্ঞান বর্তমানে বাধ্যতামূলক শিক্ষা বিষয়। অতএব বিজ্ঞানের পঠন-পাঠনে যন্ত্রপাতি, চার্ট, মডেল প্রভৃতি দ্বারা সুসজ্জিত লেবরেটরীর একান্তই প্রয়োজন।

---

* বর্তমানে শিক্ষক/শিক্ষিকার চাকরিতে প্রথম প্রবেশের বয়সীমা ৩৫ বছরেই সীমাবদ্ধ। তবে উচ্চতর যোগ্যতাসম্পন্ন, SC/ST, প্রতিবন্ধী, সামরিক বিভাগ থেকে প্রত্যাগত ব্যক্তির বয়স ৪০ বছরেই সীমাবদ্ধ। অনুমোদিত স্কুলের অনুমোদনপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকার ৬০ বছরের মধ্যে স্কুল পরিবর্তন চলতে পারে।—Editor

8. **পাঠক্রম-বহির্ভূত কার্যক্রম (Extra Curricular Activities) :**

খেলাধুলা : প্রত্যেক বিদ্যালয়ের উপযুক্ত খেলার মাঠ এবং খেলাধুলা ও এথলেটিক্সের জন্য ট্রেণ্ড গ্রাজুয়েটের পরিচালনায় শরীর চর্চার বিধি-ব্যবস্থা থাকা চাই।

লাইব্রেরী : প্রত্যেকটি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষামূলক ও শিশু-সাহিত্যের সম্ভারে পরিপূর্ণ একটি লাইব্রেরী অবশ্যই থাকবে। তাছাড়া শিক্ষকদের জন্য রেফারেন্স বই এবং বিভিন্ন পাঠ্য বিষয়ে পর্ষদ্ নির্ধারিত টেক্সট্ বই অবশ্যই থাকবে। ঐ সব বই দরিদ্র ছাত্রদের জন্য পাঠের ব্যবস্থা করা যেতে পারে। দেখতে হবে, ছাত্র/ছাত্রীরা যাতে বইগুলো পাঠের সুযোগ-সুবিধা পায়। ক্লাশ লাইব্রেরী চালু করতে পারলে ভাল হয়।

প্রত্যেক মাসে অন্ততঃ দশটাকা স্কুল লাইব্রেরীর জন্য বরাদ্দ করতে হবে।

স্কুলের নিজস্ব ম্যাগাজিন থাকবে। তা যে কেবল ছাপার হবে, তাঁর কোন কথা নেই। ছাত্র-ছাত্রীদের গল্প, কবিতা ও প্রবন্ধ লেখায় উৎসাহ দিতে হবে।

পাঠক্রম-বহির্ভূত নিম্নলিখিত কার্যক্রমে অংশগ্রহণে ছাত্র-ছাত্রীদের উৎসাহ দিতে হবে—

বিতর্ক, পর্বতারোহণ, নৌকাচালনা, সাঁতার, ভ্রমণ, স্কাউট-গাইড, এন. সি. সি. ট্রেনিং, ফার্স্ট এড্, রেড-ক্রশ, সেণ্ট এম্বুলেন্স প্রভৃতি এবং দেখতে হবে যে, ছাত্র/ছাত্রীরা যাতে এইসবে সক্রিয় অংশগ্রহণ করে।

9. **টিফিন ও পানীয় জল :** ছাত্র/ছাত্রীদের জন্য দূষণমুক্ত ভাল পানীয় জলের ব্যবস্থা থাকা চাই। আরও দেখতে হবে, সাধারণ মূল্যে যাতে ছাত্র/ছাত্রীদের টিফিন বা খাবার সরবরাহ করা যেতে পারে। তবে টিফিন সরবরাহ বিনামূল্যে করতে হবে, তার কোন কথা নেই।

10. **ছাত্র/ছাত্রীদের মেডিক্যাল পরীক্ষা :** ছাত্র/ছাত্রীদের সাময়িকভাবে মেডিক্যাল বা স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থাদি গ্রহণ করতে হবে। যেখানেই প্রয়োজন, স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট অভিভাবকদের কাছে পাঠাতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য অভিভাবকদের দৃষ্টি আকর্ষণ করতে হবে।

*11. **রিজার্ভ ফাণ্ড :** স্কুলের অন্ততঃ তিন হাজার টাকার রিজার্ভ ফাণ্ড থাকা চাই। আর ঐ টাকা পোষ্টাল সেভিং ব্যাঙ্ক অথবা ন্যাশনেল সেভিং সার্টিফিকেটে জমা রাখা চাই।

12. শিক্ষকদের বেতন পর্ষদ্ কর্তৃক মাঝে মাঝে পরিবর্তিত স্কেল অনুযায়ী হওয়া উচিত।

---

* বর্তমানে রিজার্ভ ফাণ্ডে ছয় হাজার টাকা রাখার ওপর জোর দেওয়া হচ্ছে।

*13. **ছাত্র-বেতন** (**Tuition fees**) **:**

ছাত্র-বেতন নিম্নানুরূপ হবে :—

	V-VI,	VII-VIII,	IX-X
কলকাতা	Rs. 5/-	Rs. 5/- 8/-	Rs. 6/-
জেলাশহর ও শিল্প এলাকা	Rs. 4/-	Rs. 4/- 8/-	Rs. 5/-
গ্রাম্য এলাকা	Rs. 3/-	Rs. 3/- 12/-	Rs. 4/- 8/-

14. পর্ষদ্ কর্তৃক অনুমোদিত স্কুলের শিক্ষকদের প্রোভিডেণ্ট ফাণ্ডের সুযোগ দিতে হবে।

15. স্কুলের সেক্রেটারীর কাছে ১০০ টাকার বেশী ক্যাশ টাকা থাকা উচিত নয়।

16. সমস্ত বৈজ্ঞানিক যন্ত্রপাতি, ভূগোল শিক্ষণের জন্য চার্ট প্রভৃতির ব্যবস্থা করতে হবে।

17. ভর্তি ও ট্রান্সফারের নিয়মাবলী কঠোরভাবে অনুসরণীয়।

18. স্কুলের আর্থিক বুনিয়াদ সুদৃঢ় করতে ফীঃ আদায় ও অন্যান্য উপায়ের কথা চিন্তা করতে হবে।

19. **স্কুল ম্যানেজমেণ্ট :** স্বীকৃতির জন্য দরখাস্ত করবার সময় স্কুলটি প্রতিনিধিত্ব-মূলক ম্যানেজমেণ্টের দ্বারা পরিচালিত হবে। প্রতিনিধিদের মধ্যে অভিভাবক, শিক্ষক,** শিক্ষাবিদ থাকা চাই।

অবশ্য স্কুল অনুমোদন পেলে সরকারী নোটিফিকেশন No. 3675-Edn(G)/G8B-40/59 dt. 19th Sept., 1960 অনুযায়ী তিন মাসের মধ্যে ম্যানেজিং কমিটি পুনর্গঠন করতে হবে।

20. স্কুলের সরকারী স্বীকৃতির (recognition) জন্য একবছর আগে ৩১শে মার্চের মধ্যে অবশ্যই দরখাস্ত পর্ষদে পেশ করতে হবে।

জুনিয়ার হাইস্কুলের স্বীকৃতির জন্য শর্ত পূরণ

1. **জমি-বাড়ী-ঘর** (**Site & Accommodation**) **:**

স্কুলের জমি-বাড়ী-ঘর আপত্তিকর পরিবেশ থেকে মুক্ত এবং শান্ত ও কাজকর্মের অনুকূল পরিবেশযুক্ত হওয়া প্রয়োজন।

পাকা স্কুলবাড়ী, আলো-বাতাস যুক্ত ও প্রশস্ত ক্লাশঘর প্রত্যেকটি ৪০০ বর্গ-ফুটের হওয়া বাঞ্ছনীয়; যাতে করে প্রত্যেক শিক্ষার্থীর জন্য দশ বর্গফুটের স্থান থাকে :—

চার ক্লাশ জুনিয়ার হাইয়ের জন্য	দু' ক্লাশ জুনিয়ার হাইস্কুলের জন্য
(i) চারটি শ্রেণীকক্ষ, প্রত্যেকটি ৪০০ বর্গফুটের	(i) অন্ততঃপক্ষে তিনটি কক্ষ প্রত্যেকটি ৪০০ বর্গফুটের

* ছাত্রবেতন বর্তমানে উঠে গেছে। তবে অন্যান্য চার্জ ৭ম অধ্যায়ে দ্রষ্টব্য।

** বর্তমানে 'শিক্ষাবিদ' নির্বাচিত হওয়ার পরিবর্তে মনোনীত হয়ে থাকেন—**Editor**।

(ii) একটি বিজ্ঞানগৃহ
(iii) একটি অফিস রুম।

যদি স্কুলের পক্ষে অবিলম্বে পাকা বিল্ডিং করা সম্ভব না হয়, তাহলে দেওয়াল ও ছাদ যেন দাহ্য পদার্থে তৈরী না হয়। ছাদ যদি করগেটের টিনের হয়, তাহলে যাতে আলো-হাওয়া খেলে, তা দেখতে হবে। স্কুলবাড়ী সংলগ্ন প্রাঙ্গণটি বেশ প্রশস্ত হবে, যাতে বাগান ও আউটডোর গেমের পক্ষে মাঠ হিসেবে ব্যবহার করা যায়।

স্কুল বিল্ডিং, মাঠ ও অন্যান্য সম্পত্তি স্কুল ম্যানেজিং কমিটির কাছে রেজিষ্ট্রীকৃত দলিলের সাহায্যে হস্তান্তরিত করতে হবে।

বিশেষ অবস্থা ভিন্ন ভাড়া করা বাড়ীতে স্কুল হবে না। যদি কোন ভাড়া করা বাড়ীতে স্কুল করতে হয়, তাহলে তা দীর্ঘমেয়াদী লীজের ভিত্তিতে হওয়া বাঞ্ছনীয়।

2. সেনিটারী ব্যবস্থা :

উপযুক্ত সেনিটারী ব্যবস্থার সুযোগ থাকা চাই। যথেষ্ট সংখ্যক পায়খানা ও প্রস্রাবখানা থাকা দরকার। শিক্ষক ও ছাত্রদের জন্য পৃথক পৃথক সেনিটারী ব্যবস্থা থাকবে। ছেলেদের স্কুলে ছাত্রী ও দিদিমণি থাকলে, তাদের জন্য পৃথক সেনিটারী ব্যবস্থা থাকা চাই।

3. শিক্ষক মণ্ডলী :

চার ক্লাশ জুনিয়ার হাইস্কুলের জন্য :

প্রধান/প্রধানাসহ পাঁচজন শিক্ষক/শিক্ষিকা—তন্মধ্যে, দুজন গ্রাজুয়েট ; প্রধান/প্রধানাকে অবশ্যই বি.টি. বি.-এড হতে হবে। I.A.—একজন ; I.Sc—একজন ; একজন শিক্ষক/শিক্ষিকা সংস্কৃত ও হিন্দী পড়ানোর উপযুক্ত।

দু'ক্লাশ জুনিয়ার হাইস্কুল :

হেডমাস্টার এবং দুজন সহকারী শিক্ষক

প্রধান শিক্ষক গ্রাজুয়েট হলে ভাল হয়, না হলে ট্রেণ্ড আণ্ডার-গ্রাজুয়েট।

দু'জন সহকারী শিক্ষক—আই.এ./আই.এস-সি.। তাঁদের মধ্যে একজন হিন্দী পড়াবার উপযুক্ত হওয়া দরকার।

চার ক্লাশের গার্ল জুনিয়ার হাই এবং চার ক্লাশে বয়েজ জুনিয়ার স্কুলে যদি শিক্ষকদের একজনের আই.এ.-তে/বি.এ.-তে ক্লাসিকেল লেঙ্গুয়েজ থাকলে পঞ্চম শিক্ষক হিন্দী পড়াবার উপযুক্ত আই.এ. পাস হলেও চলবে।

পর্ষদ্ প্রয়োজনবোধে শিক্ষকদের সংখ্যা ও যোগ্যতা নির্ণয় করে দিতে পারেন।

বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বাড়াতে গিয়ে অথবা বিদ্যালয়কে দশম শ্রেণীর

স্বীকৃতি দান করতে গিয়ে পর্ষদ্ বিশেষ কোন শিক্ষকের পরিবর্তে উচ্চতর যোগ্যতাসম্পন্ন শিক্ষকের নিয়োগের সুপারিশ করতে পারেন।

4. শিক্ষকমণ্ডলীতে ৬০ বছরের উর্ধ্ব বয়সের কোন শিক্ষক না থাকাই উচিত।

5. **ছাত্র সংখ্যা :**
চার ক্লাশ জুনিয়ার হাইস্কুল…১২০
দু'ক্লাশ জুনিয়ার হাইস্কুল … ৬০

6. **সহশিক্ষা :**
কোন বয়েজ স্কুলেরই বালিকা বিভাগ খোলা অনুমতি যোগ্য নয়। পর্ষদের পূর্ব অনুমতি ছাড়া কোন স্কুলেই সহশিক্ষা চালু করা যাবে না। নিম্নতম শর্তাদি পূরণেই কেবল সহশিক্ষার অনুমতি পাওয়া যেতে পারে।

7. **এলিমেণ্টারী সায়েন্সের জন্য লেবরেটরী :**
যেহেতু সায়েন্স একটি বাধ্যতামূলক শিক্ষণীয় বিষয়, সেহেতু বিজ্ঞান পড়াতে হলে একটি যথোপযুক্ত যন্ত্রপাতিসহ লেবরেটরীর প্রয়োজন।

8. **পাঠক্রম-বহির্ভূত কার্যক্রম (Extra Curricnlar Activities) :**
গেমস্ : প্রত্যেকটি স্কুলে উপযুক্ত খেলার মাঠ এবং রেগুলার ড্রিল, স্পোর্টস, গেমস প্রভৃতি ছাত্র/ছাত্রীদের শেখাতে হবে।
লাইব্রেরী : প্রত্যেকটি স্কুলে শিক্ষামূলক ও শিশু সাহিত্যর উপযোগী বইপত্র থাকা দরকার। তাছাড়া শিক্ষকদের জন্য রেফারেন্সের বই থাকা দরকার এবং পর্ষদ্ নির্ধারিত টেক্সট্ বই থাকবে যাতে করে ছাত্রদের, বিশেষ করে দরিদ্র ছাত্রদের কাজে লাগে। প্রতিটি জুনিয়ার হাইস্কুলে টেক্সট্ বই ছাড়া অন্ততঃ দু'শ বই থাকা উচিত।

9. **টিফিন ও পানীয় জল :**
স্কুলে দূষণমুক্ত পানীয় জল থাকা অবশ্যই প্রয়োজন। যাতে সস্তায় ছাত্র/ছাত্রীদের ভাল খাবার বা টিফিন সরবরাহ করা যেতে পারে, তার প্রতি দৃষ্টি দিতে হবে। তবে বিনে পয়সায় টিফিন সরবরাহ করার দরকার নেই।

10. **ছাত্র/ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা :**
স্কুলের ছাত্র/ছাত্রীদের সাময়িক স্বাস্থ্য পরীক্ষা এবং তার রেকর্ড রাখতে হবে। ছেলেমেয়েদের স্বাস্থ্য সম্বন্ধে রিপোর্ট প্রয়োজন বোধে অভিভাবকের কাছে পাঠাতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করার কথা মনে রাখতে হবে।

11. **রিজার্ভ ফাণ্ড :** চার ক্লাশ-যুক্ত জুনিয়ার হাই স্কুলের জন্য কমপক্ষে দেড় হাজার টাকা পোস্টাল সেভিংস্ ব্যাঙ্কে অথবা ন্যাশনেল সার্টিফিকেটে জমা রাখতে হবে। দু'ক্লাশের জুনিয়ার হাই স্কুলের জন্য ৫০০ টাকা অনুরূপ ভাবে রিজার্ভ ফাণ্ডে জমা রাখতে হবে।

12. সময়ে সময়ে রাজ্য সরকার প্রবর্তিত স্কেল অনুযায়ী শিক্ষকদের বেতন দিতে হবে।

13. **ছাত্র বেতনের হার :**

এলাকা	ক্লাশ (V-VI)	ক্লাশ (VII-VIII)
কলকাতা ও হাওড়া	5.00	5.50
জেলা শহর ও শিল্পাঞ্চল	4.00	4.50
গ্রাম্য এলাকা	3.00	3.75

14. বিদ্যালয়ের সরকারী স্বীকৃতি লাভের পরেই স্থায়ী শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যবস্থা থাকবে।
15. বিদ্যালয়ের সম্পাদকের হাতে ৫০ টাকার বেশী ক্যাশ টাকা থাকা উচিত নয়।
15. বিজ্ঞানের যন্ত্রপাতি ও ভূগোল শিক্ষণের জন্য প্রয়োজনীয় ম্যাপ-চার্ট থাকা প্রয়োজন।
17. ভর্তি ও ট্রান্সফার সম্বন্ধে আইন-কানুন কঠোরভাবে পালনীয়।
18. বিদ্যালয়ের আর্থিক বুনিয়াদ পাকাপোক্ত হওয়া প্রয়োজন। ছাত্রবেতন ছাড়াও অন্যান্য উপায়ে বিদ্যালয়ের সম্পদ সংগ্রহ করতে হবে।
19. **স্কুলের ম্যানেজমেণ্ট :** অনুমোদন লাভের জন্য দরখাস্ত করার সময়ে বিদ্যালয়ের অবশ্যই ম্যানেজিং কমিটি থাকবে। ঐ ম্যানেজিং কমিটিতে অভিভাবক, শিক্ষক ও শিক্ষাবিদদের প্রতিনিধিত্ব থাকবে।

অবশ্য বিদ্যালয় চার ক্লাশের জুনিয়ার হাই স্কুল হিসেবে স্বীকৃতি পেলে সরকারী নোটিফিকেশন No. 3675-Edn.(G)/G 8B-40/50 dt. 1.9.1960 অনুযায়ী ম্যানেজিং কমিটির পুনর্গঠন করতে হবে।
20. চার ক্লাশের জুনিয়ার হাইস্কুলের প্রথম স্বীকৃতিলাভের জন্য উল্লিখিত শর্তাদি পূরণ অত্যাবশ্যক। তবে গার্লস জুনিয়ার স্কুলের ক্ষেত্রে বিশেষ করে পশ্চাদ্বর্তী এলাকায় শর্তাদি শিথিলযোগ্য।

জুনিয়ার হাইস্কুল হিসেবে স্বীকৃতি লাভের জন্য দরখাস্ত করবার পদ্ধতি

জুনিয়ার হাইস্কুল হিসেবে প্রথম স্বীকৃতি (recognition) লাভের জন্য একবছর আগে অর্থাৎ যে বছরে স্বীকৃতি লাভে ইচ্ছুক তার পূর্ববর্তী বছরের ৩১শে মে'র মধ্যে ডাইরেক্টর অব, পাবলিক ইনস্ট্রাকশনের কাছে দুপ্রস্থ দরখাস্ত পেশ করতে হবে। জুনিয়ার হাইস্কুল চার ক্লাশের, V থেকে VIII। দুই ক্লাশের (V-VI) জুনিয়ার স্কুল করার পক্ষে পর্ষদ উৎসাহ বোধ করেন না। তবে প্রত্যেকটি কেসের গুরুত্ব বিবেচনা করে দেখা যাবে। দরখাস্তের সঙ্গে দু'কপি নিম্নবর্ণিত বিবৃতি অবশ্যই পেশ করতে হবে :

(1) স্কুলের পুরো নাম ও পোষ্টাল ঠিকানা,

(2) মহকুমা, থানা, ইউনিয়ন, যেখানে স্কুলটি স্থাপিত হয়েছে
(3) নিকটবর্তী রেলষ্টেশন থেকে টেলিগ্রাফ অফিস, এবং যোগাযোগ ব্যবস্থা
(4) স্কুলের একটি সংক্ষিপ্ত ইতিহাস
(5) ম্যানেজিং কমিটি গঠনের তারিখ এবং সভ্যদের নাম, পেশা, যোগ্যতা, অভিজ্ঞতা, আয় প্রভৃতি
(6) শিক্ষকদের নাম, বয়স, যোগ্যতা, অভিজ্ঞতা এবং বেতন
(7) প্রত্যেকটি ক্লাশের ছাত্রসংখ্যা (roll strength)
(8) কক্ষ সংখ্যা, মেজের পরিসীমা এবং কোন্‌টি কিসের জন্য—
(9) স্কুল বিল্ডিংয়ের অবস্থা—মাটির গাঁথনি, না ইটের গাঁথনি, দেওয়াল, মেজে এবং ছাদের জিনিষপত্র
(10) স্কুলের এলাকা এবং পরিবেশ—স্থান (site), বিল্ডিং এবং স্কুলের সম্পত্তি ম্যানেজিং কমিটির হাতে ন্যস্ত হয়েছে কিনা।
(11) স্বাস্থ্য ব্যবস্থা—পানীয় জলের সরবরাহ,
(12) রিজার্ভ ফাণ্ডে সঞ্চিত টাকার পরিমাণ এবং তা কিভাবে রাখা হয়েছে ?
(13) বিজ্ঞান ও ভূগোল শিক্ষণের জন্য যন্ত্রপাতি, আসবাবপত্র, ম্যাপ, চার্ট প্রভৃতি
(14) স্কুলের নিজস্ব খেলার মাঠ আছে কিনা, শারীর শিক্ষা, গেমস্‌, স্পোর্টস্‌ প্রভৃতি
(15) লাইব্রেরীতে বইয়ের সংখ্যা এবং লাইব্রেরীতে মাসিক বই বরাদ্দ
(16) পাঁচ মাইলের মধ্যে নিকটবর্তী হাইস্কুল ও জুনিয়ার হাই স্কুলের নাম (4 class and 2 class Jr. High school) এবং দূরত্ব এবং কোন্‌দিকে ?

৭

ভর্তি, ট্রান্সফার ও ছাত্রবেতন
Admission, Transfer & Tuition Fees

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলিকাতা

সার্কুলার নং 1/June, 1952 dt. 21st June, 1952

To

The Heads of all recognised High Schools

বিষয়ঃ **অননুমোদিত স্কুল থেকে ছাত্র-ছাত্রীদের প্রথম ভর্তি**

এতদ দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান হচ্ছে যে, অননুমোদিত স্কুলে ভর্তি হলে তা প্রথম ভর্তি (first admission) বলে গ্রাহ্য হবে। ঐরূপ ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় প্রধান/প্রধানা ভর্তি পরীক্ষা নিয়ে ঠিক করবেন প্রার্থী কোন্ ক্লাশের উপযুক্ত। প্রধান/প্রধানা অননুমোদিত স্কুল থেকে আসা ছাত্র/ছাত্রীর বেলায় লক্ষ্য রাখবেন যেন, অনুমোদিত স্কুল থেকে ট্রান্সফার সার্টিফিকেট দেওয়া হয়। তবে অনুমোদিত স্কুলের ছাত্র ভর্তির বেলায় বিনা ট্রান্সফার সার্টিফিকেটে ছাত্র ভর্তি অন্যায় এবং ট্রান্সফার সার্টিফিকেট যদি আটকিয়ে রাখা হয়, তাহলে বিষয়টি পর্ষদ সকাশে জানাতে হবে।

স্বাঃ এস. কে. সরকার

অ্যাসিঃ সেক্রেটারী

সার্কুলার No. 21 dt. 12th Dec, '52

বিষয়ঃ অতিরিক্ত ভর্তি

অষ্টম শ্রেণী পর্যন্ত প্রতিটি সেকশনে ৪০ জনের অতিরিক্ত ছাত্র/ছাত্রীকে ভর্তি করলে সংশ্লিষ্ট স্কুলের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করা হবে। IX ও X (দশম) শ্রেণীতে ভর্তির ঊর্ধ্ব সংখ্যা ৫০ জন। যদি স্কুল কর্তৃপক্ষ পৃথক সেকশনের ব্যবস্থা গ্রহণ করতে পারেন, তাহলে তা করা যেতে পারে।

স্বাঃ এস. কে. চ্যাটার্জি

সেক্রেটারী

মধ্যশিক্ষা পর্ষদ, পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

সার্কুলার No 20/54 dt. 7th June, 1954

পর্ষদ প্রশাসক এই মর্মে উদ্বেগ প্রকাশ করছেন যে, বহু স্কুলের ক্লাশে ছাত্রসংখ্যা ও স্থান সংকুলান উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

বর্তমান নিয়মে শিক্ষকের পক্ষে V থেকে VIII শ্রেণীতে ৪০ এর বেশী এবং IX ও

X ক্লাশে ৫০ জনের বেশী ছাত্র/ছাত্রীকে পড়ান অনুমতিসাপেক্ষ নয়। এতে ছাত্রপিছু, দশ বর্গ ফুটের স্থানের ব্যবস্থা করার নীতি লংঘিত হচ্ছে। এই ব্যবস্থা বিশেষ ক্ষেত্রে শিথিল করা যেতে পারে। কিন্তু ক্লাশের শতকরা ৮০ জনের পক্ষে প্রতিজনে ২০ বর্গফুটের কম স্থান কিছুতেই স্বীকার্য নয়।

প্রশাসক লক্ষ্য করেছেন যে, বহুসংখ্যক স্কুলের ছাত্রসংখ্যা সীমা-অতিরিক্ত এবং ছাত্রদের বসবার জন্য ছাত্র পিছু ১০ বর্গ ফুটের স্থান সংকুলান করা হয়ে উঠছে না। এমন কি দেখা গেছে কোন স্কুলের ২০ বর্গফুটের মধ্যে ৪৭ জনকে বসাবার ব্যবস্থা করা হয়েছে। শিক্ষকের বসা বা ডেস্ক রাখার কোন ব্যবস্থা নেই।

প্রশাসক অনুভব করেন যে, এইরূপ ঘিঞ্জি ক্লাশ রুমে ছাত্র/ছাত্রীদের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছে। এতে ছাত্রদের স্বাস্থ্যহানি হয় এবং নানা রোগের সংক্রমণ হয়। এবং এরূপ ভীড় করা স্কুলে ছাত্র/ছাত্রীদের পড়াশুনায় মনোযোগ দেওয়া মোটেই হয়ে ওঠে না।

আগামী বছর থেকে প্রতিটি ক্লাশে অন্ততঃপক্ষে ৮ বর্গ ফুট স্থান যেন প্রতিটি ছাত্রের জন্য ব্যবস্থা থাকে তৎপ্রতি নজর দিতে হবে। যেখানে দরকার অতিরিক্ত সেকশন খুলে অতিরিক্ত ভর্তির সমস্যা মেটাতে হবে। ক্লাশ রুমের ব্যবস্থা করা সম্ভব না হলে সকালে পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীকে স্থানান্তরিত করা চলতে পারে এবং এর ফলে অতিরিক্ত সেকশন খোলার ব্যবস্থা সম্ভব হতে পারে।

সাহায্যপ্রাপ্ত স্কুলে অতিরিক্ত সেকশন খোলার জন্য অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর করা সব সময় সমর্থন করে থাকেন কিন্তু মনে রাখতে হবে যে, সপ্তাহে প্রত্যেক শিক্ষককে অন্ততঃ ২০ পিরিয়ড ক্লাশ নিতে হবে এবং প্রধান/প্রধানাকে ক্লাশ নিতে হবে সপ্তাহে ১২ পিরিয়ড। টিউটোরিয়েল পিরিয়ডের কথা ভিন্ন। প্রশাসক সবসময় স্কুল বিল্ডিংয়ের সম্প্রসারণ এবং বিজ্ঞানের জন্য স্বতন্ত্র গৃহের ব্যবস্থা করা বিবেচনা করে আসছেন।

স্বাঃ এস. কে. চ্যাটার্জি
সেক্রেটারী

BOARD OF SECONDARY EDUCATION, WEST BENGAL

B. S. E. (G) FORM NO. 3

Statement Form

(To be filled in by Headmaster in reporting

a case of **Late Admission or Break of Studies**)

N. B—Before filling in this form, the Headmaster should carefully note the directions on the reverse. *(The case of each student should be forwarded to the Board separately, with a note from Headmaster in each case).*

To be filled in by the office of the Board

1. Name of the student ______

2. Name of the school and class where the student read last ______

District ______

3. Date when the student discontinued his studies last ______

Case No.

Office Note:

1. Is the case in order ?

4. Whether the student appeared at the last or any previous School Final / Higher Secondary Examination ______

5. Whether the student completed one year in the School Final/Higher Secondary class before discontinuance of his studies ______

Assistant-in-Charge

Date

2. Rs. 3/- received in this office on Page No of Challan Book

6. Name of the School and Class of which the student seeks admission or has been admitted ______

District ______

7. Date of receipt of the guardian's application to the school ______

8. Date of first report to the Board (which must be within a week of receipt of the guardian's application to the school). Number and date of the Headmaster's letter ______

9. Number and date of the last letter received from the Board on the subject ______

10. Date of admission (provisional) of the student in this year ______

11. Date from which the student has been attending his class after discontinuance of his studies ______

Fee Verified by

12. Reason of Break of Studies or of Late Admission ______

13. Whether the student has been examined and found fit for admission to the Class ______

Date

14. Recommendation of the Headmaster of the school where admission is sought ______

15. Reason of delay, if any, in reporting the case to the Board ______

Documents to be submitted :

(a) Application from the guardian of the student. (The guardian should state the full details of the boy's absence from school for the above period.

(b) Transfer Certificate

(c) Medical Certificate (if the break of late admission is due to illness).

(d) Admit Card (if the student appeared at a University Examination).

(e) Money Order Receipt, in original, showing the remittance of the prescribed fee of Rs 3/-

Or,

Cashier's Challan, in original, showing payment of the said fee to the Board.

Date ——————— 19 ———————

Village——————— (Headmaster)

P. O. ———————

Dist. ———————

নির্দেশনামা
(Direction)

1. দেরীতে ভর্তি হওয়ার বিষয় এবং পড়া-শোনায় স্কুল ফাইন্যাল ছাত্র-ছাত্রী ভিন্ন নিচের ক্লাসের ছাত্রদের বিষয় পর্ষতে জানাবার প্রয়োজন নেই।
2. স্কুল সেসন জানুয়ারীতে শুরু হবে এবং ডিসেম্বরে শেষ হবে এবং এই উদ্দেশ্যে ক্লাশ IX এ দেরীতে ভর্তি বড়জোর ১৫ই ফেব্রুয়ারী পর্যন্ত চলতে পারে।
3. ক্লাশ IX, X ও XI এ ট্রান্সফারের ভিত্তিতে যে কোন সময়ে ভর্তির বিষয় এক মাসের বেশী হলে খণ্ডনের (break in studies) জানাতে হবে।
4. গ্রীষ্মাবকাশ বা পূজাবকাশের বা বড়দিনের ছুটির পূর্বে ট্রান্সফার নিলে ছুটির পরেই বড়দিন এক সপ্তাহের মধ্যেই ভর্তি হতে হবে এবং এসবের পর্যদের ব্যাপারে অফিসে জানাবার প্রয়োজন নেই।
5. ছাত্র/ছাত্রী একবার স্কুল ছাড়ার পর একই স্কুলে পুনর্বার ভর্তি (re-admission) হলে প্রধান/প্রধানা পড়াশোনার জন্য প্রদর্শিত কারণে সন্তুষ্ট হলে স্কুলে ভর্তি করে নিতে পারেন।

(b) Transfer Certificate (countersigned by the Divisional/District Inspector of Schools).

Or, Migration Certificate (permit)

(c) Admit Card if the student appeared at an Examination conducted by a University or Secondary School Board).

9. If the applicant has alteady appeared at the Higher Secondary/School Final Examination of this Board, the year and the Roll No. should be clearly stated.

Examination.............Year.............

Roll.................No............

10. Full address where the Migration Certificate is to be sent.

... ...

... ...

... ...

(To be filled in by the person who will countersign and recommend the case).

I declare that the statements made by the applicant are true to my knowledge and I recommend the case,

Signature of the Head of the Institution/
Principal or Professor of any affiliated
College/or Govt. Gazzetted Officer

Office Seal

গাইডেন্সের জন্য নির্দেশনা

1. মধ্যশিক্ষা পর্ষদের আওতার (Jurisdiction) বাইরে থেকে কোন বিদ্যালয়ের ছাত্র / ছাত্রী এই পর্ষদের আওতায় কোন স্কুলের IX, X বা XI শ্রেণীতে ভর্তি হতে গেলে অথবা প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে হলে তাকে / তাদের পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের কাছ থেকে মাইগ্রেশন সার্টিফিকেট যোগাড় করতে হবে এবং পর্ষদের অন্যান্য নিয়মাবলী মেনে চলতে হবে।

2. মাইগ্রেশন সার্টিফিকেট (Inward or outward) যেরূপ পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের অধীনস্থ বিদ্যালয়ে পড়াশোনা করতে গেলে যেমন দরকার হবে, এই বোর্ডের আওতার বাইরে ভিন্ন রাজ্যের স্কুল কলেজে পড়াশুনা করতে গেলেও সেরূপ এই বোর্ড থেকে মাইগ্রেশন সার্টিফিকেট যোগাড় করতে হবে।

3. মাইগ্রেশন সার্টিফিকেট (Inward or outward) নিতে হলে বোর্ডের নির্দিষ্ট ছাপান ফরমে পনরটাকা ফী সহ দরখাস্ত করতে হবে। বোর্ড অব্ সেকেণ্ডারী এডুকেশন, পঃ বঃ নামে মণিওর্ডার অথবা ক্যাশ কাউণ্টারে জমা দিতে হবে। মণিঅর্ডারের মূল রশিদটি অথবা ক্যাশ চালানের একটি কপি দরখাস্তের সঙ্গে গেঁথে দিতে হবে। মণিঅর্ডারের কুপনে ছাত্র / ছাত্রীর নাম, টাকার পরিমাণ এবং উদ্দেশ্য বিস্তৃতভাবে লিখে দিতে হবে।

4. বাংলাদেশের নাগরিক কলকাতার কোন শিডুলড্ ব্যাঙ্কের ওপর ড্রাফট পাঠাবে পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের নামে এবং দরখাস্তটি বাংলাদেশের মিনিষ্ট্রি অব এডুকেশনের মাধ্যমে পাঠাতে হবে।

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্

সার্কুলার No. 8/62 dt. 10th April, 1962

To

The Heads of all recognised Schools

বিষয়ঃ ভর্তি এবং পুনরায় ভর্তি

দশম-একাদশ শ্রেণীতে ভর্তি হতে গেলে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণীয়। পূর্ববর্তী সমস্ত সার্কুলার এর পরে চাপা পড়বে।

প্রথম ভর্তি (First Admission)

1. Class X এর ওপরের কোন ক্লাশে প্রথম ভর্তি (first admission) চলে না।
2. ১৫ই ফেব্রুয়ারী পর্যন্ত class IXএ ভর্তি হলে এবং অন্যান্য নিচের ক্লাশে ১৫ই এপ্রিলের মধ্যে হলে, ঐ ভর্তির বিষয় মধ্য শিক্ষা পর্ষদ্‌কে জানাবার প্রয়োজন নেই।
3. ১৬ই ফেব্রুয়ারী থেকে ১৫ই এপ্রিলের মধ্যে প্রথম ভর্তি হলে প্রতি কেসে ৩ টাকা ফীঃ সহ মধ্যশিক্ষা পর্ষদ্‌কে জানাতে হবে যাতে অনুমোদন পাওয়া যায়।
4. Class IX বা অন্য যে কোন ক্লাশে ১৫ই এপ্রিলের পর প্রথম ভর্তি কোনমতেই অনুমোদনযোগ্য নয়।

ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে ভর্তি

5. স্বীকৃত বিদ্যালয় থেকে প্রাপ্ত ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে ভর্তি হতে হবেঃ
   (I) যে স্কুলে ছাত্র / ছাত্রী ভর্তি হবে, সে স্কুলের প্রধান / প্রধানা যাচাই করে দেখবেন ঐ ছাত্র / ছাত্রী এ ক্লাশের উপযুক্ত কিনা।

(II) সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর পূর্ববর্তী স্কুলের পড়াশোনা ত্যাগের একমাসের মধ্যেই ভর্তির প্রশ্ন বিবেচ্য।

6. ৩১শে আগষ্টের পর পর্ষদের বিনা সম্মতিতে কোন ছাত্র / ছাত্রীকে ট্রান্সফার সার্টিফিকেট থাকলেও ভর্তি করা চলবে না। কেবল সরকারী কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ৩১শে অক্টোবর পর্যন্ত ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে ভর্তি করা চলবে। এবং ঐ ভর্তি অনুমোদনের জন্য দরখাস্ত করতে হবে এবং ঐ দরখাস্তে ট্রান্সফারের কারণ উল্লেখ সহ প্রধান / প্রধানার নির্দিষ্ট সুপারিশ থাকবে।

7. Class IX, X, XI শ্রেণীতে ট্রান্সফারের ভিত্তিতে ভর্তি হতে হলে ট্রান্সফার নেওয়ার একমাসের মধ্যে ভর্তি না হলে Break of studies মাফ করার জন্য পর্ষদ্ সকাশে দরখাস্ত পেশ করতে হবে। ঐরূপ দরখাস্তের সঙ্গে ৩ টাকা ফিস সহ বিদ্যালয় প্রধান / প্রধানা ভর্তির ইচ্ছা প্রকাশ করে দরখাস্ত সুপারিশ সহযোগে পাঠাবেন। অনুরূপভাবে নীচু ক্লাশে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র / ছাত্রীদের প্রধান/প্রধানা সন্তুষ্ট হলে ভর্তি করতে পারেন।

8. অনুমোদিত স্কুলের Class IXএর ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে নবম শ্রেণীতে ১৫ই এপ্রিল পর্যন্ত ভর্তি হতে পারবে। এর পর বিশেষ বিশেষ ক্ষেত্রে পর্ষদের অনুমোদন মিলতে পারে। ঐরূপ ভর্তির জন্য দরখাস্তে কেন আগে ভর্তি হওয়া সম্ভব হয় নি, তা ব্যাখ্যাত থাকবে এবং ভর্তি হতে ইচ্ছুক স্কুল প্রধান / প্রধানার সুনির্দিষ্ট সুপারিশ দেওয়া থাকবে।

9. (i) একাদশ শ্রেণীর স্কুলের দশম শ্রেণীর ছাত্র, দশমশ্রেণীর স্কুলের Class Xএ,
(ii) একাদশ শ্রেণীর স্কুলের দশমশ্রেণীর স্কুলের Class X এ ভর্তি হতে ইচ্ছুক ছাত্র / ছাত্রীকে ১৫ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুমতি দেওয়া যেতে পারে, কিন্তু তার পরে নয়, অবশ্য যদি ভর্তি হতে স্কুলের প্রধান / প্রধানা যদি ভর্তিযোগ্য বিবেচনা করেন এবং স্কুলে ছাত্র / ছাত্রীর অযোগ্যতা দূরীকরণের ব্যবস্থা করতে পারেন। একাদশ শ্রেণীর স্কুলে ভর্তি হতে গেলে Class IXএ ছাত্র / ছাত্রীকে ৩য় ভাষা পাস করতে হবে এবং ক্রাফ্‌ট বিষয়েও পাস করতে হবে। একাদশ শ্রেণীর পরীক্ষা দেবার যোগ্যতা অর্জনে তা একান্ত দরকার।

10. ট্রান্সফারের ভিত্তিতে Class X স্কুলের দশম মান ছাত্রকে হায়ার সেকেণ্ডারী স্কুলের Class XIএ ভর্তি করা চলবে না।

পুনরায় ভর্তি (Re-admission)

11. যদি কোন ছাত্র / ছাত্রী একবার স্কুল ত্যাগ করে পুনরায় ভর্তি হতে চায়, তাহলে প্রধান / প্রধানা তার পড়া-শুনা ছেড়ে দেওয়ার কারণ সম্বন্ধে সন্তুষ্ট হলে তা ভর্তি করতে পারেন।

12. যদি কোন ছাত্র / ছাত্রীর বার মাসের অধিক বেতন দেওয়ার বিধি নেই এবং একবার সে তা দিলে, অন্য স্কুলে ট্রান্সফার সার্টিফিকেট সহ ভর্তি হলে তাকে তা আর দিতে হবে না। নূতন স্কুল তার কাছ থেকে সেশন চার্জ দাবী করতে পারেন। ট্রান্সফার সার্টিফিকেট নেওয়ার পর পড়াশুনায় ছেদ হলে (break of studies) ঐ একই স্কুলে সে ভর্তি হতে গেলে পুরা অথবা অংশত মধ্যবর্তী ফিস মকুব করতে পারেন। ট্রান্সফার ভিত্তিক সরকারী চাকুরের বেলায়ও ঐ একই নিয়ম প্রযোজ্য।

যে সব ছাত্র / ছাত্রী যথাযথ নোটিস দিয়ে একবার অসুস্থতার কারণে অথবা অন্য কোন কারণে পড়াশোনা স্থগিত রেখেছে, পরবর্তী সময়ে পুনরায় ভর্তি হতে গেলে ঐ মধ্যবর্তী ছেদকালীন সময়ের ছাত্রবেতন বাদ দেওয়া যেতে পারে। তবে তাদের ভর্তি ফী দিতে হবে।

ছাত্রের নাম একবার কাটা গেলে পুনরায় নাম তুলতে হলে একটাকা re-admission fee দিতে হবে এবং অনুপস্থিত কালীন সময়ের বেতন ও অন্যান্য দেয় ফিসও দিতে হবে।

প্র্যাকটিক্যাল পরীক্ষা সমন্বিত বিষয়

13. যে স্কুলে প্র্যাকটিক্যাল সমন্বিত বিষয়ে পর্ষদের অনুমতি নেই, সেই স্কুলে ঐ বিষয় নিয়ে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র / ছাত্রীকে ভর্তি করবে না।

বাসস্থান পরিবর্তনে হেতু কোন ছাত্র / ছাত্রী অন্য স্কুলে ভর্তি হতে গেলে যদি তার পূর্ববর্তী স্কুলের সাবজেক্ট নূতন স্কুলে পড়াবার কোন ব্যবস্থা না থাকে, তাহলে পর্ষদ্ তাকে ঐ বিষয় নেওয়ার অনুমতি দিতে পারে।

বিদ্যালয় প্রধান / প্রধানা এরূপ ছাত্র / ছাত্রীর পড়াশুনার উপর নজর রাখবেন, তার বার্ষিক অথবা টেষ্ট পরীক্ষার ঐ বিষয়ে পরীক্ষার ব্যবস্থা করবেন।

ছেদের পর উচ্চতর ক্লাশে ভর্তি

14. নবমশ্রেণীর নীচে কোন ছাত্র / ছাত্রী পড়াশোনা ছেড়ে দিলে তাকে কখনও Class IXএর উপরের শ্রেণীতে ভর্তি করা যাবেনা, যদিও দেখা যায় যে পড়াশুনা করলে সে হায়ার ক্লাশে উঠতে পারতো।

ডি. পি. রায় চৌধুরী (সেক্রেটারী)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট

No 4486 (16) Sc/P dt. 22nd/23rd August 1974

To

The Dist. Inspector of Schools (SF)

বিষয়ঃ মাধ্যমিক স্কুলের পঞ্চম শ্রেণীতে ভর্তি

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ১৯৭৪ সাল থেকে প্রাইমারী ফাইন্যাল

পরীক্ষা রহিত করা হবে এবং ৪র্থ শ্রেণীর শেষে একটি স্কলারশিপ পরীক্ষা নেওয়া হবে ১৯৭৪ সালের ডিসেম্বর মাসে। (Vide Govt. order No. 1070-Edn(P) dt. 8. 8. 74.

এটা আরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক যথারীতি বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন এবং বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ছাত্র / ছাত্রীদের পাস সার্টিফিকেট দেবেন।

তাঁকে অনুরোধ করা যাচ্ছে যে, মাধ্যমিক স্কুলের প্রধান / প্রধানা যেন প্রাইমারী স্কুলের হেড টীচারের প্রদত্ত সার্টিফিকেটের প্রতি কোনরূপ সংস্কার না রেখে মর্যাদা দেন, যাতে করে পঞ্চম শ্রেণীতে ছাত্র / ছাত্রীরা ভর্তি হতে পারে। অবশ্যই সেকেণ্ডারী স্কুলের প্রধান / প্রধানা প্রয়োজন মনে করলে ভর্তি পরীক্ষা নিতে পারেন।

স্বাঃ এস. এন্. দাস
পঃ বঃ ডাইরেক্টর অব পাবলিক ইনষ্ট্রাকশনের পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সার্কুলার No Age/G/1/Octo/77 dt. 3rd Oct, 77

To

The Heads of all Institutions recognised by the Board

মাধ্যমিক স্কুলের অ্যাডমিশন রেজিষ্টারে ভর্তির তারিখ রেকর্ড এবং ভর্তির বয়স সংশোধন করার ব্যাপারে প্রধান / প্রধানার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করেই তা করতে হবে। ১৯৭৮ সালের ১লা জানুয়ারী থেকে উক্ত বিষয়ে পূর্ববর্তী সমস্ত অনুশাসন বাতিল বলে গ্রাহ্য।

স্বাঃ এ. সি. বিশ্বাস
সেক্রেটারী

সেকেণ্ডারী স্কুলের অ্যাডমিশন রেজিষ্টারে জন্মতারিখ রেকর্ড করা পদ্ধতি

1. (a) এই অনুশাসন অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের ছেলে / মেয়েদের ভর্তির বেলায় প্রযোজ্য।
   (b) এই সব অনুশাসনে 'লিগ্যাল গার্ডিয়ান' বলতে পিতা, পিতার মৃত্যুতে অথবা অশক্ত হলে, যিনি 'ল কোর্ট' কর্তৃক অভিভাবকরূপে প্রতিপন্ন হবেন।
2. ছেলে-মেয়েদের স্কুলে প্রথমবারে (first time) ভর্তি করবার সময় লিগ্যাল গার্জিয়ান থেকে ছেলে-মেয়ের সঠিক জন্ম তারিখের (ইংরাজী ক্যালেণ্ডার মতে) ঘোষণা নেবেন, এই ঘোষণা লিখিতভাবে দিতে হবে।

ঘোষণাটির সমর্থনে বার্থ রেজিঃ সার্টিফিকেট, হাসপাতালের রেকর্ডের পুরো কপি অথবা ক্রিশ্চিয়ান ছাত্র / ছাত্রীর বেলায় Baptismal certificate অথবা যে সব রেকর্ড প্রামাণ্য বলে গ্রহণ করা যায়। যে ক্ষেত্রে এসব রেকর্ড দেওয়া সম্ভব নয়, সেক্ষেত্রে প্রধান / প্রধানা লিগ্যাল গার্ডিয়ান কর্তৃক ম্যাজিস্ট্রেটের কাছে গৃহীত এফিডেভিট গ্রহণের দাবী ক'রবেন।

3. লিগ্যাল গার্জিয়ান কর্তৃক উল্লিখিত পদ্ধতিতে জন্ম তারিখ ঘোষণা না করা পর্যন্ত অ্যাডমিশন রেজিষ্টারে ছাত্র / ছাত্রীর বয়স রেকর্ড করা হবে না। গার্জিয়ানকে প্রধান / প্রধানা এ ব্যাপারে যথোপযুক্ত নির্দেশ দেবেন।
ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে অথবা মাধ্যমিক পরীক্ষায় ফেল করলে অ্যাডমিড কার্ডে লিখিত জন্ম তারিখটি অ্যাডমিশন রেজিস্টারে লিখিত হবে।
অননুমোদিত স্কুলের ট্রান্সফার সার্টিফিকেট বৈধ না। ঐ জাতীয় স্কুলের ট্রান্সফার সার্টিফিকেট ফার্স্ট অ্যাডমিশনের সমতুল্য বলে বিবেচিত।

4. (a) পঞ্চম থেকে সপ্তম শ্রেণীর ছাত্র-ছাত্রীর জন্মতারিখ ভর্তির একবছরের মধ্যে বৈধ ও অর্থপূর্ণ দলিলপত্রের ভিত্তিতে স্কুল কর্তৃপক্ষ শুদ্ধ করে দিতে পারেন। অ্যাডমিশন রেজিষ্টারে লাল কালি দিয়ে কেটে প্রধান / প্রধানা সই / স্বাক্ষর দিয়ে রাখবেন। দলিলপত্র অ্যাডমিশন রেজিষ্টারে লাগিয়ে রাখবেন এবং এরূপ সংশোধন করার একমাসের মধ্যে পর্যদকে জানাতে হবে।

(b) অষ্টম থেকে দশম শ্রেণীর ছাত্র / ছাত্রীদের বয়স কোন রকমেই স্কুল কর্তৃপক্ষ সংশোধন করবেন না।

5. যেইমাত্র ছাত্র / ছাত্রী নবমশ্রেণীতে প্রমোশন পেল, বিদ্যালয় প্রধান / প্রধানা লিগেল গার্ডিয়ানের নিকট অ্যাডমিশন রেজিষ্টারে লিখিত জন্মতারিখ Form No. Age/1 এ জানাবেন এবং ঐ ফরম অভিভাবকের নিকট ৩০শে এপ্রিলের মধ্যে পৌছান চাই এবং অভিভাবককে ১৫ই জানুয়ারীর মধ্যে লিখিতভাবে উত্তর দিতে বলা হবে। যদি চিঠির কোন উত্তর না পাওয়া যায়, তাহলে অ্যাডমিশন রেজিষ্টারের বয়স ঠিক আছে বলেই ধরে নিতে হবে। যদি অভিভাবক জানান যে ঐ জন্মতারিখ ঠিক নয়, তাহলে ৩১শে আগষ্টের মধ্যে ফরম নং 18 (নমুনা দেওয়া হবে) নিম্নোক্ত ফিস সহ প্রধান / প্রধানার বরাবরে পেশ করতে হবে—

(i) ক্রশড পোস্টাল অর্ডারে ১৫ টাকা পঃ বঃ মধ্যশিক্ষা পর্যদের নামে অথবা পর্যদ অফিসে ক্যাশ ১৫ টাকা জমা দিতে হবে।

(ii) দ্বিতীয় প্যারাগ্রাফে উল্লেখিত বার্থ রেজিস্ট্রেশন অথবা অন্যান্য দলিলপত্র পাঠাতে হবে।

(iii) লিগ্যাল গার্ডিয়ান কর্তৃক ম্যাজিষ্ট্রেটের কাছে শপথ করা অ্যাফিডেভিট (ঐ অ্যাফিডেভিট ফেরৎযোগ্য নয়।)।

(iv) প্রথম ভর্তির সময় লিগ্যাল গার্ডিয়ানের ভুল ঘোষণার পিছনে কি যুক্তি ছিল—তার একটি লিখিত বিবৃতি।

(v) লিখিতভাবে লিগ্যাল গার্ডিয়ান থেকে একটি প্রতিশ্রুতি নিতে হবে যে, নিজের খরচে নিজের ওয়ার্ডকে Age correction কমিটির কাছে হাজির করবেন।

(iv) প্রধান / প্রধানাকে এরূপ একটি সার্টিফিকেট দিতে হবে যে, তিনি নিজে বিষয়টি অনুসন্ধান করে দেখেছেন এবং তিনি বিষয়টিকে সন্তুষ্ট চিত্তে সুপারিশ করেছেন। ফীঃ সহ প্রয়োজনীয় কাগজপত্র পর্ষদের কাছে ৩১শে আগষ্টের মধ্যে অবশ্যই পৌছাতে হবে। যদি ঐরূপ দরখাস্ত ৩১শে আগষ্টের মধ্যে পাঠানো সম্ভব না হয়, তাহলে দেরীর প্রয়োজনীয় কৈফিয়ৎ সহ পাঁচ টাকা delay fine ও সাধারণ ফিস বাবদ পনের টাকা পর্ষদ সকাশে পাঠাতে হবে।

6. Age Correction Committeeএর বিশেষ সুপারিশ ছাড়া দশম শ্রেণীর ছাত্র / ছাত্রীর বয়স সংশোধনের বিষয়ে কোন দরখাস্ত ৩১শে মার্চের পর গ্রহণ করা হবে না।

7. প্রধান / প্রধানাদের খুব বিশেষ যত্ন নিয়ে দেখতে হবে, যাতে অ্যাডমিশন রেজিষ্টার থেকে ট্রান্সফার সার্টিফিকেটে বয়স তুলবার সময় কোন ভুল না হয় এবং মাধ্যমিক পরীক্ষা ও অ্যাড্‌মিটে বয়স অর্থাৎ date of birth তুলতে কোন প্রকারে প্রমাদ না ঘটে। আর মাধ্যমিক পরীক্ষায় দরখাস্ত প্রেরণ করবার সময় সংশ্লিষ্ট ছাত্র / ছাত্রীর date of birth record এর বিষয় সম্বন্ধে পর্ষদের সাথে স্কুলের পত্র বিনিময়ের রেফারেন্স নম্বরাদি উল্লেখ করতে হবে।

8. এতসব সম্ভাব্য সতর্কতা সত্ত্বেও যদি জন্ম তারিখ সম্বন্ধে একটা উদ্ভট জন্ম তারিখের clerical error ধরা পড়ে, তাহলে প্রধান / প্রধানা অথবা অভিভাবককে প্রধান / প্রধানার বরাবরে মূল দলিলপত্রাদি সহ পর্ষদের কাছে পাঠাতে হবে। রিপোর্টের সাথে দলিলপত্রাদি ছাড়াও—

(i) স্কুল কর্তৃক দেয় দু'টাকা ফীঃ এবং সংশ্লিষ্ট বছরের ৩১শে জুলাইয়ের পরে হলে ছাত্র / ছাত্রীকে দু'টাকা লেট ফিস দিতে হবে। আর স্কুলেরও দু'টাকা অবশ্য দিতে হবে।

(ii) ঐ তারিখের পর পরবর্তী পাঁচ বছরের মধ্যে clerical error জনিত ত্রুটির জন্য পর্ষদের কাছে ২৫ টাকা ফীঃ দিতে হবে।

(iii) অ্যাডমিশন রেজিস্টারের সংশ্লিষ্ট অংশের extract বা উদ্ধৃত অংশ প্রধান / প্রধানা কর্তৃক certified এবং D. I. of School/S.D.O

অথবা কোন সরকারী অফিসার যিনি ডেপুটি ম্যাজিষ্ট্রেটের চেয়ে পদমর্যাদায় ছোট নন, কর্তৃক প্রত্যায়িত (attested) করে পাঠাতে হবে।

(iv) ছাত্র / ছাত্রীর মূল ট্রান্সফার সার্টিফিকেট যদি, তা কোন অনুমোদিত স্কুল কর্তৃক দেওয়া হয়।

(v) মাধ্যমিক পরীক্ষার অ্যাড্‌মিট কার্ড যদি মাধ্যমিক পরীক্ষা পর্ষদ কর্তৃক পরিচালিত হয়ে থাকে।

(vi) প্রধান / প্রধানাকে এই মর্মে সার্টিফিকেট দিতে হবে যে, বিষয়টি স্কুলের পক্ষে একটি clerical mistake।

(vii) Age Correction Committee বিশেষ সুপারিশ ছাড়া ৪(ii) অনুযায়ী উল্লিখিত তারিখ অতিক্রান্ত হলে কোন দরখাস্ত গ্রাহ্য হবে না।

9, প্রয়োজনে স্কুল থেকে কোন একজন অথরিটি প্রাপ্ত ব্যক্তিকে পর্ষদে অ্যাডমিশন রেজিষ্টার, ফার্স্ট অ্যাডমিশন ফরম, ট্রান্সফার সার্টিফিকেট প্রভৃতি প্রয়োজনীয় কাগজপত্র দিয়ে প্রমাণ করতে হবে যে, বিষয়টা clerical error জনিত। আর জন্য পর্ষদ্ কোন T. A. দেবেন না।

10. ক্রশ পোষ্ট্যাল অর্ডারে ফীঃ পাঠাতে হবে অথবা পর্ষদের অফিসে ক্যাশ জমা দিতে হবে। ফীঃ একবার দিলে ফেরৎ পাওয়া যাবে না।

উল্লিখিত নির্দেশাবলী পূর্ববর্তী সমস্ত নির্দেশকে নাকচ করে দিয়েছে এবং এই নির্দেশ ১৯৭৮ সালের ১লা জানুয়ারী থেকে চালু হবে।

FORM NO AGE/1

এই ফরমটি ছাত্র/ছাত্রীর বয়স সংশোধনের দরখাস্তের সঙ্গে অবশ্যই প্রেরিতব্য।

This is for the information of Sri/Sm........................that the date of birth of his ward Sri/Sm......................., a student of class......... ..stands recorded in the Admission Register of this school as......................

If this entry appears to the above mentioned to be incorrect and he intends to get it corrected, an application for correction along with the prescribed fee and necessary documents must be submitted by him to the West Bengal Board of Secondary Education through the Headmaster/Headmistress of this school on or before 31st August of the year in which the pupil is promoted to class IX if it has not already been done.

Date...............

Sig. of Headmaster/Headmistress.
Seal of the Institution.

The contents of this letter have been carefully noted by me.

Date.........

Signature of the guardian

W. B. S. (G) Form 18.

STATEMENT FORM FOR CORRECTION OF DATE OF BIRTH OF A PUPIL

(To be filled by the Head of the Institution in reporting to the Board a case of correction of date of birth of a pupil.)

[The completed Form must reach the office of the Board along with usual fee of Rs. 15/- on or before the 31st August of the year in which the pupil is promoted to Class IX. Thereafter such a case may be entertained upto the 31st March of the year in which the pupil is in Class X provided a late fee of Rs. 5/-(five) is paid in addition to the usual fee.]

N.B.—The Head of the Institution will please see that the Form has been properly filled in and full particulars have been furnished.

1. (a) Name of the Pupil
   (b) Name of Father
   (c) Present residential address
   (d) Name of the Guardian as per School Register
   (e) Present residential address
   (f) Relationship with the guardian
2. Class in which the pupil is reading
3. Name of the school with full Postal address
4. Date of application received from the guardian in this connection
5. Number and date of the last letter received from the Board in regard to correction of date of birth of the pupil
6. Whether the pupil concerned appeared at any examination previously and if so, the year and the roll number
7. Date of birth according to — Year Month Days
   (i) Correction sought by the guardian
   (ii) School Register
8. Age on 1st March, 1979 According to — Year Month Days
   (i) Correction sought—
   (ii) School Register—

Note :—The Form No. AGE/I by which the Guardian of the pupil was informed of the date of birth of ward must be enclosed.

9. Rs. 15/- Paid by Postal Order No.
in Cash on

Rs. 20/- (including the late fee of Rs. 5/-)

10. (a) In case of first admission :
(i) Date of admission
(ii) Class into which the pupil was admitted
(iii) Relationship of the pupil with the person who signed the Declaration/First Admission/Form
(iv) Date of birth as recorded in the Declaration/ First Admission Form
(v) Nature of document if any produced in support of the date of birth of the pupil at the time of admission.

(b) In case of admission on transfer from a recognised school.
(i) Details of the Transfer Certificate (on the basis of which the pupil was admitted to the school.)
No.
Issued by
(Name and address of the school)
Date of birth
Age on the date of leaving the school
Class
(ii) Name and address of the school to which the pupil was admitted for the first time
Date of admission to the school
Class to which the pupil was admitted for first time.
Date of birth
Relationship of the pupil with the person who signed the declaration

(iii) Names and addresses of all other schools in which the pupil read therefter, if any, and the period of study in each School

11. How the mistake first occurred

(The Head of the institution will certify whether he/she has personally investigated the case and whether in his/her opinion, the case is a bonafide one and deserves favourable consideration by the Board).

12. Nature of evidence submitted :

(i) Birth Registration Certificate

(ii) Baptismal certificate, if any (in case of a Christian student)

(iii) Any other contemporaneous document.

(iv) Affidavit by the legal guardian. (The Affidavit is non-returnable).

N. B. The legal guardian means the father or if the father is dead or incapaciated, the mother. If both the parents are dead or incapaciated the affidavit should be sworn by one who is acccepted as legal guardian by Court of Law.

Date

Headmaster/Headmistress

SEAL OF THE SCHOOL.

B. S. E. (G) FORM NO. 43.

The following particulars are required if any clerical error is committed by a school in recording date of birth of a student.

The relevant extract from the First Admission Form/transfer Certificate/Admission Register of

District

of Sri/Sm. in connection with the correction of age

First Admission Form/Application for First Admission

No.

Date

Name of the student—Sri/Sm.

Father's name—Sri

Class

No. Date
Date of Admission
Date of birth
Age on the date of Admission
Signed by Sri
Transfer Certificate.
No. Date
Name of the student—Sri/Sm.
Father's name—Sri
Issued by
Date of leaving the former school
Date of birth
Age on the date of leaving the former school
Class
Admission Register.
Sl. No. Date
Name of the student
Father's name
Date of admission
Age on the date of admission Date of birth
Class into which admitted
First admission or admitted on the basis of transfer Certificate

Verified with the Admission Register/
Admission Form of
... ...
and transfer Certificate issued by.........
... ...

Secretary

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ (এইচ. এস. ব্রাঞ্চ)

No. $\frac{\text{45-Edn.(H.S.)}}{\text{35-2/8/}}$ dt. 13th May, 1981

To
The Director of Secondary Education, W.B.
6, Bhabani Datta Lane, Cal-73

বিষয়ঃ হায়ার সেকেণ্ডারী স্কুল কর্তৃক অন্যান্য ফিস আদায়ঃ XI ও XII ক্লাশের ছাত্র-ছাত্রীদের দেয় ফিস।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, হায়ার সেকেণ্ডারী স্কুলের Class XI ও XII-এর ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ছাত্রবেতন (tuition fees) আদায় না করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ১৯৮১ সালের ১লা জানুয়ারী থেকে কোন ছাত্রবেতন আদায় করা হবে না। সরকার সমস্ত অনুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের মাসিক বেতন দেওয়ার দায়িত্ব গ্রহণ করার ফলে কেবলমাত্র ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বিদ্যালয়ের খরচ খরচার কিছুটা অংশ বিদ্যালয়ের দৈনন্দিন পরিচালনার (maintenance) প্রয়োজনে একই রেটে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে আদায় করা হবে।

এই অবস্থায়, সরকার বিশেষ বিচার-বিবেচনা করে ১৯৮১ সালের ১লা জানুয়ারী থেকে অন্যান্য চার্জ বাবদ একটি নির্দিষ্ট সীমার মধ্যে বিভিন্ন খাতে সংযুক্ত শিডুলে বর্ণিত ফিস আদায় করা হবে।

যে যে বিশেষ বিশেষ খাতে টাকা আদায় করা হবে, তা কেবল ঐ ঐ উদ্দেশ্যে ব্যয় করতে হবে। লাইব্রেরী ফিস, লেবরেটরী ফিস, ফ্যান ও ইলেকট্রিক ফিস, ম্যাগাজিন ফিস, টিফিন ফিস যেসব স্কুলে ঐসব বিষয়ে সুযোগ-সুবিধা দেওয়া হয়, সেখানে আদায় করা চলবে। সরকারের পূর্বানুমতি ব্যতীত অনুমোদিত ফিসের বেশী ১লা জানুয়ারী থেকে আদায় করা চলবে না।

যা হউক, উন্নয়ন খাতে আদায়কৃত ফিস থেকে নিম্নলিখিত খরচ-খরচা করা চলতে পারে :—

(1) Building repairs (ঘর-বাড়ী সংস্কার) ;
(2) Repairs and purchase of furniture and appliances ;
(আসবাবপত্র-যন্ত্রাদি ক্রয় ও মেরামত করা বাবদ)
(3) Prize, function and ceremonies (পুরস্কার বিতরণ, উৎসব-অনুষ্ঠান) ;
(4) Audit fees (অডিট ফীঃ যদি সরকার মঞ্জুর না করেন) ;
(5) Contingent charges (আকস্মিক ব্যয়, যদি সরকার না দেন) ;
(6) Rates, rents and taxes (রেণ্ট, টেক্স প্রভৃতি যদি সরকার না দেন)।

ভর্তির জন্য ছাত্র/ছাত্রীদের কাছ থেকে কিছু আদায় করা চলবে না। মোট বার্ষিক আদায়কৃত ফিসকে মাসিক কিস্তিতে ভাগ করে আদায় করতে হবে। নিম্ন আয়বিশিষ্ট ছাত্র-ছাত্রীদের শতকরা দশজনকে কনশেসন, অথবা ফিস মকুব করা চলবে।

স্বাঃ বি. এন. চ্যাটার্জী
জেনারেল সেক্রেটারী

SCHEDULE

Maximum limit of the other fees and charges to be collected by the Schools from the students of

Classes XI & XII

Area	Development fee	Sports & Games fee	Library fee	Fans and Electric charges including Telephones	Magazine fee	Laboratory charges	Examination fee	Tiffin fee	Total
	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum	Per annum
Calcutta, Howrah and Barrackpore	25/-	4/-	4/-	3/-	5/-	5/-for each laboratory-based science Subject	10/-	25/-	81/-
District towns and Industrial areas	15/-	4/-	4/-	2·50	5/-	5/-	10/-	25/-	70·50
Rural areas	10/-	3/-	3/-	2·50	5/-	5/-	10/-	25/-	63·50

Sd/- B. N. Banerjee
Dy. Secretary

Memo. No, 250(16)GA / 3B-8/80 Dated 25. 5. 81 / 16. 6. 81

Copy forwarded to the District Inspector of Schools (SE),.. ....P. O.........................Dist..................................for information and guidance. The content of the Govt. order should be circulated to the Heads of all XII Class Higher Secondary Schools for information and guidance.

Sd/- Illegible
for Director of Secondary Education, West Bengal.

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2, Park St., Cal-16

No. S/193 dt. 24. 4. '81

নোটীশ

দশম ক্লাশ হাই স্কুলের প্রধান/প্রধানাদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে যে, তাঁরা যেন Class X-এ ভর্তির ব্যাপারে সাবধানতা অবলম্বন করেন :

(a) কোন অবস্থাতেই যেন Class X-এ প্রথম ভর্তির (first admission) অনুমতি না দেন ;

(b) অনুমোদিত বা অননুমোদিত জুনিয়ার স্কুলের কোন ছাত্রকে যেন দশম শ্রেণীতে ভর্তি করা না হয় ;

(c) অন্য কোন স্কুলের ফেল করা মাধ্যমিক ছাত্রকে যেন পর্ষতের বিনা অনুমতিতে দশম শ্রেণীতে ভর্তি করা না হয়।

বিদ্যালয় প্রধান/প্রধানাকে অনুরোধ করা যাচ্ছে যে, ১৯৮১ সালের ৩০শে মে তারিখের মধ্যে নির্দিষ্ট প্রোফরমায় বোর্ডের রিজিওন্যাল অফিসারের অফিসে যেন IX ও X শ্রেণীর ছাত্র/ছাত্রীদের নাম, পিতার নাম এবং ভর্তির তারিখ জানান হয়।

স্বাঃ এন. সিনহা
সেক্রেটারী

[Specimen form for submitting lists of pupils reading in Classes IX & X of the X-Class recognised High School on the basis of the roll-strength as on 1. 5. '81]

School Index ....

Name and adress of the School.

Sl. No.	Name with father's name of the pupils	Class in which admitted	Date of Admission

Date :

School seal

Signature of the Head of Institution

Please use additional Sheets in F-Cap papers for the rest of the pupils, if any.

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২, পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

To

The Heads of all recognised Secondary Schools

বিষয় : জন্ম তারিখ সংশোধনে পুনর্বিবেচিত ফিস

রেফা : পর্ষদ্ সার্কুলার No. Age/G/G/1/Pct/77 dt. 3.10.'77 এবং অফিস অর্ডার No. S/676 dt. 28. 7. 82 (পর্ষদ্ বার্তায় প্রকাশিত জুলাই, ১৯৮২)

এতদ্বারা সমস্ত অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়কে জানান যাচ্ছে যে, ১৯৮২ সালের ১লা সেপ্টেম্বর থেকে অ্যাডমিশন রেজিষ্টারে জন্মতারিখ সংক্রান্ত রেকর্ড সংশোধন করবার অভিপ্রায় ও অন্যান্য রেকর্ড সংশোধন করতে হলে নিম্নলিখিত হারে ফিস আদায় করা হবে।

(1) CLERICAL ERROR :

(i) স্কুলকে দিতে হবে প্রতিটি ক্ষেত্রে Rs. 10/-,

(ii) মাধ্যমিক পরীক্ষাবর্ষে ৩১শে জুলাইয়ের পরে দাখিল করলে লেট ফী: 5/- ; তবে দু'বছরের মধ্যে হলে Rs. 10/-

(iii) দু'বছরের পরে ও পাঁচ বছরের মধ্যে, মাধ্যমিক পরীক্ষার তারিখ থেকে Rs. 25/-

(2) ALTERATION OF DATE OF BIRTH :

(i) ছাত্র/ছাত্রীদের দেয় ফিস Rs. 20/-

(ii) Class X প্রমোশন পাওয়ার পর ৩১শে জুলাইয়ের পরে হলে Rs. 20/- টাকার সঙ্গে লেট ফী: Rs. 5% দিতে হবে।

পর্ষদের পূর্ববর্তী সার্কুলার No. Age/G/1/October/1977 dt. 3rd October, 1977 এবং উল্লিখিত বর্তমান সার্কুলারটি পুনরাদেশ না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

স্বাঃ এন. সিন্‌হা

সেক্রেটারী

তাং ১লা সেপ্টেম্বর, ১৯৮২

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

কলি-১৬

No. S/30 dt. January, 21st 1983

নোটীশ

পর্ষদ্ নোটিফিকেশন No. S/319 dt. 14.4.1982 অনুয়ায়ী অনুমোদিত হাই স্কুলের প্রধান/প্রধানাদের জানান যাচ্ছে—

1. তাঁরা সামায়িকভাবে অনুমোদিত X Class হাইস্কুলের থেকে ট্রান্সফার

সার্টিফিকেটের ভিত্তিতে ১৫. ২. ১৯৮৩ সালের মধ্যে দশম শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তি করতে পারেন। ঐরূপ ভর্তির বিষয় সংশ্লিষ্ট রিজিওন্যাল অফিসে ২৮.২.৮৩ তারিখের মধ্যে রিপোর্ট করতে হবে, অবশ্য নিম্নলিখিত শর্তাবলীর অনুসরণে :

(i) ঐসব ছাত্র/ছাত্রীর পড়াশোনায় ৩০ দিনের বেশী ছেদ (break) পড়েনি ;

(ii) নবম শ্রেণীতে যেসব বিষয় ছাত্র/ছাত্রী পড়েছে, নূতন ভর্তির স্কুলেও ঐসব বিষয় পড়ানোর ব্যবস্থা রয়েছে ;

(iii) পূর্ববর্তী স্কুলে যেসব প্রজেক্ট ও কর্মশিক্ষার বিষয় ছিল, নূতন ভর্তির স্কুলেও অনুরূপ প্রজেক্ট ও কর্মশিক্ষার বিষয় রয়েছে।

2. পর্ষদের পূর্ব অনুমতি ব্যতীত ১৯৮৩ সালের ১৫ই ফেব্রুয়ারীর পর কোন ভর্তি হবে না ;

যা হউক, ১৯৮৩ সালের ১৫ই ফেব্রুয়ারীর পরে বিশেষ বিশেষ ক্ষেত্রে সংশ্লিষ্ট রিজিওন্যাল অফিসের মাধ্যমে পর্ষদ্ সেক্রেটারীর কাছে দরখাস্ত পেশ করা যেতে পারে।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ/মাধ্যমিক শাখা

No. 314-Edn.(S)/10M-/383

dt. 30th March, 1983

To

The Director of Secondary Education, West Bengal

বিষয় : হাই/হায়ার সেকেণ্ডারী/হাই মাদ্রাসায় ছাত্র/ছাত্রী ভর্তির উর্ধ্ব সংখ্যা বৃদ্ধি (enhancement)

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, সরকারের কাছে এই মর্মে রিপোর্ট আসছে যে, শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির চাপ অত্যধিক বেড়ে যাওয়ার ফলে শিক্ষায়তনে ছাত্র/ছাত্রী সংখ্যা উর্ধ্বসীমা বেসামাল হয়ে পড়েছে। অতএব ছাত্র/ছাত্রীর উর্ধ্বসীমা বাড়ানোর প্রস্তাব বেশকিছু দিন ধরে সরকারের বিবেচনাধীন।

(1) অতএব পশ্চিমবঙ্গে অনুমোদিত হাইস্কুল, হাই মাদ্রাসা—সরকারী এবং শিক্ষা-প্রতিষ্ঠানের উর্ধ্বতম ভর্তি সংখ্যা ১০০০ পর্যন্ত বর্ধিত করা হল।

(2) রাজ্যের হায়ার সেকেণ্ডারী স্কুলের উর্ধতম ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৫০ পর্যন্ত চলতে পারে।

(3) হাই/হায়ার সেকেণ্ডারী/হাই মাদ্রাসায় উর্ধ্বতম সীমার বেশী ছাত্র/ছাত্রী ভর্তি

করতে হলে মাধ্যমিক বিভাগের জন্য জেলা স্কুল পরিদর্শক ও হায়ার সেকেণ্ডারীর জন্য হায়ার সেকেণ্ডারী কাউন্সিলের অনুমোদনের জন্য দরখাস্ত পেশ করতে হবে।

স্বাঃ অস্পষ্ট
ডেপুঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ
সেকেণ্ডারী ব্রাঞ্চ

No. 525 Edn.(S) / 1F-2/82 dt. 24th May, 1983

To

The Director of Secondary Education, W.B.

বিষয় : **স্কুল ও মাদ্রাসার ফিস আদায় (Collection of fees)**

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, সবিশেষ বিবেচনার পর এবং G. O. No. 29-Edn.(S) dt. 11.1.83-এর সার্কুলার সংশোধনের পর 1.1.1983 সাল থেকে সরকার কর্তৃক ফিস ও অন্যান্য চার্জের মাত্রা পরিবর্তন করা হল এবং এই প্রসঙ্গে ফিসের হিসেব দেওয়া হল :

(a) ডেভেলপমেণ্ট ফিস (উন্নয়ন ফিস);
(b) স্পোর্টস্ ও গেম ফিস (খেলাধুলার ফিস);
(c) ফ্যান-ইলেকট্রিক-ফোন চার্জ ;
(d) লাইব্রেরী ফিস ;
(e) ম্যাগাজিন ফিস ;
(f) পরীক্ষা ফিস।

উল্লিখিত ফিস ও চার্জের থেকে আদায়ীকৃত অর্থ কেবল মাত্র সংশ্লিষ্ট বিষয়ে খরচ করা চলবে। লাইব্রেরী ফিস, ফ্যান চার্জ, গেমস্, ইলেকট্রিক, ম্যাগাজিন চার্জ যে স্কুল বা মাদ্রাসায় ব্যবস্থা রয়েছে, সেখানে আদায় করা চলবে। অন্যান্য ফিস সরকারের পূর্ব অনুমতি ছাড়া আদায় করা চলবে না।

ডেভেলপমেণ্ট ফিসের আয় থেকে নিম্নোক্ত খরচ-খরচা করা চলবে :

(1) বিল্ডিং মেরামত ;
(2) ফার্ণিচার ও যন্ত্রপাতি মেরামত ;
(3) প্রাইজ, উৎসব ও অনুষ্ঠান ;
(4) অডিট ফিস (সরকার মঞ্জুর না করলে);
(5) আকস্মিক ব্যয় (সরকার না দিলে);

(6) রেট, রেণ্ট এবং টেক্স (সরকার না দিলে) ;

(7) শিক্ষার যন্ত্রপাতি এবং ছাত্রদের উপকারে অন্যান্য খরচা।

ভর্তির জন্য কোন ফিস নেওয়া চলবে না ; শহর এলাকায় 10% ছাত্র/ছাত্রীকে এবং গ্রাম এলাকায় 15% ছাত্রকে কনসেশন দেওয়া যেতে পারে।

এই অর্ডার গভঃ অর্ডার নম্বর 25-Edn.(S) dt. 2. 5. '81-কে প্রভাবিত করবে না।

ইতিমধ্যে জি. ও. নম্বর 29-Edn.(S) dt. 11. 1. '83-এর আদেশে অতিরিক্ত আদায় পরবর্তী মাসের ফিসের সঙ্গে সামঞ্জস্য করে নেওয়া হবে।

সর্বাধিক অন্যান্য ফিসের আদায় সম্পর্কিত ফীঃ চার্ট

এলাকাস্থিত স্কুল	বার্ষিক ডেভঃ ফিস	স্পোর্টস ও গেমস বার্ষিক	লাইব্রেরী ফিঃ বার্ষিক	ফ্যান ও ইলেকট্রিক	ম্যাগাজিন ফিস	পরীক্ষা ফিস	শেষ বছর
*শহর এলাকা	20·00	3·00	2·00	4·00	4·00	7·50	40·50
গ্রাম্য এলাকা	12·00	2·00	2·00	3·00	4·00	7·50	31·00

N.B. 1. যেসব বিষয়ে সার্ভিস দেওয়ার কোন ব্যবস্থা নেই, সেসব বিষয়ে কোন ফিস আদায় করা চলবে না।

আর্বান এলাকা বলতে কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি এলাকাকে বোঝায়।

2. ফীস আদায় নির্ধারিত সীমার বেশী নেওয়া চলবেনা তবে ম্যানেজিং কমিটি প্রয়োজন মনে করলে কম আদায় করতে পারেন।

3. মাধ্যমিক পরীক্ষার জন্য মধ্যশিক্ষা পর্ষদে নাম পাঠানো হলে, পরীক্ষার্থীর কাছ থেকে আর কোন ফিস আদায় করা চলবে না।

হাউস রেন্ট সংক্রান্ত এলাউন্স প্রাপ্তি সম্বন্ধে ডাইরেক্টার অব সেকেণ্ডারী এডুকেশনের মেমো নং 453-G.A. dt. 26. 4. 83-এ জানান যাচ্ছে যে, সি. এম. ডি.এ এলাকাকে গ্রাম্য এলাকা বলা যাবে না। এবং সি. এম. ডি. এ এলাকাভুক্ত এলাকার স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মাচারীবৃন্দ বেসিক পে'র ১৫% হাউস এলাউন্স পাওয়ার অধিকারী, Vide Curcular G.O. No. 475 Edn.(S) dt. 17. 10. '81. ১৫% বেসিক পে ও রুরাল এলাউন্স,—দুটি একসঙ্গে দাবী করা চলবে না।

স্বাঃ আর. দাশগুপ্ত

ডাইরেক্টর অব সেকেঃ এডুঃ পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২, পার্ক স্ট্রীট, কলি-১৬

No. EMU/83/Reg./CC/MP-84/2 July 2, 1983

বিষয়ঃ ১৯৮৪ সালের পূর্ববর্তী মাধ্যমিক পরীক্ষার অকৃতকার্য পরীক্ষার্থীদের সম্বন্ধে প্রধান/প্রধানাদের পথনির্দেশনা (guidance)।

1. ১৯৮৩ সালের মাধ্যমিক পরীক্ষার রেগুলার প্রার্থী ১৯৮৩ সালে যেসব স্কুল থেকে পরীক্ষা দিয়েছিল, সেসব স্কুলে পুনরায় ভর্তি হয়ে রেগুলার পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে পারে এবং তা করতে হলে '৮৩ সালের ৩১শে আগষ্ট তারিখের মধ্যে নির্ধারিত ফিস দিয়ে ভর্তি হতে পারে।

অথবা,

একই স্কুলে ত্ব'টাকা ফিস দিয়ে নাম রেজিষ্ট্রী করে ১৯৮৩ সালের ১০ই নভেম্বরের মধ্যে C.C. প্রার্থী হিসেবে ১৯৮৪ সালের পরীক্ষা দিতে পারে।

2. ১৯৭৬ সাল থেকে ১৯৮২ সালের মধ্যে মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য মাধ্যমিক প্রার্থী কন্টিনিউয়িং প্রার্থী হিসেবে নাম রেজিষ্ট্রী করে মাধ্যমিক পরীক্ষা দিতে পারে।

3. যে সকল কম্পার্টমেণ্টাল প্রার্থী পরপর তিনটি মাধ্যমিক পরীক্ষায় Com-III চিহ্নিত প্রার্থী হিসেবে পুরা চান্স গ্রহণ করেছে এবং যারা আর কম্পার্টমেণ্টাল পরীক্ষার্থী হিসেবে সুযোগ নিতে ইচ্ছুক নয়, তারা ইচ্ছা করলে একই মাধ্যমিক স্কুলে নাম রেজিষ্ট্রী করে ১৯৮৪ সালের কম্পার্টমেণ্টাল পরীক্ষা দিতে পারে।

4. অকৃতকার্য প্রার্থীরা রেগুলার অথবা কন্টিনিউয়িং প্রার্থী হিসেবে ১৯৮৪ সালে পরীক্ষা দিতে হলে ওয়ার্ক এডুকেশন ও ফিজিক্যাল পুনরায় পরীক্ষা দিতে হবে।

5. কন্টিনিউয়িং প্রার্থীদের (C.C.) টেষ্ট পরীক্ষায় বসবার প্রয়োজন নেই। কিন্তু তাদের স্কুল-নির্ধারিত মৌখিক পরীক্ষায় নির্দিষ্ট দিনে বসতে হবে।

সংশ্লিষ্ট বিদ্যালয়কে ঐরূপ কন্টিনিউয়িং পরীক্ষার্থীদের নামের তালিকা জেলা অফিসে অথবা রিজিওন্যাল অফিসে ১৯৮৩ সালের ১৭ই নভেম্বরের মধ্যে পাঠাতে হবে।

এরূপ পরীক্ষার্থীরা ১৯৮০, '৮১, '৮২ অথবা ১৯৮৩ সালের সিলেবাসের ভিত্তিতে মাধ্যমিক পরীক্ষা দিতে পারে ১৯৮৪ সালে—একটি শর্তে যে, ১৯৮২ অথবা তৎপূর্ব বছরের সি. সি. পরীক্ষার্থীকে বাংলায় একটি গদ্য ও পদ্য সাপ্লিমেণ্টারী রিডার (চারটি সাপ্লিমেণ্টারী রিডারের মধ্যে) বাংলা প্রথম প্রথম পত্রে পড়তে হবে।

6. ১৯৮৪ সালে কন্টিনিউয়িং অথবা কম্পার্টমেণ্টাল পরীক্ষার্থীরা মাধ্যমিক পরীক্ষায় বসতে ইচ্ছুক লেঙ্গুয়েজ গ্রুপ তৃতীয় ভাষা হিসেবে বাধ্যতামূলক বিষয় নিতে পারবে না।

স্বাঃ কে. সি. ভট্টাচার্য
ডেপুটি সেক্রেটারী
(Examinations)

From : The Secretary,
West Bengal Board of Sec. Education
77/2, Park St., Calcutta-700016

To

The Heads of all recognised High Schools under the West Bengal Board of Sec. Edn.

বিষয়ঃ মাধ্যমিক পরীক্ষার দরখাস্তে (Application form) জন্মতারিখ (date of birth) প্রদান।

প্রিয় মহাশয়/মহাশয়া,

আপনাদের জানান হচ্ছে যে, অনেক সময়ে পর্ষদের পক্ষে পাস করা অর্থাৎ উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের সার্টিফিকেট দিতে অসুবিধা হয়,—পরীক্ষার্থীদের জন্ম তারিখ (date of birth) প্রধান/প্রধানা কর্তৃক যথাযথভাবে সার্টিফায়েড করা হয় না।

অতএব আপনাদের কাছে আমার অনুরোধ—মাধ্যমিক পরীক্ষা, কম্পার্টমেণ্টাল অথবা এক্সটারন্যাল পরীক্ষার দরখাস্তে (application form) জন্মতারিখ সম্বন্ধে যেন সার্টিফিকেট দেওয়া হয়। কোথাও কাটাকুটি হলে তারিখ সহ পুরো স্বাক্ষর অবশ্যই দরকার।

আপনার সহৃদয় সহযোগিতা এই ব্যাপারে কামনা করি। ইতি—

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষাবিভাগ
সেকেণ্ডারী ব্রাঞ্চ

No. $\frac{\text{666-Edn.(S)}}{\text{14A—3/83}}$

dt. 21st July, 1983

To

The Director of Secondary Education, W.B.

বিষয়ঃ রাজ্যের বেসরকারী বিদ্যালয়ে তফঃশীলভুক্ত শ্রেণী ও আদিবাসী ছাত্রদের জন্য স্থান সংরক্ষণ

সমস্ত সরকারী ও স্পনসর্ড স্কুলে শিডুলড্ কাস্ট ও শিডুলড ট্রাইব ছাত্র/ছাত্রীদের জন্য যথাক্রমে ১৫% ও ৫% সীটের সংরক্ষণের ব্যবস্থা আছে।

এখন পশ্চিমবঙ্গ রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সরকারী সাহায্যপ্রাপ্ত বেসরকারী স্কুলেও বর্তমানে তফঃশীলভুক্ত শ্রেণী ও আদিবাসী ছাত্র/ছাত্রীদের তদ্রূপ সুযোগ সুবিধা দেওয়া হউক।

প্রয়োজনীয় নির্দেশ সংশ্লিষ্ট সকলকে জানান হউক।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক স্ট্রীট, কলি-১৬

No S/3 dt. January 10, 1984

অনুমোদিত সমস্ত হাইস্কুলের প্রধান/প্রধানাদের জানান যাচ্ছে যে,—

1. তাঁরা চলতি বছরের ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে অনুমোদিত বিদ্যালয় কর্তৃক প্রদত্ত ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে দশম শ্রেণীতে ছাত্র/ছাত্রীকে ভর্তি করতে পারেন এবং সংশ্লিষ্ট রিজিওন্যাল অফিসে বছরের ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে নিম্নলিখিত শর্তে জানান যাচ্ছে যে—
   (i) শিক্ষাবর্ষে ৩০ দিনের বেশী পড়াশোনায় ছেদ (break of studies) সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের ছেদ নেই।
   (ii) পূর্ববর্তী স্কুলের নবম শ্রেণীতে যেসব বিষয় পড়ান হয়েছিল, বর্তমান স্কুলে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীর ঐসব বিষয় পড়বার সুযোগ রয়েছে।
   (iii) পূর্ববর্নী স্কুলেও কর্মশিক্ষা ও শারীর শিক্ষার যে সব প্রোজেক্ট ছিল, বর্তমান স্কুলেও তার সুযোগ রয়েছে।

2. শিক্ষাবর্ষে ১৫ই ফেব্রুয়ারীর পর কোন ছাত্র/ছাত্রীকে পর্ষদের পূর্ব-অনুমতি ছাড়া ভর্তি করা হবে না।

   যা হউক, বিশেষ বিশেষ ক্ষেত্রে ১৫ই ফেব্রুয়ারীর পর ভর্তির জন্য রিজিওন্যাল অফিসারের মাধ্যমে পর্ষদ্ সেক্রেটারীর কাছে আবেদন করা যেতে পারে।

স্বাঃ এন. সিংহ
সেক্রেটারী

৮

বিদ্যালয় পরিচালনা ও শৃঙ্খলা
School Management & Disciplinary Action

গভর্ণমেণ্ট অব বেঙ্গল

বেঙ্গল এডুকেশন কোড ১৯৩১

পঞ্চম অধ্যায়—সেকশন II

শাস্তি (Punishment)

1. শাস্তির রকমফের (Forms of punishment)—
নিচে কয়েকপ্রকারের শাস্তির নমুনা দেওয়া হল,—
(i) চাপান (Imposition) (ii) আটকে রাখা—অতিরিক্ত ড্রিল, প্রভৃতি, (iii) জরিমানা (iv) দৈহিক শাস্তি (Corporal punishment); (v) বহিষ্কার (Rustication) (vi) বিতাড়ন (Expulsion)।

নোট : শাস্তির মধ্যে প্রথম তিনটি শিক্ষক মহাশয়ের হাতে থাকলেও প্রধান/প্রধানার তাতে সম্মতি থাকা চাই ; দৈহিক শাস্তি কেবলমাত্র প্রধান/প্রধানার এক্তিয়ারভুক্ত এবং তাও আবার বিশেষ বিশেষ ক্ষেত্রে। আর বহিষ্কার ও বিতাড়ন কেবলমাত্র ম্যানেজিং কমিটিই করতে পারেন।

2. বহিস্কার ও বিতাড়ন—প্রাইমারী স্কুল ব্যতীত অন্যত্র এই শাস্তি প্রযোজ্য, যেমন,—
   (i) "বহিষ্কার" (rustication) অর্থে, কোন ছাত্রকে অপরাধের জন্য স্বল্প সময়ের জন্য (অনধিক এক বছর) বের করে দেওয়া।
   (ii) "বিতাড়ন" অর্থে স্কুল থেকে গুরুতর অপরাধের জন্য চিরতরে তাড়িয়ে দেওয়া।
   (iii) কোন গুরুতর অপরাধের জন্য অথবা স্কুলের নিয়মশৃঙ্খলার গুরুতর বিঘ্ন ঘটালে কোন ছাত্রকে বহিষ্কার এবং বিতাড়ন করা চলতে পারে।
   (iv) বহিষ্কার অথবা বিতাড়নের আদেশ কেবলমাত্র স্কুলের ম্যানেজিং কমিটি দিতে পারেন। উক্ত আদেশের এক কপি তাড়াতাড়ি জেলা স্কুল পরিদর্শকের কাছে এবং এককপি রেজিস্ট্রী করে দণ্ডপ্রাপ্ত ছাত্রের মাতা/পিতা অথবা অভিভাবকের কাছে পাঠাতে হবে। যে স্কুলে ম্যানেজিং কমিটি নেই, সেখানে জেলা স্কুল পরিদর্শকই ম্যানেজিং কমিটির কাজ পরিচালনা করবেন।

Orders of the Managing Committee of the ....school..

Sri........................, son of Sri/Smt.................
..........................P.O. & Vill ....
Thana........, Dist.............., a pupil of..........
school is rusticated for a period of.................
months with effect from............or
(b) expelled for the reason stated below :
(i) Particulars of offence.
(ii) Result of the inquiry held by Headmaster.

Headmaster Secy, of the M. C.
..............School School
Date...........

(v) দণ্ডপ্রাপ্ত ছাত্রের মাতা-পিতা অথবা অভিভাবক জেলা স্কুল পরিদর্শকের কাছে ম্যানেজিং কমিটির আদেশের বিরুদ্ধে অ্যাপিল করতে পারেন। তবে দণ্ডাজ্ঞা প্রাপ্ত ছাত্রের মাতা-পিতা অথবা অভিভাবককে স্কুল থেকে পত্র প্রাপ্তির ১৪ দিনের মধ্যে ইন্সপেক্টরের কাছে পৌছান চাই। ম্যানেজিং কমিটির আদেশের তিন সপ্তাহের মধ্যে কোন দরখাস্ত না পেলে স্কুল পরিদর্শক সেই শাস্তি বহাল / কমিয়ে / বাড়িয়ে দিতে পারেন।

(vi) প্রত্যেকটি ব্যাপারে (case) যেখানে অ্যাপিলের দরখাস্ত সত্য ঘটনার প্রমাণ দাবী করে, সেখানে জেলা পরিদর্শক দরখাস্তের এক কপি বিদ্যালয়ের সেক্রেটারীর কাছে পাঠাবেন রিপোর্টের জন্য। রিপোর্টে প্রত্যেকটি অভিযোগের নির্দিষ্ট উত্তর থাকবে এবং তার সঙ্গে অনুসন্ধান (enquiry) সম্বন্ধে বিস্তৃত বিবরণ থাকবে।

(vii) ম্যানেজিং কমিটি থেকে রিপোর্ট পাওয়ার পর জেলা স্কুল পরিদর্শক, যেরূপ উপযুক্ত মনে করবেন, সেরূপ আদেশ দিতে পারেন। অথবা তিনি ব্যক্তিগতভাবে অথবা তাঁর অধস্তন অফিসার অন্ততপক্ষে সাব-ডিভিশ্যনাল ইন্সপেক্টরকে দিয়ে ফের অনুসন্ধান করতে বা করাতে পারেন এবং ঐ অনুসন্ধানের ভিত্তিতে আদেশ দিতে পারেন।

(viii) বিতাড়ন এবং বহিষ্কারের আদেশ স্কুল ইন্সপেক্টর কর্তৃক পাস হলে অথবা অনুমোদিত হলে ডাইরেক্টর কর্তৃক বিভাগীয় ইন্সপেক্টর এবং কলেজের প্রিন্সিপালদের সার্কুলার সহযোগে জানিয়ে দেবেন। স্কুল ইন্সপেক্টর মহাশয় যদি আপিলের ওপর কোন আদেশ দেন অথবা আপিলের নির্দিষ্ট সময় অতীত হয়ে গেলে তিনি অবিলম্বে তা ডাইরেক্টরের কাছে রিপোর্ট পাঠিয়ে দেবেন।

(ix) বহিস্কারের আদেশপ্রাপ্ত ছাত্র বহিষ্কারের নির্দিষ্ট সময় অতীত না হলে কোন শিক্ষায়তনে যোগ দিতে পারবে না।

(x) ইন্সপেক্টর অব্ স্কুলস্ কর্তৃক বিতাড়নের আদেশ দেওয়ার পর ডাইরেক্টর ব্যতীত অন্য কারো পক্ষে উক্ত আদেশ পুনর্বিবেচ্য নয়। ঐরূপ পুনর্বিবেচনার দরখাস্ত পাওয়ার পর স্কুল ইন্সপেক্টর মহাশয় নিজস্ব সুপারিশসহ ডাইরেক্টরের কাছে পেশ করবেন। বিশেষ অবস্থা ভিন্ন অন্ততঃ এক বছরের জন্য বিতাড়নের আদেশ কার্যকরী হওয়ার আগে কোন প্রকার দরখাস্ত গ্রহণ করা হবে না।

(xi) তিনমাসের বেশী সময়ের বহিষ্কার আদেশের জন্য কোন প্রকার ফিস্ দাবী করা চলবে না। বহিষ্কার আদেশ বার্ষিক পরীক্ষার সময়ের মধ্যে পড়লে সংশ্লিষ্ট ছাত্র প্রমোশন পেলেও এক বছরের জন্য তার উক্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে। এবং এটাই তার শাস্তি বলে বিবেচিত হবে এবং ঐ সময়ের জন্য কোন ফিস আদায় করা চলবে না।

(xii) যে সব স্কুল ডিভিশ্যনাল ইন্সপেক্টর অব্ স্কুলসে্র এর আওতাভুক্ত নয়, সেক্ষেত্রে ইন্সপেক্টরের দায়িত্ব controlling অফিসারেরাই গ্রহণ করবেন।

3. **দৈহিক শাস্তি (Corporal punishment) :**

দৈহিক শাস্তি দেওয়া হবে—

(a) গুরুতর অপরাধের ক্ষেত্রে এগুলো সাংঘাতিক মনে করে বহিষ্কার আদেশ প্রযোজ্য নয়—যেমন অবাধ্যতা, মিথ্যা কথা বলা, ঠকান, অন্যের সম্বন্ধে মিথ্যা কথন, মিথ্যা ওজর প্রভৃতি।

(b) যে সব ছোটখাটো অপরাধের পুনরাবৃত্তির জন্য সামান্য রকমের শাস্তি ব্যর্থ হয়েছে।

নোট : (1) বেত মারার ব্যবস্থা করলে, এমন ভাবে বেত মারতে হবে, যাতে কোন শারীরিক ক্ষত না হয়।

দ্রষ্টব্য : (2) কেবলমাত্র বেতের ব্যবহার করবেন প্রধান/প্রধানা। তাও আবার মুহূর্তের উত্তেজনা বশে নয়।

4. **জরিমানা (Fines) :** জরিমানা সেখানেই উপযুক্ত যেখানে ছাত্র/ছাত্রীর অভিভাবক আংশিকভাবে দায়ী অর্থাৎ দেরীতে স্কুলে আসা অথবা অনিয়মিত উপস্থিতি। এটা অভিভাবকেরই দেখার কথা, যাতে তাঁদের ওয়ার্ড ঠিক সময়ে স্কুলে আসে।

(b) যে সব ক্ষেত্রে কোন বিশেষ ধরনের অপরাধের জন্য অভিভাবকের দৃষ্টি আকর্ষণ করতে হয়।

(c) যে সব ক্ষেত্রে ক্ষয়-ক্ষতি হয়েছে,—সেক্ষেত্রে ক্ষতিপূরণের জন্য জরিমানা অথবা ক্ষয়ক্ষতির মেরামত ;

5. আটক এবং চাপিয়ে দেওয়া (Detention and Imposition)—
আলস্য, অমনোযোগিতা, কাজ-কর্মে অবহেলা এবং স্কুলের শৃঙ্খলাবিরোধী কাজে অংশ গ্রহণ।

আটক রাখার সময় নিম্নলিখিত পয়েন্টগুলোর প্রতি লক্ষ্য রাখতে হবে—

(a) যদি ছাত্র/ছাত্রীদের আটক রাখতে হয়, তাহলে তাদের আটক থাকা কালীন নির্দিষ্ট কাজ (task) দিতে হবে ;

(b) Detention ক্লাশটি কোন একজন শক্ত শিক্ষক/শিক্ষিকার তত্ত্বাবধানে রাখতে হবে এবং দেখতে হবে ছাত্র/ছাত্রীরা তাদের কাজ করে কিনা ;

Imposition অর্থাৎ কোন কাজ চাপিয়ে দেওয়ার সময় দেখতে হবে যেন তা নীরস না হয়, যেমন বানান শেখার জন্য বারবার কতকগুলো শব্দ লিখে যাওয়া নয়, কাজটি হবে বুদ্ধিকে কাজে লাগাবার।

6. **অন্যান্য শাস্তি (Other punishments) ঃ** শিক্ষক মহাশয় উল্লিখিত শাস্তি ছাড়াও আরও একধরনের শাস্তি চালু করতে পারেন। যেগুলো অধিক উপযোগী বলে মনে হবে। আর তা করতে গিয়ে তিনটি বিষয় বিবেচনাধীন রাখতে হবে—

(a) শাস্তি কখনও নিষ্ঠুর হবে না ;

(b) ক্লাশরুমে শাস্তি দেওয়া অপেক্ষা বাইরে অর্থাৎ সর্বসমক্ষে শাস্তি দেওয়া ;

(c) সম্ভব হলে, শাস্তিটি একরকমের কাজে আটকে রাখা ;

7. শাস্তি দেওয়ার আগে শিক্ষক মহাশয় শাস্তির যুক্তিযুক্ততা সম্বন্ধে অপরাধীকে অবহিত করাবেন এবং ঐরূপ শাস্তি দানে তাঁর অনিচ্ছা বা অনীহার কথা প্রকাশ করবেন। অনেক সময় এতে কাজ হয়। সাবধান করা বা কণ্ডাক্ট রেজিষ্টারে নাম তোলা—অর্থাৎ ভবিষ্যতে তাঁর চরিত্রের সার্টিফিকেটে বিপরীত মন্তব্য থাকা প্রভৃতি ছাত্রকে জব্দ করে।

8. জনসভায় ছাত্রের আচরণ ঃ সরকারী অথবা সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলের ছেলেরা কোন কোন সময় নানা রাজনৈতিক বা অরাজনৈতিক কাজে বদ্মাইসি করে থাকে এবং এতে স্কুলের নিয়ম-শৃঙ্খলার ওপর আঘাত হানে ; পিকেটিং, মারামারি, খুনাখুনি প্রভৃতি সমস্ত স্কুলকে জড়িয়ে ফেলে। এসব ক্ষেত্রে বিদ্যালয় প্রধান/প্রধানার সাধারণ রুলের মধ্যে সরকারী G. O. No 6601 Edn. dt. 19th June, 1930 অনুযায়ী পদক্ষেপ বাঞ্ছনীয়।

ছাত্র-ছাত্রীদের স্কুলে অনুপস্থিতি এবং ক্রমাগত অনুপস্থিতি ঘটতে থাকলে তাদের নাম কেটে দেওয়া যেতে পারে অথবা স্কুলের পক্ষে যা উপযুক্ত ও ভালো মনে হবে, তাই করণীয়।

এ জাতীয় অপরাধে কেবল বিশেষ কোন ছাত্র/ছাত্রীকে শাস্তি দিতে হলে প্রধান/প্রধানা নিজেই শাস্তির ব্যবস্থা করবেন, যদি সামগ্রিক শাস্তির (mass punishment) দরকার হয়, ম্যানেজিং কমিটিকে বিষয়টি জানাতে হবে।

ছাত্র/ছাত্রীদের কিছু অংশের অপরাধের জন্য গোটা স্কুলকে বন্ধ করে দেওয়া অভিপ্রেত নয়। তবে গুরুতর হিংসামূলক কাজের সম্ভাবনা দেখলে স্কুল-কলেজকে প্রধান/প্রধানা বন্ধ করে দিতে পারেন। তবে সেক্ষেত্রে অবিলম্বে ব্যাপারটির যৌক্তিকতা প্রতিপন্ন করে ডাইরেক্টরকে অবহিত করবেন।

এই অবস্থায় সরকারী বা সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলে-কলেজ কর্তৃপক্ষ থেকে কোন নির্দেশ না পাওয়া পর্যন্ত খোলা রাখবেন, (Vide G. O. No 6601 dt. 19th June, 1930.)

9. **ধর্মঘট ও হরতালে অংশ গ্রহণকারী ছাত্রদের প্রতি ব্যবহার ঃ**

যে সব ছাত্র/ছাত্রীদের মধ্যে দলনেতা (ring leader), তারা পিকেটিঙে সক্রিয় অংশ গ্রহণ করলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা উচিত। যারা নিজেদের বা অন্য স্কুলে-কলেজে পিকেটিং করে তাদের নাম সংগ্রহ করতে হবে।

যে সব ছাত্র/ছাত্রী স্কুল-কলেজে দীর্ঘকাল অনুপস্থিত থাকে এবং যথাযথভাবে সাবধান করা সত্ত্বেও প্রধান/প্রধানার মতে অযৌক্তিক, তাদের নাম কেটে দেওয়া হবে অথবা প্রধান/প্রধানা যা ভাল মনে করবেন, তার ব্যবস্থা নিতে পারেন।

শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া এবং কোন ব্যক্তিবিশেষকে শাস্তি দেওয়া প্রধান/প্রধানার ওপর নির্ভর করবে। তবে যেখানে গণশাস্তির প্রশ্ন ওঠে, যেখানে বিষয়টি ম্যানেজিং কমিটির কাছে পেশ করা অবশ্যই দরকার।

যে ক্ষেত্রে ছাত্র/ছাত্রীরা পড়াশুনায় আগ্রহী, বিদ্যালয় কর্তৃপক্ষকে অবশ্যই সুযোগ-সুবিধা দিতে হবে এবং সেক্ষেত্রে শিক্ষায়তন বন্ধ রাখা সমীচীন নয়। সরকার অতএব এরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, কেবলমাত্র যেক্ষেত্রে গুরুতর হিংসাশ্রয়ী ঘটনার সম্ভাবনা আছে, সেক্ষেত্রে স্কুল-কলেজের প্রধান/প্রধানা স্কুল-কলেজ বন্ধ বা ছুটি দেওয়ার দায়িত্ব নিতে পারেন। এরূপ ঘটনায় ডাইরেক্টর অব, পাবলিক ইনস্ট্রাকশনের কাছে অবিলম্বে রিপোর্ট দিতে হবে।

অন্যান্যক্ষেত্রে সরকারী ও সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুল-কলেজ খোলা রাখাই বাঞ্ছনীয়, তবে কর্তৃপক্ষের কাছে থেকে যতক্ষণ না কোন আদেশ পাওয়া যায় (vide জি. ও. নং 6601-Edn. dt. 19th June, 1930)।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ,

সার্কুলার 25/July/53 dt. 14th July, 1953

To

The Heads of all recognised schools

বিষয় : দৈহিক শাস্তি*

ছাত্র/ছাত্রীদের দৈহিক শাস্তি একেবারে অপরিহার্য না হলে, সাধারণ নীতি হিসেবে এড়িয়ে চলা উচিত। এটা অত্যন্ত প্রয়োজনীয় যে, যথোপযুক্ত সংযম অবলম্বন করা বিধেয়। কেবলমাত্র প্রধান/প্রধানাই বেতের ব্যবহার করতে পারেন। তবে মুহূর্তের উত্তেজনাবশতঃ নয় এবং শাস্তি এরূপভাবে দিতে হবে যাতে ব্যথা বা যন্ত্রণা দেওয়া ছাড়া কোন দৈহিক ক্ষত হবে না। বেত্রাঘাতের ঘটনার রেকর্ড রাখতে হবে এবং কি কারণে শাস্তি দেওয়া হল ইত্যাদি।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের ডি. পি. আইয়ের সার্কুলার নং 648(123) G/OM—138G/55 dt. 18th January, 1956.

To

The Principals/Headmasters in West Bengal.

ইণ্টার ইউনির্ভাসিটির বোর্ডে একটি প্রস্তাব গ্রহণ করেছেন যে, তাঁদের মতে ইউনির্ভাসিটির ছাত্র/ছাত্রীদের বিভিন্ন রাজনৈতিক দলের কাজে লাগানোর ফলে জাতীয় স্বার্থের অনেক ক্ষতি এবং নিয়মশৃঙ্খলার অনেক অসুবিধা সৃষ্টি হচ্ছে। অতএব এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, রাজনৈতিক দলগুলো তরুণবয়স্ক ছেলে/মেয়েদের নির্বাচন প্রোপাগাণ্ডার কাজে লাগাবেন না। শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষদের এই মর্মে অনুরোধ করা হচ্ছে যে, তরুণ ছাত্র/ছাত্রীরা যাতে উল্লেখিত কাজে ব্যবহৃত হতে না পারে, তৎপ্রতি লক্ষ্য রাখেন।

স্বাঃ জে. সি. দাশগুপ্ত
ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশনের পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ,

সার্কুলার No 8/56 dt. 11th Feb, 1956

বিষয় : নির্বাচনী প্রোপাগাণ্ডায় রাজনৈতিক দলের ছাত্র/ছাত্রীদের কাজে লাগান।

নিম্নস্বাক্ষরকারী অনুমোদিত হাই স্কুলের প্রধান/প্রধানাদের সরকারী সার্কুলার

---

* Please refer to the judgement of the Hon'ble Mr. Justice R. N. Dutta in the High Court at Calcutta, Criminal Revision No 1321 of 1962, in the case of Ganesh Ch. Saha (Headmaster), Accused Petition vs Jew Raj Swami (a student), complainant opposite Party.

No 648 (123) G/OM—138 G/55 dt. 18th January, 1956-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যে, ডি. পি. আই, ওয়েস্ট বেঙ্গল স্কুল কর্তৃপক্ষকে অনুরোধ, তাঁরা যেন তরুণ ছাত্র-ছাত্রীদের নির্বাচনের কাজে লাগাতে না পারেন।

স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

স্কুল পরিচালনা (School Management)

স্কুল ম্যানেজমেণ্ট বলতে কি বুঝায়? অনুমোদিত হাই বা হায়ার সেকেণ্ডারী স্কুলের পরিচালনা বলতে, স্কুল ম্যানেজিং কমিটির দ্বারা পরিচালিত প্রশাসনিক ব্যবস্থার কথাই বোঝান হচ্ছে। বিদ্যালয় প্রধান/প্রধানা এই পরিচালনা কার্যের একজন সক্রিয় ও গুরুত্বপূর্ণ ব্যক্তি মাত্র। ঢাকা ট্রেনিং কলেজের অধ্যক্ষ ডঃ মাইকেল ওয়েষ্ট প্রধান/প্রধানাদের গুরুত্ব দিয়ে মত প্রকাশ করেছিলেন: Headmaster is school. দেশ স্বাধীন হওয়ার আগে পর্যন্ত বিদ্যালয় প্রধান/প্রধানেরা উক্ত অলিখিত ক্ষমতার অধিকারী ছিলেন এবং স্বাধীন হওয়ার পর কমতে কমতে বর্তমানে তা প্রায় শূন্য অবস্থায় এসে দাঁড়িয়েছে।

স্কুল ম্যানেজিং কমিটি: স্কুল পরিচালনার সর্বাঙ্গীন ও সামগ্রিক দায়িত্ব স্কুল ম্যানেজিং কমিটির। কমিটির ক্ষমতা কোন ব্যক্তিবিশেষের হাতে দেওয়া নেই। কমিটির সাধারণ সভ্যের অধিকার ও দায়িত্ব মূলতঃ সভার বিষয়সূচীতে আলোচনায় অংশগ্রহণ, মতামত প্রকাশ এবং কমিটির সিদ্ধান্তসমূহ যথাযথভাবে কার্যে পরিণত হচ্ছে কিনা তা লক্ষ্য রাখা, অন্যথায় কমিটির সভায় তার সম্বন্ধে মতামত প্রকাশ করা, সমালোচনা করা, আবশ্যক বোধে প্রস্তাবের পক্ষে-বিপক্ষে ভোট দেওয়া, প্রয়োজনবোধে কোন সিদ্ধান্তে Note of dissent দেওয়া, স্কুলের আয়-ব্যয় সম্বন্ধে মতামত প্রকাশ করা, কোন বিশেষ হিসাব সংক্রান্ত কাগজ-পত্র দেখবার অধিকার। কমিটির সাধারণ সভা অন্ততঃ সাতদিনের (সভা হবে অষ্টম দিনে) নোটীশে ডাকতে হবে। তবে সাতদিন আগে পোষ্ট করা চাই অথবা সাতদিন আগে সংশ্লিষ্ট সদস্যকে সভার চিঠির নোটীশ সার্ভ করতে হবে। পর পর চারটি সাধারণ সভায় কোন সভ্য অনুপস্থিত থাকলে তাঁর সদস্য পদ আপনা-আপনি খারিজ হয়ে যাবে। তবে কমিটি ভিন্নরূপ সিদ্ধান্ত নিলে অন্যকথা। সভ্যদের সভার নোটীশ সার্ভ করা বাধ্যতামূলক। তাঁরা সভায় গৃহীত প্রস্তাবের অনুলিপি দাবী করতে পারেন এবং এই মর্মে ম্যানেজিং কমিটিতে সিদ্ধান্ত নেওয়া হলে তাঁদের কার্যাবলীর অনুলিপি (copy of proceedings) সরবরাহ করতে হবে। কমিটির যে কোন সভ্য সভায় আলোচনার জন্য agenda-য় প্রস্তাব দিতে পারেন। প্রস্তাব সম্পর্কে বৈধতার প্রশ্ন তুলতে পারেন।

ম্যানেজিং কমিটির সভাপতি, সহ-সভাপতি সর্বোচ্চ ক্ষমতার শীর্ষে থাকলেও তাঁদের অধিকার ও ক্ষমতা অত্যন্ত সীমিত। প্রেসিডেণ্ট বা সভাপতি ম্যানেজিং কমিটির

সাধারণ বা জরুরী সভায় সভাপতিত্ব করবেন। সভাপতির অনুপস্থিতিতে ভাইস্ প্রেসিডেণ্ট এবং উভয়ের অনুপস্থিতে উপস্থিত সভ্যদের দ্বারা নির্বাচিত ব্যক্তি প্রেসিডেণ্টের কাজ পরিচালনা করবেন। প্রেসিডেণ্টের কাজ শুধু সভা পরিচালনা করা—তাঁর কোন রুলিং দেওয়ার ক্ষমতা নেই। কোন বিষয়ে ভোটাভুটির প্রশ্ন উঠলে নিজের ব্যক্তিগত ভোটটি ছাড়া তিনি একটি কাষ্টিং ভোট দিতে পারেন, যদি কোন বিষয়ে ভোটাভুটিতে সমান সমান ভোট হয়, তবে কাষ্টিং ভোট দেওয়া হবে লটারি করে একবারই ফাইন্যাল। সভা সমাপ্ত হলে মিটিং-এর কার্যাবলী লিপিবদ্ধ হলে তাতে তিনি সই-স্বাক্ষর তারিখ দেবেন। আর পরবর্তী মিটিং-এ পূর্বদিনের কার্য্যাবলী পঠিত হওয়ার পর অনুমোদিত হলে সই-স্বাক্ষর তারিখ দেবেন।

জরুরী সভা ডাকতে হলে কমপক্ষে ২৪ ঘণ্টার নোটিশে কেবলমাত্র প্রেসিডেণ্টই জরুরী সভা বা ইমরেজেন্সী মিটিং ডাকতে পারেন। ইমারজেন্সী মিটিং-এ একাধিক agenda থাকবে না।

ম্যানেজিং কমিটির মুখপাত্র হচ্ছেন কমিটির সম্পাদক। তিনি নির্বাচিত ব্যক্তি। বিদ্যালয়ের শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের এই পদ অলংকৃত করার অধিকার নেই। তবে বিদ্যালয় প্রধান / প্রধানা যুগ্মসম্পাদক নির্বাচিত হতে পারেন। ম্যানেজিং কমিটির আলোচ্য বিষয় ঠিক করতে হলে তিনি বিদ্যালয় প্রধান / প্রধানা ও প্রেসিডেণ্টের সঙ্গে পরামর্শ করে agenda ঠিক করবেন। ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুসারে তিনি লিখিতভাবে যোগাযোগ করা এবং অন্যান্য কার্যাদি করতে পারবেন। স্বয়ং-সম্পূর্ণভাবে তিনি কোন সিদ্ধান্ত নিয়ে পরে ম্যানেজিং কমিটির অনুমোদন চাইতে পারেন না। আর তা নিলেও অবৈধ হবে এবং beyond his jurisdiction হিসেবে পরিগণিত হবে। সেক্রেটারীর হেফাজতে Minute অর্থাৎ Resolution Book থাকবে। তাছাড়া স্কুলের দলিলপত্রাদি তাঁর হেফাজতে থাকবে। হেফাজতে থাকা মানে বাড়ীতে থাকা নয়। স্কুল বাড়ী পাকা হলে স্কুলেই থাকবে। তবে সাধারণতঃ দেখা যায়, বিদ্যালয়ে প্রধানা / প্রধানার হেফাজতে স্কুলের সমস্ত রেকর্ড থাকে। স্কুলের ফাণ্ড এখন সম্পাদক ও প্রধান / প্রধানার যৌথ দায়িত্বেই থাকে। সরকারী গ্রাণ্টের টাকা বিদ্যালয় প্রধান / প্রধানা, সম্পাদক / প্রশাসক ও শিক্ষক প্রতিনিধির এই তিনজনের মধ্যে শিক্ষক প্রতিনিধি সহ অন্য আর একজন, সম্পাদক অথবা প্রধান / প্রধানার যৌথ দায়িত্বে ফাণ্ড' অপারেট করা হবে।

এখন প্রধান / প্রধানার কথায় আসা যাক। স্কুল ম্যানেজমেণ্টের প্রাণপুরুষ প্রকৃত পক্ষে বিদ্যালয় প্রধান / প্রধানা। পদাধিকার বলে তিনি শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রধান। অতএব ক্ষমতা ও দায়িত্ব দু'ই বেশী। এই ক্ষমতা ও দায়িত্ব স্কুলকোডের ভাষায় লিখিতভাবে যতটা না, অলিখিতভাবে অনেক বেশী। স্কুল বলতে বিদ্যালয় প্রধান / প্রধানাকে বুঝায়। বিদ্যালয়ের যাবতীয় কাজ-কর্ম তাঁর হাত দিয়ে অথবা তাঁরই মাধ্যমে হয়ে থাকে বা হওয়া উচিত। সেক্রেটারীর ব-কলমে তাঁকেই সবকিছু

করতে হয়। যে স্কুলের প্রধান ও সেক্রেটারীর মধ্যে সান্নিধ্য ও সমঝোতা যত বেশী, সে স্কুলের ম্যানেজম্যাণ্টের সমস্যা ততই কম।

প্রধান / প্রধানা পদাধিকার বলে বিদ্যালয়ের জয়েণ্ট সেক্রেটারী। সেক্রেটারী ও জয়েণ্ট সেক্রেটারীর ক্ষমতার উৎস কিন্তু ম্যানেজিং কমিটি, অর্থাৎ ম্যানেজিং কমিটির নির্দেশেই তাঁরা কাজ করবেন। একক দায়িত্বে নয়। সেক্রেটারী প্রধান / প্রধানাকে অধঃস্তন কর্মচারী মনে করে হুকুম তামিল করবার জন্য আদেশ / নির্দেশাদি দিলে দু'জনের মধ্যে সম্পর্ক তিক্ত হতে পারে এবং এতে কাজেরও অগ্রগতি হয় না। তবে যেহেতু সেক্রেটারী ম্যানেজমেণ্টের আস্থাভাজন অর্থাৎ সদস্যদের অধিকাংশ সেক্রেটারীর পক্ষে,—সেখানে প্রধান / প্রধানা অপেক্ষা সেক্রেটারীই সুবিধাভোগী বলে ধরে নিতে হবে। সেক্রেটারী মেজরিটির জোরে বিভিন্ন সিদ্ধান্তে প্রধান / প্রধানাকে কোনঠাসা করে ফেলতে পারেন।

১৯৬৯ সালে ম্যানেজমেণ্টের রুল সংশোধন হওয়ার ফলে প্রধান / প্রধানাকে অ্যাসিটেণ্ট সেক্রেটারীর পরিবর্তে জয়েণ্ট সেক্রেটারী করা হয়েছে। প্রধান / প্রধানা ম্যানেজমেণ্টের মদত পেলে সেক্রেটারীর সমস্ত কাজই দায়িত্ব নিয়ে করতে পারেন।

আগে বিদ্যালয়ে প্রধান / প্রধানাকে ইণ্টারন্যাল প্রশাসনের সম্পূর্ণ দায়িত্ব দেওয়াছিল। বর্তমানে তাঁকে অ্যাকডেমিক কাউন্সিল ও স্টাফ কাউন্সিল নামে দুটি অ্যাডভাইসরী বডির পরামর্শ ও সাহায্য নিয়ে চলতে হয়, এর ভাল-মন্দ দু'দিকই রয়েছে।

অ্যাকাডেমিক কাউন্সিল ঃ গভঃ অর্ডার নম্বর 1598(s) dt, 15. 7. 69-এর বলে বিদ্যালয় প্রধন / প্রধানাকে অ্যাকাডেমিক কাউন্সিলের পরামর্শ নিয়ে চলতে হয়। তিনি পদাধিকার বলে কাউন্সিলের প্রেসিডেণ্ট এবং সহ-প্রধান কাউন্সিলের সম্পাদক। হাইস্কুল / হায়ার সেকেণ্ডারী স্কুলের ক্ষেত্রে আরও তিনজন সদস্য থাকবে। কাউন্সিলের কাজ হচ্ছে,—(i) ভর্তি (ii) প্রমোশন (iii) টেক্সট্ সিলেকশন বই (iv) রুটীন (v) শিক্ষার উন্নতি ও কো-ক্যারিকুলার কার্যক্রম। পরীক্ষাও বস্তুতঃ অ্যাকাডেমিক কাউন্সিলের অন্তর্ভুক্ত। লিখিতভাবে থাকলেও তা V এর আওতায় পড়ে।

অ্যাকাডেমিক কাউন্সিলের সমস্ত সিদ্ধান্ত প্রধান/প্রধানা মেনে নাও নিতে পারেন। কিন্তু সেক্ষেত্রে তিনি কেন সিদ্ধান্ত বাতিল করলেন, তার কারণ রেকর্ড করে রাখবেন।

স্পেশ্যাল হোলিডে ঃ বছরে ৮৭ দিন তালিকাভুক্ত ছুটির দিন ছাড়াও বেঙ্গল এডুকেশন কোডে আর্টিকেল 37, চাপ্টার V এ স্পেশ্যাল হোলিডে সম্বন্ধে এরূপ বক্তব্য রয়েছে—

বিশেষ কোন সম্মানিত অতিথির স্কুল পরিদর্শনে যেমন, জেলা স্কুল পরিদর্শক, জেলা অফিসার, জেলা জজ অথবা উচ্চপদস্থ অফিসার স্কুলে আসলে অনধিক একদিন ছুটি দেওয়া যেতে পারে। তা' ছাড়া রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের বিশেষ কোন ছুটি ঘোষণায় এবং দেশের বিশেষ মান্য-গণ্য নেতা মারা গেলে প্রধান / প্রধানা স্কুল ছুটি দিতে পারেন।

স্কুল পরিদর্শন ঃ অনুমোদিত ও সরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ে জেলা স্কুল পরিদর্শক স্কুল দেখতে আসতে পারেন। গ্রান্ট সংক্রান্ত বিষয়ে শিক্ষা বিভাগের কোন অফিসার স্কুল পরিদর্শনে আসতে পারেন। ছেলে-মেয়েদের স্বাস্থ্য পরীক্ষার ব্যাপারে চীফ মেডিকেল অফিসার স্কুলে আসতে পারেন। এইসব ব্যাপারে প্রধান / প্রধানাকে সবরকমের সুযোগ-সুবিধা দিতে হবে।

এ ছাড়া প্রধান / প্রধানার রোজকার শ্রেণী পরিদর্শনের কাজতো রয়েছে, প্রত্যেক স্কুলে পরিদর্শকদের জন্য একটি Visitor's Book থাকবে। ওতে তাঁরা প্রয়োজনীয় মন্তব্য লিলে রাখবেন।

রেজিষ্টার ঃ প্রত্যেকটি অনুমোদনপ্রাপ্ত বিদ্যালয়ে অ্যাকাডেমিক ও প্রশাসনিক কাজকর্মের জন্য বিভিন্ন ধরণের রেজিষ্টার রাখা হয়েছে। স্কুল কোডের রুল ৮, সেকশন বি (II), চাপ্টার (VIII)-এ এ ব্যাপারে যথাযথ নির্দেশ দেওয়া আছে। সেই রেজিষ্টারগুলো হচ্ছে—(i) অ্যাডমিশন রেজিষ্টার (ii) ছাত্র / ছাত্রীদের দৈনিক হাজিরা বই (iii) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য হাজিরা বই (iv) ক্যাশ/ বুক (v) একুইটেন্স রোল (বেতন দেওয়ার রেজিষ্টার) (vi) স্কলারদের রেজিষ্টার (vii) দৈনিক ফী: সংগ্রহের রেজিষ্টার (viii) মান্থলী অ্যাবস্ট্রাক্ট রেজিষ্টার (ix) অর্ডার বুক (x) নোটিশ বুক (xi) কণ্ডাক্ট রেজিষ্টার (xii) ভোটার রেজিষ্টার (xiii) ছাত্র / ছাত্রীদের মার্কশীট / সার্টিফিকেট প্রভৃতি সংগ্রহের রেজিষ্টার (xiv) ট্রান্সফার ইস্যু বই। (xv) চিঠিপত্র সার্কুলার প্রাপ্তির রেজিস্টার (xvi) ডেসপাচ রেজিষ্টার (xvii) মিনিট বুক (xviii) মিটিং নোটিস বুক (xviii) পিওন বুক (xix) লগ বুক (xx) অর্ডার বুক (xxi) স্টক বুক (xxii) সাব-সিডিয়রি ক্যাশবুক (xxiii) ভিজিটারস্ বুক। স্কুল লাইব্রেরীর জন্য ঃ (1) ক্যাটলগ বুক (ii) ইস্যু বুক।

উল্লিখিত রেজিষ্টারগুলো ছাড়া আরও নানারকমের রেজিস্টার থাকতে পারে। এই রেজিস্টার maintain করবে কে ?

ছাত্র / ছাত্রীদের হাজিরা, নম্বর রাখা বই সংশ্লিষ্ট শিক্ষক / শিক্ষিকা সংরক্ষণ করবেন। সর্ব প্রকারের একাউন্টস বুক সংরক্ষণ করবেন করণিক। বিদ্যালয় প্রধান / প্রধানা স্বয়ং অথবা করনিকের সাহায্যে অন্যান্য রেজিষ্টার maintain করবেন। ক্যাশবুকে ও সাবসিডিয়ারি রেজিষ্টারে করণিক, প্রধান / প্রধানা ও সেক্রেটারী / প্রশাসকের সই-স্বাক্ষর থাকবে। করণিকেরা যে সব রেজিষ্টার সংরক্ষণ করবেন তাঁরা ঐ সবে অবশ্যই সই-স্বাক্ষর দেবেন।

কণ্ডাক্ট রেজিষ্টার ঃ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের স্কুলে আচরণ সম্বন্ধে একটি রেজিষ্টার থাকা দরকার। পরবর্তী সময়ে Cumulative Record Card বলে একটি ভাল স্কীম চালু হয়েছিল। কিন্তু নানা কারণে এই প্রকল্পটি ব্যর্থ হয়ে গেছে। কণ্ডাক্ট রেজিষ্টারে ছাত্র/ছাত্রীদের আচার/আচরণ সম্বন্ধে বিস্তৃত বিবরণ লেখা থাকবে, এবং

অভিভাবকদের কাছে ঐ সম্বন্ধে রিপোর্টে জানাতে হবে। কণ্ডাক্ট রেজিষ্টার ঠিকমত রাখতে পারলে ছাত্রদের আইনশৃঙ্খলা মেনে চলার প্রবণতা বাড়তে পারে।

শিক্ষক-অশিক্ষক কর্মচারীদেরও জন্য কণ্ডাক্ট রুলস্ থাকলে, তাদেরও কণ্ডাক্টের ব্যাপারে কণ্ডাক্ট রেজিষ্টার রাখতে হবে। প্রধান/প্রধানা ইচ্ছা করলে ষ্টাফের জন্য Confidential Conduct Register maintain করতে পারেন। যদিও এসম্বন্ধে কোন ধরাবাঁধা সার্কুলার বা নিয়ম নেই।

পাঠ টীকা (Lesson Notes) : বিদ্যালয় প্রধান/প্রধানার অন্যতম মুখ্য ভূমিকা হচ্ছে, সহকর্মী শিক্ষক/শিক্ষিকার পাঠ টীকার সুপারভাইজ করা, শিক্ষক/শিক্ষিকা ক্লাশে যে পাঠ দেবেন, তার পাঠ টীকা বা সংক্ষিপ্ত নোট প্রধান/প্রধানাকে দেখাতে হয়, ঠিকমত সিলেবাস ক্লাশে অনুসরণ করা হচ্ছে কিনা, এবং ছাত্র/ছাত্রীদের performances কতখানি, তা প্রধান/প্রধানার নজরে থাকা চাই। বর্তমানে প্রধান/প্রধানার Lesson supervise করবার নিয়ম বা প্রথা উঠে গেছে বললেই চলে। কারও কারও মতে, যেখানে শিক্ষক/শিক্ষিকা ট্রেণ্ড, সেখানে এর কি প্রয়োজন ? এতে সহকারীদের পাঠদানে প্রধান/প্রধানার অনর্থক হস্তক্ষেপ করা হয়। এতে জটিলতা বাড়ে, শিক্ষক/শিক্ষিকার ওপর মানসিক চাপ পড়ে। প্রধান/প্রধানার সঙ্গে সহকারীদের মতানৈক্য ও মনান্তর হয়। অধিকন্তু, কোন কোন স্কুলের প্রধান/প্রধানা অপেক্ষা সহশিক্ষক/শিক্ষিকা অধিকতর যোগ্যতাসম্পন্ন।

এ ব্যাপারে সহকারী শিক্ষকদের মনোভাব অনুকূল না হলে প্রধান/প্রধানার সংকল্প ব্যর্থ হবে। তবে এটা ঠিক, শিক্ষক/শিক্ষিকাদের পাঠদানে কোনপ্রকার সুপারভিশনের ব্যবস্থা না থাকায়, পাঠদান একটি পরিকল্পনাহীন প্রহসনে পরিণত হয়েছে।

প্রাইভেট টিউশন : বেঙ্গল এডুকেশন কোডে শিক্ষকদের প্রাইভেট টিউশনির ওপর নিয়ন্ত্রণ করার কথা বলা হয়েছে। বর্তমানে প্রাইভেট টিউশনে সহকারী শিক্ষকেরা এত বেশী আসক্ত যে, তাঁদের পক্ষে ছাত্র-ছাত্রীদের ক্লাশওয়ার্ক ও হোমটাস্ক দেখার সময় ও মানসিকতা নেই বললেই চলে। কোন কোন স্কুলের প্রধানও এই প্রাইভেট টিউশনির বাজারে সহকারীদের প্রতিদ্বন্দ্বী। বর্তমানে শহরাঞ্চলের শতকরা ৯০ জনেরও বেশী ছাত্র-ছাত্রী প্রাইভেট টিউটরের দ্বারা প্রভাবিত। গ্রামাঞ্চলের স্কুলেও এই সংখ্যা শতকরা সত্তর-আশীর কম নয়।

এজ, রেকর্ড ও অ্যাডমিশন রেজিষ্টার : স্কুলে প্রথম ছাত্রভর্তির সময় অভিভাবক/মাতা-পিতাকে নির্দিষ্ট ফরমে জন্মতারিখের ঘোষণা declaration দিতে হয়। এই, age declaration খুবই গুরুত্বপূর্ণ। একবার এই declaration রেকর্ডভুক্ত হলে তার অদলবদল চলে না। মাধ্যমিক স্কুলে পঞ্চম থেকে নবমশ্রেণী পর্যন্ত first admission-এর সুযোগ আছে—যেখানে মাতা-পিতা বা অভিভাবকের declaration of date of birth-কে মর্যাদা দেওয়া হয়। কিন্তু বর্তমানে প্রধান/প্রধানার ওপর বার্থ সার্টিফিকেট, হাসপাতালের জন্মরেকর্ড অথবা অ্যাফিডেভিট প্রদানের উপর গুরুত্ব দেওয়া

হচ্ছে। প্রধান/প্রধানাদের এব্যাপারে সাবধান না হলে এবং অভিভাবকের অনুরোধে বয়স কাউকে কমালে ভবিষ্যতে বিপদের সম্মুখীন হতে হবে। এই সম্পর্কে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের "ভর্তি ও ডেট অব বার্থ" correct করার সার্কুলারটি বিশেষ প্রণিধানযোগ্য।

Note : Head of School should impress this rule upon the parent or guardians of a boy at the time of his/her admission.

প্রমোশন : বেঙ্গল এডুকেশন কোডে Chapter V-এর III সেকশনে মাধ্যমিক স্কুলে দুটি পিরিওডিক্যাল পরীক্ষার কথা বলা আছে—একটি গরমের ছুটির আগে, আর একটি বার্ষিক বা টেষ্ট পরীক্ষা পূজার ছুটির আগে। বার্ষিক পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে পরবর্তী ক্লাশে প্রমোশন দেওয়ার ব্যবস্থা করা হয়। টেষ্ট পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে স্কুল ফাইন্যাল বা মাধ্যমিক পরীক্ষায় প্রার্থী নির্বাচিত হয়।

কোডে উল্লেখ আছে, এক বিষয়ের বেশী সাবজেক্টে পাস করতে না পারলে সাধারণতঃ প্রমোশন দিতে নেই। কিন্তু এই "সাধারণত:" কথাটা বর্তমানে বিশেষ অর্থবহ হয়ে উঠেছে। স্কুল পড়াশোনায় সার্বজনীন সুযোগ-সুবিধা বেড়ে যাওয়ার ফলে স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়লেও ছাত্র-ছাত্রীর মান অনেক কমে গেছে, ফলে দেখা গেছে, এক বিষয় পর্যন্ত ফেল করা ছাত্র-ছাত্রীকে প্রমোশন দিলে প্রমোশন লাভের সংখ্যা এক তৃতীয়াংশর বেশী হয় না। এত বেশী সংখ্যক ছাত্র-ছাত্রীকে ক্লাশে আটকে রাখলে (detain করে রাখলে) নতুন ছাত্র-ছাত্রী ভর্তি একরকম বন্ধ করে দিতে হয়। সুতরাং স্কুলে এখন 1st consideration, 2nd consideration ও 3rd consideration-এর কথাও শোনা যায়। শেষ পর্যন্ত দেখা যায়, মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষায় গ্রেস মার্ক, গ্রুপ ও নানারকম ফন্দী ফিকির করে পাসের মাত্রা বাড়িয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

স্কুলে প্রমোশনের বিষয়টি প্রধান/প্রধানা ও অ্যাকাডেমিক কাউন্সিলের ওপর ছেড়ে দেওয়া হয়েছে। বর্তমানে প্রধান/প্রধানাকে একক দায়িত্বে প্রমোশন সম্বন্ধে কড়া মনোভাব অবলম্বন করা সম্ভব নয়। অ্যাকাডেমিক কাউন্সিলের আরও চারজন সদস্যের মতামতের ওপর গুরুত্ব দিয়ে প্রধান/প্রধানাকে চলতে হয়।

স্কুল প্রমোশনে এরূপ রিমার্ক দিলে কেমন হয় ?

(১) সববিষয়ে পাশের সর্বনিম্ন নম্বরের ভিত্তিতে ও গড়পড়তা (aggregate) পাসের সর্বনিম্ন নম্বর থাকলে—"Passed & Promoted" এবং প্রথম থেকে দশম পর্যন্ত স্থান নির্ণয় করে দেওয়া ; (২) এক বা একাধিক বিষয়ে ফেল করলেও এগ্রিগেটে পাশের নম্বর আছে, এরূপ ছাত্র-ছাত্রীকে "Promoted" রিমার্ক দেওয়া ; এরপর অন্যান্য বিষয় বৃত্তান্ত বিবেচনা করে কাকেও প্রমোশন দেওয়ার সিদ্ধান্ত করলে "Promoted on consideration"। প্রমোশন দেওয়ার ব্যাপারে প্রধান/প্রধানার সিদ্ধান্ত চূড়ান্ত হলেও

অ্যাকাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তকে এড়িয়ে বা বাতিল করে ব্যক্তিগত দায়িত্বে কোন ছাত্র-ছাত্রীকে প্রমোশন দেওয়া প্রধান/প্রধানার পক্ষে সমীচীন নয়।

টেষ্ট পরীক্ষায় ফেল করলে ঃ 'টেষ্ট পরীক্ষায় ফেল করলে' কি বোঝায়? কোন একটা বিষয়ে, না একাধিক বিষয়ে? এ ব্যাপারে বেঙ্গল স্কুল কোডে কোন শেষ কথা বলা নেই। আবার ফেল করা অর্থে—কত কম নম্বর পেয়ে ফেল করলে, এ ব্যাপারে কোন ধরাবাধা নিয়ম নেই বলে, প্রধান/প্রধানা বা অ্যাকাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত। স্কুল ফাইন্যাল বা মাধ্যমিক পরীক্ষার ফরম fill up করবার সময় টেষ্ট পরীক্ষার নম্বর দাখিল করার ব্যবস্থা আছে। কিন্তু প্রশ্ন ওঠে ঃ ঐ নম্বর কি টেষ্ট পরীক্ষার যথার্থ নম্বর? পর্ষদ্ এ পর্যন্ত একবারও কি যাচাই করে দেখেছেন? দেখলে হয়ত দেখা যাবে শতকরা ৫০ জন ছাত্র/ছাত্রী মাধ্যমিক পরীক্ষার দোর-গোড়া অতিক্রম করতে অসমর্থ।

একই ক্লাশে দু'বছরের বেশী not allowed ঃ

স্কুল কোডে বলে দেওয়া আছে ঃ মাধ্যমিক স্কুলের একই ক্লাশে দু'বছরের বেশী কোন ছাত্র/ছাত্রীকে রাখা উচিত নয়। কোন ছাত্র/ছাত্রী বার্ষিক পরীক্ষায় ফেল করলে তার মাতা-পিতা বা অভিভাবককে জানিয়ে দেওয়া উচিত তাঁর ওয়ার্ডের ব্যুৎপত্তি সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের। কিন্তু দেখা যায়, তাতেও কোন সুফল ফলেনি, তাহলে অভিভাবককে তাঁর ওয়ার্ডকে ফিরিয়ে নেওয়ার জন্য (T.C. নেওয়ার জন্য) বলা যেতে পারে।

কোডে প্রকাশ্যে বলা নেই, কয় বার পর্যন্ত ফেল করা একটি ছাত্রকে একই ক্লাশে রাখা যায়। তবে বলা আছে, প্রধান/প্রধানা দু'বছরের বেশী ফেল করা ছাত্র/ছাত্রীকে ভেকেন্সী অর্থাৎ সীট থাকলে, রাখতে পারেন। অবশ্য ছাত্র/ছাত্রীটি desirable বলে বিবেচ্য হলে। তাই বলে কি, যদ্দিনে সে পরীক্ষা পাস করতে না পারে ততদিন তাকে একই ক্লাশে পড়াশোনার অধিকার দেওয়া হবে? অভিভাবককে বলতে শোনা যায়, ট্রান্সফার নিয়েও কোথায়ও ছেলের ভর্তি হওয়ার সুয়োগ পাওয়া যায় না ; ফেল করলে তো কথাই নেই। কোন কোন প্রধান Transfer on promotion দেন। এটা অবশ্য প্রধান/প্রধানার এক্তিয়ারভুক্ত। কিন্তু প্রোগেস রিপোর্ট দেখালে হয়ত দেখা যাবে—ঐ ছাত্র/ছাত্রী একাধিক বিষয়ে ফেল করেছে। তাহলে উপায়? এর উত্তর দেওয়া সহজ নয়। ক্ষেত্র কর্ম বিধায়তে।

(N) ছাত্রছাত্রীদের ছুটি মঞ্জুর (Grant of leave to Students)

[Vide Section III of Chapter V of Bengal Education Code]

সাধারণভাবে ছাত্র/ছাত্রীদের ছুটি মঞ্জুর করবেন বিদ্যালয় প্রধান/প্রধানা। তবে অনুপস্থিতির জন্য সন্তোষজনক কারণের ভিত্তিতে ছাত্রের স্বাক্ষরে এবং অভিভাবকের প্রতি-স্বাক্ষরে প্রধান/প্রধানা ছুটি মঞ্জুর করতে পারেন। হোষ্টেলে থাকলে

সুপারিনটেণ্ডেন্টের স্বাক্ষর করা দরখাস্তের দরকার হবে। ছুটি মঞ্জুর হলে হাজিরা 'p' কথাটি প্রধানের পক্ষে সহকারীরাই লিখে রাখবেন। এই ব্যবস্থা মাত্র সাতদিন অনুপস্থিত থাকার জন্য, দরখাস্ত না দিয়ে সাতদিনের বেশী স্কুলে অনুপস্থিত থাকলে প্রধান/প্রধানা চলতি মাস শেষ হয়ে গেলে নাম কেটে দিতে পারেন। তবে অবশ্য এরূপ ব্যবস্থা গ্রহণ করার আগে অন্ততঃ তিনদিন আগে মাতা-পিতা বা অভিভাবককে লিখিত নোটীশ দিতে হবে। নাম কাটা ছাত্র-ছাত্রীকে ঐ অনুপস্থিতি সময়ের বেতন ও জরিমানা দিতে হবে। আর যেসব ছাত্র-ছাত্রীর বকেয়া না দেওয়ার জন্য নাম কাটা গেল তাদের ব্যাপারে রুল 12 প্রযোজ্য।

[**রুল 12 হচ্ছে এরূপ :** পুনর্ভর্তির শর্তাবলী—যেসব ছাত্র-ছাত্রীর বেতন না দেওয়ার জন্য নাম কাটা গেল, তাদের পরবর্তী মাস শুরু হওয়ার গোড়ার সমস্ত বকেয়া পাওনা শোধ করলে প্রধান/প্রধানার সিদ্ধান্ত অনুসারে পুনরায় ভর্তি করে নেওয়া যেতে পারে।]

যেসব ছাত্র/ছাত্রীর নাম অনুপস্থিতির জন্য কেটে দেওয়া হয়েছে, তাদের অভিভাবকদের কাছ থেকে সন্তোষজনক ব্যাখ্যা পাওয়ার পর প্রধান/প্রধানা ইচ্ছা করলে আবার ভর্তি করে নিতে পারেন অথবা ভর্তি করতে অস্বীকার করতে পারেন।

ছুটি না নিয়ে অনুপস্থিতি : লীভ না নিয়ে অনুপস্থিত ছাত্র-ছাত্রীদের প্রধান/প্রধানা অবস্থা বুঝে তিন দিনের মাথায় নাম কেটে দিতে পারেন।

উচ্চ ও জুনিয়ার হাই স্কুলের ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে দৈনিক একআনা জরিমানা এবং লম্বা ছুটিছাটা থাকলে জরিমানা দ্বিগুণ হতে পারে। তবে সবটাই প্রধানের সিদ্ধান্ত সাপেক্ষে।

V বিবিধ (Miscellaneous)

(বেঙ্গল এডুকেশন কোডের সেকশন VII-এর V চাপ্‌টার থেকে নেওয়া হয়েছে।)

1. **আপত্তিকর অভ্যাস :** নিম্নলিখিত অভ্যাসসমূহ স্কুলে নিষিদ্ধ :
   (a) স্কুল বিল্ডিং-এ থুথু ফেলা, (b) ধূমপান, (c) নেশা করা, (d) যে কোন ধরনের জুয়া খেলা, (e) দেওয়ালে নানারকম লেখা ও ফার্ণিচার নষ্ট করা, (f) উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা এবং স্কুল এলাকায় গোলমাল করা।

নোট : স্কুলে সাংঘাতিক ধরনের অপরাধমূলক কাজের সূত্রপাত হয় সাধারণত ধূমপানের শুরু থেকে। স্কুলের ভিতরে ও বাইরে এই ধরনের অপরাধ প্রধান/প্রধানা বন্ধ করতে সচেষ্ট হবেন। শিক্ষকদের স্কুল চলাকালীন স্কুল চত্বরে ধূমপান করা উচিত নয় ("Teachers should not smoke in the school premises during class hours.")

স্কুল লীভিং সার্টিফিকেট ঃ (Section III of Chapter V of the Bengal Education Code) ঃ

ছাত্র/ছাত্রী স্কুল ছেড়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণের একমাসের মধ্যে সার্টিফিকেট পেতে হলে মাতাপিতা/অভিভাবককে লিখিতভাবে প্রধান/প্রধানার কাছে দরখাস্ত পেশ করতে হবে। এখানে স্কুল লীভিং সার্টিফিকেট বলতে ট্রান্সফার সার্টিফিকেটের কথাই বলা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে সার্টিফিকেট পেতে হলে কোন ফিস দিতে হবে না। কিন্তু উক্ত সময় অতিক্রান্ত হলে একটাকা, ডুপ্লিকেট সার্টিকিটের জন্য দু'টাকা ফিস দিতে হবে।

নোট ঃ বর্তমানে ছাত্র/ছাত্রীর অধ্যয়নকালীন সময়ে অভিভাবকেরা নানা প্রয়োজনে বয়স ও ক্লাশ সম্বলিত Character certificate দাবী করেন। প্রধান/প্রধানা যুক্তিযুক্ত কারণে "লীভিং সার্টিফিকেট" প্রত্যাহার করে নিতে পারেন। দরখাস্ত দেওয়া সত্বেও নিম্নলিখিত কারণে "লীভিং সার্টিফিকেট" বন্ধ রাখতে পারেন ঃ

(1) ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, যথা—বহিষ্কার, বিতাড়ন অথবা শাস্তির ভয়ে পড়ার মনোভাব।

(2) স্কুলের বকেয়া ফিস না দিলে বা বাকী রাখলে।

নোট ঃ (i) উল্লিখিত বহিষ্কার ও বিতাড়নের ক্ষেত্রে বহিষ্কার বা বিতাড়নের নির্ধারিত সময়ের পরে হলে 18 নম্বরে যে শাস্তির বিধান আছে, তা প্রয়োগ করা হবে না।

(ii) পরবর্তী কেসে বকেয়া থাকলে চলে যাওয়ার তিনমাসের মধ্যে হলে সার্টিফিকেট দেওয়ার সময় আদায় করতে হবে। তার জন্য মাসে যথাক্রমে হাইস্কুলের ক্ষেত্রে দু'টাকা ও জুনিয়ার স্কুলের ক্ষেত্রে এক টাকা আর সর্বাধিক পক্ষে যথাক্রমে ১০ টাকা ও ৫ টাকা আদায় করা চলবে।

(iii) কোন ছাত্র/ছাত্রীকে স্কলারশিপ অথবা ফীঃ কনসেশান দিলে, চলে যাওয়ার সময়, তার সবটা অথবা আংশিক ফেরৎ দিতে হবে। নতুবা তাকে সার্টিফিকেট দেওয়া চলবে না। অবশ্য এই মর্মে ছাত্র-ছাত্রীর মধ্যে এক লিখিত contract থাকলে তবেই উক্ত ব্যবস্থা প্রযোজ্য।

স্কুল লীভিং সার্টিফিকেট প্রত্যাহারের বিরুদ্ধে অ্যাপিল ঃ

স্কুল কর্তৃপক্ষ স্কুল লীভিং সার্টিফিকেট না দিলে তার বিরুদ্ধে জেলা স্কুল পরিদর্শকের কাছে অ্যাপিল করা চলবে এবং তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গ্রাহ্য হবে।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২, পার্ক স্ট্রীট, কলি-১৬

সার্কুলার No. S/513 dt. 1. 9. 1975

বিষয়ঃ অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ে নিয়ম-শৃঙ্খলা প্রতিষ্ঠা

বিগত কয়েকবছরে বিদ্যালয়ের পঠন-পাঠনে ও নিয়ম-শৃঙ্খলার গুরুতর ত্রুটি-বিচ্যুতির ফলে জনগণের মনে উদ্বেগ তথা সমালোচনার ঝড় উঠেছে। অভিযোগ—দেরীতে স্কুলে আসা, সামান্য অজুহাতে ক্লাশের পঠন-পাঠন বন্ধ ও শিক্ষার নীতির বিরোধী পরিবেশ এবং কাজের দিনের সংখ্যা কমে গেছে। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সুস্থ পরিবেশ ফিরিয়ে আনার জন্য মধ্যশিক্ষা পর্ষদ্ নিম্নলিখিত সক্রিয় পন্থা অবলম্বন করতে বাধ্য হয়েছেন।

অনুমোদিত সকল মাধ্যমিক বিদ্যালয়কে এই মর্মে নির্দেশ দেওয়া হচ্ছে নিম্নলিখিত অনুশাসনগুলো যেন কঠোরভাবে মেনে চলা হয়ঃ

(1) বিদ্যালয়ের সকল কর্মচারী, প্রধান/প্রধানা থেকে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী পর্যন্ত, নিরূপিত সময়ে অবশ্যই স্কুলে আসবেন এবং ছুটি না হওয়া পর্যন্ত কর্মস্থলে থাকবেন।

(2) শিক্ষক/শিক্ষিকাদের নিয়মিতভাবে বণ্টিত (allotted) ক্লাশ নিতে হবে এবং তাঁদের ঠিক সময়ে ক্লাশে যেতে হবে।

(3) প্রধান/প্রধানার পূর্ব অনুমতি না নিয়ে স্কুলের কাজে অনুপস্থিত থাকা উচিত নয়। জরুরী প্রয়োজনে অনুপস্থিত থাকলে স্কুলে আসার পর অবিলম্বে সন্তোষজনক কারণ ব্যাখ্যা করে প্রধান/প্রধানার কাছে দরখাস্ত দাখিল করতে হবে।

(4) স্টাফের সদস্যবৃন্দ—শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা নিয়মিতভাবে হাজিরা বইতে সই করবেন। হাজিরা বইটি প্রধানের জিম্মায় থাকবে।

(5) নির্ধারিত সময়ের ১৫ মিনিট পরে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের স্কুলে গেলে late attendance বলে রেকর্ড করা হবে। মাসে তিনদিন দেরীতে আসার জন্য ক্যাসুয়েল লীভের A/c থেকে এক দিনের ক্যাসুয়েল লীভ কাটা যাবে।

(6) শিক্ষকদের অনুপস্থিতি কারণে প্রধান/প্রধানা বিকল্প ব্যবস্থা করবেন। যথাসম্ভব পঠন-পাঠনে ক্ষতিপূরণে ব্যবস্থা করতে হবে।

(7) পঠন-পাঠন (Teaching) ব্যবস্থা এরূপভাবে করতে হবে, যাতে পাঠক্রমে নির্দিষ্ট সময়ে শেষ হয়। প্রধান/প্রধানাকে এর প্রতি কড়া নজর রাখতে হবে।

(8) সাময়িক পরীক্ষাগুলো নিয়মিতভাবে এবং যথাসময়ে নিতে হবে এবং যথাসময়ে পরীক্ষার ফলাফল প্রকাশ করতে হবে।

(9) প্রগ্রেস রিপোর্ট অর্থাৎ পরীক্ষার ফলাফল প্রস্তুত করে যথাসময়ে অভিভাবকদের কাছে পাঠাতে হবে।

(10) নির্ধারিত সময়ের ১৫ মিনিট পরে ছাত্র/ছাত্রীদের ক্লাশে ঢুকতে দেওয়া হবে না।

(11) বিদ্যালয় প্রধান/প্রধানা কর্তৃক সেক্রেটারীর কাছে স্টাফের মাসিক attendance report ও ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরের ও পর্ষদের রিজিওন্যাল অফিসারের কাছে কোয়ার্টারলি রিপোর্ট পেশ করতে হবে।

(12) উল্লিখিত নির্দেশাবলী যাতে যথাযথরূপে অনুসৃত হয়, তজ্জন্য ম্যানেজিং কমিটি সক্রিয় ব্যবস্থা নেবেন এবং তার ব্যর্থতার জন্য মধ্যশিক্ষা পর্ষদ পুরোপুরি ব্যবস্থা নিতে পারেন।

স্বাঃ এ. সি. বিশ্বাস
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No. 10009/G / 081/5-248/112 dt. 23. 12. 77

To

The Secretary,
Joynagar High School
Dist. Midnapore

রেফা: পর্ষদ সার্কুলার No S/513 dt. 1.9.76 এর ব্যাখ্যা

উক্ত সার্কুলারে নির্ধারিত সময় (appointed hour) ও ক্লাশের স্বরু হওয়ার সময় আলাদা। স্কুল আসার সময় স্কুল ম্যানেজিং কমিটি ঠিক করে দেবেন এবং তা ক্লাশ বসার অন্ততঃ ১৫ মিনিট পূর্বে হবে। তাঁকে আরও জানান হচ্ছে যে, স্কুলের এসেম্বলী প্রার্থনায় স্কুল স্টাফের সকলের যোগদানই কাম্য।

স্বাঃ এস্. এন্. বসাক
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ
77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No. S/560 dt. Sept. 26, 1981

বিষয়: বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের সহযোগিতা ও নিয়মশৃঙ্খলা পরায়ণতায় শিক্ষা ক্ষেত্রে যে উন্নতি পরিলক্ষিত হয়েছে, তার ক্রমোন্নতি

পর্ষদের সার্কুলার নং 513 dt. 1st September, 1975 বিষয়বস্তু পুনর্বিচার করে পর্ষদ জানাচ্ছেন যে, পশ্চিমবঙ্গের অনুমোদিত হাই স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের

নিয়ত কর্মকুশলতার ফলে এবং শিক্ষক-অশিক্ষক সমাজের জন্য সরকারের সংশোধিত বেতনহার, প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়বার সুযোগ প্রভৃতি শিক্ষাক্ষেত্রে শান্তি ও শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে, যা প্রশংসার দাবী রাখে।

1. ছাত্রদের প্রতি শিক্ষকদের ক্লাশে শৃঙ্খলাপরায়ণ আচরণ, তাঁদের স্নেহসিক্ত যত্ন এবং পরিচালনা, স্কুলে তাঁদের নিয়মিত উপস্থিতি, রুটীন অনুযায়ী ক্লাশ নেওয়া, এবং নেহাৎ অসুস্থতাহেতু অশক্ত না হলে, অথবা নেহাৎ অন্যত্র কোন কাজের তাগিদ না থাকলে স্কুলে আসা, ছাত্রদের ঠিক পথে পরিচালনা, ভবিষ্যতের প্রয়োজনীয় নাগরিক হিসেবে গড়ে তোলার অকৃত্রিম চেষ্টা এবং এক ঐক্যবদ্ধ শক্তিশালী ভারতের গঠনের চেষ্টায় তাঁরা উদ্বুদ্ধ।

এই মহান সামাজিক দায়িত্বের পরিপ্রেক্ষিতে তাঁদের সমাজের আশা-আকাজ্ক্ষা পূরণে নিম্নলিখিত অনুশাসনগুলো পালন করা উচিত—

(i) বিদ্যালয়ের প্রধান/প্রধানা, শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নির্ধারিত স্কুলে আসা উচিত এবং ছুটি না হওয়া পর্যন্ত স্কুলে থাকবেন।

(ii) শিক্ষক/শিক্ষিকাবৃন্দ নিয়মিত রুটীন মাফিক নিজেদের ক্লাশ নেবেন এবং ঠিক সময়ে ক্লাশে যাবেন।

(iii) ছাত্র/ছাত্রীদের বৃহত্তর স্বার্থের পরিপ্রেক্ষিতে কোন শিক্ষকেরই অনুপস্থিত সহকর্মীদের ক্লাশ নিতে প্রধান/প্রধানার অনুরোধ আসলে অস্বীকার করা উচিত নয়।

(iv) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের স্কুলে এসেই হাজিরা বইতে সই করবেন। হাজিরা বই প্রধান/প্রধানার হেফাজতে থাকবে।

(v) একজন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী ১৫ মিনিট দেরীতে আসার জন্য চিহ্নিত করা হয়, এবং এরূপ তিনদিন দেরীতে আসার জন্য একদিনের ক্যাজুয়েল লীভ কাটা যাবে। তবে প্রধান/প্রধানা তাঁর দেরীতে আসার যুক্তিতে নিশ্চিত হলে দেরীতে আসা মঞ্জুর করতে পারেন।

(vi) প্রধান/প্রধানার পূর্ব-অনুমতি ব্যতীত কাজে অনুপস্থিত হবেন না। বিশেষ কোন কারণে পূর্বে অনুমতি নিতে না পারলে কাজে যোগ দিয়ে অবিলম্বে দরখাস্ত পেশ করবেন এবং তার অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করবেন।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, অভ্যাসগত দেরীতে আসা এবং প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকার ফলে মূল্যবান পঠন-পাঠনের গুরুতর ক্ষতি হয়। ফলে স্কুলের সম্মানহানি হয়, ছাত্র/ছাত্রীদের পড়াশোনায় দারুন ব্যাঘাত ঘটে, শিক্ষকদের প্রতি অভিভাবকদের শ্রদ্ধা

কমে যায় এবং অভিভাবকদের ছেলেমেয়েদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ে।

(vii) শিক্ষকেরা স্কুলের দৈনন্দিন এসেম্বলীতে যোগ দিবেন এবং Co-curricular কাজকর্মে অংশগ্রহণ করবেন।

(viii) ছাত্র/ছাত্রীদের পড়াশোনায় ক্রমোন্নতি বজায় রাখতে এবং তাদের পাঠক্রমে সাবলীলতা রাখতে হলে শিক্ষকদের সাময়িক পরীক্ষাদি যথারীতি নিতে হবে এবং সময়মত পরীক্ষার ফলাফল প্রকাশ করে অভিভাবকদের প্রগতিপত্র প্রেরণ করতে হবে।

(ix) পাবলিক এক্সামিনেশনের স্বার্থে শিক্ষকেরা নজরদারি কাজকর্মে (invigilation duties) অংশ গ্রহণ করবেন। অশিক্ষক কর্মচারীরাও যথানির্দিষ্ট কাজকর্ম পরিচালনা করবেন এবং শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা প্রধানের সঙ্গে সহযোগিতা করে ঐরূপ পরীক্ষায় পবিত্রতা রক্ষা করবেন যাতে পর্ষদের পরীক্ষার নীতি ও আদর্শ রক্ষিত হয়।

(x) ম্যানেজিং কমিটি স্টাফ কাউন্সিল ও অ্যাকাডেমিক কাউন্সিলের সঙ্গে সুর মিলিয়ে ছাত্র/ছাত্রীদের স্বার্থে স্কুলের সুস্থ ও সুন্দর পরিবেশ বজায় রেখে চলবেন।

স্বাঃ এন্. সিনহা
সেক্রেটারী

সা স পে ন শ ন

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No. S606

dt. 21st June, 1982

বিষয়ঃ মাধ্যমিক বিদ্যালয়ের (এডেড ও আনএডেড) শিক্ষক/অশিক্ষক কর্মচারীর সাসপেনশন করার ব্যাপারে সাসপেনশন অনুমোদন করার প্রস্তাব (রুল 28(9)(VIIa)—১৯৬৯-এর সংশোধন

অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালন কমিটিকে এই মর্মে জানান যাচ্ছে যে, শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের 28(9)(VIIIa) সাসপেনশনের অনুমোদন পেতে হলে নিম্নলিখিত পদ্ধতিগুলো কঠোরভাবে মেনে চলা দরকার—

1. শিক্ষক/অশিক্ষক কর্মীদের সাসপেনশনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো থাকা একান্ত দরকার—

   (a) সংশ্লিষ্ট ব্যক্তির নাম ও পদ (designation)

   (b) মঞ্জুরীকৃত পদে নিয়োগের তারিখ,

   (c) সাসপেনশন আদেশের তারিখ।

(d) সংশ্লিষ্ট ব্যক্তিকে ম্যানেজিং কমিটি কর্তৃক সাসপেনশন করবার প্রস্তাবের (resolution) অনুলিপি।

(e) সংশ্লিষ্ট ব্যক্তিকে 'জীবিকাভাতা' দেওয়ার সংবাদ।

(f) সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে পূর্বে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছিল কিনা, নেওয়া হলে, তার বিস্তৃত বিবরণ।

2. সাসপেনশন আদেশের সাতদিনের মধ্যে উল্লিখিত 1 নম্বরের আওতায় যেসব ব্যবস্থার কথা বলা হয়েছে, তার বিবরণ দিয়ে পত্র প্রেরণ। খামের উপরে পরিষ্কারভাবে লেখা থাকবে—"Suspension under Rule 28(9)(VIIIA) of the Management rules".

3. সাসপেনশন আদেশ স্বভাবতঃ রুল 28(9)(VIIIa) ধারায় একমাত্র তারই বিরুদ্ধে প্রয়োগ করা হবে, যিনি স্কুলে হাজির থাকলে তাঁর আচরণ আনীত অভিযোগের যথার্থ অনুসন্ধান (enquiry) কাজে ব্যাঘাত ঘটাবে।

4. সাসপেনশনের আদেশ দেওয়ার ৯০ দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ম্যানেজিং কমিটি কর্তৃক আনীত অভিযোগ চার্জশীটরূপে প্রয়োগ করতে হবে।

5. ৯০ দিনের মধ্যে যদি চার্জশীট প্রয়োগ করা না হয়, তাহলে সাসপেন আদেশ স্বতঃই উঠে গেছে বলে ধরে নিতে হবে। অবশ্য তা রুল 28(9) (VIIA) অনুযায়ীই হবে।

6. পর্ষদ যথাশীঘ্রই স্কুলের চিঠির প্রাপ্তি স্বীকার করবেন।

7. স্কুল কর্তৃপক্ষ একমাসের মধ্যে স্বীকারপত্র (letter of acknowledgement) না পেলে স্কুল পুনরায় পর্ষদের কাছে স্মরণ পত্র (reminder letter) পাঠাবে। এবং এবার খামের ওপর লেখা থাকবে—Reminder Suspension case.

8. যদি স্কুল কর্তৃপক্ষ দুমাসের মধ্যেও পর্ষদ থেকে সাসপেনশন আদেশের প্রতিক্রিয়া সম্বন্ধে কোন কিছু জানতে না পারেন, তাহলে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ কাগজপত্রসহ পর্ষদ সেক্রেটারীর সঙ্গে যোগাযোগ করবেন।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No. S/607 dt. 21st June, 1982

বিষয়ঃ মাধ্যমিক স্কুলের কোন শিক্ষক/শিক্ষাকর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বনের প্রস্তাবের অনুমোদন পেতে হলে [Vide ১৯৬৯ সালের ম্যানেজমেণ্ট রুলের 28(8) এবং (8A)]

অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের কোন শিক্ষক/অশিক্ষক কর্মচারীর বিরুদ্ধে সাসপেনশন আদেশের অনুমোদন পেতে হলে রুল 28(8) and (8A) অনুযায়ী—নির্দেশগুলো মেনে চলতে হবে—

1. (a) স্কুল ম্যানেজমেণ্টকে প্রথম স্তর (First stage) কোন শিক্ষক/শিক্ষাকর্মীর

বিরুদ্ধে—শাস্তিমূলক ব্যবস্থা নিতে হলে নীচে বর্ণিত দুটি স্তরে ব্যবস্থা নিতে হবে—

(i) ম্যানেজিং কমিটি কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে চার্জের ভিত্তিতে প্রস্তাব গ্রহণ,

(ii) ম্যানেজিং কমিটির প্রস্তাবের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রাথমিকভাবে চার্জ গঠন ;

(iii) চার্জশীট পাওয়ার ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে চার্জশীটের জবাব দিতে হবে ;

(iv) ম্যানেজিং কমিটি কর্তৃক চার্জশীটের রিপ্লাই বা উত্তর প্রাপ্তির পর বিষয়বস্তুর ওপর আলোচনা এবং অনুসিদ্ধান্ত নেওয়ার কারণ ও উপযোগিতা ;

স্কুল ম্যানেজমেণ্ট, তারপর প্রথম স্টেজের সম্পর্কিত কাগজপত্রের অনুলিপি—পর্ষদ সকাশে প্রেরণ করবেন।

পর্ষদ স্কুল কর্তৃক পেশ করা কাগজপত্র দেখে যদি প্রাথমিক ভাবে সন্তুষ্ট হন যে, সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার যথেষ্ট যুক্তি আছে এবং পরবর্তী স্তরে আরও কাগজপত্র দরকার হতে পারে, তাহলে পর্ষদ 'প্রথম অনুমোদন' দিতে পারেন (**সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার পক্ষে**)

সমস্ত ক্ষেত্রেই পর্ষদ পত্র প্রাপ্তির পর যথাশীঘ্র উত্তর দেবেন।

যদি এক মাসের মধ্যে পর্ষদ থেকে চিঠিপত্রের কোন প্রাপ্তি স্বীকার পত্র পাওয়া না যায়, তাহলে স্কুল কর্তৃপক্ষ পর্ষদ সেক্রেটারীর সঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র সমেত দেখা করবেন।

(b) দ্বিতীয় স্তর (Second Stage)

প্রয়োজনবোধে দ্বিতীয় স্তরের কর্ম পদ্ধতি নিম্নরূপ হবে—

(i) পর্ষদ থেকে শাস্তিমূলক ব্যবস্থার অনুকূলে অনুমোদন পেলে কমিটি প্রস্তাবের (resolution) ভিত্তিতে ১৫ দিনের মধ্যে শাস্তির প্রকার সম্বন্ধে জানিয়ে show cause অর্থাৎ কারণ দর্শাবার নোটীশ দেবেন 28(8) বা (8A)-এর ভিত্তিতে।

(ii) 'শো-কজের' (show cause) এর জবাব পাওয়ার পর ম্যানেজিং কমিটি সভা ডেকে প্রস্তাবাকারে একটি সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(iii) শো-কজ নোটিশের জবাব পাওয়ার এক মাসের মধ্যে ম্যানেজিং কমিটি সংশ্লিষ্ট সমস্ত কাগজপত্র পর্ষদের বিবেচনার জন্য প্রেরণ করবেন।

পর্ষদ তারপর বিষয়টির সবদিক বিবেচনা করে চূড়ান্ত

সিদ্ধান্ত নেবেন এবং স্কুল কর্তৃপক্ষকে সিদ্ধান্ত কার্যকরী করার জন্য নির্দেশ দেবেন। পর্ষদের সিদ্ধান্ত উভয়পক্ষকে চূড়ান্ত ও উভয়কে বাধ্যতামূলকভাবে মেনে নিতে হবে।

2. স্কুল ম্যানেজমেণ্ট পর্ষদের পূর্ব-অনুমোদন ব্যতীত কোন ব্যক্তিকে চাকরি থেকে বিতাড়িত বা কোন শাস্তি দিতে পারবেন না এবং 28(8) বা (8A) অনুযায়ী ম্যানেজমেণ্টের রুলে যে সব পদ্ধতির কথা বলা হয়েছে, তা যথাযথ অনুসরণ না করে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবেন না।
3. উল্লিখিত বিষয়ে সমস্ত যোগাযোগ পর্ষদ সেক্রেটারীর সঙ্গে নামোল্লেখ করে অর্থাৎ সেক্রেটারীর নামে পাঠাতে হবে। খামের ওপর লেখা থাকবে—**Disciplinary proceedings.**
4. সবক্ষেত্রে পর্ষদ চিঠিপত্রের যথাশীঘ্র প্রাপ্তি স্বীকার করবেন।
5. সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষাকর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের চিঠিপত্র পর্ষদ সকাশে প্রেরণ করার এক মাসের মধ্যেও যদি কোন জবাব পাওয়া না যায়, তাহলে স্কুল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কাগজপত্র নিয়ে যথাসম্ভব তাড়াতাড়ি বিষয়টির পরিসমাপ্তির উদ্দেশে পর্ষদ সেক্রেটারীর সঙ্গে যোগাযোগ করবেন।

স্বাঃ এন. সিনহা (সেক্রেটারী)

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No, 4967/G dt. 25. 5. 83

To
The Headmaster
Bosco Priyanath High School
P.O. Bosco, Dist. Hooghly

বিষয়ঃ বিদ্যালয় প্রশাসন সম্বন্ধে সম্পর্কে নিম্ন স্বাক্ষরকারী তাঁর প্রশ্নের উত্তরে জানাচ্ছেন

প্রশ্ন (Query)	উত্তর (Reply)
1. হাইস্কুলের হেডমাস্টারের পক্ষে স্কুলে সমস্ত প্রকারের হারানোর ঘটনা, যথা—ছাতা, খাতা, পেন, জুতা, বাই সিকেল প্রভৃতি স্থানীয় পুলিস-কে জানানো কি বাধ্যতামূলক ?	1. বিদ্যালয়ের প্রধান স্কুলে চুরি বন্ধের জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের অধিকারী।
2. প্রধানের পক্ষে বিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও অন্যান্য স্টাফের মধ্যে ব্যাপারটা জানিয়ে দেওয়া উচিত ?	2. বিদ্যালয় প্রধানের চুরি বন্ধে ছাত্র এবং স্টাফের মধ্যে বিভিন্ন প্রস্তাব দেওয়ার অধিকার রয়েছে।

বিরুদ্ধে—শাস্তিমূলক ব্যবস্থা নিতে হলে নীচে বর্ণিত দুটি স্তরে ব্যবস্থা নিতে হবে—

(i) ম্যানেজিং কমিটি কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে চার্জের ভিত্তিতে প্রস্তাব গ্রহণ,

(ii) ম্যানেজিং কমিটির প্রস্তাবের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রাথমিকভাবে চার্জ গঠন ;

(iii) চার্জশীট পাওয়ার ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে চার্জশীটের জবাব দিতে হবে ;

(iv) ম্যানেজিং কমিটি কর্তৃক চার্জশীটের রিপ্লাই বা উত্তর প্রাপ্তির পর বিষয়বস্তুর ওপর আলোচনা এবং অনুসিদ্ধান্ত নেওয়ার কারণ ও উপযোগিতা ;

স্কুল ম্যানেজমেণ্ট, তারপর প্রথম স্টেজের সম্পর্কিত কাগজপত্রের অনুলিপি—পর্ষদ সকাশে প্রেরণ করবেন।

পর্ষদ স্কুল কর্তৃক পেশ করা কাগজপত্র দেখে যদি প্রাথমিক ভাবে সন্তুষ্ট হন যে, সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার যথেষ্ট যুক্তি আছে এবং পরবর্তী স্তরে আরও কাগজপত্র দরকার হতে পারে, তাহলে পর্ষদ 'প্রথম অনুমোদন' দিতে পারেন (**সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার পক্ষে**)

সমস্ত ক্ষেত্রেই পর্ষদ পত্র প্রাপ্তির পর যথাশীঘ্র উত্তর দেবেন।

যদি এক মাসের মধ্যে পর্ষদ থেকে চিঠিপত্রের কোন প্রাপ্তি স্বীকার পত্র পাওয়া না যায়, তাহলে স্কুল কর্তৃপক্ষ পর্ষদ সেক্রেটারীর সঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র সমেত দেখা করবেন।

(b) দ্বিতীয় স্তর (Second Stage)

প্রয়োজনবোধে দ্বিতীয় স্তরের কর্ম পদ্ধতি নিম্নরূপ হবে—

(i) পর্ষদ থেকে শাস্তিমূলক ব্যবস্থার অনুকূলে অনুমোদন পেলে কমিটি প্রস্তাবের (resolution) ভিত্তিতে ১৫ দিনের মধ্যে শাস্তির প্রকার সম্বন্ধে জানিয়ে show cause অর্থাৎ কারণ দর্শাবার নোটীশ দেবেন 28(8) বা (8A)-এর ভিত্তিতে।

(ii) 'শো-কজের' (show cause) এর জবাব পাওয়ার পর ম্যানেজিং কমিটি সভা ডেকে প্রস্তাবাকারে একটি সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(iii) শো-কজ নোটিশের জবাব পাওয়ার এক মাসের মধ্যে ম্যানেজিং কমিটি সংশ্লিষ্ট সমস্ত কাগজপত্র পর্ষদের বিবেচনার জন্য প্রেরণ করবেন।

পর্ষদ তারপর বিষয়টির সবদিক বিবেচনা করে চূড়ান্ত

সিদ্ধান্ত নেবেন এবং স্কুল কর্তৃপক্ষকে সিদ্ধান্ত কার্যকরী করার জন্য নির্দেশ দেবেন। পর্ষদের সিদ্ধান্ত উভয়পক্ষকে চূড়ান্ত ও উভয়কে বাধ্যতামূলকভাবে মেনে নিতে হবে।

2. স্কুল ম্যানেজমেণ্ট পর্ষদের পূর্ব-অনুমোদন ব্যতীত কোন ব্যক্তিকে চাকরি থেকে বিতাড়িত বা কোন শাস্তি দিতে পারবেন না এবং 28(8) বা (8A) অনুযায়ী ম্যানেজমেণ্টের রুলে যে সব পদ্ধতির কথা বলা হয়েছে, তা যথাযথ অনুসরণ না করে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবেন না।
3. উল্লিখিত বিষয়ে সমস্ত যোগাযোগ পর্ষদ সেক্রেটারীর সঙ্গে নামোল্লেখ করে অর্থাৎ সেক্রেটারীর নামে পাঠাতে হবে। খামের ওপর লেখা থাকবে—Disciplinary proceedings.
4. সবক্ষেত্রে পর্ষদ চিঠিপত্রের যথাশীঘ্র প্রাপ্তি স্বীকার করবেন।
5. সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষাকর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের চিঠিপত্র পর্ষদ সকাশে প্রেরণ করার এক মাসের মধ্যেও যদি কোন জবাব পাওয়া না যায়, তাহলে স্কুল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কাগজপত্র নিয়ে যথাসম্ভব তাড়াতাড়ি বিষয়টির পরিসমাপ্তির উদ্দেশে পর্ষদ সেক্রেটারীর সঙ্গে যোগাযোগ করবেন।

স্বাঃ এন. সিনহা (সেক্রেটারী)

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No, 4967/G dt. 25. 5. 83

To
The Headmaster
Bosco Priyanath High School
P.O. Bosco, Dist. Hooghly

বিষয়ঃ বিদ্যালয় প্রশাসন সম্বন্ধে সম্পর্কে নিম্ন স্বাক্ষরকারী তাঁর প্রশ্নের উত্তরে জানাচ্ছেন

প্রশ্ন (Query)	উত্তর (Reply)
1. হাইস্কুলের হেডমাস্টারের পক্ষে স্কুলে সমস্ত প্রকারের হারানোর ঘটনা, যথা—ছাতা, খাতা, পেন, জুতা, বাই সিকেল প্রভৃতি স্থানীয় পুলিস-কে জানানো কি বাধ্যতামূলক?	1. বিদ্যালয়ের প্রধান স্কুলে চুরি বন্ধের জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের অধিকারী।
2. প্রধানের পক্ষে বিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও অন্যান্য স্টাফের মধ্যে ব্যাপারটা জানিয়ে দেওয়া উচিত?	2. বিদ্যালয় প্রধানের চুরি বন্ধে ছাত্র এবং স্টাফের মধ্যে বিভিন্ন প্রস্তাব দেওয়ার অধিকার রয়েছে।

3. প্রধান কি নিজে অথবা স্টাফের সাহায্যে প্রকৃত দোষীকে খুঁজে বের করতে চেষ্টা করতে পারেন ?	3. প্রধান/প্রধানা নিজে অথবা তাঁর পছন্দমত লোকের সাহায্যে অনুসন্ধান কার্য চালাতে পারেন। দামী জিনিস চুরির ঘটনা, যেমন ঘড়ি, বাইসাইকেল চুরির ঘটনা পুলিস কর্তৃপক্ষকে জানান যেতে পারে।
4. প্রধান/প্রধানা কি বিচার করবার ক্ষমতা রাখেন এবং প্রয়োজনে ছাত্রদের শাস্তি দিতে পারেন ?	4. তাঁর পক্ষে হাল্কা ধরনের শাস্তি দেওয়ার অধিকার ও ক্ষমতা আছে। কিন্তু গুরুতর শাস্তি দিতে হলে স্কুল কর্তৃপক্ষের অনুমোদন চাই।

স্বাঃ কে. এন. গাঙ্গুলী
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No. 6136/6 / G 10/261/112 dt. 29. 6. 83

To
The Secretary
Sibpur Binapani Balika Vidyalay
10 Amritalal Mukherjee Lane, Sibpur, Dt. Howrah

Re : ম্যানেজমেণ্ট রুলস, ১৯৬৯—স্টাফ কাউন্সিলের সংশোধিত ক্ষমতা ও কার্যকারিতা।

Ref. : চিঠির নং SBBV(HM)/44/83 dt. 7. 4. 83

পত্রপ্রেরকের অনুসন্ধানের উত্তরে জানান যাচ্ছে যে, স্টাফ-কাউন্সিলের সেক্রেটারীর পক্ষে কাউন্সিলের প্রেসিডেণ্ট, যিনি বিদ্যালয়-প্রধান, তাঁকে কাউন্সিলের মিটিং-এর বিষয়সূচী সম্বন্ধে অবগত রাখা একান্ত আবশ্যক, বিশেষ করে বিদ্যালয়ের অ্যাকাডেমিক ও উন্নয়নমূলক সমস্যা সম্বন্ধে।

তার দ্বিতীয় প্রশ্ন সম্বন্ধে জানান হচ্ছে যে, স্টাফ কাউন্সিলের সেক্রেটারীকে স্টাফ-কাউন্সিল কাজের ব্যাপারে স্কুলের বাইরে যেতে ভার অর্পণ করতে পারে না। ঐরূপ কোন কাজের ভার স্টাফের কোন মেম্বরকে কেবল প্রধান/প্রধানাই দায়িত্ব অর্পণ করতে পারেন।

অনুগ্রহ করে মনে রাখবেন, সংশ্লিষ্ট রুলে স্টাফ কাউন্সিলকে বিদ্যালয়-প্রধানের ক্ষমতার প্রতিদ্বন্দ্বী হিসেবে ভাবে না।

স্বাঃ এন. সিনহা
সেক্রেটারী

স্কুল ম্যানেজমেণ্ট

1. ফাউণ্ডার বা প্রতিষ্ঠাতা অর্থে (Notification No 640-Edn.(s) dt. 24.6.81) বলা হয়েছে যে, যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ, যাঁরা স্কুল অনুমোদন পাওয়ার পর প্রথম কমিটি কর্তৃক স্বীকৃত হয়েছেন।

   যে বা যাঁরা শিক্ষা প্রতিষ্ঠানকে ২০,০০০ টাকা অথবা সমপরিমাণ জিনিসপত্রাদি দান করেছেন। কিন্তু যে বা যাঁরা নোটিফিকেশন No. 855 Edn(s) dt. 23rd Dec., 1980 ইস্যু হওয়ার অব্যবহিত পূর্বে দশহাজার টাকা অথবা সমপরিমাণ মূল্যের জিনিসপত্রাদি দান করেছেন তাঁরাও কমিটির আজীবন সদস্য হবেন। তবে তাঁদের প্রতিষ্ঠিত করতে হলে, তাঁরা যে দশ হাজার টাকা জমা দিয়েছেন, তার হিসাব-কাগজ-পত্র, ব্যাঙ্ক অথবা পোষ্টাল অ্যাকাউণ্ট ও ক্যাশ বুক প্রধানকে দেখাতে হবে।
2. **স্পেশ্যাল কনষ্টিটিউশন ঃ** স্কুলকে স্পেশ্যাল কনষ্টিটিউশন পেতে হলে পর্ষদের কাছে তিন কপি দরখাস্ত জেলা স্কুল পরিদর্শকের বরাবরে পাঠাতে হবে। তবে প্রয়োজনীয় কাগজপত্রের কপিসহ দরখাস্তের একটি কপি অগ্রিম পর্ষদের কাছে পাঠান যেতে পারে।
3. পর্ষদ কর্তৃক নিযুক্ত প্রশাসক কমিটি ম্যানেজিং কমিটি পুনর্গঠন সম্পর্কে পর্ষদের নির্দেশ হুবহু মানতে হবে। পুনর্গঠনের কাজে ব্যর্থ হলে প্রশাসনের কার্যকাল বৃদ্ধির প্রয়োজনে কারণাদি উল্লেখ করে ম্যানেজিং কমিটি কর্তৃক পুনর্গঠনের কর্মসূচী (প্রোগ্রাম) পর্ষদ সকাশে পাঠাতে হবে। সাধারণতঃ প্রশাসকের কার্যকাল বৃদ্ধির দ্বিতীয় দফা সুপারিশ করা হয় না।
4. ম্যানেজিং কমিটি পুনর্গঠনের পর যেইসব স্কুলে ব্যাঙ্ক ও পোস্টাল অ্যাকাউণ্টের অপারেটর পরিবর্তনের দরকার হয়, সেখানে মিনিট বুকের মূল প্রস্তাব এবং ম্যানেজিং কমিটি গঠনের সংশ্লিষ্ট কাগজপত্রাদি ব্যাঙ্ক বা পোস্টাল অথরিটির কাছে পেশ করতে হবে। যেখানে ঐসব প্রস্তাবাদির attestation দরকার, সেখানে স্কুল কর্তৃপক্ষকে ডি. আই. অব, স্কুলস (S.E.)-এর সাথে যোগাযোগ করা প্রয়োজন।
5. ডি. ডি.ও'র মাধ্যমে সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রধান/প্রধানা স্কুলে অবিলম্বে প্রশাসক নিযুক্তির জন্য চেষ্টা করবেন, যাতে অবিলম্বে ম্যানেজিং কমিটি গঠন করা যায়।
6. যে সব স্কুল ম্যানেজিং কমিটি অথবা প্রশাসকের দ্বারা পরিচালিত, সেক্ষেত্রে ম্যানেজমেণ্ট রুলের 15, 30 & 29 ধারা অনুসারে ফিনান্স সাব-কমিটি, অ্যাকাডেমিক কাউন্সিল ও স্টাফ কাউন্সিল সক্রিয়ভাবে কাজ করবেন।

[২৪ পরগণা জেলা স্কুল পরিদর্শক (মাঃ) কর্তৃক প্রচারিত।]

৯

নিয়োগ, অনুমোদন, স্থায়ীকরণ এবং চাকরির অন্যান্য শর্তাবলী

Procedure of Appointment, Approval, Confirmation and other Service conditions

CALCUTTA UNIVERSITY
No. S256 Arbt
2nd September, 1929

APPOINTMENT LETTERS TO TEACHERS
(শিক্ষকদের নিয়োগপত্র)

ভবিষ্যতে লিখিত চুক্তিপত্র ভিন্ন স্থায়ীভাবে অনুমোদিত ও স্বীকৃত বিদ্যালয়ে কোন শিক্ষক/শিক্ষিকাকে নিয়োগ করা চলবে না। ঐরূপ শিক্ষকদের স্কুলে যোগ দেওয়ার আগে সর্বক্ষেত্রে নিয়োগ পত্র (Letters of appointment) দিতে হবে। নিয়োগ-পত্রের একটি নমুনা কপি নীচে দেওয়া হল। স্কুল কর্তৃপক্ষকে তা অনুসরণ করতে হবে।

Draft letter of Appointment (II) (Specimen)

From

The Secretary,
Managing Committee of..............School.

To

....
.... Dated.........19

Dear Sir/Madam,

I am directed by the Managing Committee to inform you that you are hereby appointed Assistant teacher/Headmaster/Asstt. Headmaster substantively/temporarily in...........School on a basic salary of Rs......... per month, in the scale of Rs.........with effect from the date of your joining the School/with effect from ....19......, excluding all otherpay and allowances, admissible under Grant-in-aid rules.

You will be on probation for one year/two years and after successful completion of the probationary period, you will be confirmed on approved services.

You are to continue to serve this Institution subject to the terms and conditions laid down in the School code applicable to aided Schools/unaided Schools.

* You are requested to join accordingly.

Yours faithfully,
Sig./
Secretary
(SEAL)

[নিয়োগপত্র দেওয়ার আগে অথবা চাকরিতে যোগ দেওয়ার সময় সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষা কর্মচারীর শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সার্টিফিকেট বা নিদর্শনপত্র সংগ্রহ করতে হবে। অনুমোদিত ও সাহায্যপ্রাপ্ত স্কুল থেকে আগত শিক্ষক/শিক্ষিকার relase letter ও last pay certificate—duly signed by the Secretary and counter-signed by the concerned Dist. Inspector of Schools (S.E) অবশ্যই জমা দেওয়া দরকার। উক্ত সার্টিফিকেট জমা দেওয়া সম্ভব না হলে, সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকাকে নবাগত বলে ধরা হবে। পূর্ব অভিজ্ঞতাজনিত সুযোগ-সুবিধাদি পেতে হলে release letter ও L.P.C পেশ করা দরকার। —সম্পাদক]

মধ্যশিক্ষা পর্ষদ্‌, পশ্চিমবঙ্গ

dt. 25th Aug, 1953

সার্কুলার নং 3 /Aug/53

To

The Heads of all recognised High Schools

বিষয়: হেডমাস্টার/রেক্টর

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, হাইস্কুলে জয়েন্ট হেডমাস্টার বা রেক্টরের পদ স্বীকৃত নয়।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

মধ্যশিক্ষা পর্ষদ্‌, পশ্চিমবঙ্গ

dt. 1st October, 1953

সার্কুলার নং 43/Oct/53

বিষয়: শিক্ষক/শিক্ষিকার পদত্যাগ বা পদচ্যুতি

এতদ্বারা জানান যাইতেছে যে, স্থায়ীভাবে নিযুক্ত শিক্ষক/শিক্ষিকাকে তিন মাসের নোটীস এবং অস্থায়ীভাবে নিযুক্ত শিক্ষককে নোটীস ব্যতীত পদচ্যুত করা চলবে না।

* নিয়োগপত্র দেওয়ার ক্ষমতা একমাত্র ম্যানেজিং কমিটির পক্ষে সেক্রেটারী অথবা অ্যাডমিনিস্ট্রেটরের। প্রয়োজন বোধে উল্লিখিত নিয়োগপত্রে সংযোজন বা বিয়োজন চলতে পারে। —সম্পাদক

অনুরূপভাবে পদত্যাগকারী ব্যক্তিকে যথাক্রমে তিনমাস (স্থায়ী পদের) ও একমাসের (অস্থায়ী পদের) নোটীস দিতে হবে। অবশ্য নিযুক্তি পত্রে ভিন্নরূপ শর্তাদি থাকলে অন্য কথা। কিন্তু উভয়পক্ষে অপেক্ষাকৃত স্বল্প নোটীসে পদত্যাগ বা পদচ্যুতি গ্রাহ্য।

স্কুল কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে যে, পদত্যাগের নোটীস প্রদানকারী শিক্ষক/শিক্ষিকাকে অনুমতিযোগ্য সময়সীমার বাইরে যেন অনাবশ্যক আটকানো না হয়, অবশ্য কোন নির্দিষ্ট কারণ থাকলে স্বতন্ত্র কথা। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকাকে লিখিতভাবে কারণটুকু জানিয়ে দিতে হবে।

শিক্ষক/শিক্ষিকাকে পদচ্যুত করার পূর্বে নিয়মমত নোটীস না দিয়ে পদচ্যুত করলে স্কুল কর্তৃপক্ষকে পুরাসময়ের বেতন অবশ্যই দিতে হবে। অনুরূপভাবে শিক্ষক/শিক্ষিকা উপযুক্ত নোটীসে পদত্যাগ না করলে তাঁর পুরো সময়ের বেতন বাজেয়াপ্ত হবে।

শিক্ষক স্কুল ছেড়ে যাওয়ার সময় স্কুল কর্তৃপক্ষকে তার প্রাপ্য last pay certificate দিতে হবে। এটা সাহায্যপ্রাপ্ত স্কুলের পক্ষে বাধ্যতামূলক। সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলের শিক্ষক/শিক্ষিকা উক্ত সার্টিফিকেট না পেলে তিনি পর্ষদ্ সেক্রেটারীকে ব্যাপারটি জানাতে পারেন, যেহেতু ঐরূপ সার্টিফিকেট না থাকলে তিনি কোন সাহায্য-প্রাপ্ত স্কুলে পূর্ববর্তী স্কুলের last pay drawn-এর ভিত্তিতে বেতন পাবেন না।*

এই সার্কুলারের ফলে পূর্ববর্তী অফিস সার্কুলার নং 22/June/53 dt. 25th June, 1953 সার্কুলারটি বাতিল হল।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

মধ্যশিক্ষা পর্যদ্, পশ্চিমবঙ্গ

সার্কুলার No. 48/Nov./53 dt. 2nd Nove., 1953

To

The Heads of all recognised High Schools

বিষয়ঃ একই সময়ে একাধিক স্কুলে চাকরি

নিম্ন স্বাক্ষরকারী অনুমোদিত হাইস্কুলের প্রধান/প্রধানাদের দৃষ্টি আকর্ষণ করিতেছেন যে, ইউনিভার্সিটির সার্কুলার নং 8398 M.C. dt. 2nd March, 1948 অনুযায়ী কি স্থায়ী, কি অস্থায়ী পদে নিযুক্ত শিক্ষক পর্যদের বিনা অনুমতিতে একই সময়ে অন্য স্কুলে কাজ করতে পারবেন না। যদি তিনি যে কোন একটি স্কুলের অথবা উভয় স্কুল থেকে বেতন গ্রহণ করেন।

স্বাঃ পি. ব্যানার্জি
সেক্রেটারীর পক্ষে

* এই প্রসঙ্গে পদচ্যুতির পদ্ধতি বিষয়ক রুল 28(8) of G.O. No. 1598-Edn.(S) dt. 15.7.69 এবং Appeal regulations দ্রষ্টব্য। —সম্পাদক

মধ্যশিক্ষা পর্ষদ্ পশ্চিমবঙ্গ

সার্কুলার নং 9/56 dt. 22nd Feb., 1956

To

The Heads of all Recognised High Schools

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গ্রাণ্ট-ইন-এড্ মেমো বা পর্ষদের অন্য কোন সার্কুলারে নির্দেশ থাকা সত্ত্বেও বিদ্যালয়ের প্রধান বা সহপ্রধানের শিক্ষাগত উপযুক্ত যোগ্যতা না থাকার জন্য তাঁদের চাকরি থেকে পুনরাদেশ না পাওয়া পর্যন্ত ছাঁটাই করা চলবে না, অবশ্য প্রধান বা সহপ্রধান ১৯৪৮ সালের ১লা এপ্রিল থেকে কাজের সঙ্গে যুক্ত থাকলে। উক্ত তারিখে তাঁর স্কুল গ্রাণ্ট-ইন-এডের আওতাভুক্ত থাকলে তাঁর বেতন গ্রাণ্ট-ইন-এড্ রুল অনুযায়ী নির্ধারিত হবে।

নিম্ন স্বাক্ষরকারী আরও জানাচ্ছেন যে, যথাসম্ভব বর্তমানে অনুমোদিত স্কুলে কর্মরত আনট্রেণ্ড গ্রাজুয়েট শিক্ষককে কলেজে বি.টি. ডিগ্রীর জন্য ডেপুটেশনে পাঠান হউক। যেসব গ্রাজুয়েট শিক্ষককে বয়সের কারণে বি. টি. ট্রেনিং-এ পাঠান সম্ভব নয়, তাঁরা স্বাভাবিকভাবে অবসর না নেওয়া পর্যন্ত কাজ করতে থাকবেন, কিন্তু যেখানে পদ খালি হবে, সে পদ ট্রেণ্ড গ্রাজুয়েট দ্বারা পরিপূরিত হবে।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

মধ্যশিক্ষা পর্ষদ্, পশ্চিমবঙ্গ

সার্কুলার No. 36/56 dt. 15th July, 1956

To

The Heads of all Recognised High Schools

প্রিয় মহাশয়/মহাশয়া,

এই মর্মে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, পর্ষদের কাছে এরূপ অভিযোগ এসেছে যে, অনেক সময় শিক্ষক ও প্রধান শিক্ষক/শিক্ষিকারা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার নিদর্শন স্বরূপ সার্টিফিকেট না দেখিয়ে কর্মস্থলে যোগ দেন, তারপর তাঁদের কাছে সার্টিফিকেট চাওয়া হলে তাঁরা দেখাতে পারেন না এবং বেপাত্তা হয়ে যান। এরূপ এরূপ হেড মাস্টার দ্বারা ক্ষতিগ্রস্ত স্কুলের বিষয় আমাদের নজরে আছে। এরূপ শিক্ষকদের দ্বারা সমস্ত শিক্ষা পেশার দুর্নাম হয়। অতএব এইসব অবিবেচক-ধূরন্ধর শিক্ষকদের সম্বন্ধে বিশেষ করে গ্রাম এলাকার স্কুলের ম্যানেজিং কমিটিগুলোকে সাবধান করে দেওয়া হচ্ছে যে, শিক্ষক নিয়োগের সময় তাঁরা যেন প্রার্থীর মূল সার্টিফিকেট দেখে-শুনে নেন।

এরূপ ঘটনা আরও ঘটেছে যে, নূতন স্কুলে যোগ দেওয়ার আগে কোন শিক্ষককে তার বিবৃতির ভিত্তিতে বেতন দেওয়া হয়েছিল। কিন্তু পরবর্তীকালে দেখা গেছে যে,

তাঁর বিবৃতি সত্য নয়। এরূপ সম্ভাবনার বিরুদ্ধে রক্ষাকবচ হিসেবে স্কুল ম্যানেজিং কমিটিতে নবনিযুক্ত শিক্ষক/শিক্ষিকার last pay certificate দেখে এবং তার ভিত্তিতেই শিক্ষকের বেতন নির্ধারিত করবেন। এরূপও ঘটতে দেখা যায়, last pay certificate যথাসময়ে না পাওয়ায় শিক্ষককে অসুবিধায় পড়তে হয়, এরূপ ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পর্ষদের কাছে জানাতে হবে। স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া যাচ্ছে যে, শিক্ষক স্কুল ছাড়ার সঙ্গে সঙ্গেই তাকে last pay certificate দিয়ে দিতে হবে।

আপনার বিশ্বস্ত
স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

মধ্যশিক্ষা পর্ষদ্, পশ্চিমবঙ্গ

সার্কুলার No. 43/56 dt. 28th Aug., 1956

To

The Heads all Recognised High Schools

বিষয়ঃ শিক্ষকদের চাকরিতে স্থায়ীকরণ (Confirmation of Service of a teacher)

শিক্ষকদের deputation-এর অনুমোদনের বিষয় বিবেচনা করতে গিয়ে দেখা গেছে যে, অনেকক্ষেত্রে অবেক্ষাধীন (probationary period) সময় অতিবাহিত হওয়ার পূর্বে শিক্ষককে স্থায়ীকরণ করা হয়েছে। ইহা জেনে রাখতে হবে যে, গ্রাণ্ট-ইন-এড্ রুলস অস্থায়ী সাহায্যপ্রাপ্ত স্কুলের অবেক্ষাধীন সময় দু'বছর। সাময়িক গ্রাণ্ট (lump grant) প্রাপ্ত স্কুলকেও সাহায্যপ্রাপ্ত স্কুল বলে ধরা হবে।

এডেড স্কুলের স্থায়ীপদে নিযুক্ত শিক্ষক অন্য কোন এডেড স্কুলে নিযুক্ত হলে একই হারে (অর্থাৎ L.P.C ভিত্তিতে) যে বেতন পাবেন এবং অবেক্ষাধীন সময়ও ম্যানেজিং কমিটির বিবেচনায় কমতে পারে। যদি কোন স্কুলের স্থায়ীপদে নিযুক্ত শিক্ষককে অন্য স্কুলে উচ্চতরে বেতনে নিযুক্ত করা হয়, তাহলে সেক্ষেত্রে অবেক্ষাধীন সময় হবে একবছর।

আন-এডেড স্কুলের ক্ষেত্রে রিভাইজড স্কুলকোড অনুযায়ী অবেক্ষাধীন সময় ছ'মাস। আন-এডেড স্কুলের শিক্ষক এডেড স্কুলে নিযুক্ত হলে তাঁকে দু'বছর অবেক্ষাধীন থাকতে হবে।

যদিও অনুমোদিত স্কুলের ম্যানেজিং কমিটিই উপযুক্ত কর্তৃপক্ষ হিসেবে স্কুলে নিযুক্ত শিক্ষককে স্বপদে স্থায়ী করতে পারেন, তবুও সংশ্লিষ্ট শিক্ষকের অবেক্ষাধীন সময় উপেক্ষা করা বা কমান উচিত হবে না। (vide para 2)

কোন স্কুলে একাধিক্রমে কোন শিক্ষক/শিক্ষিকা দু'বছর শিক্ষকতা করলে এবং অবেক্ষাধীন সময়ের এক মাসের মধ্যে উক্ত শিক্ষকের স্থায়ীকরণ সম্বন্ধে ম্যানেজিং কমিটি কোন সিদ্ধান্ত গ্রহণ না করলে, ঐ শিক্ষক স্বপদে স্থায়ী হয়েছেন বলে বিবেচিত হবে।

স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

মধ্যশিক্ষা পর্যদ, পশ্চিমবঙ্গ

সারকুলার No. 20/60 dt. 18th Aug. 1960

To,
The Heads of all Recognised Aided School.

বিষয়ঃ স্বল্পকালীন শূন্যপদে অস্থায়ী শিক্ষক নিয়োগ

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, লীভ ভেকেন্সীতে কোন শিক্ষক / শিক্ষিকাকে ত্রিশ দিনের কম সময়ের জন্য নিযুক্ত করলে উক্ত সময়ের জন্য ব্যয় গ্রান্ট-ইন-এডে স্বীকৃত নয়। অল্প সময়ের জন্য লেখা পড়ার বিষয়টি অন্যান্য সহযোগী শিক্ষকদের দ্বারা ব্যবস্থা করে নিতে হবে।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

Particulars Required in connection with Approval of Appointment of Teachers in Government Aided High Schools

(To be furnished in triplicate supported by a copy of the resolution of the Managing Committee)

1. (a) Whether a case of appointment in a permanent vacancy consequent upon the retirement/resignation of a teacher.
   (b) Whether a case of temporary arrangement in leave or deputation vacancy (the kind or period of leave or deputation with date to be noted)
   (c) Whether a case of confirmation,
   (d) Whether a case of strengthening the staff.
2. Name of Teacher—
3. Father's/Husband's Name—
4. Residence——
   Village—— P.O.—— P.S.—— Dist.——

N. B.—If the teacher comes from Bangladesh, he/she shall have to make an affidavit before a competent court declaring himself/herself to be a citizen of the Indian Republic and the affidavit shall have to be submitted to this office.

5. Age as given in the Matric/S.F,/P.U./H.S. Pass Certificate—
6. Academic qualifications—

	Years in which Passed	Division & Class	Subjects
Matric/S.F./H.S./P.U.	...	...	...
I. A., I.Sc. or I. Com.	...	...	...
B.A, B.Sc.. or B. Com.	...	...	...
M.A., M.Sc. or M.Com.	...	...	...
V.M./B.T./M.Ed.	...	...	...
Science/Geography Training Certificate	...	...	...

7. Previous teaching experience—Schools with period of service :

N. B.—Teachers shall have to produce documentary evidence regarding their teaching experience or he/she will be treated as a new entrant.

8. If the teacher previously worked in any Government Aided School, West Bengal, the rate of pay or allowance drawn as given in his/her last pay certificate (a copy of the last pay certificate attested by the Secretary of the school concerned be furnished).
9. Nature of vacancy in which appointed, name of the teacher, designation, pay etc., in whose place appointed.
10. Date on which appointed :
    Pay and allowance admissible under the new rules :
    (In case of confirmation—date on which first appointed should be noted with the original pay).
    (Resolution, No. & date of the meeting to be noted)
11. Condition, if any, of the appointment.
12. In case of strengthening the staff following particulars should be furnished :
    (a) Present roll strength of the school.
    (Class by Class)

(b) No. of posts sanctioned as per Grant-in-aid memo.
(c) Existing number of teachers on the staff classified according to qualifications.
(d) Special reasons why the staff has been strengthened and subjects specially to be taught by the teacher to to be noted.

Certificates to be given :
(i) That the teacher's pass certificates have been verified.
(ii) That the previous experience of the teacher as noted has been verified from the documentary evidences produced by the teacher.
(iii) That the post (in case of permanent vacancy or strengthening of staff) was duly advertised.

Signature of the Hd. master/Hd. mistress   Signature of Secretary.
Date··· ···19   Date·········19

মধ্যশিক্ষা পর্ষদ, পশ্চিমবঙ্গ

সারকুলার নং 4/61   dt. 11th March 1961

To
The Heads of all Class X and XI Class Schools.

বিষয় : বি. টি. শিক্ষক নিয়োগ

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, প্রায় দেখা যায়, কোন শিক্ষক বি. টি. ট্রেনিং-এ ডেপুটেশনে যাওয়ার পূর্বে ট্রেনিং শেষ হওয়ার পর থেকে পাঁচ বছর কাজ করবেন বলে অঙ্গীকারবদ্ধ হন। কিন্তু বি. টি. পাস করার পর তাঁর নিজস্ব স্কুল ও পর্ষদের বিনা অনুমতিতে চুক্তিনামা অগ্রাহ্য করে অন্যত্র চলে যান।

অতএব ট্রেণ্ড টীচারকে নিযুক্ত করতে হলে দেখতে হবে—
(i) সংশ্লিষ্ট শিক্ষক / শিক্ষিকা তার বি. টি. ট্রেনিং শেষ হওয়ার পর থেকে পাঁচ বছর, অথবা ট্রেনিং পাস করার তারিখ থেকে তিন বছর অতিক্রম করার আগে চলে যাচ্ছেন কিনা ;
(ii) তিনি পর্ষদ্ (রাজ্য সরকার থেকে) থেকে ডেপুটেশন এলাউন্স ভোগ করেছেন কিনা ;
(iii) তিনি পর্ষদের অনুমতি নিয়ে স্কুল কর্তৃক মুক্ত হয়েছেন কিনা (শিক্ষককে পর্ষদ্ ছাড়পত্র (release letter) দিয়েছেন কিনা, তা পেশ করতে হবে)।

যে শিক্ষককে পর্ষদ্ ছাড়পত্র মঞ্জুর করেন নি, তাঁকে অন্য কোন স্কুলে নিযুক্ত করা উচিত হবে না।

স্বাঃ এস্. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার (শিক্ষা বিভাগ)

(উন্নয়ন শাখা)

No. 1786 Education (D)/5P—11/61 dt. 29th April, '61

To

The Director of Public Instruction, West Bengal

বিষয় : মাধ্যমিক শিক্ষকদের জন্য বেতনের মান উন্নয়ন

গভঃ অর্ডার No. 1519—Education, dt. 4th October, 1958 সংশোধন করে রাজ্যপালের আদেশক্রমে জানান হচ্ছে যে, M.A./M.Sc (Class III) পাঁচ বছরের শিক্ষাগত যোগ্যতাসহ এবং সহ-প্রধান হিসেবে ১৯৬১ সালের ১লা মার্চের পূর্বে পাঁচ বছরের শিক্ষাগত যোগ্যতা আছে অথবা অস্থায়ীভাবে সাহায্যপ্রাপ্ত স্কুলে প্রধান/প্রধানার পদে কর্মরত, তাঁদের হেডমাষ্টার হিসেবে স্বীকৃত স্কেলে স্থায়ীভাবে নিযুক্ত করা যেতে পারে। স্বাঃ এইচ. বি. ঘোষ

সেক্রেটারীর পক্ষে

মধ্যশিক্ষা পর্ষদ, পশ্চিমবঙ্গ

dated Cal. 27th February, 1962

বিষয় : পার্ট টাইম হিন্দী শিক্ষক

হাই স্কুলে হিন্দী পড়ানোর প্রয়োজনে আংশিক সময়ের জন্য সপ্তাহে ৮ পিরিয়ডের প্রয়োজনে চল্লিশ টাকায় এবং তার বেশী পিরিয়ড হলে ৫০ টাকা বেতনে পার্ট টাইম হিন্দী শিক্ষক নিযুক্ত করা যেতে পারে। আর যদি সর্বক্ষণের (whole time) জন্য শিক্ষকের প্রয়োজন হয়, তাহলে যোগত্যাসম্পন্ন পুরো সময়ের জন্য শিক্ষক নিযুক্ত করা চলতে পারে।

তৃতীয় ভাষা হিসেবে হিন্দী শিক্ষক নিযুক্ত করতে হলে প্রবেশিকা অথবা তদ্রূপ যোগ্যতা ও কোবিদ পাস অথবা ডিপ্লোমা ইন্ হিন্দী টিচিং কম পক্ষে থাকা চাই।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

সারকুলার No 6/68 dt. 1st. March, 1968

বিষয় : আনএডেড স্কুলের শিক্ষকের চাকরিতে স্থায়ীকরণ

রেফা : সারকুলার নং 43/56 dt. 28th Aug, 1956

উক্ত সারকুলারের আংশিক সংশোধন করে জানান হচ্ছে যে আনএডেড স্কুলে এরপর থেকে স্থায়ীকরণের নীতি এডেড স্কুলের মত হুবছরই।

অন্যান্য শর্তাদি সারকুলারে যা বলা আছে, তাই থাকবে। স্বাঃ ডি. মজুমদার

সেক্রেটারী

GOVERNMENT OF WEST BENGAL
EDUCATION DIRECTORATE
Grant-in-aid Section

Particulars in connection with the condonation of break of service of teachers and other staff of aided Secondary Schools.

1. Name of the Teacher / Headmaster / Headmistress / Asst. Headmaster / Asst. Headmistress / Clerk
2. Qualification
3. The period of break in service for which condonation is required (dates to be indicated) (from……to……)
4. Reasons for the break in service for which condonation is required (copy of documents, if any, supporting the statement to be submitted)
5. (a) Name and address, status (High, Jr. High etc.), management (aided/unaided) of the Institution where he/she served just before the break.
   (b) Period of service in the institution [i.e. the institution under (a) above (from……to… … …)]
   (c) Post held in the institution (Headmaster / Headmistress/ Asstt. Headmaster/Asstt. Headmistress/Asstt. Teacher etc.)—whether confimed/on probation/temporary etc.

An attested copy of—
   (i the Managing Committee's Resolution regarding appointment/confirmation etc., in the institution.
   (ii) Letter of the Board or D. P. I., W. B. approving the appointment and in its absence.
   (iii) the letter approving the appointment of the outgoing incumbent in whose place he/she was appointed.
   (d) Reasons for leaving the institution (If due to resignation, discharge etc., an attested copy of the relevant extract of the resolution of the Managing Committee to be submitted).
   (e) Total length of service in other recognised secondary schools prior to break. (Names of such institutions and period of service in each to be indicated).

6. (a) Name, status (High/Jr. High etc.) and management (aided/unaided) of institution where he/she joined just after the break.

(b) Post held in this school (i.e. in the school under 6a—whether confirmed/on probation/temporary).

7. If he/she is still in the institution as stated in 6a. If not, the names, status (High/Jr. High etc.) and management aided/unaided) of institution(s) he/she served subsequently with period of service in each to be indicated.

8. (a) The period of break in service condoned on any previous occasion(s), if any. (An attested copy or copies of the order(s) to be submitted).

Period of previous break not condoned, if any (from……to……)

9. Remarks. if any,

Countersignature of the Secretary or Administrator of the school with his/her official seal to signify that he/she has verified the above statement with ref. to the original records and papers.

Signature of the teacher/Headmaster/Headmistress/
Asstt. Headmaster/Asstt. Headmistress/Clerk.

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টোরেট অব এডুকেশন

গ্রাণ্ট-ইন্‌-এড সেকশন

No 3225(24) GA dt. 19th April, 1967

To,

The District Inspector of Schools, Howrah

বিষয়ঃ সাহায্যপ্রাপ্ত নন্‌ গভঃ সেকেণ্ডারী স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মীদের বিতাড়ন এবং পরবর্তীকালে যোগদান

এডুকেশন ডাইরেক্টোরেটের এরূপ ঘটনা নজরে এসেছে যে, স্কুল কর্তৃপক্ষ শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিতাড়ন করে তাঁদের পরিবর্তে বদলী শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিযুক্ত করেছেন। বিতাড়িত কর্মচারীদের কেউ কেউ পরবর্তী সময়ে উপযুক্ত কর্তৃপক্ষের আদেশে অতীতের স্বযোগ (retrospective effect) পেয়েছেন। স্কুল কর্তৃপক্ষ এই উপযুক্ত কর্তৃপক্ষের আদেশে প্রত্যাবর্তিত শিক্ষক ও শিক্ষা কর্মচারীদের ডাইরেক্টোরেটের কাছে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী করেছেন। এর ফলে বদলী শিক্ষক ও অশিক্ষক

কর্মচারীদেরও চাকরি থেকে ছাঁটাই করা দুরূহ এবং কর্তৃপক্ষের উপর অতিরিক্ত দায়িত্ব এসে পড়েছে।

এই অবস্থায় সাহায্যপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক স্কুলের কর্তৃপক্ষকে জানান যাচ্ছে যে, তাঁরা যেন ছাঁটাই জনিত কোন শিক্ষক / অশিক্ষকের শূন্য পদে কোন বদলী শিক্ষক কর্তৃপক্ষের বিনা অনুমতিতে নিযুক্ত না করেন। কারণ অ্যাপিল কমিটিতে বহু শিক্ষক প্রধান / প্রধানাসহ বহু অশিক্ষক কর্মচারীর কেস অ্যাপিল পর্যদের কমিটির বিচারাধীন আছে।

বেসরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলের কর্তৃপক্ষকে এই সিদ্ধান্ত জানিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

কে. আর ব্যানার্জি
(for.) ডাইরেক্টর অব পাবলিক
ইনষ্ট্রাকশন, পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ
এডুঃ ডাইরেক্টরেট

No. 92(50)SC/S dt. 6th January, 1972

To
The Dist. Inspector of Schools (S.E.)

বিষয়ঃ মাদ্রাসা সহ মাধ্যমিক বিদ্যালয়ে আন-ট্রেণ্ড শিক্ষক নিয়োগ।

এতদ্দ্বারা জানান যাচ্ছে যে, রাজ্যের ট্রেনিং কলেজগুলোতে ফ্রেশার প্রার্থীদের জন্য যথেষ্ট সংখ্যক আসন সংরক্ষণ করা আছে। প্রতি বছর বহু সংখ্যক ফ্রেশার ট্রেণ্ড প্রার্থী ট্রেনিং কলেজ থেকে বের হচ্ছেন, যাঁদের মাধ্যমিক স্কুলে চাকরির চিন্তাভাবনা করা যেতে পারে। অতএব রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়ে আন-ট্রেণ্ড শিক্ষকদের নিয়োগে নিরুৎসাহ করা হচ্ছে। কারণ ট্রেণ্ড শিক্ষক বিরল নয়।

অতএব তাঁর এলাকায় মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানদের এই মর্মে জানিয়ে দেওয়া হউক, ১৯৭২ সালের জানুয়ারী মাস থেকে জুনিয়র হাই, জুনিয়র মাদ্রাসা, হাই স্কুল, হায়ার সেকেণ্ডারী স্কুল, হাই ও হায়ার মাদ্রাসাতে কোন আন-ট্রেণ্ড শিক্ষক/শিক্ষকা নেওয়া চলবে না।

হাই ও হায়ার সেকেণ্ডারী স্কুলে আন-ট্রেণ্ড শিক্ষক নেওয়া যেতে পারে, যদি স্কুল কর্তৃপক্ষ প্রমাণ করতে পারেন যে, অ্যাড্‌ভারটাইজমেণ্ট করা সত্ত্বেও ট্রেণ্ড শিক্ষক পাওয়া যায়নি।

উল্লিখিত অনুশাসন অবিলম্বে বিস্তৃতভাবে প্রচার বাঞ্ছনীয়।

স্বাঃ এস. সি. রায়
পক্ষে—ডি. পি. আই, ওয়েষ্ট বেঙ্গল

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

Memo No. $\frac{\text{1369/GA}}{\text{4G 24-6GA/66Pt}}$ dt. 9th July, 1973

To

The Dist. Inspector of Schools (S.E.), Jalpaiguri (P.O. & Dist.)

বিষয়ঃ সহশিক্ষামূলক হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলে attendant নিয়োগ

তাঁর চিঠির নং 68/H dt. 30.3.73 জানান হচ্ছে যে, অনুমোদিত হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলে ১৯৬৩-৬৪ সালের পরের কোন তারিখে নির্ধারিত সংখ্যার বাইরে নিযুক্ত attendant নিয়োগ গভঃ অর্ডার 3641 Edn(i) dt. 15. 11. 63 অনুযায়ী অনুমতি-যোগ্য নয়।

স্বাঃ এস. চ্যাটার্জি
ডি. পি. আইর (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

(গ্রাণ্ট-ইন-এড্ সেকশন)

No. 12671-GA dt. 17th Dec., 1968

To

The D. I. of Schools, Howrah and Hooghly South

বিষয়ঃ সাহায্যপ্রাপ্ত হায়ার সেকেণ্ডারী স্কুলে অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর।

এরূপ লক্ষ্য করা গেছে যে, কতিপয় স্কুলের কর্তৃপক্ষ শিক্ষা বিভাগ থেকে কোন মঞ্জুরী না নিয়ে অতিরিক্ত পদে শিক্ষক নিয়োগ করেছেন। ফলে ঐসব পদে নিযুক্ত শিক্ষকেরা সরকারী মহার্ঘ্য ভাতা পাচ্ছেন না; গ্রাণ্টস্-ইন-এডেড় তাঁদের প্রাপ্য বেতন মঞ্জুর করা যাচ্ছে না। এর ফলে কমিটির ওপর আর্থিক চাপ পড়ছে।

অতএব, হাই ও হায়ার সেকেণ্ডারী স্কুলে অতিরিক্ত পদে শিক্ষক নেওয়ার একটা মাপকাঠি স্থির করা হল:

(i) মঞ্জুরীকৃত স্টাফের বাইরে অতিরিক্ত কোন শিক্ষক ডাইরেক্টরেটের অনুমতি ছাড়া নেওয়া যাবে না।

(ii) স্কুলের বিভিন্ন ক্লাশে ছাত্রসংখ্যা কমে গেলে অথবা হায়ার সেকেণ্ডারীতে শিক্ষক নেওয়ার শিক্ষকের সংখ্যা অতিরিক্ত হতে পারে। সেক্ষেত্রে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কোন শিক্ষক, স্থায়ী বা অস্থায়ীভাবে নেওয়া চলবে না।

(iii) ডাইরেক্টোরেট কর্তৃক কোন ক্লাশে অতিরিক্ত সেকশন খোলার প্রস্তাব নিম্নলিখিত মাপকাঠিতে বিচার্য :

(a) কোন বিশেষ ক্লাশে গত দু'বছর ধরে ছাত্রসংখ্যা বৃদ্ধির হার ক্রমাগত উর্ধ্বদিকে এবং দেখতে হবে, তা অন্যান্য স্কুল কোর্স শেষ করে ট্রান্সফার নিয়ে অথবা অভিভাবকের ইচ্ছায় আসছে।

(b) সাধারণতঃ ক্লাশের নির্দিষ্ট সংখ্যার ওপর ১৫ জন অতিরিক্ত অনুমতি সাপেক্ষে ভর্তি যোগ্য।

(c) ক্লাশরুমের পরিসর 400 sq. ft.

(iv) প্রত্যেক ক্লাশে ৫ থেকে ১০ জনের ভর্তি শিক্ষা বিভাগ কর্তৃক অনুমতিযোগ্য।

(v) অতিরিক্ত পদে শিক্ষক নিয়োগ অস্থায়ীভাবে দু'বছরের জন্য দেওয়া যেতে পারে।

(vi) পুনরাদেশ না দেওয়া পর্যন্ত একটি স্কুলে কেবল একজন অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর করা যেতে পারে।

(vii) শিক্ষকদের মোট সংখ্যা নির্ণয়ে হায়ার সেকেণ্ডারী শিক্ষকের প্রয়োজন ধর্তব্যের মধ্যে গণনা করা হবে না, যদি স্কুল কর্তৃপক্ষ গ্রাণ্ট-ইন-এড্ না নিয়ে হায়ার সেকেণ্ডারী স্কীম চালাতে রাজী হয়ে থাকেন।

(viii) শিক্ষকদের সর্বনিম্ন শিক্ষণভার নিম্নানুরূপ হবে :

হেড মাস্টার/হেড মিস্ট্রেস : 12 পিরিয়ড সপ্তাহে, টিউটোরিয়েল সহ।

অ্যাসিঃ হেড মাস্টার / হেড মিস্ট্রেস : 22 পিরিয়ড সপ্তাহে অন্যান্য টিউটোরিয়েল সহ।

অ্যাসিঃ টীচার : সপ্তাহে 29 পিরিয়ড অন্যান্য টিউটোরিয়েল সহ।

১৯৬৯ সালের জানুয়ারী সেশন থেকে উক্ত নিয়মাবলী কঠোরভাবে অনুসরণীয়।

বিষয়টি হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলের জন্য প্রচার করা যেতে পারে।

স্বাঃ কে. আর. ব্যানার্জি

ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশন, পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ (সেকেণ্ডারী ব্রাঞ্চ)

No. 386-Edn(S) / 5P-3G/Pt 72 dt. 12th March, 1964

To

The Director of Public Instruction, West Bengal

বিষয় : অনুমোদিত বেসরকারী হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলে প্রধান/প্রধানার পদে নিয়োগ

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বেসরকারী হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলের প্রধান/

প্রধানার শিক্ষাগত যোগ্যতা কিরূপ, পে-স্কেল সংশোধনের সাথে বহুবার জানান হয়েছে। ১৯৭১ সালের মেমো নং 666F dt. 1st March, 1971-এর ANNEXURE রিভাইজড্ স্কেল অব্ পে প্রকাশের সঙ্গে প্রধান/প্রধানার যোগ্যতার বিষয় বলা হয়েছে। পরবর্তী G.O. No. 1332-Edn/(S) dt. 24th Dec., 1966-এ বলা হয়েছে কোন নিম্ন যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে কেবলমাত্র অস্থায়ীভাবে ছাড়া নিযুক্ত করা চলবে না। তৎসত্ত্বেও বেশ কিছুসংখ্যক নিম্ন যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে নিয়োগ করা হয়েছে এবং প্রধান/প্রধানা হিসেবে তাঁরা বছরের পর বছর কাজ চালিয়ে যাচ্ছেন।

2. যেসব হেড মাস্টার/হেড মিস্ট্রেসের নির্ধারিত শিক্ষাগত সর্বনিম্ন যোগ্যতা নেই, তাদের নিম্নোক্ত বিভাগের যে কোন একটিতে রাখা যেতে পারে—

(1) তৃতীয় শ্রেণীর এম.এ, এম. ·এস্-সি. (থাকলে) ১৯৬১ সালের ১লা মার্চে অথবা তৎপূর্বে নিযুক্ত হলে,

(2) এম.এ/এম.এস-সি, শতকরা ৪০ নম্বরের কম পেয়ে ১৯৬৬ সালের ২৪শে ডিসেম্বরের পরে নিযুক্ত ;

(3) গ্রাজুয়েট (স্পেশ্যাল অনার্স সহ), ১৯৬৬ সালের ২৪শে ডিসেম্বরের পরে নিযুক্ত ;

(4) পাসকোর্স গ্রাজুয়েট, ১৯৬২ সালের ১লা এপ্রিল অথবা তারপরে নিযুক্ত (উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনে এখনও কর্মরত) ;

(5) এই সমস্ত নিয়োগকে নিয়মিতকরণের (regularisation) বিষয়টি বহুদিন ধরে সরকারের বিবেচনাধীন আছে ; অনেক বিচার-বিবেচনার পর সরকার নির্দেশ দিচ্ছেন যে,—

(a) (i) (1), (2) ও (3) নম্বর category-এর লোকেরা, তাদের ইচ্ছায় (options) সংশোধিত পে-স্কেলে যেতে পারেন, অবশ্য তাঁদের কাজকর্ম সন্তোষজনক অনুভূত হলে, (ii) নিয়োগ যদি উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হয়ে থাকে, (iii) হেড মাস্টার/হেড মিস্ট্রেস হিসেবে নিযুক্তির সময় পাঁচ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা ও ট্রেনিং যোগ্যতা ছিল কিনা ; (iv) ১৯৭৩-এর ১লা এপ্রিলের আগে টানা তিন বছর কাজের অভিজ্ঞতা আছে কিনা।

(b) ১৯৬২ সালের ৩১শে মার্চ থেকে পাস গ্রাজুয়েট প্রধান/প্রধানার পদে কাজ করে থাকলে এবং হেড মাস্টার/হেড মিস্ট্রেসদের জন্য নির্ধারিত স্কেলের গোড়ার অংকটা পাওয়ার অনুমতি পেয়ে থাকলে, তাঁদের উল্লিখিত (a) clause-এ শর্তাদি পূরণে বেতনের উপর increment বা বাৎসরিক বৃদ্ধি পাওয়ার অনুমতি দেওয়া হবে।

(c) ১৯৬২ সালের ১লা এপ্রিল থেকে ১৯৬৬ সালের ২৪শে ডিসেম্বর পর্যন্ত যেসব নিযুক্ত পাস গ্রাজুয়েটকে নিজেদের option-এর ভিত্তিতে

পরিশোধিত বেতন স্কেলের গোড়ার অংকটা পাওয়ার অনুমতি দেওয়া হউক, অবশ্য (a) category-এর শর্তাদি পূরণ সাপেক্ষে, তিন বছরের মধ্যে যোগ্যতা বাড়াতে পারলে তাঁদের যথাযথ increment দেওয়া হবে, অন্যথায় তাঁদের স্থলে যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের দিয়ে পূরণ করা হবে।

(d) ১৯৬৬ সালের ২৪শে ডিসেম্বরের পরে নিযুক্ত ট্রেণ্ড পাস গ্রাজুয়েট এবং শিক্ষাগত যোগ্যতা থাকলে তিন বছরের মধ্যে যোগ্যতা বাড়াতে পারলে নির্ধারিত স্কেল অব্ পে দেওয়া হবে, অন্যথায় যোগ্য শিক্ষকের দ্বারা ঐ পদ পূরণ করা হবে।

(e) ১৯৭০ সালের ১লা এপ্রিলে অন্যান্য হেড মাস্টার / হেড মিস্ট্রেসদের যোগ্যতা না থাকলে এবং তিন বছরের কম শিক্ষাগত টানা অভিজ্ঞতা থাকলেও পরবর্তী তিন বছরের মধ্যে শিক্ষাগত যোগ্যতা অর্জন করলে তাঁদের নির্ধারিত বেতন স্কেল দেওয়া যাবে।

(6) Clause (a) ও Clause (b)-তে বর্ণিত সূত্র অনুযায়ী এবং শর্তাদি পরিপূরণের ভিত্তিতে প্রধান/প্রধানাদের বেতন ধার্য করবার নিম্নলিখিত নীতি নির্ধারণ করা হল :

(i) ১৯৭০ সালের ১লা এপ্রিল থেকে (a) category-এর প্রধান/প্রধানাদের জন্য নির্ধারিত পে-স্কেলের গোড়ার বেতন অথবা প্রদত্ত officiating pay পাওয়া যেতে পারে। ঐরূপ কোন স্টেজ না থাকলে স্টেজের নীচের স্কেল স্থির করা যেতে পারে এবং বাকীটা personal pay হিসেবে ভবিষ্যৎ বৃদ্ধির (future increment) সাথে মিশিয়ে দেওয়ায় ভিত্তিতে মঞ্জুর করা যেতে পারে।

(ii) (b) category-এর প্রধান/প্রধানা, যাঁদের বেতন time scale-এর গোড়ার অংকে স্থির করা হয়েছিল, তাঁদের ১৯৭০ সালের ১লা এপ্রিল থেকে স্কেলে ইনক্রিমেণ্টের জন্য অনুমতি দেওয়া যেতে পারে।

আর্থিক সুবিধা সবক্ষেত্রেই এই অর্ডার ইস্যু হওয়ার তারিখ থেকেই পাওয়া যাবে।

(7) ভবিষ্যৎ নিযুক্তির জন্য নিম্নলিখিত নীতি-বিধান পালন করতে হবে :

(i) উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানা না থাকলে ভবিষ্যতে জুনিয়ার হাই স্কুলের স্বীকৃতির জন্য সুপারিশ করা হবে না।

(ii) বিশেষ ক্ষেত্র ব্যতীত কোন নিম্ন যোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানাকে ছয় মাসের বেশী সময়ের জন্য অনুমোদন দেওয়া যাবে না। ডি. পি. আই, ওয়েষ্ট বেঙ্গলের নির্দেশ উপেক্ষা করলে সংশ্লিষ্ট স্কুলের পোষ্টের জন্য গ্রাণ্ট

আটকে দেওয়া হবে। অবশ্য ভাল এবং যথেষ্ট যুক্তি থাকলে সাময়িক অনুমোদনের সীমা আরও ছয়মাস বাড়িয়ে দিতে পারেন।

(iii) নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন সহ-প্রধান/সহ-প্রধানার টানা অন্ততঃ পাঁচ বছরের সহ-প্রধানের অভিজ্ঞতা থাকলে প্রধান/প্রধানার পদের জন্য উপযুক্ত প্রার্থী হতে পারেন, যদিও সেরা প্রার্থীর জন্য প্রত্যেকটি ক্ষেত্রে ঘোষণা করতে হবে।

স্বাঃ বি. এন. চ্যাটার্জি
জয়েণ্ট সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট / গ্রাণ্ট-ইন্-এড্ সেকশন

No $\frac{\text{36—G.A.}}{\text{4G-527-OA/67}}$ dt. 13th July, 1974

বিষয়ঃ হাই/হায়ার সেকেণ্ডারী এডেড স্কুলের প্রধান/প্রধানার পদ পূরণ প্রসঙ্গে

দেখা যাচ্ছে, কিছু কিছু এডেড হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলের প্রধান/প্রধানার শূন্য পদ পূরণের ব্যাপারে অনুমতি চেয়ে ডাইরেক্টোরেটে কেস পাঠান হচ্ছে।

সার্কুলার নং 671(16)GA dt. 19.4.74 এবং গ্রাণ্ট-ইন-এডের দরখাস্ত প্রসঙ্গে যে সমস্ত অনুশাসন No 11(a) এবং (11)b 1973-74 বলা হয়েছে, পদত্যাগ, বয়োপ্রাপ্তি এবং মৃত্যুজনিত কারণে—প্রধানের পদ শূন্য হলে পদপূরণের নিয়ম-নীতি অনুসারে সংশ্লিষ্ট স্কুলকে পদ পূরণ করতে হবে, অবশ্য এই ব্যাপারে কোন প্রকারের গোলমাল (dispute) না থাকলে। কিন্তু যদি ঐ শূন্য পদে সমস্ত নিয়মকানুন মেনে স্কুলের কোন সহকারী শিক্ষক / সহ-প্রধান শিক্ষককে প্রধানের পদে নেওয়া হয়, তবে ঐ শিক্ষক বা সহ-প্রধানের শূন্যপদ পূরণের জন্য ডাইরেক্টোরেট থেকে পূর্ব-অনুমতি নিতে হবে।

স্বাঃ / অস্পষ্ট
for ডি. পি. আই. ওয়েষ্ট বেঙ্গল

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট

No $\frac{\text{2350/(16)SC/G}}{\text{7A-24G/75}}$ dt. 8th. Nove, 1978

To

The Dist Inspector of Schools, S.E.

বিষয়ঃ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পুরুষ শিক্ষক নিয়োগ

উল্লিখিত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, অনুমোদিত বালিকা বিদ্যালয়ে সাধারণতঃ পুরুষ শিক্ষক নিয়োগ অনুমোদনযোগ্য নয়। এডুকেশন ডাইরেক্টরের কাছে

অনুমতি নিয়ে বিশেষ অবস্থায় কেবলমাত্র পুরোপুরি অস্থায়ীভাবে পুরুষ শিক্ষক নিয়োগ করা চলতে পারে। তবে যথাসম্ভব যোগ্যতাসম্পন্ন মহিলা শিক্ষিকা দ্বারা ঐ পদ পূরণ করতে হবে। ১৯৬৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত ঐরূপ শিক্ষক নিযুক্ত হলেও ১৯৭৫ সালের ১লা জানুয়ারীর পরে নয়। এবং যারা ঐ পর্যন্ত কাজ করে আসছে, তাদের প্রত্যেকটি কেসের গুণাগুণ বিচার-বিবেচনা করে তাদের ডি. পি. আইয়ের নির্দেশে স্বপদে স্থায়ী করা যেতে পারে।

যে সমস্ত পুরুষ শিক্ষক ১৯৬৬ সালের ৩১শে আগষ্টের মধ্যে নিযুক্ত হয়ে কাজ করে আসছেন, তাঁদের ডি. পি. আই. থেকে অনুমোদন নিতে হবে।

অবশ্য ১৯৭৫ সালের ৩১শে ডিসেম্বরের পরে ডি. পি. আইয়ের বিনা অনুমোদনে কোন পুরুষ শিক্ষককে বালিকা বিদ্যালয়ে নিযুক্ত করলে এই ডাইরেক্টোরেট অনুমোদন দেবেন না।

এই বিষয়টি সমস্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকা ও সম্পাদকের নজরে আনতে হবে।

স্বাঃ এ. বোস
ডি. পি. আইয়ের পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট

(গ্রাণ্ট-ইন-এড্ সেকশন)

Nc 2672(16) G A dt. 22nd Sept, 1977

বিষয়ঃ মঞ্জুরীকৃত পদে সাহায্যপ্রাপ্ত স্কুলে শিক্ষকের শূন্যপদে পূরণে পূর্ব অনুমতি

রেফাঃ এই ডাইরেক্টোরেট No 2546(16) GA dt. 24.11.1976

এই বিষয়ে ডাইরেক্টোরেট জানতে পেরেছেন যে, মঞ্জুরীকৃত এবং প্রাপ্য সংখ্যার মধ্যে অবসর, পদত্যাগ, মৃত্যু, অনুমোদিত ছাঁটাই, শিক্ষকের লম্বা ছুটি, প্রভৃতি কারণে ডাইরেক্টোরেটের পূর্ব-অনুমতি নিতে গিয়ে শেষ পর্যন্ত শিক্ষক নিয়োগে অনেক দেরী হয়। ফলে নিয়োগের প্রশ্নটি জরুরী হলেও স্কুল কর্তৃপক্ষকে ভুগতে হয়। এই অসুবিধা দূরীকরণার্থে সংশ্লিষ্ট স্কুলকে আগে থেকে অনুমতি দেওয়ার বিষয়ে ডাইরেক্টোরেটকে জানাবার প্রয়োজন হবে না। যেসব কেস আগে পাঠানো হয়েছে, সেগুলো এখানে ফয়সালা করা হবে। বিশেষ ক্ষেত্রে ডাইরেক্টোরেটে কোন কেস পাঠালে তার সম্বন্ধে সিদ্ধান্ত জানান হবে।

উক্ত আদেশের পরিপ্রেক্ষিতে তাঁকে চলতি বছরের জন্য সাবধানতা সহকারে ক্লাশ ইউনিটের সংখ্যা নির্ণয় করে পদ পূরণের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

যেক্ষেত্রে কোন স্কুলে জীবনবিজ্ঞানের পদ শূন্য এবং তিনি ঐ স্কুলে একমাত্র জীবন-বিজ্ঞানের শিক্ষক, সেখানে সে স্কুলে পূর্ব-অনুমতি নেওয়ার আগে পদটি পূরণ করে নিতে পারবেন। যেহেতু পদ পূরণের বিষয়টি গুরুত্বপূর্ণ।

তাঁর এলাকায় অনুমোদিত ও সাহায্যপ্রাপ্ত স্কুলগুলোকে এই ব্যাপারে অবহিত করা হউক। এই সার্কুলারের বলে অতিরিক্ত পদে শিক্ষক নিযুক্ত করতে অনুমতি দেওয়া হচ্ছে না।

স্বাঃ ই. দত্ত
ডিরেক্টর অব সেকেণ্ডারী এডু.-এর পক্ষে

সরকারী আদেশ (Government Order)

জুনিয়ার হাই স্কুল ও মাদ্রাসার জন্য অতিরিক্ত শিক্ষক

To

The Director of Secondary Education, W. B.

বিষয়ঃ জুনিয়ার হাই/জুনিয়ার হাই মাদ্রাসার পঞ্চম থেকে অষ্টম শ্রেণী স্কুলে শিক্ষক নিয়োগ

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বর্তমানে চার ক্লাশবিশিষ্ট জুনিয়র হাই স্কুলে / মাদ্রাসায় প্রধান শিক্ষক সহ শিক্ষকের সংখ্যা পাঁচজন। এই রাজ্যে ১৯৭৪ সালের জানুয়ারী মাস থেকে পরিশোধিত পাঠক্রম চালু করবার পর থেকে জুনিয়ার হাই ও জুনিয়ার মাদ্রাসায় অতিরিক্ত বিষয় চালু করা হয়েছে। অতএব পঞ্চম থেকে অষ্টম শ্রেণীবিশিষ্ট স্কুলে শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।

এই অবস্থায় রাজ্যপালের আদেশে জুনিয়ার হাই ও জুনিয়ার মাদ্রাসায় এক ইউনিট বিশিষ্ট স্কুলে ১৯৭৮ সালের ১লা এপ্রিল থেকে একজন অতিরিক্ত শিক্ষক নিয়োগের প্রস্তাব অনুমোদন করা হচ্ছে।

এই চলতি আর্থিক বছরে ঐরূপ শিক্ষকের জন্য গ্রাণ্ট-ইন-এড ও ডি. এ. প্রভৃতি দেওয়ার ভিত্তিতে মোট সংখ্যা যেন ২০০০ জনের সীমা না ছাড়ায়।

* * *

স্বাঃ এস্. এন্. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

এডুকেশন ডাইরেক্টোরেট

এইচ্. এস. ব্রাঞ্চ

No 61-Edn. (H S) / 3S-27/77 dt. Cal. 11th May, 1978

To

The Director of Secondary Education, W.B.

বিষয় : হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনে (সম্মিলিত)-এর জন্য পুরো সময়ের শিক্ষক নিয়োগ।

রেফা : তাঁর U. O. No 578/HS dt. 10-12-77

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, নূতন হায়ার সেকেণ্ডারী স্কুলের (XI & XII) জন্য নূতন স্টাফ প্যাটার্ন প্রবর্তন বহুদিন থেকে সরকারের বিবেচনাধীন।

(1) এই ব্যাপারে একটি পলিসি স্থির করা সাপেক্ষে XI ও XII শ্রেণীর স্কুলে এড্ হক ভিত্তিতে পুরো সময়ের জন্য শিক্ষক নিতে পারেন।

(a) প্রয়োজন অনুযায়ী কোন স্কুলে দুজনের বেশী শিক্ষক নেওয়া চলবে না এবং চলতি আর্থিক বছরে ৯০০ স্কুলকে এই সুযোগ দেওয়া যেতে পারে।

(b) ওয়েষ্ট বেঙ্গল কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন যোগ্যতা থাকতে হবে।

(c) সেকেণ্ডারী স্কুলের শিক্ষকের মত সমযোগ্যতাসম্পন্ন শিক্ষকের বেতন একই স্কেলের হবে।

(d) অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত এই সব শিক্ষকের নির্বাচন ও নিয়োগ স্কুল ম্যানেজিং কমিটি করলেও তা D.S.E. অথবা তৎ নিযুক্ত ডি. আই. অব্ স্কুলসের মর্যাদাসম্পন্ন অফিসারের অনুমোদন সাপেক্ষ।

(e) এই সব শিক্ষকের সাধারণ ক্লাশ ওয়ার্ক ২৫ পিরিয়ড ও টিউটোরিয়েল পিরিয়ড ১১ পিরিয়ড।

(i) এইসব শিক্ষকের ওয়ার্ক লোড হায়ার সেকেণ্ডারী ক্লাসের ১ পিরিয়ড সমান (V—X) শ্রেণীর 1·25 এর সমান।

(ii) শিক্ষক নিয়োগের ব্যাপারে স্কুলের কর্মরত শিক্ষকদের প্রাথমিক সুযোগ দিতে হবে। ফলে যে ভেকেন্সী হবে স্টাফ, প্যাটার্ন অনুযায়ী তা অস্থায়ীভাবে পূরণ করতে হবে। গ্রাজুয়েটের পোষ্টে কর্মরত এম. একে স্টাফ প্যাটার্নের ভিত্তিতে অস্থায়ীভাবে নেওয়া যেতে পারে এবং এর ফলে যে ভেকেন্সী হবে, তা গ্রাজুয়েট শিক্ষক দ্বারা পূরণ করা যেতে পারে।

2. 1-4-78 থেকে নূতন শিক্ষকদের জন্য ব্যয়ভার সেলারি ডেফিসিট স্কীমে

গ্রান্ট-ইন-এড্ মারফৎ মিটিয়ে দেওয়া হবে। হায়ার সেকেণ্ডারী সেকশনের টিউশন ফীঃ থেকে যে আয় হবে, তা স্কুল ফাণ্ডে জমা হবে এবং সেলারি ডেফিসিট স্কীমে গ্রান্ট দেওয়ার সময় তার হিসেব-নিকেশ করা হবে। সেলারি ডেফিসিট স্কীমে যে স্কুলে ব্যয় সঙ্কুলান হবে না, তাদের সরকারের কাছে পুনরায় অর্থদানের জন্য আবেদন করা যাবে। ঐ গ্রান্ট-ইন-এডে চলতি আর্থিক বছর থেকে incidental charges কমান হবে।

* * *

স্বাঃ এস. এন. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

বিষয়ঃ হায়ার সেকেণ্ডারী স্কুলের জন্য অতিরিক্ত শিক্ষক

No $\frac{\text{86(16) SC SS}}{\text{48-2 H.S. (78)}}$ dt. 15th June, 1978

To
The Dist. Inspector of Schools (SE)

বিষয়ঃ হায়ার সেকেণ্ডারী (integrated) স্কুলের জন্য অস্থায়ী ভিত্তিতে সর্বক্ষণের জন্য শিক্ষক নিয়োগ

নিম্ন স্বাক্ষরকারী-এর সঙ্গে গভঃ অর্ডার No 61-Edn(H.S.) dt. 11-5-78 পাঠিয়ে দিয়ে জানাচ্ছেন যে, হায়ার সেকেণ্ডারী সেকশনে দুজন শিক্ষক নিয়োগের ব্যাপারে নিম্নলিখিত পয়েন্টগুলো বিবেচনাধীন রাখতে হবে—

1. ম্যানেজিং কমিটি শিক্ষক নিয়োগের ব্যাপারে যে যে বিষয়ে উপযুক্ত যোগ্যতা-সম্পন্ন শিক্ষকের অভাব আছে, ঐ সব বিষয়ের জন্য নজর দিতে হবে।
2. যদি নূতন পোষ্ট দু'টিতে বর্তমান স্টাফ থেকে নেওয়া হয়ে থাকে, তাহলে পরবর্তী বিষয়গুলোতে প্রয়োজন ও যোগ্যতা খতিয়ে দেখতে হবে।
   (a) যে সব শিক্ষক ভাল যোগ্যতাসম্পন্ন, অথচ মাধ্যমিক বিভাগে পে-স্কেলের সুযোগ পাচ্ছেন না,
   (b) রিভাইজড্ স্টাফ প্যাটার্ন অনুযায়ী যোগ্যতাসম্পন্ন surplus শিক্ষক,
   (c) 1.1.74 এর পরে পূর্ববর্তী একাদশ শ্রেণীর জন্য যে সমস্ত শিক্ষককে অস্থায়ীভাবে নিযুক্ত করা হয়েছিল এবং যাঁদের চাকরি ছয় মাস করে বার বার বর্ধিত করা হয়েছে।
3. বর্তমান শিক্ষকদের হায়ার সেকেণ্ডারী সেকশনে কাজে লাগাবার ফলে যে সব ভেকেন্সী হয়েছে, সংশোধিত স্টাফ প্যাটার্ন অনুযায়ী মাধ্যমিক বিভাগে শিক্ষকের দরকার হলে, কঠোরভাবে স্টাফ প্যাটার্ন অনুসরণীয়।

4. শিক্ষকদের কাজের বোঝা 2e(ii) গভঃ অর্ডার অনুযায়ী স্থিরীকৃত হবে—

হায়ার সেকেণ্ডারী সেকশনে পিরিয়ডের সংখ্যা	সেকেণ্ডারী সেকশনে সমান পিরিয়ডের সংখ্যা
5	6
6	8
7	9
8	10
9	11
10	13
11	14
12	15

5. উচ্চ মাধ্যমিক সংসদ কর্তৃক নির্ধারিত শিক্ষকদের যোগ্যতা—
জেনারেল স্ট্রীম কোর্সের জন্য নিম্নতম যোগ্যতা : হয়, দ্বিতীয় শ্রেণীর পোস্ট গ্রাজুয়েট ডিগ্রী আছে এরূপ বিষয়সহ ; উক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রী, অথবা অনুরূপ যোগ্যতা।
অথবা, (b) একটি সংশ্লিষ্ট বিষয়ে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী অথবা সেকেণ্ড ক্লাশ অনার্স ডিগ্রী, তবে এই কেসে প্রার্থীর কমপক্ষে স্কুল/কলেজে/হাই-হায়ার সেকেণ্ডারী লেবেলে আট বছরের শিক্ষাগত যোগ্যতা থাকা চাই।

স্পেশ্যাল অনার্সকে রেগুলার অনার্সের সমমর্যাদা দেওয়া হবে। ১৯৬৬ সালের পূর্বে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কমার্স গ্রাজুয়েটের ৪৫% নম্বর থাকলে কমার্সে অনার্স গ্রাজুয়েট বলে ধরে নেওয়া হবে মিউজিক, ফাইন আর্টস্‌, নিউটিশনা ; Specified activities-এ শিক্ষক নিতে হলে যোগ্যতার মান কমতে পারে।

ভোকেশ্যনাল স্ট্রীম কোর্সের জন্য নিম্নতম যোগ্যতাবলী হায়ার সেকেণ্ডারী এডুকেশনের রেগুলেশন দ্রষ্টব্য।

১৯৭৮-৭৯ সালের আর্থিক বছরের গ্রাণ্ট-ইন-এডের জন্য সাহায্যপ্রাপ্ত হায়ার সেকেণ্ডারী স্কুল থেকে দরখাস্ত আহ্বান করা যেতে পারে। তার সঙ্গে ম্যানেজিং কমিটির সভ্যদের মূল সই-স্বাক্ষর সহ-প্রস্তাব (resolution) পেশ করতে হবে।

তাঁকে হায়ার সেকেণ্ডারী স্কুলের প্রধান / প্রধানাদের কাছ থেকে Salary deficit scheme-এ অনধিক দুজন শিক্ষককে নিযুক্ত করতে নির্দেশ দিচ্ছেন।

তাঁকে এরূপ ক্ষমতা দেওয়া হচ্ছে যে, এইসব শিক্ষকদের নিয়োগের অনুমোদনের প্রস্তাব Salary deficit school থেকে পাওয়ার পর যেন

অনুমোদনের সম্মতি প্রদান করেন। যে সব স্কুল Salary deficit scheme-এ নেওয়া হয়নি, তাদের বিষয় সরসরি আদেশের জন্য ডাইরেক্টারেটে পাঠাতে হবে।

তাঁকে তাঁর জেলার সংশ্লিষ্ট স্কুলের সংখ্যা ও পদের সংখ্যা কত, এই ব্যাপারে একটি রিপোর্ট দিতে অনুরোধ করা হচ্ছে।

স্বাঃ এস. এন. ঘোষাল
D. P. S. W. B.

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা বিভাগ

No. 150—Edn. (H.S.) / 39—27/77 dt. 15th Sept, 1978

To

The Director of Secondary Education

বিষয়: হায়ার সেকেণ্ডারী শিক্ষায়তনের জন্য পার্ট টাইম পোষ্ট
(শিক্ষক ও অশিক্ষক কর্মচারী)

রেফাঃ ডিপার্টমেণ্ট মেমো নং 61—Edn. (H.S.) dt. 11. 5. 78 and U.O. No. 122-Sc/H.S. dt. 21. 7. 78

1. নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, একাদশ দ্বাদশ শ্রেণীর স্কুলের জন্য এখনো ষ্টাফ প্যাটার্ণ তৈরী হয়নি। এই ষ্টাফ প্যাটার্ণ প্রস্তুত সাপেক্ষে স্কুল ও Independent Institution (যে সব শিক্ষা প্রতিষ্ঠান স্কুল কলেজের সঙ্গে যুক্ত নয়, অথচ পর্ষদের তদারকি করার অধিকার আছে) ও পঠন পাঠনের বিস্তৃত ব্যবস্থাকল্পে উপযুক্ত পার্ট টাইম শিক্ষক নিয়োগ করা যাবে।
2. অর্থ সংকুলান ও শর্তাদি পূরণ সাপেক্ষে উক্ত স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠানগুলো পার্ট টাইম শিক্ষক নিয়োগ কল্পে গ্রাণ্ট-ইন-এডে দেওয়া হবে এবং সে গ্রাণ্ট পেতে হলে—
   (i) পার্ট টাইম শিক্ষক নিয়োগে সংখ্যা ক্লাশ, সেকশন ও সংখ্যা অনুযায়ী নির্ধারণ করতে হবে।
   (ii) যে সব শিক্ষক নিতে হবে, তাঁদের উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নিয়মানুযায়ী নিম্নতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
   (iii) যেহেতু স্কুল সম্মিলিত শিক্ষায়তন (integrated institution) হিসেবে পরিচালিত হচ্ছে, একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রদের কাছ থেকে আদায়ীকৃত ফিস ১৯৭৮ সালের অক্টোবর থেকে স্কুল ফাণ্ডে জমা দেখাতে হবে। পূর্ববর্তী G. O. নং 61-Edn(H.S.) dt. 11. 5. 78 সংশোধন হয়ে এই অবস্থায় দাঁড়াল।

(iv) শিক্ষক নির্বাচন ও নিয়োগ ম্যানেজিং কমিটি কর্তৃক হলেও ঐ সব পদের অনুমোদন দেবেন ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন অথবা ক্ষমতাপ্রাপ্ত ডিষ্ট্রিক্ট ইনস্‌পেক্টর অব স্কুলস।

(v) স্কুল বা বিদ্যালয় কর্তৃপক্ষকে অবিলম্বে শিক্ষক নিয়োগের জন্য ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনের কাছে শিক্ষক নিয়োগের ছাত্র সংখ্যা, পদ, সেকশন (class units) ও অন্যান্য জ্ঞাতব্য বিষয় জানাতে হবে, যার ভিত্তিতে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করা যেতে পারে। ডাইরেক্টর বা অন্যান্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত শিক্ষকের সংখ্যার অতিরিক্ত সংখ্যার জন্য কোন গ্রাণ্ট-ইন-এইড দেওয়া হবে না।

3. সর্বক্ষণের শিক্ষক সংখ্যার অতিরিক্ত পার্ট টাইম শিক্ষক নিতে হলে পূর্ববর্তী দুজন সর্বক্ষণের শিক্ষক (Vide G. O. No. 61—Edn.(H. S.) dt. 11th May 1978), স্কুলের অন্যান্য যোগ্যতাসম্পন্ন শিক্ষকের হায়ার সেকেণ্ডারীতে কত পিরিয়ড ক্লাস নিতে পারেন, তার হিসেবনিকেশ করে শিক্ষকের load কতখানি, তার যাথার্থ্য প্রমাণ করতে হবে।

(a) পার্ট টাইম শিক্ষকদের ওয়ার্ক লোড অনুযায়ী সপ্তাহে চার পিরিয়ডের কাজের জন্য মাসিক ৭৫·০০ টাকা;

(b) সপ্তাহে ছয় পিরিয়ড কাজের জন্য ১০০ টাকা;

পঠন-পাঠনের কাজ এরূপভাবে ভাগাভাগি করে দিতে হবে, যাতে তাঁদের কাজের পিরিয়ড পুরোপুরি কাজে লাগান যেতে পারে।

4. স্কুল বা শিক্ষায়তনের অশিক্ষক কর্মচারীদের অতিরিক্ত কাজের জন্য নিম্নোক্ত হারে পারিশ্রমিক দেওয়া হবে—

(a) ক্লাস (III) ষ্টাফের জন্য মাসিক ৪৫ টাকা;

(b) ক্লাস (IV) কর্মচারীদের মাসিক ৩০ টাকা;

5. Salary deficit Scheme-এর ভিত্তিতে XI ও XII ক্লাশের পার্ট টাইম ও ফুলটাইম শিক্ষকদের বেতন 1. 10. 79 থেকে দেওয়া হবে। Class XI ও XII-এর ছাত্র / ছাত্রীদের থেকে আদায়কৃত ছাত্র বেতন স্কুল ফাণ্ডে জমা পড়বে এবং গ্রাণ্ট-ইন-এড দেওয়ার ব্যাপারে বিচার-বিবেচনা করা হবে। যে সব স্কুল Salary Deficit Scheme-এ আসা সম্ভব হল না। তাদের বিষয় further order-এর জন্য পাঠাতে হবে।

হায়ার সেকেণ্ডারী ইনষ্টিটিউশনগুলোকে চলতি আর্থিক বছর থেকে গ্রাণ্ট-ইন-এড মঞ্জুর করবার সময় incidental charge-এর মাত্রা হারাহারি এবং পৃথকভাবে দেখাতে হবে।

রাজ্যপালের আদেশে গ্রাণ্ট-ইন-এড প্রাপ্য স্কুলগুলোকে শর্তাদি পূরণ সাপেক্ষে পূর্বোক্ত অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুসারে গ্রাণ্ট মঞ্জুর করা হল।

স্বাঃ এস. এন. চৌধুরী, ডেপুটি সেক্রেটারী

গভর্ণমেণ্ট অব ওয়েষ্ট বেঙ্গল

শিক্ষা বিভাগ / এইচ এস্ ব্রাঞ্চ

No. 190-Edn. (H.S.) dt. 5th Dec. 1978

বিষয়: সম্মিলিত (integrated) হায়ার সেকেণ্ডারী স্কুলে সর্বক্ষণের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের মঞ্জুরী।

1. নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্কুলের V থেকে XII পর্যন্ত ক্লাসের নূতন ষ্টাফ প্যাটার্ণ গঠন কল্পে গত কয়েক বছর থেকে চিন্তাভাবনা করা হচ্ছে।
2. এই বিষয়ে যথেষ্ট বিবেচনার পর রাজ্যপাল নির্দেশ দিচ্ছেন যে, ১৯৮০ সালের ১লা জানুয়ারী থেকে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ক্লাসের ওয়ার্ক লোড বিবেচনা করে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত করা হবে। ওয়ার্ক লোড অনুমোদন করলে, অর্থাৎ পঞ্চম থেকে দশম শ্রেণীর জন্য প্রয়োজন হলে অতিরিক্ত শিক্ষক মঞ্জুর করা হবে।
3. উল্লিখিত নিয়ম-নীতির দিকে নির্দেশ করে রাজ্যপাল নির্দেশ দিচ্ছেন যে, ১৯৮০ সালের ১লা জানুয়ারী থেকে ঐ সম্মিলিত শ্রেণীর স্কুলে (V to XII) প্রত্যেকটি ক্লাসের জন্য একটি সেকশন অনুযায়ী (one section in each of the classes):
   (i) V থেকে XII শ্রেণীর স্কুলে প্রতিটি ক্লাসের জন্য একটি section-এর ভিত্তিতে……অনধিক ছয়টি পদ।
   (ii) পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীর স্কুলে XI ও XII শ্রেণীতে একটি করে ক্লাশ ইউনিট ও অন্যান্য ক্লাশে দুটো করে সেকশন থাকলে……অনধিক ন'য়টি পদ
   (iii) স্কুলের XI ও XII শ্রেণীর প্রত্যেকটিতে দুটি করে সেকশন থাকলে……… অনধিক ১২টি পদ
4. সম্মিলিত হায়ার সেকেণ্ডারী স্কুলের (integrated School) V থেকে X পর্যন্ত ক্লাশে অতিরিক্ত সেকশন থাকলে একাদশ ও দ্বাদশ শ্রেণীর জন্য শিক্ষকের পদের সংখ্যা সামগ্রিকভাবে বিচার-বিবেচনা করে অথবা V থেকে X ক্লাশের অনুমোদন যোগ্য শিক্ষকের সংখ্যা ঠিক করা হবে।
5. সম্মিলিত হায়ার সেকেণ্ডারী স্কুলের অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুরী নিম্নলিখিত শর্তাবলীর নির্ভর করবে:
   (i) হায়ার সেকেণ্ডারী সম্মিলিত স্কুলের নিযুক্ত শিক্ষককে V থেকে XII পর্যন্ত ক্লাশে পড়াতে হবে এবং 'সর্বাধিক বোঝা' (maximum load) বা সর্বনিম্ন বোঝার মধ্যে পার্থক্য করা চলবে না (Vide Govt. Order No. 61 Education (H. S.) dt. 11th May, 1978)
   (ii) উল্লিখিত ১১ ই মে তারিখের অর্ডারে দুজন সর্বক্ষণের জন্য নিযুক্ত অতিরিক্ত শিক্ষক নূতন অর্ডারে অতিরিক্ত শিক্ষক নিয়োগের প্রশ্নটির মীমাংসা (adjusted) করতে হবে।

(iii) ১৯৭৮ সালের 15th September তারিখের G. O. No. 150 Edn. (H.S.) অনুযায়ী যে সব পার্ট টাইম শিক্ষক নিযুক্ত করা হয়েছিল, সর্বক্ষণের শিক্ষক নিয়োগের পরে ঐ পদগুলো বাতিল করা হলে বিবেচিত হবে। কিন্তু Subject Specialisation-এর দরুন পার্ট টাইম শিক্ষকের নিযুক্তির প্রয়োজন হলে যদি সর্বক্ষণের শিক্ষকের নিযুক্তি সমর্থন না করে, তাহলে দু'জন পার্ট টাইম শিক্ষক সমান একজন—এই নীতিতে 'পার্ট টাইম অতিরিক্ত' শিক্ষক অনুমোদন করা যেতে পারে।

6. রাজ্যপাল আরও নির্দেশ দিচ্ছেন যে, হায়ার সেকেণ্ডারী সম্মিলিত (integrated) স্কুলের নিম্নে অশিক্ষক কর্মচারীদের অবস্থা কিরূপ হবে, তা বর্ণিত হল :

ক্লার্ক :

হায়ার সেকেণ্ডারী স্কুল (V—XII), রোল নং……৭৫০ পর্যন্ত

গভঃ অর্ডার No 3641 Edn (D) dt. 15th October, 1963 অনুযায়ী প্রদত্ত করণিকের ওপর আর একজন।

লাইব্রেরীয়ান :

হায়ার সেকেণ্ডারী স্কুল (V—XII) রোল ৮৫০ পর্যন্ত এবং ২০০০ বই

একজন লাইব্রেরীয়ানকে, স্কেল 220-5 270-8-350।

সর্বনিম্ন যোগ্যতা—আণ্ডার-গ্রাজুয়েট ও লাইব্রেরীয়ানশিপে সার্টিফিকেট।

লেবরেটরী এটেনডেণ্ট :

হায়ার সেকেণ্ডারী স্কুলে V—XII (ফিজিক্স, কেমিষ্ট্রি ও বাইওলজী সহ)

পোষ্ট সংখ্যা দু'টি ; পূর্ববর্তী একাদশ শ্রেণীর বর্তমান Contingent ষ্টাফ যদি চাকরিতে বহাল না হয়ে থাকে, তাহলে তাদের প্রথম নিতে হবে। এবং যেখানে লেবরেটরী ভিত্তিক বিষয় প্রথম খোলা হল, সেখানে নূতনভাবে দু'জন।

মেট্রন :

সহশিক্ষামূলক হায়ার সেকেণ্ডারী স্কুলে (V—XII) অনুমোদিত চতুর্থ শ্রেণীর একজন (লেবরেটরী এটেনডেণ্ট সহ) মহিলা হবেন। মেট্রনের জন্য অতিরিক্ত কোন পদ মঞ্জুর হবে না।

7. সম্মিলিত হায়ার সেকেণ্ডারী স্কুলের (Integrated Higher Secondary স্কুলের) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পোষ্ট পলিসি স্থির না হওয়া পর্যন্ত—চূড়ান্ত হবে না। এই ব্যাপারে পরবর্তী ঘোষণা শীঘ্রই হবে।

8. এই ব্যাপারে ব্যয়বরাদ্ধ হায়ার সেকেণ্ডারী খাতে ব্যয় ধার্য করা হল।

স্পেশ্যাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ / এইচ এস ব্রাঞ্চ

No 198—Edn. (H. S.) dt. 21st Dec, 1979

বিষয়ঃ সর্বক্ষণের জন্য শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর পদ—সম্মিলিত (integrated) হায়ার সেকেণ্ডারী স্কুল।

এই ডিপার্টমেণ্টের অর্ডার নং 190 Edn. (H.S.) dt. 5. 12. 79 এবং নং 191 Edn. (H. S.) dt. 5. 12. 79 সূত্র ধরে জানান হচ্ছে যে, G. O. No 150 Edn. (H. S.) dt. 15. 9. 79-এর চতুর্থ অনুচ্ছেদে সম্মিলিত হায়ার সেকেণ্ডারী স্কুলের অশিক্ষক কর্মচারীদের অতিরিক্ত কাজকর্মের জন্য পারিশ্রমিকের ব্যবস্থা করা হয়েছিল তা ঐ সব পদ G. O. নং 191 Edn. (H.S.) dt. 5. 12. 79 অনুশাসন মতে পূরণ হওয়ার পর পারিশ্রমিক ব্যবস্থা বাতিল করা হবে।

ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ / সেকেণ্ডারী ব্রাঞ্চ

No. 1204—Edn. (S) / 5p—1/79 dt. 29th Dec. 1979

To

The Diretor of Secondary Education, West Bengal
8, Council House Street Calcutta-1

বিষয়ঃ জুনিয়ার হাই / হাইস্কুলে ম্যাট্রিকুলেট পার্টটাইম ক্রাফ্‌ট টীচার

ইউ. ও No 43 (S. E.) dt. 20th June, 1979-এর ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, হাই / জুনিয়ার স্কুলে ম্যাট্রিকুলেট পার্টটাইম ক্রাফ্‌ট শিক্ষককে পুরোসময়ের অতিরিক্ত পদে বহাল করতে কোন আপত্তি নেই। যে সব স্কুলে দুইজন পার্ট টাইম শিক্ষক আছেন, সেখানে সিনিয়ার জনকে পুরো পদে বহাল করার পর—দ্বিতীয় জনকে পার্শ্ববর্তী কোন স্কুলে বহাল করা যেতে পারে। এই ব্যাপারে স্কেল অব পে. জি. ও নং 1179—Edn. (S) dt. 14th Dec, 1979 নিরূপিত হবে।

এই absorption-এর ১৯৮০ সালের ফেব্রুয়ারীর মধ্যে চূড়ান্ত করে নিতে হবে এবং ১লা মার্চ ১৯৮০ সাল থেকে সর্বক্ষণের শিক্ষক হিসেবে স্বীকার করে নিতে হবে।

স্বাঃ এস. এন. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিডুল কাস্ট এবং ট্রাইব ওয়েল ফেয়ার ডিপার্টমেণ্ট

রাইটার্স বিল্ডিংস

No. 95 (46) TW/EC 19th May, 1980

To

The Secretary, Education Department of the Government,

মহাশয়,

শিডুল কাস্ট এণ্ড ট্রাইব ওয়েল ফেয়ার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ইচ্ছা করেন যে, যখনই ভেকেন্সী সম্বন্ধে নিয়োগকর্তা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে রিপোর্ট করেন, তখনই রিপোর্টের এক কপি শিডুল কাস্ট এমপ্লয়মেণ্ট সেলে, রাইটার্স বিল্ডিংস এবং দৈনিক পত্রিকায় পাবলিসিটি দেওয়ার জন্য অনুরোধ জানান হচ্ছে।

তদনুযায়ী অনুরোধ করা হচ্ছে যে, চিঠির কপি যেন এই ডিপার্টমেণ্টে পাঠান হয়।

স্বাক্ষর

এ. সি. সর্বজ্ঞ

ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টারেট অব সেকেণ্ডারী এডুকেশন

গ্রাণ্ট-ইন-এড-সেকশন

6, ভবানী দত্ত লেন, কলিকাতা-৭৩

No. $\frac{642(16)\ GA}{3—B—6/80}$ dt. 1st. July, 1980

To

The District Inspector of Schools (S.E.)

বিষয়ঃ ১৯৭৪ সালে সূচিত অনুমোদিত, মাধ্যমিক স্কুলে পরিশোধিত স্টাফ প্যাটার্ণ

গভঃ অর্ডার No 845—Edn (S) dt. 17. 5. 76 সূত্র ধরে

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, B. Sc (Social) B.S.W. (Hons.) বিশ্বভারতীর অনার্স ডিগ্রী ওয়ার্ক এডুকেশন ও ফিজিক্যাল এডুকেশন গ্রুপে গ্রহণযোগ্য শিক্ষাগত যোগ্যতারূপে স্বীকৃত।

বিষয়টি অনুমোদিত বিদ্যালয়ের ও হাইমাদ্রাসার প্রধান / প্রধানাদের অবগত করাতে নির্দেশ দেওয়া হচ্ছে।

স্বাঃ অস্পষ্ট

ডিঃ সেক্রেটারী এডুকেশনের (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

No. 685—GA dt. 5th July, 1980

To

The District Inspector of schools, Malda

বিষয়ঃ হাইস্কুলে M.M./F.M./Kavytirtha যোগ্যতাসহ শিক্ষকের অনুমোদন

রেফাঃ তাঁর অফিস মেমো নং 122 dt. 5. 6. 80

উল্লিখিত রেফারেন্স অনুযায়ী সংশোধিত স্টাফ প্যাটার্নে ক্লাশিক্যাল টিচার (সংস্কৃত / আরবি) নিয়োগ করার কোন সুযোগ নেই। তৃতীয় ভাষার শিক্ষক সংস্কৃত / আরবি সহ গ্রাজুয়েট হতে হবে।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব সেকেণ্ডারী
এডুকেশন (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

No. 536-Edn.(Estt) / 9A-9/80 dt. 10th July, 1980

বিষয়ঃ অনুমোদিত মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর নিয়োগ অনুমোদন

যে সমস্ত অনুমোদিত এডেড ও আন-এডেড স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী স্থায়ী পদে পর পর দু'বছর কাজ করে আসছেন—গ্রাণ্ট-ইন-এইড রুল অনুযায়ী বেতন ও এলাউন্সে কাজ করে আসছেন, তাদের চাকরির নিয়োগ এখনও অনুমোদন লাভ করেনি। সরকার সবিশেষ বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, তাঁদের চাকরির অবিলম্বে অনুমোদন দেওয়া যেতে পারে। সরকার আরও জানাচ্ছেন যে, অতিরিক্ত পদে নিযুক্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারী অস্থায়ী পদে তিন বছর বা ততোধিক সময়ের জন্য কাজ করে আসছে তাদের অবিলম্বে স্থায়ী করতে হবে। এবং অস্থায়ীভাবে দু'বছরের বেশী কাজ করলে তাদের রুল 28-এর সাবরুল (7) ধারায় স্থায়ী করা হবে। এই নীতি এইডেড ও আন-এইডেড উভয় স্কুলের বেলায় প্রযোজ্য।

* * *

স্বাঃ এইচ. ব্যানার্জি
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

এইচ. ই. ব্রাঞ্চ

No. 89-Edn.(H.S.)/38-95/79 dt. 23rd July, 1980

To

The Director of Secondary Education, W.B.

বিষয় : বেসরকারী হায়ার সেকেণ্ডারী স্কুলের সর্বক্ষণের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পদ মঞ্জুর।

রেফা: গভঃ অর্ডার নং 190 Edn.(H.S.) dt. 5th Dec., 1979 এবং গভঃ অর্ডার নং 61-Edn.(H.S.) dt. 11th May, 1978

সরকারী ঘোষণা No. 28-Edn. (H. S.) dt. 29th February, 1980; নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন :—

(1) গভঃ অর্ডার নং 61-Edn.(H.S.) dt. 11th May, 1978-এর বলে অ্যাড্-হক পোষ্টে নিযুক্ত শিক্ষক/শিক্ষিকাদের নূতন করে নির্বাচনের প্রয়োজন নেই। কিন্তু যদি সরকারী আদেশ নং 61-Edn.(H.S.) dt. 11th May, 1978 আদেশ অনুযায়ী এখনও কোন পদ পূরণ না হয়ে থাকে, তাহলে নিয়ম অনুযায়ী ঐসব পদ পূরণ করতে হবে vide আদেশ নং 20-Edn. (H.S.) dt. 29th Feb., 1980.

(2) গভঃ অর্ডার নং 61-Edn.(H.S.)-এর 2(c) 111 অনুযায়ী স্কুলের বর্তমান শিক্ষকগণ, যাঁরা অনার্স বা পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রীধারী হয়েও পাস গ্রাজুয়েটের স্কেল পাচ্ছেন, বর্তমান স্টাফ প্যাটার্ণে তাঁদের অগ্রাধিকার দেওয়া হবে।

সংশ্লিষ্ট সকলের কাছে শীঘ্রই এই মর্মে আদেশ দেওয়া হবে।

স্বাঃ বি. এন. চ্যাটার্জি

স্পেশ্যাল সেক্রেটারী

Memo No. 766/(16)/GA/3B-16/80 dt. 24. 7. 80

To

The Dist. Inspector of Schools (S.E.)

বিষয় : অস্থায়ীভাবে মঞ্জুরীকৃত সহপ্রধান এবং অতিরিক্ত পদে সহকারী শিক্ষক, ক্লার্ক এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীবৃন্দ।

রেফা: এই ডাইরেক্টরেট নং 4007(16)GA dt. 14.12.79.

ডাইরেক্টরেট নং 4007(16)GA dt. 14. 12. 79 অনুসারে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, উল্লিখিত category-এর শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের গুণাগুণের

ভিত্তিতে অস্থায়ী পদে নিযুক্ত এবং ডাইরেক্টরেট কর্তৃক অনুমোদিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ 28.2.1981 পর্যন্ত বয়ঃপ্রাপ্তি না হওয়া পর্যন্ত কাজ করে যাবে।

সংশ্লিষ্ট স্কুলগুলোকে তা জানান যেতে পারে।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব এডুকেশন
ওয়েষ্ট বেঙ্গল

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুঃ ডাইরেক্টরেট
গ্রাণ্ট-ইন-এইড শাখা

No. 907-GA

To

dt. 2nd Aug. '80

The Dist. Inspector of Schools, Malda

বিষয়ঃ ওয়ার্ক এডুকেশন ও শারীরিক শিক্ষায় আর. কে. বিদ্যাপীঠের তিন মাসের ট্রেনিং

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, আর. কে. বিদ্যাপীঠ, সুরীতে ট্রেনিং ব্যবস্থা পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ কর্তৃক আয়োজিত, বাইরের কোন লোকের ওখান থেকে ট্রেনিং নিলে তিনি ওয়ার্ক এডুকেশনে ট্রেনিংপ্রাপ্ত বলে বিবেচিত হবেন না। তবে ওয়ার্ক এডুকেশনে যোগ্যতা সম্পন্ন শিক্ষকের ঘাটতির কথা চিন্তা করে ওখানকার ট্রেনিংপ্রাপ্ত ব্যক্তিকে ছয় মাসের অনধিক সময়ের জন্য সাময়িক অনুমোদন দেওয়ার বিষয়টি বিবেচিত হতে পারে।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব সেকেণ্ডারী
এডুকেশন, পঃ বঙ্গ (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টরেট অব সেকেঃ এডু

No. 346(16)Sc/H.S.

dt. 10th Sept., 1980

বিষয়ঃ বেসরকারী সম্মিলিত (integrated) হায়ার সেকেণ্ডারী স্কুলে সর্বক্ষণের শিক্ষক নিয়োগ।

রেফাঃ গভঃ অর্ডার নং 190-Edn.(H.S.) dt. 5.12.'79, No. 20-Edn. (H.S.) dt. 29. 2. '80, No. 99-Edn.(H.S.) dt. 23. 7. '80 and No. 61-Edn. (H.S.) dt. 11. 5. '78.

উল্লিখিত মেমোসমূহের সূত্র ধরে জানান হচ্ছে যে, বেসরকারী সম্মিলিত (integrated) হায়ার সেকেণ্ডারী স্কুলের সর্বক্ষণের শিক্ষক নিয়োগ সম্বন্ধে জেলা স্কুল

পরিদর্শকদের কাছে নিম্নলিখিত প্রশ্নগুলো উঠেছিল এবং ডাইরেক্টরেটের কাছে ব্যাখ্যার জন্য পেশ করা হয়েছিল। ডাইরেক্টরেটের মেমো নং 118-Edn.(H.S.) dt. 26.8.'80 অনুযায়ী নিম্নে বিবৃত হল :

পয়েণ্টস্ (Points)

1. বর্তমান অনুমোদিত পার্ট টাইম শিক্ষকদের নির্বাচনের (selection)-এর ব্যাপারে প্রাধান্য দেওয়া হবে কিনা এবং কিরূপ ?
2. ডেপুটেড অথবা লীভ ভেকেন্সীতে কর্মরত শিক্ষকের অভিজ্ঞতার জন্য G. O. No. 20-Edn.(H.S.) dt. 29. 2. '80 তারিখে যে গাইড লাইন অনুযায়ী নম্বর পাবে কিনা ?
3. কোন্ ধরনের শিক্ষাগত অভিজ্ঞতা গাইড লাইন অনুযায়ী কাজে লাগবে ?
4. G.O. No. 190-Edn.(H.S.) dt. 5. 12. '79-এ মঞ্জুরীকৃত পদ ও পূর্বে মঞ্জুরীকৃত দুটি অ্যাডহক পোষ্ট স্থায়ী ধরনের কিনা ? G.O. No. 61-Edn. (H.S.) অনুযায়ী পোষ্ট দু'টি স্কুল কর্তৃপক্ষ কর্তৃক স্থায়ী হল বলে ঘোষণা করতে পারবেন কি ?
5. যদি যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নির্বাচিত হন, তাহলে তাঁদের আবার পোষ্টে lien হিসেবে সম্মতি দেওয়া যাবে কি ?
6. G.O. No. 90-Edn.(H.S.) dt. 23. 7. '80 অনুযায়ী মাধ্যমিক বিভাগের যেসব যোগ্যতাসম্পন্ন শিক্ষকেরা উচ্চ স্কেলের বেতনের কোন সুযোগ পাচ্ছেন না, তাঁদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া যাবে কি ? ঐরূপ অগ্রাধিকার কিভাবে দেওয়া হবে ?
7. শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের salary deficit scheme-এর আওতাভুক্ত না হলেও কেবলমাত্র ডি.এ. দেওয়ার ভিত্তিতে মঞ্জুর করা চলবে কি ?
8. G.O. No. 190-Edn.(H.S.) dt. 5. 12. '79 অনুযায়ী নিযুক্ত পার্ট-টাইম শিক্ষকেরা সাবজেক্ট বিশেষত্বের ভিত্তিতে এবং দু'জন পার্ট টাইম শিক্ষক = একজন ফুল টাইম শিক্ষক বলে পরিগণিত হবেন কি ?
9. পোষ্ট মঞ্জুর করবার সময় ছাত্রসংখ্যা কিরূপে বিবেচিত হবে ?
10. বর্তমানে নিযুক্ত আন-ট্রেণ্ড (H.S.) শিক্ষক বি.-এড না হওয়া সত্ত্বেও H. S. বিভাগের যোগ্যতাসম্পন্ন শিক্ষক বলে বিবেচিত হবেন এবং তাঁরা কি বেতন বৃদ্ধির সুযোগ পাবেন ?

ব্যাখ্যা (Clarifications)

1. বর্তমানে H. S. বিভাগের জন্য অনুমোদিত পার্ট টাইম শিক্ষককে সর্বক্ষণের শিক্ষক হতে গেলে একই subject-র জন্য selection কমিটির সম্মুখে উপস্থিত হতে হবে।

2. যদি ডি. আই. স্কুলস্ (এস. ই)-এর অনুমোদনে কোন শিক্ষক ডেপুটেশন অথবা লীভ ভেকেন্সীতে কাজ করে থাকেন, তাহলে এক বছরের অভিজ্ঞতানুযায়ী নম্বর পাওয়ার অধিকারী।
3. G.O. No. 20-Edn.(H.S.) dt. 29. 2. '80-এর গাইড লাইন অনুযায়ী মাধ্যমিক স্কুলে শিক্ষক অভিজ্ঞতার মূল্যায়ন করা হবে।
4. অ্যাড্ হক ভিত্তিতে নিযুক্ত শিক্ষক অন্যান্য শর্তাদি পূরণ করতে পারলে অবশ্যই স্থায়ী পদে নিযুক্ত হওয়ার সুযোগ পাবেন।
5. নিযুক্ত শিক্ষকদের পূর্বপদে Lien নেওয়ার অনুমতি দেওয়া হবে না। সাধারণ রুল বা নিয়ম অনুযায়ী তাঁরা pay protection-এর সুযোগ পাবেন।
6. সেকেণ্ডারী সেকশনের যোগ্যতাসম্পন্ন শিক্ষকেরা উচ্চ বেতন স্কেলের সুযোগ না পেলেও তাদের মাধ্যমিক বিভাগের জন্য নির্বাচন করতে হবে। তাঁরা হায়ার সেকেণ্ডারী বিভাগের জন্য উপযুক্ত কিনা তা, বিচারবিবেচনা করে দেখবেন সিলেকশন কমিটি। কাজেই তাঁদের সিলেকশন কমিটির সম্মুখে হাজির হতে হবে।
7. বর্তমানে আন-এইডেড স্কুলে স্টাফ-প্যাটার্ণের প্রশ্নটি বাদ রইল। এই বিষয়ে পরে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
8. ফুল টাইম শিক্ষককে দিয়ে পার্ট টাইম পোষ্ট পূরণ করা হলেও ভবিষ্যতে সাবজেক্ট বিবেচনা হেতু বা অন্য কারণে পার্ট টাইম শিক্ষক নেওয়া যেতে পারে। জি. ও. নং 190-Edn.(H.S.) dt. 5. 12. '79 হল প্রাসঙ্গিক। সেইসব ক্ষেত্রে ফুল টাইম ও পার্ট টাইম শিক্ষক (দু'জন পার্ট টাইম শিক্ষক = একজন ফুল টাইম) একত্রে প্রাপ্য মোট শিক্ষক সংখ্যা অতিক্রম করবে না।
9. স্কুলের ছাত্র সংখ্যা নির্ণয়ের ক্ষেত্রে বিগত পাঁচ বছরের ছাত্র সংখ্যার গড়পড়তা হিসাব করেই পোষ্ট মঞ্জুরী হয়।
10. ট্রেণ্ড ও আন-ট্রেণ্ড শিক্ষকদের ইনক্রিমেণ্টের বিষয়টি পৃথক, এবং তা পরে বিবেচ্য।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

সেকেণ্ডারী ব্রাঞ্চ

No. 25-Edn.(S) / S.5P-34/8 dt. 10th January, '81

To

The Director of Secondary Education, W.B.

নিম্ন স্বাক্ষরকারীর কাছে এই মর্মে সংবাদ এসেছে যে, অনুমোদিত বেসরকারী স্কুলের কর্তৃপক্ষ স্কুলের প্রয়োজনে পার্ট টাইম শারীর শিক্ষক, ক্রাফট টীচার, মিউজিক টীচার, মেথর, নাইট গার্ড প্রভৃতি নিয়োগ করেছেন। সরকার এদের সম্বন্ধে কোন নিয়ম-নীতি

ঠিক করার পূর্বে তাদের নিয়োগ করা হয়েছে। ফলে এরূপ স্টাফকে স্থায়ীপদে absorbed করা সম্ভব হয়নি এবং তাদের দীর্ঘকাল ধরে অননুমোদিত থাকতে হয়েছে, তাদের এতদিন Development fund থেকে পারিশ্রমিক দেওয়া হয়েছে। সরকার ইতিমধ্যে সেকেণ্ডারী স্কুলের জন্য G.O. No. 125 Edn.(S) dt. 25. 1. '80 অনুযায়ী ডেভঃ ফীঃ তালিকা প্রকাশ করার ফলে আইটেম অব expenditure স্থির করা হয়েছে। সুতরাং স্কুল কর্তৃপক্ষের পক্ষে ঐসব অননুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীকে রাখা দায় হয়ে উঠেছে এবং তাদের চাকুরি থেকে অপসারণ করার ভয় দেখান হচ্ছে। এভাবে যাঁরা বহুকাল যাবৎ কাজ করে আসছেন, তাদের চাকরি এভাবে খতম না করে অন্যভাবে রাখা যায় কিনা সরকার গভীরভাবে চিন্তা-ভাবনা করছেন।

উক্ত প্রস্তাব বিবেচনা সাপেক্ষে জি. ও. নং 125-Edn. dt. 25. 2. '80 সার্কুলারকে কিছুটা হাল্কাভাবে সংশ্লিষ্ট স্কুলগুলোকে বর্তমান মঞ্জুরীকৃত ডেভলেপমেণ্ট ফীঃ বাড়ান যায় কিনা ভেবে দেখা যেতে পারে।

ডেভলাপমেণ্ট ফীঃ কতটা বাড়ান যেতে পারে এবং কতজন স্টাফ রাখা সম্ভব, তার জন্য নিম্নলিখিত শর্তাদি পালন করতে হবে :

(1) যেসব শিক্ষক বা শিক্ষাকর্মচারী ৮.৭.১৯৭৪ কর্মরত ছিল, এবং যাদের স্টাফ প্যাটার্ণে থাপ খাওয়ান সম্ভব হয়নি বলে ছাঁটাই করা হয়েছে, তাদের পুনরায় পুনর্বহাল করা হবে।

(2) উক্ত স্টাফকে মাসিক 74/- অথবা তাদের যে রেটে পারিশ্রমিক দেওয়া হচ্ছিল, উভয়ের মধ্যে নীচের রেট অনুযায়ী তাদের পারিশ্রমিক দেওয়া হবে।

(3) জেলা স্কুল পরিদর্শক এরূপ কেস খুব সহৃদয়তার সঙ্গে বিচার-বিবেচনা করে অতিরিক্ত ডেভঃ ফীঃ আদায়ের নির্দেশ দিতে পারেন।

(4) এইসব অননুমোদিত পার্ট টাইম শিক্ষক এবং সংশ্লিষ্ট ব্যক্তিরা অবসর, পদত্যাগ ও অন্যান্য কারণে চলে গেলে তাদের পদ অবলুপ্ত করা উচিত।

যথাসময়ে এই ডিপার্টমেণ্টে একটি বিস্তৃত রিপোর্ট স্টাফ সংখ্যা, ডেভঃ কতটা বাড়ান ইত্যাদি।

স্বাঃ এইচ. ব্যানার্জি, ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

সেকেণ্ডারী ব্রাঞ্চ

No. 85-Edn. (S) / 1F-6/69

dt. 18th January, 1981

বিষয় : ১২ মাসের জন্য চাকরিতে ছেদ থাকলে (For condonation of brecak of service for 12 months)

নিম্ন স্বাক্ষরকারী গভঃ অর্ডার No. 1635(S) dt. 3rd Aug., 1972 অনুযায়ী জানাচ্ছেন যে, উক্ত রুলস বলবৎ হওয়ার পর অনধিক বারো মাসের কোন চাকরি ছেদের

জন্য (breack in service) অব্যাহতি (condonation) চাওয়ার প্রয়োজন নেই। এখন প্রশ্ন, এরূপ রুল জারী হওয়ার পূর্বে যদি কোন ছেদ পড়ে থাকে, তার জন্য অব্যাহতি চাওয়ার প্রয়োজন আছে কি ?

2. বিশেষ বিবেচনার পর রাজ্যপাল সিদ্ধান্ত নিয়েছেন যে, রুল জারী হওয়ার পূর্বে চাকরিতে যদি অনধিক বারো মাসের কোন ছেদ পড়ে থাকে, এবং তা যদি ছাঁটাই, বিতাড়ন শাস্তি হিসেবে গণ্য না হয়ে থাকে, তাহলে তার জন্য অব্যাহতি চাওয়ার কোন প্রয়োজন নেই। এবং পেনশনের প্রয়োজনে ঐ সময় যোগ করা হবে।

3. এই আদেশ ফিনান্স ডিপার্টমেণ্টের U. O. No. group B/2767 dt. 22nd January, 1987-এর সম্মতিতে প্রকাশ করা হল।

* * *

স্বাঃ আর. চৌধুরী
অ্যাসিঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুঃ ডিপার্টমেণ্ট / মাধ্যমিক শাখা

No $\frac{\text{481-Edn(S)}}{\text{5—P—3d/৪0}}$ dt. 2nd May, 1981

To

The Director of Secondary Education, W.B.

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার No 25 Edn(S) dt. 10th January, 1981 মতে যে সব শিক্ষাপ্রতিষ্ঠান পার্ট টাইম শারীর শিক্ষক, ক্রাফট টীচার, মিউজিক টীচার, মেথর, নাইট গার্ড প্রভৃতি মঞ্জুরীকৃত সংখ্যার বাইরে অতিরিক্ত স্টাফ্‌কে নিযুক্ত করেছেন এবং তাদের বেতনাদি অতিরিক্ত ডেভলপমেণ্ট ফী থেকে ১৯৭৯ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ব্যয় করা হয়েছে, অর্থাৎ নূতন ফীঃ রেট চালু হওয়ার পর সরকারী আদেশ No. 25 Edn. dt. 10th January, 1981 এর ফলে তারা ছাঁটাইয়ের সম্মুখীন হবেন।

বিশেষ বিচার-বিবেচনার পর এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ১৯৭৪ সালের ৮ই জুলাইয়ের পর নিযুক্ত হয়েছেন এবং ১৯৭৯ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কর্মরত ছিলেন, তাদেরও এই ডিপার্টমেণ্ট অর্ডার নং 25 Edn.(s) dt. 10th January, 1981-এর অনুচ্ছেদ 3(1) আনা হউক এবং উক্ত অর্ডার সংশোধিত হয়ে এরূপ দাঁড়াবে :

"কেবলমাত্র অননুমোদিত পার্ট টাইম শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের মধ্যে যারা ১৯৭৯ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কর্মরত ছিলেন, অর্থাৎ নূতন ফী রেট চালু হওয়ার আগে পর্যন্ত ছিলেন, তাদের বিষয় বিবেচনা করতে হবে। ঐরূপ কর্মচারী ৩১শে

ডিসেম্বর কর্মরত থাকলে এবং যাঁদের ইতিমধ্যে স্কুল কর্তৃপক্ষ আর্থিক অক্ষমতা হেতু চাকরি থেকে বিদায় দিয়েছেন, তাঁরা চাকরিতে পুনরায় বহাল থাকবেন।

স্বাঃ এইচ. ব্যানার্জি
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

মাধ্যমিক শিক্ষা ডাইরেক্টোরেট
৬, ভবানী দত্ত লেন, কলিকাতা-৭৩

কলকাতা, ১লা আগষ্ট, ১৯৮১

অফিস মেমোরেণ্ডাম

১৯৬৯ সালের ১৫ই জুলাই তারিখের নোটীফিকেশন নং 1598-Edn. এবং নোটিফিকেশন নং 855-Edn(s)/8B—4/78 এবং P980 এর 23rd December এবং ১৯৮১ এর 690 Edn(s) এবং ১৯৮১ এর ১৬ই জুন নিম্নানুরূপ নির্দেশ দেওয়া হচ্ছে যে অনুমোদিত বেসরকারী মাধ্যমিক স্কুলে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিযুক্তির ব্যাপারে নিম্নলিখিত নীতি-বিধি অনুসরণীয়।

নির্দেশনামা (DIRECTIONS)

1. নন-গভঃ মাধ্যমিক স্কুলে জেলা স্কুল পরিদর্শকের পূর্ব অনুমতি নিয়ে সমস্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের স্থায়ী বা অস্থায়ী পদে নিতে হবে।
2. যে স্কুলে শিক্ষক-অশিক্ষক কর্মচারী নিতে হবে, সে স্কুলের ম্যানেজিং কমিটি প্রথমে জেলা স্কুল পরিদর্শকের কাছে খোঁজ খবর নেবেন, অনুমোদিত স্কুলের কোন অতিরিক্তি (surplus) স্টাফ (অনুমোদিত) আছে কিনা অথবা (কর্মরত অবস্থাত) মৃত ব্যক্তির উপর নির্ভরশীল কোন ব্যক্তি অথবা প্রতিবন্ধী কোন প্রার্থী আছে কিনা। ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টরের কাছে ঐরূপ প্রার্থীদের তালিকা থাকলে তিনি ১৫ দিনের মধ্যে অন্যান্য দিকে উপযুক্ত হলে নাম পাঠাবেন। ম্যানেজিং কমিটির পক্ষে ঐরূপ লোক নেওয়ার অসুবিধা থাকলে এক মাসের মধ্যে তার কারণ বর্ণনা করে জবাব দেবেন এবং সরাসরি নিয়োগের জন্য আবেদন জানাবেন। একমাসের মধ্যে জেলা স্কুল পরিদর্শক তাঁর মতামত স্কুল কর্তৃপক্ষকে জানাবেন এবং তাই চূড়ান্ত বলে গৃহীত হবে।

উক্ত নির্দেশাবলী ছয়মাসের অনধিক কোন নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য নয়। এরূপ ক্ষেত্রে ভেকেন্সীর জন্য যথাযথ প্রচার,—প্রকাশ্য স্থানে নোটিস দিয়ে এবং সিলেকশন কমিটি দ্বারা ইণ্টারভ্যু নিয়ে এবং যোগ্যতা নির্ণয়ের পদ্ধতি অনুসরণ করে নিতে হবে।

ডেপুটেশন ভেকেন্সীর ক্ষেত্রে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে অথবা রাজ্যের

দৈনিক পত্রিকায় অ্যাডভারটাইজমেণ্ট দিয়ে সিলেকশন কমিটির সাহায্যে তাঁদের যোগ্যতা যাচাই করে তবে প্রার্থীকে নিযুক্ত করতে হবে।

নোট: [কোন শিক্ষক/অশিক্ষক কর্মচারীর ওপর নির্ভরশীল বলতে এইরূপ বোঝায় যে, কোন কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যু হলে তাঁর ওয়ারিশ —স্ত্রী/স্বামী, পুত্র এবং অবিবাহিত কন্যা প্রভৃতি। শিক্ষকদের মধ্যে কারও কর্মরত অবস্থায় ১৯৮১ সালের ১লা জানুয়ারীর মধ্যে মৃত্যু হলে —এই সুযোগ দেওয়া হবে।]

3. দ্বিতীয় প্যারাগ্রাফে উল্লিখিত প্রার্থীদের নাম জেলা পরিদর্শক কর্তৃক ম্যানেজিং কমিটির চাহিদা অনুযায়ী পাঠান সম্ভব না হলে অথবা জেলা পরিদর্শকের সঙ্গে আলোচনাক্রমে সরাসরি নিয়োগের সিদ্ধান্ত হলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে নাম চাওয়া হবে। এক্সচেঞ্জ থেকে কোন সুবিধাজনক প্রার্থী পাওয়া না গেলে ম্যানেজিং কমিটি রাজ্যের দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করবেন। দরখাস্ত প্রাপ্তির একটি রেকর্ড রাখতে হবে এবং ঐ রেকর্ড প্রয়োজনবোধে জেলা স্কুল পরিদর্শক অথবা তাঁর ক্ষমতা-প্রাপ্ত অফিসারের কাছে দেখান হতে পারে। সমস্ত উপযুক্ত প্রার্থীকে সুযোগ দিতে হবে।

শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর বয়সের উর্ধ্বসীমা সাধারণতঃ ৪০ বছর* অভিজ্ঞতাসম্পন্ন ও উচ্চ যোগ্যতাশীল প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৪৫ বছর। হেড মাস্টার/হেড মিস্ট্রেসের ক্ষেত্রে সাধারণতঃ ৫৫ বছর। হেডমাস্টার/হেড মিস্ট্রেস ব্যতীত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে, যেরূপ তফঃশীলভুক্ত শ্রেণী, আদিবাসী, ডিফেন্স ফেরৎ ও প্রতিবন্ধী ও মৃত ব্যক্তির উপর নির্ভরশীলদের বেলায় ৫ বছর শিথিলযোগ্য।

প্রার্থীদের রেজিষ্টারী ডাক যোগে পত্র দিতে হবে এবং তার একটি রেকর্ড রাখতে হবে।

4. প্রত্যেকটি স্কুলের জন্য একটি করে সিলেকশন কমিটি থাকবে। ঐ সিলেকশন কমিটির মারফৎ ম্যানেজিং কমিটিকে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিতে হবে।

সিলেকশন কমিটি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত হবে:

(i) স্কুলের হেড মাস্টার/হেড মিস্ট্রেস (প্রধান/প্রধানার পোষ্ট খালি থাকলে পদটিও খালি থাকবে।)

(ii) ম্যানেজিং কমিটির সেক্রেটারী অথবা অ্যাডমিনিষ্ট্রেটর;

(iii) ম্যানেজিং কমিটি কর্তৃক নির্বাচিত (selected) একজন; শিক্ষক প্রতিনিধি (স্কুল অ্যাডমিনিষ্ট্রেটরের শাসনাধীন থাকলে প্রতিনিধি teachers council দ্বারা নির্বাচিত হবেন);

(iv) গ্রাম্য এলাকায় পঞ্চায়েৎ সমিতির একজন প্রতিনিধি (i) শহর এলাকায় হলে, শিক্ষক-অশিক্ষক প্রতিনিধি ব্যতিরেকে অন্য একজন ম্যানেজিং কমিটির সভ্য। ম্যানেজিং কমিটি না থাকলে ঐ পদ খালি থাকবে।)

(v) সংশ্লিষ্ট বিষয়ে (subject) বহিরাগত একজন এক্সপার্ট। তিনি অনুমোদিত কলেজের অধ্যাপক হবেন, এটাই বাঞ্ছনীয়।

প্রধান/প্রধানার পদে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে (সিলেকশন কমিটিতে) বর্তমান প্রধান/প্রধানাই মেম্বর থাকবেন, অন্যথায় পদটি খালি থাকবে। প্রধান/প্রধানার পদে প্রার্থী নিতে হলে কোন ডিগ্রী কলেজের প্রিন্সিপ্যাল অথবা গভঃ হাই স্কুল/গভঃ পলিটেকনিকের প্রধান প্রধানাই সদস্য হবেন।

ম্যানেজিং কমিটি উক্ত selection কমিটির সদস্যদের মধ্য থেকে প্রেসিডেন্ট নিযুক্ত করবেন। কিন্তু প্রেসিডেন্টের কোন কাস্টিং ভোট থাকবে না।

সিলেকশন কমিটির সদস্যদের মধ্যে কারও আত্মীয়-স্বজন প্রার্থী থাকলে তিনি সিলেকশন কমিটির অন্তর্ভুক্ত হবেন না। প্রধান/প্রধানা কোন প্রার্থীর আত্মীয় হলে, তাঁকে বাদ দিয়ে সহ-প্রধান/প্রধানা বা সিনিয়র টীচার যিনি কোন রকমে প্রার্থীর সঙ্গে যুক্ত নন, তাকেই সদস্য করতে হবে। অনুরূপভাবে ম্যানেজিং কমিটির সেক্রেটারীও কোন প্রার্থীর সঙ্গে সংশ্লিষ্ট থাকলে তাঁর স্থলে ম্যানেজিং কমিটির সভাপতি সভ্য হবেন। বাইরের এক্সপার্টও যেন কোন প্রার্থীর সঙ্গে সংশ্লিষ্ট না থাকেন।

সিলেকশন কমিটি প্রত্যেকটি পদের জন্য তিনজন যোগ্য প্রার্থীর প্যানেল তৈরী করবেন—ইণ্টারভ্যুতে অগ্রাধিকারের ভিত্তিতে ম্যানেজিং কমিটি সিলেকশন কমিটি কর্তৃক গঠিত প্যানেলটি জেলা স্কুল পরিদর্শকের কাছে অনুমোদনের জন্য পাঠাবেন। ঐরূপ অনুমোদনের পর নিয়োগপত্র দেওয়া হবে। জেলা স্কুল পরিদর্শক (S.E.) সাধারণত একপক্ষকালের মধ্যে অনুমোদন দিয়ে থাকেন। বিশেষ ক্ষেত্রে জেলা স্কুল পরিদর্শকের পূর্ব-অনুমতি সাপেক্ষে ঐ সময়টা ছয় মাস লাগতে পারে।

5. **শিক্ষক প্রার্থী নির্বাচনের পদ্ধতি ঃ**

প্রার্থীর প্রাথমিক বাছাই হবে—বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এবং ঐ নম্বরের চার্ট নীচে দেওয়া হল। সাধারণতঃ প্রত্যেকটি পদের জন্য দশজন প্রার্থীকে ইণ্টারভ্যুর জন্য ডাকা হবে। এই উদ্দেশ্যে প্রার্থীদের মার্কশীটের প্রত্যয়াতীত নকল (attested copy) দরখাস্তের সঙ্গে পেশ করতে হবে।

এবং প্রাথমিক বাছাইয়ের একটি রেকর্ড জেলা স্কুল পরিদর্শক অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসারের পরিদর্শনের জন্য সংরক্ষণ করতে হবে।

কোন প্রার্থীর কোন বাছাই অথবা নির্বাচন সম্বন্ধে অভিযোগ থাকলে তিনি জেলা স্কুল পরিদর্শকের কাছে অ্যাপিল করতে পারেন এবং এই ব্যাপারে জেলা পরিদর্শকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য।

6. (a) কমিটি প্রার্থীদের বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষাগত যোগ্যতা যাচাই করে দেখবেন।
   (b) কমিটি প্রত্যেকটি প্রার্থীর অভিজ্ঞতা যাচাই করে দেখবেন।
   (c) Extra curricular কাজকর্ম বিবেচনা করা হবে।
   (d) ইণ্টারভ্যুতে কৃতকার্যতাও বিচার-বিবেচনা করে দেখতে হবে।

সিলেকশন কমিটি ঐ চারটি বিষয়ে নিম্নপ্রকারে নম্বর দেবেন :

নম্বর দেওয়ার চার্ট

(পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রীধারীদের জন্য)

(i) ম্যাট্রিকুলেশন/এস. এফ.			পি. ইউ.		
১ম বিভাগ	10	+	10	=20	
২য় "	8	+	7	=15	
৩য় "	5	+	5	=10	
কম্পার্টমেণ্টেল/পাস	4	+	4	= 8	
অথবা / পুরাতন হায়ার সেকেণ্ডারী পরীক্ষা					
১ম বিভাগ	20				
২য় বিভাগ	15				
৩য় বিভাগ	10				
কম্পা / পাস	8				
(ii) ডিগ্রী পরীক্ষা (অনার্স)					
১ম শ্রেণী	20				
২য় শ্রেণী	18				(60% এবং তার ওপরে)
ঐ	15				(শতকরা 50% এর নীচে)
স্পেশ্যাল অনার্স	13				
পাস কোর্স ও ডিষ্টিংশনসহ	12				
পাস	10				
(iii) পোষ্ট গ্রাজুয়েট					
প্রথম শ্রেণী	16				
দ্বিতীয় শ্রেণী	12				(50% এবং তার উপরে)
অথবা তৃতীয় শ্রেণী	10				(50% এর নীচে)

(iv) বি. এড অথবা
সমমর্যাদাসম্পন্ন যোগ্যতা (V থেকে X পর্যন্ত ক্লাশের জন্য শিক্ষকের desirable qualification বলে বিবেচিত)

১ম শ্রেণী	15	(60% এবং তার ওপরে)
২য় শ্রেণী	10	(60% এর নীচে)

(v) অভিজ্ঞতা (অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষাগত অভিজ্ঞতা)
প্রত্যেক বছরের অভিজ্ঞতার জন্য এক নম্বর। কিন্তু তা 10 নম্বরের বেশী হবে না।

(vi) এক্সট্রা ক্যারিকুলার কাজকর্ম 5 নম্বর

(vii) মৌখিক (Viva voce) 15 নম্বর

ওয়ার্ক এডুকেশনের শিক্ষকের নিয়োগে বি. এড ডিগ্রীর খুব একটা দরকার নেই ; কিন্তু তাঁদের গভঃ অর্ডার নং 845-Edn.(s) dt. 17.5.1976 এর সার্কুলারে নির্ধারিত যোগ্যতা অর্জন করতে হবে, যেমন—বিশ্বভারতীর B. Sc. (Social) অথবা B.S.W. (Hons.) অথবা স্বীকৃত শিক্ষায়তন থেকে ডিপ্লোমা/সার্টিফিকেট নিতে হবে।

যে সব পদে গ্রাজুয়েট ডিগ্রীর প্রয়োজন
(For Posts requiring graduate Degree)

উল্লিখিত পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী-এর III এ যে চার্ট দেওয়া আছে, তা বাদ দিতে হবে। তাহলে মোট নম্বর দাঁড়াচ্ছে ৮৫।

7. 1976 Act এ তফশীলভুক্ত শ্রেণী ও আদিবাসীদের সম্বন্ধে যা' বলা আছে তা' কঠোরভাবে অনুসরণ করতে হবে।

স্বীকৃত কোন স্কুলের কর্মরত শিক্ষক/শিক্ষিকাকে অন্য স্কুলে সাধারণতঃ নিয়োগ করার বিষয়টি কেবলমাত্র প্রমোশনের ক্ষেত্র ছাড়া অন্য সময়ে উৎসাহ দেওয়া সমীচীন নয়। অবশ্য বিশেষ বিশেষ অবস্থায় ঐরূপ শিক্ষকদের নিয়োগ অনুমোদন করা যেতে পারে। তবে ঐরূপ ক্ষেত্রে কি অবস্থায় শিক্ষককে নিযুক্ত করা হল, তা ম্যানেজিং কমিটির প্রস্তাবে রেকর্ড করে রাখা উচিত।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব্ সেকেণ্ডারী এডুকেশন,
পশ্চিমবঙ্গ

নিয়োগ সংক্রান্ত পরামর্শ
(Guidance For Appointment)

[গভঃ মেমোঃ No 1464(16) GA Dt. 24. 8. 81 এবং 1066(16)GA 16.6.81 of Director of Secondary Education, West Bengal—বেসরকারী

মাধ্যমিক (হাই, জুনিয়ার হাই এবং হাই ও জুনিয়ার মাদ্রাসা) স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগ সম্পর্কে।]

1. হাই নন-গভঃ সেকেণ্ডারী স্কুলের (মাদ্রাসা হাই সহ) সমস্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের স্থায়ী ও অস্থায়ী পদে* নিয়োগ করতে হলে ডি. আই অব, স্কুলসের (S. E.) পূর্ব-অনুমতি গ্রহণ করতে হবে।
2. স্কুলের ম্যানেজিং কমিটি বা আাডমিনিষ্ট্রেটরকে জেলা স্কুল পরিদর্শকের কাছ থেকে (a) অনুমোদিত উদ্বৃত্ত স্টাফ, (b) অনুমোদিত স্টাফের মৃত্যুর পর তাঁর উপর নির্ভরশীল, (c) প্রতিবন্ধী প্রার্থীদের তালিকা থেকে যোগ্যতা সম্পন্ন প্রার্থী সংগ্রহ করতে হবে। যদি ঐ তালিকা থেকে উপযুক্ত প্রার্থী পাওয়া না যায়, অথবা কমিটি বা প্রশাসকের পক্ষে ঐসব প্রার্থীদের অধিগ্রহণ করা সম্ভব না হয়, অথবা স্থানীয় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে উপযুক্ত প্রার্থী পাওয়া না যায়, তাহলে কমিটি বা অ্যাডমিনিষ্ট্রেটর রাজ্যের নামজাদা দৈনিক পত্রিকায় যোগ্যতাসম্পন্ন প্রার্থীর জন্য বিজ্ঞাপন দেবেন। বিদ্যালয়কে প্রার্থীদের তালিকা প্রয়োজনবোধে ডি. আই. অব, স্কুলস্ অথবা ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসারকে দেখান হতে পারে।

শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর চাকরিতে প্রথম প্রবেশের উর্ধ্বসীমা ৪০ বছর: উচ্চ শিক্ষিত ও তকঃশীলভুক্ত শ্রেণীর পক্ষে ৪৫ বছর। আদিবাসী, প্রতিবন্ধী ও ডিফেন্স প্রত্যাগত ব্যক্তিরাও সে সুযোগ পাবেন। বিদ্যালয় প্রধান ও প্রধানার পক্ষে ৫৫ বছর। অনধিক ১০ জনের তালিকাভুক্ত প্রার্থীকে রেজিঃ পত্রযোগে ইণ্টারভ্যুর জন্য পত্র দিতে হবে। এবং এসবের রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ম্যানেজিং কমিটি কর্তৃক গঠিত সিলেকশন কমিটি শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের সিলেকশন করবেন।

সিলেকশন কমিটি গঠন: শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগ

(1) বিদ্যালয় প্রধান/প্রধানা, (2) সেক্রেটারী/প্রশাসক, (3) একজন শিক্ষক প্রতিনিধি (ম্যানেজিং কমিটি কর্তৃক নির্বাচিত, অথবা প্রশাসকের আমলে হলে টীচার্স কাউন্সিল কর্তৃক নির্বাচিত), (4) পঞ্চায়েতের একজন মনোনীত ব্যক্তি (গ্রাম্য এলাকার স্কুলে হলে অথবা শিক্ষক-অশিক্ষক প্রতিনিধি ছাড়া ম্যানেজিং কমিটির আর একজন সদস্য শহর এলাকার স্কুলের ক্ষেত্রে), (5) সংশ্লিষ্ট বিষয়ে একজন বহিরাগত বিশেষজ্ঞ; তিনি সাধারণত স্বীকৃত কোন কলেজের লেকচারার বা অধ্যাপক হবেন। শহরাঞ্চলের ক্ষেত্রে ৪র্থ নম্বরে ম্যানেজিং কমিটির অবর্তমানে পদটি খালি থাকবে।

---

* পরবর্তী সরকারী সার্কুলার নং 454 Edn(S) dt. 25th April, 1983 এর মতে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী চাকরীতে প্রবেশের উর্ধ্বসীমা ৩৫ বছর এবং বিশেষক্ষেত্রে ৪০ পর্যন্ত বাড়ান যেতে পারে। আর প্রধান/প্রধানাদের বয়োপ্রাপ্তির আগে পর্যন্ত কোন প্রতিবন্ধক নেই। তবে ১০ বছরের অভিজ্ঞতা থাকা চাই।

প্রধান/প্রধানার ক্ষেত্রে :

এক নম্বরের পদটি বর্তমান প্রধান শিক্ষক/প্রধানা শিক্ষিকা কর্তৃক অলংকৃত হবে। ৫ নম্বরে কলেজের প্রিন্সিপ্যাল অথবা সরকারী হাইস্কুলের প্রধান/প্রধানা অথবা গভঃ পলিটেকনিকের প্রিন্সিপ্যাল। কমিটির প্রেসিডেণ্ট ম্যানেজিং কমিটি অথবা প্রশাসক কর্তৃক নিযুক্ত হবেন। কিন্তু প্রেসিডেণ্টের কোন কাষ্টিং ভোট থাকবে না।

নোট : অনুমোদিত স্টাফের ওপর নির্ভরশীল বলতে—স্ত্রী/স্বামী/পুত্র/অবিবাহিত কন্যা এভাবে পর পর। কেবলমাত্র নির্ভরশীল ব্যক্তি নিযুক্ত হতে পারে। কেবলমাত্র ১৯৮১ সালের ১লা জানুয়ারীর পরে কর্মরত অবস্থায় মৃত্যু হলে তবেই তা বিচার্য।

সিলেকশন কমিটির কোন সভ্য—প্রধান/প্রধানা, সেক্রেটারী, এক্সটারন্যাল এক্সপার্ট ইণ্টারভ্যু প্রার্থীর সঙ্গে সংশ্লিষ্ট থাকলে সিলেকশান কমিটির সভ্য হতে পারবেন না। প্রধান/প্রধানা কোন প্রার্থীর সম্পর্কিত ব্যক্তি হলে তাঁর পরিবর্তে সহকারী প্রধান শিক্ষক অথবা প্রার্থীর সঙ্গে সম্পর্কহীন কোন সিনিয়ার শিক্ষক সদস্য হিসাবে মনোনীত হবেন। অনুরূপভাবে সেক্রেটারীর কোন লোক হলে কমিটির প্রেসিডেণ্টই তৎস্থলে সদস্য হবেন।

সিলেকশন কমিটি প্রত্যেকটি পোষ্টের জন্য যোগ্যতানুসারে তিনজন প্রার্থীর নাম অগ্রাধিকারের ভিত্তিতে সুপারিশ করে নামের প্যানেল তৈরী করবেন।

প্রার্থীর নাম, বয়ঃসীমা ও সিলেকশন কমিটি

3. সিলেকশনের দুটি অংশ : প্রথম অংশ—প্রার্থী নির্বাচন এবং দ্বিতীয় অংশ ইণ্টারভ্যু।

প্রাথমিক বাছাই : বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে Annexure-4-এর চার্ট অনুযায়ী। প্রার্থীদের মার্কশীটের প্রত্যায়িত নকল দরখাস্তের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে। প্রাথমিকভাবে বাছাইয়ের তালিকার রেকর্ড রাখতে হবে। জেলা স্কুল পরিদর্শক অথবা ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসারের ইন্সপেকশনের কাজে লাগতে পারে।

ইণ্টারভ্যু : একটি পদের জন্য প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সাধারণতঃ দশজনের বেশী প্রার্থীর নাম রাখা হবে না। সিলেকশন কমিটিই প্রার্থীদের ইণ্টারভ্যু নেবেন। বিভিন্ন পরীক্ষার লব্ধ নম্বরের ভিত্তিতে, অভিজ্ঞতা, এক্সট্রা ক্যারিকুলার কাজকর্ম ও ইণ্টারভ্যুতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী সিলেকশন হবে।

পূর্ববর্তী সার্কুলারে—Annexure-4-এ বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মাত্রা ঠিক করে দেওয়া হয়েছে বলে তার পুনরুল্লেখ করা হল না।

(1) বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সীমা—৭০
(2) এক্সট্রা ক্যারিকুলার কাজকর্ম (সার্টিফিকেটের ভিত্তিতে)—৫
(3) শিক্ষাগত অভিজ্ঞতা (অনুমোদিত সার্ভিসের ডক্যুমেণ্ট থাকা চাই)—১০
প্রতি বছরের জন্য—১ নম্বর
(4) ইণ্টারভ্যু (সদস্যদের প্রত্যেকের দেয় নম্বরের গড়পড়তা হিসাবে)—১৫
(5) মোট নম্বরের সংখ্যা—১০০
(6) পদটি গ্রাজুয়েট শিক্ষক/শিক্ষিকার জন্য নির্দিষ্ট করা থাকলে পোষ্ট গ্রাজুয়েট পরীক্ষার নম্বর—১৫ যোগ হবে না। সেক্ষেত্রে মোট নম্বর—৮৫
(7) পঞ্চম থেকে দশম শ্রেণীর স্কুলের জন্য বি.-এড/বি.টি. পরীক্ষার নম্বর আবশ্যকীয়।
(8) Classical subject-এর টীচারের নিম্নতম যোগ্যতা হচ্ছে গ্রাজুয়েশন স্টেজে সংস্কৃত, পালি, আরবি/ফার্সি থাকা চাই।
(9) ওয়ার্ক এডুকেশন শিক্ষকের জন্য নিম্নতম যোগত্যা স্কুল ফাইন্যাল ও তৎসহ স্কুল ফাইন্যাল ও তৎসহ—স্বীকৃত ট্রেনিং
(10) Roster of vacancies-এ ছক থেকে ২০-এর মধ্যে—৩য়, ৮ম, ত্রয়োদশ ও অষ্টাদশ নম্বরের পদটি তফঃশীলভুক্ত শ্রেণী/আদিবাসীদের জন্য সংরক্ষিত। ২০ নম্বর পদের পর পুনরায় এক থেকে গণনায় যথাক্রমে ৩য়, ৮ম, ত্রয়োদশ ও অষ্টাদশ পোষ্ট সংরক্ষিত থাকবে—এটা কঠোরভাবে অনুসরণীয়।
(11) জেলা স্কুল পরিদর্শক কর্তৃক অনুমোদিত প্যানেলের স্থায়িত্ব একবছর। বিশেষ অবস্থায় প্রয়োজনে আরও ছয়মাস বাড়ান যেতে পারে।
(12) সিলেকশন কমিটির সুপারিশ ম্যানেজিং কমিটি বা প্রশাসক endorse করে জেলা পরিদর্শকের কাছে পাঠাবেন। প্যানেল নাকচ করবার অধিকার কমিটিকে দেওয়া হয়নি।
(13) কেবলমাত্র উচ্চতর যোগ্যতা ও প্রমোশনের ক্ষেত্র বিবেচনায় অন্য স্কুলের কর্মরত শিক্ষক/শিক্ষিকাকে নিয়োগের যৌক্তিকতা স্বীকার্য। এরূপ ক্ষেত্রে কি কারণে অন্য স্কুলের শিক্ষককে চান্স দেওয়া হল তা রেকর্ড করে রাখতে হবে।

প্যানেল প্রস্তুতি এবং জেলা স্কুল পরিদর্শকের কাছে পেশ

1. প্রত্যেকটির ডুপ্লিকেট কপি করে কাগজপত্র তৈরী করতে হবে।
2. জেলা স্কুল পরিদর্শক থেকে পদ পূরণের অনুমতি পত্র—নকল।
3. এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের কাছে চিঠি আদান-প্রদানের—নকল।
4. এমপ্লমেণ্ট এক্সচেঞ্জ থেকে প্রাপ্ত—প্রার্থী তালিকা।
5. দৈনিক সংবাদপত্রে বিজ্ঞাপনের মূল কপি (original copy) (পত্রিকার নাম ও তারিখ সহ)

6. ম্যানেজিং কমিটির প্রস্তাব অথবা প্রশাসকের অর্ডার—সিলেকশন কমিটি গঠন ও সদস্যবর্গের নাম ও যোগ্যতা সিলেকশন কমিটির প্রেসিডেন্ট।
7. প্রত্যেকটি পদের জন্য সিলেকশন কমিটির প্রস্তাব (resolution)—এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে প্রার্থীদেরও প্রাথমিক সিলেকশন হবে। এক্সচেঞ্জ কর্তৃক সমস্ত প্রার্থীদের ইণ্টারভ্যুতে ডাকতে হবে।
*8. এই মর্মে সার্টিফিকেট দিতে হবে যে, প্রার্থীদের ইণ্টারভ্যুতে ডাকা হয়েছিল এবং ইণ্টারভ্যুর জন্য রেজিঃ পোষ্টে interview letter পাঠান হয়েছিল। এর ডক্যুমেণ্ট সংরক্ষণ করে রাখতে হবে।
*9. এই মর্মে সার্টিফিকেট দিতে হবে যে, সিলেকশন কমিটির কোন সভ্যই প্রার্থীদের সম্পর্কিত কেউ নন।
10. ম্যানেজিং কমিটি অথবা প্রশাসকের প্রস্তাব—সিলেকশন কমিটির সুপারিশ করা প্রস্তাবকে endorsment.
11. স্কুল ম্যানেজিং কমিটি অথবা প্রশাসকের কার্যকালের মেয়াদ সম্পর্কে ডক্যুমেণ্ট।
12. প্যানেলে সিলেকশন কমিটির সভ্যদের সই-স্বাক্ষর এবং প্রধান/প্রধানা, সম্পাদক/প্রশাসকের সই-স্বাক্ষর থাকা চাই।
13. ফুলস্কেপ কাগজে নিম্নলিখিত প্রো-ফরমা অনুযায়ী প্যানেল তৈরী করতে হবে। প্রত্যেকটি পদের জন্য পৃথক প্যানেল হবে।

STATEMENT SHOWING RECOMMENDED PANEL

Subject/Group/Teacher/Non-Teaching Post

……………Madrasah/School, P.O.……………Dist……………

Sl. (1)	Name in full (2)	Date of receipt of application (3)	Date of preliminary Selection and inter-view for final selection (4)	Date of birth (5)

D-Division/C-Class/Y-Year/M-Marks

Academic Qualification : Mat. S.F. Year. Dvn. Marks. (6a)	P. U. Yr. D.M. (6b)	Old H.S. Yr. D.M. (6c)	Degree Regular Hons. YD/CM (6d)	Degree Spl. Hons. YD/C (6e)

অশিক্ষক কর্মচারীদের প্যানেল তৈরী করতে হলে অপ্রয়োজনীয় অংশ বাদ যাবে। Subjects অনুযায়ী মঞ্জুরীকৃত পোষ্টের প্যানেলে সিলেকশন কমিটির প্রত্যেক সদস্যের সই থাকবে। ফুলস্কেপ কাগজে টাইপ করে দিতে পারলে ভাল হয়। উক্ত প্যানেলের নীচের দিকে এইভাবে সার্টিফিকেট দিতে হবে :

*

1.
2.
3.
4.
5.

স্বাঃ জি. বাগচি
ডি. আই. অব স্কুলস্ (SE)
চব্বিশ পরগনা
১৫ই সেপ্টেম্বর, ১৯৮১

ক্লার্ক : নিম্নতম যোগ্যতা—এস. এফ. অথবা সমমানের যোগ্যতা।

(i) লিখিত পরীক্ষা—হাতের লেখা ও বাক্য গঠন ক্ষমতা = 50 নম্বর
ইংরাজী ও বাংলা কম্পোজিশন ......25 } Mat. Standard
অংক ... ... 25 }

(ii) টাইপ টেষ্ট ... ... 20 নম্বর

(iii) শিক্ষাগত যোগ্যতা :
Mat/SF
১ম বিভাগ 10
২য় " 50% বা বেশী 8
৩য় " পাস/কম্প./সাপ্. 3

(iv) মৌখিক (ইণ্টারভ্যু)— 10 নম্বর

(v) অভিজ্ঞতা (১০ বছর—বছরের জন্য) 10 নম্বর

(vi) ডিগ্রীর যোগ্যতা থাকলে বোনাস মার্ক 2 "

জেলা স্কুল পরিদর্শক ক্লার্কের যোগ্যতা নির্ণয়ে টাইপ জানার কথা উল্লেখ না থাকলে 70 নম্বরের ওপর টেষ্ট হবে।

B: চতুর্থ শ্রেণীর স্টাফ (মেট্রন সহ), পিওন, লেবরেটরী এটেণ্ডেণ্ট প্রভৃতি ঃ

শিক্ষাগত যোগ্যতা যে কোন হাই / জুনিয়ার হাইস্কুলের মাদ্রাসার অষ্টম শ্রেণী পাসের সার্টিফিকেট।

বয়স—কমপক্ষে ১৮ বৎসর।

টেষ্ট মার্ক—মোট ঃ ৩০ নম্বর

(ক) শারীরিক পটুতা —১০ নম্বর

(খ) পঠন ও লিখন —১০ „

(গ) মৌখিক ইণ্টারভ্যু ও অভিজ্ঞতা —১০ „

মোট ৩০ নম্বর

প্রত্যেকটি স্কুলে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য ROSTER OF VACANCIES সংরক্ষণ করতে হবে। এবং উক্ত ROSTER ডি. আই. অফিস থেকে অনুমোদন করিয়ে নিতে হবে।

শিক্ষক / অশিক্ষক কর্মী নিয়োগে প্রত্যেকটি পোষ্টের জন্য ডি. আই. অফিস থেকে পরিস্কার সিগনেল পেতে হবে, পোষ্টটি Sc/ST-এর জন্য সংরক্ষিত (R) অথবা OPEN.

নিম্নে ROSTER-এর প্রোফরমা দেওয়া হল ঃ

ROSTER OF VACANCIES

for teaching/non-teaching posts.

Year :	Existing sanctioned posts-nos. (as on 1st April)	New sanctioned posts-nos (from 1st April)	No. of incumbents S.C./S.T./others Total :
(1)	(2)	(3)	(4) (Col. 2 plus 3)

(2)

O-Open. R-Reserved

Position of Reservation against posts created since 1976 :

Post No. (5)	Position (6)	Actually held by……and the caste to which he/she belongs (Name) (7)
1.	0	Shri/Smt.………SC/ST/Others
2.	0	
3.	R	
4.	0	
5.	0	
6.	0	
7.	0	
8.	R	
9.	0	
10.	0	
11.	0	
12.	0	
13.	R	
14.	0	
15.	0	
16.	0	
17.	0	
18.	R	
19.	0	
20.	0	

নিয়োগ ও অনুমোদন
APPOINTMENT AND APPROVAL

1. জুনিয়ার হাই, হাই ও হায়ার সেকেণ্ডারী ও মাদ্রাসা হাইয়ের শিক্ষক ও অশিক্ষক নিয়োগ কল্পে এডুকেশন ডাইরেক্টেরেট মেমো নং 1464 G. A. dt. 24. 8. 81.-এর নির্দেশ ছাড়াও নিম্নলিখিত গাইড লাইন দেওয়া হয়েছে :

(a) চাকরি রত এমন কোন প্রার্থী কোথায়ও নূতনভাবে প্রার্থী হতে ইচ্ছা করলে তাঁকে তাঁর বর্তমান কর্তৃপক্ষের কাছ থেকে No Objection

Certificate এবং তাঁকে তাড়াতাড়ি release করে দেওয়ার প্রতিশ্রুতি পত্র দরখাস্তের সঙ্গে দাখিল করতে হবে। অন্যথায় তাঁর দরখাস্ত ইণ্টারভ্যুর জন্য বিবেচনা নাও করা যেতে পারে।

ডি. আই অফিসে প্যানেল অনুমোদনের জন্য পেশ করবার সময় নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে ঃ

(i) স্ক্রীনিং কমিটির প্রাথমিক রিপোর্ট ;

(ii) এক্সট্রাক্যারিকুলার কাজকর্মের প্রমাণপত্রাদি ; টিচিং প্রফেশনের সঙ্গে সংশ্লিষ্ট সার্টিফিকেটেরই ওপর নির্ভর করে নম্বর দিতে হবে।

(iii) মৌখিক টেষ্টের (Viva-Voce) জন্য সিলেকশন কমিটির প্রত্যেক সভ্যকে আলাদা আলাদা করে নম্বর দিতে হবে এবং গড়পড়তা নম্বরের ভিত্তিতে নম্বর প্রাপ্তি ঠিক করতে হবে।

(iv) প্রথম তিনজন প্রার্থীর মার্কশীট প্যানেলের সঙ্গে দাখিল করতে হবে।

(v) রেজিঃ পত্র যোগে ইণ্টারভ্যু লেটার প্রাপ্তির কপি দাখিল করতে হবে।

2. Regd. with A/D পত্রে Lettes of appoiniment বা নিয়োগপত্র পাঠাতে হবে।

3. প্যানেল ডি. আই কর্তৃক অনুমোদিত হওয়ার পর এক বছর পর্যন্ত তার মেয়াদ থাকে। বিশেষ অবস্থায় স্কুলের স্বার্থে ঐ প্যানেলের মেয়াদ আরো ছয় মাস বাড়ান যেতে পারে।

4. পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের গ্রাণ্ট-ইন-এড মেমোতে নাম থাকলে কারও নূতন করে অনুমোদন নেওয়ার দরকার নেই ; কিন্তু অন্যান্য ক্ষেত্রে পোষ্টের saction করা মেমো, মিয়োগ সম্পর্কে ম্যানেজিং কমিটির প্রস্তাব ও অন্যান্য প্রমাণ দাখিল করতে হবে। পরবর্তী সময়ে সমস্ত অস্থায়ী নিয়োগ এবং হায়ার সেকেণ্ডারী সেকশনে অস্থায়ী নিয়োগ এবং পরে স্থায়ী হওয়া সত্ত্বেও এবং অ্যাডহক নিয়োগ—সব কিছুকে নিয়মিতকরণ করতে হবে।

5. 28. 2. 83 পরে অতিরিক্ত পোষ্টে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগ 31.3.83 পর্যন্ত রাখা হয়েছে (Vide D. S. E.'s memo No. 147(16) dt. 11th/14th Feb, 1983)।

আমাকে আরও জানাতে হচ্ছে যে, যে সমস্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়োগ ভালভাবেই দু'বছর কেটে গেছে, তাঁদের পদগুলোকে স্থায়ীকরণের প্রস্তাব এলে স্থায়ী বলে গণ্য করা হবে।

6. পদ পূরণের প্রস্তাব আসলে ১৯৭৬ সাল থেকে SC/ST সম্প্রদায়ের জন্য সংরক্ষণ নীতির পরিপ্রেক্ষিতে দেখা হবে। পোষ্ট মঞ্জুর করার মেমো, পূর্ববর্তী শিক্ষকের পদ অনুমোদনের চিঠি প্রভৃতি দাখিল করতে হবে।

7. ফাঁকা ছাত্র সংখ্যা বৃদ্ধির নামে অতিরিক্ত পদ মঞ্জুরে সরকারী অর্থের অপচয় হয়। এরূপ ঘটনা নিন্দনীয়। এরূপ ঘটনা কাকদ্বীপ ধীরেন্দ্র ইনষ্টিটিউশনে ঘটেছে। দেখা গেছে ঐ স্কুলে ১০ জন ও সুন্দরবন জুনিয়ার হাইস্কুলে, বসিরহাটে একজন শিক্ষক অতিরিক্ত হয়েছেন।

অতিরিক্ত শিক্ষকের পদ সৃষ্টি করতে হলে বিদ্যালয় প্রধান/প্রধানাদের নিম্নলিখিত নীতির ভিত্তিতে ছাত্রসংখ্যাকে ভাগ করে দেখাতে হবে—

(i) প্রমোশন (ii) আটকে রাখা (iii) স্কুলে পঠন-পাঠন বন্ধ হলে (iv) অভিভাবকের ইচ্ছানুসারে ভর্তি (v) প্রথম ভর্তি (first admission)

8. 16. 3. 71 সালের পর বাংলাদেশ থেকে আগত ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, ডিপ্লোমা, ডিগ্রী প্রভৃতি দুইপ্রস্থ নিজেদের স্কুলের নিযুক্ত শিক্ষকদের ডি. আই অফিসে পেশ করতে হবে, এর পরে এরূপ পদের জন্য ডি. আই অব স্কুলের পূর্ব অনুমোদন দরকার হবে।

9. স্থানীয় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, G. O. No 150 Edn. (H.S.) dt. 15. 9. 78 অথবা D. S. E. W. B. 's No 452 (6) Sc (HS) dt. 12. 1. 81 অনুযায়ী কোন পার্ট টাইম শিক্ষক নিযুক্ত হলে পুরো সময়ের জন্য স্কুলে কোন পদ খালি হলে তাঁদের ইণ্টারভ্যুতে ডাকতে হবে।

10. চার ক্লাস / দুই ক্লাস জুনিয়ার হাই স্কুলের ক্ষেত্রে ছয় জন শিক্ষক থাকলে তাঁদের মধ্যে একজন Pure Science-এর শিক্ষক ও অন্য একজন জীবন বিজ্ঞানের শিক্ষক থাকবেন। দু'ক্লাশ জুনিয়ার হাইস্কুলের ক্ষেত্রে তিনজনের মধ্যে একজন পুরো বিজ্ঞানের (Pure Science)-এর শিক্ষক থাকবেন।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট / গ্রাণ্ট-ইন-এড সেকশন

No 363(16) GA/3B-16/80 dt. 25th March 1982

To

The Dist. Inspector of Schools (S.E.) Cal.

বিষয়ঃ অ্যাসিঃ হেড মাষ্টার / অ্যাসিঃ শিক্ষক / চতুর্থ শ্রেণীর কর্মচারীর অস্থায়ীভাবে পদ মঞ্জুর।

নিম্ন স্বাক্ষরকারী উল্লিখিত সার্কুলারের ভিত্তিতে এবং মেমোঃ নম্বর 536 Edn. (Estt) dt. 16. 7. 79 তারিখের অনুযায়ী যে সব স্থায়ী বা অস্থায়ী পদে নিযুক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারী তিন বছরের বেশী স্থায়ীভাবে কাজ করছেন, তাদের জি. এ. রুলে স্থায়ীকরণের প্রস্তাব করা হচ্ছে। তাদের 31. 8. 82 পর্যন্ত অস্থায়ীভাবে কাজের মেয়াদ বাড়ান হল।

স্বাঃ অস্পষ্ট

for Director of Sec. Edn. 1983.

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ : সেকেণ্ডারী ব্রাঞ্চ

No 530—Edn(s) dt. 2nd Sept. 1982

বিষয় : পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান / প্রধানার নিয়োগের যোগ্যতা

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বর্তমান আদেশানুসারে হায়ার সেকেণ্ডারী, হায়ার সেকেণ্ডারী মাদ্রাসা, হাই স্কুল ও হাই মাদ্রাসার ক্ষেত্রে প্রধান/প্রধানার যোগ্যতা ছিল : অনার্স সহ ট্রেণ্ড গ্রাজুয়েট অথবা মাস্টার ডিগ্রী সহ শতকরা ৪০ নম্বর থাকা চাই এবং পাঁচ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা। স্পেশ্যাল অনার্স, অনার্স গ্রাজুয়েট বলে স্বীকৃত নয়।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার একটি পে-কমিশন বসিয়েছেন। উক্ত পে-কমিশন বেসরকারী শিক্ষা ও অশিক্ষক কর্মচারীদের জন্য সুপারিশ সহ একটি রিপোর্ট দিয়েছেন। সরকার ঐ কমিশনের রিপোর্ট গ্রহণ করেছেন।

পে-কমিশন বেসরকারী মাধ্যমিক স্কুলের প্রধান/প্রধানার জন্য পাঁচ বছরের পরিবর্তে দশ বছরের অভিজ্ঞতার সুপারিশ করেছেন। আর প্রধান/প্রধানার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অবশ্য অপরিবর্তিত থাকবে। সরকার এই ব্যাপারে পে-কমিশনের সুপারিশ গ্রহণ করেছেন।

শিক্ষাগত যোগ্যতা অপরিবর্তিত রয়েছে। আর এম.-কম পরীক্ষাতে শতকরা ৪০ নম্বর ও দশ বছরের অভিজ্ঞতা প্রধান/প্রধানার অন্যতম স্বীকৃত যোগ্যতা।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টরেট অব সেকেণ্ডারী এডুকেশন

মেমো নং 1168(16)/GA dt. 4th Dec., 1982

গভঃ মেমো নং 1464(16)GA dt. 2 . 8. '81 তারিখের সার্কুলার অনুসারে জানান হচ্ছে যে হায়ার সেকেণ্ডারী স্কুল ম্যানেজিং কমিটি স্থানীয় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের প্রার্থীদের ইণ্টারভ্যু নেওয়ার সময় জি.ও. নং 150 Edn.(H.S.) dt. 15. 9. '78 অথবা নং 452(60) SC/H.S. dt. 12. 1. '81 স্কুলের পার্ট টাইম পদে কর্মরত প্রার্থীদের পদ পূরণের ক্ষেত্রে ইণ্টারভ্যুর সুযোগ দিতে হবে।

স্বাঃ
ডাইরেক্টরেট অব সেকেণ্ডারী এডুকেশন
পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট

গ্রাণ্ট-ইন-এড্ সেকশন

No $\frac{147(16)\ GA}{3B—16/89}$ dt. 11th Feb, 1983

To

The Dist. Inspector of Schools (S. F.)

বিষয়ঃ ২৮.২.৮৩ তারিখের পরে অতিরিক্তপদে নিযুক্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারী।

রেফা ঃ মেমো নং 886(16) GA dt. 17.8.82

উক্ত মেমোর সূত্রে আরও জানান হচ্ছে যে, অস্থায়ীভাবে নিযুক্ত অতিরিক্ত পদে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ৩১.৮.৮৩ পর্যন্ত রাখা হল এবং প্রত্যেকটি অস্থায়ী পদে অনুমোদন দেওয়া হ'ল।

এই প্রসঙ্গে নিম্নস্বাক্ষরকারী আরও জানাচ্ছেন যে, অস্থায়ীভাবে অনুমোদনপ্রাপ্ত শিক্ষকদের দুবছর চাকরি হয়ে গেলে গভঃ অর্ডার নং 536-Edn.(Estt) dt. 16.7.80 অনুযায়ী তাঁদের স্থায়ীপদে নিয়োগ অনুমোদন করা যেতে পারে। যে সমস্ত কেস জি. ও. নং 536 Edn. (Estt) dt. 16.7.80 এর নির্দেশ অনুযায়ী শর্তাদি আইনঘটিত নানা জটিলতার জন্য পূরণ করা যায় নি, সেগুলো ডাইরেক্টোরেটে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য পাঠান যেতে পারে।

স্বাঃ আর. দাশগুপ্ত

ডাইরেক্টোর অব সেকেণ্ডারী এডুকেশন, ওয়েষ্ট বেঙ্গল

(পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট

মাধ্যমিক শাখা

No 454-Edn(S) dt. 25th April, 1983

To

The Director of Secondary Education, West Bengal

বিষয়ঃ বেসরকারী স্কুলের সহকারী শিক্ষক, অশিক্ষক কর্মচারী ও প্রধান/প্রধানা নিয়োগ

এই বিভাগের জি. ও. নং 530-Edn.(s) dt. 2nd সেপ্টেম্বর, ১৯৮২ নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বিবেচনার পর সহকারী শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরিতে প্রবেশের বয়স সাধারণত ৩৫ বছর হবে। ঐ বয়ঃসীমা কেবলমাত্র অভিজ্ঞ ও উচ্চ

শিক্ষিত তফঃশীলভুক্ত শ্রেণী ও আদিবাসী, প্রতিবন্ধী এবং প্রাক্তন প্রতিরক্ষা কর্মীদের বেলায় ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

হেড মাস্টার/হেড মিস্ট্রেসদের ক্ষেত্রে এরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, বয়োপ্রাপ্তির (Superannuation) পূর্বে অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ে নিযুক্ত হলে, তাঁদের বয়সের সীমা শিথিলযোগ্য। তবে তাঁদের কমপক্ষে একটানা দশ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা থাকা চাই।

এই ব্যাপারে উল্লেখ করা যেতে পারে যে, সরকারের পূর্ব অনুমোদন পেলে এই সব শর্ত আরও শিথিল করা যেতে পারে।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট / এইচ. এস ব্রাঞ্চ

No 72-Edn. (H.S.)/38—60/81 dt. 9th August, 1983

To
The Director of Secondary Education, West Bengal.

বিষয় : একাদশ-দ্বাদশ শ্রেণীর স্পনসর্ড অথবা এডেড মাধ্যমিক বিদ্যালয়ে লাইব্রেরীয়ান নিয়োগ।

সরকারী অর্ডার নং 17-Edn.(H.S.) dt. 18.3.82 এর আংশিক সংশোধন করে রাজ্যপাল নিম্নোক্ত তিন প্রকারের যোগ্যতা ভবিষ্যতে বিদ্যালয়ের লাইব্রেরীয়ান নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(1) এম.এ/এম.এস-সি/এম.-কম ডিগ্রী এবং সরকারী স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা।

(2) বি.-এ/বি.-এস-সি/বি.-কম ডিগ্রী সহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা।

(3) ম্যাট্রিকুলেশন অথবা সমপর্যায়ের যোগ্যতা সহ নিম্নলিখিত ইনষ্টিটিউশন থেকে সার্টিফিকেট :

(i) বেঙ্গল লাইব্রেরী এসোসিয়েশন

(ii) রামকৃষ্ণ মিশন বয়েজ হোম, রহড়া

(iii) জনতা কলেজ, কালিমপঙ

লাইব্রেরীয়ানে পদে নিযুক্ত ব্যক্তিরা তাঁদের যোগ্যতা ও অন্যান্য শর্তানুযায়ী গভঃ অর্ডার নং 372-Edn.(B) dt. 31. 7. '81 অনুযায়ী বেতন ও ভাতা পাবেন।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No 1128/1(15)GA dt. 18. 7. '76

১৯৭৪ সালের রিভাইজড্ প্যাটার্ন অনুযায়ী বেসরকারী মাধ্যমিক স্কুলের কর্মশিক্ষার শিক্ষকদের যোগ্যতা সংশোধন করা হয়েছে।

জি. ও. নং 845-Edn.(S) dt. 11. 5. '76 ওয়ার্ক এডুকেশনের শিক্ষকদের যোগ্যতা ৭নং নির্দেশ অনুযায়ী স্থিরীকৃত হয়েছে—টেলারিং, উডক্রাফট, লেডী ব্রেবোর্ণ, স্যুটিং শিক্ষা ও অন্যান্য সার্টিফিকেট ও ডিপ্লোমা সহ গ্রাজুয়েট।

পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীন কল্যাণীস্থ নদীয়া উডক্রাফট ইনষ্টিটিউশনের সুপারিন্টেনডেণ্ট এই মর্মে অনুসন্ধান করেছেন যে, কোন গ্রাজুয়েটের উডক্রাফ্‌ট সুপারভাইজরী কোর্সে ডিপ্লোমা থাকলে ওয়ার্ক এডুকেশন শিক্ষকরূপে থাকতে পারেন কিনা।

সরকার জানাচ্ছেন যে, কল্যাণী উড ইণ্ডাষ্ট্রিজ থেকে সুপারভাইজ কোর্সের ডিপ্লোমা থাকলে সংশ্লিষ্ট ব্যক্তি উডক্রাফ্‌ট শিক্ষক নিযুক্ত হওয়ার অধিকারী।

ডি. এন. সিনহা
সেক্রেটারী

সরকারী সার্কুলার

dt. 29. 4. '82

অ্যাসিঃ হেডমাষ্টার / হেডমিস্ট্রেসের বেতন ও এলাউন্স সম্পর্কে কিছুটা ব্যাখ্যা করা হয়েছে :

1. সহ প্রধান/প্রধানা প্রধানের পদে যোগ্যতাসম্পন্ন থাকলে এডেড হাইস্কুলে একমাসের বেশী সময়ের জন্য প্রধান/প্রধানার পদে কাজ করলে তিনি যোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানার নির্ধারিত পে ও এলাউন্সের অধিকারী, তবে তা "officiating pay and allowance" হিসেবে ধরা হবে।
2. কোন এডেড হাইস্কুলের স্থায়ীপদে নিযুক্ত সহকারী শিক্ষক অ্যাসিঃ হেডমাষ্টারের পদের জন্য যোগ্যতাসম্পন্ন হলে একই স্কুলে অথবা অন্য স্কুলে অ্যাসিঃ হেডমাষ্টারের পদে নিযুক্ত হলে তাঁর মূল বেতন যদি অ্যাসিঃ হেডমাষ্টারের গোড়ার স্কেল অতিক্রম করলে অ্যাসিঃ হেডমাষ্টারের পদে এক বছরের কাজের মেয়াদ পূর্ণ হলে তবে তিনি পরবর্তী বেতন বৃদ্ধির (increment of pay) সুযোগ পাবেন।

* * *

স্বাঃ ই. দত্ত
ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন
ওয়েষ্ট বেঙ্গল (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

এইচ. এস. ব্রাঞ্চ

No $\frac{\text{94—Edn. (H.S.)}}{\text{35—35/83}}$ dt. 21st Nove., 1983

To

The Director of Secondary Education, W.B.

বিষয় : হায়ার সেকেণ্ডারী সম্মিলিত (integrated) স্কুলের হায়ার সেকেণ্ডারী জেনারেল ও ভোকেশ্যনাল কোর্সের জন্য শিক্ষক পদের মঞ্জুর

রেফা: ডাইরেক্টোরেট মেমো নং 96-Sc/(H.S.) dt. 10.8.'83

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ডিপার্টমেণ্ট অর্ডার নং 191—Edn. (H.S.) dt. 5. 12. '79 সম্মিলিত (integrated) এইচ. এস.-এর সেকশন-এর জেনারেল ও ভোকেশ্যনাল এবং ইণ্ডিপেণ্ডেণ্ট ইনষ্টিটিউশনের জন্য ৬২১১ শিক্ষকের পোষ্টের মধ্যে অনেকগুলো পোষ্ট পূর্ণ হওয়া সত্ত্বেও এখনও অনেকগুলো অপূর্ণ আছে।

বিশেষ বিবেচনার পর রাজ্যপাল হায়ার সেকেণ্ডারী স্কুলের সাধারণ ও ভোকেশ্যনাল পোষ্টে অতিরিক্ত ৩০০ পদ অতিরিক্ত শিক্ষকের জন্য মঞ্জুর করেছেন।

এইসব পদ ১৯৮৪ সালের ১লা জানুয়ারী থেকে সম্মিলিত স্কুলের জেনারেল ও ভোকেশ্যনাল পোষ্টে বিলি-ব্যবস্থা করা হবে।

* * *

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট, সেকেণ্ডারী ব্রাঞ্চ

No $\frac{\text{69—Edn.(S)}}{\text{6C—2/84}}$ dt. 1st Feb., 1984

To

The Director of Secondary Education, W.B.

বিষয় : ১.১.৭৪ তারিখ থেকে মাধ্যমিক স্কুলে, রিভাইজড প্যাটার্ণ অব সেকেণ্ডারী এডুকেশনের জন্য ওয়ার্ক এডুকেশনের শিক্ষক নিয়োগ।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, জি. ও. নম্বর 770-Edn.(S) dt. 8th July, 1974 ও জি.ও. নম্বর 845-Edn.(S) dt. 17th May, 1976 অনুযায়ী সরকার

ওয়ার্ক এডুকেশনের জন্য সহকারী শিক্ষকের যোগ্যতা নির্দেশ করে দিয়েছেন। সরকার জনতা কলেজের (বাণীপুর) ভিলেজ লীডারশীপ ট্রেনিং ও ওয়ার্ক এডুকেশনের শিক্ষক নিয়োগের জন্য উপযুক্ত যোগ্যতা বলে নির্ণয় করেছেন।

সরকারের নজরে এসেছে যে, উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত নয়, এরূপ ইনষ্টিটিউশনের সার্টিফিকেটপ্রাপ্ত প্রার্থীদের মাধ্যমিক স্কুলে ওয়ার্ক এডুকেশনের শিক্ষক হিসেবে নিযুক্ত করা হচ্ছে।

রাজ্য সরকার সবিশেষ বিবেচনা করে সিদ্ধান্ত করেছেন যে, মাধ্যমিক স্কুলে গভঃ অর্ডারে উল্লিখিত রাজ্য সরকার কর্তৃক স্বীকৃত নয়, এরূপ ইনষ্টিটিউশনের ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট-প্রাপ্ত কোন প্রার্থীকে ওয়ার্ক এডুকেশনের শিক্ষক হিসেবে নিয়োগের জন্য অনুমোদন দেওয়া হবে না।

এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সার্কুলার যোগে অবহিত করান হউক।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

মেমো নং GA/921(2000)

dt. 13th Feb., 1984

To

The Secretary, Administrator/Headmaster/Headmistress
of High/H.S./Jr. High/Madrasah Schools

বিষয়ঃ স্কুলে দৈহিক প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন ভেকেন্সীতে নিয়োগ

এডুকেশন ডিপার্টমেণ্ট মেমো নং 1417(6) / Estt dt. 22. 8. '83 and D.S.E(GA) W. B. Memo No 1406(16)—GA dt. 7. 9. '83-এর সূত্রে নিম্ন স্বাক্ষরকারী সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করছেন যে, স্কুলের বিভিন্ন শূন্য পদে যে সমস্ত দৈহিক প্রতিবন্ধী শিক্ষক ও অশিক্ষক প্রার্থীদের ১৯৭৭ সাল পর্যন্ত নিযুক্ত করা হয়েছে, তাঁদের একটি তালিকা নিম্ন স্বাক্ষরকারীর কাছে পাঠিয়ে দেওয়া হউক।

ঐ লিষ্টে নিযুক্ত প্রার্থীদের নাম, যোগ্যতা, ঠিকানা, পদের বিভাগ, নিয়োগের তারিখ, শূন্য পদের অবস্থা প্রভৃতি সবিস্তারে উল্লেখ থাকবে। ঐ তালিকা প্রত্যেক বছরের জন্য পৃথক পৃথক শিক্ষকের জন্য পৃথকভাবে তৈরী করতে হবে। যেসব স্কুলে ঐরূপ কোন প্রতিবন্ধী প্রার্থী নেই, তাঁদের Nil Statement দিতে হবে। বিষয়টি জরুরী।

জেলা স্কুল পরিদর্শক (মাঃ)
২৪ পরগণা

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

জেলা স্কুল পরিদর্শকের অফিস (SE), ২৪ পরগণা
৬০বি, চৌরঙ্গী রোড, কলি-২০

মেমো নং জি. এ. 898/(2000) dt. 3. 2. 1984

To
The Headmasters/Headmistresses

বিষয় : পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্কুলে বাংলাদেশ থেকে আগত প্রার্থীদের শিক্ষক হিসেবে নিয়োগ।

রেফা: D.D. S.E. (women), W.B.'s Memo No. 163(16)5C/G dt. 20. 1. '84 & Deputy Secretary, Govt. of W.B.'s Memo No. 3-Edn.(6) dt. 4.1.1984

এই অফিসের মেমো নং 116/G(2200) dt. 28. 2. '83 এবং পঞ্চম পৃষ্ঠায় (8) নং আইটেমে যে সমস্ত বাংলাদেশ থেকে আগত ব্যক্তিদের স্কুলে ডিগ্রী, ডিপ্লোমা ও সার্টিফিকেটের ভিত্তিতে 15. 3. '72 এর পরে বিভিন্ন পদে নিযুক্ত করা হয়েছিল, তাঁদের একটি তালিকা ১৫ দিনের মধ্যে পাঠিয়ে দেওয়া হউক।

যেহেতু এই সমস্ত প্রার্থীর বিষয়বস্তু এই অফিসে পাঠান হয়নি, এবং এডুকেশন ডাইরেক্টরেট থেকে এইসব বিষয়বস্তু চেয়ে পাঠান হয়েছে, সেহেতু পরবর্তী ডাকে তা পাঠিয়ে দেওয়া হউক।

এর সাথে ১৯৭১ সালের ১৬ই মার্চের আগে আগত ব্যক্তিদের চাকরীতে নিয়োগ করা হলেও তাঁদের একটি স্বতন্ত্র তালিকা তৈরী করে পাঠান হউক।

বিষয়টিকে খুবই গুরুত্ব দিতে হবে।

স্বাঃ অস্পষ্ট
অ্যাডিশ্যনাল ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস্
২৪ পরগণা

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টরেট অব স্কুল এডুকেশন
গ্রাণ্ট-ইন-এড সেকশন

No. $\frac{78/\text{-GA}}{31\text{-}40/81}$ dt 9th May '84

To
The Dist. Inspector of Schools (SE), Hooghly

বিষয় : যোগ্যতা সম্বন্ধে ব্যাখ্যা

রেফাঃ অফিস মেমো নং 5017/HAR-12 dt. 21.11.83

উক্ত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বি.-কম (পুরাতন কোর্স) 'স্কেল অব

পে' নির্ণয়ের ক্ষেত্রে অনার্স গ্রাজুয়েট বলে পরিগণিত হবে সরকারী আদেশ নং 188-Edn.(S) dt. 11. 9. '69-এর বলে।

স্থতরাং তাঁকে অনার্স গ্রাজুয়েট হিসেবে নিযুক্তির জন্য গণ্য করা চলবে না।

স্বাঃ অস্পষ্ট

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (জি. এ.)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টোরেট অব সেকেণ্ডারী এডুকেশন

No 1267(16)—SC/G 7th June, 1984

To

The Dist. Inspector of Schools (SE)

বিষয়ঃ জুনিয়ার হাই / হাই/এইচ/এস/হাই মাদ্রাসার জন্য অতিরিক্ত পদে শিক্ষক নিয়োগ।

ডাইরেক্টোরেটের অফিস মেমো নং 1464(16)GA dt. 28. 8. '81 অনুসারে জানান যাচ্ছে যে উক্ত স্কুলের অতিরিক্ত পদে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যাতে নিয়ম-নীতি কঠোরভাবে অনুসরণ করা হয়।

তাঁর মনোযোগ জি. ও. নং 454-Edn(S) dt. 25. 4. '83-এর প্রতি আকর্ষণ করে বলা হচ্ছে যে, শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরিতে যোগদানের বয়সের উর্ধ্বসীমা ঠিক ঠিক মেনে যাতে অতিরিক্ত পদে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিযুক্ত হয়, তৎপ্রতি কঠোর দৃষ্টি রাখতে হবে।

স্বাঃ এ. কে. রায়

৭. ৬. ৮৪

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট (সেকেণ্ডারী ব্রাঞ্চ)

No. 693-Edn.(H.S.) / 4A-23/82pt. dt. 16th July, '84

To

The Director of School Education, W.B.

বিষয়ঃ হাই/হায়ার সেকেণ্ডারী/হাই মাদ্রাসার/হায়ার সেকেণ্ডারী মাদ্রাসার জন্য সহ-প্রধান/সহ-প্রধানার পদের যোগ্যতা

চলতি নিয়ম অনুযায়ী উক্ত স্কুল/মাদ্রাসার সহ-প্রধান/সহ-প্রধানার শিক্ষাগত যোগ্যতা হচ্ছেঃ

* "অনার্স সহ ট্রেণ্ড গ্রাজুয়েট অথবা মাষ্টার ডিগ্রী সহ স্বীকৃত মাধ্যমিক স্কুলে তিন বছরের শিক্ষাগত যোগ্যতা।"

* 'অনার্স' বলতে রেগুলার অনার্সকে বোঝায়, 'স্পেশ্যাল অনার্স' একটি স্বতন্ত্র ডিগ্রী। অবশ্য সরকারী মার্কুলারে বেতনের দিক থেকে সম-মর্যাদা দেওয়া হয়েছে। —সম্পাদক

ডিপার্টমেণ্ট মেমো নং 430-Edn(S) dt. 2. 9. '83 ও তৎসহ পঠিত মেমো নং 454-Edn(S) dt. 25. 4. '83 অনুযায়ী প্রার্থীকে স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান/প্রধানার পদের জন্য একটানা দশবছরের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার।

সরকার বিশেষ বিচার-বিবেচনার পর সিদ্ধান্ত নিয়েছেন যে, অন্যান্য শর্তাদি ঠিক থাকলে সহ-প্রধান/সহ-প্রধানার পদের জন্য কোন স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসার উক্ত পদে যোগ দেওয়ার পূর্ব পর্যন্ত একটানা পাঁচ বছরের শিক্ষাগত যোগ্যতা থাকা চাই।

স্বাঃ এস. ঘোষ, ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডি. এস. ই.

গ্রাণ্ট-ইন-এড সেকশন

৬, ভবানী দত্ত লেন, কলি-৭৩

No $\frac{781\text{—GA}}{3\text{B—}49/81}$ dt. 9th May, '84

To

The Dist. Inspector of Schools (SE), Hooghly

বিষয় : বি.-কম (পুরাতন) যোগ্যতা সম্পর্কে ব্যাখ্যা

রেফা : তাঁর অফিস মেমো নং 5017/HAR-12 dt. 21. 11. '83

উল্লিখিত মেমো ও বিষয় স্থত্রে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বি.-কম (old course)-কে গভঃ অর্ডার নং 188-Edn(S) dt. 11. 9. '69 অনুযায়ী কেবলমাত্র বেতন-স্কেলের মানে অনার্স গ্রাজুয়েট বলে ধরা হচ্ছে। ঐরূপ শিক্ষককে অন্যান্য উদ্দেশ্যে অনার্স বলে স্বীকার করা হবে না।

স্থতরাং কোন পদে নিয়োগের ক্ষেত্রে তাঁর যোগ্যতা অনার্স গ্রাজুয়েটের Qualification mark-এর সমান হবে না।

স্বাঃ অস্পষ্ট

ডেপুটি ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুকেশন (ওয়েষ্ট বেঙ্গল)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

৬, ভবানী দত্ত লেন, কলি-৭৩

No 4G—89/82 31st July, 1984

To

The Dist. Inspector of Schools, (SE), Jalpaiguri

বিষয় : স্বীকৃত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় সহ-প্রধানের পদে নিয়োগের যোগ্যতা সম্পর্কে ব্যাখ্যা :

রেফাঃ তাঁর অফিস নং 687 dt. 8. 4. '84

উক্ত সূত্রে জানান হচ্ছে যে, সহ-প্রধান/সহ-প্রধানার পদ বিদ্যালয়ের শিক্ষক মণ্ডলীর বিভিন্ন গ্রুপের স্টাফ-প্যাটার্নের যে কোন একটির অন্তর্ভুক্ত। অতএব সহ-প্রধান/

প্রধানার পদ শূন্য হলে ডাইরেক্টোরেট নং 1464(16)GA dt. 28. 8. '81 ও গভঃ অর্ডার নং 454-Edn(S) dt. 25. 4. '83-এর নির্দেশ অনুযায়ী প্রথমে সহকারী শিক্ষকের পদ পূর্ণ করবার সমস্ত নিয়ম-বিধি অনুসরণ করতে হবে।

স্টাফ-প্যাটার্ন অনুযায়ী বিশেষ গ্রুপের সহকারী শিক্ষকের পদ পূর্ণ হওয়ার পর স্কুল ম্যানেজিং কমিটি পত্রিকায় বিজ্ঞাপন দেওয়ার পরিবর্তে বিদ্যালয়ের যোগ্যতাসম্পন্ন (সহ-প্রধানের) আগ্রহী শিক্ষক/শিক্ষিকাদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করতে পারেন। কিন্তু প্রার্থী নির্বাচনের পদ্ধতি ডাইরেক্টোরেটের মেমো নং 1464(16) G.A dt. 28.8.'81 এবং গভঃ অর্ডার নং 454-Edn dt. 25.4.'83 অনুসারে হতে হবে।

প্রথম সার্ভিসে বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর। কিন্তু বয়ঃপ্রাপ্তির পূর্বে (before superannuation) অনুমোদনপ্রাপ্ত 'in-service Secondary School teacher' এক স্কুল থেকে অন্য স্কুলে যোগ দিলে বয়সের কোন সময়-সীমা থাকবে না।

স্বাঃ পি. কে. গুহ
ডেপুটি ডাইরেক্টর, সেকেণ্ডারী
এডুকেশন (G.A), W.B.

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডি. এস. ই.

৬, ভবানী দত্ত লেন, কলি-৭৭

No 2505(16) SC dt. 20th Dec., 1984

To

The District Inspector of Schools (S.E)

নিম্ন স্বাক্ষরকারী নূতন স্বীকৃত (newly recognised) ও আপ-গ্রেডেড মাধ্যমিক স্কুলগুলোর শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়োগ-অনুমোদনের ব্যাপারে "নিয়োগের বিধি-বিধান" কঠোরভাবে মেনে চলবার নির্দেশ অনুসরণীয়। কোন কেসে জটিলতার উদ্ভব হলে ও অর্গানাইজার টীচারের নিয়োগ-অনুমোদনের ব্যাপারে কোন বিষয় জানতে হলে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য ডাইরেক্টোরেটের কাছে জানান (refer) যেতে পারে।

স্মরণ রাখতে হবে যে, যেসব স্কুল ১. ১. ১৯৮৪ তারিখের পর থেকে স্বীকৃতি লাভ করেছে, তাদের বেলায় এর মূলনীতি প্রযোজ্য। ১৯৮৫ সালের পরবর্তী সময়ে যেসব স্কুল অনুমোদন লাভ করবে, স্কুল পরিদর্শনের সময় যেসব শিক্ষকের পাত্তা পাওয়া যাবে না, তাঁদের বিষয় ঐ ইনস্পেকশনে রিপোর্ট না থাকলে বিবেচ্য নয়। প্যারা (iv)-এ যেসব স্পেশ্যাল ব্যবস্থা করা আছে, ১. ১. '৮৪ থেকে স্কুলকে স্বীকৃতি দেওয়া হলেও প্রকৃত শিক্ষকেরা (organiser teachers) যাতে অসুবিধায় না পড়েন, তা দেখা হবে। এখন অর্গানাইজার শিক্ষক ও অশিক্ষক কর্মচারী বলতে যাঁদের নাম জুনিয়ার হাই স্কুল ও হাই স্কুলের সঙ্গে যুক্ত, তাঁদের অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করা হবে।

এটা পুনরায় বলা দরকার যে, ডাইরেক্টোরেটের পূর্ববর্তী আদেশ নং 1036(16)SC/S dt. 24. 4. '82 বা 1. 1. '82 থেকে 1. 1. '83 পর্যন্ত যা যা কার্যকরী ছিল, তা 1.1.'84 তারিখ থেকে আর কার্যকর হবে না।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব স্কুল এডুকেশন
27.12.'84

Enclosure to 2605(16)SC/S dt. 20. 12. '84

স্বীকৃত আপ-গ্রেডেড মাধ্যমিক বিদ্যালয় ও জুনিয়ার হাই স্কুলের সংগঠক শিক্ষক (organiser teacher) ও অশিক্ষক কর্মচারীদের চাকরির অনুমোদন ঃ

1. নূতন স্বীকৃত হাই অথবা জুনিয়ার হাই স্কুলের (চার শ্রেণীর) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরি স্বীকৃতি প্রাপ্তির তারিখ থেকে অনুমোদন করা হবে যদি—

   (i) তাঁদের শিক্ষাগত যোগ্যতা স্কুলের প্রয়োজনমত প্রতিভাত হয় ;

   (ii) স্কুলের চাকরিতে নিয়োগের দিনে তাঁদের বয়স নির্ধারিত সীমার মধ্যে থাকে ;

   (iii) স্কুল অনুমোদনের সর্বশেষ পরিদর্শনের পূর্বে যদি তাঁদের নাম শিক্ষকের তালিকায় থাকে ;

   (iv) জুনিয়ার হাই স্কুলের ক্ষেত্রে যদি সংশ্লিষ্ট শিক্ষকদের ফাইন্যাল ইনস্পেক-শনের দিনে স্কুলের শিক্ষক হিসেবে কর্মরত অবস্থায় পাওয়া গেলে এবং তারও আগে থেকে কাজ করে আসলে এবং ম্যানেজমেণ্ট তাঁদের চাকরিতে নিযুক্ত করলে এবং মঞ্জুরীকৃত সংখ্যার (sanctioned strength) হলে তবে তাদের চাকরির অনুমোদন দেওয়া হবে। শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রকৃত দাবী সম্বন্ধে কোন গোলমাল দেখা গেলে ইনস্পেকশন টিমের সভ্যরা পরবর্তী সময়ে মিটমাট করে দেবেন। এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য ডাইরেক্টোরেটে জানাতে হবে। দশ ক্লাশ স্কুলের ক্ষেত্রে Class IX অথবা X শ্রেণী রাতিল করার দিনে তাঁরা চাকরিতে ১০.৩.'৭৯ পর্যন্ত থাকলে তাঁদের বিষয় মাঝে মাঝে বিবেচনা করা হবে।

   (v)-(a) স্কুল কর্তৃপক্ষ বোর্ডের নির্ধারিত সময়ে দরখাস্ত করেছে কিনা এবং নির্ধারিত ফীঃ দিয়েছে কিনা ;

   অথবা

   (b) ১৯৭৪ সালের পূর্বে স্কুল স্বীকৃতি লাভের জন্য অথবা up-gradation-এর জন্য দরখাস্ত করেছিল কিনা, যথাসময়ে এডুকেশন ডাইরেক্টোরেট পরিদর্শন করেছিল কিনা, ইনস্পেকশন রিপোর্ট বিবেচনা করা

হয়েছিল কিনা এবং স্কুলের আবেদন শেষ পর্যন্ত বিবেচিত হয়েছে কিনা ;

অথবা

(c) ১৯৭৫ সালে স্কুল স্থাপন করা হয়েছিল কিনা, এবং মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীদের জন্য বোর্ড স্পেশ্যাল পারমিশন দিয়েছিল কিনা।

2. উল্লিখিত V-এ ছাড়া মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়োগ এডুকেশন ডাইরেক্টোরেটের মেমো নং 1464(16)-GA dt. 25. 8. '81 সংশোধিত রুলস অনুযায়ী নিষ্পন্ন হবে।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টরেট অব স্কুল এডুকেশন
ওয়েষ্ট বেঙ্গল

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট, মাধ্যমিক শাখা

No $\frac{\text{1531-Edn(S)}}{\text{4A-23/82 Pt-1}}$ dt. 7th October 1985

To

The Director of School Education, West Bengal

বিষয়ঃ সহকারী শিক্ষক, অশিক্ষক কর্মচারী, হেডমাস্টার/হেডমিস্ট্রেস—বেসরকারী মাধ্যমিক স্কুলের জন্য বয়সসীমা।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, জি.ও. নং 454-Edn(S) dt. 25.4.'85 অনুযায়ী শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরির উর্ধ্ব বয়ঃসীমা হচ্ছে ৩৫ বছর। ঐ বয়ঃসীমা কেবলমাত্র অভিজ্ঞ ও উচ্চ যোগ্যতাসম্পন্ন প্রার্থী, তফঃশীলভুক্ত শ্রেণী ও আদিবাসী, ডিফেন্স পারসোন্যাল ও শারীরিক দিক থেকে প্রতিবন্ধীদের বেলায় ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কিন্তু চাকরিতে রত অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ক্ষেত্রে বয়সের বিষয়টি বেশ কিছুকাল ধরে বিবেচনাধীন আছে।

সরকার বিশেষ বিবেচনার পর উক্ত জি.ও. নম্বর অনুযায়ী অনুমোদিত স্কুলে চাকরিরত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেলায় উর্ধ্ব বয়ঃসীমা প্রযোজ্য হবে না বলে সিদ্ধান্ত করেছেন। এবং যাঁরা ইতিমধ্যে যোগ্যতা বাড়িয়েছেন অথবা পরে যোগ্যতা বৃদ্ধি করেছেন—সেসব সহকারী শিক্ষক অনুমোদিত হাই স্কুল অথবা মাদ্রাসায় পদ খালি হলে তাঁরা উক্ত পদের জন্য যোগ্য বিবেচিত হবেন।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ,
৭৭/২, পার্ক স্ট্রীট, কলি-১৬

No 9543/S / 053.2251/173.3 — dt. 29. 5. 1972

To
The Headmaster,
Gourbari Harijon Vidyamandir,
P.O. Hooghly, Dist. Hooghly

বিষয় : ছুটির আইনের ব্যাখ্যা
রেফাঃ তাঁর চিঠি 11. 4. '72

উল্লিখিত বিষয়ে নিম্নে জানান হচ্ছে যে—

(1) কোন শিক্ষক বছরে দু'বার পড়াশুনার (study leave) ছুটি ভোগ করতে পারেন কি? যেমন কোন শিক্ষক একই বছরে বি.এ. পরীক্ষা ও কাব্যতীর্থ পরীক্ষায় বসতে ইচ্ছুক। —সেক্ষেত্রে বাধা দেওয়ার কিছু নেই।

(2) কোন শিক্ষক টেষ্ট পরীক্ষা, ফাইন্যাল পরীক্ষা এবং প্র্যাকটিক্যাল পরীক্ষার জন্য ছুটি ভোগ করতে পারবেন কি? উত্তর—হ্যাঁ।

(3) কোন শিক্ষক একই পরীক্ষার জন্য একাধিকবার ছুটি পাবেন কি?—ফেল করা প্রার্থীর ক্ষেত্রে দুবারের বেশী একই পরীক্ষার জন্য ছুটি পাবেন না।

(4) অর্জিত ছুটি কি বিনিময় করা যেতে পারে?—না, এরূপ কোন ব্যবস্থা নেই।

স্বাঃ এন. মজুমদার (সেক্রেটারী)

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ,
৭৭/২, পার্ক স্ট্রীট, কলি-১৬

dt. 14. 10. '72

No 15300/G

To
The Headmaster,
Bara Andulia High School,
P.O. Barandulia, Nadia

বিষয় : লীভ রুলসের ব্যাখ্যা

প্রিয় মহাশয়,

আপনাকে জানান হচ্ছে যে, ভেকেশন, হোলিডে অথবা সানডে মেডিক্যাল লীভের পূর্বে অথবা পরে যুক্ত হলে সমস্ত পিরিয়ডটা মেডিক্যাল লীভ বলে গণ্য হবে না। কিন্তু

যদি মেডিক্যাল লীভ ভেকেশন ছোট ছুটি অথবা রবিবারের আগে ও পরে যুক্ত থাকলে অর্থাৎ মেডিক্যাল লীভের সময় ঐসমস্ত ছুটিছাটা পড়লে সমস্ত পিরিয়ডটাই মেডিক্যাল লীভ বলে গণ্য হবে।

আপনার বিশ্বস্ত
স্বাঃ এস. কে. সরকার
ডেপুটি সেক্রেটারী (I)

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্
৭৭/২, পার্ক স্ট্রীট, কলি-১৬

To
The General Secretary,
West Bengal Headmaster's Association
1/1A College Sqr., Cal-12

বিষয়ঃ বিভিন্ন অনুমোদিত শিক্ষক সংস্থার বার্ষিক সম্মেলনে বেসরকারী মাধ্যমিক বিত্থালয়ের শিক্ষকদের/অশিক্ষক কর্মচারীদের উপস্থিতির জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর।

1. নিম্ন স্বাক্ষরকারী রাজ্য সরকারের শিক্ষা বিভাগের চিঠির নং 535-Edn(S) dt. 16. 7. '70-এর সঙ্গে সঙ্গতি রেখে জানাচ্ছেন যে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ সন্তুষ্ট হয়ে এরূপ অর্ডার পাস করেছেন যে, বেসরকারী স্কুলের স্টাফ অনুমোদিত শিক্ষক সংস্থায় বার্ষিক সম্মেলনে যোগদানে ইচ্ছুক তাদের উক্ত সংস্থার সদস্য হতে হবে এবং উক্ত সম্মেলনের পুরাসময় ও কনফারেন্সে যাওয়া-আসার প্রকৃত সময়টুকু সবেতনে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ বলে গণ্য করা হবে—
2. ঐরূপ ছুটি সংশ্লিষ্ট ব্যক্তি কনফারেন্সে প্রকৃতপক্ষে যোগদান করলে ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করলে বিত্থালয়ের প্রধান/প্রধানা মঞ্জুর করবেন।

স্বাঃ এন. সিনহা
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্
নোটিফিকেশন

No S-127

Feb., 26, 1976

অনেক হেডমাস্টার/হেডমিস্ট্রেস/স্কুলের সহকারী শিক্ষককে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক প্রধান পরীক্ষক/পরীক্ষিকা/স্ক্রুটিনীয়ার হিসেবে ওয়ার্ক এডুকেশন, শারীর শিক্ষা, সমাজসেবা এবং মৌখিক পরীক্ষায় অংশ নিতে হয়। অতএব পরীক্ষা কেন্দ্রে যাতায়াত করতে তাঁদের স্কুলে অনুপস্থিত থাকতে হয়। এছাড়া তাঁদের পরীক্ষা সংক্রান্ত

সাংগঠনিক কাজে ব্যাপ্ত থাকতে হয়। এইসব কাজের জন্য পর্ষদের কাছে তাঁরা স্পেশ্যাল লীভ অথবা কর্মরত (on duty) বলে দাবী করেছেন। যেহেতু, তাঁদের অনুপস্থিতি পর্ষদের পরীক্ষার সঙ্গে সম্পৃক্ত, অতএব এই উদ্দেশ্যে তাদের 'কর্মরত' (on duty) বলে বিবেচিত হবে।

সেক্রেটারী
পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ্

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২, পার্ক স্ট্রীট, কলি-১৬

No $\frac{9452/G}{080-252/173}$ dt. 2. 12. '77

To

The Secretary,
Serampore Town Academy
35, Naba Krishna Guin Lane,
P.O. Serampore, Dist. Hooghly

বিষয়ঃ একই সময়ে একাধিক স্কুলে শ্রীসৌরেন্দ্রমোহন ঘোষ, সহশিক্ষকের চাকরি।

প্রিয় মহাশয়,

পর্ষদের প্রশাসকের আদেশ ক্রমে জানান হচ্ছে যে, পর্ষদ্ উক্ত শিক্ষককে শ্রীরামপুর ইউনিয়ন ইনষ্টিটিশন, হুগলীর উচ্চ মাধ্যমিক বিভাগে পার্ট টাইম শিক্ষকের কাজে অনুমতি দিতে অসমর্থ, কারণ একই সময়ে XI ও XII শ্রেণীতে পার্ট টাইম শিক্ষক হিসেবে কাজ করতে তাঁর অসুবিধা হবে।

বিশ্বস্ত
স্বাঃ এস. বোস
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট
সেকেণ্ডারী ব্রাঞ্চ

ছুটির নিয়মাবলী (Leave Rules)

No $\frac{1541\text{-Edn.(S)}}{21\text{-}2/77}$ dt. 15th Dec., '77

নোটিফিকেশন

১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ অ্যাক্ট V-এর সেকশন 45, সাব-সেকশন (2) অব ক্লজ (d)-এর সাব-সেকশন (1)-এ প্রদত্ত ক্ষমতাবলে রাজ্যপাল ১৯৬৯ সালের

সংশোধিত অনুমোদিত বেসরকারী (এডেড ও আন-এডেড) শিক্ষায়তনের জন্য নিম্নলিখিত সংশোধনসমূহের আদেশ প্রদান করলেন :

সংশোধন (Ammendment)

ঐসব রুলে—

(a) রুল 28-এর সাব-রুল-9-এর clause (f)-এর পর নিম্নলিখিত অংশগুলো যুক্ত হবে, যথা :

"নোট—কমিটি উপাঙ্গ (appendix) বর্ণিত রুলস্ অনুযায়ী ছুটি মঞ্জুর করবে।"

(b) রুল 33-এর পর উপাঙ্গ (Appendix) নীচে বর্ণিত হল :

উপাঙ্গ (Appendix)

(রুল 28-এর সাব-রুল (9)-এর clause (f) নীচে দেওয়া হল)

স্পনসর্ড ও সরকার নির্ধারিত স্কুলগুলো ছাড়া অনুমোদিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ছুটি গ্রান্টের নিয়মাবলী।

1. (a) 'লীভ' বলতে ক্যাজুয়েল লীভ ছাড়া পদের সঙ্গে যুক্ত থাকাকালীন কাজে অনুপস্থিত থাকা। শিক্ষায়তনের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য নিম্ন ধরণের ছুটি মেনে নেওয়ার যোগ্য :

(i) নৈমিত্তিক ছুটি (Casual leave)
(ii) অর্ধ বেতনে ছুটি (Leave on half-average pay)
(iii) অসুস্থতা নিবন্ধন ছুটি (Leave on medical grounds)
(iv) বিশেষ কারণবশতঃ বিশেষ রকমের ছুটি (Special leave in special circumstances)
(v) পরিপূরক ছুটি (Compensatory leave)
(vi) অসাধারণ ছুটি (Extraordinary leave)
(vii) মাতৃত্ব ছুটি (Maternity leave)
(viii) সংক্রমণ প্রতিরোধক ছুটি (Quarentine leave)

নোট : কোন ছুটি অধিকার বা right হিসেবে দাবী করা চলতে পারে না।

জুরার হিসেবে ল-কোর্টে উপস্থিত থাকা, পর্ষদের হেড-এক্সামিনারের বৈঠকে উপস্থিত থাকা, পর্ষদে সাক্ষাত করতে যাওয়া, পর্ষদের ডাকা ইণ্টারভ্যুতে সাক্ষাতকার, অল ইণ্ডিয়া কাউন্সিল, ষ্টেট গভর্ণমেণ্টের সেমিনার সভা প্রভৃতিতে উপস্থিত থাকা কর্মরত (on duty) বলে ধরে নিতে হবে।

(c) "মেডিক্যাল সার্টিফিকেট" বলতে রেজিষ্টার্ড মেডিক্যাল চিকিৎসক দ্বারা প্রদত্ত নিম্নানুরূপ সার্টিফিকেট :

"I,..................after careful personal examination of The case certify that............whose signature is given here

is suffering from………………and I consider that a period of absence from duty of………is absolutely necessary for the restoration of his/her health"

Date…………

Government Medical officer

or

Registered Medical practitioner

যখন কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী তাঁর চাকরিতে পুনরায় যোগ দিতে যাবেন, তখনও এইরূপ সার্টিফিকেটের দরকার হতে পারে।

(d) 'গড়পড়তা বেতন' average pay বলতে ছুটিতে যাওয়ার দিন থেকে ১২ মাসের বেতনের গড়পড়তা হিসেব।

(e) 'Teacher' বলতে হেডমাস্টার / হেডমিস্ট্রেস / অ্যাসিঃ হেডমাস্টার / অ্যাসিঃ হেডমিস্ট্রেস এবং শিক্ষকমণ্ডীর যেকোন অনুমোদিত শিক্ষক/শিক্ষিকা।

2. নৈমিত্তিক ছুটি (Casual Leave) :

নৈমিত্তিক ছুটিকে কর্তব্য-কর্মে অনুপস্থিত বলে গণ্য করা হবে না। ফলতঃ শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর টাকা-পয়সা অর্থাৎ বেতন নিয়ে কাটাকাটি চলবে না।

শিক্ষক বা অশিক্ষক কর্মচারীরা বছরে* ১৪ দিন নৈমিত্তিক ছুটি পেতে পারেন। নৈমিত্তিক ছুটি কোন ছুটি বা রবিবারের আগে বা পরে নেওয়া যায়। কিন্তু রবিবার বা ছুটির দিন সহ একসাথে একটানা সাতদিনের বেশী হবে না। ক্যাজুয়েল লীভের মধ্যে রবিবার বা ছুটির দিন পড়লে তা ছুটির দিন বলে গণ্য হবে না।

কিন্তু ক্যাজুয়েল লীভ কোন দীর্ঘ অবকাশের (vacation) সঙ্গে আগে বা পরে যুক্ত হবে না। অর্থাৎ ভেকেশনের আগে বা পরে ক্যাজুয়েল পাওয়া যায় না।

3. অর্ধবেতনে ছুটি (Leave on half-average pay) :

শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে এক বছরের চাকরির জন্য ১৫ দিনের হাফ-এভারেজ-পে ছুটি দেওয়া যেতে পারে। অবশ্য ঐ অর্ধ-বেতনের ছুটি একজন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর দু'মাসের বেশী জমা থাকবে না।

অবশ্য ঐ শিক্ষক বা অশিক্ষক কর্মচারীরা ছুটির পিরিয়ডে গড়পড়তা বেতনের অর্ধেকের অধিকারী।

* ক্যালেণ্ডার ইয়ার বলতে জানুয়ারী থেকে ডিসেম্বর।

4. মেডিক্যাল ছুটি (Leave on medical ground) :

একজন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী একবছরের কাজের জন্য অর্থাৎ চাকরিতে একবছর পূর্ণ হলে মেডিক্যাল সার্টিফিকেট প্রদান করলে ১৫ দিনের মেডিক্যাল লীভ পেতে পারেন। তার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে মেডিক্যাল অফিসার বা রেজিষ্টার্ড মেডিক্যাল অফিসার থেকে দরখাস্ত সহ মেডিক্যাল সার্টিফিকেট দিতে হবে অথবা ছুটির পর কাজে যোগ দেওয়ার সময় ফিট্ সার্টিফিকেট দিতে হবে।

কোন শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর স্কুলে পুরো সার্ভিস পিরিয়ডে একবছর বা ৩৬৫ দিনের বেশী ছুটি জমা হবে না।

মেডিক্যাল গ্রাউণ্ডে ছুটিতে থাকলে শিক্ষক বা অশিক্ষক কর্মচারী ফুল এভারেজ পে পাবেন।

5. বিশেষ অবস্থায় স্পেশ্যাল লীভ :

বিশেষ বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মী অনধিক আঠার মাসের স্পেশ্যাল লীভ পেতে পারে। অবশ্য ঐরূপ ছুটি দিতে হলে নির্দিষ্ট প্রস্তাব সহ পর্ষদের অনুমোদনের জন্য পাঠাতে হবে।

নোট : (i) 5 নম্বরের আওতায় পর্ষদের অনুমোদনক্রমে বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মীকে দীর্ঘকাল রোগ ভোগের চিকিৎসার জন্য, যথা—টিউবারকুলোসিস, অঙ্গহানির জন্য প্লাস্টার প্রভৃতির জন্য শয্যাগত হয়ে পড়লে এবং তাঁর সমস্ত ছুটি ফুরিয়ে গেলে এ জাতীয় ছুটি দেওয়া যেতে পারে।

(ii) 5 নং রুলের আওতায় পুরো বেতনে কোন শিক্ষককে পরীক্ষা দিতে চাইলে পরীক্ষার দিনগুলোতে এবং পরীক্ষার এক সপ্তাহ আগে ছুটি দেওয়া যেতে পারে।

অন্য যেকোন রকমের ষ্টাডি লীভ এই রুলের আওতায় মঞ্জুর নাও করা যেতে পারে।

(iii) (i) ও (ii) নং নোটের আওতায় অর্ধ-বেতনে অথবা পর্ষদের পূর্ব-অনুমোদনে পুরো-বেতনে ছুটি দেওয়া যেতে পারে।

6. কোন শিক্ষক অথবা অশিক্ষক কর্মচারীকে দীর্ঘ অবকাশে (vacation) স্কুলে কমপক্ষে সাতদিন কাজ করলে তাঁকে অর্ধেক ছুটি পরিপূরক ছুটি হিসেবে দেওয়া যেতে পারে।

7. অসাধারণ ছুটি (Extraordinary leave) :

যদি কোন অদৃষ্টপূর্ব কারণে কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী স্কুলের কাজে উপস্থিত থাকতে না পারেন, তাহলে তাঁর কোন ছুটি পাওনা না থাকলেও তাঁকে বিনা বেতনে দু'বছরের ছুটি দেওয়া যেতে পারে।

৪. মাতৃত্ব ছুটি (Maternity leave) :

(1) স্থায়ী পদে নিযুক্ত কোন শিক্ষিকা অথবা মহিলা অশিক্ষক কর্মচারীকে পুরো-বেতনে তিনমাস পর্যন্ত ছুটি দেওয়া যেতে পারে এবং ঐ ছুটি ভর্তি (Delivery) হওয়ার আগে ছয় সপ্তাহ এবং পরে ছয় সপ্তাহ, যেটাই আগে হউক না কেন ?

(2) অস্থায়ীভাবে নিযুক্ত শিক্ষিকা অথবা মহিলা কর্মচারীকে পুরো-বেতনে confinement-এর আগে চার সপ্তাহ এবং পরে চার সপ্তাহ ছুটি দেওয়া যেতে পারে। অবশ্য তাঁর পক্ষে delivery হওয়ার পূর্বে অন্ততঃ নয় মাসের চাকরি হওয়া চাই।

(3) মহিলা কর্মচারী ও শিক্ষিকাকে গর্ভপাত বা গর্ভনষ্ট হওয়ার জন্য রেজিষ্টার্ড মেডিক্যাল চিকিৎসক অথবা সরকারী হাসপাতালের মেডিক্যাল অফিসারের সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক ছয় সপ্তাহের জন্য ছুটি দেওয়া যেতে পারে।

(4) মেডিক্যাল সার্টিফিকেটের ভিত্তিতে মেটারনিটি লীভের লাগোয়া অন্যান্য রকমের ছুটিও মঞ্জুর করা যেতে পারে।

৭. সংক্রমণ প্রতিরোধক ছুটি (Quarantine leave) :

কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর পরিবারে সংক্রামক ব্যাধির প্রকোপ হলে ঐ সময়ে তাঁর বিদ্যালয়ে উপস্থিতি সংক্রামক ব্যাধি বিস্তারের সম্ভাবনায় উক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে ছুটি দেওয়া যেতে পারে। মেডিক্যাল বা পাবলিক হেলথ অফিসারের সার্টিফিকেটের ভিত্তিতে ২১ দিনের এবং বিশেষ অবস্থায় ০ দিনের জন্য ছুটি দেওয়া যেতে পারে। প্রয়োজনে কোয়ারিনটাইন লীভ আরও বাড়ান যেতে পারে এবং অন্যান্য লীভের পরেও কোয়ারিনটাইন লীভ পাওয়া যেতে পারে। তবে তা সীমার মধ্যে থাকবে। সাধারণতঃ কোয়ারিনটাইন লীভ জনিত ভেকেন্সীতে কোন বদলি শিক্ষক নেওয়া চলবে না। তবে কোয়ারিনটাইন লীভে থাকাকালীন যদি তাঁর কাজ অন্য কাউকে দিয়ে করান সম্ভব না হয়, তাহলে তৎস্থলে বদলি শিক্ষক বা শিক্ষাকর্মচারী হিসেবে নিযুক্ত করা যেতে পারে।

ব্যাখ্যা : নিম্নলিখিত ব্যাধিগুলো সংক্রামক ব্যাধি বলে কোয়ারিনটাইন লীভের আওতায় পড়ে :—

(a) (i) বসন্ত, (ii) স্কারলেট ফিভার, (iii) প্লেগ (bueumonic অথবা bubonic), (iv) টাইফাস, (v) কারব্র (curbre-spinal meningitis —কারব্রে স্পাইন্যাল মেনিন্জাইটিস)।

(b) যাঁরা (যে সব পুরুষ ও নারী) খাবার তৈরী ও বিতরণের কাজে নিযুক্ত তাদের জন্য নিম্নলিখিত ব্যাধিগুলোও সংক্রামক হিসেবে বিবেচ্য :
 (i) আমাশয় (Dysentery)
 (ii) টাইফয়েড ফিভার (Enteric fever)
 (iii) মাল্টা ফিভার।
 (iv) প্যারাটাইফয়েড ফিভার।

10. (i) ক্যাজুয়েল লীভ ছাড়া অন্য কোন ছুটি লিখিত দরখাস্ত ব্যতীত এবং পূর্ব মঞ্জুরী ছাড়া পাওয়া যাবে না। তবে বিশেষ অবস্থায় ছুটি মঞ্জুরী কর্তৃপক্ষের কাছে ব্যাখ্যা করে তাকে রাজী বা সন্তুষ্ট করা চাই।
 (ii) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের কেউ অসুস্থতার কারণে তিনদিনের বেশী অনুপস্থিত থাকলে রেজিষ্টার্ড মেডিক্যাল চিকিৎসকের কাছ থেকে মেডিক্যাল সার্টিফিকেট দিতে হবে।
 (iii) ক্যাজুয়েল লীভ ব্যতীত ব্যক্তিগত কারণে ছুটি চাইতে হলে দরখাস্ত দিয়ে ছুটি মঞ্জুর করে নিতে হবে। ব্যক্তিগত কারণে ছুটি চাইতে হলে আগে থাকতেই কর্তৃপক্ষকে যথাসম্ভব বলে এবং ছুটির মঞ্জুর হবে কিনা জেনে নিতে হবে।

অবশ্য বিশেষ ক্ষেত্রে জরুরী অবস্থায় শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর পক্ষে ছুটির দরখাস্ত করতে না পারলে পরে অবশ্যই যথাসম্ভব শীঘ্র কেন দরখাস্ত দেওয়া সম্ভব হচ্ছে না, তা বিশেষভাবে জানাতে হবে, এবং তা যত শীঘ্রই হয় ততই মঙ্গল।

1. (i) কোন স্থায়ীভাবে নিযুক্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে একাধিক্রমে পাঁচ বছরের বেশী ছুটি দেওয়া উচিত নয়। যখন ঐরূপ কর্মচারী পাঁচ বছর ছুটির পর চাকরিতে যোগ না দেন অথচ সাসপেনশনের কারণে কাজে যোগ দিতে না পারেন, এবং স্কুল কর্তৃক বোর্ডকে জানানোর পর কোন ব্যবস্থা না নেওয়া হয়, তাহলে ধরে নেওয়া হবে তিনি পদত্যাগ করেছেন এবং স্কুলের চাকরির সঙ্গে তিনি যুক্ত নন।
 (ii) যখন কোন কর্মচারী, যিনি স্থায়ীভাবে নিযুক্ত নন, অসাধারণ ছুটি ভোগ করার পরেও কাজে যোগ না দেন, অথবা ৭ নং ধারায় দীর্ঘ সময়ের জন্য অসাধারণ ছুটি প্রাপ্য হলেও যদি অল্প সময়ের জন্য অসাধারণ ছুটি বা (extra ordinary leave) মঞ্জুর করা হয়, এবং তাঁর প্রাপ্য অসাধারণ ছুটি পাওয়ার পরেও যদি তিনি কাজে যোগ না দেন তাহলে পর্ষদকে জানানোর পর বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে তিনি পদত্যাগ করেছেন বলে ধরে নিয়ে তিনি চাকরি থেকে বিযুক্ত হবেন।

12. ক্যাজুয়েল লীভ এবং পরিপূরক ছুটি এবং নীচে লিখিত ছুটিগুলো অন্যান্য ছুটির সঙ্গে মঞ্জুর করা যেতে পারে ঃ

(i) অর্ধবেতনে ছুটি (Leave on half-average pay)
(ii) মেডিক্যাল কারণে ছুটি (Leave on medical grounds)
(iii) বিশেষ অবস্থায় বিশেষ ছুটি
(iv) অসাধারণ ছুটি (Extra-ordinary leave)
(v) মেটারনিটি লীভ

রাজপালের আদেশ ক্রমে
স্বাঃ বি. এন. চ্যাটার্জি
স্পেশ্যাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

C. S. Branch

dt. 17th May 1978

No 925 Edn. (CS)

To
The Director of Public Instruction, West Bengal.

রেফা ঃ তার U. O. Note Ed. 161 dt. 14. 2. 78
G. O. No 1859 Edn (cs) dt. 8 .11. 67-এর সূত্রে নিম্ন স্বাক্ষরকারী আরও জানাচ্ছেন যে, সকলের অনুসরণের জন্য নিম্নলিখিত পদ্ধতিসমূহ বলা হল ঃ

1. স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণ মন্ত্রী হিসেবে নিযুক্ত হলে তাঁকে বিনা বেতনে অসাধারণ ছুটি বা extra-ordinary leave বলে গণ্য করা হবে।

কিন্তু তার অনুপস্থিতির পিরিয়ড :ncrement, প্রেসিডেণ্ট ফাণ্ড ও পেনশনের জন্য যোগ করা হবে অবশ্য যদি—

(i) যদি তাঁর পোষ্টে কোন বদলি নিয়ে থাকেন, এবং
(ii) যদি স্কুল বা কলেজ কর্তৃপক্ষ এই মর্মে সার্টিফিকেট দেন যে শিক্ষক বা অশিক্ষক কর্মচারী মিনিষ্টার না হলে ঐ পোষ্টে কাজ করে যেতেন।

যে সব শিক্ষক ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ডের অ্যাডহক কমিটির প্রেসিডেণ্ট বা সভ্য নির্বাচিত হয়েছেন, তাঁরা যে সব দিনে প্রকৃতপক্ষে কমিটির সভায় উপস্থিত থাকবেন লীভ রুলস্ সংশোধন সাপেক্ষে তারা স্পেশ্যাল লীভের অধিকারী হবেন।

স্বাঃ এন. সিনহা
সেক্রেটারী
7. 5. 79

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট (মাধ্যমিক শাখা)

No. 565 Edn(s) dt. 18th May, 1979

বিষয়: পঞ্চায়েত সমিতি সভায় উপস্থিত থাকার জন্য অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের স্টাফের জন্য স্পেশ্যাল লীভ

এতদ্বারা জানান হচ্ছে যে, অনুমোদিত বেসরকারী বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীবৃন্দ গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন, তাহাদের মাঝে মাঝে উক্ত প্রতিষ্ঠানের সভায় স্কুলের সময়ে উপস্থিত থাকতে হয়। বর্তমান অবস্থায় এরূপ কর্মচারীদের সভায় উপস্থিত থাকবার কোন স্পেশ্যাল রুল নেই।

অতএব অনুরোধ করা হচ্ছে যে, লীভ রুলস্ সংশোধন করা সাপেক্ষে পর্ষদ্ যেন স্কুল কর্তৃপক্ষকে প্রয়োজনীয় স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করবার জন্য এবং যাতে প্রয়োজনে বেসরকারী মাধ্যমিক স্কুলের স্টাফরা জিলা পরিষদ, জিলা সমিতি, গ্রাম সমিতির সভায় উপস্থিত থাকতে পারেন। তাঁরা যেসব দিনে অনুপস্থিত থাকবেন, স্কুল কর্তৃপক্ষকে সভার কাগজপত্র পেশ করলে তাদের স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করবেন।

ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No 79/1/G/Misc 29. 8. 79

বিষয়: অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের স্টাফদের জেলা প্রেস অ্যাডভারটাইজিং অ্যাডভাইসরির সভায় উপস্থিতির জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর

এতদ্বারা জানান হচ্ছে যে, রাজ্য সরকারের এডুকেশন ডিপার্টমেণ্ট (সেকেণ্ডারী ব্রাঞ্চ) এর সুপারিশ অনুসারে পর্ষদ্ প্রশাসন এই মর্মে উপদেশ দিচ্ছেন যে, অনুমোদিত মাধ্যমিক স্কুলের স্টাফরা জেলা প্রেস অ্যাডভাইসরী কমিটির সভায় উপস্থিত থাকলে তাঁরা স্কুল কর্তৃপক্ষকে উপযুক্ত উপস্থিতির প্রমাণপত্র দাখিল করলে স্পেশাল ক্যাজুয়েল লীভ পাবেন।

2. সংশ্লিষ্ট ব্যক্তিকে নিজের প্রভিডেণ্ট ফাণ্ডে নিয়মিতভাবে টাকা জমা দেওয়ার অনুমতি দেওয়া যেতে পারে, যদি প্রভিডেণ্ট ফাণ্ড থাকে।

3. অনুরূপভাবে মন্ত্রীর **C. A.** হিসেবে কাজ করার জন্য শিক্ষক ও অশিক্ষক কর্মীকে তাঁর অনুপস্থিতিকে নিয়মিতকরণ করা যেতে পারে এবং প্রভিডেণ্ট ফাণ্ডের সুযোগ দেওয়া যেতে পারে।

স্বাঃ ডি. কে. গুহ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ,

77/2 পার্ক স্ট্রীট, কলি-১৬

সার্কুলার S/342 dt. 24.4.79

বিষয়ঃ অনুমোদিত বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য ছুটি মঞ্জুরের নিয়মাবলী

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, কিছুকাল ধরে বিদ্যালয়ের প্রধান/প্রধানারা—জানতে চাইছেন যে, বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা বয়ঃপ্রাপ্তির পর চাকরির Extension সময়ে গভঃ নোটিফিকেশন No 1541-Edn.(s) dt. 15.12.77 অনুযায়ী লীভ রুলসের আওতায় লীভ রুলের সুযোগ সুবিধা পাবেন কিনা।

(2) বিদ্যালয়ের প্রধান/প্রধানাদের এই মর্মে জানান যাচ্ছে যে, বিদ্যালয়ের যে সব শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরির মেয়াদ ম্যানেজিং কমিটির আদেশে বৃদ্ধি পেয়েছে, তাঁদের লীভ রুলসের আওতায় সর্বপ্রকার ছুটি মঞ্জুর করা যেতে পারে।

স্বাঃ এন. সিনহা
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ,

সার্কুলার : No S/357 / G/Misc/187 dt. May 7, 1979

To
The Administrator/Secretary,
All recognised secondary schools of W.B.

বিষয়ঃ মাধ্যমিক স্কুলের শিক্ষক ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ডের অ্যাড হক কমিটির প্রেসিডেন্ট অথবা মেম্বর নির্বাচিত হলে তাদের স্পেশ্যাল লীভের ব্যবস্থা

মহাশয়,

পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের সুপারিশ অনুযায়ী মধ্যশিক্ষা পর্ষদের প্রশাসক আদেশ দিয়েছেন যে, বিদ্যালয়কে প্রমাণপত্র পেশ করতে পারলে তাঁদের স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করা হবে।

স্বাঃ অস্পষ্ট
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ

সার্কুলার No 19/4 dt. 16th Nove, 1979

বিষয়ঃ হেড মাস্টার/হেড মিষ্ট্রেস এবং মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা ডিষ্ট্রিক্ট লেবেল ইন্সপেকশন টিমের সদস্য হিসেবে পর্ষদ নিয়োজিত কর্মে নিযুক্ত হলে তাঁদের অনুপস্থিতি special leave on duty বলে পরিগণিত হবে।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, পর্ষদের প্রশাসক এই মর্মে সিদ্ধান্ত নিয়েছেন যে, বিদ্যালয়ের প্রধান/প্রধানা/সহকারী শিক্ষকবৃন্দ ডিষ্ট্রিক্ট লেবেল ইন্সপেকশন টিমের সদস্য হিসেবে পর্ষদের কোন কাজে নিযুক্ত থাকলে, যথা পরীক্ষা কেন্দ্রে গমন, সিলেবাস গঠন, সেমিনারে উপস্থিত থাকা, বোর্ড কর্তৃক পরিচালিত ওরিয়েণ্টেশন কোর্সে হাজির থাকলে তারা কর্তব্যরত বলে স্বীকৃত হবেন।

সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদ

77/2 পার্ক ষ্ট্রীট, কলি-১৬

সার্কুলার নং $\frac{\text{S/357(1)}}{\text{G/Misc/787}}$ dt. Dec. 5, 1979

To

The Secy./Administrator,

All recognised Secondary Schools

বিষয়: মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকেরা প্রেসিডেণ্ট অথবা সদস্য হিসেবে ডিষ্ট্রিক্ট স্কুল কমিটির অ্যাড হক কমিটিতে অ্যাড হক কমিটির সভায় উপস্থিত থাকলে স্পেশ্যাল লীভ পাবেন।

পর্ষদের সার্কুলার নং S/357G/Misc/787 dt. 7th May, 1979 সংশোধন করে পর্ষদের প্রশাসক সিদ্ধান্ত করেছেন যে, মাধ্যমিক স্কুলের শিক্ষকেরা জেলা স্কুল কমিটির প্রেসিডেণ্ট নিযুক্ত হলে স্কুল বোর্ডের সভায় উপস্থিতির জন্য তাঁরা স্পেশ্যাল লীভের অধিকারী অর্থাৎ তাঁরা on duty বলে পরিগণিত হবেন।

অধিকন্তু অ্যাডহক কমিটির প্রেসিডেণ্ট হিসেবে স্কুলবোর্ডের অন্যান্য কাজকর্ম করার জন্য প্রয়োজনে on duty বলে পরিগণিত হবেন।

স্বাঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No S/754

To

dt. 6.12.79

The Secretary/Administrator/Heads of all Schools recognised by the Board

বিষয়: গেম টীচার ও অন্যান্যদের স্পেশ্যাল লীভ

নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, শারীর শিক্ষা, গেমস ও স্পোর্টস্ নূতন পাঠক্রম ও সিলেবাসের অন্তর্ভুক্ত হওয়ায় পর্ষদ পরিচালিত ওয়ার্ক এডুকেশন ও শারীর শিক্ষার অঙ্গীভূত।

ওয়েষ্ট বেঙ্গল স্পোর্টস্ এসোসিয়েশন পশ্চিমবঙ্গ সরকারের পৃষ্ঠপোষকতা লাভ করেছেন। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের গেম ও খেলাধূলা পরিচালনার উদ্দেশ্যে জেলায় জেলায় জেলা স্কুল স্পোর্টস্ এসোসিয়েশন গঠিত হয়েছে। অতএব সমস্ত অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়গুলোকে উক্ত ডিষ্ট্রিক্ট এসোসিয়েশনের স্বীকৃতি (affilation) লাভের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

স্কুল গেমস্ ফেডারেশন অব ইণ্ডিয়া—বছরে দু'টি মহামিলন (meet) আয়োজন করেন। ওয়েষ্ট বেঙ্গল স্পোর্টস এসোসিয়েশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের ছেলেমেয়েদের জাতীয় স্তরে পাঠান হয়। আবার জেলা স্তরেও তা সংগঠিত হয়। স্কুল স্পোর্টস্ এসোসিয়েশনের স্কুলের গেম টীচারদের সার্ভিস দরকার হয়। এভাবে সর্বভারতীয় স্তরে প্রতিযোগিতার জন্য ছেলেমেয়েদের নির্বাচন হয়ে থাকে।

পর্ষদের সভাপতি সারা পশ্চিমবঙ্গে খেলাধূলার মান উন্নত করণের উদ্দেশ্যে সেকেণ্ডারী স্কুল টীচার্সের খেলাধূলায় এবং স্পোর্টস এসোসিয়েশনের সঙ্গে ঘনিষ্ঠ ভাবে যুক্ত থাকা প্রয়োজন বোধ করেন। সামনের শরৎকালীন ও শীতকালীন খেলাধূলায় ওয়েষ্ট বেঙ্গল স্কুল স্পোর্টস এসোসিয়েশনে স্কুলের গেমস্ টীচারদের সক্রিয় অংশ নেওয়ার জন্য তাঁদের দাবি করা হবে।

ওয়েষ্ট বেঙ্গল স্কুল স্পোর্টস এসোসিয়েশনের প্রয়োজনে স্কুলের যেসব শিক্ষক সাড়া দেবেন, তাদের on duty বলে ধরে নিতে হবে।

স্বাঃ এন্ সিনহা
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ,

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

dt. 21. 1. '80

সার্কুলার নং 103/G

To
The Headmaster,
Champdani Arya Vidyapith
P.O. Baidyabati, Dt. Hooghly

বিষয়ঃ গড়পড়তা অর্ধ-বেতনের ব্যাখ্যা

রেফাঃ তাঁর পত্র তাং 26.9.1979

পর্ষদের প্রশাসকের আদেশ মতে ঈপ্সিত ব্যাখ্যার প্রয়োজনে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্টাফকে D.A. slab system অনুযায়ী দিতে হবে গড়পড়তা অর্ধেক-বেতনের হারে।

স্বাঃ পি. মজুমদার
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

To
The Headmaster,
Tarakeswar Girls' High School
P.O. Tarakeswar, Dt. Hooghly

বিষয়ঃ স্কুল স্টাফের মেডিক্যাল লীভ রুলসের ব্যাখ্যা

রেফাঃ তার পত্র নং 61/72 dt. 20. 10. '79

পর্ষদের প্রশাসকের আদেশ অনুসরণ করে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্টাফ কর্তৃক দীর্ঘ অবকাশের (vacation) পূর্বে অথবা পরে মেডিক্যাল লীভ নিলে vacation-এর সাথে যুক্ত হবে না, অবশ্য তাঁকে আগে অথবা পরে স্কুলে উপস্থিত থাকতে হবে।

স্বাঃ এ. কে. দাস
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

dt. 28. 1. '80

বিষয়ঃ অনুমোদিত মাধ্যমিক স্কুলের স্টাফ সরকার কর্তৃক মনোনীত হয়ে কোন স্কুল বা কলেজের গভর্ণিং বডির সভায় উপস্থিতির জন্য কাজে অনুপস্থিত থাকলে

পর্ষদের প্রশাসকের আদেশ ক্রমে জানাচ্ছি যে, সংশ্লিষ্ট ব্যক্তির গভর্ণিং/ম্যানেজিং কমিটি সভায় উপস্থিত থাকার জন্য স্কুলে তিনি স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ পাওয়ার অধিকারী। অবশ্য তাঁকে স্কুল কর্তৃপক্ষের কাছে মিটিং-এ উপস্থিত থাকার ডক্যুমেণ্ট পেশ করতে হবে।

সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

বিষয়ঃ গভর্ণমেণ্ট অব, ইণ্ডিয়া ও পশ্চিমবঙ্গ সরকারের N.I. Act অনুসারে পাবলিক হোলিডে এবং আগে চলে যাওয়ার জন্য তিনদিনের ক্যাজুয়েল লীভ কাটা সম্বন্ধে ব্যাখ্যা

নিম্ন স্বাক্ষরকারী সংখ্যানুসারে নিচে উত্তর দিচ্ছেনঃ

1. পশ্চিমবঙ্গ সরকার অথবা ভারত সরকার কর্তৃক N.I. Act অথবা যে কোন উপযুক্ত কর্তৃপক্ষের আদেশে বাৎসরিক ছুটির লিষ্টির বাইরে "স্পেশ্যাল হোলিডে" বলে গণ্য করা হবে।
2. কেবলমাত্র উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোন স্টাফের পক্ষে আগে চলে

যাওয়ার অনুমতি দেওয়া যেতে পারে। কিন্তু এটা যদি শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর পক্ষে দৈনন্দিন ব্যাপার (normal practice) হয়ে দাঁড়ায়, তার বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ আনা যায়। আগে চলে যাওয়ার ব্যাপারটি ক্যাজুয়েল লীভের সাথে সমান মনে করার কোন প্রশ্ন উঠে না।

সেক্রেটারীর পক্ষে
11. 7 '80

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ,
৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

বিষয়: লীভ রুলসের ব্যাখ্যা

নিম্ন স্বাক্ষরকারী নীচে সংখ্যানুপাতিক উত্তর দিচ্ছেন:

প্রশ্ন	উত্তর
1. লিখিতভাবে কোন কারণ না দেখিয়ে কোন স্টাফের পক্ষে ক্যাজুয়েল লীভ লাভ করা যায় কিনা।	1. ক্যাজুয়েল লীভ যথাযথভাবে মঞ্জুর হলে তবেই ক্যাজুয়েল লীভ পাওয়া যায়। বিশেষ কোন অবস্থায় স্কুলের কোন স্টাফ কর্তব্য কাজে পূর্ব অনুমতি ছাড়া অনুপস্থিত থাকলে পরবর্তী সময়ে তার অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করে দরখাস্ত পেশ করতে হবে।
2. কোন স্টাফ মেডিক্যাল সার্টিফিকেট দাখিল না করে মেডিক্যাল লীভ পেতে পারে কি?	2. কোন স্টাফ স্কুলে মেডিক্যাল গ্রাউণ্ডে তিনদিন অনুপস্থিত থাকলে তাকে মেডিক্যাল সার্টিফিকেট দেওয়ার দরকার নেই।
3. শিক্ষকদের পক্ষে অনুপস্থিত শিক্ষকদের ক্লাশ নেওয়া বাধ্যতামূলক কিনা।	3. গভঃ নোটিফিকেশন নং 772 Edn.(S) dt. 8. 7. 74 এ বলা আছে: (a) ক্লাশ রুমে (অনুপস্থিত শিক্ষকদের ক্লাশ নেওয়া সহ) রুটীন ওয়ার্ক সপ্তাহে ২৫ পিরিয়ড। (b) টিউটোরিয়েল (হোম টাস্ক শুদ্ধ করা সহ) ২৮ পিরিয়ড।

—সম্পাদকের পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No 3 : 490(1 – 3) dt. 19.6.80

To

The General Secretary,

A. B. T. A., W. B. T. A., W. B. H. A.

বিষয় : বিভিন্ন অনুমোদিত শিক্ষক সংস্থা কর্তৃক আহূত বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের বার্ষিক সম্মেলনে উপস্থিত থাকার জন্য ক্যাজুয়েল লীভ

নিম্ন স্বাক্ষরকারী রাজ্য সরকারের এডুকেশন ডিপার্টমেণ্টের নং 535 Edn.(S) dt. 16.7.80 তারিখের বিষয়ের সঙ্গে সঙ্গতি রেখে পর্ষদ সভাপতি আদেশ দিচ্ছেন যে, অনুমোদিত স্টাফ স্বীকৃত শিক্ষক সংস্থার রাজ্য সম্মেলনে যোগদান করবার জন্য ছুটি চাইলে তারা স্পেশ্যাল ক্যাজুয়েল লীভের অধিকারী। এবং কনফারেন্সে প্রকৃত পক্ষে যাওয়া-আসার দিনগুলো সহ কনফারেন্সে উপস্থিত থাকার দিনগুলোর জন্যও ছুটি পাওয়া যাবে।

2. প্রধান শিক্ষকের নিকট প্রয়োজনীয় কাগজপত্র পেশ করলে তিনি ছুটির ব্যবস্থা করবেন।

স্বাঃ এন্. সিনহা
সেক্রেটারী
dt. 25.9.80

সার্কুলার No 1775/G

To

The Headmaster
Patit High School
P.O. Patit, Dt. Bankura

বিষয় : অফিস সার্কুলার নং PHS/21/80 dt. 21.6.80 তারিখে প্রদত্ত পঞ্চায়েত সমিতির কাজে উপস্থিত থাকলে স্কুলের স্টাফকে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ দেওয়া সম্পর্কে ব্যাখ্যা।

রেফা : তার পত্র নং PHS/21/80 dt. 21.6.80

পর্ষদ সভাপতির আদেশ বলে জানান হচ্ছে যে, উল্লিখিত চিঠির উত্তরে—স্কুলের স্টাফ পঞ্চায়েতের কোন কাজে (duty) যোগ দিতে গিয়ে স্কুলে অনুপস্থিত থাকতে পারবেন না। তবে পঞ্চায়েতের সভায় যোগদানের জন্য তাকে স্পেশ্যাল ছুটি দেওয়া যেতে পারে।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে
dt. 11.9.80

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলি-১৬

No. 11898/GB & 11892/G dt. 30.12.80

বিষয় : স্পেশ্যাল ক্যাজুয়েল লীভের অনুমোদন

রেফা : মেমো নং 798-Edn(S) dt. 13/15/10/80 from Dy. Secy. to the Govt. of W.B.

পশ্চিমবঙ্গ সরকারের এডুকেশন ডিপার্টমেণ্টের সুপারিশ অনুযায়ী মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেণ্ট এই মর্মে অর্ডার দিয়েছেন যে রাজ্য সরকার কর্তৃক স্থাপিত 'খাদি ও গ্রামীণ শিল্প পরিষদে'র কোন শিক্ষক সদস্য থাকলে উক্ত পরিষদের সভায় উপস্থিত থাকার জন্য অথবা কোন জরুরী কাজে লিপ্ত থাকার জন্য তাঁকে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ দিতে হবে। অবশ্য তাঁকে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ পেতে হলে তাকে ডক্যুমেণ্ট এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে প্রত্যায়িত ট্যুর প্রোগ্রাম দাখিল করতে হবে।

এই আদেশ লীভ রুলসের সংশোধন সাপেক্ষে প্রচারিত।

সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

dt. 16. 6. 81

No $\frac{\text{4274/G}}{\text{170/121/1733}}$

To

The Headmaster,

Sahapur Hamendranath Vidyapith (High School)

44, J. K. Pal Road, Cal-38

বিষয় : লীভ রুলসের ব্যাখ্যা

রেফা : পত্র নং 8/81 dt. 2.5.81

উল্লিখিত পত্রের ব্যাখ্যা প্রসঙ্গে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে :

(1) স্কুল স্টাফ দীর্ঘ অবকাশের (Vacation) শুরু হওয়ার আগের দিনে স্কুলে উপস্থিত থাকলে এবং মেডিক্যাল গ্রাউণ্ডে পদত্যাগ করলে তিনি অবকাশের পিরিয়ডের বেতন ও এলাউন্স নিম্নলিখিত শর্তে পাবেন :

(a) তাঁকে স্কুল কর্তৃপক্ষের কাছে এই মর্মে সার্টিফিকেট দিতে হবে যে, ছুটির মধ্যে কোথায়ও কাজ করেননি এবং সেই পিরিয়ডে তিনি কোন বেতন গ্রহণ করেন নি।

(b) যদি তাঁর পদত্যাগপত্র স্কুল কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে গৃহীত হয়ে থাকে।

স্বাঃ এস্. চ্যাটার্জি

সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No 8417/G dt. 7. 11. 81

বিষয় : লীভ রুলসের কতিপয় বিষয়ে ব্যাখ্যা

প্রশ্ন	উত্তর
1. কোন শিক্ষক অথবা অশিক্ষক কর্মচারী অতিরিক্ত পোষ্টে (additional posts) দু বছরের জন্য নিযুক্ত হলে, লীভ ভেকেন্সী অথবা ডেপুটেশন ভেকেন্সীতে নিযুক্ত হলে মেডিক্যাল লীভ পাবেন কি ?	1. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্থায়ী পদের (permanent basis) স্বপক্ষে নিযুক্ত না হলে তিনি ক্যাজুয়েল লীভ ছাড়া অন্য কোন লীভের অধিকারী নন।
2. এক বছর চাকরী পূর্ণ হওয়ার আগে মেডিক্যাল লীভ অর্জন করবার অধিকার আছে কি এবং তিনি মেডিক্যাল লীভ পেতে পারেন কি ?	2. না।
3. স্কুলের কোন স্টাফ স্থায়ী পদে / অতিরিক্ত পদে / ডেপুটেশন লীভ ভেকেন্সীতে নিযুক্ত হওয়ার পর প্রথম বছরের চাকরিতে আংশিক ভাবে / আনুপাতিক হারে মেডিক্যাল লীভ মঞ্জুর করা যেতে পারে কি ?	3. না।
4. অনুমোদিত ও স্থায়ী (permanent) স্টাফের ক্ষেত্রে প্রতি এক বছর চাকরি পূর্ণ হওয়া (each completed year of service) কথাটি উপেক্ষা বা এড়িয়ে যাওয়া যায় কি ?	4. না।
5. চার দিনের কম মেডিক্যাল লীভ (যেখানে মেডিক্যাল সার্টিফিকেটের খুব একটি দরকার নেই) মঞ্জুর করবার ক্ষেত্রে বিদ্যালয়-প্রধানের কোন ক্ষমতা বা কর্তৃত্ব আছে কি ?	5. না।

সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No 8900/G dt. 17.12.81

বিষয় : স্কুল স্টাফের পক্ষে পঞ্চায়েতের 'সভাপতি' হিসেবে কোন জরুরী কাজ / ভ্রমণ (ট্যুর) উপলক্ষে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ

রেফা : এই অফিসের সার্কুলার No $\frac{79/2}{G/Misc/787}$ dt. 29. 8. 79 অনুযায়ী অনুমোদিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/ অশিক্ষক কর্মচারীর পক্ষে 'পঞ্চায়েত সমিতি'র সভায় উপস্থিতির জন্য স্পেশ্যাল কাজুয়েল লীভ।

উক্ত অফিস সার্কুলারের ব্যাখ্যা প্রসঙ্গে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্কুল স্টাফের কেউ পঞ্চায়েতের সভাপতি হলে তিনি কেবলমাত্র পঞ্চায়েতের সভায় উপস্থিত থাকবার জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ পাবেন—জরুরী কাজ অথবা ট্যুরের জন্য নয়।

স্বাঃ বি. গোস্বামী
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

No 2308/G dt. 15. 3. 82

বিষয় : লীভ রুলসের কতিপয় পয়েন্টের ব্যাখ্যা

প্রশ্ন	উত্তর
1. স্কুল স্টাফের মেডিক্যাল লীভের সঙ্গে সান-ডে অথবা হোলিডে পূর্বে কিংবা পরে যোগ হবে কি ?	1. দীর্ঘ অবকাশ (vacation), অল্প-দিনের ছুটি অথবা রবিবার মেডিক্যাল লীভের সঙ্গে পূর্বে বা পরে থাকলেও সমস্ত সময়টা (period) মেডিক্যাল লীভ বলে পরিগণিত হবে না। যদি মেডিক্যাল লীভ ভেকেশান, ছুটি (স্বল্পদিনের) বা রবিবারের মধ্যে পড়ে, তাহলে সমস্তটা সময় মেডিক্যাল লীভ বলে পরিগণিত হবে।
2. স্কুলের কোন স্টাফ কোন বিশেষ বছরে পরিপূরক ছুটি (compensatory leave) অর্জন করলে, তা আংশিকভাবে কোন ভেকেশন বা ছুটির সঙ্গে ভোগ করতে পারবেন কি ?	2. বর্তমান লীভ রুলের ৬নং ধারায় এরূপ কোন বাধা নেই। স্কুলের সংশ্লিষ্ট স্টাফ লীভ মঞ্জুরী কর্তৃপক্ষের পূর্ব-অনুমোদনে ঐরূপ ছুটি পেতে পারেন।

3. স্কুলের নানা ঘটনায় যথা নেতাজী বার্থডে, রবীন্দ্র জয়ন্তী প্রভৃতি উপলক্ষে (স্কুলের ঘোষিত ছুটি) কিছু স্টাফ উপস্থিত থাকেন, আবার কিছু স্টাফ অনুপস্থিত থাকেন। যাঁরা স্কুলের ঐ সব অনুষ্ঠানে উপস্থিত থাকেন, তাঁদের এই উপস্থিতির জন্য পরিপূরক ছুটি (compensatory leave) মঞ্জুর করা চলে কি? যেহেতু ঐরূপ অনুষ্ঠান তাঁদের ছাড়া ভবিষ্যতে করা যাবে না।

3. এই ব্যাপারে পরিপূরক ছুটি দেওয়ার বিধি নেই। স্কুল থেকে সমস্ত স্টাফকে অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করবার জন্য অনুরোধ জানান কর্তব্য।

স্বাঃ এম. সেনগুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

সার্কুলার নং S/197/G/Misc dt. 22nd March 1982

বিষয়ঃ অনুমোদিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের স্টাফ রাজ্যের মিউনিসিপ্যালিটির সভায় উপস্থিত থাকলে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করা সম্পর্কে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের শিক্ষা বিভাগের (মাধ্যমিক) সুপারিশক্রমে গভঃ অর্ডার নং 1047—Edn(s) dt. 23. 11. 81 অনুযায়ী পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি এই মর্মে অর্ডার দিয়েছেন যে, রাজ্যের বিভিন্ন মিউনিসিপ্যালিটির বোর্ড স্কুল স্টাফ থেকে নির্বাচিত সভ্য, চেয়ারম্যান / প্রেসিডেন্ট / ভাইস প্রেসিডেন্ট / ভাইস চেয়ারম্যান প্রভৃতি স্কুল চলাকালীন সময়ে মিউনিসিপ্যালিটির সভায় উপস্থিত থাকলে তাঁদের duty রত বলে ধরা হবে এবং তাঁদের প্রদত্ত কাগজ-পত্রের ভিত্তিতে স্কুল কর্তৃপক্ষ স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করবেন।

লীভ রুলসের সংশোধন সাপেক্ষে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য এই অর্ডার প্রচারিত হল।

স্বাঃ এন. সিনহা
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No. 7211/G / 005/4—342/112 dt. 21. 7. 82

বিষয় ঃ কতিপয় বিষয়ে ব্যাখ্যা

রেফা: নং 16(1) 82 dt. 20. 3. 82

প্রশ্ন	উত্তর
1. স্কুলে স্টাফের দেরীতে উপস্থিতির জন্য 'লেট মার্ক' দেওয়ার সময় কি ?	1. স্টাফের স্কুলে আসা এবং ক্লাশ আরম্ভ হওয়ার সময়টা আলাদা। ক্লাশ শুরু হওয়ার অন্ততঃ ১৫ মিনিট আগে স্টাফের স্কুলে হাজির থাকা উচিত। অতএব দেরীতে আসার জন্য 'লেট মার্ক' এবং স্টাফের অনুপস্থিতির বিষয়টি স্কুলের স্বার্থে স্কুল কর্তৃপক্ষ ঠিক করে দেবেন।
2. স্কুলের স্থায়ী এবং অস্থায়ী স্টাফ কি ক্যালেণ্ডার ইয়ারের (জানুয়ারী-ডিসেম্বর) প্রথম মাসে একদিন অথবা হারাহারিভাবে C. L. নিতে পারবেন ?	2. বর্তমান লীভ রুলে হারাহারিভাবে ক্যাজুয়েল লীভ নেওয়ার কোন ব্যবস্থা নেই।
3. স্কুল স্টাফ যে মাসে মেডিক্যাল লীভের জন্য দরখাস্ত দেবেন উপযুক্ত কর্তৃপক্ষ তা মঞ্জুর হওয়ার আগে ছুটির পিরিয়ডের মাইনা পাওয়া যাবে কিনা।	3. বর্তমান লীভ রুলসে একজন স্টাফ মেডিক্যাল লীভ মঞ্জুর হওয়ার পরে তার বেতন পেতে পারেন।

স্বাঃ এস. চ্যাটার্জি

সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

No. 8310/S

dt. 24th August 1982

বিষয় : লীভ রুলসের ব্যাখ্যা

নিম্ন স্বাক্ষরকারী প্রশ্নোত্তরের মাধ্যমে জানাচ্ছেন :

প্রশ্ন

1. স্কুলের কোন স্টাফ (শিক্ষক) মাধ্যমিক পরীক্ষা পরিচালনার জন্য সেণ্টার কমিটির মেম্বর, স্কুল অনুমোদন / আপ গ্রেডেশন প্রভৃতি কাজের জন্য স্কুলে অনুপস্থিত থাকলে তাঁকে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ দেওয়া হবে কি ?

2. স্কুলের কোন শিক্ষক ইণ্ডিয়ান সায়েন্স কংগ্রেসে বার্ষিক সম্মেলনে যোগ দেওয়ার জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ পাবেন কি ?

3. মাধ্যমিক পরীক্ষায় ওয়ার্ক এডুকেশন ও শারীর শিক্ষা উপলক্ষে যে সব শিক্ষকদের প্রয়োজন নেই তাঁদের স্কুলে আসার জন্য বাধ্য করা হবে না তো ?

উত্তর

1. সংশ্লিষ্ট ব্যক্তি উক্ত কাজে নিযুক্ত থাকার জন্য কর্তৃপক্ষ থেকে উপযুক্ত সার্টিফিকেট অথবা ডকুমেণ্ট দাখিল করলে অনুপস্থিতির দিনগুলোর জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ অথবা absence on duty বলে গণ্য করা হবে।

2. স্কুলের স্বার্থে ইণ্ডিয়ান সায়েন্স কংগ্রেসে যোগদান বাধ্যতামূলক বা প্রয়োজনীয় নয় এবং কর্তৃপক্ষের অনুমোদনযোগ্য নয়।

3. বিদ্যালয়ের পড়াশোনার স্বার্থে বিদ্যালয় প্রধানই উপযুক্ত ব্যক্তি হিসেবে একাডেমিক কাউন্সিল এবং ম্যানেজিং কমিটির সঙ্গে আলোচনা করে ব্যবস্থা নিতে পারেন।

সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক ষ্ট্রীট, কলিকাত-১৬

বিষয় : পর্ষদের অফিস সার্কুলার নং S/560 dt. 26. 9. 81 পর্ষদের আওতায় অনুমোদিত সেকেণ্ডারী স্কুলের পঠন-পাঠনের উন্নতি বিধানের জন্য

নিম্ন স্বাক্ষরকারী প্রশ্নোত্তর আকারে নীচে বলছেন :

প্রশ্ন	উত্তর
1. নির্ধারিত সময় বলতে স্কুলের আসার সময় ও ক্লাশ শুরু হওয়ার সময় একই ?	1. স্কুলের আসার সময় আর ক্লাশ আরম্ভ হওয়ার সময় এক নয়, বিভিন্ন। আসার সময়টি স্কুল কর্তৃপক্ষ ঠিক করে দেবেন এবং তা ক্লাশ শুরু হওয়ার অন্ততঃ ২৫ মিনিট আগে হবে।
2. দেরীতে আসলে লেট মার্কের সময় কখন ? এবং তা কি স্কুলে অনুপস্থিতির সমার্থক ?	2. স্কুল কর্তৃপক্ষ কর্তৃক দেরীতে আসার সময় এবং স্টাফকে অনুপস্থিত বলে ঘোষণা করা স্কুল কর্তৃপক্ষই ঠিক করবেন স্কুলের স্বার্থে।
3. ক্যাজুয়েল লীভ ছাড়া দেরীতে আসার জন্য অন্য যে কোন লীভ কাটা যাবে কি ?	3. স্কুল স্টাফের দেরীতে আসার জন্য ক্যাজুয়েল লীভ কাটা বা অন্য কোন লীভ কাটার ব্যবস্থা নেই। যখন যে ক্ষেত্রে যখন স্টাফের ক্যাজুয়েল লীভ ফুরিয়ে যাবে, তখন স্কুল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট স্টাফকে প্রথমে সাবধান করে দেবেন, যেন তিনি ঠিক সময়ে স্কুলে আসেন এবং তারপর স্কুল কর্তৃপক্ষ ম্যানেজমেণ্ট রুলের আওতায় তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেন, যাতে স্কুলের স্বার্থ রক্ষা করা যায়।

সেক্রেটারীর পক্ষে

ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

নং $\frac{\text{2819/G}}{\text{G/Misc/814}}$ dt. 16. 3. 83

To

The Secretary,

All Bengal Teachers Association

Maynaguri Zonal Committee

P. O.—Maynaguri Dist.—Jalpaiguri

বিষয়ঃ মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের লীভ রুলস সম্বন্ধে ব্যাখ্যা ঃ

রেফাঃ লেটার নং 2/82 dt. 25. 9. 82

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, উল্লিখিত পত্র বিবেচনার পর পর্ষদের কার্যকরী সমিতি (Executive Committee) 4. 1. 83 তারিখে এক সভায় এরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, বিদ্যালয়ে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী এক স্কুল থেকে অন্য স্কুলে যোগ দিলেও ক্যাজুয়েল ও মেডিক্যাল লীভের অধিকারী হবেন, এবং আগের স্কুলে জমা ছুটি পরবর্তী স্কুলে carried over হবে।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2, পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No. $\frac{\text{5197/G}}{\text{G/Misc/450}}$ dt. 2. 6. 1983

To

The Dist. Inspector of Schools (SF)

Nadia, P. O. Krishnagar Dt. Nadia

বিষয়ঃ ক্যাজুয়েল লীভের জন্য দরখাস্ত দিতে হলে লীভ রুলের প্রোভিশন 2-এর সাথে 10(i) এবং 10(iii) পড়তে হবে।

রেফাঃ তার মেমো নং 611 / S. F. dt. 14. 4. 83 ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনকে প্রতিবেদন।

তাঁর প্রশ্নের উত্তরে নিম্ন স্বাক্ষরকারী নীচে জানাচ্ছেন :

প্রশ্ন	উত্তর
1. লীভ রুলের নিয়মে ক্যাজুয়েল লীভ ভোগ করার পর স্টাফকে স্কুল কর্তৃপক্ষের কাছে দরখাস্ত পেশ করতে হবে কিনা।	1. প্রাপ্য ক্যাজুয়েল লীভ স্কুল কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে মঞ্জুর হওয়ার পর তবেই ভোগ করা যেতে পারে। বিশেষ অবস্থায় আগে থেকে মঞ্জুর না হলেও স্কুলের স্টাফ স্কুলে অনুপস্থিত থাকতে পারেন ; কিন্তু তাকে যথাশীঘ্র তার অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করে দরখাস্ত দিতে হবে। অতএব দরখাস্ত না করে ক্যাজুয়েল লীভ বা অন্য কোন লীভ ভোগ করার কথা ওঠতেই পারে না।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্
77/2 পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No. 5198 / G/Misc/784(S) dt. 2. 6. 81

To
The General Secretary, West Bengal Teachers' Association
8/B Tamer Lane, Cal-9

বিষয় : কয়েকটি পয়েণ্টের ব্যাখ্যা
রেফাঃ তাঁর মেমো নং T. A./85/83 dt. 23. 4. 83
তাঁর চিঠির উত্তরে ধারাবাহিক উত্তর দেওয়া হল :

প্রশ্ন	উত্তর
1. মাধ্যমিক স্কুলের কোন কর্মচারী তার নিজের স্কুলের ম্যানেজিং কমিটি অথবা সিলেকশন কমিটির মেম্বর হতে পারে কি ?	1. না।
2. সেকেণ্ডারী স্কুলের কোন কর্মচারীর অর্ধবেতনের ছুটিকে অন্য কিছুর সঙ্গে বদল করা চলে কি ?	2. না।

ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন
77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

নং 2819/G / G/Misc/814 dt. 16. 3. 83

To
The Secretary,
All Bengal Teachers Association
Maynaguri Zonal Committee
P. O.—Maynaguri Dist.—Jalpaiguri

বিষয়ঃ মাধ্যমিক স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের লীভ রুলস সম্বন্ধে ব্যাখ্যা ঃ

রেফাঃ লেটার নং 2/82 dt. 25. 9. 82

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, উল্লিখিত পত্র বিবেচনার পর পর্ষদের কার্যকরী সমিতি (Executive Committee) 4. 1. 83 তারিখে এক সভায় এরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, বিদ্যালয়ে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী এক স্কুল থেকে অন্য স্কুলে যোগ দিলেও ক্যাজুয়েল ও মেডিক্যাল লীভের অধিকারী হবেন, এবং আগের স্কুলে জমা ছুটি পরবর্তী স্কুলে carried over হবে।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্
77/2, পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No. 5197/G / G/Misc/450 dt. 2. 6. 1983

To
The Dist. Inspector of Schools (SF)
Nadia, P. O. Krishnagar Dt. Nadia

বিষয়ঃ ক্যাজুয়েল লীভের জন্য দরখাস্ত দিতে হলে লীভ রুলের প্রোভিশন 2-এর সাথে 10(i) এবং 10(iii) পড়তে হবে।

রেফাঃ তার মেমো নং 611 / S. F. dt. 14. 4. 83 ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনকে প্রতিবেদন।

তাঁর প্রশ্নের উত্তরে নিম্ন স্বাক্ষরকারী নীচে জানাচ্ছেন :

প্রশ্ন	উত্তর
1. লীভ রুলের নিয়মে ক্যাজুয়েল লীভ ভোগ করার পর স্টাফকে স্কুল কর্তৃপক্ষের কাছে দরখাস্ত পেশ করতে হবে কিনা।	1. প্রাপ্য ক্যাজুয়েল লীভ স্কুল কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে মঞ্জুর হওয়ার পর তবেই ভোগ করা যেতে পারে। বিশেষ অবস্থায় আগে থেকে মঞ্জুর না হলেও স্কুলের স্টাফ স্কুলে অনুপস্থিত থাকতে পারেন ; কিন্তু তাকে যথাশীঘ্র তার অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করে দরখাস্ত দিতে হবে। অতএব দরখাস্ত না করে ক্যাজুয়েল লীভ বা অন্য কোন লীভ ভোগ করার কথা ওঠতেই পারে না।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No. 5198 / G/Misc/784(S) dt. 2. 6. 81

To

The General Secretary, West Bengal Teachers' Association

8/B Tamer Lane, Cal-9

বিষয় : কয়েকটি পয়েন্টের ব্যাখ্যা

রেফা: তাঁর মেমো নং T. A./85/83 dt. 23. 4. 83

তাঁর চিঠির উত্তরে ধারাবাহিক উত্তর দেওয়া হল :

প্রশ্ন	উত্তর
1. মাধ্যমিক স্কুলের কোন কর্মচারী তার নিজের স্কুলের ম্যানেজিং কমিটি অথবা সিলেকশন কমিটির মেম্বর হতে পারে কি ?	1. না।
2. সেকেণ্ডারী স্কুলের কোন কর্মচারীর অর্ধবেতনের ছুটিকে অন্য কিছুর সঙ্গে বদল করা চলে কি ?	2. না।

প্রশ্ন	উত্তর
3. সেকেণ্ডারী স্কুলের কোন কর্মচারী পুলিস অথবা জেল হাজতে কোন অপরাধের জন্য আটক থাকলে এবং পরবর্তীকালে জামিন পেলে তিনি কি ঐ অনুপস্থিতি পিরিয়ডের জন্য ছুটি পাবেন ?	3. না।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2 পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No. 6/83/G / 035-9-M1/173·3

dt. 1. 7. 83

To

The Headmaster,
Manindranager High School
P. O. Kassimbazar Raj. Dist. Murshidabad

বিষয়ঃ তাঁর চিঠি 88/82 dt. 22. 12. 82 এবং অফিস সারকুলার নং 79/2 / G/Misc/787 dt. 29. 8. 79

তাঁর অনুসন্ধানের উত্তরে জানান হচ্ছে যে, অনুমোদিত বেসরকারী মাধ্যমিক স্কুলের স্টাফদের পঞ্চায়েত সংস্থার সভায় উপস্থিতির জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ দেওয়া যেতে পারে। তবে কোন পাবলিক অ্যাপয়েন্টমেণ্ট বা অন্য কোন সভার জন্য ছুটি পাওয়া যাবে না।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক ষ্ট্রীট, কলিকাতা-১৬

No. 9246/G

To

dt. 28. 10. 83

The Education Officer
Municipal Corporation, Chandanager, District—Hooghly.

বিষয়ঃ অনুমোদিত বেসরকারী বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য মেডিক্যাল লীভের জন্য রুল 4-এর ব্যাখ্যা

প্রিয় মহাশয়,

আপনার চিঠির নং EO 3c/83/83 dt. 9. 9. 83 সংশ্লিষ্ট বিষয়টি জানাচ্ছি যে,

সর্বক্ষেত্রে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা এক বছরের অধিক কাজ করলে মেডিক্যাল গ্রাউণ্ডে ছুটি পাবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ছুটির জন্য সবেতনে মেডিক্যাল লীভ মঞ্জুর করবেন। অবশ্য সংশ্লিষ্ট ব্যক্তিকে কাজে যোগ দেওয়ার সময় সুস্থতার নজির হিসেবে Medical fit Certificate দাখিল করতে হবে।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে
dt. 8. 11. 83

No. 9327/G
To
The Headmaster
Dhulianpur Palleeshree Bani Mandir
P. O. Dhulianpur (Via—Raghnnath Bari)
Dist. Midnapore

বিষয়ঃ লীভ রুলসের কতিপয় ব্যাখ্যা
রেফাঃ তাঁর চিঠি নং 78 dt. 7. 7. 82

উত্তরে জানান হচ্ছে যে—

প্রশ্ন	উত্তর
1. স্টাফের অর্ধ বেতনে ছুটি কি বদল (commuted) যোগ্য ?	1. না।
2. স্কুল স্টাফ তার চাকরি জীবনে মেডিক্যাল লীভ কখনও ভোগ না করলে, বাধ্যতামূলক অবসর গ্রহণের পর কি ৩৬৫ দিনে আরও কাজ (extension) করতে পারবেন ?	2. না।
3. কোন স্টাফের মেডিক্যাল লীভের প্রয়োজন হলে, যদি ঐ বছরে তার কোন লীভ পাওনা না থাকে, তাহলে স্কুল কর্তৃপক্ষ তা মঞ্জুর করতে পারেন কি ?	3. না।

স্বঃ এস. চ্যাটার্জি
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

সারকুলার নং $\frac{\text{S/9}}{\text{G/Misc/717/A(11)}}$ dt. 18. 1. 84

To

The Administrator / Secretary

All recognised Non-Govt. School in West Bengal

বিষয়ঃ পঞ্চায়েত সমিতির সভায় উপস্থিতির জন্য মাধ্যমিক বিদ্যালয়ের স্টাফকে স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর

মহাশয় / মহাশয়া,

শিক্ষা বিভাগের (মাধ্যমিক ব্রাঞ্চ) সুপারিশক্রমে মেমো নং $\frac{\text{43-Edn. (s)}}{\text{2L—1/79}}$ Date 13. 1. 81 এবং সার্কুলার নং $\frac{\text{79/2}}{\text{G/Misc/787}}$ dt. 29. 9. 79 অনুসারে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি এই মর্মে আদেশ দিয়েছেন যে, স্কুলের স্টাফ গ্রাম পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদের মেম্বর হলে পঞ্চায়েত সংস্থার সভায় উপস্থিত থাকবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে সভায় উপস্থিত থাকার প্রমাণপত্র দাখিল করলে অনুপস্থিতি দিন বা দিনগুলোর জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ পাবেন।

আমি আরও জানাচ্ছি যে, সংশ্লিষ্ট স্টাফ জিলা পরিষদের সভাপতি নির্বাচিত হলে অফিস ডিউটি করবার জন্য—স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ পাওয়ার অধিকারী, কিন্তু সংশ্লিষ্ট ব্যক্তিকে ছুটি পেতে হলে উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে সার্টিফিকেট দিতে হবে।

স্বাঃ এন. সিনহা

সেক্রেটারীর পক্ষে

১১ কাজের দিন ও ছুটির দিন

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্‌

সার্কুলার নং 9/62 dt. 22nd May, 1962

বিষয় : স্কুলের পালনীয় ছুটি

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্কুল থেকে মাঝে মাঝে পালনীয় ছুটির বিষয় জানতে চাওয়া হয়। এবং পর্ষদকে ছুটির তালিকা অনুমোদনের জন্য অনুরোধ জানান হয়ে থাকে।

এতদ্বারা ঘোষণা করা যাচ্ছে যে, পর্ষদ কর্তৃক অনুমোদিত সমস্ত স্কুলে সাধারণত বছরে ৮৬ দিন ছুটি পালন করা হবে। প্রধান/প্রধানার ইচ্ছানুসারে বিশেষ ঘটনা উপলক্ষে ছুটি দেওয়া যেতে পারে। তবে কিন্তু ঐরূপ ছুটি বছরে ১০ দিনের বেশী হবে না। ছুটির তালিকা ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

পর্ষদ কর্তৃক ছুটির তালিকা অনুমোদনের প্রয়োজন নেই। তবে পর্ষদের অবগতির জন্য একটি ছুটির তালিকা পাঠান যেতে পারে।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট : সেকেণ্ডারী ব্রাঞ্চ

No $\frac{\text{1934-Edn(S)}}{\text{36-164/66}}$ dt. 28th July, 1967

To
The Secretary,
West Bengal Board of Secondary Education.

বিষয় : শিক্ষায়তনে কাজের দিনের সংখ্যা

আমি বিদ্যালয়ের অবগতির জন্য বলছি যে, ডিপার্টমেণ্ট অর্ডার 989-Edn (S) dt. 11th December, 1947 অনুযায়ী মোট ছুটির সংখ্যা এবং বিশেষ বিশেষ ঘটনা উপলক্ষে পুরো অথবা অর্ধ ছুটিসহ বছরে (কেলেণ্ডার ইয়ার—জানু-ডিসেম্বর) রবিবার বাদে ৯৫ দিনের বেশী হওয়া কিছুতেই উচিত নয়। আর রবিবার সহ ছুটির দিন হতে

পারে ১৪৭ দিন। আর বাকী ২১৮ দিন কাজের দিন বলে নিম্নে দেওয়া নিয়ম অনুযায়ী কাজে লাগান হবে—

শিক্ষণ দিবস	... ...	১৮০ দিন
ষান্মাসিক ও বার্ষিক পরীক্ষা	... ...	২০ দিন
অনুষ্ঠান, স্পোর্টস্ প্রভৃতি	... ...	৫ দিন
বার্ষিক পরীক্ষার পর পড়াশোনা বন্ধ	...	১৩ দিন
	মোট :	২১৮ দিন

2. ১৯৬৩ সালের মে মাসে পাঁচমারিতে সেণ্ট্রাল অ্যাডভাইসরী বোর্ড অব্ এডুকেশন এক সভায় এরূপ এক সিদ্ধান্ত গ্রহণ করেন যে, মাধ্যমিক স্কুলে পঠন-পাঠনের দিনের সংখ্যা বছরে ২২০ দিন অর্থাৎ ১২০০ ঘণ্টা হবে।
3. পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের ১৯৬৩ সালের সেকেণ্ডারী এডুকেশন অ্যাক্ট অনুযায়ী সেকশন ২৭-এর (২) নং সাবসেকশন অনুযায়ী রাজ্যপাল নিজের ক্ষমতা প্রয়োগে বিদ্যালয়ে পঠন-পাঠনের কাজের দিনের নির্দেশ করে দিয়েছেন :

   (i) মাধ্যমিক স্কুলের অনুষ্ঠান, স্পোর্টস্ প্রভৃতি এখন থেকে রবিবার, অন্যান্য ছুটির দিনে এবং শনিবার অপরাহ্নে করতে হবে।

   (ii) মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা এমনভাবে ঠিক করতে হবে যেন পড়াশুনার ব্যাঘাত বা বন্ধ সাতদিনের বেশী না থাকে।

   (iii) ভেকেশন বা দীর্ঘ অবকাশ এবং ছুটি-ছাটা ৯৫ দিনের থেকে কমিয়ে ৮৬ দিন করতে হবে।

   স্কুল কর্তৃপক্ষ নিজেরাই প্রয়োজন মত সিদ্ধান্ত নেবেন, ছুটির পক্ষে কোন্ কোন্ দিন কমাতে হবে, যাতে করে ছুটি-ছাটা সর্বাধিক ৮৭ দিনের মধ্যে সীমাবদ্ধ থাকে।

   (iv) স্কুল কর্তৃপক্ষকে দেখতে হবে পড়াশোনার দিনগুলোর সংখ্যা যাতে কোনক্রমে বছরে ২০০ দিনের কম না হয়।
4. যদি শনিবারসহ ২০০ দিন পড়াশোনার কাজে লাগান যায়, তাহলে বছরে ১০০০ হাজার ঘণ্টা এবং দৈনিক পাঁচ ঘণ্টা পঠন-পাঠন চলতে পারে।
5. এই মর্মে আমি অনুরোধ জানাচ্ছি যাতে মাধ্যমিক স্কুলে এই সিদ্ধান্ত চালু হয়।

স্বাঃ বি. দত্ত
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

সার্কুলার নং 13/67 dt. 22nd July, 1967

To

The Heads of all Secondary Schools

Re : স্কুলে ছুটির দিন পালন।

অনুমোদিত মাধ্যমিক স্কুলের প্রধান / প্রধানাদের জানান যাচ্ছে যে, পূর্ববর্তী অফিস সার্কুলার নং 9/62 dt. 22.5.62 বাতিল করে মাধ্যমিক স্কুলে ভেকেশনসহ বছরে সর্বাধিক ৮৭ দিনের বেশী হওয়া উচিত নয়। স্কুল কর্তৃপক্ষই ঠিক করবেন, বর্তমান ছুটির মধ্যে কোন কোন ছুটি কেটে বছরে সর্বাধিক ৮৭ দিন ছুটির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

মাধ্যমিক স্কুলের অনুষ্ঠান ও স্পোর্টস্-এর পর থেকে রবিবার অথবা ছুটির দিনে অথবা শনিবার অপরাহ্নে যেন অনুষ্ঠিত হয়।

মাধ্যমিক স্কুলে বার্ষিক পরীক্ষা এমনভাবে স্থির করতে হবে যাতে, বার্ষিক পরীক্ষার পর পড়াশোনা সাতদিনের বেশী বন্ধ না থাকে।

ইহাই বাঞ্ছনীয় যে বিদ্যালয়ে যেন পড়াশোনা ২০০ দিনের কম না হয়।

এইসব ব্যবস্থা নেওয়া দরকার যাতে স্কুলে শনিবারসহ পড়াশোনার দিনগুলোর সংখ্যা ২০০ দিন অর্থাৎ বছরে ১০০০ ঘণ্টা এবং দৈনিক পাঁচ ঘণ্টা ক্লাশ হয়।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

To

The Headmaster,
Talpur Patshala, P.O. Talpur, Dt. Hooghly

বিষয় : পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকার কর্তৃক পাবলিক হোলি ডে এবং N. I. Act ও আগে চলে যাওয়ার জন্য তিনদিন নৈমিত্তিক ছুটি কাটা।

রেফা : তাঁর চিঠি নম্বর 30/80 dt. 22.4.80

উত্তরে নিম্ন স্বাক্ষরকারী নিচে জানাচ্ছেন যে—

1. পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকার কর্তৃক N. I. Act অথবা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি ঘোষণা করলে অনুমোদিত ছুটির তালিকার বাইরে ঐদিন স্পেশ্যাল হোলি ডে বলে গণ্য করা হবে।
2. কেবলমাত্র উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিয়েই যে কোন ঘটনা উপলক্ষে স্কুল ছুটির আগে চলে যেতে পারা যায়। আর তা যদি শিক্ষক ও অশিক্ষক

কর্মচারীদের পক্ষে স্বাভাবিক বিষয় হয়ে দাঁড়ায়, তাহলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে। মনে রাখতে হবে আগে চলে যাওয়া ক্যাজুয়েল লীভের সঙ্গে সমান করে দেখা যায় না।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে
11.7.80

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক ষ্ট্রীট, কলি-১৬

To
The Secretary,
Bahir Khand Girish Ch. Institution,
P. O. Bahir Khand, Dt. Hooghly

বিষয়ঃ স্কুলের বার্ষিক স্পোর্টস্

রেফাঃ তার চিঠি No BGA/B/137/80 dt. 25.4.80

এই অফিস সার্কুলার 13/67 dt. 22.8.67 অনুযায়ী তাঁর দৃষ্টি করা যাচ্ছে যে, মাধ্যমিক স্কুলে ছুটির সম্পর্কে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বার্ষিক স্পোর্টস্ উপলক্ষে সপ্তাহের কাজের দিনে স্পোর্টস্ বা অনুষ্ঠান করা এবং পরের দিনে স্পেশ্যাল ছুটি দেওয়া রুলের ব্যতিক্রম।

অতএব ঐসব অনুষ্ঠান রবিবার অথবা অন্য কোন ছুটির দিনে অথবা শনিবার অপরাহ্ণ বেলায় করতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন, ৮৭ দিনের বাইরে কোন স্পেশ্যাল হোলি ডে ঘোষণা করা যাবে না।

স্বাঃ এ. গুপ্ত
সেক্রেটারীর পক্ষে

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

77/2 পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No S/309 dt. 12.8.83

To
The Heads of all recognised Secondary Institutions

বিষয়ঃ ২য় ও ৪র্থ শনিবারে স্কুল ছুটি

এটা লক্ষ্য করা গেছে যে, পশ্চিমবঙ্গের কিছু মাধ্যমিক বিদ্যালয় কিছুদিন থেকে মাসের মধ্যে ২য় ও ৪র্থ শনিবারে বন্ধ রাখছে, যেমন রাজ্য সরকার তাঁদের অফিসাদি বন্ধ রাখছেন।

পর্ষদের কার্যকরী পরিষদ বিশেষ বিবেচনার পর সিদ্ধান্ত করেছেন যে, মাসের মধ্যে ২য় ও ৪র্থ শনিবার স্কুল রাখবার প্রথাটি অবিলম্বে বন্ধ করা হউক এবং স্কুলে ২য় ও ৪র্থ দিবসে বন্ধ রাখার পূর্ব অবস্থা পুনরায় বহাল করা হউক।

স্বাঃ এন সিনহা
সেক্রেটারী

১২ | ## জুলুম করে আটকান

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

সার্কুলার নং 20/67 dt. Nove., 7. 1967

To

The Heads of all recognised Secondary Schools

বিষয়ঃ মাধ্যমিক স্কুল শিক্ষকদের ডি. আই. রুল, পি. ডি. অ্যাক্ট অথবা সিকিউরিটি অ্যাক্ট

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, মাধ্যমিক স্কুলের শিক্ষকেরা মাঝে মাঝে ডিফেন্স অব, ইণ্ডিয়া রুল, প্রিভেনটিভ ডিটেনশন অ্যাক্ট অথবা সিকিউরিটি অ্যাক্টে আটক থাকার পর পরবর্তীকালে বিনা শর্তে মুক্তি পান। তাঁদের ঐ আটককালীন সময়ের জন্য পুরো-বেতনে স্পেশ্যাল লীভ মঞ্জুর করা হবে।

যেসব শিক্ষক ডিফেন্স অব, ইণ্ডিয়া রুল, প্রিভেনটিভ ডিটেনশন অ্যাক্ট অথবা সিকিউরিটি অ্যাক্টে আটক থাকার জন্য চাকরি থেকে বরখাস্ত হয়েছিলেন এবং পরবর্তীকালে মুক্তি পেয়েছেন, তাদের পুনরায় চাকরিতে বহাল করা হবে।*

স্বাঃ ডি. মজুমদার

সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

To

The Heads of all Secondary Schools in West Bengal

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানে জবরদস্তি এবং ঘেরাও

১৯৭০ সালের ১৭ই আগষ্ট তারিখে পর্ষদের ৩১তম সভার প্রস্তাবানুসারে নিম্ন স্বাক্ষরকারী ১৯৬৯ সালের ২১শে জুন তারিখে গৃহীত প্রস্তাবের একটি কপি এবং জবরদস্তি এবং ঘেরাও সম্বন্ধে পর্ষদ্ সভাপতির একটি বিবৃতি স্কুলের অবগতি এবং অনুসরণের জন্য পাঠান হল।

স্বাঃ এ. সি. চট্টোপাধ্যায়

সেক্রেটারী

* পর্ষদের সার্কুলার নং 5/296 dt. 30. 4. '76 জি. ও. নং 1059-Edn(S) dt. 17. 8. '77 দ্রষ্টব্য

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২ পার্ক স্ট্রীট, কলি-১৬

সার্কুলার নং S/296 dt. April 30, 1976

To

The Heads of all Secondary Schools recognised by Boards

বিষয়ঃ মিসা ও ডি. আই. আর. প্রভৃতিতে আটক মাধ্যমিক শিক্ষকের ব্যাপার।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বোর্ডের স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ইমারজেন্সীর সময়কার মিসা, ডি. আই. আর. প্রভৃতিতে আটক থাকলে তাদের ছুটি পাওনা থাকলে, তা পাওয়ার জন্য অপশন (option) দিতে পারেন। সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষদের এই মর্মে ভার দেওয়া হচ্ছে যে, শিক্ষকদের Leave salary অথবা পাওনা ছুটির পরিবর্তে বেতন তাঁদের উপর নির্ভলশীলদের যেন দেওয়া হয়।

তাঁদের আরও মনে রাখতে হবে যে, লীভ সেলারি ডিটেনশন মঞ্জুর করার পর পশ্চিমবঙ্গ হোম ডিপার্টমেণ্টে জানাতে হবে এবং পর্ষদের কাছে এর একটি কপি পাঠাতে হবে।

স্বাঃ এ. সি. বিশ্বাস
সেক্রেটারী

গভর্ণমেণ্ট অর্ডার

No. $\frac{\text{1059-Edn.(S)}}{\text{1S-19/77}}$ dt. 17th Aug., 1977

To

The Director of Secondary Education, West Bengal

বিষয়ঃ অনুমোদিত বেসরকারী স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, যাঁরা মিসা অথবা ডি. আই. রুলে আটক ছিলেন, তাঁদের চাকরিতে পুনর্বহাল প্রভৃতি।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, যেসব শিক্ষক ও অশিক্ষক কর্মচারী মিসা অথবা ডি. আই. রুলে আটক থাকার জন্য কর্মচ্যুত হয়েছিলেন অথবা সাসপেনশনে আছেন, তাঁদের বিষয়টি রাজ্যপাল বিশেষ বিবেচনা করে সিদ্ধান্ত নিয়েছেন যে,—

1. যে সমস্ত শিক্ষক অথবা অশিক্ষক কর্মচারী মিসা অথবা ডি. আই. আর.-এ আটক থাকার জন্য সাসপেনশনে ছিলেন অথবা চাকরি হারিয়েছেন, তারা অবিলম্বে পুনর্বহাল হবেন।
2. চূড়ান্ত সিদ্ধান্ত সাপেক্ষে যেসব শিক্ষককে তাদের স্থলে নিয়োগ করা হয়েছে, তাঁদের ক্ষেত্রে স্থিতাবস্থা চলবে।

3. তাঁদের ঐ অনুপস্থিতি কালটি ছুটির কাল অথবা Spent on leave বলে গণ্য করা হউক।
4. তাঁদের ঐ অনুপস্থিতি কালটি উল্লিখিত (3) নম্বরে সাধারণ রুল হিসেবে বেতন-বৃদ্ধির (increment) জন্য গণ্য করা হউক।

সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকদের এই সিদ্ধান্ত অবিলম্বে মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানদের কাছে জানিয়ে দেওয়ার জন্য উপদেশ দেওয়া হউক। কোন বিদ্যালয় উক্ত আদেশ কার্যে পরিণত করতে ব্যর্থ হলে অবিলম্বে তা ডিপার্টমেণ্টে জানিয়ে দেওয়া হউক।

স্বাঃ বি. এন. চ্যাটার্জি
জয়েণ্ট সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

মেমো নং 1 (16)Sc / G 9th Aug. 77

জেলা স্কুল পরিদর্শক (মাধ্যমিক) মহাশয়ের কাছে এর কপি খবর ও কার্যে পরিণত করার জন্য পাঠিয়ে দেওয়া হল।

সরকারের সিদ্ধান্ত সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে অবিলম্বে কার্যে পরিণত করবার জন্য পাঠাতে হবে। সরকারের এই আদেশ যদি কোন স্কুল ১৫ দিনের মধ্যে কার্যে পরিণত করতে অবহেলা করে, ঐ স্কুলের নাম ও পোষ্টাল ঠিকানা সংশ্লিষ্ট কর্মচারী / শিক্ষকের সম্বন্ধে জানাতে হবে, যাতে ঐ রিপোর্ট ডাইরেক্টোরটের কাছে ৩০শে সেপ্টেম্বরে, ১৯৭৭ এর মধ্যে পৌঁছে।

স্বাঃ অস্পষ্ট

ডাইরেক্টর অব, সেকেণ্ডারী এডু. পঃ বঃ

সার্কুলার নং 20/67 dt. 7.11.67 এবং নং S/296 dt. 30. 4. 76 দ্রষ্টব্য।

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট মাঃ শিঃ

No. 1060-Edn(S) / IS-19 / 77 dt. Aug, 1977

To.
The Secretary, West Bengal Board of Sec. Education

বিষয়ঃ বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকদের সংস্থা অথবা আইনের আওতায় অথবা অন্য কোন কারণে বেআইনী প্রতিষ্ঠানে সঙ্গে যোগাযোগ থাকার জন্য স্কুল ম্যানেজিং কমিটি কর্তৃক চাকরি ছেদ

নির্দেশ প্রাপ্ত হয়ে আমাকে বলতে হচ্ছে যে, অনুমোদিত বেসরকারী স্কুলের কতিপয় শিক্ষক গুপ্ত সংস্থার সঙ্গে যুক্ত থাকার জন্য অথবা আইন ঘটিত কোন কারণে

"বর্তমান অনুমোদিত হাই ও হায়ার সেকেণ্ডারী স্কুলের হেডমাস্টার / হেডমিসট্রেসদের যোগ্যতা বি-এ, বি-টি, বি. এস-সি, বি-টি, অথবা বি-কম, বি-টি ১৯৬২ সালের ৩১শে মার্চ তারিখে কর্মরত এবং অস্থায়ী ভাবে অনুমোদিত, তারা রিভাইজড স্কেলের গোড়ার পে ড্র করতে পারবেন।"

(ii) যেহেতু নোট (5)-এর অধীনের প্রথম বাক্যে "হেডমাস্টার / হেড-মিসট্রেস"-এর ৪র্থ পৃষ্ঠায় এনেক্সার G. O. নং 666-F dt. 1.3.71 এরূপভাবে পঠিত হবে—"কোন ব্যক্তি যথোপযুক্ত যোগ্যতা ব্যতীত পুরোপুরি অস্থায়ীভাবে ছাড়া হেডমাস্টার / হেডমিসট্রেস নিযুক্ত হতে পারবেন না।

(iii) নোট (2)-এর প্রথম বাক্যে "অ্যাসিঃ হেডমাস্টার / অ্যাসিঃ মিসট্রেস" ৫ম পৃষ্ঠায় এনেক্সার G. O. নং 661-F dt. 1.3.71 এরূপ ভাবে পঠিত হবে—"হেডমাস্টার / অ্যাসিঃ হেডমিসট্রেসরা যথাযথ শিক্ষাগত যোগ্যতা ভিন্ন সংশোধিত পে-স্কেলের অধিকারী হতে পারবেন না।"

গভর্নরের আদেশবলে
স্বাঃ এস. আর. দাস
ফিনান্সিয়েল কমিশনার ও সেক্রেটারী

মেমোরেণ্ডাম

No. 30—F1

dt. 11th June, 1973

এই ডিপার্টমেন্টের মেমো নং 666F dt. 1.3.71 অনুযায়ী রাজ্যপাল জানাচ্ছেন যে, "B—Under-graduate teachers on page 6 এনেক্সারে যেরূপ বলা আছে, তাই হবে।"

রাজ্যপালের আদেশবলে
স্বাঃ এস. মজুমদার
ডেপুঃ সেক্রেটারী, গর্ভঃ, পঃ বঃ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট, মাধ্যমিক শাখা

No. 519 Edn. (S. E.)/3A—3/72

dt. 23rd Aug. 1973

To

The Director of Public Instruction, W.B.

বিষয়ঃ সোশ্যাল এডুকেশনের আওতায় বেসরকারী অনুমোদিত শিক্ষায়তনের স্টাফের জন্য ডি. এ. মঞ্জুর।

রেফাঃ জি. ও. No. 546-Edn. (SE) dt. 19.9.70

নিম্ন স্বাক্ষরকারী রাজ্য সরকারের ফিনান্স ডিপার্টমেন্টের মেমো নং 527-F

dt. 11.2.72 অনুযায়ী ১৯৭১ সালের ১লা অক্টোবর থেকে নূতন কোন আদেশ না দেওয়া পর্যন্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের বর্তমান বা চালু ডি. এ. সহ অতিরিক্ত ডিয়ারনেস বা মহার্ঘভাতা পাবেন।

(i) চতুর্থ শ্রেণীর কর্মচারী (Non-Clerical Staff) Rs. 7·00।

(ii) অন্যান্য স্টাফের জন্য, টেকনিক্যাল স্টাফ প্রভৃতি : Rs. 8·00।

গভঃ অর্ডার নং 160 (B) dt. 25.2.72 অনুযায়ী নন-গভঃ অনুমোদিত শিক্ষা-প্রতিষ্ঠানকে উল্লেখিত মহার্ঘভাতা উক্ত রেটে মঞ্জুর করা হয়েছে, যা অনেকদিন ধরে বিবেচনাধীন ছিল।

রাজ্যপাল যথাযথ বিবেচনার পর সোস্যাল এডুকেশনের আওতাভুক্ত শিক্ষায়তনের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বর্তমান প্রাপ্য মহার্ঘভাতার ওপর উক্ত রেটে মহার্ঘভাতা মঞ্জুর করলেন।

* * *

স্বাঃ ডেপুটি সেক্রেটারী

*STATEMENT—I

4. Approved Teaching and non-teaching staff of non-Govt. Aided/Sponsored Secondary School (High and Higher Secondary) excluding D. A. getting Schools.
8. Approved teaching and non-teaching staff of Junior High School including earstwhile senior basic school.
10. Approved teaching and non-teaching staff of Tols and Madrasha (Senior High and Junior High).

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ / সেকেণ্ডারী ব্রাঞ্চ

No. 1582-Edn. (S) / 5P-62/71 dt. 22nd Sept. 1973

To

The Director of Public Instruction, W. B.

বিষয় : প্যাটার্ণ অব টিচিং স্টাফ—অনুমোদিত নন-গভঃ হাই / হায়ার সেকেণ্ডারী স্কুল।

1. নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে জানাচ্ছেন যে, বেশ কিছু সংখ্যক হাই / হায়ার সেকেণ্ডারী স্কুলের শিক্ষক রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে এম. এ.,

*কেবলমাত্র সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষায়তনের নাম এখানে পরিবেশিত হল—Editor.

বিবেচনাধীন ছিল। বিশেষ বিবেচনার পর সরকার ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে সংশোধিত পে-স্কেল চালু করবার সিদ্ধান্ত নিয়েছেন মাধ্যমিক স্কুলে / মাদ্রাসায় কর্মরত বিভিন্ন স্তরের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য। অন্তর্বর্তীকালীন রিলিফ হিসেবে সরকার আরও সিদ্ধান্ত নিয়েছেন যে, ১৯৭৪ সালের ১লা সেপ্টেম্বর থেকে অ্যাডহক ভিত্তিতে যথোপযুক্ত স্থলে বেতন বৃদ্ধির সুযোগ দেবেন এবং পরবর্তী সময়ে বর্ধিত পে-স্কেলের সঙ্গে মিশিয়ে দেওয়া হবে।

2. রাজ্যপাল এখন সন্তুষ্ট হয়ে ১৯৭৪ সালের ১লা এপ্রিল থেকে অনুমোদিত সর্বক্ষণের শিক্ষকদের জন্য অ্যাডহক ভিত্তিতে Rs. 20/- এবং অশিক্ষক কর্মচারীদের (৪র্থ শ্রেণীর কর্মচারীসহ) Rs. 15/- বেতন বৃদ্ধির আদেশ দেওয়া হল। আর তা হাই, হায়ার সেকেণ্ডারী, জুনিয়ার হাই ও জুনিয়ার ও হাই মাদ্রাসার বেলায় প্রযোজ্য।

3. রাজ্যপাল আরও সন্তুষ্ট হয়ে জানাচ্ছেন যে, ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে উক্ত সংশোধিত পে-স্কেল অনুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য সেলারী ডেফিসিট স্কীমের সমস্ত শ্রেণীর শিক্ষায়তনের অথবা পরে সেসব শিক্ষায়তন এই সেলারী ডেফিসিটের আওতায় আসবে। তাদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতার ভিত্তিতে চালু করা হল।

শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য শর্তাদি, যা' রুল ও অর্ডারে বলা আছে এবং বলবৎ আছে তার ওপর ভিত্তি করে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়স-অভিজ্ঞতার নিরিখে সংশোধিত পে-স্কেলের সুযোগ দেওয়া হবে।

4. **বেতন স্থিরীকরণ (Fixation of Pay) :**

(a) ১৯৭৫ সালের ৩১শে মার্চে যে সব ট্রেণ্ড অথবা আনট্রেণ্ড শিক্ষক কর্মরত, তাঁরা বয়স ও অভিজ্ঞতার ভিত্তিতে বেতন বৃদ্ধির সুযোগ পাবেন।

সংশোধিত বেতন স্কেলের গোড়ার (initial pay) বেতন স্থির করা হবে নিম্নলিখিত পয়েণ্টের ভিত্তিতে—(i) বর্তমানের বেতন (existing pay) (ii) অ্যাড-হক ভিত্তিতে বর্ধিত বেতন—Rs. 20/-, (iii) প্রত্যেক দশ বছরের শিক্ষাগত অভিজ্ঞতার জন্য দশ টাকা বেতন বৃদ্ধি (increment), যেটাই উচ্চতর হউক না কেন। যদি কোন স্টেজ না থাকে, বেতন পরের স্তরের ওপরে, অবশ্য দশ বছরের কম অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকের পক্ষে—ইনক্রিমেণ্টের পরিবর্তে দশ টাকা যোগ করা হবে। (iv) অবশ্য মোট আর্থিক অনুদান (iii) নম্বরের আওতায় ত্রিশ টাকার মধ্যে সীমাবদ্ধ থাকবে, অথবা একটি মাত্র ইনক্রিমেণ্ট যদি তা বেশী হয়।

(b) যে সব শিক্ষক/শিক্ষিকা ১৯৭৫ সালের ১লা এপ্রিলের পর চাকরিতে প্রবেশ করেছেন, কিন্তু এই অর্ডার বের হওয়ার আগে হলে, তার

initial pay অপশনের উপর ভিত্তি করে তিনি সংশোধিত বেতন স্কেলের নিম্নতম পরিমাণ পাবেন, অবশ্য যদি অ্যাড্ হক বেতন বৃদ্ধিসহ minimum বা নিম্নতম পরিমাণের বেশী হয়, তা তাঁর পক্ষে personal pay হিসেবে গণ্য করা হবে এবং ভবিষ্যৎ increment এর সঙ্গে সমতানে আনা হবে।

(c) আনট্রেণ্ড শিক্ষক সংশোধিত বেতন-স্কেলের জন্য, অপশন দিলে, তাঁর বেতন উল্লিখিত (b) মতে নির্ধারিত হবে। ঐরূপ শিক্ষক ট্রেণ্ড না হওয়া পর্যন্ত অথবা স্পেশ্যাল অর্ডারে তাঁরা পাওয়ার উপযুক্ত ঘোষণা না করা পর্যন্ত increment-এর সুযোগ পাবেন না।

(d) অন্যান্য শ্রেণীর শিক্ষকের পক্ষে, যেমন গানের শিক্ষক, ক্রাফ্‌ট টীচার, ইঞ্জিনীয়ারিং ডিপ্লোমাপ্রাপ্ত, অথবা classical অর্থাৎ ৩য় ভাষার (সংস্কৃত, আরবি, ফারসি) শিক্ষকগণকে যে কোন একটি standard স্কেলে, তাঁদের শিক্ষাগত ও টেকনিক্যাল যোগ্যতার মূল্যায়ণ করে রিভাইজড্ স্টাফ প্যাটার্ণে ফিট করা হবে।

(e) চতুর্থ শ্রেণী ব্যতীত অন্যান্য অশিক্ষক কর্মচারীদের রিভাইজড্ পে-স্কেলের উপরে—(i) বর্তমান পে, (ii) একটি অ্যাড হক বেতন বৃদ্ধি Rs. 15/- এবং (iii) দশ বছর চাকরির জন্য পনর টাকা অথবা সাত টাকা— যেটাই বেশী হউক না কেন।

(f) চতুর্থ শ্রেণীর কর্মচারীদের রিভাইজড স্কেল-অব-পে উল্লিখিত (e)তে বর্ণিত পন্থায়—এবং তাদের ক্ষেত্রে সাত টাকার পরিবর্তে পাঁচ টাকাই হবে নিম্নতম ইনক্রিমেণ্টের সুযোগ। এবং দশ বছরের কম অভিজ্ঞতার জন্য পাঁচ টাকা।

5. যে সমস্ত স্বীকৃত ইনষ্টিটিউশন "সেলারি ডেফিসিট স্কীমের" অন্তর্ভুক্ত নয়—

বেশ কিছু অনুমোদিত অর্থাৎ স্বীকৃত হাই, হায়ার সেকেণ্ডারী, জুনিয়ার হাই স্কুল, মাদ্রাসা এবং তদ্রূপ, শিক্ষা প্রতিষ্ঠান সেলারি ডেফিসিট "স্কীমের অন্তর্ভুক্ত নয় এবং ঐ শ্রেণীর স্কুল কেবলমাত্র মহার্ঘভাতা এবং মাঝে মাঝে তাঁদের বেতনের জন্য অনুদান দেওয়া হয়। এই সব শিক্ষায়তনের পক্ষে অন্যান্য source থেকে প্রাপ্ত আয় থেকে রিভাইজড্ স্কেল চালু করা সম্ভব নয়। ঐ শ্রেণীর স্কুলে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে নিম্নলিখিত রেটে অতিরিক্ত বেতন পাবেন—

শিক্ষিক/শিক্ষিকা	প্রতি মাসে দশ টাকা
অশিক্ষক কর্মচারী (৪র্থ শ্রেণীর স্টাফ বাদে)	" সাত "
৪র্থ শ্রেণীর কর্মচারী	" পাঁচ "

এখানে বর্ণিত বেতন মাত্রা ১৯৭৪ সালের ১লা সেপ্টেম্বর থেকে অ্যাডহক ভিত্তিতে মঞ্জুরীকৃত বেতনের অতিরিক্ত অনুদান বলে ধরে নিতে হবে।

6. **বাছাই (Option) :** রিভাইজড্ স্কেলে পে স্থির করতে হলে বিদ্যালয়ের কর্মচারীদের উক্ত অর্ডার প্রচারিত হওয়ার ছয় মাসের মধ্যে Annexure II এ দেওয়া ফরমে লিখিতভাবে "ইচ্ছা" বা option জানাতে হবে। যে সব কর্মচারী—১৯৭৫ সালের ৩১শে মার্চ চাকরিতে কর্তব্যরত ছিলেন, তাঁরা সংশোধিত স্কেলের সুযোগ পাওয়ার জন্য, হয়, ১৯৭৫ সালের ১লা এপ্রিল থেকে অথবা পরবর্তী কোন তারিখে ইনক্রিমেণ্ট পাওয়ার পর ১৯৭৫ সালের ৩১ শে মার্চের পর অপশন (option) দিতে পারেন। কোন কর্মচারী আগের স্কেল অব্ পেতে থাকতে ইচ্ছুক হলে নিজের পছন্দ উল্লেখ করে অপশন দিবেন। একবার অপশন দিলে তা' চূড়ান্ত বলে ধরে নেওয়া হবে এবং অপশনদাতার পক্ষে বাধ্যতামূলক বলে গ্রাহ্য (binding)। অপশন form যথাযথভাবে পূরণ করে পেশ করবেন :

(i) বিদ্যালয় প্রধান/প্রধানা ম্যানেজিং কমিটি অথবা অ্যাড-হক কমিটির সেক্রেটারী অথবা প্রেসিডেণ্ট অথবা অ্যাডমিনিস্ট্রেটরের কাছে—

(ii) অন্যান্য কর্মচারীরা বিদ্যালয় প্রধান/প্রধানার কাছে—

7. শিক্ষক / শিক্ষিকা এবং অন্যান্য কর্মচারীবৃন্দ বর্তমান রুল অনুযায়ী—মহার্ঘ-ভাতা পাবেন।

8. যেহেতু পরিশোধিত পে-স্কেল অনুযায়ী বেতন নির্ধারণ করতে সময়ের দরকার, তাই পশ্চিমবঙ্গের ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশনকে এই মর্মে নিম্নতম আর্থিক সুবিধা (minimum financial benefit) অ্যাড-হক্ ভিত্তিতে অনুমোদন প্রাপ্ত শিক্ষকদের জন্য ৩০ (ত্রিশ) টাকা ও অশিক্ষক কর্মচারীদের (৪র্থ শ্রেণীর কর্মচারী বাদে) এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ২০ (বিশ) টাকা হিসাবে মঞ্জুর করা হল। ১৯৭৪ সালের ১লা সেপ্টেম্বর থেকে ১৯৭৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত সময়ের জন্য অ্যাডহক বৃদ্ধি গ্রাণ্ট-ইন-এড হিসেবে ছেড়ে দেওয়া হবে।

9. স্টাফদের জন্য 'অ্যাড-হক্-বৃদ্ধি বেতন' এবং পরিশোধিত কাল অনুযায়ী মঞ্জুরীকৃত অনুদান Additional Emoluments (compulsory deposit) Act, 1974 এর স্কীম অনুযায়ী পরিচালিত হবে।

(a) প্যারাগ্রাফ 4(a)তে নির্দেশিত পেয়িং ব্রাঞ্চগুলো ব্যাঙ্কের রুল অনুযায়ী একটি স্পেশ্যাল অ্যাকাউন্ট খুলতে দেবে। প্যারাগ্রাফ 4(c) বর্ণিত নিয়মানুযায়ী এই অ্যাকাউন্ট খোলা যাবে এবং ভারপ্রাপ্ত ব্যক্তি দ্বারা অ্যাকাউন্ট অপারেট করা যাবে।

(b) পাঁচ টাকা জমা দিয়ে এই ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা যাবে এবং নিম্নতম ব্যালেন্স রেখে চেক ব্যবহারের নীতি প্রয়োগ রদ করা যেতে পারে। এই অ্যাকাউন্ট চালু রাখার জন্য ব্যাঙ্ক কোন টাকা দাবী করবে না।

(c) ব্যাঙ্কের পেয়িং শাখা লিংক ব্রাঞ্চ ব্যাঙ্কের নির্দেশে কাজ করবে এবং অ্যাকাউণ্টে টাকা জমা হলে স্কুলকে জানান হবে।

(d) স্টেট ব্যাঙ্ক অব, ইণ্ডিয়া, ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, ইউনাইটেড কমার্শিয়েল ব্যাঙ্ক এবং সেণ্ট্রাল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া কর্তৃক মনোনীত লিংক ব্রাঞ্চগুলোর কাজ হবে পেয়িং ব্রাঞ্চগুলোর সঙ্গে সমঝোতা বজায় রাখা এবং ট্রেজারী, সাব-ট্রেজারী ও পে এণ্ড অ্যাকাউন্টস্ অফিসের সঙ্গে মধ্যস্থতা করা।

(a) ১৯৭৮ সালের এপ্রিলের প্রথম সপ্তাহে অ্যাডিঃ ডেপুটি ডাইরেক্টর অব, পাবলিক ইনস্ট্রাকশন (মাধ্যঃ) জেলা স্কুল পরিদর্শক (মাঃ) ১৯৭৮-৭৯ সালের বাজেটের ½ অংশের ঘাটতি-অনুদান-প্রকল্পের মঞ্জুরী অনুযায়ী পূর্ববর্তী বছরের প্রকৃত গ্রাণ্ট ইন-এডের ½ অংশের বেশী হবে না।

(b) আবণ্টন প্রাপ্তির পর জেলা স্কুল পরিদর্শক (মাঃ) তাঁর এলাকাভুক্ত মাধ্যমিক স্কুলের প্রত্যেকটির জন্য তিন মাসের বেতন ঘাটতি-অনুদান মঞ্জুর করবেন। জেলা স্কুল পরিদর্শক তাঁর জেলার জন্য যে পরিমাণ অর্থ মঞ্জুর করবেন, অনুদান মঞ্জুর যেন তার চেয়ে বেশী না হয়।

(c) জেলা স্কুল পরিদর্শক (মাঃ) টাকা মঞ্জুরীর অর্ডারের কপি সংশ্লিষ্ট অ্যাকাউটেণ্ট জেনারেল, ট্রেজারী অফিসার / সাব-ট্রেজারী অফিসার / পে-এণ্ড একাউণ্টস্ অফিসার কলকাতায় পাঠাবেন। যাতে দেরী না হয়, তার জন্য ট্রেজারী অফিসার থেকে সাব-ট্রেজারী অফিসারের কাছে পাঠানোর প্রথা তুলে দেওয়া হল। জেলা স্কুল পরিদর্শক থেকে সরাসরি সাব-ট্রেজারীতে কপি পাঠান হবে এবং নমুনা সই সাব-ট্রেজারী অফিসারের কাছে সরাসরি পাঠিয়ে দেওয়া হবে। সাবধানতা হিসেবে জেলা স্কুল পরিদর্শক নিজের জন্য একটি শীল ব্যবহার করতে পারেন এবং ঐ শীল তিনি তাঁর নিরাপদ জিম্মায় রেখে দিতে পারেন।

(d) স্কুল মঞ্জুরী আদেশের ভিত্তিতে বিল ট্রেজারী / সাব-ট্রেজারী / এবং পে-এণ্ড অ্যাকাউন্টস্ অফিসে জমা দেবেন। তার আগে ঐ বিলে সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শক (মাঃ) দ্বারা countersignature করিয়ে নিতে হবে।

(e) বর্তমান নিয়মে সমস্ত ট্রেজারী / সাব-ট্রেজারী / এবং পে-এণ্ড অ্যাকাউন্টস অফিস, কলকাতা কণ্ট্রোলার অফিসার কর্তৃক ড্রয়িং অফিসারকে আগে থেকে জানিয়ে রাখতে হবে। অ্যাডিঃ ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশান আবণ্টনের আদেশের ফলে ট্রেজারী অফিসার / সাব-ট্রেজারী অফিসার এবং পে-এণ্ড একাউন্টস অফিসারের কাছে পাঠিয়ে দেবেন এবং কতটা টাকা পর্যন্ত গ্রাণ্ট-ইন-এড্ বিল হিসেবে প্রত্যেকটি ট্রেজারী / সাব-ট্রেজারী / অ্যাকাউন্টস অফিসে ভাঙ্গান হবে, তা জানিয়ে রাখতে হবে।

(f) ট্রেজারী / সাব-ট্রেজারী / ও পে এণ্ড অ্যাকাউন্টস অফিসার, কলকাতা, বিল পাওয়া মাত্র পরীক্ষা করে দেখবেন—

(i) মঞ্জুরীকৃত আদেশ (Sanction order)

(ii) ফাণ্ডের আবণ্টন (Allotment of fund)

(iii) বিলে countersignature-এর সত্যতা প্রতিপাদন করবেন।

ট্রেজারী / সাব-ট্রেজারী / ক্যালকাটা পে এণ্ড অ্যাকাউন্টস অফিস যথোপযুক্ত স্ক্রুটিনি করে বিল পাস করবেন যাতে স্কুলের Account Payee cheque-এর সাহায্যে স্কুলের অ্যাকাউণ্টে ট্রান্সফার করা যায়। যেখানে স্কুল অ্যাকাউণ্টে ট্রান্সফার অর্ডার সূচিত হয়নি, নগদ পেমেণ্ট নেওয়ার জন্য পে-অর্ডার দেওয়া যেতে পারে।

(g) পেমেণ্ট পাওয়ার পর স্কুল বেতন দানের জন্য কতটা দরকার তা হিসেব করে দেখবেন এবং ১৯৭৮ সালের মার্চের টাকা যেন ১লা এপ্রিল এবং ঐ টাকা পোস্টাল সেভিংস ব্যাঙ্কে জমা হবে—ঐ অ্যাকাউণ্ট অপারেশন করবেন হেডমাস্টার / হেডমিসট্রেস, শিক্ষক প্রতিনিধি এবং বিদ্যালয়ের সেক্রেটারী এবং দুবার টাকা তোলা হবে—একবার মে-তে এবং অন্যবার জুনে। এই অ্যাকাউণ্টে অন্য কোন অ্যাকাউণ্টের টাকা জমা রাখা চলবে না। এই পোষ্টাল সেভিংস অ্যাকাউণ্ট জেলা স্কুল পরিদর্শক (মাঃ) মহাশয়ের কাছে দেখাতে হবে।

স্বাঃ বি. গোস্বামী
ডেপুটি সেক্রেটারী, গভঃ অব ওয়েষ্ট বেঙ্গল

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

এডুকেশন ডিপার্টমেণ্ট

গ্রাণ্ট-ইন-এড সেকশন

No. 203(16)GA dt. 27th June, 1978

To

The Dist. Inspector of Schools (S.E.)

বিষয়ঃ ঘাটতিভিত্তিক বেতনদান প্রকল্পের আওতাভুক্ত বেসরকারী এডেড সেকেণ্ডারী স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পাবলিক সেক্টর ব্যাঙ্কের মাধ্যমে বেতন দান প্রকল্প

উল্লিখিত বিষয়ে ফিনান্স ডিপার্টমেণ্টের অডিট ব্রাঞ্চের মেমো নং 6696-F dt. 19th June, 1978 নিম্ন স্বাক্ষরকারী নিম্নলিখিত নির্দেশাবলী প্রচার করছেন ঃ

1. উক্ত প্রকল্প প্রকৃতপক্ষে অনুমোদিত বেসরকারী সেকেণ্ডারী স্কুলের (সেকেণ্ডারী টাইপ হাই মাদ্রাসা সহ) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের গভঃ গ্রাণ্ট-ইন-এডের আওতায় পাবলিক সেক্টর ব্যাঙ্কের মাধ্যমে ঘাটতিভিত্তিক বেতন দান প্রকল্প।

2. এই পরিকল্পনা ১৯৭৮ সালের ১লা জুলাই থেকে চালু হবে, অর্থাৎ ১৯৭৮ সালের জুন মাসের গ্রাণ্ট-ইন-এড ১৯৭৮-এর জুলাইতে দেয়। চলতি বছরে কেবলমাত্র এই পরিকল্পনার আওতায় তিন মাসের জন্য—জুন থেকে আগষ্ট এ্যাডহক ভিত্তিতে, যেরূপ একই স্কেলে বর্তমান ফাইনান্স আর্থিক বছরে পরবর্তী ছয় মাসের গ্রাণ্টের সঙ্গে সমন্বয় সাধন অনুদান প্রকল্প (সেপ্টেম্বর থেকে ফেব্রুয়ারী)। ১৯৭৮ সালের জুন মাস থেকে নির্ধারিত রেটে গভঃ ডি. এ. ঘাটতিভিত্তিক গ্রাণ্টের সঙ্গে R.T.F. সমেত ছাত্রদের জন্য V & VI এবং VII & VIII-এর জন্য জানুয়ারী, ১৯৭৯ সাল থেকে (Boys' Schools) এবং ছাত্রীদের জন্য V—VIII) মোট গ্রাণ্ট স্কুলের নামে নামে পাঠান হবে। R.T.F. পেতে হলে বালকদের স্কুলে বালিকাদের পড়ার সহ-শিক্ষার অনুমতি উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে নিতে হবে। এই ব্যাপারে এই অফিসের নং 2049(16)GA dt. 19.6.1978 অনুযায়ী আগাম ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হল।

3. এই প্রকল্পে যেসব স্কুল বেতন ঘাটতিভিত্তিক পরিকল্পনার আওতাভুক্ত, সেসব স্কুলকে কেবলমাত্র বিশেষ করে গভঃ বেতন-ঘাটতি প্রকল্পের আওতায় গ্রাণ্ট গ্রহণের উদ্দেশ্যে নিজ নিজ এলাকার নয়টি নির্বাচিত পাবলিক সেক্টর ব্যাঙ্কের স্থানীয় যে কোন একটির শাখা ব্যাঙ্কের সঙ্গে একাউণ্ট খুলতে হবে। ঐসব নির্বাচিত ব্যাঙ্কগুলোর নাম—(i) ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া (ii) ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, (iii) সেণ্ট্রাল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, (iv) ইউনাইটেড কমার্সিয়াল ব্যাঙ্ক, (v) পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক, (vi) ব্যাঙ্ক অব ইণ্ডিয়া,

(vii) এলাহাবাদ ব্যাঙ্ক, (viii) ইণ্ডিয়া ব্যাঙ্ক ও (ix) ব্যাঙ্ক অব বরোদা। স্থানীয় ব্যাঙ্কগুলো স্কুলের এলাকাভুক্ত ট্রেজারী, সাব-ট্রেজারী এবং একাউণ্টস্ অফিসের এলাকার মধ্যে থাকা বাঞ্ছনীয়। ব্যাঙ্কের ব্রাঞ্চের সঙ্গে যে একাউণ্ট খোলা হবে—তা এই প্রকল্পের আওতায় "paying branch" রূপে পরিচিত হবে।

অবিলম্বে সমস্ত ঘাটতিভিত্তিক বেতনদান প্রকল্পের আওতাভুক্ত স্কুলকে এই মর্মে অপারেটর নির্বাচনের জন্য এবং ব্যাঙ্ক একাউণ্ট খোলার প্রয়োজনে স্কুল ম্যানেজিং কমিটি অথবা অ্যাডমিনিষ্ট্রেটরকে আইন মাফিক প্রস্তাব গ্রহণ করতে হবে। তা গভঃ অর্ডার নং 6696-F dt. 19.6.1976-এর সার্কুলারের প্যারাগ্রাফে 4(c) পরিষ্কার বলে দেওয়া আছে। যেসব স্কুলের পক্ষে ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনের কোন অফিসারের অধিকার পত্র (authorization) দরকার ব্যাঙ্কে একাউণ্ট খোলার প্রয়োজনে অথবা ব্যাঙ্ক একাউণ্ট অপারেট করার উদ্দেশ্যে, তাঁদের অবিলম্বে সমস্ত ব্যাপার ও তার কারণ উল্লেখ করে কোন্ অফিসারকে ক্ষমতা দিতে হবে, তাঁর নাম ও পদমর্যাদা উল্লেখ করে জানাতে হবে।

একাউণ্ট খোলার পর স্কুল সংশ্লিষ্ট ট্রেজারী/সাব-ট্রেজারী/পে এণ্ড একাউণ্টস্ অফিসারকে জানিয়ে দেবেন কোন ব্যাঙ্কে টাকা দেওয়ার জন্য একাউণ্ট খোলা হয়েছে এবং একাউণ্ট নম্বর। ঐ চিঠির একটি কপি জেলা স্কুল পরিদর্শকের (D.I. of Schools (SE) কাছে পাঠাতে হবে।

4. প্রত্যেক ট্রেজারী/সাব-ট্রেজারী এবং ক্যালকাটা পে একাউণ্টস্ অফিসকে ব্যাঙ্কের একটি ব্রাঞ্চকেই নির্বাচিত পাবলিক সেক্টর ব্যাঙ্ক হিসেবে মনোনয়ন দিতে হবে—প্রকল্পের যোগাযোগ (link) ব্যাঙ্ক বা ব্রাঞ্চ। ঐ লিংক ব্যাঙ্কই সংশ্লিষ্ট paying branch (অর্থাৎ যেখান থেকে টাকা পাওয়া যাবে) এবং ট্রেজারী সাব-ট্রেজারী/ক্যালকাটা পে এণ্ড একাউণ্ট অফিসের সংযোগ রক্ষাকারী (liason) হিসেবে কাজ করবে। ট্রেজারী/সাব-ট্রেজারী (ক্যালকাটা পে এণ্ড একাউণ্টস্ অফিস সহ) ভিত্তিক লিংক ব্যাঙ্কের নাম সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের (মাঃ) কাছে পাঠিয়ে দেওয়া হবে, যখনই ডাইরেক্টোরেট উল্লিখিত পাবলিক সেক্টর ব্যাঙ্কের নামের তালিকা পাবেন। যা হউক, জেলা স্কুল পরিদর্শক সংশ্লিষ্ট ব্যাঙ্কের স্থানীয় শাখার সঙ্গে যোগাযোগ করতে পারেন গভঃ অর্ডারের প্যারাগ্রাফ (2)-এ যে তালিকা দেওয়া আছে, তা জেলা হেড কোয়ার্টার্স অথবা সাব-ডিভিশনাল হেড কোয়ার্টার্সে পাওয়া যাবে।

5. পাবলিক সেক্টর ব্যাঙ্কের লিংক ব্রাঞ্চের নাম ও ঠিকানা পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা স্কুল পরিদর্শক (মাঃ) ট্রেজারী অফিসার/সাব-ট্রেজারী অফিসার/পে এণ্ড একাউণ্টস্ অফিসার, কলকাতা এবং ব্যাঙ্কের লিংক ব্রাঞ্চকে তাঁদের নিজস্ব

পেমেণ্ট এলাকায় অবস্থিত স্কুলের নির্ভরযোগ্য নামের তালিকা প্রদান করবেন। মাঝে মাঝে ঐ স্কুলের নামের তালিকা ট্রেজারী, সাব-ট্রেজারী ও পে এণ্ড একাউণ্টস্ অফিস uptodate আছে কিনা মিলিয়ে দেখবেন, কারণ জেলা স্কুল পরিদর্শকের সাপ্লাই করা স্কুলের নামের লিষ্টের ভিত্তিতে স্কুলকে পাওনা দিতে হবে।

নির্ভরযোগ্য তালিকাভুক্ত স্কুলের নামের সঙ্গে অনুমোদনপ্রাপ্ত স্কুলের নাম ও সীল-মোহর আছে কিনা মিলিয়ে দেখে নিতে হবে।

এই প্রসঙ্গে এই অফিস থেকে জানান অফিস মেমো নং 9934(16)GA dt. 1.6.1978 নির্দেশাবলী দেওয়া আছে।

6. বর্তমানে স্কুল কর্তৃক গ্রাণ্ট-ইন-এডের মঞ্জুরীকৃত টাকার জন্য স্কুল ম্যানেজিং কমিটির সদস্যদের দ্বারা সই করা Deed of Acceptance সহ বিল পেশ করার যে নিয়ম চালু আছে, তা এখন বাতিল করা হল। তার পরিবর্তে জেলা স্কুল পরিদর্শক (মাঃ) সমস্ত স্কুলের একটি একটি মিলিত তালিকা তৈরী করে সমস্ত স্কুলের জন্য তিন মাসের গ্রাণ্ট (জুন থেকে আগষ্ট '৭৮) পেমেণ্টের প্রথম কিস্তি দেওয়ার জন্য সংশ্লিষ্ট ট্রেজারী, সাব-ট্রেজারী ও পে এণ্ড একাউণ্টস্ অফিসারকে এই মর্মে এডভাইস্ দেবেন, যাতে মঞ্জুর করা টাকাকে তিনদিন ভাগ করে প্রতি মাসের জন্য স্কুলকে গ্রাণ্ট দেওয়া হবে। সম্মিলিত তালিকায় (list) প্রতিটি স্কুল সম্বন্ধে একাউণ্ট নম্বর এবং পেয়িং ব্যাঙ্ক অর্থাৎ যে ব্যাঙ্ক থেকে টাকা পাওয়া যাবে, তার নাম দেওয়া থাকবে। রুলের আওতায় বাজেট ব্যবস্থা এবং সংশ্লিষ্ট বিষয় মঞ্জুরীকৃত অর্ডারে লিখিত থাকবে কিভাবে ফাণ্ড ভাগ করে দেওয়া হবে। স্কুলের নামের তালিকার সঙ্গে নির্ভরযোগ্য যে স্কুলের নামের তালিকা পাঠান হবে, তার সঙ্গে মিল আছে কিনা দেখতে হবে।

জেলা স্কুল পরিদর্শক (মাঃ) মঞ্জুরীকৃত অর্ডার (Sanctioned order) এবং গ্রাণ্ট-ইন-এডের সারাংশের চার কপি পাঠাবেন—

(i) বেতন ঘাটতি প্রকল্পের আওতায় গ্রাণ্ট-ইন-এডে বেতনের বিভিন্ন অংশ :

(ii) মহার্ঘভাতার পরিমাণ

(iii) ছাত্র-বেতন বাবদ মকুব দেয় টাকা (V—VI)

(iv) ছাত্রী-বেতন বাবদ মকুব দেয় টাকা (V—VIII)

উক্ত খরচের টাকা কোন হেড থেকে পাওয়া যাবে, তা ভাল করে লিখে দেওয়া থাকবে।

উল্লিখিত সারাংশ এবং উল্লিখিত মঞ্জুরী (consolidated sanction) পাঠানোর সময় জেলা স্কুল পরিদর্শক (মাঃ) এই মর্মে সকল স্কুল সম্বন্ধে

সার্টিফিকেট দেবেন যে, স্কুল থেকে প্রেরিত ১৯৭৮ সালের প্রথম তিন মাসের (মার্চ থেকে মে) সদ্ব্যবহারী সার্টিফিকেট (utilisation certificate) জেলা পরিদর্শকের হস্তগত হয়েছে এবং তিনি তাতে অনুস্বাক্ষর দিয়েছেন।

সমস্ত স্কুলে এই মর্মে নির্দেশ জারী করতে হবে যে, সমস্ত স্কুলকে অবিলম্বে চলতি আর্থিক বছরের (1978-79) প্রথম তিন মাসের (মার্চ-মে) গ্রাণ্ট-ইন-এড পেয়ে গেছেন এবং তার দু-প্রস্থ সদ্ব্যবহারী সার্টিফিকেট (utilisation certificate) জেলা স্কুল পরিদর্শকের কাছে অবিলম্বে পেশ করতে হবে। এই স্তরে ম্যানেজিং কমিটির Deed of Acceptance পেশ করার বিশেষ কোন প্রয়োজনীয়তা নেই। দ্বিতীয় কোয়ার্টার গ্রাণ্ট-ইন-এড পাওয়ার জন্য গ্রাণ্ট-ইন-এড দরখাস্ত পেশ করার দরকার নেই। স্কুলকে ১৯৭৮-৭৯ সালের পুরো গ্রাণ্ট-ইন-এড প্রাপ্তির রসিদ দেওয়ার প্রয়োজন হতে পারে। এই স্তরে অডিট রিপোর্ট পেশ করারও প্রয়োজন হতে পারে। কিন্তু স্কুলকে ১৯৭৭-৭৮ সালের গ্রাণ্ট-ইন-এড দরখাস্ত অবশ্যই জমা দিতে হবে।

দ্বিতীয় কোয়ার্টার গ্রাণ্টের জন্য কোন প্রাককলন (সম্ভাব্য খরচের হিসেব) দেওয়ার দরকার নেই।

7. সমস্ত স্কুলকে পরিষ্কার করে জানিয়ে দিতে হবে যে, বেতন-ঘাটতি অনুদান প্রকল্পের আওতাভুক্ত স্কুল ব্যাঙ্ক একাউণ্টে বেতন দেওয়ার প্রয়োজন ছাড়া শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা নেওয়া ছাড়া অন্য কোন প্রকারের লেন-দেন চলবে না। স্কুল একাউণ্টে গ্রাণ্ট-ইন-এডের টাকা জমা হওয়ার পর পেয়িং ব্যাঙ্ক থেকে কর্মচারীদের পছন্দমত ক্রস্‌ড চেকের সাহায্যে প্রত্যেককে বেতন দিতে হবে। যদি কর্মচারীরা ক্যাশ টাকায় বেতন নিতে ইচ্ছুক হন, তাহলে দেয় মোট টাকা একটি চেকের (consolidated) সাহায্যে টাকা তুলে কর্মচারীদের বিতরণ করা যেতে পারে। চেকে পে-মেণ্ট দিতে হলে বাদ-সাদ দিয়ে নেট টাকার পরিমাণ চেকে উল্লেখ থাকবে। প্রভিডেণ্ট ফাণ্ড একাউণ্টেণ্ট টাকা জমা দিতে হলে ম্যানেজমেণ্ট ও কর্মচারী উভয়ের জমা দেওয়ার টাকা চেকের সাহায্যে তোলা হবে।

8. গভঃ অর্ডার নম্বর 6696-F dt. 19.6.78-এর বিষয়বস্তু অথবা সংশ্লিষ্ট অংশ বেতন-ঘাটতি-অনুদান প্রকল্পের সমস্ত স্কুলে তাঁদের অবগতি বা পরিচালনার জন্য জানিয়ে দেওয়া হবে।

9. জেলা স্কুল পরিদর্শক (মাঃ) মহাশয়কে বেতন-ঘাটতি-অনুদান প্রকল্পের যুক্ত স্কুলের পূর্ববর্তী কোয়ার্টারে (মার্চ থেকে মে) অনুদানের টাকার জন্য সদ্ব্যবহারী সার্টিফিকেট (utilisation certificate) আদায় করতে হবে। তাছাড়া ব্যাঙ্ক একাউণ্ট নম্বর, পেয়িং ব্যাঙ্কের নাম ও ঠিকানা যোগাড় করে ট্রেজারী, সাব-

ট্রেজারী অথবা একাউণ্ট অফিসারকে ১৯৭৮ সালের ১২ই জুলাইয়ের মধ্যে অবশ্যই জানাতে হবে।

টাকা মঞ্জুরী দানের একটি অনুলিপি এই সঙ্গে পাঠান হল।

স্বাঃ অস্পষ্ট

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনের (পক্ষে), পঃ বঃ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

মাধ্যমিক শাখা

No. 979—Edn.(s) 16-3/75 pt. dt. 29th, July, 1978

To

The Director of Secondary Education, West Bengal.

বিষয় : 1. 1. 70 তার 1. 1. 71 তারিখে স্বীকৃত জুনিয়ার হাইস্কুলের অনুমোদন-প্রাপ্ত শিক্ষকদের বর্ধিত বেতন প্রদানে অনুদান

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে,

1. ১৯৬৯ সালের ১লা জানুয়ারী র মধ্যে স্বীকৃতিপ্রাপ্ত জুনিয়ার হাইস্কুলসমূহ সরকার থেকে মহার্ঘ ভাতা, অনুমোদিত স্টাফের জন্য অ্যাডহক পে এবং বর্ধিত বেতনের টাকা পেয়েছেন। অনুরূপ ভাবে ১৯৬৯ সালের ১লা জানুয়ারীর মধ্যে অনুমোদনপ্রাপ্ত হাইস্কুলগুলো অনুমোদিত স্টাফের জন্য মহার্ঘভাতা অ্যাডহক পে পাচ্ছেন কিন্তু তাদের অনুমোদিত স্টাফের জন্য বর্ধিত বেতন দানে কোন গ্রাণ্ট পান না। স্বীকৃতিপ্রাপ্ত জুনিয়ার হাইস্কুলের অনুমোদিত স্টাফের জন্য গ্রাণ্ট-ইন-এডের সুবিধা দানের প্রশ্নটি বেশ কিছুকাল সরকারের বিবেচনাধীন। বর্তমানে এরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ১৯৭০ ও ৭১ সালের ১লা জানুয়ারী তারিখের মধ্যে স্বীকৃতিপ্রাপ্ত জুনিয়ার হাইস্কুল গ্রাণ্ট-ইন্-এডের সুযোগ দেওয়া হবে।
2. রাজ্যপাল আরও সন্তুষ্ট হয়ে আদেশ দিচ্ছেন যে, ১লা জানুয়ারী, ১৯৭০, ১৯৭১ সালে স্বীকৃতিপ্রাপ্ত জুনিয়ার হাইস্কুলের অনুমোদনপ্রাপ্ত শিক্ষকদের 'বর্ধিত বেতনদান' প্রকল্পের আওতায় আনা হবে।
3. এই ব্যাপারে ব্যয়বরাদ্দ "Section IV Assistance to Non-Govt. School Non-Plan" এডুকেশন বাজেটে উল্লেখ আছে।
4. অর্থ দপ্তরের G. O. নম্বর Group B/790 dt. 26th July, 1978-এর সঙ্গে সমতা রেখে এই আদেশ দেওয়া হল।
5. একাউণ্টেণ্ট জেনারেল, পশ্চিমবঙ্গ এবং পে এণ্ড একাউণ্টস্ অফিসারকে জানান হচ্ছে।

স্বাঃ এস্. এন্. চৌধুরী, ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

মাধ্যমিক শাখা

No. $\frac{\text{2684—Edn(s)}}{\text{11—1 G—24/78}}$ dt. 21. 12. 78

To

The Director of Secondary Education, W. B.

বিষয়ঃ বেসরকারী স্বীকৃত জুনিয়ার হাইস্কুল ও জুনিয়ার হাই মাদ্রাসাকে 'গ্রাণ্ট-ইন্-এডের' অনুদান প্রকল্প

1. বর্তমান গ্রাণ্ট-ইন্-এড রুলের আওতায় সমস্ত বেসরকারী জুনিয়ার হাইস্কুল এবং জুনিয়ার হাইমাদ্রাসা রাজ্য সরকার থেকে মহার্ঘভাতা, অ্যাডহক পে ও অনুমোদনপ্রাপ্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন বাবদ আথিক অনুদান (pay contribution) দেওয়া হচ্ছিল। ১৯৭১ সালের ১লা জানুয়ারী পর্যন্ত অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার হাই ও জুনিয়ার মাদ্রাসাকে অনুরূপ সুযোগ এবং ১৯৬৯ সাল পর্যন্ত স্বীকৃত স্কুলের অনুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা অনুরূপ সুযোগ এবং এককালীন (lump grant) গ্রাণ্ট হিসেবে বার্ষিক ৫০০ টাকা থেকে ১২০০ টাকা পেয়ে এসেছেন। মাধ্যমিক ধরনের জুনিয়ার হাই ও জুনিয়ার হাই মাদ্রাসার অনুমোদিত স্টাফকে নির্ধারিত বেতন স্কেলের সুযোগদানের বিষয়টি বেশ কিছুকাল ধরে সরকারের বিবেচাধীন ছিল। সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, 1. 1. 79 সাল থেকে জুনিয়ার হাই ও জুনিয়ার হাই মাদ্রাসায় চলতি অনুদান দেওয়ার পরিবর্তে গ্রাণ্ট-ইন্-এডের একই পদ্ধতিতে অনুদান দেবেন। নূতন পরিকল্পনা অনুসারে স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী জুনিয়ার হাই ও জুনিয়ার হাই মাদ্রাসার অনুমোদনপ্রাপ্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের সরকার নির্ধারিত স্কেল অনুসারে বেতন ও ভাতা দেওয়া হবে।

2. পূর্ববর্তী সমস্ত আদেশ বাতিল করে রাজ্যপাল এই মর্মে নির্দেশ দিচ্ছেন যে, ১. ১. ১৯৭৯ থেকে মাধ্যমিক টাইপের জুনিয়ার হাই ও জুনিয়ার হাই মাদ্রাসাকে নিম্নোক্ত প্রকারে গ্রাণ্ট-ইন্-এড দেওয়া হবে এবং তার শর্তাদি নীচে প্রকাশ করা হল:

(i) জুনিয়ার হাইস্কুল চার শ্রেণী / তিন শ্রেণী অথবা দুই শ্রেণী ছাত্র / ছাত্রীর সংখ্যা পর্ষৎ কর্তৃক নির্ধারিত নিম্নতম সংখ্যার অনুরূপ থাকা চাই।

(ii) শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার / পর্ষৎ / অথবা কোন উপযুক্ত কর্তৃপক্ষ অথবা ডাইরেক্টর অব, সেকেণ্ডারী এডুকেশনের দেওয়া মানদণ্ড অনুসারে শিক্ষা দানের ব্যবস্থা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি দিতে হবে।

(iii) শিক্ষা প্রতিষ্ঠানকে নিয়মশৃঙ্খলা বজায় রাখতে হবে এবং পঠন-পাঠনের গ্রহণযোগ্য অবস্থা বজায় রাখতে হবে।

3. যে সব শিক্ষা প্রতিষ্ঠান প্যারাগাফ (2) নম্বরে উল্লিখিত শর্তাদি পূরণ করতে সক্ষম, তাঁরা বর্তমান প্রকল্পের সুযোগের জন্য ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনের কাছে দরখাস্ত করতে পারেন অথবা ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন অথবা তৎকর্তৃক ভারপ্রাপ্ত অফিসার যে পদ্ধতি নির্ধারণ করে দেবেন, তা অনুসরণ করতে হবে।

4. যে সব শিক্ষা প্রতিষ্ঠান বর্তমান প্রকল্পের আওতায় আসতে অপশন বা ইচ্ছা প্রকাশ করবেন, তাঁদের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য গ্রাণ্ট-ইন্-এড্ ব্যবস্থায় ভাতা এবং সরকার কর্তৃক নির্ধারিত রেটে ও স্কেলে বেতন দেওয়া হবে। ঐসব স্কুলকে অন্যান্য গ্রাণ্ট দেওয়া যাবে না। এই প্রকল্পের আওতায় কোন স্কুল আসলে ঐ স্কুলকে ছেলে-মেয়েদের অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্র-বেতন (tuition fee) বাবদ কোন টাকা দেওয়া হবে না। কোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীর সংখ্যা নিম্নতম সংখ্যার চেয়ে কমে গেলে এক বছর পর অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত গ্রাণ্ট-ইন এড ব্যবস্থা বন্ধ থাকবে এবং পূর্ববর্তী অবস্থায় যেরূপ সাহায্য দেওয়ার ব্যবস্থা ছিল, তাই চলবে।

5. এই প্রকল্পের অধীনে নিম্নলিখিত শর্তাদির ভিত্তিতে গ্রাণ্ট-ইন-এড ব্যবস্থা চালু হবে :—

(i) শিক্ষা প্রতিষ্ঠান ছাত্র / ছাত্রীদের কাছ থেকে ছাত্র /ছাত্রী বেতন (tuition fees) আদায় করবে না। গভঃ অর্ডার নং 10/27-Edn dt. 29.8.58, No. 123-Edn (S) dt. 20. 2. 77., No. 51-Edn (s) dt. 12.1.78 এবং No. 2607-Edn (s) dt. 4. 12. 78 বিনা ছাত্র--বেতনের সুযোগ ছাত্র-ছাত্রীদের U. O. S. No. 1003—Edn(s) dt. 3. 7. 73 এবং No. 2683-Edn (s) dt. 20.12.78 এই মেমোগুলোতে প্রদত্ত শর্তাদি ভিত্তিক হবে।

(ii) রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন ও ভাতার রেট অনুমোদিত হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদিত স্টাফকে বেতন ও ভাতা দেবেন।

(iii) যে উদ্দেশ্যে গ্রাণ্ট-ইন-এড দেওয়া হবে, পুরোপুরি সে উদ্দেশ্যেই গ্রাণ্ট-ইন-এড ব্যয় হবে।

(iv) বিদ্যালয় প্রধান / প্রধানা এবং ম্যানেজিং কমিটির সদস্যগণ ব্যক্তিগতভাবে এবং একত্রে গ্রাণ্টের টাকার সদ্ব্যবহারের জন্য দায়ী থাকবেন। 'ম্যানেজিং কমিটি' বলতে বর্তমান রুলে যে ভাবে ম্যানেজিং কমিটি, অ্যাডহক কমিটি অথবা প্রশাসক নিযুক্ত হয়ে থাকেন।

(v) অপব্যবহার এবং গ্রাণ্টের টাকা অন্য খাতে ব্যয় করার জন্য রাজ্য সরকার এই প্রকল্পের আওতা থেকে স্কুলকে বাদ দেওয়া ছাড়াও অন্যান্য আইনগত ব্যবস্থা প্রয়োজনবোধে নিতে পারেন।

(vi) এই প্রকল্পের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান গ্রাণ্ট-ইন-এডে প্রাপ্ত টাকা-পয়সার পৃথক হিসেব-নিকেশ রাখবেন এবং রুল অনুযায়ী একাউণ্টস অডিটের ব্যবস্থা করবেন। শিক্ষা প্রতিষ্ঠান স্কুলে পরিদর্শনের জন্য শিক্ষা দপ্তর, এডুকেশন ডাইরেক্টোরেট, ডিভিশ্যনাল কমিশনার, জেলা ম্যাজিষ্ট্রেট ও সাব-ডিভিশ্যনাল অফিসারকে স্কুল পরিদর্শনের সুযোগ দিবেন।

(vii) রাজ্য সরকার অথবা পশ্চিমবঙ্গের ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন কর্তৃক শিক্ষকদের চাকরির শর্তাদি নির্ধারিত রুলে নিয়ন্ত্রণ করার অধিকার থাকবে।

6. পশ্চিম বঙ্গের ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন এখন এই প্রকল্প রূপায়ণে অগ্রসর হতে পারেন। কেবলমাত্র কোন শিক্ষা প্রতিষ্ঠান লিখিতভাবে এই পরিকল্পনা গ্রহণ করলে, তাকে গ্রহণ করা যাবে।

7. এই প্রকল্প 'স্পনসর্ড' ইনষ্টিটিউশনের ক্ষেত্রে প্রযোজ্য নয়। এইরূপ শিক্ষা প্রতিষ্ঠান বর্তমান রুলে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অধিক সাহায্য পেতে থাকবেন।

8. এর জন্য অতিরিক্ত ব্যয় "Assistance to Non. Govt. Secondary Schools" in the 227 Education Budget" থেকে মঞ্জুর করা হয়েছে।

9. এই অর্ডার অর্থ দপ্তরের W. O. No. গ্রুপ B 2254 dt 4th Dec, 1978-এর সঙ্গে সমতা রেখে প্রকাশ করা হল।

10. পঃ বঙ্গের একাউণ্টেণ্ট এবং পে এণ্ড একাউণ্টস অফিসার কলকাতাকে জানান হল।

স্বাঃ এস. এন. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

এইচ, এস ব্রাঞ্চ

No 22-Edn (Hs) / 3-5-27/77 dt. 15th Feb., 1979

To

The Director of Secondary Education, West Bengal

বিষয়ঃ হায়ার সেকেণ্ডারী স্কুলের (XII) প্রধান শিক্ষক/প্রধানা শিক্ষিকার স্পেশ্যাল পে মঞ্জুর

রেফাঃ G. O. No. 61-Edn (Hs) of 11.5.78.

নিম্ন স্বাক্ষরকারী রাজ্যপালের আদেশে জানাচ্ছেন যে, হায়ার সেকেণ্ডারী স্কুলের

(XII) প্রধান / প্রধানাদের স্পেশ্যাল পে মঞ্জুর করার বিষয়টি বেশ কিছুকাল যাবৎ সরকারের বিবেচনাধীন আছে। কারণ প্রধান / প্রধানার অতিরিক্ত কাজ ও দায়িত্বের জন্য এই ব্যবস্থা করা হয়েছে।

রাজ্যপাল এখন সন্তুষ্ট হয়ে হায়ার সেকেণ্ডারী (X'-XII) স্কুলের প্রধান / প্রধানার জন্য 100% হারে ১লা জুলাই, ১৯৭৬ সাল থেকে স্পেশ্যাল পে মঞ্জুর করছেন। পূর্বে তা পেয়ে থাকলে এখনকার অনুমোদিত বেতনের সঙ্গে খাপ খাইয়ে নেবেন।

এই বাবদ ব্যয় "Assistance of non-Govt. Institutions—State Plan···current year" 277-Edn. Budget খাতে হবে।

এই আদেশ অর্থ দপ্তরের মেমো নং Group B/64 dt. 12th February, 1979-এর সঙ্গে সমতা রেখে প্রকাশ করা হয়েছে।

একাউণ্টেণ্ট জেনারেল, পঃ বঃ এবং পে এণ্ড একাউণ্টস্ অফিসার কলকাতাকে জানান হল।

এস্. এন্. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর
মাধ্যমিক শাখা

No $\frac{\text{149-Edn (S)}}{\text{5C 44/78}}$ dt. 19th Feb, 1979

বিষয়: অভিজ্ঞতার ভিত্তিতে অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার আনট্রেণ্ড সহকারী শিক্ষকদের ইনক্রিমেণ্ট

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার No. 682 Edn (S) dt 21.4.76 অনুযায়ী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের ৪০ বছরের বেশী বয়স এবং পাঁচ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং চল্লিশ বছরের কম এবং দশ বছরের অভিজ্ঞতা (মাধ্যমিক বিদ্যালয়ে) এবং ১.৪.৭৫ তারিখে চাকরিতে থাকলে তাঁরা ট্রেণ্ড টীচার হিসেবে অভিহিত হবেন এবং G.O. No 761-Edn(s) dt. 6.9.75 অনুযায়ী ১.৪.৭৫ থেকে এক বছর চাকরির পর প্রথম ইন্‌ক্রিমেণ্ট লাভের যোগ্যতা অর্জন করবেন।

রাজ্যপাল এখন সন্তুষ্ট হয়ে আদেশ দিচ্ছেন যে, মাধ্যমিক বিদ্যালয় / মাদ্রাসার আনট্রেণ্ড শিক্ষকের দশ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা থাকলে তিনি ট্রেণ্ড শিক্ষকরূপে মর্য্যাদা পাবেন এবং ইনক্রিমেণ্ট লাভের উদ্দেশ্যে দশ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা পূর্ণ হলেই তিনি প্রথম ইনক্রিমেণ্ট পাবেন।

এই আদেশ অর্থ দপ্তরের U.O. No. গ্রুপ B/2851 dt. 2.12.78 এর সঙ্গে সমতা রেখে প্রচার করা হল।

স্বাঃ এস. এন্. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর
মাধ্যমিক শাখা

No $\frac{\text{491-Edn (S)}}{\text{5p/82/74 pt}}$ dt. 20th April, '79

বিষয়ঃ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর স্কেল অব পে'র সংশোধন

গভঃ অর্ডার No. 2576 Edn (s) dt. 19th Dec. 1978 এর বরাবরে নিম্ন স্বাক্ষরকারী রাজ্যপালের আদেশে জানাচ্ছেন যে, পূর্বেকার একাদশ শ্রেণীর (XI) বিদ্যালয়ের সহ-প্রধান / সহ-প্রধানা ও ক্যারিয়ার মাস্টারের স্কুল দশ ক্লাশে (X) পরিবর্তিত হলেও ১৯৭৫ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত পূর্বের রেটে স্পেশ্যাল পে পাবেন।

রাজ্যপাল আরও সন্তুষ্ট হয়ে জানাচ্ছেন যে, ঐরূপ স্পেশ্যাল পে ১৯৭৬ সালের ১লা জানুয়ারী থেকে পারসোন্যাল-পে হিসেবে পরিগণিত হবে এবং ভবিষ্যৎ ইনক্রিমেন্টের সাথে মিশ খেয়ে যাবে। "ভবিষ্যৎ ইনক্রিমেন্ট" বলতে জি.ও. নং 2576-Edn (s) dt. 19th December, 1978 বুঝায়, এই দুটি অর্ডারে নির্দিষ্ট তারিখে ইনক্রিমেন্টের নির্দিষ্ট দিন অথবা পরবর্তী তারিখে..."

এই আদেশ অর্থ দপ্তরের U. O. No. Group B 608 dt. 17th April এর সঙ্গে সমতা রেখে প্রচার করা হল।

আর. এন্. চক্রবর্তী
অ্যাসিঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর ঃ মাধ্যমিক শাখা

No $\frac{\text{885-Edn(s)}}{\text{35-12/78}}$ 31.7.79

বিষয়ঃ ১.১.১৯৭৪ পর্যন্ত স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী হাইস্কুল এবং হাই মাদ্রাসায় ঘাটতি-বেতন-প্রকল্পের সুযোগ

গভঃ অর্ডার নং 539-Edn(s) dt 24th April, 1978 এর বরাবরে নিম্ন স্বাক্ষরকারী রাজ্যপালের আদেশে জানাচ্ছেন যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে আদেশ দিচ্ছেন

যে, বেসরকারী হাই স্কুল এবং হাই মাদ্রাসা (সেকেণ্ডারী টাইপ), ১৯৭৩, ১৯৭৪ সালের ১লা জানুয়ারী পর্যন্ত অনুমোদন পেয়েছে, অথচ "ঘাটতি-বেতন-অনুদান" প্রকল্পের আওতায় আসেনি, এমন সব শিক্ষা প্রতিষ্ঠানকে ১৯৭৯ সালের ১লা এপ্রিল থেকে অথবা তার কোন পরবর্তী তারিখ থেকে গভঃ অর্ডার No 343-Edn(s) 3rd March, 1973 এবং No. 447-Edn(s) dt 27th March, 1973-এ নির্ধারিত শর্তানুসারে ঘাটতি-বেতন-অনুদান প্রকল্পে আসার অনুমতি দেওয়া হউক।

যে সব শিক্ষা প্রতিষ্ঠান মহার্ঘ ভাতা, বেতনে ভরতুকি প্রভৃতি অনুমোদিত স্টাফের জন্য পাচ্ছেন এবং বেতন-ঘাটতি-অনুদান প্রকল্পের আওতায় আসতে ইচ্ছুক, পশ্চিমবঙ্গের মাধ্যমিক শিক্ষার ডাইরেক্টরের কাছে নির্দিষ্ট ফরমে লিখে আবেদন পেশ করতে পারেন। কেবল মাত্র লিখিত স্বীকৃতির ভিত্তিতে কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বিভিন্ন নির্দিষ্ট শর্তাদির ভিত্তিতে এই প্রকল্পে আনা যেতে পারে।

এই ব্যাপারে যে ব্যয় হবে, তা "E-Secondary IV Assistance to non-gov. Sec. School...1973 and 1974." খাতে।

এই আদেশ U.O. No Group B 1974 dt. 24th July, 1979-এর সঙ্গে সমতা রেখে প্রচার করা হল।

একাউণ্টেণ্ট জেনারেল, পঃ বঃ এবং পে-এণ্ড একাউণ্টস অফিসার, কলকাতাকে জানান হল।

স্বাঃ এস. এন্. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

অর্থ দপ্তর
অডিট ব্রাঞ্চ

No. 10016-F dt. 7th Nove, 1979

মে মো রে ণ্ডা ম

বিষয়ঃ বে-সরকারী এডেড সেকেণ্ডারী স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন ঘাটতি অনুদানের আওতায় পাবলিক সেক্টর ব্যাঙ্কের মাধ্যমে বেতন দানের প্রকল্প প্রভৃতি

এই দপ্তরের No. 6696-F dt. 19.6.78 এবং 8116-F dt. 17.8.79-এর বরাবরে উল্লিখিত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, পাবলিক সেক্টর ব্যাঙ্কের সঙ্গে আলোচনাক্রমে এই প্রকল্পটির কাজ ১৯৭৮ সালের জুলাই থেকে প্রকৃত কাজ কতটুকু হয়েছে, তা পর্যালোচনা করা হয়েছে।

মাসের ১লা কাজের দিনে বেতন দেওয়ার উদ্দেশ্যে রাজ্যপাল সন্তুষ্ট হয়ে গভঃ অর্ডার No. 6696-F dt. 19.6.78 এবং No. 8116 dt. 17.8.79 এর সংশোধন করে

জানাচ্ছেন যে, গ্রাণ্ট-ইন-এড বিলের সঙ্গে সম্পর্ক রেখে বেতনের চেক মাসের দশ তারিখের মধ্যে লিঙ্ক ব্যাঙ্কে পাঠাতে হবে। যদি ১৯ তারিখ ছুটির দিন হয়, তাহলে মাসের দশ তারিখের আগের কাজের দিনে পাঠাতে হবে। লিঙ্ক ব্রাঞ্চে চেক পাঠানোর তারিখেই চেকের তারিখ দেওয়া হবে। ক্যালকাটা পে এণ্ড একাউণ্টস্ অফিস, / ট্রেজারী / সাব-ট্রেজারী থেকে চেক পাওয়া মাত্র সংশ্লিষ্ট লিঙ্ক ব্রাঞ্চ অবিলম্বে উক্ত চেক সংশ্লিষ্ট পেইং ব্রাঞ্চে টাকা ট্রান্সফার করে দিবেন। উক্ত পেইং ব্রাঞ্চ মাসের শেষে সংশ্লিষ্ট স্কুলের একাউণ্টে টাকাটা জমা করে নিবেন। যদি প্রয়োজন হয়, পেইং ব্রাঞ্চ মাসের শেষ দিনের মধ্যে চেক / ড্রাফট ভাঙ্গানো সাপেক্ষে টাকা জমা করে নেবেন। স্কুল নির্দিষ্ট তারিখে অর্থাৎ প্রথম কাজের দিনে টাকা তোলে পেমেণ্ট দেবেন (অবশ্য কোন বিশেষ কারণে যদি নির্দেশ না দেওয়া হয়, তাহলে মাসের ১লা কাজের দিনে)।

স্বাঃ এম. জি. কুট্টি
সেক্রেটারী, ফাইনান্স ডিপার্টমেণ্ট

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর
মাধ্যমিক শাখা

No. $\frac{\text{454-Edn.(S)}}{\text{1G—4/80}}$ dt. 3rd June, 1980

To

The Director of Secondary Education, West Bengal

বিষয়ঃ সেকেণ্ডারী স্কুল (এডেড এণ্ড বেতন-ঘাটতি-প্রকল্প এবং মাদ্রাসার সেকেণ্ডারী টাইপ) কণ্টিনজেন্সী খরচের জন্য গ্রাণ্ট মঞ্জুরী

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ১৯৮০ সালের ১লা জানুয়ারী থেকে বেসরকারী সেকেণ্ডারী স্কুল ও মাদ্রাসায় বিনা ব্যয়ে শিক্ষা নীতি চালু করার ফলে রাজ্য সরকার অনুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতনের সম্পূর্ণ টাকা সরকার বহন করে আসছেন। সরকার ঐরূপ শিক্ষা প্রতিষ্ঠানকে মাঝে মাঝে বিভিন্ন রকমের গ্রাণ্ট মঞ্জুর করেছেন। অনুরূপভাবে এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানকে অডিট, খাতাপত্র কেনাকাটা, সামান্যরকমের মেরামতি কাজ, যন্ত্রপাতি কেনাকাটার বাবদ কণ্টিনজেন্সী গ্রাণ্ট দেওয়ার কথা সরকার চিন্তা করছেন।

সরকারও সন্তুষ্ট হয়ে কণ্টিনজেন্সী খাতে Rs. 42.25 লাখ টাকা খরচের জন্য মঞ্জুর করেছেন চলতি আর্থিক বছরে।

সরকার কর্তৃক ঐ ৪২.২৫ লাখ টাকার গ্রাণ্টের মধ্যে ২২.০০ লাখ টাকা চলতি আর্থিক বছরে খরচ করা হবে।

ডেপুটি ডাইরেক্টর অব্ সেকেণ্ডারী এডুকেশন (1), পশ্চিমবঙ্গকে ঐ গ্রাণ্ট পর্যায়ক্রমে ছেড়ে দেওয়ার জন্য ভার দেওয়া হল। শিক্ষা প্রতিষ্ঠান থেকে যথাসময়ে সদ্ব্যবহারী সার্টিফিকেট (utilisation certificate) আদায় করে নিতে হবে।

* * * *

স্বাঃ অস্পষ্ট
অ্যাসিঃ সেক্রেটারী

দু'ক্লাশ জুনিয়ার হাই স্কুল	...	Rs. 250/-
চার ক্লাশ ঐ	...	Rs. 400/-
হাই স্কুল / হাই মাদ্রাসা (ছাত্র / ছাত্রীর সংখ্যা ৫০০)	...	Rs. 600/-
হাই স্কুল / হাই মাদ্রাসা (ছাত্র / ছাত্রীর সংখ্যা ৫০০ এর বেশী)	...	Rs. 750/-

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা দপ্তর
মাধ্যমিক শাখা

No. 472—Edn.(S) / 5p—58/77 dt. 13th June, 1980

To
The Director of Secondary Education, West Bengal
6, Bhabani Datta Lane, Calcutta-73

বিষয় : বি. এড. পাস করবার পর ইনক্রিমেণ্টের সুযোগ প্রভৃতি

এর সাথে G. O. No. 422-Edn.(S) dt. 13.6.80 সার্কুলারের একটি কপি পাঠিয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, উক্ত G. O. নম্বরে দেখতে হবে শিক্ষক বি.টি./ বি. এড পরীক্ষার শেষ দিন পর্যন্ত (থিওরীটিক্যাল ও প্রাকটিক্যাল) অন্ততঃ একবছরের অনুমোদিত চাকরি করেছেন কিনা।

যে সব শিক্ষক বয়স ও শিক্ষকতার অভিজ্ঞতার জন্য ট্রেণ্ড হিসেবে স্বীকৃত, তাঁদের এই গভঃ অর্ডারের আওতাভুক্ত ধরা হবে না এবং তাঁদের ক্ষেত্রে মাঝে মাঝে যে গভঃ

অর্ডার দেওয়া হয়েছে (যেমন, G.O. No. 166 Edn.(S) dt. 20.2.75 এবং G.O. No. 149-Edn.(S) dt. 19.2.79 তাই বিবেচ্য।

এই অফিসের মেমো নং 2266-GA dt. 25.9.79 সংশোধিত হয়ে উপরে বিবৃত করা হয়েছে।

এইরূপ যে সব শিক্ষককে আগাম ইনক্রিমেণ্ট দেওয়া হয়েছে, অর্থাৎ এক বছর অনুমোদিত চাকরি হওয়ার আগে, কেবলমাত্র এই যুক্তিতে যে তাঁরা বি. টি./বি. এড পাস করেছেন স্কুলের চাকরিতে ঢুকে, অথচ তাঁদের বি. টি. / বি. এড পরীক্ষা (থিওরীটিক্যাল ও প্র্যাকৃটিক্যাল) শেষ হওয়ার পূর্বে একবছর অনুমোদিত চাকরির মেয়াদ পূর্ণ হয়নি, তাঁদের বিষয় পর্যালোচনা করে দেখতে হবে এবং তাঁদের ইনক্রিমেণ্টের তারিখ পুনরায় স্থির করতে হবে এবং তাঁরা যে প্রাপ্য বেতনের অতিরিক্ত পেয়ে গেছেন, তা তাঁদের পারসোন্যাল পে হিসেবে ধরা হবে এবং ভবিষ্যৎ ইনক্রিমেণ্টের সঙ্গে মিশে খাইয়ে দেওয়া (absorbed) হবে—13.6.80 তারিখের পরে।

স্বাঃ ডি. বরুয়া
ডেপুটি ডাইরেক্টর অব সেকেঃ এডুকেশন, (G.A.)
পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টোরেট অব্ সেকেণ্ডারী এডুকেশন
গ্রাণ্ট-ইন-এড্ সেকশন
৬, ভবানী দত্ত লেন, কলকাতা-১৩

To

The Dist. Inspector of Schools (G.O.) Burdwan

বিষয়ঃ ডেপুটেশন ভেকেন্সীতে কর্মরত শিক্ষকের হায়ার স্কেল-অব-পে পাওয়ার যৌক্তিকতা

রেফাঃ তাঁর চিঠির নম্বর 7308 dt. 9. 7. 80

উল্লিখিত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বদলী পোষ্টে নিযুক্ত শিক্ষকের বেতন গভঃ অর্ডার নং 772-Edn.(S) dt. 8. 7. 74 অনুযায়ী বর্ণিত শর্তাদি পূরণ করা হলে, এই নয় যে, যে শিক্ষক ডেপুটেশনে যাওয়ার পূর্বে যে বেতন পেতেন বদলী শিক্ষকও তাই পাবেন।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব সেকেঃ এডুকেশন

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

No. $\frac{25\text{—Edn.(S)}}{\text{S.5P-34/80}}$ dt. 10th January, 1987

To

The Director of Secondary Education, West Bengal

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, সরকারের কাছে এই মর্মে রিপোর্ট এসেছে যে, স্বীকৃত বেসরকারী মাধ্যমিক স্কুলের কর্তৃপক্ষ পার্ট টাইম শারীর শিক্ষক, ক্রাফট শিক্ষক, মিউজিক টীচার, মেথর, নাইট গার্ড প্রভৃতি স্কুলের প্রয়োজন মিটাবার জন্য সরকার কর্তৃক শিক্ষক অশিক্ষক কর্মচারী নিয়োগের নর্ম ঠিক করার পূর্বে নিয়োগ করেছেন। ফলে উক্ত স্টাফ মঞ্জুরীকৃত পদে বহাল (absorbed) করা সম্ভব হয়নি এবং তারা স্কুলে বছরের পর বছর কাজ করে যাচ্ছেন এবং তাঁদের ছাত্র-ছাত্রীদের আদায়ীকৃত ডেভেলাপমেণ্ট ফী থেকে পারিশ্রমিক দেওয়া হচ্ছে। যেহেতু সরকার G. O. No. 125 Edn.(S) dt. 25.1.80 ডেভেলাফমেণ্ট ফাণ্ড থেকে কোন্ কোন্ বিষয়ে খরচ করা যাবে তা নির্দিষ্ট করা আছে, তখন স্কুল কর্তৃপক্ষের পক্ষে অননুমোদিত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরিতে রাখা মুশকিল হয়ে পড়েছে। এবং তাদের চাকরি থেকে সরিয়ে দেওয়ার ভয় দেখান হচ্ছে। যেহেতু এই স্টাফের পক্ষে তা অত্যন্ত কষ্টকর হবে যদি এত দীর্ঘকাল কাজ করার পর তাদের চাকরি ছাড়তে হয়। কাজেই তাদের কাজ চালিয়ে যেতে অনুমতি দেওয়া যায় কিনা—তাদের জন্য ব্যক্তিগত পদ সৃষ্টি করে—তা সরকারের সক্রিয় বিবেচনাধীন।

উক্ত প্রস্তাবের অনুকূলে কোন সিদ্ধান্ত গ্রহণ করার পূর্বে এবং এই স্টাফদের কাজ চালিয়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে এরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ডেপুটি ইন্সপেক্টর অব স্কুলস্ (মাঃ) প্রত্যেকটি স্কুলের ব্যক্তিগত সমস্যা মোকাবিলা করতে সংশ্লিষ্ট স্কুল পক্ষকে ডেভেলাপমেণ্ট ফী বাড়িয়ে দেওয়ার ব্যাপারটি ভেবে দেখবেন, যাতে করে অননুমোদিত স্টাফদের মধ্যে মঞ্জুরীকৃত স্টাফদের বাইরে শারীর শিক্ষক, ক্রাফট শিক্ষক, সংগীত শিক্ষক, মেথর ও নাইট গার্ড প্রভৃতি কর্মচারীর প্রয়োজন মেটান যেতে পারে।

প্রয়োজনের মাত্রা নির্ধারণকল্পে, যার জন্য ডেভেলাপমেণ্ট ফী বাড়ানো উচিত এবং স্টাফের প্রয়োজনীয়তার কথা ভেবে, কাদের রাখা হবে, সেই শর্তাবলী মেনে চলতে হবে—

(1) কেবলমাত্র সেই সব অননুমোদিত পার্ট টাইম শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, যাদের কথা আগে বলা হয়েছে, 8. 7. 74 তারিখে যারা কর্মরত ছিলেন, পরিশোধিত স্টাফ প্যাটার্ণে, তাঁদের কথাই কেবল বিবেচ্য। যাঁরা 8. 7. 74 পর্যন্ত কর্মরত ছিলেন কিন্তু এর মধ্যে স্কুলের আথিক অসামর্থ্যের জন্য যাদের ছাড়িয়ে দেওয়া হয়েছে, তাঁদের পুনরায় চাকরিতে বহাল করতে হবে।

(2) উক্ত স্টাফকে মাসিক 75/- টাকা পারিশ্রমিক, অথবা তাদের যে রেটে দেওয়া হচ্ছিল, তা দিতে হবে, তার মধ্যে যেটা কম।

(3) জেলা স্কুল পরিদর্শক (মাঃ) অত্যন্ত সহৃদয়তার সঙ্গে প্রতিটি কেস্ বিবেচনা করে দেখবেন এবং যেটুকু অতিরিক্ত ডেভেলোপমেণ্ট ফীঃ দরকার, সেটুকু ছাত্রদের থেকে আদায় করবার জন্য পূর্ব-অনুমতি দেবেন।

(4) এইসব অননুমোদিত পার্ট টাইম শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পদ তাদের অবসর গ্রহণ, পদত্যাগ বা অন্য কোন কারণে ছেড়ে দিলে, তৎক্ষণাৎ ঐ পদগুলো তুলে দেওয়া হবে।

প্রতিটি জেলার বিস্তৃত রিপোর্টের ভিত্তিতে জেলা স্কুল পরিদর্শককে যথাসময়ে উক্ত স্টাফের শ্রেণী, সংখ্যা এবং বর্ধিত ডেভেলোপমেণ্ট ফীর পরিমাণ জানাতে হবে।

স্বাঃ এইচ. ব্যানার্জি
ডেপুটি সেক্রেটারি

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা বিভাগ

মাধ্যমিক ব্রাঞ্চ

No. $\frac{\text{86-Edn.(S)}}{\text{4A—21/82}}$ dt. 6. 2. 84

To

The Director of School Education, West Bengal

বিষয়ঃ বেসরকারী হাই স্কুল ও হাই মাদ্রাসাকে গ্রাণ্ট-ইন এড প্রদান

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে,

(1) 1.1.80 থেকে বেতনে দশম শ্রেণী পর্যন্ত সমস্ত অনুমোদিত হাই স্কুলে ও হাই মাদ্রাসায় পঠন-পাঠন ব্যবস্থা চালু করার ফলে, ছাত্রবেতন (tuition fee) থেকে স্কুলের আয় বন্ধ হয়ে গেছে। সরকার নূতন গ্রাণ্ট-ইন-এড প্রথা চালু করে G.O. No. 197-Edn.(S) dt. 14.3.80 অনুযায়ী পুরানো গ্রাণ্ট-ইন-এড ও অন্যান্য গ্রাণ্ট দেওয়ার প্রথা বন্ধ করেন।

আর এক পৃথক শ্রেণীর স্কুল আছে, যারা কেবল রাজ্য সরকার থেকে স্টাফদের জন্য ডি. এ. পেয়ে থাকেন; আর ঐ সব স্কুল যে কোন তারিখ থেকে অনুমোদন পেয়ে থাকুন না কেন—উল্লিখিত গভঃ অর্ডারে ঐ সমস্ত স্কুলের গ্রাণ্ট-ইন-এডে আসবার কোন সম্ভাবনা নেই, যদি না সরকার অনুরূপ ব্যবস্থা নেন।

2. এখন সরকারের নজরে এসেছে যে, মহার্ঘভাতা প্রাপ্ত স্কুলের মধ্যে কতকগুলো

গ্রান্ট-ইন-এড প্রকল্পের আওতায় এসেছে এবং তার জন্য সরকারকে বিরাট আর্থিক দায়-দায়িত্ব নিতে হয়েছে।

3. এই অবস্থায় সরকার অত্যন্ত বিচার-বিবেচনার পর সিদ্ধান্ত করেছেন যে, ডি.এ. প্রাপ্ত স্কুলগুলো গ্রান্ট-ইন-এড পরিকল্পনায় যুক্ত হওয়ার আগে সরকারের অনুমতি গ্রহণ করতে হবে।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

এর কপি জেলা স্কুল পরিদর্শকের কাছে সংবাদ এবং ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠিয়ে দেওয়া হউক।

বেতন-ঘাটতি-অনুদান প্রকল্পে যোগ দিতে স্কুলগুলোর আবেদন সমস্ত খবরাখবরসহ জি.ও. নম্বর 197-Edn (s) dt 14.3.80 অনুযায়ী সুপারিশসহ ডাইরেক্টোরেটে পাঠিয়ে দেওয়া হউক। এতদ্ সঙ্গে প্রদত্ত কাগজে প্রয়োজনীয় বিষয়গুলো জানান হউক।

ডেপুটি ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন
পশ্চিমবঙ্গ

(1) জায়গা বা স্থানের বিস্তৃত বিবরণ।
(2) ম্যানেজিং কমিটির বিস্তৃত বিবরণ এবং সদস্যদের নামের তালিকা।
(3) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিস্তৃত বিবরণ—শিক্ষাগত যোগ্যতা, নিয়োগের বিস্তৃত সংবাদ, বর্তমান পে-স্কেল, মাসিক বেতন, ডি.এ. ও অন্যান্ত এলাউন্স, যদি গ্রান্ট-ইন এডের আওতায় আনা হয়, তাহলে G.A. প্রকল্প অনুযায়ী ডিএ ও এলাউন্স।
(4) মোট আর্থিক দায়-দায়িত্ব—শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন, ভাতা প্রভৃতি বাবদ।
(5) ছাত্র বেতন ও অন্যান্য আদায়ী ফিস এবং তার রেট। স্কুল কোন প্রকার ছাত্র বেতন আদায় না করতে সম্মত কিনা এবং সরকারী সার্কুলার মতে অন্যান্য ফিস আদায় করতে রাজী কিনা।
(6) স্কুল একাউন্টস নিয়মিত অডিট করা হয় কিনা; অডিট করা হলে ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালের অডিট রিপোর্ট জমা দিতে হবে।
(7) স্কুলে ফার্ণিচার, যন্ত্রপাতি এবং শিক্ষণ যন্ত্রপাতি আছে কিনা, থাকলে তা স্কুলের প্রয়োজন মেটাতে পারে কিনা।
(8) বর্তমান স্কুল লাইব্রেরী সম্বন্ধে রিপোর্ট।

স্বাঃ এ. কে. রায়
ডেপুটি ডাইরেক্টর, সেকেণ্ডারী এডুকেশন

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন

6, ভবানী দত্ত লেন, কলকাতা—73

No 1870(16) Sc/s dt 21st Aug, 1985

To

The District Inspector of Schools (SE)

সমস্ত জেলা পরিদর্শকের নিম্নলিখিত নির্দেশের প্রতি কঠোরভাবে দৃষ্টি দেওয়ার জন্ত এবং তা অনুসরণে দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে :

1. কতকগুলো স্কুল সংশ্লিষ্ট গভঃ অর্ডারে বর্ণিত ফীঃ অপেক্ষা অধিক হারে ফিস আদায় করছেন। এই বেআইনী অভ্যাস যেকোন অবস্থায় ছাড়তে হবে এবং এই সমস্ত স্কুলের গ্রাণ্ট এরূপ অভ্যাস ত্যাগ না করলে ছাড়া হবে না।
2. এরূপ কিছু সংখ্যক স্কুলে মাধ্যমিক পরীক্ষার ফলাফল গ্রাণ্টস-ইন্-এডের ফরমে প্রদত্ত ফলাফলের বিপরীত। এই ডাইরেক্টোরেট থেকে নির্দেশ না পাওয়া পর্যন্ত এসব স্কুলের গ্রাণ্ট ছাড়া হবে না।
3. ক্যাপিট্যাল গ্রাণ্টের জন্য দরখাস্ত, প্ল্যান ও এসিমেটসহ এবং P.W.D. ইঞ্জিনীয়ার কর্তৃক সুপারিশ করা (vetted) কাগজপত্র কিছু সংখ্যক স্কুল পরে দর্শক গ্রহণ করেছেন। এরূপ অভ্যাস কতক অপ্রয়োজনীয় ব্যয়ের কারণ হয়ে দাঁড়ায়। তবে স্কুল বিল্ডিং মেরামত প্রভৃতির জন্য প্ল্যান-এষ্টিমেট vetted ছাড়াই জেলা পরিদর্শকেরা গ্রহণ করতে পারেন। তবে ক্যাপিটাল গ্রাণ্টের বিস্তৃত দরখাস্তের সঙ্গে আনুমানিক ব্যয়ের বিবরণ থাকতে পারে। ক্যাপিটাল গ্রাণ্ট সুপারিশ করবার জন্য যেসব জেলা কমিটি রয়েছে, তাঁরা এই সব দরখাস্ত বিবেচনা করতে পারেন এবং ডাইরেক্টোরেটে সুপারিশ জানাতে পারেন।

স্বাঃ এ. কে. রায়

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (পক্ষে)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর (বাজেট ব্রাঞ্চ)

No $\frac{\text{257-Edn (B)}}{\text{1M—3/82}}$ dt. 28th August, 1985

To

The Directorate of School Education, WB.

বিষয় : বেসরকারী / এডেড / স্পনসর্ড মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় 1.4.81 এর পরে নিযুক্ত শিক্ষকদের সংশোধিত স্কেল অব-পে বিতরণের যৌক্তিকতা

নিম্ন স্বাক্ষরকারী তাঁর চিঠির নং 221-GA dt 31.1.85 এর পরিপ্রেক্ষিতে জানাচ্ছেন যে, যে সব শিক্ষক অনুমোদিত / এডেড / স্পনসর্ড স্কুলে ও মাদ্রাসায় 1.4.81 অথবা তার পরে নিযুক্ত হয়েছেন, তাদের শিক্ষণীয় বিষয়ের যোগ্যতার ভিত্তিতে স্কেল অনুযায়ী বেতন পাবেন। এ ব্যাপারে Annexure—I of the G.O. No 372-Edn (B) 31.7.81 অনুসরণীয়।

স্বাঃ অস্পষ্ট

ডেপুটি সেক্রেটারী

১৮ প্রধান শিক্ষকের ক্ষমতা ও কার্যাবলী

বলতে গেলে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পরিশোধিত স্কুল কোডে বিদ্যালয়ের প্রশাসনে প্রধান শিক্ষকের সুযোগ ও সীমাবদ্ধতা সম্বন্ধে বলা হয়েছে। কিন্তু কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে মাধ্যমিক শিক্ষার যোগসূত্র ছিন্ন হয়ে যাওয়ার পর থেকে এবং মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের ওপর ন্যস্ত হওয়ার ফলে, কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদর্শিত গাইড লাইন-এর স্বভাবতই প্রভাব ও গুরুত্ব হ্রাস পেয়েছে। যা' হউক, তাতে প্রদর্শিত গাইড লাইন সকলের অবগতি ও পরিচালনার সুবিধার জন্য নীচে তুলে দেওয়া হল।

প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির সঙ্গে আলোচনা করে বাৎসরিক ছুটির তালিকা প্রণয়ন করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক মাঝে মাঝে ছুটির দিনে যে সংখ্যা প্রকাশ করে থাকেন, তার সীমা অতিক্রম করবে না। বিশেষ ক্ষেত্রে প্রধান শিক্ষক সেক্রেটারীর সঙ্গে আলোচনা করে ছুটি মঞ্জুর করতে পারেন।

স্কুলের দৈনন্দিন কাজকর্ম পরিচালনা, যেমন খেলাধুলা পরিচালনা, রুটীন, পরীক্ষা, ক্লাশ প্রমোশন, ম্যাট্রিকুলেশন পরীক্ষার জন্য পরীক্ষার্থী নির্বাচন এবং স্কুলের নিয়ম-শৃঙ্খলা সংক্রান্ত বিষয় এবং শিক্ষক-মণ্ডলীদের ব্যাপার প্রধানের ওপর পুরোপুরি ছেড়ে দেওয়া হবে। অবশ্য সমস্ত বিতাড়ন (সাময়িক ও পুরোপুরি) ক্ষেত্রে প্রধানের সিদ্ধান্তে ম্যানেজিং কমিটির অনুমোদন থাকা চাই। ম্যানেজিং কমিটির সম্মতিতে সেণ্ট্রাল টেক্সট বুক কমিটি টেক্সট বই নির্বাচন করবেন। প্রধান শিক্ষক সেণ্ট্রাল টেক্সট বই কমিটির নির্ধারিত বইয়ের তালিকা থেকে ম্যানেজিং কমিটির সম্মতি নিয়ে টেক্সট বই নির্বাচন করবেন। যেসব বিষয়ে কমিটি কর্তৃক প্রধানের মতামতকে গ্রাহ্য করা হবে না, সেক্ষেত্রে উক্ত সিদ্ধান্ত গ্রহণের কারণ ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করে রাখা হবে।

নিয়োগ, প্রমোশন এবং শিক্ষক ছাঁটাই বা বিতাড়ন প্রভৃতি বিষয়ে প্রধানের মতামত লিখিতভাবে রেকর্ড করতে হবে।

প্রত্যেকটি স্কুলে একটি টীচার্স কাউন্সিল থাকবে এবং শিক্ষক / শিক্ষিকারাই হবে এর সদস্য। প্রধান শিক্ষক যেকোন গুরুত্বপূর্ণ ব্যাপারে টীচার্স কাউন্সিলের সঙ্গে প্রয়োজন-বোধে আলোচনা করবেন।

নোট: প্রধান শিক্ষকই টীচার্স মিটিং ডাকবেন। কাউন্সিলের কোন সভা প্রধান শিক্ষক ব্যতীত অন্য কেউ ডাকতে পারবেন না যেহেতু প্রধান / প্রধানা পদাধিকার বলে কাউন্সিলের সভাপতি।

* * *

১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ অ্যাক্ট অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (এডেড এবং আনএডেড) পরিচালনার প্রয়োজনে রুলস প্রণয়ন করেন এবং ১৯৬৯ সালের পরিশোধিত রুলসেও বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে কয়েকটি নূতন পদক্ষেপ নেওয়া হয়। তাতে আমরা প্রধান / প্রধানার স্কুল পরিচালনার ক্ষেত্রে বাস্তব এবং পরিষ্কার কোন ধারণা পাই না। যা হউক, রুলের ব্যবস্থা ও বর্ণনা থেকে আমরা নিম্নলিখিত সিদ্ধান্তে পৌছুতে পারি :

(i) প্রধান শিক্ষক / প্রধানা শিক্ষিকা ম্যানেজিং কমিটির পদাধিকার বলে সভ্য (ex-officio member) (এর মানে এই যে, যতকাল তিনি উক্ত প্রধানের পদে বৃত থাকবেন, ততকাল তিনি ম্যানেজিং কমিটির সভ্য থাকবেন)।

(ii) হেডমাস্টার / হেডমিসট্রেসের ম্যানেজিং কমিটির সেক্রেটারী নির্বাচিত হওয়ার অধিকার আছে।

(iii) হেডমাস্টার / হেডমিসট্রেস যদি সেক্রেটারী নির্বাচিত না হন, তিনি আইন অনুযায়ী জয়েণ্ট সেক্রেটারী বা যুগ্ম সম্পাদক নিযুক্ত হবেন।

(iv) প্রধান / প্রধানা যুগ্ম সম্পাদক হিসেবে ম্যানেজিং কমিটি কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন। (কমিটি বলতে ম্যানেজিং কমিটির সভার সিদ্ধান্ত।)

(v) সেক্রেটারীর সাময়িক অনুপস্থিতিতে প্রধান-যুগ্মসম্পাদক ম্যানেজিং কমিটির সভা আহ্বান করতে পারেন।

(vi) হেডমাস্টার / হেডমিসট্রেস স্কুলের সমস্ত রেকর্ড ও সম্পত্তির জিম্মাদার বা তত্ত্বাবধায়ক, যদি অবশ্য ম্যানেজিং কমিটি কোন ভিন্ন সিদ্ধান্ত গ্রহণ না করেন।

(vii) প্রধান / প্রধানা স্কুলের এবং অফিসের ভারপ্রাপ্ত কর্তা হিসেবে স্কুলের আভ্যন্তরীণ সমস্ত কাজের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্য যতক্ষণ স্কুল ম্যানেজিং কমিটির ক্ষমতা ও কার্যাবলীর সঙ্গে সংঘাত না আসে।

(vii) প্রধান / প্রধানা পদাধিকারবলে যদি তিনি প্রয়োজন বোধ কনরে বিদ্যালয়ের ছাত্র / শিক্ষক / অভিভাবকের যা কিছু ম্যানেজিং কমিটি এবং শিক্ষা দপ্তরের গোচরে আনবেন। [ম্যানেজিং কমিটির পক্ষে প্রধান / প্রধানার অজ্ঞাতে আরও কাছ'থেকে কোন অভিযোগ সরাসরি গ্রহণ করা উচিত নয়।]

(ix) প্রধান / প্রধানা ক্যাজুয়েল লীভ বা নৈমিত্তিক ছুটির দরখাস্ত মঞ্জুর করতে পারেন।

(x) প্রধান / প্রধানা কোন নাম করা / প্রসিদ্ধ ব্যক্তির মৃত্যুতে ম্যানেজিং কমিটি / অ্যাকাডেমিক কাউন্সিলের পরামর্শ ক্রমে স্পেশ্যাল হোলিডে ঘোষণা করতে পারেন।

(xi) প্রধান / প্রধানা স্টাফ কাউন্সিল / অ্যাকাডেমিক কাউন্সিলের সভাপতি হিসেবে কার্য পরিচালনা করবেন (পদাধিকারবলে প্রেসিডেণ্ট)।

(xii) প্রধান / প্রধানা সাধারণতঃ ভর্তি, প্রমোশন, টেক্সট বই নির্বাচন, স্কুল রুটীন এবং অন্যান্য কো-ক্যারিকুলার কাজকর্ম সম্বন্ধে অ্যাকাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত দ্বারা সাধারণতঃ পরিচালিত হবেন, তবে প্রয়োজন-বোধে তিনি কাউন্সিলের সিদ্ধান্ত অগ্রাহ্য করতে পারেন, তবে অগ্রাহ্য করার কারণ রেকর্ড করে রাখবেন।

(xiii) প্রধান / প্রধানা ম্যানেজিং কমিটির নির্দেশে অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে ম্যানেজিং কমিটি পুনর্গঠনে যথোচিত ব্যবস্থা গ্রহণ করবেন।

(xiv) হেডমাস্টার / হেডমিস্ট্রেস যুগ্ম সম্পাদক হিসেবে স্কুলের সমস্ত ফাণ্ড A/c-এর অন্যতম অপারেটর। অন্য অপারেটর হচ্ছেন—সেক্রেটারী / অ্যাড-মিনিস্ট্রেটর।

(xv) হেডমাস্টার / হেডমিস্ট্রেস ক্লার্ক / অফিস অ্যাসিস্টেণ্টের সহায়তায় স্কুল একাউণ্টস্ তৈরী করবেন। যদি দায়িত্ব সহপ্রধান / প্রধানার উপর দেওয়া হয়, তাহলে A/c বইতে তাঁর সই থাকবে / প্রধানের counter-signature থাকবে। Books of A/cs-এ করণিকের সই থাকবে।

(xvi) সমস্ত স্কুল রেকর্ড এবং গ্রাণ্ট-ইন্-এডের দরখাস্তে প্রধান / প্রধানার সই সহ সেক্রেটারী / অ্যাডমিনিস্ট্রারের সই থাকবে।

(xvii) বিদ্যালয় প্রধান / প্রধানা শিক্ষকদের হাজিরা বইয়ের প্রথম কলমে আসা / যাওয়ার সময় রেকর্ড রাখবেন অথবা verifying column-এ সই করবেন।

(xviii) প্রধান / প্রধানা বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রধান হিসাবে শিক্ষকদের শিক্ষণ ব্যবস্থার তদারকি করতে পারেন এবং অফিসের কাজকর্মের তো বটেই।

(xix) প্রধান / প্রধানা অ্যাকাডেমিক কাউন্সিল / স্টাফ কাউন্সিল এবং শিক্ষক অশিক্ষক প্রতিনিধি নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

(xx) প্রধান / প্রধানা স্টাফের নিয়োগ, স্থায়ীকরণ, ছাঁটাই, সাসপেশন এবং চাকরির একটেনশনে মতবিরোধ হলে নিজের মতামত রেকর্ড করতে পারবেন।

(xxi) প্রধান / প্রধানা অফিসের প্রধান কর্তা হিসেবে অফিসের সমস্ত কাজ-কর্মের সুপারভিশনের অধিকারী।

(xxii) প্রধান / প্রধানা তাঁর পদমর্যাদার ভিত্তিতে তিনি শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রধান / উপরওয়ালা। কাজেই তিনি শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের কোন গুরুতর অন্যায় কাজের জন্য প্রতিবিধানিক ব্যবস্থা নিতে পারেন, তবে ম্যানেজিং কমিটির বিচার-বিবেচনা সাপেক্ষ। তিনি নিজে তাদের শাস্তি বিধান করতে পারেন না।

(xxiii) সেক্রেটারী প্রধান / প্রধানাকে কমিটির নির্দেশ ব্যতিরেকে কোন বিষয়ে নির্দেশ দিতে পারেন না।

(xxiv) প্রধান / প্রধানার কোন শিক্ষক / অশিক্ষক কর্মচারীর বিরুদ্ধে শো-কজ করা/explanation চাওয়া / সাসপেণ্ড বা ডিসমিস করার কোন অধিকার নেই যদি না ম্যানেজিং কমিটি তাঁকে সে কাজের ভার দেন।

(xxv) ছুটির তালিকা তৈরী করবার সময় তিনি ম্যানেজিং কমিটির সম্মতিতে কয়েকদিন রিজার্ভ অর্থাৎ প্রয়োজনে ছুটি দেওয়ার জন্য নিজস্ব বিবেচনার জন্য রাখতে পারেন।

(xxvi) প্রধান / প্রধানা অ্যাকাডেমিক কাউন্সিলের সঙ্গে আলোচনাক্রমে কোন কোন পরীক্ষার সময় ক্লাস সাসপেণ্ড রাখতে পারেন।

[সম্পাদিত (I to XXII)]

১৬ ডেপুটেশন এবং ট্রেনিং

পশ্চিমবঙ্গ সরকার

Memo No. $\frac{411(20)-\text{Sc. G}}{\text{5C}-\text{2G}-64}$ dt. 22nd January 1965

To

The Heads of all recognised Institutions.

বিষয়ঃ শিক্ষক ও লেকচারারদের ডেপুটেশনঃ ইনষ্টিটিউট অব, ইংলিশ, ১১৯, শ্যামাপ্রসাদ মুখার্জী রোড, কলকাতা-২৫

পশ্চিমবঙ্গ রাজ্যে ইংরাজী ভাষা শিক্ষণের মান উন্নত করবার উদ্দেশ্যে ইনষ্টিটিউট অব, ইংলিশ, কলকাতা স্থাপিত হয়েছে। এই প্রতিষ্ঠানের প্রধান কাজ হচ্ছে, বিদেশী ভাষা হিসেবে ইংরাজী শিক্ষণে কর্মরত ইংরাজী ভাষার শিক্ষক, শিক্ষক-ট্রেনী এবং লেকচারারদের ইংরাজী মেথড কোর্সে ডিপ্লোমা দেওয়া। ইনষ্টিটিউট বছরে দুটি চারমাসের কোর্সের ব্যবস্থা করেছেন এবং তাতে পুরুষ ও স্ত্রীলোকদের ভর্তি করা হয়। ভর্তির প্রথম শর্ত হচ্ছে, অন্ততঃপক্ষে ইংরাজীসহ বি.এ. পাস এবং শিক্ষকের প্রধান শিক্ষণীয় বিষয় হবে ইংরাজী। বি-টি / বি-এড পাস প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। কোর্সে ভর্তি বয়সের উর্ধ্বসীমা ৪৫ বছর। নির্বাচিত শিক্ষকদের ইনষ্টিটিউট কর্তৃপক্ষ স্টাইপেণ্ড দিয়ে থাকেন। যেসব শিক্ষক এই কোর্সে ভর্তি হবেন, তাঁরা ডেপুটেশনের সুযোগ পাবেন এবং কর্তৃপক্ষ তাঁদের স্থলে ডাইরেক্টোরেটের অনুমতিতে বদলী শিক্ষক নিতে পারবেন। সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় শিক্ষককে ডেপুটেশন পিরিয়ডে যথারীতি বেতন দেবেন নিজেদের ফাণ্ড থেকে এবং গ্রাণ্ট-ইন্-এড রুলে তা বৈধ ব্যয় হিসেবে স্বীকৃতি পাবে। প্রথম কোর্স সাধারণতঃ বছরের ফেব্রুয়ারীতে, অন্যটি সেপ্টেম্বরের মাঝামাঝি শুরু হয়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ করা হচ্ছে যেন, তাঁরা অন্ততঃ কোর্স শুরু হওয়ার দুমাস আগে ইনষ্টিটিউট অব ইংলিশের কলকাতায় শিক্ষক / লেকচারারের নামের তালিকা পাঠান। ডাইরেক্টরের কাছ থেকে যথারীতি অনুমতি পাওয়ার পর নির্বাচিত শিক্ষককে কোর্সে যোগদানের জন্য ছেড়ে দেবেন।*

স্বাঃ বি. কে. নিয়োগী

ডাইরেক্টর অব পাবলিক ইনসট্রাকশন

পশ্চিমবঙ্গ

* (i) আজকাল ইংরাজীতে অনার্স ও মাস্টার্স ডিগ্রীতে ভর্তির ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হয়। (ii) পাস করার পর দুটি অগ্রিম ইনক্রিমেন্ট দেওয়া হয়। (iii) ইনস্টিটিউশনের প্রধানদের D.E.L.T. ট্রেনিং-এর জন্য কোন ইনক্রিমেন্টের সুযোগ দেওয়া হয় না।

—সম্পাদক

পশ্চিমবঙ্গ সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট ঃ সেকেণ্ডারী এডুঃ ব্রাঞ্চ

No. $\frac{926 - Edn.(SE)}{2P - 16/66}$ dt. 4th Nov., 1966

To

The Director of Public Instruction, W. B.

নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বর্তমানে পোষ্ট-গ্রাজুয়েট শারীর শিক্ষণ কলেজ, বাণীপুর থেকে শারীর শিক্ষায় সার্টিফিকেটধারীদের ট্রেণ্ড গ্রাজুয়েটের পে-স্কেল দেওয়া হয় না এবং এমনকি গ্রাজুয়েট হওয়ার পরও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গ্রাজুয়েট স্কেল দিতে রাজী নন।

এই সমস্ত শিক্ষকদের অসুবিধা দূরীকরণার্থে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে বাণীপুর পোষ্ট গ্রাজুয়েট ফিজিক্যাল ট্রেনিং কলেজকে গ্রাজুয়েট সার্টিফিকেট-ধারীদের জন্য একমাসের একটি ট্রেনিং দেওয়ার অনুমতি দিলেন। এই কোর্স পাস করলে তাদের ডিপ্লোমা (পাস) দেওয়া হবে। এই ট্রেনিং কোর্স কেবলমাত্র কলেজের বর্তমান শিক্ষকেরাই পরিচালনা করবেন এবং এরজন্য কোর্সে অতিরিক্ত ব্যয় হবে না।

স্বাঃ পি. রায়
অ্যাসি. ঃ সেক্রেটারী
পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর

মেমো নং 982/SC/G dt. 7th March, 1968

To

The Heads of all aided Class XI/Class X/Junior High Schools recognised by the W. B. Board of Sec. Edn.

বিষয় ঃ ট্রেনিং কলেজে শিক্ষকদের ডেপুটেশন

(1) নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, পর্যদ্ অনুমোদিত XI / X / Jr. High / Sr. Basic / Jr. and High Madrasah-এর ম্যানেজিং কমিটি অনধিক দু'জন শিক্ষককে, যাঁদের বয়স ৩০শে জুন ৪৫ বছরের বেশী নয় এবং অন্ততঃ একবছর স্থায়ীপদে ৩০শে জুন থেকে কাজ করছেন, ডেপুটেশনে পাঠাতে পারেন। যেসব শিক্ষকের সংশ্লিষ্ট স্কুলে একবছরের কম চাকরি হয়েছে অথচ আগে কোন স্বীকৃতিপ্রাপ্ত স্কুলে স্থায়ীপদে দুবছরের কাজ করছেন, তাঁদেরও ডেপুটেশনে পাঠান যেতে পারে। পোষ্ট গ্রাজুয়েট বেসিক এবং সিনিয়ার বেসিক ট্রেনিং কোর্সে ডেপুটেশন প্রদত্ত শিক্ষকের

ট্রেনিং কোর্স শুরুর আগে অন্ততঃ একবছরের শিক্ষকতা অভিজ্ঞতা থাকতে হবে। মনে রাখতে হবে যে, শিক্ষকতা অভিজ্ঞতার বিষয়ে কোন শৈথিল্য বা সহজীকরণ মেনে নেওয়া হবে না।

1. গ্রাজুয়েট শিক্ষকদের জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বি. টি. কোর্স।
2. গ্রাজুয়েট শিক্ষকদের জন্য বিশ্বভারতীর বি. এড কোর্স।
3. গ্রাজুয়েট শিক্ষকদের জন্য শারীর শিক্ষা কোর্স।
4. বিহারীলাল মিত্র ইনষ্টিটিউটের হোম সায়েন্স কোর্সে ডিপ্লোমা।
5. বিহারীলাল মিত্র ইনষ্টিটিউটে হোম সায়েন্সে পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (যেসব শিক্ষিকা হোম সায়েন্সে ডিপ্লোমা লাভ করেছেন।)
6. শারীর শিক্ষায় সার্টিফিকেট (আণ্ডার-গ্রাজুয়েট পুরুষ ও মহিলা শিক্ষকদের জন্য।)
7. পোষ্ট গ্রাজুয়েট বেসিক ট্রেনিং কোর্স (গ্রাজুয়েট শিক্ষকদের জন্য।)
8. আণ্ডার-গ্রাজুয়েট শিক্ষকদের জন্য সিনিয়ার বেসিক ট্রেনিং কোর্স।

1. উল্লিখিত বয়ঃসীমা নিম্নলিখিত ক্ষেত্রে শিথিল করা যেতে পারে।
   - (i) সায়েন্স গ্রাজুয়েট।
   - (ii) হেডমাস্টার / হেডমিস্ট্রেস এবং অনার্স ও মাস্টার ডিগ্রীধারী শিক্ষক / শিক্ষকা।
   - (iii) কোন স্কুলে ১নং প্যারাগ্রাফে বর্ণিত শর্তাদি পরিপূরণে সক্ষম বয়সে তরুণ-শিক্ষক না থাকলে।
   - (iv) ডিপার্টমেন্টেল সিলেকশন কমিটি কর্তৃক সুপারিশ করা শিক্ষক।

   কিন্তু কোন ক্ষেত্রেই ডেপুটেশনের বছরে বয়স ৩০শে জুন ৫০ বছরের বেশী হবে না।

2. এখানে উল্লেখ করা যেতে পারে, পূর্বে কোন ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষক একবার পরীক্ষায় ফেল করলে তাঁকে আর কোন ডেপুটেশনের সুযোগ দেওয়া যাবে না।

   এটা উল্লেখ করা যেতে পারে যে, কেউ বি.টি./বেসিক ট্রেনিং/হোম সায়েন্স ট্রেনিং প্রভৃতি পাস করলে তাকে ২নং প্যারাগ্রাফে বর্ণিত আর কোন ট্রেনিং-এ পাঠান চলবে না।

   কোন শিক্ষকের ডেপুটেশনের জন্য দরখাস্ত পূর্বে একবার অনুমোদিত হলে, কিন্তু স্বাস্থ্যের যুক্তিতে বা অন্য কোন কারণে পড়াশোনা বন্ধ করলে, তাঁর কেসটি গুণাগুণের ভিত্তিতে পুনর্বিবেচনা করা যেতে পারে।

3. উল্লিখিত শর্তাদি পূরণ করে ট্রেনিং কলেজে ভর্তি হয়ে ডি. পি. আই. পশ্চিমবঙ্গের কাছে ম্যানেজিং কমিটির সেক্রেটারীর বরাবরে নির্দিষ্ট ফরমে ভর্তির দশ দিনের মধ্যে ডেপুটেশনের জন্য পাঠান যেতে পারে। মনে রাখতে হবে যে, যে শিক্ষক ট্রেনিং কলেজে ভর্তি হননি, তাঁর বিষয় বিবেচনা করা হবে না।

ফরমের সঙ্গে পাঠাতে হবে—

(i) শিক্ষককে ডেপুটেশনে পাঠান হয়েছে, এরূপ ম্যানেজিং কমিটির প্রস্তাব (resolution)।

(ii) শিক্ষক ও স্কুল ম্যানেজিং কমিটির মধ্যে চুক্তিনামা। গভ. ট্রেনিং কলেজে ভর্তির দরখাস্তের সঙ্গে ডি. পি. আইয়ের কাছে ডেপুটেশনের দরখাস্তকে যেন এক বিবেচনা করা না হয়। ট্রেনিং নিতে ইচ্ছুক শিক্ষক/শিক্ষিকাকে পৃথকভাবে সোজাসুজি যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক, সে কলেজে দরখাস্ত করতে হবে। মনে রাখতে হবে যে, ডি. পি. আই. কোন শিক্ষকের ভর্তির জন্য কোন কলেজে আসন জোগাড় করে দেওয়ার দায়িত্ব গ্রহণ করেন না।

কোন শিক্ষক/শিক্ষিকার পূর্বে একবার পর্ষদ্ অথবা ডি. পি. আই. কর্তৃক ডেপুটেশন মঞ্জুর হওয়ার পরেও যদি কলেজে ভর্তি না হন তাঁকে আবার নূতন করে ডেপুটেশন মঞ্জুর করবার জন্য যথাযথভাবে দরখাস্ত করতে হবে।

বেতন ও ভাতা

4. ডি. পি. আই., পঃ বঙ্গ ডেপুটেশন প্রাপ্ত শিক্ষক/শিক্ষিকাকে অনুমোদনযোগ্য বেতন ও ভাতা দেবেন।

বেতন ও ভাতা দেওয়ার প্রণালী

5. ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষকের বেতন ও ভাতা ডি. পি. আই. কর্তৃক সংশ্লিষ্ট ট্রেনিং কলেজের অধ্যক্ষের মাধ্যমে দেওয়ার ব্যবস্থা করা হয়।

ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষকের প্রভিডেণ্ট ফাণ্ড

6. ডেপুটেশনের পিরিয়ডে যদি শিক্ষক/শিক্ষিকা তাঁর নিজের প্রভিডেণ্ট ফাণ্ডের অংশ জমা দেন, তাহলে স্কুল কর্তৃপক্ষও তার নিজের দেয় অংশ জমা দেবেন।

ডেপুটেশন ভেকেন্সীতে নিয়োগ

7. ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষকের কাজ যদি বর্তমান স্টাফকে দিয়ে চালান সম্ভব না হয়, তাহলে স্পেশ্যাল কেস হিসেবে বদলী শিক্ষকের অনুমোদন দেবেন ডাইরেক্টোরেট।

ঐ বদলী শিক্ষককে ১৫ই মে অথবা গ্রীষ্মের ছুটির পূর্বে, যেটাই আগে হবে, ছেড়ে দিতে হবে। যদি ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষককে অন্য কোর্সে ডেপুটেশন দেওয়া হয়, তাহলে স্থায়ী পদে নিযুক্ত শিক্ষক ফিরে আসার সঙ্গে সঙ্গে বদলী শিক্ষককে ছেড়ে দিতে হবে। ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষক স্বপদে যোগ দিলে ট্রেনিং কলেজে যে তারিখ পর্যন্ত বেতন-ভাতা পেয়েছেন, তার পরবর্তী তারিখ থেকে স্বীয় স্কুলেই বেতন-ভাতা প্রাপ্য হয়।

শিক্ষককে তাঁর ট্রেনিং কোর্স শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে, অথবা মাঝখানে যদি ছুটি পড়ে যায়, তাহলে ছুটির (Vacation) পর স্কুল খোলার দিন অবশ্যই কাজে যোগ দিতে হবে। শিক্ষককে স্বপদে যোগ দিতে যে কয়দিন দেরী হয়, (তা কিছুতেই এক সপ্তাহের বেশী হবে না) অথবা ছুটির জন্য কাজে যোগ দিতে বাধাপ্রাপ্ত হন, তাহলে ঐ সময়টা 'কর্তব্যরত' বলে ধরা হবে।

নন-জুডিশিয়েল স্টাম্পে ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষক ও স্কুল কর্তৃপক্ষের মধ্যে চুক্তিনামা

৪. ডেপুটেশন-প্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা নিজের পক্ষে ১ টাকা ৫০ পয়সা মূল্যের নন-জুডিসিয়াল স্টাম্প কাগজে নির্ধারিত ফরমে ডেপুটেশন-প্রাপ্ত স্কুলে ট্রেনিং কোর্স শেষ হওয়ার পর স্কুলে যোগ দেওয়ার তারিখ থেকে পাঁচ বছর অথবা পরীক্ষা পাস করবার তারিখ থেকে তিন বছর, যেটাই কম হউক না কেন, লিখিতভাবে চুক্তিবদ্ধ হবে। যদি শিক্ষক/শিক্ষিকা লিখিত অঙ্গীকারের শর্তাদি না মানেন, তাহলে ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, পশ্চিমবঙ্গ, সংশ্লিষ্ট শিক্ষককে ডেপুটেশন পিরিয়ডে প্রাপ্ত ভাতা ও বেতন ফেরৎ দেওয়ার জন্য নির্দেশ দিতে পারেন।

যদি এডেড স্কুলের ম্যানেজিং কমিটি উক্ত ট্রেণ্ড শিক্ষককে উপযুক্ত স্কেল অব পে দিতে রাজী না হন, তাহলে শিক্ষকের দেওয়া চুক্তি কার্যকর হবে না। এবং ডাইরেক্টর স্কুলকে নির্দেশ দিতে পারেন যে, উক্ত শিক্ষককে যেন ছেড়ে দেওয়া হয় এবং অন্যত্র পর্ষদ্ অনুমোদিত স্কুলে যাতে তিনি কাজ করার সুযোগ পান।

9. যদি শিক্ষক চুক্তিপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে অন্য স্কুলে যোগদানে ইচ্ছা করেন, তাহলে ম্যানেজিং কমিটি রাজী হলে এবং ডাইরেক্টোরেটের সম্মতি পেলে তিনি অন্যত্র যেতে পারেন। সেক্ষেত্রে তাঁর কেসটি, স্কুল ম্যানেজিং কমিটির গৃহীত প্রস্তাব অনুসারে শিক্ষককে ছেড়ে দিতে কোন বাধা নেই, তবে ডাইরেক্টোরেটে পূর্ব অনুমতির জন্য পাঠাতে হবে। ম্যানেজিং কমিটির পক্ষে উক্ত শিক্ষক/শিক্ষিকাকে অনুমোদিত স্কুলে কাজ করা ভিন্ন অন্য পদের জন্য ছেড়ে দিতে সুপারিশ করা উচিত হবে না। প্রত্যেকটি কেস তার নিজস্ব গুণাগুণের ভিত্তিতে ডাইরেক্টরেট সিদ্ধান্ত নেবেন।

N.B. ডাইরেক্টোরেটের আদেশ না পাওয়া পর্যন্ত কোন শিক্ষককে ছেড়ে (release) দেওয়া উচিত হবে না।

10. যে শিক্ষক ডেপুটেশনে গিয়েছেন, তাঁকে কর্তব্যরত (on duty) বলে ধরতে হবে এবং ডেপুটেশন সময়ে তাঁর অবস্থার কোন পরিবর্তন করা চলবে না।

স্বাঃ এস. সি. রায়

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনের (পক্ষে)

AGREEMENT FORM—I

Undertaking from the deputed teacher

Whereas I,.. Headmaster/Headmistress/Asstt. Teacher of............................... P. O.......... ....Dist..................., have been deputed by the School as per resolution No..............., dated............... of the Managing Committee of the School for B.T./P.T./Home Science/ P. G. B. T. Course/Sr. B. T. Course Training during the Session... ....on such pay and dearness allowance as per admissible under the Grant-in-aid Rules along with the school's contribution to Provident Fund, I hereby agree and undertake in consideration hereof to serve the school from which I have been deputed for a period of at least five years from the date of joining the school immediately after completion of the said training period or for three years from the date of my passing the said Examination, whichever shorter, or to refund the entire amount received by me as deputation allowance together with the school's contribution to my Provident Fund during the period of my deputation for B.T./P.T./Home Science/P.G.B.T. Course/Sr. B.T. Course Training during the Session...........

Attested*

....

Designation and Seal of the School. (Signature in full)

Date.............. Date...................

*(By the Headmaster/Headmistress, or the Secretary, if the Headmaster/Headmistress himself is deputed.)

AGREEMENT FORM—II

Undertaking from the Headmaster/Headmistress or Secretary on behalf of the Managing Committee of the Aided School

I,................., Headmaster/Headmistress/Secretary on behalf of the Managing Committee of the...............P. O................. District..................., hereby agree that the Managing Committee of the School.........will give the above named deputed teacher the benefit of a trained teacher's scale on his/her passing the training

examination. Failure to comply with this undertaking shall not bind the teacher to serve the school for the stipulated period and the Director may, in that event, direct the Managing Committee of the School to release such a deputed teacher from the services of the School so that he/she may serve any other school recognised by the Board.

....

Signature of the Headmaster/Headmistress/
Secretary (in full)

Date........

APPLICATION FORM

Date..........

From...................

....

To the Director of Public Instruction, West Bengal.
(Through the Secretary to the Managing Committee of the School)

Re : Deputation to B. T./P. T./Home Science/P. G. B. T. Course/Sr. B. T. Course Training during the Session......

Dear Sir,

I beg to apply to you for kindly sanctioning my deputation to......College for undergoing B. T. Training/Training in Physical Education/Training in Home Science/P.G.B.T. Course/Senior Basic Training Course. Necessary papers listed below are enclosed as required by you.

I shall be much obliged if you kindly grant my deputation.

Yours faithfully,

Seal of the School.

Asstt. Teacher/Headmaster/Headmistress,
..........School.

Address..

Enclosure : (1) Form of Particulars.
(2) Managing Committee Resolution recommending deputation
(3) Agreement Forms—I & II

FORM OF PARTICULARS

(All column must be filled in)

Name of the School—

Index No.—

Aided or Unaided or Recipient or Lump Grant—

Teacher's name in full—

Home Address—

Date of birth (according to Matriculation or S. F. Certificate)—

Age on 30th June, 19........

Designation—

Date of appointment in this school on a substantive basis—

Date of confirmation—

Present pay: Rs............in the scale of Rs............

School D. A., if any— Allowances, of any........

Name of the College where admitted—

Academic qualifications.

Year/Class/Subject(s)	Year/Div./Subject(s)
M. A./M.Sc.	I. A./I. Sc.
B. A./B. Sc,	Matric
B. Com.	Other qualifications

Whether enjoyed deputation allowance previously from the Directorate of Government. If so, the name of the training course with year should be mentioned.

Teaching experience in previous school(s), if any (Names of the schools and period of service with dates of joining and leaving the schools)—

Total number of Instructional Staff (including Headmaster/Headmistress)

Staff position of School:

Nos.	Nos.	Nos.
M.A., B.T.	M. Sc., B.T.	M.A. (Com), B.T.
M.A.	M. Sc.	M.A. (Com.)
B.A., B.T.	B. Sc., B.T.	B. Com., B.T.
B. A., (Hons)	B.A. (Distn.)	B.A.(Pass)/B. Com.
B. Sc. (Hons.)	B. Sc. (Distn)	B. Sc. (Pass)
I.A.	I. Sc.	Tirtha (Title)

Nos.	Nos.	Nos.
Non-Matric V. M.	Matriculate	Matric
Dip. in Phy. Edn.	Dip. in Dom. Sc.	

I declare that the statements made above are correct.

(Counter signature of Headmaster/ Headmisitress or Secretary)

Signature of teacher (in full)

Date...... ...

Seal of the School

Date ....

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

No 1652 (24)Se/G dt 29th April, 1962

To

The Dist. Inspector of schools, Calcutta

বিষয়ঃ ইনষ্টিটিউট অব স'য়েন্স এডুকেশন বর্ধমানে পদার্থবিদ্যা, রসায়ন ও উদ্ভিদ বিদ্যায় নয় মাসের ট্রেনিং কোর্স

আমি আপনাকে জানাচ্ছি যে, বর্ধমান ইনষ্টিটিউট অব সায়েন্স এডুকেশনে ফিজিক্স, কেমিষ্ট্রী ও বোটানীতে গত নয় মাসের ট্রেনিং কোর্স শেষ হয়েছে। এই প্রকল্পের উদ্দেশ্য ছিল, সেকেণ্ডারী স্কুলে বিজ্ঞান শিক্ষকদের জন্য ট্রেনিং প্রোগ্রাম চালু করে বিজ্ঞান শিক্ষকের মান উন্নয়ন করা।

এই প্রকল্পের আরও উদ্দেশ্য ছিল, হায়ার সেকেণ্ডারী ক্লাশে পড়াবার জন্য যোগ্যতা-সম্পন্ন বিজ্ঞান শিক্ষকের অভাব কমান।

এই বছরেও বর্ধমান ইনষ্টিটিউট অব সায়েন্স এডুকেশনে ফিজিক্স, কেমিষ্ট্রী ও বোটানীতে অনুরূপ তিন কোর্স গঠন করার প্রস্তাব করা হয়েছে। ১৯৬৯ সালের ১লা জুলাই থেকে সেশন শুরু হবে। হায়ার সেকেণ্ডারী স্কুলের বিজ্ঞান কোর্সের বি. এসসি. পাস গ্রাজুয়েট শিক্ষকেরা এই ট্রেনিং কোর্সে ভর্তি হতে পারবেন। তাঁরা ডেপুটেশনে গেলে উক্ত সময়ের জন্য পুরো বেতন পাবেন। বি. এসসি. (ডিস্‌টিংশন) অথবা শতকরা ৫০ নম্বর পেয়ে যাঁরা ফিজিক্স, কেমিষ্ট্রী ও বোটানী নিয়ে বি. এসসি. পাস করেছেন, তাঁরাই এই কোর্সে ভর্তি হওয়ার যোগ্য। তবে তাঁদের বয়স ৩৫-এর উর্ধ্বে হওয়া বাঞ্ছনীয় নয়।

আপনাকে অনুরোধ করা হচ্ছে যে, বর্ধমান ইনষ্টিটিউট অব সায়েন্স এডুকেশনে ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকদের নামের তালিকা নিম্নলিখিত প্রোফরমায় প্রয়োজনীয় বিষয়-গুলো পূরণ করে ১৫ই জুনের মধ্যে যাতে পাঠান হয়। এর একটি কপি এডুকেশন

ডাইরেক্টোরেটেও রেকর্ডের জন্য পাঠাবেন। এই ট্রেনিং কোর্সে উত্তীর্ণ শিক্ষকদের বর্ধমান বিশ্ববিদ্যালয় ডিপ্লোমা দিবেন এবং তাঁরা স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের নার্স গ্রাজুয়েটের স্কেল অব্ পে পাবেন। নাম পাঠানোর সময়ের কথা কঠোর ভাবে অনুসরণ করবেন।

প্রোফরমা

1. যে স্কুল থেকে ডেপুটেশনে যাচ্ছে, সে স্কুলের নাম ও ঠিকানা।
2. শিক্ষকের নাম।
3. ১৯৬৩ সালের ৩১শে মে বয়স।
4. 31.5.69 তারিখে শিক্ষকের মোট শিক্ষাগত অভিজ্ঞতা।
5. শিক্ষক স্থায়ীপদে নিযুক্ত কিনা অথবা স্থায়ীপদে অবেক্ষাধীন কিনা।
6. কোন্ কোর্সের জন্য সুপারিশ করা হয়েছে—Physics / Chemistry / Botany / Zoology.
7. শিক্ষাগত যোগ্যতা: SF/HS ; I.S.C. (Subject) Division / Class / Year.
8. Physics, Chemistry or Zoologyতে Percentage of marks.

স্বাঃ এস. সি. রায়
ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, পঃ বঃ

সরকারী বিজ্ঞপ্তি

No 191-Edn (Cs) / Cs/Bt-28-70 dt 1st February, 1972

To

The Director of Public Instruction, West Bengal.

বিষয়: শিক্ষকদের ট্রেনিং

এই রাজ্যে অনুমোদিত বিদ্যালয়ের নিযুক্ত শিক্ষকদের মধ্যে এক বিরাট অংশ আনট্রেণ্ড। এইরূপ আনট্রেণ্ড শিক্ষক সাধারণত শিক্ষার স্বীকৃত মান অনুযায়ী দায়িত্ব পালনে অক্ষম। আনট্রেণ্ড শিক্ষকেরা শিক্ষকদের জন্য নির্দিষ্ট বেতন স্কেলে ইনক্রিমেণ্টও পাচ্ছেন না। সরকার বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিচ্ছেন এবং প্রস্তাব করছেন যে, শিক্ষকদের শুধু ট্রেনিং দান নয় এবং ভবিষ্যতে যাতে কোন আনট্রেণ্ড শিক্ষক স্কুলে নিযুক্ত হতে না পারেন তাও দেখতে হবে।

রাজ্যপালের আদেশে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার নম্বর 538—Edn (cs) dt. 4th May, 1971-এর সংশোধন করে পরবর্তী শিক্ষার সেশন থেকে যেকোন পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং কলেজ অথবা ইউনিভার্সিটি বি-টি কলেজ / বি. এ. ডিপার্টমেণ্টে শতকরা ৫০টি সীট ডেপুটেড টীচার দ্বারা পূরণ করা হবে এবং বাকী সীটগুলো ভর্তি পরীক্ষার ভিত্তিতে নূতন গ্রাজুয়েট দ্বারা পূরণ করা হবে। যে শতকরা ৫০টি সীট

ডেপুটেড শিক্ষক দ্বারা পূরণ করা হবে, তার মধ্যে যাঁদের শিক্ষকতার অভিজ্ঞতা পাঁচ বছর থেকে দশ বছরের কম এবং অনুমোদিত শিক্ষক তাঁরাই এই সুযোগ পাবেন, বাকী কিছু সীট বাকী থাকলে, অনুমোদনপ্রাপ্ত শিক্ষকদের দ্বারা ঐ সীটগুলো পূরণ করা যেতে পারে।

1. এই আদেশ সেইসব পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং কলেজে প্রযোজ্য নয়, যেখানে কেবল নূতন (নন্) গ্রাজুয়েট শিক্ষকেরাই ভর্তির সুযোগ পাবেন, ডেপুটেড শিক্ষকেরা নয়। কিন্তু বর্তমানে এরূপ আদেশ আছে যে, শতকরা ৫০ জনের নীচে ডেপুটেড শিক্ষকদের জন্য রিজার্ভ থাকবে। ঐসব বি-টি কলেজে বর্তমান আদেশই বহাল থাকবে।
2. এখন থেকে কোন স্কুলে আনট্রেণ্ড শিক্ষককে রেগুলার অথবা ডেপুটেশন ভেকেন্সীতে নেওয়া হবে না। যদি কোন স্কুলের ম্যানেজিং কমিটি সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়েও ট্রেণ্ড টীচার না পান, তাহলে আনট্রেণ্ড শিক্ষককে নেওয়ার আগে ডি. পি. আইয়ের কাছে পূর্ব-অনুমতি নিতে হবে। ডি. পি. আই. কোন স্কুলকে অ্যাড্‌হক্ ভিত্তিতে আনট্রেণ্ড টীচার নিতে অনুমতি দিতে পারেন, যদি তিনি নিশ্চিত হন যে, কোন ট্রেণ্ড শিক্ষক পাওয়া সম্ভব হয়নি। যদি কোন স্কুল কর্তৃপক্ষ নিয়োগের বিধিব্যবস্থা মেনে না চলেন, তাহলে স্কুলকে আনট্রেণ্ড শিক্ষক নিয়োগের জন্য অনুমোদনহীন কোন শিক্ষক নিয়োগের জন্য টাকা বা ডি.এ. দিতে হবে না। যেহেতু ডেপুটেড শিক্ষকের সীট সংখ্যা ৫০% কমানো হয়েছে, শিক্ষকদের এডুকেশন বাজেটে ডেপুটেশন পে ও এলাউন্স খাতে খরচ কমবে। এই টাকাটা অন্য খাতে খরচ না করে যে সব শিক্ষক দশ বছরের বেশী কিন্তু ২০ বছরের কম শিক্ষকতা করছেন তাঁদের পার্ট পাইম ট্রেনিং দেওয়া এবং ট্রেনিং দেওয়ার পর স্কেল-অব পে দেও‌া খাতে খরচ করা যাবে।

সমস্ত বি-টি কলেজ এবং সমস্ত সেকেণ্ডারী স্কুলসহ জুনিয়ার স্কুলকে সরকারের এই সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হউক যাতে ১৯৭২ সালের দ্বিতীয় সপ্তাহের মধ্যে সমস্ত স্কুল এবং বি. টি. কলেজ এক সঙ্গে কাজে নামতে পারে।

স্বাঃ বি. দত্ত
ডেপুটি সেক্রেটারী (পশ্চিববঙ্গ সরকার)

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

G. O. No 121-Edn (Cs) dt 1.2.72

বিষয়ঃ নিম্ন স্বাক্ষরকারী উল্লিখিত গভঃ অর্ডারের পরিপ্রেক্ষিতে জানাচ্ছেন যে, উক্ত অর্ডারে ট্রেনিং কলেজে ভর্তি হওয়া এবং সেকেণ্ডারী স্কুলে শিক্ষকের শূন্য পদ পূরণের কতকগুলো নীতি গ্রহণ করা হয়েছিল।

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, উক্ত মূল নীতির আংশিক সংশোধন করে ১নং প্যারাগ্রাফের ৩নং সাব-প্যারা এবং ২নং প্যারার ১নং সাব-প্যারায় নিম্নলিখিত নীতিগুলো ট্রেনিং কলেজ ও সেকেণ্ডারী স্কুলের মেনে চলবার জন্য যোগ করা হয়েছে :

অনুমোদিত সীটের মধ্যে শতকরা ৫০টি সীট যেসব শিক্ষক অনুমোদিত সার্ভিসে অন্ততঃ এক বছরের কাজ করেছেন, তাঁদের ডেপুটেশনে ঐ সীটগুলো কাজে লাগবে।

রেগুলার ভেকেন্সীতে অথবা ডেপুটেশন ভেকেন্সী পূরণ করার সময় ট্রেণ্ড টীচারের সাহায্যে পদ পূরণ করতে হবে।

স্বাঃ এন্. আর. কর
ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, পঃ বঃ

সরকারী আদেশ

সি. এস. ব্রাঞ্চ

No $\frac{\text{869-Edn (Cs)}}{\text{St-3/72/73}}$ dt 11th June, 1974

প্রস্তাব

বিগত দুই দশকে অথবা বেশীও হতে পারে, অনেক সেকেণ্ডারী স্কুল উপযুক্ত বি-টি / বি. এড. ডিগ্রীর শিক্ষক না পাওয়ায় আনট্রেণ্ড শিক্ষক নিযুক্ত করেছেন। ফলে সেকেণ্ডারী স্কুলে আনট্রেণ্ড শিক্ষকের সংখ্যা ক্রমাগত বাড়তে থাকে। এখন সেই সংখ্যা 60%।

বিগত কিছুকাল ধরে সরকার আনট্রেণ্ড শিক্ষকদের কিভাবে ট্রেণ্ড করা যায়, যাতে স্কুলে শিক্ষণের মান বাড়তে পারে এবং আনট্রেণ্ড শিক্ষকেরা সংশ্লিষ্ট স্কেল-অব পের সুযোগ পান।

সবিশেষ চিন্তাভাবনা করে সরকার সেকেণ্ডারী স্কুলে আনট্রেণ্ড শিক্ষকদের জন্য পার্ট টাইম সান্ধ্য বি-এড কোর্স নিজ নিজ এলাকায় চালু করবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ইউনিভার্সিটি অব, বর্ধমান ও নর্থ বেঙ্গল এরূপ প্রকল্প অনুমোদন করায় এই দুই ইউনিভার্সিটির এলাকায় পার্ট টাইম সান্ধ্য বি-এড কোর্স চালু করা হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয় এই প্রকল্পে সম্মত হননি।

যথাযথ বিবেচনার পর সরকার পার্ট টাইম টীচার্স ট্রেনিং কোর্স চালু করবার জন্য একটি বোর্ড গঠন করেছেন এবং বিভিন্ন এলাকায় সান্ধ্য ট্রেনিং সেণ্টার পরিচালনার জন্য বোর্ডের হাতে দায়িত্ব দেওয়া হয়েছে। এই সব সান্ধ্য ট্রেনিং কোর্স বর্ধমান ও নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়ের আওতায় যেভাবে পার্ট টাইম সান্ধ্য কলেজ চলছে, তার ঠিক অনুরূপই হবে।

রাজ্যপাল সন্তুষ্ট হয়ে পার্ট টাইম সান্ধ্য বি-এড কোর্সের জন্য নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে বোর্ড গঠন করেছেন :

(1) শিক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রী—চেয়ারম্যান
(2) ডাইরেক্টর অব্ পাবলিক ইনস্ট্রাকশন—ডেপুটি চেয়ারম্যান
(3) হেড অব দি ডিপার্টমেণ্ট অব এডুকেশন, কল্যাণী বিশ্ববিদ্যালয়, সদস্য
(4) প্রিন্সিপ্যাল, যাদবপুর কলেজ অব এডুকেশন ,,
(5) প্রিন্সিপ্যাল, বিনয় ভবন, শান্তিনিকেতন ,,
(6) প্রিন্সিপ্যাল, ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ ,,
(7) প্রিন্সিপ্যাল, এডুকেশন ফর ওমেন, আলিপুর ,,
(8) ডেপুটি ডাইরেক্টর, পাবলিক ইনস্ট্রাকশন (সেকেণ্ডারী) ,,
9. ডেপুটি ডাইরেক্টর, পাবলিক ইনস্ট্রাকশন, ট্রেনিং ,,
10. ডেপুটি ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন (এঙ্গলো ইণ্ডিয়ান স্কুলস্) ,,
11. ডেপুটি ডাইরেক্টর অব ওমেন এডুকেশন ,,
12. ডেপুটি ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন, পার্ট টাইম ইভনিং বি-এড ট্রেনিং প্রোগ্রাম, সদস্য-সেক্রেটারী

স্টেট ইভালুয়েশন অফিসার নন্-মেম্বর হিসেবে বোর্ডের অ্যাসি. সেক্রেটারী হিসেবে কাজ করবেন।

বোর্ডকে নিম্নলিখিত কাজের ক্ষমতা দেওয়া হলো :

(a) বোর্ড ইনষ্টিটিউশনকে নির্বাচন করবেন এবং সরকারের পূর্ব-সম্মতি নিয়ে তাঁদের পার্ট টাইম ১৮ মাসের পার্ট টাইম কোর্স চালু করার অনুমতি দিতে পারেন।

(b) এই বোর্ডের ক্ষমতা থাকবে ইনষ্টিটিউশনকে পার্ট টাইম কোর্স চালাবার অনুমতি প্রত্যাহার করবার।

(c) এই বোর্ডের ক্ষমতা থাকবে সমস্ত শিক্ষণীয় ব্যাপারে (থিওরিটিক্যাল ও প্র্যাকটিকেল) ট্রেনিং সেণ্টারকে নির্দেশ দেওয়ার। বোর্ডের সদস্যরা অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসারকে অধিকার দেওয়া হয়েছে কোন ট্রেনিং প্রতিষ্ঠান পরিদর্শন করা, হিসাবপত্র ও অন্যান্য রেকর্ডপত্র দেখে যথাযথ নির্দেশ দেওয়া।

(d) ইনষ্টিটিউশনের কর্তৃপক্ষকে পার্ট টাইম শিক্ষক নিযুক্তি ও অন্যান্য স্টাফের নিযুক্তির জন্য বোর্ডের অনুমোদন নিতে হবে।

(e) বোর্ড ট্রেনিং কোর্সের সিলেবাস তৈরী করবেন।

(f) প্রত্যেকটি ট্রেনিং কোর্সের শেষে (১৮ মাসের ট্রেনিং) বোর্ড পরীক্ষা পরিচালনা করবেন—পরীক্ষা পরিচালনার পদ্ধতি পরীক্ষার তারিখ নির্ধারণ, পরীক্ষার ফিস, প্রশ্নকর্তা, খাতা দেখা প্রভৃতি সবই বোর্ড ব্যবস্থা করবেন।

(g) বোর্ড পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ডিপ্লোমা দেবেন।

(h) বোর্ডকে বিভিন্ন স্টেণ্ডিং কমিটি, স্টাডি গ্রুপ এবং বিভিন্ন সাব-কমিটি গঠন করবার ক্ষমতা দেওয়া হয়েছে।

রাজ্যপাল সন্তুষ্ট হয়ে নির্দেশ দিচ্ছেন যে, বোর্ড কর্তৃক প্রদত্ত ডিপ্লোমা ইনক্রিমেণ্টের স্বার্থে বি-টি / বি-এডের সমতুল্য এবং কৃতী শিক্ষকেরা G. O. No 666-F dt. 1.3.71 (অর্থ দপ্তর) অনুযায়ী স্কেল-অব-পে পাবেন।

অর্ডার

এই মর্মে আদেশ দেওয়া হচ্ছে যে, উক্ত প্রস্তাব ক্যালকাটা গেজেটে প্রকাশিত হউক এবং তার কপি বোর্ডের চেয়ারম্যান ও মেম্বারদের কাছে পাঠিয়ে দেওয়া হউক।

রাজ্যপালের আদেশে
স্বাঃ ডি. কে. গুপ্ত, সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

মাধ্যমিক শিক্ষা ঃ কলকাতা

মেমো নং 955(4) M dt 12th Nove, 1977

To

(1) A.B.T.A. 15 Bankim Chatterjee St.
(2) Headmasters' Asso. 1/1A College Sq. Cal.
(3) S.T.E.A., 131, B. B. Ganguly St. Cal.
(4) W.B.T.A., 8 Lenin Lane, Cal.

বিষয় ঃ ছয় মাস ১৫ দিনের কন্টাক্ট কোর্স ফর হাই স্কুল টীচার্স রিজিওন্যাল কলেজ অব, এডু, ভুবনেশ্বর।

এর সঙ্গে কয়েকটি খালি ফরম পাঠালাম এবং পরবর্তী করেসপণ্ডেন্স কোর্স ১৯৭৮ সালের জানুয়ারী থেকে সুরু হবে।

এই কোর্সের সুযোগ নিতে আগ্রহী শিক্ষকেরা যথাযথ ভাবে ফরম পূরণ করে পাঠাবেন। বিস্তৃত বিবরণ অফিস থেকে জানা যাবে।

সক্রিয় সহযোগিতার অপেক্ষায় রইলাম।

স্বাঃ অস্পষ্ট
ডি. আই অব স্কুলস্ সেকেণ্ডারী এডুকেশন
কলিকাতা

SIX MONTHS CORRESPONDENCE CUM FIFTEEN DAYS CONTACT COURSE FOR HIGH SCHOOL TEACHERS

ORIENTATION OF TEACHERS FOR TEN-YEAR SCHOOLING

Note : Teachers who have attended this course in the previous year for a particular subject should not apply.

1. (a) Name of the teacher (in Block Letters) : ... ...
(b) Designation : ... ...
2. Sex : ... ...
3. Father's/Husband's/Guardian's Name : ... ...
4. Permanent (Home) Address (in Block Letters) : Vill.......... P.O.......... Dist......... Via......... State......... Pincode No.........
5. (a) Name & Postal Address of the school in which the Teacher is working (in Block Letters) : Vill........... P.O.......... Via......... Dist......... State......... Pincode No.........
(b) Government or Private School ... ...
6. Details of vacation of your school : Dates From.............. To................ (Total Days..............)
(a) Summer Vacation :
(b) Durga Puja Holidays :
(c) X-mas/Winter Holidays :
7. Educational Qualifications :

Degree	Subject offered	Year
B. A./B. Sc.		
M. A./M. Sc.		
B. Ed./B. T.		
M. Ed.		
Any other		

8. Total Teaching Experience : ...... Year......Months......Days
9. Details of subjects taught—

Classes	Subject	Years	Months	Days
IX				
X				

10. Have you attended this course previously ?
If so indicate the subject :
11 Groups & Subjects covered in the C. C. Course.
(a) Physical Sciences Group (Chemistry & Physics)
(b) Biological Sciences (Botany & Zoology)
(c) Hindi (as the Second Language)
(d) English
(e) History & Civics
(f) Economics & Geography
(g) Art & Culture
(h) Mathematics

(Please mention any one group of your preference in which you would like to be enrolled) Group : ....

Date........ Signature of the Candidate

কর্তৃপক্ষের প্রয়োজনীয় বক্তব্য

1. এই করেসপণ্ডেন্স কোর্সের মেয়াদ ছয়মাস এবং তা হবে করেসপণ্ডেন্স লেসনের মাধ্যমে।
2. এই কোর্সের শেষে প্রার্থীদের একসঙ্গে কয়েকজন করে ১৫ দিনের জন্য রিজিওন্যাল কলেজ অব এডুকেশন, ভুবনেশ্বরে ডাকা হবে। স্কুল কর্তৃপক্ষ শিক্ষকদের কোর্সে উপস্থিতির জন্য কর্তব্যরত (on duty) এবং তাঁর জন্য তাদের টি.এ. দেওয়া যেতে পারে।
3. এই ১৫ দিনের কোর্সের জন্য শিক্ষকদের কলেজ থেকে থাকা-খাওয়ার ব্যবস্থা করা হবে।
4. স্কুল কর্তৃপক্ষ প্রার্থীদের দরখাস্তে সীল ও স্বাক্ষর দেবেন।

Forwaded to the Dist, Inspector of Schools,
Signature with date & Rubber Stamp of the Headmaster
Recommended and forwarded to the Principal,
Correspondence Cell, Regional College of Education,
Bhubaneswar—751007.

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সার্কুলার নং SO/301(7500) dt. 22nd Aug., 1978

To
The Heads of all recognised Higher/Junior High Schools in West Bengal.

বিষয়: 1978 সালের ডিসেম্বর থেকে স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান শিক্ষকদের জন্য শারীর শিক্ষা ও ভূগোলের বিষয়ে ইন-সার্ভিস স্বল্পকালীন ট্রেনিং কোর্স

এই মর্মে জানান হচ্ছে যে, মধ্যশিক্ষা পর্ষদ ভূগোল ও শারীর শিক্ষায় তিন মাসের ট্রেনিং কোর্স, ১৯৭৮ সালের ডিসেম্বর থেকে চালু করবার সিদ্ধান্ত নিয়েছেন, বিস্তৃত বিবরণ নীচে দেওয়া হল। অন্যান্য বিষয়েও যথাসময়ে অন্যান্য কোর্সের জন্য ব্যবস্থা নেওয়া হবে। শারীর শিক্ষা, ভূগোল ও ওয়ার্ক এডুকেশনে অগ্রাধিকার দেওয়ার কারণ হচ্ছে, এইসব বিষয়ে ট্রেণ্ড শিক্ষকের অভাব। প্রস্তাবিত শিক্ষকের নাম নির্ধারিত ফরমে বোর্ডে সুপারিশ করে পাঠাবেন। আশা করা যাচ্ছে, আপনার স্কুল কর্তৃপক্ষ এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা বোধ করে শিক্ষকের নামের তালিকা পাঠাবেন। অগ্রাধিকার দরখাস্ত পেশ করার তারিখের ভিত্তিতে ঠিক করা হবে।

শারীর শিক্ষায় তিন মাসের ট্রেনিং কোর্স

১৯৭৮ সালের জুনের পর্ষদবার্তায় বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে যে, পর্ষদ কর্তৃক তিন মাসের ট্রেনিং কোর্স ১৯৭৮ সাল থেকে চালু হচ্ছে, এবং তা রাজ্যের চারটি বিভিন্ন কেন্দ্রে বর্তমান পুরুষ ও মহিলা শিক্ষকদের জন্য ব্যবস্থা করা হয়েছে এবং তা চলতে থাকবে।

পুনর্গঠিত মাধ্যমিক শিক্ষায় শারীর শিক্ষা পাঠ্যক্রমের এক অবিচ্ছেদ্য অঙ্গরূপে স্বীকৃতি লাভ করেছে। এখন শারীর শিক্ষা ৬ষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক পাঠ্যক্রম। কিন্তু মাধ্যমিক স্কুলে ট্রেণ্ড শারীর শিক্ষকের যথেষ্ট অভাব আছে। যদিও ইতিমধ্যে রাজ্যে কয়েকটি পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং কলেজ স্থাপিত হয়েছে, কিন্তু ঐ ট্রেনিং কলেজে ভর্তির সংখ্যা ৩৬০-এর বেশী নয়। কিন্তু পশ্চিমবঙ্গে সেকেণ্ডারী স্কুলের সংখ্যা আট হাজার। কাজে প্রত্যেকটি ট্রেনিং স্কুলে ট্রেণ্ড শারীর শিক্ষক যোগাতে হলে বেশ কিছুকাল কেটে যাবে।

যখন ১৯৭৪ সালে পরিশোধিত পাঠক্রম চালু করা হল, তখন বেশ কিছু সংখ্যক স্বেচ্ছা-প্রতিষ্ঠান শিক্ষকদের স্বল্পকালীন ট্রেনিং দিতে সহযোগিতার হাত বাড়ালেন। স্বেচ্ছাপ্রতিষ্ঠানগুলোর আয়োজিত ট্রেনিং কোর্সের সময়কাল দু'সপ্তাহ থেকে চার সপ্তাহ এবং বিভিন্ন বিষয়ে। যেসব শিক্ষক ঐ স্বেচ্ছা-প্রতিষ্ঠান থেকে ট্রেনিং নিয়েছেন, তাঁদের আরও ট্রেনিং দরকার, শারীর শিক্ষার প্রোগ্রামকে রূপায়িত করার কাজে তাঁদের ভালভাবে কাজে লাগাতে হবে।

পর্ষদ এই ব্যাপারে স্কুলে কমপক্ষে প্রয়োজনীয় শারীর শিক্ষার রূপায়ণে ব্যাপক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছেন। ভবিষ্যতে এইসব স্বল্পকালীন ট্রেনিংপ্রাপ্ত শিক্ষক পুরো ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকের নানাভাবে সহায়তা করতে পারবেন, যেহেতু একজন শারীর শিক্ষকের পক্ষে ৩০০ জনের ছাত্রের বেশী সংখ্যার প্রতি নজর দিতে পারেন না।

পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং কলেজগুলোতে ভর্তির ব্যাপারে আরও বেশী সংখ্যক প্রার্থীকে সুযোগ দেওয়ার জন্য কলেজ কর্তৃপক্ষকে সরকার অনুরোধ জানাচ্ছেন।

এই ট্রেনিং কোর্স আবাসিক ও অনাবাসিক দুই হবে। ট্রেনীদের ডেপুটেড বলে বিবেচনা করা হবে। কিন্তু তাঁদের স্থানে কোন বদলী শিক্ষকের ব্যবস্থা করা হবে না। আবাসিক ট্রেনীকে মাসিক ১৫০ টাকা ভাতা দেওয়া হবে এবং অনাবাসিককে দেওয়া মাসিক ৫০ টাকা। উভয়দিকে আসা-যাওয়া-বাবদ অনধিক ৫০ টাকা হাতখরচ দেওয়া হবে। প্রত্যেকটি কোর্সের শেষে তাঁদের কৃতকার্যতার ভিত্তিতে সার্টিফিকেট দেওয়া হবে।

প্রথম পদক্ষেপে নিম্নলিখিত শিক্ষা প্রতিষ্ঠানে চারটি ট্রেনিং সেণ্টার খোলা হবে।

(1) সি. ডি. পি. হাই স্কুল, বড়শূল উন্নয়নী, পোঃ বড়শূল, জেলা বর্ধমান। (2) অমরকানন দেশবন্ধু হাই ও সেকেণ্ডারী বিদ্যালয়, পোঃ অমরকানন, জেলা বাঁকুড়া। (3) শিলিগুড়ি বয়েজ হাই স্কুল, পোঃ শিলিগুড়ি, জেলা দার্জিলিং। (4) পোষ্ট গ্রাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ, বাণীপুর, ২৪ পরগণা।

প্রথম তিনটি কেন্দ্র পুরোপুরি পুরুষ শিক্ষকদের জন্য, কিন্তু পি. জি. ট্রেনিং কলেজ, বাণীপুর পুরুষ ও মহিলা শিক্ষকদের জন্য এবং পি. জি. ট্রেনিং কলেজে কিছু সংখ্যক মহিলার জন্য আবাসিক ব্যবস্থা করা হবে।

ভর্তির নিয়মাবলী

1. শিক্ষক/শিক্ষিকাদের গ্রাজুয়েট হতে হবে এবং তাঁরা সকলেরই বয়স ২৫ বছরের নীচে এবং শারীরিক দিক থেকে পটু।
2. শিক্ষকদের স্থায়ীপদে কর্মরত অথবা স্থায়ী হতে হবে।
3. শারীর শিক্ষায় শর্ট কোর্স ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকদের বয়স পাঁচ বছর পর্যন্ত বাড়ান যেতে পারে।
4. স্কুলে তিনশ জন ছাত্রের বেশী ছাত্রসংখ্যা থাকলে দ্বিতীয় একজন শিক্ষককে ডেপুটেশনে পাঠান যেতে পারে। স্কুলে একজন ট্রেণ্ড টীচার থাকলেও ক্ষতি নেই।

নির্ধারিত ফরম যথাযথ পূরণ করে দরখাস্ত স্পেশ্যাল অফিসার, ফিজিক্যাল এডুকেশন, পশ্চিমবঙ্গ শিক্ষা পর্ষদের ঠিকানায় পাঠাতে হবে। দরখাস্ত প্রাপ্তির তারিখের অগ্রাধিকারের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। ট্রেনিং-এর শুরু হবে জানুয়ারী, ১৯৭৮ থেকে এবং প্রতিটি সেণ্টারে বছরে তিনটি ট্রেনিং সংঘটিত হবে।

দরখাস্তের নমুনা

1. প্রস্তাবিত শিক্ষকের নাম।
2. স্কুলের নাম, ইনডেক্স নং ও স্কুলের অবস্থা বা পদমর্যাদা (যেরূপ জুনিয়ার হাই/স্কুল।)
3. ছেলেদের/মেয়েদের স্কুল অথবা সহশিক্ষামূলক।
4. পুরো ঠিকানা—
5. প্রস্তাবিত শিক্ষাগত যোগ্যতা, (কোন স্বেচ্ছা-প্রতিষ্ঠানের স্বল্পকালীন ট্রেনিং-এর যোগ্যতা থাকলে প্রভৃতি)।
6. জন্ম তারিখ— / 31.10.'78 তারিখে বয়স—
7. শিক্ষক স্কুলের শারীর শিক্ষার প্রোগ্রামে সক্রিয় অংশ গ্রহণ করেন কিনা।
8. শিক্ষক স্থায়ীপদে নিযুক্ত / স্থায়ীভাবে কাজ করছেন কিনা।

স্কুলের সীল-মোহর
তারিখ

সেক্রেটারী/প্রধান/প্রধানার
স্বাক্ষর

ভূগোলে তিন মাসের ট্রেনিং

এই মর্মে জানান হচ্ছে যে, পর্ষৎ বর্তমান শিক্ষক / শিক্ষিকা, যাঁরা অনুমোদিত সেকেণ্ডারী স্কুলে কর্মরত আছেন এবং যাঁদের ডিগ্রী কোর্সে অন্যতম বিষয় হিসেবে ভূগোল ছিল, তাঁদের জন্য তিন মাসের ব্যাপক ট্রেনিং-এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই

কোর্সে থিওরিটিক্যাল ও প্র্যাকটিক্যাল উভয় দিকে প্রাধান্য দেওয়া হয়েছে, যাতে ট্রেনিং শেষে তাঁরা সিলেবাসের বিষয়বস্তুর বাস্তব দিকটার প্রতি নজর দিতে পারেন।

এই ট্রেনিং কোর্স কেবলমাত্র সেকেণ্ডারী স্কুলের স্থায়ীপদে যারা ভূগোলের শিক্ষক হিসেবে নিযুক্ত, তাঁদের জন্য। তাঁদের সায়েন্স বা কমার্সে গ্রাজুয়েট হলে ভাল হয়। আর্টস গ্রাজুয়েটদের বি-টি/বি-এডে ভূগোল মেথড সাবজেক্ট হিসেবে থাকলে অথবা যাঁরা অনেকদিন ভূগোল পড়াচ্ছেন, তাঁরাও দরখাস্ত করতে পারবেন। টীচার-ট্রেনীদের ট্রেনিং কালে ডেপুটেড বলে ধরে নেওয়া হবে। তাঁদের মাসে ১৫০ টাকা স্টাইপেণ্ড ও টি.এ. হিসেবে মাসিক ৫০, টাকা দেওয়া হবে। তবে ১৫০, টাকা স্টাইপেণ্ডপ্রাপ্ত শিক্ষককে আবাসিক হতে হবে, আর যাঁরা নিজেদের বাড়ী-ঘর থেকে আসবেন, তাঁদের জন্য মাসিক ৫০, টাকা।

প্রথম স্তরে নিম্নলিখিত কলেজগুলোকে ট্রেনিং-এর জন্য বাছাই করা হয়েছে :—

1. প্রেসিডেন্সী কলেজ, কলকাতা, 2. বিদ্যাসাগর কলেজ, কলকাতা, 3. ইনষ্টিটিউট অব এডুকেশন ফর ওমেন, চন্দননগর, হুগলী।

প্রত্যেকটি ট্রেনিং কোর্সে অনধিক ৬০ জন ট্রেনীকে ভর্তি করা হবে এবং বছরে তিনটি ট্রেনিং কোর্স চালু থাকবে। চন্দননগর ইনষ্টিটিউট অব্ এডুকেশন ফর ওমেন একান্ত ভাবে মহিলা শিক্ষকদের জন্য। ট্রেনীদের থাকার ব্যবস্থাটা নিজেদের করে নিতে হবে তবে কিছু সংখ্যক সীট মহিলা শিক্ষকদের জন্য ব্যবস্থা করা যেতে পারে। জিওগ্রাফীতে ট্রেনিং ১৯৭৮ সালের জানুয়ারী থেকে আরম্ভ হবে। কোর্সের শেষে কৃতকার্যতার ভিত্তিতে ট্রেনীদের সার্টিফিকেট দেওয়া হবে।

ইচ্ছুক মাধ্যমিক স্কুলের পক্ষ থেকে ভূগোল ট্রেনিং কোর্সে যোগদানেচ্ছু প্রার্থীদের নামঠিকানা নির্ধারিত ফরমে অফিসার, স্পেশ্যাল ডিউটি, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের কাছে পাঠাতে হবে। দরখাস্ত প্রাপ্তির তারিখের অগ্রাধিকারের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

দরখাস্তের নমুনা

1. স্কুলের নাম, পুরো ঠিকানা, ইনডেকস নং—বয়েজ / গার্লস / সহশিক্ষামূলক
2. স্কুলের অবস্থা, পদমর্যাদা (Status) যেমন, High/Jr. High, বোর্ডের মেমো নং অনুমোদন বা স্বীকৃতি এবং Extension-এর তারিখ।
3. প্রস্তাবিত ডেপুটেড শিক্ষকের নাম।
4. শিক্ষাগত যোগ্যতা ডিগ্রী কোর্সে—
5. 31.10.79 তারিখে বয়স—
6, শিক্ষক ভূগোলের শিক্ষক হলে, কোন্ কোন্ ক্লাশে ভূগোল পড়ান।
7. শিক্ষকের পদ স্থায়ী হয়েছে কিনা বা স্থায়ী পদে নিযুক্ত কিনা, তাঁর নিয়োগ অনুমোদিত কিনা।

8. দূরবর্তী স্কুলের মহিলা শিক্ষক হলে তিনি নিজে (i) প্রেসিডেন্সী কলেজ, (ii) বিদ্যাসাগর কলেজ, কলকাতা, ইনষ্টিটিউট অব এডুকেশন, চন্দননগর—এর কাছাকাছি কোন স্থানে থাকার ব্যবস্থা করতে পারেন কিনা।
9. চন্দননগর ইনষ্টিটিউট অব এডুকেশনে ডেপুটেশন পেলে তিনি হোষ্টেলে থাকতে ইচ্ছুক কিনা, যদি তিনি দূরবর্তী স্কুলের শিক্ষিকা হন।

স্কুলের শীল

প্রধান / প্রধানার স্বাক্ষর

তারিখ—

স্বাক্ষর—
এ. সি. বিশ্বাস
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

(C. S. Training Branch)

No. $\frac{\text{1058-Edn (Cs)}}{\text{14A—4/81}}$ dt 20th June, 1983

বিষয়ঃ বি-টি / বি-এড কোর্সে ভর্তির জন্য দ্বাদশ শ্রেণী পর্যন্ত মাধ্যমিক বিদ্যালয়ের আনট্রেণ্ড শিক্ষক / শিক্ষিকাদের বয়ঃসীমা

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, দ্বাদশ শ্রেণী পর্যন্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বি-টি / বি-এড কোর্সে ভর্তির বয়ঃসীমা কমানোর প্রশ্নটি বেশ কিছুকাল যাবৎ সরকারের চিন্তাভাবনার স্তরে ছিল। বিশেষ বিচার-বিবেচনার পর নিম্ন স্বাক্ষরকারী রাজ্যপালের আদেশে জানাচ্ছেন যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে সমস্ত পূর্বাপর আদেশ শিথিল করে জানাচ্ছেন যে, এখন থেকে ভর্তির ব্যাপারে কর্মরত সেকেণ্ডারী স্কুলে (in-service teachers) কোন উর্ধ্ব বয়ঃ বলে কিছু থাকবে না। রাজ্যের ট্রেনিং কলেজ / কলেজের ট্রেনিং ডিপার্টমেণ্টে ভর্তির বয়ঃসীমা তুলে দেওয়া হল।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

মধ্যশিক্ষা পর্যদ্‌, পশ্চিমবঙ্গ

সার্কুলার No 2/Jan/53 dt 8th Janu, 1983

To
The Secretaries of the Managing Committees of all recognised High Schools.

প্রসঙ্গ : বালকদের স্কুলের আস্তানায় বালিকা বিদ্যালয় খোলা

প্রায় এই অফিসে বালকদের বিদ্যালয়ের আস্তানায় পৃথক ম্যানেজমেন্টের নেতৃত্বে বালিকা বিদ্যালয় খোলার অনুমতি লাভের জন্য দরখাস্ত পাওয়া যায়। এইরূপ দরখাস্ত বিবেচনার সময়, এটা একান্ত প্রয়োজন যে, বালকদের বিদ্যালয়ের সেক্রেটারীর মতামত ও বিভিন্ন শর্তাদি পূরণ সাপেক্ষে বয়েজ স্কুলের স্কুল-বাড়ীতে গার্লস্‌ স্কুলের প্রশ্নটি বিবেচিত হয়।

যে সব বালকদের স্কুলে বালিকাদের স্কুল খোলার ব্যবস্থা করা হচ্ছে, সেই স্কুলের সম্পাদকদের মতামত রিপোর্টের আকারে শীঘ্রই পর্যদে পাঠাতে হবে।

স্বাঃ এস. কে. সরকার
সেক্রেটারীর পক্ষে

মধ্যশিক্ষা পর্যদ্‌, পশ্চিমবঙ্গ

সার্কুলার No : 37/56 dt 16th July, 1956

To
The Heads of all Recognised High Schools.

প্রিয় মহাশয়,
রাজ্যে মেয়েদের শিক্ষার প্রশ্নে পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে :—

1. সহশিক্ষা : মধ্যশিক্ষা পর্যদ্‌ সহ-শিক্ষার নীতি সমর্থন করেননি। অতএব ছেলেদের স্কুলে মেয়েদের ভর্তি, আর মেয়েদের স্কুলে ছেলেদের ভর্তির কোন সুযোগ নেই।

কেবলমাত্র বিশেষ ক্ষেত্রে ব্যতিক্রম হিসেবে কোন কোন ছেলেদের স্কুলে কিছু সংখ্যক

মেয়ের ভর্তির ব্যাপারে পর্ষদ অনুমতি দিয়ে থাকেন, অবশ্য তাও বিভিন্ন শর্তাদি পূরণ সাপেক্ষে —১৯৫৫ সালের সার্কুলার নম্বর 48/55 (dt 17th Sept, 1955).

(i) পৃথক বসবার ব্যবস্থা।

(ii) পৃথক কমন রুমের ব্যবস্থা।

(iii) পৃথক সেনিটারী ব্যবস্থা (পায়খানা, প্রস্রাবখানা প্রভৃতি),

(iv) মেয়েদের জন্য স্কুলে আসা-যাওয়ার পথে রক্ষী ব্যবস্থা।

(v) অন্ততঃ পক্ষে একজন মহিলা শিক্ষককে নিযুক্ত করতে হবে। যদি ছেলেদের স্কুলে মেয়ে ছাত্রীদের সংখ্যা উপরের ক্লাশে ৩০ অতিক্রম না করে, তাহলে মহিলা শিক্ষকের দরকার নাও হতে পারে। ঐরূপ কোন মহিলা শিক্ষক ছেলেদের স্কুলে নিযুক্ত হলে, তাঁকে ম্যানেজিং কমিটির সভ্য হিসেবে নিয়োগ করতে হবে।

নিম্নলিখিত অতিরিক্ত শর্ত অভিজ্ঞতার আলোকে আরোপ করতে হবে :

(i) মেয়েদের সংখ্যা ধরে কোন ক্লাশে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা নির্ধারিত সংখ্যার সীমা অতিক্রম করতে পারবে না। মেয়েদের জন্য ঘরের মধ্যে পৃথক বসবার ব্যবস্থা করতে হবে। প্রতিটি ছাত্র-ছাত্রীর বসবার যে floor space-এর ব্যবস্থা করার নিয়ম আছে, এক্ষেত্রে তা 10 বর্গ ফুট করতে হবে। (ii) ক্লাশ VIII পর্যন্ত নীচের প্রতি ক্লাশে মোট ছাত্রী সংখ্যা ৩০ জনের বেশী হবে না। (iii) ক্লাশ IX এবং X-এ সাধারণতঃ কোন ছাত্রী ভর্তি করা চলবে না যদি এর পেছনে কোন বড় যুক্তি না থাকে। (iv) ক্লাশ IX এবং X-এ অস্থায়ী ভাবে ছাত্রী ভর্তি হতে পারে No. V-এর ওপরের প্যারা (2) অনুসারে। কিন্তু অভিভাবকদের ঐরূপ ক্ষেত্রে তাঁদের মেয়েদের অন্য গার্লর্স স্কুলে নিয়ে যাওয়ার জন্য বলা হবে।

(v) শহরে এক মাইলের মধ্যে এবং গ্রামে দুই মাইলের মধ্যে কোন গার্লস্ স্কুল থাকলে কোন ক্লাশে মেয়ে-ছাত্রী ভর্তি করা চলবে না, অবশ্য যদি উক্ত গার্লস্ স্কুলে অতিরিক্ত সংখ্যক ছাত্রী ভর্তি করা চলে।

2. বয়েজ স্কুলের সঙ্গে গার্লর্স সেকশন যুক্ত থাকলে :

যখনই যথেষ্ট সংখ্যক মেয়ে ছাত্রী ভর্তির কোন প্রশ্ন উঠে এবং কোন মেয়ে স্কুল পাওয়া যাচ্ছে না মেয়ে ভর্তির জন্য, সেখানে বয়েজ স্কুলকে গার্লর্স স্কুল খোলবার জন্য অনুমতি দেওয়া যেতে পারে এবং সেক্ষেত্রে পর্ষদ অনুমতি দিলে একই স্কুলে গার্লস্ স্কুলে খোলা যেতে পারে এবং উক্ত গার্লস্ স্কুলকে স্কুলের ঘর-বাড়ী, আসবাবপত্র ব্যবহারের অনুমতি দিতে হবে এবং সেক্ষেত্রে হাই স্কুল খোলবার স্বাভাবিক শর্ত ছাড়াও নিম্নলিখিত শর্তাদি পূরণ করতে হবে :—

(1) গার্লস্ স্কুলের শিক্ষকদের মধ্যে সবাইকে দিদিমণি (lady teacher) হতে হবে, অবশ্য বিশেষ অবস্থায় এই নীতি শিথিল করা যেতে পারে।

(ii) অভিভাবক, শিক্ষক, হিতকারী, দাতা প্রভৃতি সকলকে নিয়ে পৃথক ম্যানেজিং কমিটি গঠন করতে হবে। হেডমিসট্রেস বিদ্যালয়ের আভ্যন্তরীণ ব্যাপারে দায়িত্ব নেবেন।

(iii) গার্লস স্কুলের জন্য পৃথক সেনিটারী ব্যবস্থা, পৃথক কমন রুম এবং লাইব্রেরী প্রভৃতির ব্যবস্থা রাখতে হবে।

(iv) যেহেতু বয়েজ স্কুলের সকালবেলায় মেয়েদের স্কুল বসবে, সেহেতু মেয়েদের স্কুলকে আগে ছুটি দিতে হবে। তাতে অবশ্য মেয়েদের স্কুলের দৈনিক ক্লাসের সময় কম হয়ে যাবে, ফলে পঠন-পাঠনে ঘাটতি হবে এবং লম্বা ছুটি (vacation) কমিয়ে দিয়ে ক্লাশ নিতে হবে। অথবা ছেলেদের স্কুল যখন ছুটি থাকবে, তখন ক্লাশ নেওয়া হবে।

(v) ছেলে ও মেয়েদের স্কুলকে লিখিতভাবে একটি চুক্তিতে অঙ্গীকারবদ্ধ হতে হবে এবং তাতে লিখিত থাকবে ছেলেদের স্কুল মেয়েদের স্কুলকে কাজের সুবিধার জন্য সুযোগ-সুবিধা দেবেন। মেয়েদের স্কুল হোম সায়েন্স, ফিজিওলজি ও হাইজিন প্রভৃতি শিক্ষা দিতে সাধারণতঃ উৎসুক থাকেন, সেরূপ ক্ষেত্রে স্কুলে অতিরিক্ত স্থান সংকুলানের প্রয়োজনীয়তা রয়েছে। বয়েজ স্কুল গার্লস স্কুল সায়েন্সের যন্ত্রপাতি, যতদিন পর্যন্ত ওরা যোগাড় করতে সমর্থ না হয় ও অন্যান্য সুযোগ-সুবিধাদি দিতে হবে।

চুক্তিনামায় আরও লেখা থাকবে যে, বয়েজ স্কুলের প্রেসিডেণ্ট গার্লস স্কুলের ex-officio প্রেসিডেণ্ট হবেন এবং বয়েজ স্কুলের হেডমাস্টার গার্লস স্কুলের মেম্বর হবেন। পর্ষদ্ নিজস্ব ক্ষমতায় গার্লস স্কুলের প্রেসিডেণ্ট ও হেড মিসট্রেস ছাড়া অন্য একজন ম্যানেজিং কমিটির সভ্যকে বয়েজ স্কুলের সভ্য মনোনীত করতে পারেন।

এইরূপ গার্লস স্কুলকে বয়েজ স্কুলের আস্তানায় স্কুল করবার সুযোগ অস্থায়ীভাবে দেওয়া হতে পারে। যেহেতু গার্লস স্কুলের নিজস্ব সমস্যা থাকে এবং সিলেবাস ও ক্যারিকুলামে বয়েজ স্কুলের সঙ্গে অমিল রয়েছে, সেকারণে গার্লস স্কুলকে বয়েজ স্কুলের আস্তানায় চিরকাল না থেকে নিজেদের আবাসন খুঁজে নিতে হবে।

স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

মধ্যশিক্ষা পর্যদ্

সার্কুলার No 7/60 dt 14th March, 1960

বিষয় : বয়েজ স্কুলে সহ-শিক্ষা প্রবর্তন

পর্ষদের সার্কুলার No. 18/55 dt. 17.9.55-এ, যেখানে বয়েজ স্কুলের প্রধানকে পূর্ববর্তী বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত করতে বলা হয়েছে, যাতে করে পরবর্তী বছরের প্রথম থেকে সহশিক্ষা চালু হতে পারে। পরবর্তী সার্কুলার No. 37/56 dt. 16.7.56 তারিখে পুনরায় একই বিষয়ে অবতারণা করা হয়। কিন্তু দুর্ভাগ্যক্রমে, এটা

অনেক সময় লক্ষ্য করা গেছে যে, সারা বছর ধরে পর্ষদ সকাশে সহশিক্ষার অনুমতির জন্য দরখাস্ত করা হচ্ছে যাতে আগের থেকে (retrospective effect) অনুমতি দেওয়া হয়।

সারা বছর ধরে দরখাস্ত দেওয়ার ফলে নানা প্রশাসনিক অসুবিধা ও প্রতিবন্ধক দেখা দেয় এবং তা বন্ধ হওয়া উচিত। এরূপ স্কুল যথা সময়ে সহশিক্ষার জন্য দরখাস্ত না করার ফলে সহশিক্ষার অনুমতির অভাবে টুইশন ফীঃর টাকা পাওয়ার জন্য বিল করতে পারে না। ফলে, এডুকেশন ডাইরেক্টোরেটের পক্ষে টুইশন ফীঃ খাতে ছাড় দেওয়ার ব্যবস্থা করা অনেক অসুবিধাজনক হয়ে দাঁড়ায়।

সহশিক্ষার অনুমতি চাইতে হলে বয়েজ হাই স্কুলের প্রধানকে আগের বছরের ৩০শে সেপ্টেম্বরের পরিবর্তে ৩০শে নভেম্বরের মধ্যে পর্ষদ সকাশে দরখাস্ত পেশ করতে হবে।

সহশিক্ষার অনুমতি লাভের জন্য কোন দরখাস্ত নির্দিষ্ট করা তারিখের পরে পেশ করলে তা বিবেচিত হবে না এবং ফলে ভর্তি হওয়া মেয়েরাও টুইশন ফিসের কোন সুযোগ পাবে না।

দরখাস্তে নিম্নলিখিত বিবরণ বিস্তারিত ভাবে উল্লেখ করতে হবে :—

(a) ক্লাশে মেয়েদের পৃথক বসবার ব্যবস্থা করা হয়েছে কিনা।

(b) মেয়েদের জন্য পৃথক কমন রুম সুবিধার ব্যবস্থা করা হয়েছে কিনা।

(c) মেয়েদের জন্য পৃথক সেনিটারী (পায়খানা, প্রস্রাবখানা) ব্যবস্থা করা হয়েছে কিনা।

(d) মহিলা শিক্ষক নিযুক্ত করা হয়েছে কিনা (ওপরের দুটি ক্লাশে ৩০ জনের বেশী ছাত্রী না থাকলে মহিলা শিক্ষকের প্রয়োজন নাও হতে পারে। কোন মহিলা শিক্ষককে নিযুক্ত করলে তাকে ম্যানেজিং কমিটিতে কো-অপ্ট করে নিতে হবে।)

(e) বয়েজ হাই স্কুল থেকে গার্লস হাই স্কুলের দূরত্ব কতখানি।

উক্ত দরখাস্তের কপি সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের মাধ্যমে পাঠাতে হবে। অগ্রিম কপি পর্ষদের কাছে পাঠাতে হবে।

স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

Forms No. 54+No. 74

সার্কুলার No. 7/60 dt. 14.3.60 অনুযায়ী স্কুলকে নিম্নলিখিত সংবাদাদি সহ-শিক্ষার অনুমতির জন্য স্কুলকে জানাতে হবে :—

(a) ক্লাশরুমে মেয়েদের পৃথক বসবার ব্যবস্থা করা হয়েছে কিনা।

(b) ছাত্রীদের জন্য পৃথক কমনরুমের ব্যবস্থা করা হয়েছে কিনা।

(c) পৃথক সেনিটারী ব্যবস্থা আছে কিনা।

(d) মেয়েদের নিরাপদ যাতায়াতের লক্ষ্য রাখার জন্য কোন মেট্রন নিযুক্ত করা হয়েছে কিনা।

(e) একজন মহিলা শিক্ষককে স্কুলে নিযুক্ত করা হয়েছে কিনা
(মহিলা শিক্ষকের নিয়োগ—বয়েজ স্কুলের ওপরের ক্লাশে ৩০ জনের বেশী না থাকলে, নাও করা যেতে পারে। আবার যদি মহিলা শিক্ষক নিয়োগ করা হয়, উনি স্কুল ম্যানেজিং কমিটিতে কো-অপ্‌টেড হবেন।)

(f) বয়েজ স্কুল থেকে নিকটবর্তী গার্লস্ স্কুলের দূরত্ব।

(g) প্রত্যেক ক্লাশে ছাত্রীদের নাম ও বয়স।

(h) ম্যানেজিং কমিটির প্রস্তাব, প্রস্তাবের নম্বর ও তারিখ ও সহশিক্ষার জন্য স্বপারিশ।

(i) —তারিখ থেকে সহশিক্ষা চালু করবার জন্য ম্যানেজিং কমিটি গৃহীত প্রস্তাবের attested কপি।

(j) দু'ক্লাশ/চার ক্লাশ জুনিয়ার হাইস্কুল পর্ষতের স্বীকৃতি/প্রসারণ সম্পর্কে পর্ষতের মেমো নং ও তারিখ।

(k) কোন্ ক্লাশ পর্যন্ত কো-এডুকেশনের অনুমতি চাওয়া হচ্ছে।

(l) প্রত্যেকটি ক্লাশে ছেলে ও মেয়েদের সংখ্যা এবং প্রত্যেকটি ক্লাশের বসবার জায়গা (floor space) [ক্লাশ VIII থেকে নিচের ক্লাশে মোট ছাত্রী সংখ্যা প্রথমে ৩০ জনের বেশী হবে না এবং বসবার স্থানও যেন জনপ্রতি দশ ফুটের কম না হয়।]

(m) প্রতিটি ক্লাশের প্রত্যেক ছাত্রীর নাম ও বয়স।

(n) সহ-শিক্ষার অনুমতির প্রসারণ (extension) চাইতে হলে পর্ষদ। জিলা পরিদর্শক কর্তৃক প্রদত্ত আগেকার অনুমতি পত্রের নম্বর ও তারিখ পেশ করতে হবে। [এই ক্ষেত্রে চিঠির কপি সরবরাহ করতে হবে।]

(o) যদি এটা সহশিক্ষা প্রবর্তনের ব্যাপার হয়, তাহলে ম্যানেজিং কমিটির প্রস্তাবের নম্বর ও তারিখ, ঐক্যমত প্রস্তাব জানাতে হবে। ছাত্রীদের ভর্তির সময় অভিভাবকের সম্মতি নেওয়া হয়েছিল কিনা।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

77/2, পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

No. $\frac{\text{S/134}}{\text{G/Misc/374}}$ dt. 2.3.84

বিষয়ঃ 31.12.83 তারিখের পর সহশিক্ষার অনুমতির প্রসারণ

এতদ্ দ্বারা জানান যাচ্ছে যে, পর্ষদের এক্সিকিউটিভ কমিটি ১৯৮৪ সালের ২৪শে ফেব্রুয়ারী পর্ষদের ২৫তম সভায় এরূপ প্রস্তাব গ্রহণ করা হয়েছে যে, যে সব স্কুলের

সহশিক্ষার সময় কাল ১৯৮৩ সালের ৩১শে ডিসেম্বর শেষ হয়ে গেছে, তাদের সহ-শিক্ষার সুযোগ ১৯৮৫ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাড়ান হল।

2. এই আদেশ সেইসব স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যাদের স্কুলে প্রথমবার সহশিক্ষার অনুমতি পাওয়া গিয়েছে এবং জেলা স্কুল পরিদর্শকের মাধ্যমে অনুমতি বাড়াবার আবেদন জানানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে।
3. বোর্ড যেসব স্কুল থেকে সহশিক্ষার অনুমতি প্রত্যাহার করে নিয়েছেন, তাদের বেলায় এই সার্কুলার প্রযোজ্য নয়।
4. ইত্যবসরে কোন স্কুলের থেকে সহশিক্ষার অনুমতি প্রত্যাহার করার প্রয়োজন-বোধে কিছু ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

স্বাঃ এ. কে. দাশগুপ্ত
ডেপুটি সেক্রেটারী, জেনারেল

মধ্যশিক্ষা পর্ষদ্‌, পশ্চিমবঙ্গ

সার্কুলার No. 15/58 dt. 27.6.58

To

The Heads of all Recognised High Schools.

বিষয় : স্কুলে কিউমিলেটিভ (ক্রমপুঞ্জিত) কার্ড এবং অবজেক্‌টিভ্‌ (বাস্তব) টেষ্ট

মাধ্যমিক শিক্ষা কমিশন বর্তমান শিক্ষা ব্যবস্থার সংস্কার এবং ছাত্রদের ক্রমোন্নতি ও অভীষ্ট লাভের মূল্যায়ন সম্বন্ধে এক গুরুত্বপূর্ণ প্রস্তাব দিয়েছেন। কমিশনের মতে বর্তমানে যে ভাবে পরীক্ষা পরিচালিত হচ্ছে, তা আমাদের ছাত্রদের মানসিক উৎকর্ষ নির্ণয়ে বা মূল্যায়ন করতে বিশেষ একটা সাহায্য করে না। তার জন্য কমিশন সুপারিশ করেছেন যে,

(i) প্রত্যেক ছাত্র/ছাত্রীর স্কুলে দৈনন্দিন কাজ-কর্মের, মাসে মাসে বা এক একটা টার্মে বা বছরে বছরে কি কি কাজ-কর্ম করল, তার একটা ধারাবাহিক স্কুল রেকর্ড রাখতে হবে। এরূপ স্কুল রেকর্ডে ছাত্র/ছাত্রীর শিক্ষার বিভিন্ন স্তরে কতটা মানসিক ও আত্মিক উন্নতি হচ্ছে তার একটা ধারাবাহিক বিবরণ পাওয়া যাবে।

(ii) রচনামূলক পরীক্ষায় আত্মকেন্দ্রিক ভাবাবেগ (subjectivity) কমিয়ে objective type test ও প্রশ্নের ধারার পরিবর্তন করার ওপর জোর দেওয়া হয়েছে।

সর্ব ভারতীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ্‌ (All India Council of Secondary Education) এই সমস্ত প্রস্তাব পরীক্ষা করেছেন এবং বরোদা ভূপাল ও নিউ দিল্লীতে সর্বভারতীয় আলোচনা চক্র সংগঠিত করে সমস্যার গভীরে যাওয়ার চেষ্টা করেছেন এবং প্রতিবিধানের পন্থা বের করেছেন। আলোচনা চক্রের সুপারিশগুলো সমস্ত রাজ্যের বোর্ড অব্‌ সেকেণ্ডারী এডুকেশনের বিবেচনার জন্য পাঠিয়েছেন।

বোর্ড একটি এক্সপার্ট কমিটি গঠন করে সুপারিশগুলোর পরীক্ষা-নিরীক্ষা করেছেন। তারা অনুভব করেছেন যে, যদিও কতকগুলো ব্যবস্থাকে কার্যকরী করতে সময়ের দরকার, কিন্তু কিছু কিছু ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা যেতে পারে।

তাই বোর্ড সমস্ত অনুমোদিত হাইস্কুলের কর্ণধারকে নিম্নোক্ত বিষয়গুলো আরম্ভ করবার জন্য অনুরোধ জানাচ্ছেন—

(i) স্কুলের বর্ষ শুরু হতেই ক্লাশ VI ও IX কিউমিটিভ রেকর্ড কার্ড চালু করা এবং

(ii) নৈর্ব্যক্তিক প্রশ্ন (Objective type test) এবং ছোট্ট উত্তরমূলক (Short answer type question) নবম শ্রেণী পর্যন্ত চালু করা এবং পরবর্তী বছরে (i.e. 1959) দশম শ্রেণীতেও চালু করা।

পর্ষদ প্রস্তাব করেছেন যে, স্কুল ফাইন্যাল পরীক্ষায় ২০% থেকে ২৫% প্রশ্ন এরূপ প্রশ্নের জন্য থাকবে। হঠাৎ স্কুল ফাইনাল পরীক্ষায় এরূপ প্রশ্ন করলে পরীক্ষার্থীরা ঘাবড়ে যেতে পারে, তাই স্কুলের সাময়িক পরীক্ষাগুলোতে এ ধরণের প্রশ্ন চালু করা হউক।

কিউমিলেটিভ রেকর্ড কার্ড ও অবজেকটিভ টেষ্ট সম্বন্ধে মন্তব্য নিচে দেওয়া হল—

পর্ষদ Objective Test-এর ওপর একটি বই রচনা করছেন এবং এর সঙ্গে তাতে সমস্ত ক্লাশের উপযোগী বিভিন্ন বিষয়ের উপর নমুনা প্রশ্ন দেওয়া থাকবে। অবজেকটিভ টেষ্ট ও কিউমিলেটিভ রেকর্ড কার্ড তৈরী করতে কোন অসুবিধার সম্মুখীন হলে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ, 25/3 বালিগঞ্জ সার্কুলার রোডের ঠিকানায় ব্যুরো অব এডুকেশান্যাল এণ্ড সাইকোলজিক্যাল রিচার্স সেণ্টারের সাথে যোগাযোগ করা যেতে পারে।

স্বাঃ ডি. পি. রায়চৌধুরী
সেক্রেটারী

কিউমিলেটিভ রেকর্ড কার্ড সংরক্ষণ বিষয়ের বক্তব্য

A. সাধারণ নির্দেশাবলী :

এক কপি ছাপান কিউমিলেটিভ রেকর্ড কার্ড এই সঙ্গে পাঠান হল। শ্রীকালী প্রেস ৬৫ ও ৬৭, সীতারাম ঘোষ স্ট্রীট, কলি-৯ থেকে ১০০ কপি কার্ডের জন্য ১০·৬৯ পয়সা এবং সেলস টেক্স দিলে পাওয়া যাবে। এই কার্ড ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের ব্যুরো অব সাইকোলজিক্যাল রিচার্সের সহযোগিতায় তৈরী করা হয়েছে—এতে মূল প্রয়োজনীয় বিষয়গুলো সন্নিবেশিত করা আছে। স্কুল প্রয়োজনবোধ করলে এর সঙ্গে কিছু যোগও করতে পারেন, কিন্তু রেকর্ড রাখা ও মূল্যায়ণ পদ্ধতিতে কোন পরিবর্তন চলবে না।

B. কার্ডের ধরণ এবং এর ব্যবহার :

1. স্কুলের প্রগতিপত্র বা প্রোগ্রেস রিপোর্ট থেকে কিউমিলেটিভ রেকর্ড কার্ড আলাদা। প্রগতিপত্রের মত পিতামাতা অথবা অভিভাবকের কাছে কার্ড পাঠাতে হবে না।
2. কিউমিলেটিভ রেকর্ড কার্ড একটি গোপনীয় দলিল; স্কুল এই দলিলের যথাযথ রক্ষণাবেক্ষণ করবেন; এতে ছাত্র/ছাত্রীদের সম্বন্ধে বোধগম্য সংবাদাদি থাকবে। পিতা-মাতার বিশেষ অনুরোধে কিউমিলেটিভ রেকর্ড কার্ড তাঁদের দেখতে দেওয়া যেতে পারে—যাতে তাঁদের ছেলেমেয়েদের সম্বন্ধে আস্থা জন্মে।
3. 'কার্ড' শব্দটির পূর্বে 'কিউমিলেটিভ' শব্দটি বসান হয়েছে এইজন্যে যে, ছাত্র/

ছাত্রীর রেকর্ড কোন একটি নির্দিষ্ট বিষয়ে (যেমন ইংরাজী ভাষায় ব্যুৎপত্তি) কিউমিলেটিভ নীতিতে সংরক্ষণ করা হয়, অর্থাৎ একটির পর একটি রেকর্ড ধারাবাহিকভাবে রাখা হয়, যাতে করে কোন বিষয়ে তার পুরোপুরি ছবি খুঁজে পাওয়া যায়। প্রত্যেক শিক্ষক ছেলেমেয়ের সম্বন্ধে একটি নোট রাখবেন, যাতে করে ছেলে/মেয়ের সম্বন্ধে যা কিছু প্রয়োজনীয় তার নোট সময়ে সময়ে রাখবেন।

4. কিউমিলেটিভ রেকর্ড কার্ডের একটি নির্ভরযোগ্য কপি (অথবা এর কোন অংশ অর্থাৎ যেসব নম্বর হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় পাঠানোর দরকার হয় না) বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন চাইলেই পাঠাতে হবে।
5. ছাত্র/ছাত্রী অন্য স্কুলে ট্রান্সফার নিলে তার কার্ডের একটি কপি ঐ স্কুলে পাঠাতে হবে।
6. স্কুল ঐ রেকর্ড কার্ড নিম্নলিখিত কাজে লাগাবে, (a) পরবর্তী উঁচু ক্লাশে ছাত্র/ছাত্রীকে প্রমোশন দেওয়ার সময়ে, (b) ছাত্র/ছাত্রীর স্বাস্থ্যের উন্নতি বিধানে বিশেষ ব্যবস্থা নেওয়া, শিক্ষায় অগ্রগতি, ব্যক্তিত্ব বর্ধন, প্রভৃতি বিষয়ে যখন দরকার হবে। (c) ছাত্র/ছাত্রীর ভবিষ্যৎ জীবন গঠনে (স্কুল ছেড়ে গেলে কি জাতীয় কর্মসংস্থান খুঁজবে) সংক্ষেপে বলতে গেলে সি. আর. সি. (C. R. C.) ছাত্র/ছাত্রীর সম্বন্ধে একটি সমগ্র ধারণা করার মত একটি নির্ভরযোগ্য দলিল, যা তার সম্বন্ধে যে কোন সিদ্ধান্তে পৌছুতে সাহায্য করবে।

C. রেকর্ড কার্ড কিভাবে সংরক্ষণ করতে হবে :

1. রেকর্ড কার্ডে তিন বছরের রেকর্ড রাখা যায়—একটি ক্লাশ VI-এ আরম্ভ করে ক্লাশ VIII পর্যন্ত আর একটি নূতন কার্ড ক্লাশ IX-এ চালু করতে হবে। এবং তা তার স্কুলের পরবর্তী সময়ের জন্য।
2. শ্রেণী শিক্ষক (অথবা ছাত্র/ছাত্রীর সম্বন্ধে সম্পূর্ণ ওয়াকিবহাল এমন যে কোন শিক্ষক) রেকর্ড কার্ড সংরক্ষণ করবেন। স্কুলের ট্রেণ্ড-টীচার-উপদেষ্টাদের কাছ থেকে বিশেষ সহায়তা (specialist help) পাওয়া যেতে পারে। তিনি প্রধানের তত্ত্বাবধানে কাজ-কর্মের পরিকল্পনা করবেন।
3. রেকর্ড কার্ডে কিভাবে বিভিন্ন জিনিস লিখতে হবে, তার ইশারা দেওয়া থাকবে। নিম্নলিখিত ইশারাগুলো আরও কাজে আসতে পারে—
   (i) **হেলথ রেকর্ড :** স্কুলে যোগ্য মেডিক্যাল অফিসার থাকলে পৃথকভাবে হেলথ রিপোর্ট তৈরী করতে পারেন এবং রেকর্ড কার্ডের সঙ্গে তা রাখা হবে।

   মনে রাখতে হবে যে, 'হেলথের' সম্বন্ধেই সবকিছু রেকর্ড থাকবে, দেহের (Physique) সম্বন্ধে নয়।

   (ii) **কো-ক্যারিকুলার কাজকর্ম :** শ্রেণী শিক্ষকই ছাত্রী/ছাত্রীর কাজ-

কর্মের সবচেয়ে যোগ্য বিচারক নন। যেসব শিক্ষকের ওপর বিশেষ বিশেষ কাজ-কর্ম তদারকির ভার থাকবে তারা শ্রেণী-শিক্ষকের তাঁদের অনুসন্ধানী রিপোর্ট দেবেন। ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষকেরা বছরে অন্ততঃ দু'বার ছাত্র-ছাত্রীর কৃতকার্যতার হিসেব-নিকেশ (ratings) রেকর্ড করবেন। স্কুলে যে কাজের সুযোগ নেই, তার ওপর যাচাই চলবে না।

(iii) **উৎসাহ (interest) :** যথোপযুক্ত কাজের মাধ্যমেই ছাত্র/ছাত্রীদের উৎসাহ লক্ষ্য করা যায়। তা শিক্ষায় খুব প্রয়োজনীয়।

নীচে এরূপ উৎসাহব্যঞ্জক কিছু কিছু কাজকর্মের নমুনা দেওয়া হল :—

সাহিত্যমূলক : বিতর্ক, সাহিত্যসভা, স্কুল ম্যাগাজিনে উৎসাহ, কবিতা-প্রবন্ধপাঠ প্রভৃতি।

বিজ্ঞানমূলক : বৈজ্ঞানিক যন্ত্রপাতি নাড়াচাড়া, বিজ্ঞানমূলক সাহিত্যের পাঠ, ছোট-খাটো বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা, পরিবেশকে জানার আগ্রহ।

টেক্নিক্যাল : যন্ত্রপাতি নিয়ে কাজকর্ম, মেরামতি কাজে আগ্রহ, শিল্পকেন্দ্র পরিদর্শন এবং কারখানা প্রভৃতি স্থাপন দেখা, ক্রাফট বা হস্তশিল্পে অংশ গ্রহণে আনন্দ।

শিল্পমূলক (Artistic) : অংকন ও রঙের কাজ, ফটোগ্রাফী, হাতের কাজ, ছবি এবং প্রদর্শনী দেখা, অংশ গ্রহণ, ফাইন আর্টস্।

সঙ্গীতমূলক : যন্ত্রসঙ্গীত, কণ্ঠসঙ্গীত, নৃত্যশিল্প, বাদ্যযন্ত্রের ব্যবহার, সঙ্গীত ও নৃত্যের বইপত্র পাঠ।

কৃষি বিষয়ক : চারাগাছ এবং শাক-সব্জি উৎপাদনে উৎসাহ, উদ্যান, পশুপালন, কৃষি বিষয়ক বই-পত্র পাঠ, কৃষিমেলা পরিদর্শন।

বাণিজ্যিক : স্কুলে এবং বাড়ীতে হিসাব-পত্র রাখা, ব্যবসা-বাণিজ্য-মূলক বই-পত্রাদি অনুশীলন, মার্কেটের জিনিস-পত্রের দাম, বেচা-কেনা প্রভৃতি দেখা।

গৃহকাজ এবং পরিচালন : রান্না-বান্নায় উৎসাহ, কাপড়-চোপড় ধোয়া-ইস্ত্রি, সেবা-শুশ্রূষা, সূচীশিল্প, ঘর-বাড়ী সাজান, ছেলেমেয়েদের সাজ-পোশাক তৈরী করা ইত্যাদি।

(iv) **ব্যক্তিত্ব গঠন :** ব্যক্তিত্ব গঠন সম্বন্ধে বিশেষ নজর রাখতে হবে। এখানে ব্যক্তিত্বগঠনের হার নির্ণয় করা কঠিন। যেমন ক্লাশে যে ছেলেমেয়ে ইতিহাস পাঠে খুব মনোযোগী, অংকে তেমন একটা নাও হতে পারে। বাইরের খেলাধূলায় আত্মপ্রতিষ্ঠ হলেও হয়ত গৃহকাজে তেমন একটা নয়। কাজেই শিক্ষকরা যা বিশেষ বলে লক্ষ্য করবেন, তাই উল্লেখ করবেন। বছরের শেষে সবাই মিলে ছাত্র/ছাত্রীর সম্বন্ধে একটি সামগ্রিক মূল্যায়ন করবেন।

ব্যক্তিত্ব-বৈশিষ্ট্যের বর্ণনা : আচরণের ভিত্তিতে ক্রম নির্ধারণ (ক)

(Description of the Personality Traits (to be rated) Scalewise in Terms of Behaviour)

	গড়পড়তার উর্ধ্বে	গড়পড়তা	গড়পড়তার নীচে
স্বচক (Initiative)	সাধারণতঃ নিজের ইচ্ছায় কাজ করে ; অন্যের নির্দেশ/উপদেশের ওপর নির্ভর করে না।	কেবল মাঝে মাঝে স্বেচ্ছায় কাজ করে, প্রায় অন্যের ওপর নির্ভরশীল।	কখনও স্বেচ্ছায় করে না। সবসময় অন্যের ওপর নির্ভরশীল।
শ্রমশীলতা (Industry)	কঠোর পরিশ্রমী, বাধা-বিঘ্ন সত্ত্বেও কাজ করে।	মোটামুটি পরিশ্রমী ; সাধারণতঃ বাধা পেলে কাজ করে না।	অলস—বাধা আসলেই কাজ ছেড়ে দেয়।
দায়িত্ব (Responsibility)	চেষ্টা-চরিত্রের ওপর পুরোপুরি নির্ভরশীল, নিজে দায়িত্ব ভার কাঁধে নেয়।	সাধারণ অবস্থার ওপর নির্ভরশীল, দায়িত্ব এড়িয়ে চলে না।	নির্ভরশীল নয়, দায়িত্ব এড়িয়ে চলে।
সহযোগিতা (Co-operativeness)	সর্বদা সহযোগিতার হাত বাড়িয়ে দিতে ইচ্ছুক। নিজের ইচ্ছার ওপর জোর খাটায় না। অন্যের সাথে কাজ করতে আনন্দ পায়।	কোন কোন সময় সহযোগিতা করে ; নিজের ইচ্ছা অপরের ওপর চাপিয়ে দেয় না। অন্যের সঙ্গে কাজ করতে অনিচ্ছুক।	অন্যকে সহযোগিতা করে না। অন্যের সঙ্গে কাজ করতেও পছন্দ করে না।

ব্যক্তিত্ব বৈশিষ্ট্যের বর্ণনা : আচরণের ভিত্তিতে ক্রম নির্ধারণ (খ)

	গড়পড়তার উর্ধ্বে	গড়পড়তা	গড়পড়তার নীচে
আবেগে তারতম্য (Emotional balance)	খুব বেশী ভাবপ্রবণ নয় ; সর্বদা শান্ত ও বিনীত ; মনের ভাবকে তুলে ধরে।	মাঝে মাঝে খুব অতিরিক্ত আবেগপ্রবণ, সর্বদা শান্ত বিনয়ী নয়। নিজের আবেগকে প্রকাশ করে না।	সহজেই আবেগের শিকার হয়। সর্বদা অশান্ত ও বিরক্তিকর দেখায়। মনের ভাবকে প্রকাশ করার মনোভাব নেই।
আত্মবিশ্বাস (Self-confidence)	নিজের বিচার-বুদ্ধির ওপর নির্ভরশীল ; সাহসের সঙ্গে নূতন সমস্যার সম্মুখীন হয়।	সর্বদা নিজের ক্ষমতা ও বিচার-ক্ষমতার ওপর নির্ভরশীল নয়। সব সময় সাহস করে সমস্যার সম্মুখীন হয় না।	নিজের বিচার-ক্ষমতার ওপর নির্ভরশীল নয়। সাহসের সঙ্গে সমস্যার সম্মুখীন হতে পারে না।
কাজের অভ্যাস (Work habit)	সর্বদা নিয়মানুগ এবং কাজে নির্ভুল। নিজস্ব গতিভঙ্গী আছে।	সর্বদা টিপ-টাপ্। নিয়মমাফিক ও নির্ভুল নয়। নিজস্ব গতিভঙ্গী নেই।	অপরিচ্ছন্ন, নিয়মানুগ নয় এবং নিজের কোন কাজের ধারাও নেই।

v. কাজের সুপারিশ (course recommended) : এটা উল্লেখ করা যেতে পারে যে, এটা শ্রেণী-শিক্ষকের সুপারিশ এবং ছাত্রের সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত নয়। অন্যান্য মতামতও যাচাই করা প্রয়োজন এবং স্কুল কোন সিদ্ধান্ত করার আগে অন্যান্য মতামতও যাচাই করা যেতে পারে।

অ্যাডহক অবজেক্টিভ টেষ্ট : অভিষ্ট লাভের গঠন প্রণালী (Note on the Construction of Ad-hoc Objective test of Attainment)

অভিষ্ট বা লক্ষ্যে পৌছার জন্য অস্থায়ী ভাবে (অ্যাড হক) অথবা পাকাপাকিভাবে চেষ্টা চালান যেতে পারে। সাময়িক অথবা বার্ষিক মূল্যায়ন অস্থায়ীভাবে করা যেতে পারে। ঐরূপ টেষ্ট গঠনের বিষয় নিম্নে আলোচিত হল :

স্টেপ—I : তুমি কি টেষ্ট করতে চাও নির্দিষ্ট করে লেখ :

দৃষ্টান্ত : (a) ভাষা—(1) শব্দের পরিচিতি বা জ্ঞান, (2) লিখিত বিষয়-বস্তুর বোধগম্য করার যোগ্যতা, (3) শুদ্ধ করে লেখার মাধ্যমে জ্ঞানের ভাব প্রকাশ, (4) বিষয়-বস্তু পাঠ করে মনোভাব প্রকাশ করার যোগ্যতা।

(b) ইতিহাস—(1) ঘটনা সম্বন্ধে জ্ঞান—আর্থিক, সামাজিক ও সাংস্কৃতিক, (2) ঐতিহাসিক ঘটনা এবং ঐতিহাসিক যুক্তির কার্য-কারণ বুঝবার ক্ষমতা, (3) ঐতিহাসিক ঘটনার অনুক্রম সম্বন্ধে ধারণা, (4) ঐতিহাসিক ব্যক্তি-প্রধানদের মর্যাদা দেওয়ার চেষ্টা, (5) ঐতিহাসিক কেন্দ্রভূমিসমূহের অবস্থান সম্বন্ধে জ্ঞান।

(c) অংক (1) জ্ঞান এবং দক্ষতা—অংক কষার, (2) যুক্তির অংক, (3) গণনায় ক্ষিপ্রতা ও যথার্থতা।

N.B. ওপরের বিশ্লেষণ দৃষ্টান্ত হিসেবে বলা হল, কিন্তু ব্যাপক নয়।

(2) বিশ্লেষণকে বাস্তবমুখীন করতে ৪/৫ জন বিষয়-শিক্ষককে উদ্দিষ্ট বিষয়-বস্তুকে স্ব-স্ব ভাবনা-ধারণায় প্রকাশ করতে অনুরোধ জানান হবে। অন্যান্য শিক্ষকদের সঙ্গে আলোচনা করবার অসুবিধা থাকলে বিষয়-শিক্ষক নিজে বিষয়বস্তুর অবতারণা করবেন।

(3) শিক্ষক কিভাবে কোন্ বিষয় পড়িয়েছেন পরীক্ষার উদ্দেশ্য তার ওপর নির্ভর করবে।

স্টেপ II : সময় ও নম্বরের ভিত্তিতে বিষয়-বস্তু ঠিক করার ওপর জোর দাও। মোট নম্বরকে (২০ অথবা ২৫) (৩৫-৪৫) মিনিটের মধ্যে বিষয়বস্তুকে প্রকাশ করার ব্যবস্থা কর। তোমার এই বিধি-ব্যবস্থা যথাযথ ঠিক নাও হতে পারে। অভিজ্ঞতার মধ্য দিয়ে তুমি লক্ষ্যের অভিমুখে যেতে পারবে।

N.B. চার / পাঁচ জন বিষয়-শিক্ষককে স্বাধীনভাবে কাজটি করবার জন্য ভার দিলে ভাল হবে।

স্টেপ III : পরীক্ষার কোর্স যাই নির্ধারিত হউক না কেন, প্রশ্ন করবার সময় বিষয়বস্তুর (topic) একটি সীমা (area) ঠিক কর।

(2) স্পষ্টতই সমস্ত পাঠ্যাংশের ওপর প্রশ্ন করা যেতে পারে না। প্রশ্নের উত্তর করতে কতটা সময় লাগতে পারে, তার ওপরই উত্তরদান নির্ভর করবে। নিম্নোক্ত উদ্দেশ্য-আদর্শের ভিত্তিতে বিষয়-বস্তু ঠিক করতে হবে—

(a) বিষয় শিক্ষার সাধারণ লক্ষ্য, (b) কোর্সের বিভিন্ন অংশে তা ছড়িয়ে দেওয়া, (c) প্রত্যেকটি বিষয়কে সমগ্র বিষয়ের সঙ্গে যুক্ত করতে হবে, যেমন তিনটি পানিপথের যুদ্ধকে একটি বিষয়ে পরিণত করা, "বিভিন্ন স্তরে ভারতে মোগল ক্ষমতা", অষ্টম শ্রেণীতে ইতিহাসের প্রশ্নে বিভিন্ন পয়েণ্টের বিশ্লেষণ থাকবে।

দৃষ্টান্ত ঃ অষ্টম শ্রেণীতে ইতিহাসের পরীক্ষার বিষয়বস্তু নির্বাচনের বিষয়টি বিবেচনা করা যাক্—কল্পনা করুন কোর্সটি—মোগল যুগ। ইতিহাসের পরীক্ষার বিভিন্ন দৃষ্টিভঙ্গী থেকে আলোচনার জন্য একটি, অর্থাৎ রাজনৈতিক ঘটনার জ্ঞান পরীক্ষা। সময় ১২ মিনিট। এর মধ্যে পরীক্ষা করতে হবে ঃ

পানিপথের তিনটি যুদ্ধ, শেরশাহের মোগল ক্ষমতাকে হঠাবার চেষ্টা, সাম্রাজ্য স্থাপনে আকবরের পলিসি এবং তার ফলাফল, জাহাঙ্গীর, শাজাহান ও আউরঙ্গজীবের রাজত্বে সাম্রাজ্য বিস্তার, শিবাজীর নেতৃত্বে মারাঠা শক্তি, তৃতীয় পানিপথের যুদ্ধের সময় পর্যন্ত মারাঠা শক্তি, শিখদের সঙ্গে সম্পর্ক।

স্টেপ—IV ঃ টেষ্ট পরীক্ষা।

(i) প্রশ্ন—নম্বরভিত্তিক, অর্থাৎ প্রশ্নের উত্তর হয় পুরো নম্বর, নইলে শূন্য।
(ii) পরীক্ষার্থীর দৃষ্টিকোণ থেকে প্রশ্ন—পরীক্ষার্থীর যদি উত্তর জানা থাকে, তাহলে তার শুদ্ধ উত্তর দেওয়া ছাড়া বিকল্প কিছুই থাকবে না।
(iii) এটার প্রয়োজন নেই যে, প্রশ্নপত্রে সবগুলো Objective ধরণের হবে, (true-false, Multiple choice test)। অন্যান্য ধরণের প্রশ্ন আরও ভাল রকমের হতে পারে।

অবজেক্টিভ্ ধরনের প্রশ্ন তৈরী করতে বিভিন্ন পন্থা

1. **সত্য-মিথ্যা টেষ্ট ঃ** কোন একটি বিবৃতিতে আংশিক সত্য, আংশিক মিথ্যা। পরীক্ষার্থীদের বলা হল, শুদ্ধ বা সত্য অংশ নির্ণয় করতে।

যে অংশটা শুদ্ধ, তার পাশে টিক চিহ্ন এবং অশুদ্ধ অংশটির পাশে ক্রশ চিহ্ন (×) দাও :—

(a) জিজিয়া কর ও তীর্থযাত্রী কর তুলে দেওয়ায় রাজকোষ শূন্য হয় এবং মুঘল সাম্রাজ্যের পতনের পথ সুগম হয়।
(b) হিন্দুদের প্রতি সহৃদয় ব্যবহার মোগল সাম্রাজ্য প্রতিষ্ঠার সহায়ক হয়েছিল।
(c) হিন্দুদের সঙ্গে আকবরের বৈবাহিক সম্বন্ধ স্থাপন খুব বুদ্ধিমানের কাজ হয়নি।
(d) আধুনিক ভারতে জাতীয়তাবাদের তত্ত্ব আমরা আকবরের আদর্শ থেকে লাভ করেছি।

প্রস্তাব ঃ

(1) পৃথকভাবে ব্যবহার করা যেতে পারে। (2) শুদ্ধ ও ভুল প্রশ্নের অবতারণার মধ্যে শ্রেণী অনুযায়ী অসুবিধা বাড়ান-কমান উচিত। শুদ্ধ ও ভুল উত্তরের দিকে লক্ষ্য রেখে নম্বর দেওয়া হবে।

(2) কোন বিকল্প প্রশ্নের উত্তর দিতে পরীক্ষার্থীদের মাল্টিপল পছন্দের প্রশ্ন করা যেতে পারে।

দৃষ্টান্ত ঃ শুদ্ধ উত্তরের নীচে দাগ দাও ঃ—
আলবারুণী সবুক্তগীনের সভাসদ ছিলেন—ইলতুতমিস / সুলতান মাহমুদ / কুতুবুদ্দিন।

পর্যালোচনা ঃ এই ব্যবস্থা সত্য / মিথ্যা পরীক্ষার ওপর উন্নয়ন বলা যেতে পারে। এর দ্বারা ইঙ্গিতে নম্বর পাওয়ার সম্ভাবনা কমায়।

দৃষ্টান্ত—II ঃ যে সব কারণে মোগল সাম্রাজ্যের পতন ঘটেছিল তুমি মনে কর—তার নীচে দাগ দাও ঃ

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 999-Edn.(S) / 3S—1/78 dt. 3rd August, 1978

To
The Director of Sec. Education, W.B.

বিষয় : ১.১.১৯৭৮ তারিখ থেকে পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্কুল ও মাদ্রাসাকে স্বীকৃতিদান

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, এই দপ্তরের চিঠির নং 553-Edn.(S) dt. 25th April, 1978 তে পলিসি নির্ধারিত হয়েছিল যে, নির্বাচিত মাধ্যমিক স্কুলগুলোকে মধ্যশিক্ষা পর্যদের কাছে স্বীকৃতির জন্য সুপারিশ করতে হবে, যাতে করে ১৯৭৮ সালের ১লা জানুয়ারী থেকে স্বীকৃতি (recognition) পাওয়া যায়। অনুরূপভাবে মাদ্রাসা (জুনিয়ার হাই ও সিনিয়র মাদ্রাসা) বোর্ডের মনোনীত সদস্যদেরও সেণ্ট্রাল কমিটিতে যাঁরা মনোনীত হয়েছেন তাঁদের তিনজনের সাথে আরও একজনকে জেলা ইন্সপেকশন টীমে নিতে হবে।

মাদ্রাসা নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিসমূহ অনুসরণ করতে হবে—

(i) নূতন মাদ্রাসা সাধারণতঃ মাধ্যমিক স্কুলের কাছাকাছি খোলা হবে না, যেখানে আরবি বা ফার্সি পড়াবার সুযোগ রয়েছে।

(ii) সিনিয়র মাদ্রাসা খোলার জন্য সাধারণত: উৎসাহিত করা উচিত হবে না।

(iii) বর্তমানে দার্জিলিং, কুচবিহার, জলপাইগুড়ি, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা এই পরিকল্পনার বাইরে রাখা হবে এবং নূতন মাদ্রাসা খোলা হবে না।

ইন্সপেকশন সম্বন্ধে অন্যান্য নীতি দপ্তরের চিঠিতে যা উল্লেখ আছে, তাই থাকবে।

স্বাঃ বি. এন. চ্যাটার্জি
স্পেশ্যাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 1000-Edn.(S) / 35-1/78 p.t. dt. 3rd Aug, 1978

To
The Secretary, West Bengal Madrasha Education Board
19, Hazi Mohammad Mohasin Sq. Cal-16

বিষয় : পশ্চিমবঙ্গে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার স্বীকৃতি বা অনুমোদন (recognition)

মহাশয়,

আমাকে জানাতে নির্দেশ দেওয়া হয়েছে যে সরকারের সীমিত সামর্থ্যের পরিপ্রেক্ষিতে

বর্তমান শিক্ষা বর্ষ থেকে অথবা পরবর্তী শিক্ষা বর্ষ থেকে সীমিত সংখ্যক স্কুল ও মাদ্রাসাকে অনুমোদন মঞ্জুর করা হবে। নির্দিষ্ট সংখ্যা পরে জানান হবে। রাজ্য সরকার কর্তৃক সর্বাধিক সংখ্যার অতিরিক্ত মাদ্রাসাকে অনুমোদন মঞ্জুর করায় গ্রাণ্ট-ইন্-এড্ প্রভৃতি দেওয়ার দায়িত্ব বেড়ে গেছে।

অগ্রাধিকারের ভিত্তিতে প্রাথমিক নির্বাচন জেলা স্তরে জেলা ইন্সপেকশন টীম দ্বারা করা যেতে পারে। ঐ টীমে জেলা স্কুল পরিদর্শক (মাঃ), আহ্বায়ক, মাদ্রাসার একজন প্রতিনিধি, মধ্যশিক্ষা পর্ষদের একজন প্রতিনিধি এবং সরকারের একজন প্রতিনিধি থাকবেন। পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ড এ পর্যন্ত যে সব দরখাস্ত পেয়েছেন সংশ্লিষ্ট জেলায় পরিদর্শন ও নির্বাচনের জন্য তা ফেরৎ পাঠান হবে।

এ প্রসঙ্গে ডাইরেক্টরের কাছে পাঠান দপ্তরের মেমো নং 553-Edn.(S) dt. 26th April, 1978 এবং No. 999 Edn.(S), dt. 3rd Aug. 1978 পাঠান হল।

সরকারের সীমিত শক্তি-সামর্থ্যের জন্য বোর্ড উপযুক্ত সার্কুলার দ্বারা স্বেচ্ছা প্রতিষ্ঠান কর্তৃক মাদ্রাসা স্থাপনের প্রচেষ্টাকে নিরুৎসাহিত করবেন, যাতে বোর্ডের অনুমতি ব্যতিরেকে কোন স্বেচ্ছা প্রতিষ্ঠান মাদ্রাসা স্থাপিত করলে পরবর্তী সময়ে গ্রাণ্ট-ইন-এডের সুযোগ দেওয়া হবে না।

আপনার বিশ্বস্ত
স্পেশ্যাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর / মাধ্যমিক শাখা

No. 867-Edn. (S) / SS—1/78 dt. 30th June, 1978

To
The Director of Secondary Education, West Bengal

বিষয়ঃ 'জেলাভিত্তিক ইন্সপেকশন টীমে'র জন্য সদস্য মনোনয়ন
রেফাঃ তাঁর মেমো নং 1861 Sc/S dt. 10.5.1978

G. O. No. 555-Edn.(S) dt. 25th April, 1978 এর বরাবরে নিম্ন স্বাক্ষরকারী রাজ্যপালের আদেশে জানাচ্ছেন যে, রাজ্যপাল কলকাতা বাদে অন্যান্য জেলার জন্য নূতন স্কুল নির্বাচন করে পর্ষতের স্বীকৃতির প্রয়োজনে একটি 'District Level Inspection Team' গঠন করেছেন। নিচে সদস্যদের নাম দেওয়া হল—

1. জেলা স্কুল পরিদর্শক (মাঃ), সদস্য—আহ্বায়ক
2. পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের একজন মনোনীত ব্যক্তি

3. সরকারের মনোনীত একজন এবং নিম্নলিখিত ব্যক্তিদের Inspection Team-এর সদস্যরূপে মনোনয়ন দেওয়া হল—

(i) শ্রীমুক্তি দাশগুপ্ত, বার্জারস, বাঁকুড়া—বাঁকুড়া জেলা

(ii) শ্রী শক্তিপদ সাহানী, হাপিতপাড়া, পুরুলিয়া—পুরুলিয়া জেলা

(iii) শ্রী তুষারকান্তি পাঞ্চান, ইবিদ হাইস্কুল, খড়্গপুর, মেদিনীপুর—মেদিনীপুর জেলা

(iv) শ্রীমতী মায়া চক্রবর্তী, ৮৪/১ সেলিমপুর রোড, কলকাতা-৩১ হাওড়া জেলা

(v) শ্রীননী কর, অশোকনগর, হাবড়া—২৪ পরগনা

(vi) শ্রীদিলীপ চ্যাটার্জি, ৩৮ এইচ. এম্. গোস্বামী স্ট্রীট, শ্রীরামপুর—হুগলী জেলা

(vii) শ্রীআদিক্রম সান্যাল, ইছালাবাদ, বর্ধমান—বর্ধমান জেলা

(viii) শ্রীরাধাবল্লভ রায়, প্রধান শিক্ষক, গণপুর হাই, বীরভূম—বীরভূম জেলা

(ix) শ্রীসরোজমোহন গোস্বামী, উকিলপাড়া, কৃষ্ণনগর—নদীয়া জেলা

(x) শ্রীনির্মল মুখার্জি, গ্রাঃ মধুনিয়া, পোঃ অমৃত কুণ্ড—মুর্শিদাবাদ জেলা

(xi) শ্রীসুহৃদ সেন, শিল্প সমিতিপাড়া, জলপাইগুড়ি—জলপাইগুড়ি জেলা

(xii) শ্রীরামপ্রসন্ন চক্রবর্তী, কালিগঞ্জ, পঃ দিনাজপুর—দিনাজপুর জেলা

(xiii) শ্রীসুনীল সেন, রামকৃষ্ণপল্লী, মালদা—মালদা জেলা

(xiv) শ্রীসমর সাহা, হেডমাস্টার, মহিষবাতান—কুচবিহার জেলা

(xv) শ্রীসুশীল কুণ্ডু, পোঃ ফনসিধন—দার্জিলিং জেলা

স্বাঃ এস. এন. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব সেকেণ্ডারী এডুকেশন
৫, কাউন্সিল হাউস স্ট্রীট (দ্বিতল) কলকাতা-১

মেমো নং 3135—Sc/S / 7R—225/77 dt. 16th August, 1978

To
The Secretary,
West Bengal Madrasaha Education Board।
21, Hazi Md. Mohasin Sq. Cal-16

বিষয়ঃ পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার স্বীকৃতি (Recognition)

নিম্ন স্বাক্ষরকারী G.O. No. 999(S) dt. 3.8.78-এর প্রসঙ্গে উল্লিখিত বিষয়ে বলছেন যে, জি. ও নম্বর অনুযায়ী দার্জিলিঙ, কোচবিহার, জলপাইগুড়ি, বাঁকুড়া এবং

পুরুলিয়া বাদ দিয়ে একটি জেলাভিত্তিক ইন্সপেকটিং টীম জি. ও. নং 533-Edn.(S) dt. 24.4.78 অনুযায়ী মাদ্রাসা এডুকেশন বোর্ডের একজন মনোনীত ব্যক্তিকে টীমের অন্তভু্ক্ত করা হবে এবং জেলাভিত্তিক নূতন মাদ্রাসা খোলার / স্বীকৃতির বিষয় চিন্তা করবেন।

জেলা ভিত্তিক ইন্সপেকটিং টীম ইতিমধ্যে প্রত্যেকটি জেলায় নূতন সেকেণ্ডারী স্কুলকে স্বীকৃতির জন্য কাজ স্থরু করে দিয়েছেন। স্থতরাং তাঁকে অনুরোধ করা হচ্ছে উল্লিখিত জেলার জন্য বোর্ডের মনোনয়ন যেন পাঠান হয়, যাতে জেলাভিত্তিক ইন্সপেক্টিং টীম নূতন মাদ্রাসা নির্বাচনের জন্য কাজ শুরু করতে পারেন।

বোর্ড কর্তৃক এই পর্যন্ত নূতন মাদ্রাসার স্বীকৃতির জন্য যে সব দরখাস্ত পাওয়া গিয়েছে, ঐগুলো সংশ্লিষ্ট জেলাভিত্তিক ইন্সপেক্টিং টীমে পাঠান, যাতে করে নূতন মাদ্রাসা নির্বাচনের কাজ স্থরু করা যেতে পারে।

স্বাঃ অস্পষ্ট

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর

No. 2280—Edn.(S) / 38—1/78 Pt. dt. 13th Octo., 1978

To
The Director of Secondary Education, West Bengal
6, Council House St. Cal-1

বিষয়: পশ্চিমবঙ্গে ১.১.৭৮ থেকে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার স্বীকৃতি

নিম্ন স্বাক্ষরকারী দপ্তরের মেমো নং 999-Edn.(S) dt. 3.8.78 অনুযায়ী উল্লিখিত বিষয়ে জানাচ্ছেন যে, উক্ত মেমোর clause (ii) of para 2 এর clause 2 বাদ দিয়ে তার পরিবর্তে নিচের অংশটি অনুসরণ করা যেতে পারে—

"দার্জিলিং, কুচবিহার, জলপাইগুড়ি, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার জন্য গঠিত সিলেকশন কমিটি মাদ্রাসাও নির্বাচন করতে পারেন।"

স্বাঃ বি. এন. চ্যাটার্জি
স্পেশ্যাল সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

অর্থ দপ্তর : অডিট শাখা

No. 9630—F dt. 19th Octo, 1979

মে মো রে ণ্ডা ম

বিষয় : বেসরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন-ঘাটতি ভিত্তিক অনুদান প্রকল্প—ইদজ্জুহার আগে বেতন দান

এই দপ্তরের মেমো নং 8116-F dt. 17.8.79 বরাবরে জানান যাচ্ছে যে, ১৯৭৯ সালের অক্টোবরের বেতন ইদজোহা উপলক্ষে যাতে মুসলমান শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ১.১.৭৯ তারিখের পূর্বে নিশ্চিত দেওয়া যায়, তজ্জন্য রাজ্যপাল গ্রাণ্ট-ইন-এডের ভিত্তিতে পে এণ্ড অ্যাকাউন্টস্ অফিস, ট্রেজারী ও সাব-ট্রেজারীকে ৩০শে অক্টোবরের মধ্যে ঐ সমস্ত স্কুল ও মাদ্রাসাকে অক্টোবর মাসের বেতন দানের জন্য অ্যাড হক ভিত্তিতে অগ্রিম দেওয়ার জন্য সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শককে ১৯৭৯-এর সেপ্টেম্বর থেকে ১৯৮০ এর ফেব্রুয়ারী পর্যন্ত টাকা মঞ্জুর করতে নির্দেশ দেওয়া হল। তা পরবর্তী সময়ে সমন্বয় করা হবে।

স্বাঃ এস. গোস্বামী
ডেপুটি সেক্রেটারী
পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব সেকেণ্ডারী এডুকেশন
৫, কাউন্সিল হাউস্ স্ট্রীট,
কলকাতা-১

Memo No. 4417(16)-Sc/G dt. 15th Nov. 1979

To
The Dist. Inspector of Schools (S.F.)

বিষয় : মাদ্রাসা বিষয়

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, মাদ্রাসার বিষয় (cases) সম্বন্ধে বিবেচনা করার সময় নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে,—

(1) বোর্ড কর্তৃক স্থায়ীভাবে অনুমোদনপ্রাপ্ত শিক্ষকদের পরবর্তী সময়ে তাঁরা এম. এ./এম. এসসি/বি. এড, প্রভৃতি যোগ্যতা অর্জন করার পর নূতন করে

অনুমোদন করার প্রয়োজন নেই। যোগ্যতাবৃদ্ধি হেতু বেতন বৃদ্ধির ব্যাপারে তিনি / তাঁরা সিদ্ধান্ত নিতে পারবেন। এরজন্য বোর্ডের থেকে নূতন আদেশের প্রয়োজন নেই।

(2) পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড মাদ্রাসার শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের ডাইরেক্টোরেটের পূর্ব-মঞ্জুরী ছাড়া নিয়োগের জন্য অনুমোদন দিতে হবে না। মাদ্রাসা কর্তৃপক্ষকে মৃত্যু / অবসর / পদত্যাগ জনিত স্বাভাবিক কারণে পদখালি হলে ঐ পদপূরণে জেলা স্কুল পরিদর্শকের কাছে আবেদন করতে হবে এবং পদ পূরণে পূর্ব-অনুমতি গ্রহণ করতে হবে।

(3) যেহেতু সরকার ম্যানেজিং কমিটির গঠন সম্পর্কে কোন নূতন পরিবর্তন করেন নি, তাই মাদ্রাসার ম্যানেজিং কমিটিতে অশিক্ষক কর্মচারীদের অন্তর্ভুক্তি জন্য কোন জোর-জারী নাও করতে পারেন এবং সেই ব্যাপারে পুরান রুল অনুসরণ করা যেতে পারে। যেসব ক্ষেত্রে ম্যানেজিং কমিটি পরিশোধিত রুল অনুযায়ী গঠিত হয়েছে সেক্ষেত্রে ম্যানেজিং কমিটিতে বিভাগীয় প্রতিনিধি গ্রহণের ব্যাপারটি সরকার থেকে প্রয়োজনীয় নোটিফিকেশন না দেওয়া পর্যন্ত স্থগিত থাকবে।

বিষয়টি জরুরী বলে ধরে নিতে হবে।

স্বাঃ অস্পষ্ট

(পক্ষে) ডি. পি. আই. পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলিকাতা-১৬

dt. 6th Dec, 1979

সার্কুলার No. 2/79/APP

To

The Heads of all recognised Madrasahs

বিষয় : সমস্ত মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়োগের অনুমোদন (approval of appointment)

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে এবং তাঁদের বিষয় অনুমোদনের জন্য বোর্ডে জানাবার সময় নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে—

(1) স্থায়ীভাবে বোর্ড থেকে অনুমোদনপ্রাপ্ত শিক্ষকেরা পরবর্তী সময়ে এম. এ./ এম. এসসি/বি. এড. পাস করে যোগ্যতা বৃদ্ধি করলে বেতন বৃদ্ধির ক্ষেত্রে বোর্ডের কোন নূতন আদেশ ছাড়াই জেলা স্কুল পরিদর্শকই সিদ্ধান্ত নেবেন।

পশ্চিমবঙ্গ সরকার

অর্থ দপ্তর : অডিট শাখা

No. 9630—F dt. 19th Octo, 1979

মে মো রে ণ্ডা ম

বিষয় : বেসরকারী সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতন-ঘাটতি ভিত্তিক অনুদান প্রকল্প—ইদ্‌জ্জুহার আগে বেতন দান

এই দপ্তরের মেমো নং 8116-F dt. 17.8.79 বরাবরে জানান যাচ্ছে যে, ১৯৭৯ সালের অক্টোবরের বেতন ইদজ্জোহা উপলক্ষে যাতে মুসলমান শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ১.১.৭৯ তারিখের পূর্বে নিশ্চিত দেওয়া যায়, তজ্জন্য রাজ্যপাল গ্রান্ট-ইন-এডের ভিত্তিতে পে এণ্ড অ্যাকাউন্টস্ অফিস, ট্রেজারী ও সাব-ট্রেজারীকে ৩০শে অক্টোবরের মধ্যে ঐ সমস্ত স্কুল ও মাদ্রাসাকে অক্টোবর মাসের বেতন দানের জন্য অ্যাড হক ভিত্তিতে অগ্রিম দেওয়ার জন্য সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শককে ১৯৭৯-এর সেপ্টেম্বর থেকে ১৯৮০ এর ফেব্রুয়ারী পর্যন্ত টাকা মঞ্জুর করতে নির্দেশ দেওয়া হল। তা পরবর্তী সময়ে সমন্বয় করা হবে।

স্বাঃ এস. গোস্বামী
ডেপুটি সেক্রেটারী
পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব সেকেণ্ডারী এডুকেশন
৫, কাউন্সিল হাউস্ স্ট্রীট,
কলকাতা-১

Memo No. 4417(16)-Sc/G dt. 15th Nov. 1979

To

The Dist. Inspector of Schools (S.F.)

বিষয় : মাদ্রাসা বিষয়

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, মাদ্রাসার বিষয় (cases) সম্বন্ধে বিবেচনা করার সময় নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে,—

(1) বোর্ড কর্তৃক স্থায়ীভাবে অনুমোদনপ্রাপ্ত শিক্ষকদের পরবর্তী সময়ে তাঁরা এম. এ./এম. এসসি/বি. এড, প্রভৃতি যোগ্যতা অর্জন করার পর নূতন করে

অনুমোদন করার প্রয়োজন নেই। যোগ্যতাবৃদ্ধি হেতু বেতন বৃদ্ধির ব্যাপারে তিনি / তাঁরা সিদ্ধান্ত নিতে পারবেন। এরজন্য বোর্ডের থেকে নূতন আদেশের প্রয়োজন নেই।

(2) পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড মাদ্রাসার শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের ডাইরেক্টোরেটের পূর্ব-মঞ্জুরী ছাড়া নিয়োগের জন্য অনুমোদন দিতে হবে না। মাদ্রাসা কর্তৃপক্ষকে মৃত্যু / অবসর / পদত্যাগ জনিত স্বাভাবিক কারণে পদখালি হলে ঐ পদপূরণে জেলা স্কুল পরিদর্শকের কাছে আবেদন করতে হবে এবং পদ পূরণে পূর্ব-অনুমতি গ্রহণ করতে হবে।

(3) যেহেতু সরকার ম্যানেজিং কমিটির গঠন সম্পর্কে কোন নূতন পরিবর্তন করেন নি, তাই মাদ্রাসার ম্যানেজিং কমিটিতে অশিক্ষক কর্মচারীদের অন্তর্ভুক্তি জন্য কোন জোর-জারী নাও করতে পারেন এবং সেই ব্যাপারে পুরান রুল অনুসরণ করা যেতে পারে। যেসব ক্ষেত্রে ম্যানেজিং কমিটি পরিশোধিত রুল অনুযায়ী গঠিত হয়েছে সেক্ষেত্রে ম্যানেজিং কমিটিতে বিভাগীয় প্রতিনিধি গ্রহণের ব্যাপারটি সরকার থেকে প্রয়োজনীয় নোটিফিকেশন না দেওয়া পর্যন্ত স্থগিত থাকবে।

বিষয়টি জরুরী বলে ধরে নিতে হবে।

স্বাঃ অস্পষ্ট

(পক্ষে) ডি. পি. আই. পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলিকাতা-১৬

dt. 6th Dec, 1979

সার্কুলার No. 2/79/APP

To

The Heads of all recognised Madrasahs

বিষয় : সমস্ত মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়োগের অনুমোদন (approval of appointment)

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে এবং তাঁদের বিষয় অনুমোদনের জন্য বোর্ডে জানাবার সময় নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে—

(1) স্থায়ীভাবে বোর্ড থেকে অনুমোদনপ্রাপ্ত শিক্ষকেরা পরবর্তী সময়ে এম. এ./ এম. এসসি/বি. এড. পাস করে যোগ্যতা বৃদ্ধি করলে বেতন বৃদ্ধির ক্ষেত্রে বোর্ডের কোন নূতন আদেশ ছাড়াই জেলা স্কুল পরিদর্শকই সিদ্ধান্ত নেবেন।

(2) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়োগের বেলায় শিক্ষা দপ্তরের পূর্ব-অনুমতি ছাড়া নিয়োগ করা চলবে না। মৃত্যু/অবসর/পদত্যাগজনিত শূন্যপদ পূরণ করতে হলে সংশ্লিষ্ট জেলা পরিদর্শকের পূর্ব-অনুমতি নিতে হবে।

স্বাঃ এন্. আলম
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড

পঃ বঃ মাদ্রাসা এডুকেশন বোর্ড
১৯নং হাজী মহম্মদ মহসীন স্কোয়ার
কলি—১৬

সার্কুলার No. App. 1/80
To dt. 6.6.1980

The Heads of All Jr. High Madrasah recognised by Madrasah Education Board w.e from 1.1.78 and 1.1.79.

জুনিয়ার হাই মাদ্রাসার (চার ইউনিট) প্রধানদের কাছে সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়োগ অনুমোদন সংক্রান্ত লাইন :

1. জুনিয়ার হাই মাদ্রাসার বোর্ড কর্তৃক অনুমোদিত স্টাফ প্যাটার্ণ এই ধরণের হবে :

শিক্ষকমণ্ডলী	যোগ্যতা	পদের সংখ্যা
হেডমাস্টার	বি.এ. বিটি / বি. এসসি, বি.টি.	1
সহকারী শিক্ষক	এফ. এম.	1
"	বি. এ.	2
"	বি. এসসি.	1
"	বি. এসসি. (বায়ো)	1
	মোট :	6

অশিক্ষক কর্মচারী

করণিক	এইচ. এম./এম. পি.	1
পিওন / মেট্রন	এইচ. এস.	1

সমস্ত প্রকারের শিক্ষক ও অশিক্ষক মণ্ডলীর নিয়োগের অনুমোদনের জন্য নিম্নলিখিত কাগজ-পত্র পেশ করতে হবে :

(1) সংবাদপত্রে বিজ্ঞাপনের (advertisement) কপি ; (2) সমস্ত পরীক্ষার মার্কশীট ও অ্যাডমিট কার্ডের কপি ; (3) শিক্ষক নিয়োগ সংক্রান্ত ম্যানেজিং কমিটির

প্রস্তাবের অনুলিপি ; (4) নিয়োগপত্রের কপি ; (5) যোগদান বা joining letter-এর কপি ; (6) ইন্টারভ্যুর মূল্যায়নপত্র, যদি বিজ্ঞাপন ছাড়াই কোন নিয়োগ হয়ে থাকে, কি অবস্থায় নিয়োগ করা হল, তার ব্যাখ্যামূলক পত্র ; (7) স্টাফ বিবৃতি—(a) স্টাফের নাম, (b) যোগ্যতা, (c) পদমর্যাদা (designation), (d) জন্ম-তারিখ, (e) যোগদানের তারিখ, (f) কোন্ তারিখ থেকে নিয়োগ অনুমোদনযোগ্য।

কাগজপত্রের অনুলিপি উপযুক্ত কর্তৃপক্ষকে দিয়ে প্রত্যয়ন (attest) করে পেশ করতে হবে।

স্বাঃ
এন. আলম
৯.৬.৮০

পঃ বঃ সরকার

শিক্ষা দপ্তর : মিস্ শাখা

No. 1731-Edn (M)6 / 51-88/78 dt. 12th Dec. 1980

To
The General Secretary,
Paschimbanga Madrasah Sikshak Samity
26/C Rafi Ahmed Kidwai Road, Cal-16

বিষয় : পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষক সমিতিকে স্বীকৃতি

মহাশয়,

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে রাজ্যপাল সন্তুষ্ট হয়ে পশ্চিমবঙ্গ ও মাদ্রাসা শিক্ষক সমিতিকে, ২৬/সি রফি আহম্মদ কিদোয়াই রোড, কলি-১৬ স্বীকৃতি দান করেছেন।

অনুরোধ করছি যে, সমিতির বার্ষিক সাধারণ সভায় কার্যবিবরণী, সমিতির নাম এবং সমিতির পদকর্তাদের নাম প্রতি বছর দপ্তরে পাঠাবেন।

আপনাদের বিশ্বস্ত
স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯, হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলি—১৬

No. 2069 (1-16) dt. 3.6.1980

To
All Dist. Inspectors of Schools (St)

বোর্ডের প্রস্তাব অনুসারে ২২শে মে, ১৯৮০ তারিখের সভার প্রস্তাব অনুসারে জানাচ্ছি যে, জুনিয়ার হাই মাদ্রাসার নিযুক্ত শিক্ষক বোর্ড কর্তৃক অনুমোদন প্রাপ্তির পর

নূতন করে বোর্ডের অনুমোদন নিতে হবে না। হাই মাদ্রাসার শিক্ষক হিসেবে তাদের অনুমোদন বোর্ডের প্রস্তাবে স্বীকার করে নেওয়া হয়েছে। যে সব মাদ্রাসাকে উন্নীত করা হয়েছে, সেসব উন্নীত মাদ্রাসার প্রধান/প্রধানাদের প্রয়োজনীয় সর্বনিম্ন যোগ্যতা আছে কিনা জানবার জন্য অনুমোদন নিতে হবে।

স্বাঃ সেক্রেটারী
পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার
শিক্ষা দপ্তর ঃ মিস্ ব্রাঞ্চ

No. $\frac{\text{769-Edn(M)}}{\text{X5M-7/81}}$ 11th May, 1981

To

The Secretary, West Bengal Madrasah Edn. Board.
19, Hazi Md. Mohasin Sq. Cal-16

বিষয় ঃ অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার হাই, হাই ও সিনিয়র মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠন / পুনর্গঠনকল্পে নির্বাচন স্থগিত

নিম্ন স্বাক্ষরকারী রাজ্য সরকার কর্তৃক নির্দেশপ্রাপ্ত হয়ে জানাচ্ছেন যে, রাজ্য সরকার নোটিফিকেশন নং 855-Edn (S) dt. 23.12.80 অনুযায়ী বেসরকারী অনুমোদনপ্রাপ্ত (এডেড / আনএডেড) শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজমেণ্ট রুলস্, ১৯৬৯ সংশোধন করা হয়েছে, যেহেতু সেই সংশোধিত ম্যানেজমেণ্ট প্রবর্তনে কিছু সময় লাগতে পারে, পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক ম্যানেজিং কমিটির কার্যকালের মেয়াদ অথবা অ্যাডমিনিস্ট্রেটরের কার্যকাল ১.১.৮১ তারিখে বা তারপরে শেষ হয়ে যাবে। তাদের কার্যকাল ৩১.১০.৮১ পর্যন্ত বর্দ্ধিত করা হল, উক্ত সময়ের মধ্যে ম্যানেজিং কমিটি গঠন / পুনর্গঠন, কর্মকর্তা নির্বাচন প্রভৃতি ১৯৮০ সালের সংশোধিত রুল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতে শ্লথগতি চলবে না।

১৯৬৯ সালের অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (এডেড / আনএডেড) রুলস্ এতকাল জুনিয়ার হাই, হাই এবং সিনিয়ার মাদ্রাসায় চালু থাকলেও এবং ১.১.৮১ অথবা তার পরবর্তী সময়ে কমিটির মেয়াদ চলে গেলে ৩১.১০.৮১ পর্যন্ত কমিটি / প্রশাসকের কার্যকাল বর্দ্ধিত করা হল। এর মধ্যেই ম্যানেজিং কমিটি গঠন / পুনর্গঠন, ম্যানেজিং কমিটির কর্মকর্তা নির্বাচন প্রভৃতি সংশোধিত রুলস, ১৯৮০-এর অনুযায়ী সম্পূর্ণ করতে হবে। সংশ্লিষ্ট মাদ্রাসাগুলোকে প্রয়োজনীয় নির্দেশ অনুগ্রহ করে দেওয়া যেতে পারে।

স্বাঃ অস্পষ্ট
অ্যাসিস্টেণ্ট সেক্রেটারী

পঃ বঃ সরকার

শিক্ষা দপ্তর

পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯ হাজি মহম্মদ মহসীন স্কোয়ার, কলি-১৬

dt. 5th July, 1981

সার্কুলার No. 1 Rec/81

To

All Heads of Madrasahs

বিষয়ঃ ১৯৭৫ সাল পর্যন্ত পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত মাদ্রাসার স্বীকৃতি বাড়ান

১৯৮১ সালের ৫ই জানুয়ারীতে গৃহীত প্রস্তাবের আইটেম নং ও কার্যাবলী অনুসারে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ১৯৭৫ সালে যে সমস্ত জুনিয়ার, জুনিয়ার হাই, হাই ও সিনিয়র মাদ্রাসা অনুমোদন পাওয়া গিয়েছিল, তাদের পুনরাদেশ না পাওয়া পর্যন্ত কার্যকাল বাড়িয়ে দেওয়া হল।

এন. আলম (সেক্রেটারী)।
পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

কলি-১৬

dt. 5th Jany. 1981

সার্কুলার No 1/Co-ed/81

বিষয়ঃ ১৯৭৫ সাল পর্যন্ত সহশিক্ষায় অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার মাদ্রাসা ও হাই মাদ্রাসার অনুমতি বাড়ান

১৯৮১ সালের ৫ই জানুয়ারীতে বোর্ডের সভায় গৃহীত প্রস্তাবের 3নং আইটেম অনুযায়ী নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ১৯৭৫ সাল পর্যন্ত প্রাপ্ত অনুমোদন পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

এন. আলম (সেক্রেটারী)
পঃ বঃ মাঃ শিক্ষা বোর্ড

পঃ বঃ সরকার

শিক্ষা দপ্তর : মিস্ ব্রাঞ্চ

dt. 22nd January, 1981

No. $\frac{\text{III-Edn (M)}}{\text{5M-1/79pt/11}}$

To the Secretary, West Bengal Madrasah Education Board

বিষয়ঃ পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষক সমিতির সম্মেলনে উপস্থিতির জন্য স্বীকৃত জুনিয়ার হাই, হাই এবং সিনিয়ার মাদ্রাসার স্টাফের জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর

বিশেষ বিবেচনার পর সরকার পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষক সমিতিকে অনুমোদন

দিয়েছেন এবং জুনিয়ার হাই, হাই ও সিনিয়ার মাদ্রাসার শিক্ষকদের সম্মেলনে উপস্থিত থাকার জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করেছেন।

তদনুসারে কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে যে, জুনিয়ার হাই, হাই ও সিনিয়ার হাই মাদ্রাসার শিক্ষকেরা সম্মেলনে উপস্থিত থাকলে তাঁদের কেবলমাত্র সম্মেলনে উপস্থিত থাকার দিন এবং যাওয়া আসার জন্য স্পেশ্যাল ক্যাজুয়েল লীভ মঞ্জুর করা যেতে পারে।

এইরূপ স্পেশ্যাল লীভ প্রয়োজনীয় ডক্যুমেন্টের ভিত্তিতে মাদ্রাসা-প্রধানরা সংশ্লিষ্ট কর্মীদের ঋণ মঞ্জুর করতে পারবেন।

স্বাঃ আর. চৌধুরী
অ্যাসিঃ সেক্রেটারী

পঃ বঃ সরকার

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলি-১৬

সার্কুলার No. 1 (MC)/1981

dt. 15th Sept, 1981

To

The Heads of all recognised Junior & Senior High Madrasah under W.B. Madrasah Edn. Board

বিষয়ঃ এডুকেশন বোর্ডের আওতায় মাদ্রাসা স্কুলের গঠন ও পুনর্গঠন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (এডেড / আনএডেড), ১৯৬৯ এবং সময়ে সময়ে যেরূপ সংশোধিত

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ১৯৬৯, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (এডেড / আনএডেড) রুলস মাঝে মাঝে সংশোধিত হয়ে গভঃ নোটিফিকেশন No. 855-Edn (S) dt. 23.12.80 এবং No. 640-Edn(S) dt. 24.6.81 এই বোর্ডের আওতা মাদ্রাসার ক্ষেত্রেও পুরোপুরি ভাবে প্রযোজ্য এবং তা বোর্ডের প্রস্তাবের ৩নং আইটেমে ৯.৯.৮১ গৃহীত হয়। ফলে বোর্ডের সভায় ২৯.৫.৭৫-এ সংশোধিত প্রস্তাব এবং ২৯.৬.৭৫ তারিখের সার্কুলার নং 1/75 বাতিল বলে গণ্য করা হল এবং পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্ নির্ধারিত নির্বাচন রুল মাদ্রাসার ক্ষেত্রেও প্রযোজ্য। এই রুলস্ পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের ম্যানেজিং কমিটি গঠনের পরিবর্তিত রুলস পর্ষদের বিক্রয়কেন্দ্র থেকে

পাওয়া যাবে। দু'ক্লাস জুনিয়ার মাদ্রাসার ক্ষেত্রে ম্যানেজিং কমিটিতে অভিভাবক সংখ্যা দু'জন, শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের থেকে দুজন প্রতিনিধি নির্বাচিত হবে।

বর্তমান ম্যানেজিং কমিটির কার্যকাল অথবা প্রশাসকের টার্ম ৩১.১২.৮১ পর্যন্ত বর্দ্ধিত করা হল যাতে সংশোধিত রুল অনুযায়ী নির্বাচন সম্পন্ন হতে পারে।

স্বাঃ অস্পষ্ট
সেক্রেটারী
পঃ বঃ মাদ্রাসা এডুকেশন বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : বাজেট ব্রাঞ্চ

No. 220-Edn(S) / 1M-25/82 dt. 29th May, 1982

To
The Director of Public Instruction,
West Bengal

বিষয় : সিনিয়র মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পরিশোধিত (revised) পে-স্কেল

রেফা : G. O. No. 372-Edn (B) dt. 31.7.81

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে নির্দেশ দিচ্ছেন যে, স্পনসর্ড এবং স্বীকৃত এডেড সিনিয়র মাদ্রাসার সমস্ত সর্বক্ষণের পদাবলম্বীদের বর্তমান পে-স্কেলে Annexure I-এর (2) ও (3) কলমে বর্ণিত ১.৪.৮১ থেকে ৪নং কলমে প্রত্যেকের জন্য পরিশোধিত স্কেল দেওয়া হবে।

G. O. No. 482(6)-Edn (B) dt. 26.10.81 পরিশোধিত পে-স্কেল স্থির করবার জন্য যে নীতি নির্ধারণ করা হয়েছে, তা সিনিয়র মাদ্রাসার ক্ষেত্রেও অনুসরণ করা হবে।

গভঃ অর্ডার নং 372-Edn (B) dt. 21.7.81-এর প্যারা (4), (5) ও (6)-তে যেসব শর্ত আরোপ করা হয়েছে, সিনিয়র মাদ্রাসার ক্ষেত্রেও তা অনুসরণ করা হবে।

সরকার কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট পদের অধিকারীদের অপশন দাখিল করতে হবে।

সংশ্লিষ্ট কর্মচারীরা সরকার কর্তৃক মঞ্জুরীকৃত ভাতা বা এলাউন্স পাবেন।

এই আদেশ অর্থ দপ্তরের U. O. No. Group 3/617 dt. 25.5.12-এর সঙ্গে সঙ্গতি রেখে প্রচার করা হল।

সংশ্লিষ্ট সকলকে জানান হয়েছে।

স্বাঃ অস্পষ্ট
31.5.80
ডেপুটি সেক্রেটারী

ANNEXURE

Sl. No.	Name of the post	Existing pay scale/Spl. Pay/ Administrative Pay/Allowances etc.	Revised scale of pay
(1)	(2)	(3)	(4)
1.	Asstt. Teacher	(i) Rs. 300-750/-	(i) Rs. 440-20-560-25-785-30-875-35-1050-40-1170/- (for Pass Graduates or equivalent, i.e. MM/M.F.) (ii) Rs. 300-10-400-15-565-20-685/- (for Under-Graduate or equivalent, i.e. Fazil).
2.	Clerk	Rs. 220-350/-	(i) Rs. 300-10-400-15-565-20-685/- (for Matriculates). (ii) Rs. 260-7-295-8-311-10-421-12-481-14-537/- (for non-Matriculates).
3.	Class IV Staff	Rs. 135-180/-	Rs. 220-5-260-6-308-7-364-8-388/-
4.	Superintendent (Head of the Institution)	Special pay at the following rates in addition to usual scale of pay— (i) Alim Madrasahs—Rs. 50/- P.M. (ii) Fazil Madrasahs—Rs. 75/- P.M. (iii) M. M. Madrasahs—Rs. 100/- P.M.	Pay as teacher according to qualification plus usual special pay as now exists as shown in Column 3.

Sd/- Illegible 31.5.82
Deputy Secretary
Education Department

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মিস্ ব্রাঞ্চ

No. 82-Edn.(M) dt. 31st January, 1983

To

The Director of Secondary Education, W.B.

বিষয় : মেমো নং 222-Edn.(B) dt. 29. 5. 82-এ স্বীকৃতিপ্রাপ্ত সিনিয়ার মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পে-স্কেল সম্বন্ধে ব্যাখ্যা

তাঁর মেমো নং 2682-Sc/G dt. 17.9.82 এবং এর বরাবরে এই দপ্তরের মেমো নং 1881-Edn.(M) dt. 18.12.82 উল্লিখিত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, এই বিভাগের জি. ও. No. 220-Edn.(S) dt. 29.5.82 অনুযায়ী সিনিয়ার মাদ্রাসার পরিশোধিত স্কেল-অব-পে সম্বন্ধে পরিষ্কার বলা আছে, আর ব্যাখ্যার প্রয়োজন নেই। উক্ত গভঃ অর্ডারে পরিশোধিত স্কেল সিনিয়ার মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিভিন্ন বিভাগের জন্য পাওয়া যাবে।

স্বাঃ আর. চৌধুরী
অ্যাসিঃ সেক্রেটারী
24.3.83

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : বাজেট ব্রাঞ্চ

No. 312-Edn.(B) / 1M—25/82 dt. 5th Sept., 1984

To

The Director of School Education, W.B.

6, Bhabani Datta Lane, Cal-73

বিষয় : স্পনসর্ড/স্বীকৃত বেসরকারী সিনিয়র মাদ্রাসার (এডেড) আণ্ডার-গ্রাজুয়েট শিক্ষকদের পরিশোধিত পে-স্কেল

গভঃ অর্ডার নং 220-Edn. (B) dt. 29.5.82, এর আংশিক সংশোধন করে রাজ্যপালের আদেশে জানান হচ্ছে যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে জানিয়েছেন, পরিশোধিত স্কেল Rs. 360-Rs. 815/- অনুমোদন-প্রাপ্ত স্পনসর্ড এবং এডেড সিনিয়ার মাদ্রাসার সহকারী শিক্ষকদের পার্শ্বে দেওয়া যোগ্যতা অনুযায়ী ১.৪.৮১ থেকে পাওয়া যাবে।

আণ্ডার-গ্রাজুয়েট অথবা সমমর্যাদা—ফাজিল (Fazil)

যাঁরা উক্ত পদে ৩১.৩.৮১ এর আগে থেকে কর্মরত। তাঁদের এই আদেশ প্রচারিত হওয়ার ৬০ দিনের মধ্যে অপশন দিতে হবে।

এই বিষয়ে উক্ত স্কেলে তাঁদের বেতন স্থির করতে গভঃ অর্ডার নং 492(6) Edn.(B) dt. 26.10.81 নীতি অনুযায়ী বিবেচিত হবে।

এই আদেশ অর্থ দপ্তরের জি. ও. নং B/1246 dt. 2.8.84 অনুসারে প্রচারিত হল।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মিস ব্রাঞ্চ

No. 1278-Edn (MC)

29th Octo, 1984

নোটিফিকেশন

রাজ্যপাল সন্তুষ্ট হয়ে নিম্নলিখিত ব্যক্তিদের পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রেসিডেন্ট ও সদস্য মনোনীত করেছেন—Vide এই দপ্তরের প্রস্তাব No. 211-Edn (M) dt. 2.2.73 এবং এই দপ্তরের নোটিফিকেশন নং 968-Edn (M) dt. 7.6.1979 এবং 1277-Edn (M) dt. 29.10.84 গঠিত হবে :

1. অধ্যাপক মুস্তাফা বিনকাশিম, গ্রাঃ ও পোঃ—নীহালপাড়া পি. এস, বসিরহাট, ২৪-পরগনা	প্রেসিডেন্ট—সিরিয়েল No. (1)-প্যারা (2) প্রস্তাব নং 211-Edn (M) dt. 2.2.73
2. শ্রীহাবিব মুস্তাফা, এম. এল. এ., মালদা, মহেশমতি, পোঃ ও জেলা—মালদা, সদস্য 3. মঃ নিজামুদ্দিন এম. এল. এ., এ্যাটালী, ২২এ/৬ লিন্ট ষ্ট্রীট, কলিকাতা-১৪, সদস্য 4. শ্রীআবদুস সোবান গাজী এম. এল. এ., গ্রাঃ রামচন্দ্রপুর, পোঃ দক্ষিণ বারাসাত, জেলা-২৪ পরগনা, সদস্য	সিরিয়েল No. (5) থেকে (7), প্রস্তাবের (2)নং প্যারা
5. জনাব কালিমুদ্দিন সামস্, ডেপুটি স্পিকার, পঃ বঃ বিধানসভা 6, মৌঃ মহম্মদ আলি রোড, কলকাতা—সদস্য 6. ডঃ আবদুস সোভান Ma, Ph.D, বিভাগীয় প্রধান, মৌলানা আজাদ কলেজ, কলকাতা—১৩, সদস্য	সিরিয়েল No. (9) এবং (10) প্রস্তাবের (2) নং প্যারা
7. শ্রীসাহেবতুল আলম, শিক্ষক, ঔরঙ্গাবাদ হাই মাদ্রাসা, মুর্শিদাবাদ, সদস্য 8. শেখ নুরুল হক, হেডমাস্টার, হাতিআরা হাই মাদ্রাসা, কলকাতা-৫৯, সদস্য	সিরিয়েল No (11) এবং প্রস্তাবের প্যারা অনুযায়ী

9. জনাব এ. এম. কে. মাস্থমি শিক্ষক, সিনিয়র মাদ্রাসা, ৩৩/১/১সি বেনিয়াপুকুর রোড, কলকাতা-১৪, সদস্য 10. স্বীকৃত সিনিয়ার মাদ্রাসার একজন শিক্ষক, সদস্য (পরে জানান হবে)	সিরিয়েল নং (13) এবং প্রস্তাবের (2) নং প্যারা
11. মঃ সফিউল্লা সরকার, শিক্ষক, কোন্নগর, জুনিয়ার হাই মাদ্রাসা, পোঃ বানিসাগর, জেঃ—মুর্শিদাবাদ, সদস্য	সিরিয়েল No. 15 প্রস্তাবের প্যারা (2)

নবগঠিত বোর্ডের কার্যকাল তিন বছরের জন্য অর্থাৎ 1.11.84 থেকে।

রাজ্যপাল আরও সন্তুষ্ট হয়ে আদেশ দিচ্ছেন যে মাদ্রাসা বোর্ডের নূতন মনোনীত সদস্যবৃন্দ অবিলম্বে দায়িত্বভার গ্রহণ করবেন এবং বোর্ডের সেক্রেটারী মনোনীত ও পদাধিকারবলে সদস্য এবং পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষাপর্ষদের প্রতিনিধিকে নিয়ে অবিলম্বে বোর্ডের সভা আহ্বান করবেন।

রাজ্যপালের আদেশে
স্বাক্ষর আর. এন. চক্রবর্তী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 532—Edn (s) / 4A—24/84 — 6th April, 1985

To

The Director of School Education, West Bengal
6 Bhabani Dutta Lane,
Calcutta-73

বিষয় : মাদ্রাসায় শিক্ষক নিয়োগ

রেফাঃ মেমো নং 897-Edn (s) এবং মেমো নং 287—Sc/Dt. 5. 2. 85.

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, এই সম্পর্কে পূর্ববর্তী সমস্ত অর্ডার বাতিল করে রাজ্যপাল সন্তুষ্ট হয়ে জানাচ্ছেন যে, রাজ্যের মাদ্রাসাগুলোতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত গাইড লাইন কঠোরভাবে অনুসরণ করতে হবে :

(i) মাদ্রাসায় শিক্ষক নিয়োগের সমস্ত পদ্ধতি (জুনিয়ার হাই, হাই এবং সিনিয়র মাদ্রাসা) স্বীকৃত ও এডেড সেকেণ্ডারী স্কুলের শিক্ষনিয়োগের অনুরূপ হবে।

(ii) মাদ্রাসায় শিক্ষক নিয়োগের প্যানেল তৈরীও এডেড সেকেণ্ডারী স্কুলের অনুরূপ হবে।

(iii) সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের (মা) কাছ থেকে প্যানেল অনুমোদন করাতে হয়।

(iv) সংশ্লিষ্ট জেলা পরিদর্শকের (মা) কাছ থেকে পদত্যাগ, মৃত্যু ও অবসর জনিত কারণে শূন্য পদ পূরণের জন্য পূর্ব-অনুমতি নিতে হবে।

(v) অতিরিক্ত পদে শিক্ষক নেওয়ার জন্যও সংশ্লিষ্ট জেলা পরিদর্শকের (মাঃ) কাছ থেকে অনুমতি নিতে হবে।

(vi) মাদ্রাসায় শিক্ষক নিয়োগের সর্বশেষ অনুমোদন পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড থেকে নিতে হবে।

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে যেন, মাদ্রাসায় শিক্ষক নিয়োগের ব্যাপারে এই গাইড লাইনের অনুসরণ করা হয়।

স্বাক্ষর এ. কে. পালিত
অ্যাসিষ্টেণ্ট সেক্রেটারী।

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : সেক্রেটারী ব্রাঞ্চ

No. 1735—Edn. (s) / 3A—18/82 dt. 20th Dec., 1985

To

The Director of School Education, West Bengal
6, Bhabani Datta Lane, Calcutta-73

বিষয় : সেকেণ্ডারী স্কুলে নিম্নযোগ্যতাসম্পন্ন শিক্ষকের নিয়োগ অনুমোদন

রেফা : D, Sec, W.B. এর মেমো নং 1529—G. A dt. 18.8.84 এবং No 733—G.A. dt. 26. 4. 84 এবং 1082 G. A. dt. 26. 6. 85.

নিম্ন স্বাক্ষরকারী ডাইরেক্টর অব স্কুল এডুকেশনের উক্ত মেমো নম্বরে জানাচ্ছেন যে, যেসব সহকারী শিক্ষক আরবি ও ফারসির মাদ্রাসা অথবা সেকেণ্ডারী স্কুলে নিযুক্ত হয়েছেন, তাঁদের ১.১১.৮১ অথবা স্কুলের অনুমোদনের তারিখ থেকে, অবশ্য মাদ্রাসায় কোন যোগ্যতাসম্পন্ন শিক্ষক না থাকলে তাঁদের স্পেশ্যাল কেস হিসেবে সংশ্লিষ্ট মাদ্রাসায় ক্লাসিক্যাল শিক্ষক হিসেবে বর্তমান রুলের সীমা শিথিল করে অনুমোদন দেওয়া যেতে পারে।

তাঁদের পে পরিশোধিত পে-স্কেল অনুযায়ী Rs. 260—7—295—8—311—10—421—12—481—14—537 স্থির করা যেতে পারে।

ভবিষ্যতে এরূপ নিম্নযোগ্যতাসম্পন্ন শিক্ষকের কেস বিবেচনা করা হবে না।

স্বাক্ষর অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড

১৯ হাজি মহম্মদ স্কোয়ার, কলি-১৬

সার্কুলার No.H.M/GR/1/81 dt. 10.4.81

To

The Heads of High Madrasahas

বিষয় : হাই মাদ্রাসার IX ও X শ্রেণীতে ভর্তি

প্রিয় মহাশয়,

অতীতে বোর্ডের নজরে এসেছে যে, কোন কোন মাদ্রাসা ছাত্র সংখ্যা বাড়িয়ে হাই মাদ্রাসা পরীক্ষার জন্য পাঠান। এর যুক্তি দেখাতে গিয়ে বলা হয় অননুমোদিত মাদ্রাসা থেকে অধিক সংখ্যক ছাত্রকে X ক্লাসে ভর্তি করা হয়। বোর্ডের সার্কুলার No. Ex/2/78 dt. 20. 11. 78-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলা হচ্ছে যে, মাদ্রাসায় ছাত্র সংখ্যা দেখে তবে অননুমোদিত মাদ্রাসা থেকে ছাত্র ভর্তি করা। কিন্তু ঐরূপ মাদ্রাসাতে আপনি দশম শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্রদের ভর্তি করতে পারেন না। এমন কি IX শ্রেণীতে ভর্তি করতে হলেও আপনাকে বর্তমান বিধি-ব্যবস্থা মেনে বিশেষ করে ভর্তি করা সর্বাধিক ছাত্র সংখ্যার কথা মনে রেখে তবে ছাত্র ভর্তি করা যাবে। IX বা X শ্রেণীতে ছাত্র সংখ্যা ৫০ হলেই বোর্ডের থেকে লিখিত অনুমতি পত্র না পেয়ে কাকেও ভর্তি করা চলবে না। বোর্ড থেকে অনুমতি চাইতে হলে নিম্নলিখিত সংবাদাদি জানাতে হবে ;

1. যে ক্লাশে ভর্তি হতে ইচ্ছুক সে ক্লাশের ছাত্র সংখ্যা।
2. নীচের ক্লাশ থেকে উঁচু ক্লাশে প্রমোশন পাওয়া ছাত্রের সংখ্যা ;
3. সংশ্লিষ্ট ক্লাশ থেকে উঁচু ক্লাশে ভর্তি হতে পারেনি তার সংখ্যা ;

ছাত্রের তালিকা : (১) নাম, (২) পিতার নাম (৩) ঠিকানা (৪) স্কুলে ভর্তির তারিখ (৫) প্রমোশন পাওয়া, না আটকে থাকা, (৬) বিগত পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বর দরখাস্তের সঙ্গে দিতে হবে।

ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের সম্বন্ধে সবিশেষ খবর : A ছাত্রদের তালিকা— (i) নাম, (ii) পিতার নাম, (iii) ঠিকানা, (iv) যে ক্লাশে ভর্তি চাওয়া হয়েছে, (v) ট্রান্সফার সার্টিফিকেট জমা দেওয়া হয়েছে কিনা, থাকলে তার কপি, (vi) ট্রান্সফার চাওয়ার যৌক্তিকতা (vii) পরীক্ষার ফলাফল প্রভৃতি ভর্তি ফরমের সাথে যোগ করে দিতে হবে।

উপযুক্ত অন্য কোন খবরাখবর থাকলে তা দরখাস্তের সঙ্গে জানাতে হবে এবং স্থানীয় অনুসন্ধানের ভিত্তিতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্রদের কোন সংশয় না থাকলে ভর্তি করা হবে।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর এন আলম

সেক্রেটারী, মাদ্রাসা বোর্ড

পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ড

১৯ নং হাজী মহঃ মহসীন স্কোয়ার

কলি—১৬

সার্কুলার No H. M. / GR / 281. dt. 15. 4. 81

To

The Heads of High Madrashas

বিষয়ঃ ষাণ্মাসিক রিপোর্ট—দশম শ্রেণীতে প্রত্যেক বছরে এপ্রিল ও সেপ্টেম্বরে ছাত্র সংখ্যা

প্রিয় মহাশয়,

আপনি হয়ত অবগত আছেন যে, প্রত্যেক বছর ১৫ই ফেব্রুয়ারীতে নূতন ভর্তি বন্ধ হয়ে যায়। তারপর হাই মাদ্রাসা থেকে ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে আগষ্ট পর্যন্ত ভর্তি চলতে পারে। আগষ্টের পর বোর্ডের পূর্ব-অনুমতি ছাড়া কোন ভর্তির অনুমতি দেওয়া হয় না।

আপনাকে ক্লাশ X-এ এপ্রিল ও সেপ্টেম্বরের ছাত্র সংখ্যা ভিত্তিতে নিম্নলিখিত পয়েণ্টের জবাব দিতে অনুরোধ করা হচ্ছেঃ

1. নাম, পিতার নাম, ঠিকানা, দশম শ্রেণীতে প্রমোশন পাওয়া ছাত্রের ভর্তির তারিখ।

2. যে সব ছাত্রকে দশম শ্রেণীতে আটকান হয়েছে, তাদের নাম, ঠিকানা, পিতার নাম এবং ভর্তির তারিখ।

3. নূতন ভর্তি হওয়া ছাত্রের নাম, পিতার নাম, ঠিকানা ও ভর্তির তারিখ।

4. অনুমোদিত হাই মাদ্রাসা থেকে ট্রান্সফার নিয়ে আসা ছাত্রদের নাম, ঠিকানা ও ভর্তির তারিখ।

রিপোর্টের কভারে "ছয় মাসের রিপোর্ট ১৯৮......X শ্রেণীর ছাত্রসংখ্যা" লেখা থাকবে এবং মাদ্রাসার ইনস্পেক্টর সৈয়দ আকমল হুসেনের নামে রিপোর্ট পাঠাতে হবে।

উক্ত সংবাদাদি ঠিকমত না পাঠালে সত্য ঘটনা চাপা দেওয়ার অপরাধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার বিশ্বস্ত
এন. আলম
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর ঃ মিস ব্রাঞ্চ

No. 1155—Edn. (M) / 5M—8/78 dt. 29th August, 1980

বিষয় ঃ স্বীকৃতিপ্রাপ্ত সিনিয়র মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য নূতন পে-স্কেল

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বর্তমানে রাজ্যের সিনিয়র মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য সরকার কর্তৃক অনুমোদিত কোন পে-স্কেল নেই। তারা সরকার থেকে মাঝে মাঝে মহার্ঘ ভাতা ও বেতন বাবদ কিছুটা অনুদান পেয়ে থাকেন, উক্ত শিক্ষা প্রতিষ্ঠান-এর উপরে lump grantও পেয়ে থাকেন।

স্বীকৃতিপ্রাপ্ত সিনিয়ার মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য একটি বেতন কাঠামো চালু করায় প্রশ্নটি কিছুকাল ধরে সরকারের বিবেচনাধীন আছে। সবিশেষ চিন্তাভাবনা করে সরকার সিনিয়ার মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য ১.৪.৮০ থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে একটি বেতন স্কেল চালু করবার সিদ্ধান্ত নিয়েছেন ঃ

(i) শিক্ষা প্রতিষ্ঠান বিনা ব্যয়ে শিক্ষা চালু করবেন।

(ii) শিক্ষা প্রতিষ্ঠানকে এই মর্মে একটি লিখিত প্রতিশ্রুতি দিতে হবে যে, সিনিয়ার মাদ্রাসার শিক্ষা সম্বন্ধে বিশেষজ্ঞ কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার যে নূতন (re-oriented) সিলেবাসকে ১. ১. ৮১. থেকে রূপায়ণ করার সিদ্ধান্ত নেবেন।

(iii) সরকারী স্বীকৃতিপ্রাপ্ত এডেড মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটি পুনর্গঠন কল্পে যে রুলস্ নির্ধারিত করা হয়েছে, মাদ্রাসার ম্যানেজিং কমিটিকেও অনুরূপভাবে গঠন করতে হবে।

(iv) শিক্ষা প্রতিষ্ঠান শ্রেণী কক্ষ, ছাত্র সংখ্যা, শিক্ষক-ছাত্র হার এবং কাজের ভার সম্বন্ধে নিচে দেওয়া নীতিগুলো অনুসরণ করতে হবে ঃ

(I) ছাত্র / ছাত্রীসংখ্যা (Roll Strength)

(a) সিনিয়ার মাদ্রাসা (আলিম কোর্স) — 130 জন ছাত্র

(b) সিনিয়ার মাদ্রাসা (ফাজিল কোর্স) — 150 "

(c) সিনিয়ার মাদ্রাসা (এম এম কোর্স) — 170 "

(II) শিক্ষক ছাত্রের হার (ratio)

(a) সিনিয়ার মাদ্রাসা (আলিম কোর্স) ১৩০ জন ছাত্র ... ... 10 জন শিক্ষক

1 সুপরিণ্টেণ্ডেণ্ট—এম. এম / এম. এফ, পাঁচ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা

1. এম. এম. সহকারী শিক্ষক
6. ফাজিল সহকারী শিক্ষক
1. (একজন) গ্রাজুয়েট সহকারী শিক্ষক
1. আই. এ, অথবা বি. এ. (Part I) সহকারী শিক্ষক

(b) সিনিয়ার মাদ্রাসা (ফাজিল কোর্স) ছাত্রসংখ্যা

১৫০ জন ... ... 12 জন শিক্ষক

1. সুপারিনটেণ্ডেণ্ট—এম. এম. / এম. এফ. পাঁচ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা
3. এম. এম. সহঃ শিক্ষক
6. ফাজিল " "
1. গ্রাজুয়েট সহঃ শিক্ষক
1. আই. এ. অথবা বি-এ (পার্ট I) সহ-শিক্ষক

(c) সিনিয়ার মাদ্রাসা (এম. এম. কোর্স) ; ছাত্রসংখ্যা ১৭০ জন

মাদ্রাসার ফাজিল মানের শিক্ষক মণ্ডলী ; অতিরিক্ত চারজন শিক্ষক ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন পশ্চিমবঙ্গ মঞ্জুর করা যেতে পারে। অবশ্য প্রয়োজন অনুযায়ী।

একজন ক্লাস III করণিক এবং দুজন চতুর্থ শ্রেণীর কর্মচারী—প্রত্যেকটি সিনিয়ার মাদ্রাসার জন্য পাওয়া যাবে।

(III) ওয়ার্ক লোড

1. প্রত্যেক শিক্ষকের জন্য ৩৯ পিরিয়ড কাজ।
2. রাজ্যপাল ১. ৪. ৮০ থেকে সিনিয়ার মাদ্রাসার অনুমোদনপ্রাপ্ত সর্বক্ষণের জন্য শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য Annexure 'A'-তে উল্লিখিত শর্তাদির ভিত্তিতে পে-স্কেল চালু করবেন। স্টাফের বেতন স্বাভাবিক রুল অনুযায়ী স্থির করা হবে। তাদের মহার্ঘভাতা প্রভৃতি এডেড স্কুলের মত দেওয়া হবে।
3. ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশনকে অনুরোধ করা হচ্ছে, যেন এই আদেশকে কার্যে পরিণত করতে সংশ্লিষ্ট জেলা পরিদর্শক (মাঃ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বেতনাদি দেওয়ার জন্য ব্যবস্থা অবলম্বন করেন।
4. এর জন্য যা ব্যয় হবে তা "277 Education" খাতে মঞ্জুর করা হবে।
5. অর্থ দপ্তরের সঙ্গে সঙ্গতি রেখে এই আদেশ প্রচার করা যাক।
6. পে-এণ্ড অ্যাকাউণ্টস অফিসার ও পশ্চিমবঙ্গের অ্যাকাউণ্টটেণ্ট জেনারেলকে জানান হয়েছে।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

ANNEXURE—"A"

1.	পাশ গ্রাজুয়েট অথবা সমযোগ্যতা (M.M. or, M F)	Rs. 300-750/-
2.	আণ্ডার-গ্রাজুয়েট অথবা সমযোগ্যতা (ফাজিল)	Rs. 230-400/-
3.	ক্লার্ক (প্রবেশিকা বা সমতুল্য)	Rs. 220-350/-
4.	IV শ্রেণীর কর্মী	Rs. 135-180/-

সুপারিনটেণ্ডেন্ট (প্রধান / প্রধানা) একটি স্পেশ্যাল পে

এবং তৎসহ স্কেল অব পে—

আলিম মাদ্রাসা	50/-
ফাজিল মাদ্রাসা	75/-
এম. এম. মাদ্রাসা	100/-

কর্মরত করণিকের প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে বেতনের প্রারম্ভিক টাকা দেওয়া হবে এবং যোগ্যতা না বাড়ান পর্যন্ত কোন ইনক্রিমেন্ট দেওয়া হবে না।

স্বাঃ অস্পষ্ট

ডেপুটি সেক্রেটারী, শিক্ষা দপ্তর

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলিকাতা—১৬

সার্কলার No App/2/80 dt. 10. 6. 80

To the Heads of all High Madrasahs recognised by the W. B. Madrasaha Edn. Board w. e. from 1. 1. 78 & 1. 1. 79.

বিষয় : শিক্ষকদের নিয়োগ অনুমোদন সংক্রান্ত কাগজ-পত্র দাখিল করার ব্যাপারে হাই মাদ্রাসার প্রধান / প্রধানাদের প্রতি সাধারণ নির্দেশনামা

ক্লাশ X মানের হাই মাদ্রাসার স্টাফ প্যাটার্ন (৬ ইউনিট) সম্পর্কে যেরূপ হবে :

শিক্ষক মণ্ডলী	যোগ্যতা	পদের সংখ্যা
প্রধান / প্রধানা	বি. এ. (অনার্স) বি. টি. অথবা এম. এ. বি. টি.	1
সহকারী শিক্ষক / শিক্ষিকা :	এম. এম. বি. এ. অথবা বি. এ. (পার্ট—I)	1
1. ভাষা গ্রুপ :	জুনিয়ার হাইয়ের থাকলে বি. এ. (অনার্স ইংরাজী বি. এ. অনার্স বাংলা, উর্দু)	1
2. সায়েন্স গ্রুপ :	বি. এস.-সি (অনার্স) এম. এস.-সি	2
	বি. এস.-সি (বায়ো)	1
3. সোস্যাল সায়েন্স :	বি. এ. (অনার্স) ভূগোল	1
	বি. কম. / বি. এ অনার্স (ইতি) অথবা বি. এ. (ইতি)	1
4. অ্যাডভান্স আরবিক এফ. এম.		1
ওয়ার্ক এডু এবং শরীর শিক্ষা গ্রুপ		
	ছয় ইউনিটের জন্য মোট :	12

হাই মাদ্রাসায় সাত ইউনিট থাকলে ভাষা গ্রুপে অতিরিক্ত একজন যোগ্যতা-সম্পন্ন শিক্ষক।

আট ইউনিট হাই মাদ্রাসায় দুজন অতিরিক্ত শিক্ষক—একজন ভাষা গ্রুপে এবং অন্যজন সায়েন্স গ্রুপে।

অশিক্ষক কর্মচারীবৃন্দ :

করণিক	এইচ এম/এম. পি/এইচ এস পাস (টাইপ জানলে ভাল হয়)	1
পিওন	ক্লাশ VII পাস	1
মেট্রন	যেখানে সহশিক্ষা অনুমতি পেয়েছে	1

জুনিয়ার হাই মাদ্রাসা হাই মাদ্রাসায় উন্নীত হলে বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষকদের পুনরায় বোর্ডের অনুমোদনের দরকার হবে না, তাঁরা হাই মাদ্রাসার অনুমোদিত শিক্ষক হিসেবে বিবেচিত হবেন।

জুনিয়ার হাই মাদ্রাসা হাই মাদ্রাসায় উন্নীত হলে হেডমাস্টারের যথাযোগ্য যোগ্যতা না থাকলে তাঁকে নূতন করে অনুমোদন নিতে হবে।

সমস্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের অনুমোদনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে নিম্নলিখিত কাগজপত্র (documents) সহ পেশ করতে হবে।

(1) বিজ্ঞাপনের অনুলিপি (2) সমস্ত পরীক্ষার মার্কসিট, অ্যাডমিট কার্ড ও সার্টিফিকেট (3) শিক্ষক নিয়োগ সংক্রান্ত প্রস্তাবের অনুলিপি (4) নিয়োগ পত্রের কপি (5) যোগদান পত্রের কপি (6) স্টাফ Statement-এ থাকবে—

(a) স্টাফের নাম (b) যোগ্যতা (c) পদমর্যাদা (d) জন্ম তারিখ (e) যোগদানের তারিখ (f) কোন্ তারিখ থেকে নিয়োগ অনুমোদন পাবে, (7) ইন্টারভ্যুর পদ্ধতি ও মূল্যায়ণ পত্র। যদি কোন নিয়োগ বিনা বিজ্ঞাপনে হয়ে থাকে, কোন্ অবস্থায় তা হল, তার ব্যাখ্যামূলক পৃথক পত্র।

সমস্ত কাগজপত্রের কপি উপযুক্ত কর্তৃক প্রত্যায়ন (attest) করে দিতে হবে।

স্বাঃ এন আলম
সেক্রেটারী ১০. ৬. ৮০

পশ্চিমবঙ্গ সরকার

এডুকেশন ডাইরেক্টোরেট, গ্রান্ট ইন এড সেকশন
৬, ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. $\frac{327(16)6A}{1\text{—}G/80}$

dt. 18th February '81

To the Dist. Inspector of Schools (SE)

বিষয় : স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়ে নিম্ন যোগ্যতাসম্পন্ন প্রাচীন ভাষার (classical) শিক্ষক নিয়োগ

নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার No 772—Edn (S) dt. 8th July,

1974 অনুযায়ী স্বীকৃত হাই স্কুলের শিক্ষকের যোগ্যতা হবে—ডিগ্রী পাশ, যাতে মধ্যশিক্ষা পর্ষদের নির্ধারিত নূতন পাঠ্যসূচী অনুযায়ী স্কুলের পঠন-পাঠন চলতে পারে। সরকারী আদেশে পরিশোধিত স্টাফ প্যাটার্ন কেবল প্রাচীন বিদ্যা (সংস্কৃত/আরবী/ফার্সী) পড়ানোর জন্য কোন ব্যবস্থা করা নেই। তৎসত্ত্বেও এটা লক্ষ্য করা গেছে যে বেশ কিছু সংখ্যক অনুমোদিত হাই স্কুল কেবলমাত্র উক্ত কাসিক্যাল ডিগ্রীর শিক্ষক নিযুক্ত করেছেন পরিশোধিত পাঠ্যসূচী চালু করবার পরে। ঐরূপ শিক্ষকের চাকরীতে নিযুক্ত করার ফলে তাঁদের সার্ভিস পুরোপুরি কাজে লাগান যাচ্ছে না। কিন্তু সংশ্লিষ্ট স্কুলগুলো ঐসব কম যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের নিয়োগ অনুমোদন করবার জন্য প্রবল চাপ দিচ্ছেন এই যুক্তিতে যে, তাঁরা সরকারী আদেশ যথাসময়ে জানতে পারেন নি অথবা স্কুল স্বীকৃতি লাভের আগেই ১.১.৭৮ বা তারপর থেকে কাজ করে আসছেন। কয়েকটি বিশেষ ক্ষেত্রে যেখানে VII ও VIII-এ ক্লাসিক্যাল বিষয় পড়াবার যোগ্য শিক্ষক নেই অথবা IX ও X-এ ক্লাসিক্যাল সাবজেক্টকে অতিরিক্ত ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ানোর ব্যবস্থা আছে, সেখানে স্পেশ্যাল কেস হিসেবে ঐরূপ ক্লাসিক্যাল শিক্ষককে অনুমোদন দেওয়া হয়েছে এই মর্মে পুনরায় আদেশ দেওয়া হচ্ছে যে, ভবিষ্যতে যেন কোন স্কুলে কেবলমাত্র ক্লাসিক্যাল বিষয় পড়ানোর জন্য নিম্নযোগ্যতাসম্পন্ন ক্লাসিক্যাল শিক্ষক নিয়োগ করা না হয়। এরূপ নিম্নযোগ্যতাসম্পন্ন শিক্ষকের নিয়োগ অনুমোদনের ব্যাপারে যে সব দরখাস্ত ডাইরেক্টোরেটে জমা পড়ে রয়েছে, সেগুলো সংশ্লিষ্ট কাগজপত্র সমেত প্রত্যেকের জন্য সংক্ষিপ্ত রিপোর্ট সহ, উক্ত শিক্ষকের মঞ্জুরীকৃত পদের ভিত্তিতে নিযুক্ত হয়েছেন কিনা, যে বিষয়ের পড়ানোর জন্য শিক্ষক নেওয়া হয়েছে, সে বিষয়ে পাঠেচ্ছু প্রয়োজনীয় ছাত্র সংখ্যা রয়েছে কিনা, অর্থাৎ উক্ত সাবজেক্টের শিক্ষক নিয়োগ ন্যায্য হয়েছে কিনা, স্কুলের বর্তমান অনুমোদিত প্রাপ্ত শিক্ষকমণ্ডলীতে উক্ত বিষয় পড়ানোর যোগ্য শিক্ষক আছেন কিনা। এই ব্যাপারে সংশ্লিষ্ট কাগজপত্র ১৯৮১ সালের ৩১শে মার্চের মধ্যে ডাইরেক্টোরেটে অবশ্যই পৌছতে হবে। এর পর ডাইরেক্টোরেট কর্তৃক আর কোন কেস বিবেচনা করা হবে না। বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিতে হবে।

স্বাক্ষর অস্পষ্ট

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (পক্ষে)

পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলিকাতা-১৬

dt. 10. 4. 81

সার্কুলার No. Sr/Reci/81

To the Heads of all Madrashas

বিষয়ঃ সিনিয়র মাদ্রাসার স্থাবর সম্পত্তি সম্বন্ধে খবরা-খবর

আপনাকে ৩০ এপ্রিলের মধ্যে অবশ্যই নিম্ন বিষয়গুলি জানাতে অনুরোধ করা হচ্ছেঃ

1. মাদ্রাসার নাম ও ঠিকানা (পোষ্ট্যাল) ;

2. (a) মাদ্রাসার নিজস্ব জায়গা-জমি (হোল্ডিং নং, খতিয়ান নং, মৌজা এবং জায়গার পরিমাণ)।
(b) দান অথবা কেনা কিনা অথবা মাদ্রাসাকে কেউ জমা দিয়েছে কিনা।
(c) দানপত্রের বিষয়-বস্তু, ওয়াকফ, ক্রয় (দলিল নং, তারিখ, রেজিষ্টারী অফিসের ঠিকানা, দাতা ও গ্রহীতার নাম)
3. (a) মাদ্রাসাকে দেওয়া কৃষিযোগ্য জমি থেকে আয় (একরে গড়ে আয়)
(b) অন্যান্য সূত্র থেকে আয় (সাময়িক সংগ্রহ, যেমন রাকাত, ওসার প্রভৃতি)
4. হোষ্টেলে স্থান ;
(a) কাঠামো (পাকা দালান / মাটির গাঁথনি বাড়ী) ;
(b) ঘরের সংখ্যা ;
(c) আবাসিকের সংখ্যা ;
(d) বোর্ডিং ও লজিং বিনা খরচায় কিনা ;
(e) জমি ও অন্যান্য সূত্র থেকে আয়ের সবটা বোর্ডি, লজিং এবং মেধাবী / দরিদ্র ছাত্রদের জন্য ব্যয় হয় কিনা।

আপনার বিশ্বস্ত
এন. আলম্
সেক্রেটারী, মাদ্রাসা বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর মিস্ ব্রাঞ্চ

No. 775—Edn (M) / 5H—4/84 pt. dt. 8th July, 1985

To

The Director of School Education, West Bengal
6, Bhabani Datta Lane, Cal-73

বিষয়ঃ স্বীকৃত সিনিয়ার মাদ্রাসায় কর্মরত গ্রাজুয়েট শিক্ষকের ট্রেনিং এর জন্য অনুমতি

রেফাঃ তার মেমো নং 983—Sc/G. dt. 15. 5. 85.

গভঃ অর্ড No 853-(M) dt. 30. 8. 84, নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্বীকৃত সিনিয়র মাদ্রাসার গ্রাজুয়েট শিক্ষকের ট্রেনিং-এর ব্যবস্থা কল্পে এক প্রস্তাব বিবেচনা করে দেখা হয়েছে। সরকার কর্তৃক এরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, মাদ্রাসার গ্রাজুয়েট শিক্ষকদেরও এডেড সেকেণ্ডারী স্কুলের গ্রাজুয়েট শিক্ষকদের মত বি. টি. / বি. এড ট্রেনিং

এর ব্যবস্থা টীচার্স ট্রেনিং কলেজে করা হবে এবং তাঁদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য ট্রেনিং কলেজে ডেপুটেশন দেওয়ার ব্যবস্থা করা উচিত।

রাজ্যপাল এখন নির্দেশ দিচ্ছেন যে, জি. ও. নং 653—Edn (M) dt. 9. 7. 84-এর সংশোধন করে মাদ্রাসার অনধিক দশজন গ্রাজুয়েট শিক্ষককে ১৯৮৫-৮৬ শিক্ষা বর্ষে বি. এড. / বি. টি. কোর্সে টীচার্স ট্রেনিং কলেজে ডেপুটেশন দেওয়া যেতে পারে। অবশ্য তাঁদের নিম্নলিখিত শর্তাদি পূরণ করতে হবে—

(1) ডেপুটেড শিক্ষকের নির্বাচন প্রার্থীর সিনিয়ার মাদ্রাসার চাকরির সময়সীমা অনুযায়ী স্থির করা হবে।

(2) সেখানে অনুমোদিত চাকরির বয়স এক, সেক্ষেত্রে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী এবং অনার্স গ্রাজুয়েটকে অন্যান্যদের চেয়ে অগ্রাধিকার দেওয়া হবে।

(3) সেখানে চাকরির বয়স ও যোগ্যতা একই রকম, সেখানে বিভিন্ন পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।

এই ব্যাপারে ব্যয়, "G. A. / Teachers' Training" এডুকেশন বাজেট—227.

স্বাক্ষর আর. এন. চক্রবর্তী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুলস্
৬ ভবানী দত্ত লেন (উচ্চতলা)
কলি—৭৩

মেমো No. 1540/Sec / OM—17G—81 (Part) dt. 16th Dec, 1985

To

The Dist. Inspector of Schools (SE)
পুরুলিয়া পোঃ ও জেলা—পুরুলিয়া

বিষয়ঃ পশ্চিমবঙ্গের স্বীকৃত সিনিয়র মাদ্রাসায় কর্মরত এম এম পাস শিক্ষকের পে-স্কেল

উক্ত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, স্বীকৃত সিনিয়ার মাদ্রাসায় কর্মরত এম. এম. যোগ্যতাসম্পন্ন শিক্ষকের পে-স্কেল Rs. 440—1170 /—জি. ও নং 220-Edn. (B) dt. 29. 5. 82 অনুযায়ী হবে। এই মর্মে জানা গিয়েছে যে, সকল

এম. এম. পাশ শিক্ষক উক্ত স্কেলের সুযোগ পাচ্ছে না। কাজেই নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে সংশ্লিষ্ট শিক্ষকদের জি. ও. অনুযায়ী শিক্ষকদের বেতন দেওয়া হয়।

স্বাক্ষর এ. কে. রায়
ডেপুটি ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (I)
পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর এডুকেশন (S) ব্রাঞ্চ

No. 1322—Edn (S) / 35—24/84 dt. 20th August, 1984

বিষয়ঃ ১. ১. ৮৪ থেকে পশ্চিমবঙ্গ মাদ্রাসার স্বীকৃতি বা অনুমোদন

এই শিক্ষা দপ্তরের মেমো নং 847/1 (2)—Edn (S) dt. 21. 5. 85 অনুসারে উক্ত বিষয়ে জানান যাচ্ছে যে, মুর্শিদাবাদ জেলার হাই মাদ্রাসা এবং নদীয়া জিলার জুনিয়ার হাই মাদ্রাসার সম্বন্ধে পরিদর্শন রিপোর্ট (inspection report) এই দপ্তরে না পাওয়ায় অবিলম্বে Annexure-এ উল্লেখ করে পাঠিয়ে দেওয়া হউক।

স্বাক্ষর এ. কে. পালিত, অ্যাসিঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

No. 312—Edn (B) / IM—2592 dt. 5th Dec, 1985

To the Director of School Education, West Bengal
6, Bhabani Datta Lane, Cal—73

বিষয়ঃ স্পনসর্ড এবং এডেড সিনিয়ার মাদ্রাসার জন্য সংশোধিত পে-স্কেল

রেফাঃ মেমো নং 159—Sc/G dt. 19. 1. 84

গভঃ অর্ডার নং 220—Edn (B) dt. 29. 5. 82 এর আংশিক সংশোধন করে রাজ্যপালের আদেশে জানান হচ্ছে যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে অনুমোদিত শিক্ষকদের জন্য ৩৬০-৮১৫ টাকার স্কেল অব-পে ১. ৪. ৮১ থেকে সিনিয়ার মাদ্রাসায় চালু করবার জন্য নির্দেশ দিয়েছেন।

(1) আণ্ডার-গ্রাজুয়েট অথবা সমতুল্য অর্থাৎ ফাজিল :

সংশ্লিষ্ট পদে নিযুক্ত ব্যক্তিরা ৩১. ৩. ৮১ সালে চাকরিতে যুক্ত থাকলে এই অর্ডার প্রকাশের ৬০ দিনের মধ্যে অপশন দেওয়ার জন্য সুযোগ দেওয়া হবে।

এই ব্যাপারে তাঁদের বেতন-স্কেল নির্ধারণে গভঃ আদেশ No 492 (6)—Edn (B) dt. 26. 10. 81. তারিখের মূলনীতি অনুসারে স্থিরীকৃত হবে।

অর্থ দপ্তরের মেমো নং U. O. No Group B/1264 dt. 2.8.84. এর সঙ্গে সঙ্গতি রেখে এই আদেশ দেওয়া হল।

স্বাক্ষর এম. এম. সিংহরায়, ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন

কলিকাতা-৭৩

No. 1734—Sc/G / OM—17g/81 (Pt) dt. September '85

To

The Secretary, West Bengal Madrasah Education Board,

19, Hazi Md. Mohasin Sq. Cal-16.

বিষয় : ডেপুটেশন ভেকেন্সীতে আরবি শিক্ষকদের নিয়োগ

রেফাঃ মেমো নং 198 (aP pt.) dt. 21. 12. 84.

উল্লিখিত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, ডেপুটেশন ভেকেন্সীতে MM/FM -পাশ শিক্ষকদের নিয়োগ অনুমোদন দেওয়া হবে না।

স্বাক্ষর এ. কে. রায়

ডাইরেক্টর অব স্কুল এডুকেশনের পক্ষে

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর

No. 882—Edn. (M) dt. 23rd June, 1986.

To

The Director of School Education, West Bengal.

6, Bhabani Datta Lane, Cal-73

বিষয় : স্বীকৃতিপ্রাপ্ত সিনিয়ার মাদ্রাসার অনুমোদনপ্রাপ্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের এক্স-গ্রাসীয় মঞ্জুর

(1) রাজ্যপালের আদেশে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, আসন্ন উৎসব উপলক্ষে কিছুটা রিলিফ দানের উদ্দেশ্যে সিনিয়ার মাদ্রাসার অনুমোদনপ্রাপ্ত শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রত্যেককে এককালীন ২০০ (দুশত) টাকা এক্সগ্রাসীয়া ১৯৮৬ সালের এপ্রিলে ২৫০০ পর্যন্ত বেতনধারীদের দেওয়া হবে।

(2) বেতন বা 'emoluments' অর্থে মূল বেতন, ব্যক্তিগত বেতন, অতিরিক্ত মহার্ঘভাতা এবং duty allowance প্রভৃতি।

(3) মুসলমান কর্মচারীদের এক্সগ্রাসীয়া অবিলম্বে দেওয়া হবে এবং অমুসলান কর্মচারীদের বেলায় ১৯৮৬ সালের সেপ্টেম্বরের বেতনের সঙ্গে দেওয়া হবে এবং তা ১৯৮৬ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে সম্পূর্ণ করতে হবে।

* * *

স্বাক্ষর এ. কে. পালিত

অ্যাসিঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

মুর্শিদাবাদ জেলা পরিদর্শকের অফিস

Memo No. 144115/G dt. 29th July. 1986

To the Superintendents of all approved Senior Madrasahas of Murshidabad.

বিষয় : ১. ৪. ১৯৮১ সালের পর এম. এম/বি. এ পাশ করে যোগ্যতাবৃদ্ধির জন্য উচ্চতর বেতন পাওয়ার বিষয়ে

রেফাঃ পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিটেণ্ট সেক্রেটারীর মেমো নং 873—Edn (M) 20th January, 1986

উল্লিখিত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, এই চিঠি পাওয়ার ১৫ দিনের মধ্যে নীচে দেওয়া নির্ধারিত প্রোফরমায় একটি বিবরণ দিতে হবে।

(স্বাক্ষর) জেলা স্কুল পরিদর্শক
(মাধ্যমিক), মুর্শিদাবাদ

প্রোফরমা :

1. সিনিয়ার মাদ্রাসার নাম :
2. জিঃ ও নং 1155—Edn. (M) dt. 29. 8. 80 এ স্টাফ প্যাটার্ন অনুযায়ী ১. ৪. ৮১ সালের পূর্বে নিযুক্ত শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা—
3. ১. ৪. ৮১ তারিখের পর যেসব শিক্ষক এম এম. / বি. এ. পাস করে যোগ্যতা বৃদ্ধি করবেন তাঁদের নাম।
4. যে সব শিক্ষক এম এম/বি. এ পাস করে যোগ্যতাবৃদ্ধির ফলে ১. ৪. ৮১ থেকে এম. এম. / গ্রাজুয়েট স্কেলে বেতন নিয়েছেন তাঁদের বিবরণ অর্থাৎ ১. ৪. ৮১ থেকে ১. ৭. ৮৬ পর্যন্ত যে বেতন নিয়েছেন তাতে কতটা বেশী পেয়েছেন তার একটি বিস্তৃত বিবরণ দিতে হবে।

স্বাক্ষর অস্পষ্ট
জেলা স্কুল পরিদর্শন (মাঃ), মুর্শিদাবাদ

পশ্চিমবঙ্গ সরকার

অর্থ দপ্তর : অডিট ব্রাঞ্চ

No 11048—F dt. 29th October, 1986

মেমোরেণ্ডাম

রাজ্যপাল সন্তুষ্ট হয়ে এই মর্মে আদেশ জারী করছেন যে, ১৯৮৬ সালের ১লা নভেম্বর থেকে অনুমোদনপ্রাপ্ত সিনিয়ার মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেসরকারী স্কুল রুল 14—Appendix 3 ওয়েষ্ট বেঙ্গল ট্রেজারী রুল—Vol. II অনুযায়ী বেতন দেওয়া হবে। ট্রেজারিকে পৃথক বিলে স্কুলের জন্য ভিন্ন খাতে মাহিনা দেবার ব্যবস্থা করতে হবে।

স্বাক্ষর জি. এন. চ্যাটার্জী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন

৬ ভবানী দত্ত লেন, কলিকাতা-৭৩

Memo No. 2677/Sc/G dt. 1st Dec, 1980

To

The Secretary,

Education Dept., Govt. of West Bengal

Writers' Buildings, Cal-1

বিষয়ঃ জুনিয়ার হাই ও হাই মাদ্রাসার ফাজিল ও এম. এফ. পাস শিক্ষকদের নিয়োগ অনুমোদন

নিম্নস্বাক্ষরকারী পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ডের সেক্রেটারির পাওয়া মেমো নং 2573 dt. 10th Nove, 1980 এর প্রসঙ্গে নিচে জানান হচ্ছেঃ

সরকারী আদেশ নং 772—Edn (S) 8. 7. 74 এ শিক্ষকের নিম্নতম শিক্ষাগত যোগ্যতা ডিগ্রী পাস এবং যে বিষয়ের শিক্ষক নেওয়া হবে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নূতন পাঠক্রম অনুযায়ী উক্ত স্কুল সাবজেক্ট তাঁর ডিগ্রী কোর্সে থাকা চাই।

গভঃ অর্ডার নং $\frac{1155\text{—Edn (M)}}{5\text{M—}8/78}$ dt. 29th Aug, 1980 অনুসারে 'ফাজিলকে' আণ্ডার-গ্রাজুয়েটের সমতুল্য বলে ঘোষণা করা হয়েছে। কাজেই জুনিয়ার মাদ্রাসায় 'ফাজিল' পাস শিক্ষককে জুনিয়ার হাই অথবা হাই মাদ্রাসায় নিয়োগ করা চলে না।

ইত্যবসরে বেশ কিছু সংখ্যক 'ফাজিল' পাস শিক্ষককে জুনিয়ার হাই ও হাই মাদ্রাসায় নিযুক্ত করা হয়েছে এবং পরবর্তীকালে তাদের পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড অনুমোদন দিয়েছেন। এই সব নিয়োগ জি. ও নং 772—Edn (S) dt. 8.7,74-এর পরিপ্রেক্ষিতে বৈধ নয়। অধিকন্তু গতানুগতিক যোগ্যতা (traditional qualifications) হিসেবে কাব্যতীর্থ, ব্যাকরণতীর্থ, ফাজিল, এম. এম. প্রভৃতি যোগ্যতাকে এখন উক্ত গভঃ অর্ডার অনুযায়ী নিয়োগের বিবেচনাধীন নয়।

সংস্কৃত শিক্ষার ব্যাপারে প্রচুর সংখ্যক সংস্কৃত সহ গ্রাজুয়েট প্রার্থী পাওয়ায় সংস্কৃত শিক্ষণে কোন সমস্যা নেই কিন্তু ডিগ্রী কোর্সে আরবি সহ গ্রাজুয়েট শিক্ষক মেলা দুষ্কর, নাই বললে চলে।

এই অবস্থায় আরবি সহ গ্রাজুয়েট শিক্ষকের অভাব মাদ্রাসা কর্তৃপক্ষের কাছে একটি সমস্যা হয়ে দাঁড়িয়েছে। কাজেই সরকারের পক্ষে বিবেচনার কারণ হয়ে দাঁড়িয়েছে, এম. এম. পাস প্রার্থীকে গ্রাজুয়েটের সমকক্ষ বিবেচনা করা যেতে পারে, অবশ্য অন্যান্য শর্তাদি পূরণসাপেক্ষে।

বর্তমানে যে সব ফাজিল পাস অনুমোদনপ্রাপ্ত শিক্ষক মাধ্যমিক ধরনের স্বীকৃত

মাদ্রাসায় কর্মরত আছেন, তাঁদের স্পেশ্যাল কেস হিসেবে বিবেচনা করে অদূর ভবিষ্যতে তাঁদের এম. এম. পাস করে অথবা অন্যভাবে যোগ্যতা বৃদ্ধির জন্য তিন বছরের সময়-সুযোগ দেওয়া হল। তাঁরা প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন না করা পর্যন্ত কোন ইনক্রিমেণ্ট পাবেন না।

জুনিয়ার হাই/হাই মাদ্রাসা ফর গার্লসে যোগ্যতাসম্পন্ন শিক্ষিকার অভাবে আরবি শিক্ষা দেওয়ার প্রয়োজনে ঐ সব স্কুলে পুরুষ শিক্ষকদের উপযুক্ত মহিলা শিক্ষক না পাওয়া পর্যন্ত শিক্ষক নিয়োগের অনুমতি দেওয়া যেতে পারে।

স্বাঃ ই. দত্ত
ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুঃ
পশ্চিমবঙ্গ (পক্ষে)

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন
৬ ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. 990/Sc/G

dt. 21st. April, 1981

To
The General Secretary
Paschimbanga Madrasha Shikhak Samity
26-c, Rafi Ahmed Kidwai Road, Cal-16

বিষয়: অনুমোদনপ্রাপ্ত সিনিয়ার মাদ্রাসায় নিম্ন যোগ্যতাসম্পন্ন সুপারিনটেণ্ডেন্টের অনুমোদন

প্রিয় মহাশয়,

আপনার মেমো নং 50/81 dt. 18. 4. 81 প্রসঙ্গে জানাচ্ছি যে, গভঃ অর্ডার No. 1155—Edn. (M) dt. 29. 8. 80 মতে অনুমোদিত সিনিয়ার মাদ্রাসার সুপারিনটেণ্ডেন্টের যোগ্যতা হবে এম. এম./এম. এফ. ও তৎসহ পাঁচ বছরের শিক্ষাগত যোগ্যতা।

আপনার অবগতির জন্য জানান হচ্ছে যে, যে প্রার্থীর উল্লিখিত যোগ্যতা নেই তাকে সিনিয়ার মাদ্রাসার সুপারিনটেণ্ডেন্টের পদে নিয়োগ করা যায় না।

আপনার বিশ্বস্ত
স্বাক্ষর অস্পষ্ট
ডাইরেক্টর অব সেকেণ্ডারী
এডুঃ পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার

কলি-১৬

সার্কুলার No APP/1/82 14. 6. 84

To

The Heads of all recognised Madrasahas

বিষয় : শিক্ষক নিয়োগের সময়ে সার্টিফিকেট, মার্কশীট প্রভৃতি পেশ করা

উল্লিখিত রেফারেন্সে জানান হচ্ছে যে, নূতন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষকদের সার্টিফিকেট, মার্কশীট, প্রশংসাপত্র প্রভৃতির মূল (Original) অংশ দাখিল করতে হবে।

এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য নির্দেশ হওয়া হল।

স্বাঃ জেড. হায়দর
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. $\frac{\text{477—Edn (S)}}{\text{4A—24/84}}$ dt. 26th April, 1984

To

The Director of School Education

বিষয় : মাদ্রাসায় শিক্ষক নিয়োগ

নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, বর্তমান ব্যবস্থায় পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুমোদন নিয়ে হাই/জুনিয়ার হাই/সিনিয়ার মাদ্রাসায় শিক্ষক নিয়োগ করা হয়, কিন্তু কার্যতঃ হাই/জুনিয়ার হাই ও সিনিয়ার মাদ্রাসায় প্রথম শিক্ষক নিয়োগ করা হয়। তারপরে মাদ্রাসার কাছে নিয়োগের অনুমোদন নিয়ে থাকে।

বিশেষ বিবেচনার পর সিদ্ধান্ত করা হয়েছে যে ঐরূপ অভ্যাস অবিলম্বে ছেড়ে দিতে হবে। এখন থেকে জুনিয়ার/হাই/সিনিয়ার হাই মাদ্রাসায় পশ্চিমবঙ্গ মাদ্রাসার পূর্ব-অনুমতি ছাড়া কোন শিক্ষক নিয়োগ করা চলবে না।

সংশ্লিষ্ট সকলকে জানানো হল।

স্বাঃ এস. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 532—Edn.(S) / 4A—24/84 dt. 6th April, 1985

To

The Director of School Education, W.B.
6, Bhabani Datta Lane, Cal-73

বিষয় : মাদ্রাসায় শিক্ষক নিয়োগ

রেফা : মেমো নং 897-Edn.(S) Dte. Memo No. 281-Sc/S dt. 5. 2. '85

এই ব্যাপারে পূর্ববর্তী সকল অর্ডার বাতিল করে জানাচ্ছেন যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে অনুমোদিত মাদ্রাসার শিক্ষক নিয়োগকল্পে নিম্নলিখিত গাইড লাইন কঠোরভাবে অনুসরণ করবার জন্য নির্দেশ দিয়েছেন :

(i) মাদ্রাসায় (জুনিয়ার ও সিনিয়ার) সকল প্রকার নিয়োগের পদ্ধতির ব্যাপারে অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের নিয়োগ নীতি অনুসরণ করা হবে।

(ii) সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সংশ্লিষ্ট রুল অনুযায়ী মাদ্রাসায় শিক্ষক নিয়োগের পদ্ধতি অনুসরণীয়।

(iii) সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের (মাঃ) কাছ থেকে তৈরী করা প্যানেলের অনুমোদন নিতে হবে।

(iv) পদত্যাগ, মৃত্যু ও অবসর গ্রহণজনিত কারণে পদ শূন্য হলে ঐ শূন্য পদ পূরণের জন্য সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের কাছ থেকে পদ পূরণের জন্য পূর্ব-অনুমতি গ্রহণ করতে হবে।

(v) অতিরিক্ত পদে (additional post) শিক্ষক নিয়োগের অনুমতি আগে থেকে সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শকের কাছ থেকে নিতে হবে।

(vi) মাদ্রাসায় শিক্ষক নিয়োগের ফাইন্যাল সম্মতি পশ্চিমবঙ্গ মাদ্রাসা বোর্ডের কাছ থেকে সংগ্রহ করতে হবে।

যাতে মাদ্রাসায় শিক্ষক নিয়োগের নিয়ম-নীতি উল্লিখিত গাইড লাইন অনুসারে হয়, তার জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ জানান হচ্ছে।

স্বাঃ এ. কে. পালিত
অ্যাসিঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন
গ্রাণ্ট-ইন-এড-সেকশন
৬ ভবানী দত্ত লেন, কলিকাতা-৭৩

No. 328/16/GA / 3B—16/80 dt. 15. 2. 86

To
The Dist. Inspector of Schools (SE)

বিষয় : অফিস মেমো নং 166 (4000) G.A. dt. 31. 1. 84

উল্লিখিত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, হাই স্কুলের জন্য মঞ্জুর করা অতিরিক্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের 1. 2. 84 থেকে দু'বছরের জন্য অস্থায়ীভাবে নিযুক্ত হলে, অথবা পরবর্তীকালে নিযুক্ত হলে দু'বছর অতিক্রম করলে তাঁদের স্থায়ী বলে গণ্য করা যেতে পারে, নিম্নলিখিত শর্তাদির ভিত্তিতে :

(1) V—X ক্লাস ইউনিটে তাঁদের রাখার যৌক্তিকতা স্বীকার্য কিনা।

(2) ঐসব নিয়োগ দায়মুক্ত (Free from litigation)।

(3) উক্ত পদে রাখবার জন্য স্কুল ম্যানেজিং কমিটি কর্তৃক প্রস্তাব গ্রহণ করে অফিসে পাঠান হয়েছে কিনা।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টার অব স্কুল এডুকেশন
পশ্চিমবঙ্গ (পক্ষে)

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর

No. 625/Edn (M) / 5M—14/83 dt. 31st. March 1986

To
The Director of School Education, West Bengal

বিষয় : সিনিয়ার মাদ্রাসায় (Class I to X নব মূল্যায়ন জনিত সিলেবাসের জন্য পরিশোধিত স্টাফ প্যাটার্ণ)

রেফা : D.S.E. ও Memo No 11 Sc/G dt. 3. 1. 84

নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার 1155—Education (M) dt. 29.8.80 অনুযায়ী রাজ্যসরকার 1.4.80 সাল থেকে সিনিয়ার মাদ্রাসায় অনুমোদনপ্রাপ্ত সর্বক্ষণের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের জন্য একটি পে-স্কেল চালু করেন এবং তাতে কতকগুলো শর্তের কথা আছে এবং সমস্ত প্রকারের মাদ্রাসার (যথা আলম, ফাজিল ও এম. এম. মাদ্রাসা) স্টাফ প্যাটার্ণের কথা উল্লেখ আছে।

2. গভঃ অর্ডার No. 1010—Edn. (M) dt. 8.7.81. এবং গভঃ অর্ডার No. 1115—Edn. (M) dt. 8. 9. 83 এর সঙ্গে পঠিত-নিয়মে সরকার অনুমোদিত ও পরিশোধিত সিলেবাস অথবা জুনিয়ার—I থেকে জুনিয়ার VIII ক্লাশ পর্যন্ত, আলিম ১ম ও দ্বিতীয় বর্ষের ক্লাশ ফাজিল পার্ট—I কোর্স (দুবছরের কোর্স), ফাজিল—পার্ট II কোর্স (দু'বছরের কোর্স), M. M./ F.M. কোর্স (প্রত্যেকটি দু'বছরের) এই রাজ্যে চালু করা হয়েছে। ১৯৮১ সাল থেকে সিনিয়ার মাদ্রাসায় আলিম কোর্স সূচনা করা হচ্ছে এবং প্রতি বছর পরিশোধিত সিলেবাস পর পর উঁচু ক্লাশে চালু হবে। এভাবে পরিশোধিত সিলেবাস ক্লাশ VI পর্যন্ত চালু করা হয়েছে। এবং এভাবে ক্লাশ I থেকে X পর্যন্ত নূতন কোর্স চালু করা হবে। এবং ১৯৯০ সালের মধ্যে সমস্ত ক্লাশেই চালু হবে।

3. উল্লিখিত নূতন সিলেবাস চালু করার ফলে কাজের বোঝা (Work Load) বেড়ে গেছে এবং তার জন্য সিনিয়ার মাদ্রাসায় অতিরিক্ত শিক্ষক নিয়োগের প্রশ্নটি বড় হয়ে উঠেছে। অনেক বিচার-বিবেচনার পর সিনিয়ার মাদ্রাসায় ৪ জন অতিরিক্ত শিক্ষক, ৩ জন গ্রাজুয়েট এবং একজন আণ্ডার-গ্রাজুয়েট সিনিয়ার মাদ্রাসায় মঞ্জুর করা হবে। রাজ্যপাল সন্তুষ্ট হয়ে সিনিয়ার মাদ্রাসায় ৪ জন অতিরিক্ত শিক্ষক সাধারণ বিষয় পড়ানোর জন্য (class I to X) (জুনিয়ার I to জুনিয়ার VIII এবং আলিম Ist ও 2nd year class) ব্যবস্থা করতে নির্দেশ দিয়েছেন। নীচে তা বিস্তৃতভাবে বলা হলা :

(a) ক্লাশ I—IV : আণ্ডার-গ্রাজুয়েট ১ জন, অন্তত হায়ার সেকেণ্ডারী পাস বা সমতুল্য যোগ্যতা।

(b) ক্লাশ V—X : ৩ জন গ্রাজুয়েট, যথা—
   (i) বি. এস-সি.—একজন ম্যাথ, ফিজিক্স ও কেমিষ্ট্রিসহ ;
   (ii) বি. এস-সি.—একজন (জীববিজ্ঞান) ;
   (iii) বি.এ.—একজন (ইংরাজী ও বাংলাসহ) ;

4. নূতন স্টাফ প্যাটার্ণ অনুযায়ী পুরো স্টাফ মঞ্জুর করা হল এবং ১৯৯০ সালের মধ্যে অর্থাৎ ১ম থেকে দশম শ্রেণীর জন্য উক্ত স্টাফ পাওয়া যাবে, অর্থাৎ আলিম ২য় বর্ষ পর্যন্ত। যেহেতু নূতন সিলেবাস ক্লাশ VI পর্যন্ত চালু করা হয়েছে, সাধারণ বিষয় পড়ানোর জন্য অতিরিক্ত আণ্ডার-গ্রাজুয়েট শিক্ষক ও বিজ্ঞান বিষয়ক পাঠদানের জন্য বিজ্ঞানের একজন অতিরিক্ত গ্রাজুয়েট শিক্ষক ১.৪.৮৬ সাল থেকে অথবা যত শীঘ্র সম্ভব মোট দুজন শিক্ষক নিযুক্ত করা হউক। বাকী আর্টস্ গ্রাজুয়েট ১.১.৮৮ সালের মধ্যে নিতে হবে।

5. এ ব্যাপারে জেলা স্কুল পরিদর্শকের কাছ থেকে পূর্ব-অনুমতি নিতে হবে এবং নিয়োগ অনুমোদনের জন্য সর্বশেষ অনুমোদন নিতে হবে পঃ বঃ মাদ্রাসা

বোর্ডের কাছ থেকে। এর পদ্ধতি সম্পর্কে গভঃ অর্ডার 538-Edn (s) dt. 6.4.85তে বিশদভাবে গাইড লাইন দেওয়া হয়েছে। অনুমতি দেওয়ার আগে জেলা স্কুল পরিদর্শককে (মাঃ) উক্ত মাদ্রাসায় শিক্ষক-ছাত্রের হার ঠিক ঠিক মত সংরক্ষণ বা মেনে চলা হচ্ছে কিনা খোঁজ-খবর নিতে হবে এবং নিযুক্ত শিক্ষকদের নির্ধারিত যোগ্যতা আছে কিনা, খুব কঠোর ভাবে সরকারী আদেশ মানা হচ্ছে কিনা দেখতে হবে।

স্বাঃ আর. সি. চক্রবর্তী
ডেপুটি সেক্রেটারী

উক্ত সার্কুলারের অনুলিপি জেলা স্কুল পরিদর্শক (মাঃ) প্রেরিত হল, যাতে গভঃ অর্ডার 625 Edn (M) dt. 31.3.86 এবং 532 Edn. (S) dt. 6.4.85-এ দেওয়া গাইড লাইন ঠিক ঠিক মত কঠোরভাবে অনুসৃত হচ্ছে কিনা এবং এডেড স্কুলের জন্য গভঃ অর্ডার 532 Edn (S) dt. 6.4.85 প্রণীত নিয়ম-কানুন ঠিক ঠিকমত অনুসৃত হচ্ছে কিনা জেলা অফিসারকে দেখাতে হবে।

স্বাঃ এ. কে. রায়
ডিরেক্টর অব স্কুল (পক্ষে) এডুঃ পঃ বঃ

পশ্চিমবঙ্গ সরকার

গৃহ দপ্তর (রাজনৈতিক)

dt. 16th Sept. '75

No. 9105—P

বিষয়ঃ শুক্রবার জুম্মা নামাজে মুসলিম কর্মীদের আগে যাওয়ার অনুমতি (recess) ও রমজান মাসে আগে-ভাগে অফিস থেকে চলে যাওয়া

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, রাজ্য সরকারের মুসলিম কর্মচারীরা রমজান মাসে অপরাহ্ণ ৪টায় অফিস থেকে চলে যেতে পারেন। তৎকালীন বাংলা সরকারের অর্ডার নং 8141—8171 dt. 19.10.1921 এই সঙ্গে জানান হল।

সেই আদেশ সংশোধিত বা পরিবর্তিত করা হয়নি এবং সংশ্লিষ্ট সকলের জন্য পুনরায় প্রচার করা হল।

স্বাঃ এস. বি. মজুমদার
পঃ বঃ সরকারের জয়েন্ট সেক্রেটারী

পঃ বঃ সরকার

শিক্ষা মন্ত্রক

রাইটার্স বিল্ডিংস, কলি—১

আবেদন

মাদ্রাসা শিক্ষা বোর্ডের সম্মুখে বিক্ষোভরত মাদ্রাসা শিক্ষার শিক্ষকবর্গের কাছে এই মর্মে আবেদন জানাচ্ছি যে, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষার ব্যাপারে গভীর ভাবে চিন্তা করছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ধর্মীয় ও ভাষার দিক থেকে সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়ের প্রতি তাঁদের দায়িত্ব সম্পর্কে সচেতন আছেন। শিক্ষামন্ত্রী (প্রাইমারী ও সেকেণ্ডারী) পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষক সমিতি ও অন্যান্য অনেকের সঙ্গে বিগত মাসগুলোতে সাক্ষাৎ করেছেন। এটা মোটামুটি একমত হওয়া গেছে যে, জুনিয়ার ও হাই মাদ্রাসাকে জুনিয়ার হাই ও হাইস্কুলের সঙ্গে একই দৃষ্টিভঙ্গীতে দেখাই এই সরকারের নীতি। পূর্ববর্তী সরকার মাদ্রাসার Status, বেতন-স্কেল, কাজের বোঝা, প্যাটার্ন ও সিলেবাস প্রভৃতির প্রশ্নটি অমীমাংসিত রেখে গেছেন। প্রশ্নটির মীমাংসার জন্য একটি বিশেষজ্ঞ কমিটির উপর ভার অর্পণ করা হয়েছে। সরকার উক্ত কমিটির সুপারিশকে সম্মান দেবেন এবং বর্তমানে সিনিয়ার মাদ্রাসায় যেসব সুযোগ-সুবিধা দেওয়া আছে, তা অব্যাহত থাকবে, যেসব সুযোগ-সুবিধা থেকে সিনিয়ার মাদ্রাসা বঞ্চিত, তাদের সেসব সুযোগ-সুবিধা দেওয়া হবে। যাঁরা শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেছেন তাঁদের কাছে তা পরিষ্কার করে বলা হয়েছে।

এই সরকারের উল্লিখিত নীতির পরিপ্রেক্ষিতে যাঁরা আন্দোলনে অংশ নিয়েছেন, তাঁদের আন্দোলন থেকে দূরে থাকবার জন্য সনির্বন্ধ অনুরোধ জানান যাচ্ছে। আমরা আশা করি, আমাদের আবেদনে সাড়া দেবেন।

স্বাঃ আঃ বারি (রাষ্ট্রমন্ত্রী)
প্রাইমারী ও সেকেণ্ডারী শিক্ষা
পঃ বঃ সরকার

স্বাঃ পার্থ দে (ভারপ্রাপ্ত মন্ত্রী) 20.6.78
প্রাইমারী ও মাধ্যমিক শিক্ষা
পশ্চিমবঙ্গ সরকার

পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯, হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলি—১৬

No 2398

To dt. 11.11.83

The Deputy Secretary to the Government of West Bengal
Writers' Buildings, Cal—1

বিষয়ঃ সিনিয়র মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় (প্রথম থেকে দশম) পরিশোধিত সিলেবাসে আলিম কোর্স

মহাশয়,

মাদ্রাসা এডুকেশন বোর্ডের ২১.১০.৮৩ তারিখের সভায় আলিম মাদ্রাসার ১ম থেকে

দশম ক্লাসের জন্য সিলেবাস সাব-কমিটি কর্তৃক যে মডেল স্টাফ পাটার্ণ প্রস্তুত করা হয়েছে, তা অনুমোদন করে সরকারের কাছে সুপারিশ করা হয়েছে।

এই সম্পর্কে বলা যেতে পারে যে, আলিম ১ম ও ২য় বর্ষের ক্লাশের জন্য পরিশোধিত পাঠক্রম ও সিলেবাস সরকারের মেমো নং 1115-Edn (M) 8th Sept. 1983 অনুসারে অনুমোদিত হয়েছে এবং আলিম সিনিয়ার মাদ্রাসায় সেই পরিশোধিত পাঠক্রম ও সিলেবাস জুনিয়ার ক্লাশে (১ম থেকে অষ্টম শ্রেণী) ১৯৮১ সাল থেকে চালু করা হয়েছে।

আপনাদের বিশ্বস্ত
স্বাঃ অস্পষ্ট সেক্রেটারী

সিনিয়ার মাদ্রাসার আলিম স্ট্যাণ্ডার্ড স্টাফ প্যাটার্ণ :
১.১.৮১ সাল থেকে পরিশোধিত স্টাফ প্যাটার্ণ

		গভঃ অর্ডার নং 1155 অনুযায়ী মঞ্জুরীকৃত পদের সংখ্যা		
(a)	সুপারিনটেণ্ডেণ্ট M.M.	1	...	1
(b)	সহঃশিক্ষক M.M./F.M.	7	...	7
(c)	ঐ বি.এ./বি.কম.	3	...	3
(d)	ঐ বি. এস্‌-সি.	2	...	×
(e)	ঐ আণ্ডার-গ্রাজুয়েট হাই মাদ্রাসা / মাধ্যমিক / স্কুল ফাইন্যাল / হায়ার সেকেণ্ডারী / এম. এম., এফ. এম. / আলিম পরিশোধিত সিলেবাস	4	...	×
		17	...	11
(f)	ক্লার্ক : হাঃ সেকেঃ / হাই মাদ্রাসা	1		
(g)	চতুর্থ শ্রেণী :	2		

নূতন স্টাফ প্রয়োজন :

(a)	সহঃ শিক্ষক বি. এস-সি.	2
(b)	ঐ বি.এ. / বি.কম.	1
(c)	আণ্ডার-গ্রাজুয়েট	4
		7

পঃ বঃ সরকার

শিক্ষা দপ্তর ঃ মিস্. ব্রাঞ্চ

No. 1459-Edn (M) dt. 21st Nove. 1983

To
The Secretary,
W. B. Board of Sec. Education
77/2 Park St. Cal—16

বিষয় ঃ সিনিয়ার মাদ্রাসার আলিম কোর্সের সমতুল্য অবস্থা (equivalence) নির্ধারণ

মহাশয়,

আমাকে জানাতে নির্দেশ দেওয়া হয়েছে যে, রাজ্য সরকার কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক সুপারিশ করা ১ম—অষ্টম শ্রেণীর পরিশোধিত পাঠক্রম ও পাঠ্যসূচী সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। আলিম ১ম ও দ্বিতীয় বর্ষের ক্লাশ (অর্থাৎ IX ও X), ফাজিল পার্ট I কোর্স (দু'বছরের কোর্স), ফাজিল পার্ট II কোর্স (দু'বছরের কোর্স) এবং এম. এম. / এম. এফ. / এম. ইউ. কোর্স (প্রত্যেকটি দু'বছরের কোর্স) পশ্চিমবঙ্গে স্বীকৃত সিনিয়ার মাদ্রাসা কোর্সের জন্য নির্ধারিত।

উক্ত কমিটি আলিম পরীক্ষাকে মাধ্যমিক পরীক্ষার সমতুল্য, ফাজিল পার্ট-Iকে হায়ার সেকেণ্ডারী পরীক্ষার এবং ফাজিল পার্ট-IIকে ডিগ্রী কোর্সের পরীক্ষা এবং এম. এম. / এম. এফ. / এম. ইউ.কে (M M./M.F./M.U.) মাস্টার্স ডিগ্রী পরীক্ষার সমতুল্য বলে সুপারিশ করেছেন।

এই প্রসঙ্গে বলা যেতে পারে যে, কমিটির উদ্দেশ্য ছিল সিনিয়ার মাদ্রাসার বিভিন্ন কাজ-কর্মের মাধ্যমে সার্বজনীন শিক্ষাব্যবস্থার সঙ্গে মাদ্রাসার মান লক্ষ্য করা। বলা যেতে পারে যে, সিনিয়র মাদ্রাসা গতানুগতিক (traditional) ধরনের, কিন্তু জুনিয়ার হাই ও হাই মাদ্রাসা মাধ্যমিক ধরনের।

আমার অনুরোধ এই যে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের মতামত অনুযায়ী সিনিয়ার মাদ্রাসার আলিম পরীক্ষাকে পর্ষদের মাধ্যমিক পরীক্ষার সমতুল্য বলে সুপারিশ করায় শিক্ষা মন্ত্রকের (প্রাইমারী ও মাদ্রাসা পরীক্ষা) কাছে পেশ করতে অনুরোধ করি। এই সঙ্গে সংশ্লিষ্ট (জুনিয়ার ১ম থেকে অষ্টম) ক্লাশের ও আলিমের (১ম ও দ্বিতীয় বর্ষের ক্লাশের) সিলেবাস দেওয়া হল।

বিশ্বস্ত স্বাঃ এস্. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পঃ বঃ সরকার

শিক্ষা দপ্তর : মিস্ ব্রাঞ্চ

No. 951-Edn (M) dt. 22nd Aug, 1984

To

The Director of School Education, W.B.

বিষয় : পশ্চিমবঙ্গে সিনিয়ার মাদ্রাসার ফাণ্ড ও সম্পত্তি সম্বন্ধে রিপোর্ট

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার নং 1155-Edn (M) dt. 29.8.1980 অনুযায়ী অনুমোদিত সিনিয়ার মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের একই ধরনের (uniformed pay-scale) পে-স্কেল চালু করার পূর্বে স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসাগুলো প্রধানতঃ Endowment Funds, জমি-জমা-সম্পত্তি প্রভৃতির আয়েই চলতো। কিন্তু বর্তমানে তার থেকে কতটা সাহায্য পাওয়া যাচ্ছে, তা সরকারের কাছে জানা নেই।

রাজ্য সরকার এখন জানতে ইচ্ছুক, ঐ সব জমিজমা-সম্পত্তি থেকে স্বীকৃত সিনিয়ার মাদ্রাসার বার্ষিক আয় কতটুকু এবং বিগত তিন বছরের আয় থেকে মাদ্রাসা কতটুকু উপকৃত হয়েছে। সরকার এসব বিষয়ে একটি রিপোর্ট চেয়েছেন।

স্বাঃ আর. এম্. চক্রবর্তী

ডেপুটি সেক্রেটারী

পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার, কলি—১৬

dt. 4.11.85

সার্কুলার নং 488

To

The Heads of all recognised High Madrashas under this Board

বিষয় : ১৯৮৬ বা তৎপরবর্তী হাই মাদ্রাসা পরীক্ষার জন্য ইংরাজী দ্বিতীয় পত্রের নির্ধারিত পাঠ্যসূচী

মাদ্রাসা বোর্ডের ৩রা আগষ্টের সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৬ ও তৎপরবর্তী হাই মাদ্রাসা পরীক্ষার জন্য নিম্নলিখিত Prose ও Poetry-এর পাঠ্যতালিকা রেগুলার ও এক্সটারন্যাল পরীক্ষার্থীদের প্রয়োজনে প্রকাশ করা হল :

Class IX—Prose :
1. The Parable of the Good Samaritan (from the New Testament)
2. The Selfish Giant—Oscar Wilde
3. A Daily Drama—Jerome K. Jerome

Verse :
1. We are Seven—W. Wordsworth
2. Home they brought her warrior Dead—Lord Tennyson

3. The Rain—W. H. Davies
4. Stopping by Woods on a snowy Evening—Robert Frost.
5. Alone—Walter De La Mare
6. The Song of the Palanquine Bearers —Sarojini Naidu

Class X—Prose :
1. My Financial Career—St. Leacock
2. Narayan Hemchandra—M. K. Gandhi
3. Our Heritage—Mulk Raj Anand
4. The Bishop's Candlestics—Norman McKinnel

Verse :
1. The Quality of Mercy—W. Shakespeare
2. Joy and Woe are Woven Fine—W. Blake
3. Breathes There the Man—Sir W. Scott
4. Song—To the Men of England—P. B. Shelly
5. Where the Mind is without fear—R. Tagore

SD/ Md. Z. Hyder
Secretary

পঃ বঃ সরকার

শিক্ষা দপ্তর
ওয়েষ্ট বেঙ্গল মাদ্রাসা এডুকেশন বোর্ড
১৯ রফি আহম্মদ কিদোয়াই রোড, কলি—১৬

No 574

To dt. 9.1.1986

The Dy. Secretary, to the Govt. of W.B. (Pry. branch)
Writers Building, Cal.

বিষয় : সিনিয়ার মাদ্রাসার প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠক্রম ও পাঠ্যসূচী প্রবর্তন এবং মাদ্রাসার স্টাফ প্যাটার্নের অনুমোদন

রেফা : গভঃ অর্ডার No 1010-Edn (M) dt. 8.7.81—শিক্ষা দপ্তর।

মহাশয়,

সিনিয়ার মাদ্রাসার প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠক্রম ও পাঠ্যসূচী সরকার

কর্তৃক অনুমোদিত হওয়ার পর বর্তমান শিক্ষাবর্ষ থেকে চালু হয়েছে। উক্ত সিলেবাস সার্কুলার নং S.M./Rs./81 dt. 10.8.83 থেকে সমস্ত মাদ্রাসায় চালু করা হয়েছে। মাদ্রাসা কর্তৃপক্ষদের মূল্যায়ন করা সিলেবাস চালু করবার জন্য নির্দেশ দেওয়া হয়, যাতে পরবর্তী উচ্চ শ্রেণীতে প্রত্যেক বছরে চালু করা হয় এবং এ পর্যন্ত ক্লাশ V-এ এই সিলেবাস চালু করা হয়েছে।

আলিম কোর্সের পুনঃ মূল্যায়ন করা I—X শ্রেণীর সিলেবাস মেমো নং 2398/ESt 32 dt. 11.11.83 তারিখে সরকারের অনুমোদনের জন্য বোর্ড কর্তৃক পাঠান হয়েছে। উক্ত স্টাফ প্যাটার্ণ এখনও অনুমোদনসাপেক্ষ। যেহেতু সিনিয়ার মাদ্রাসাতে সিলেবাস চালু করা হয়েছে, তাই মাদ্রাসার জন্য স্টাফ প্যাটার্ণ অনুমোদনের জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হউক।

আপনার বিশ্বস্ত

স্বাঃ মহঃ জেড. হায়দর

সেক্রেটারী

পঃ বঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড

১৯ হাজি মহঃ মহসীন স্কোয়ার

কলি—১৬

dt. 30.6.86

সার্কুলার HM/Comp/86

To

The Heads of all Recognised High Madrasahas

বিষয়ঃ হাই মাদ্রাসা কম্পার্টমেণ্টেল পরীক্ষায় ১৯৮৬তে বসতে ইচ্ছুক প্রার্থীদের আবেদন

মহাশয়/মহাশয়া,

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যেঃ

(1) রেগুলার ও এক্সটারন্যাল পরীক্ষার্থীদের "হাই মাদ্রাসা কম্পার্টমেণ্ট্যাল ও সাপ্লিমেণ্টারী পরীক্ষা" ১৯৮৬ সালের ১৭ই সেপ্টেম্বর আরম্ভ হবে।

(2) প্রার্থীদের থেকে ফিস ও ফরম দাখিলের জন্য বিনা লেট ফাইনে ৮৬ সালের ২৪শে জুলাই পর্যন্ত এবং লেট ফীতে ৩০শে জুলাই (লেট ফী ২·০০ টাকা প্রতি) এবং উক্ত তারিখের পরে বিনা সংবাদে আবেদন প্রত্যাখ্যান করা হবে।

(3) পরীক্ষার ফিস বোর্ডের সেক্রেটারীর নামে M.O./নগদে বোর্ডের অফিসে জমা নেওয়া হবে। ট্রেজারী চালান, ব্যাঙ্ক ড্রাফট ও পোষ্টাল অর্ডারেও ফিস দেওয়া চলবে।

(4) নির্ধারিত ফিস :—
  (a) একটি বিষয়···Rs. 10/-
  (b) অতিরিক্ত (Addi.) বিষয়···„ 5/-

(5) আবেদনের সঙ্গে থাকবে :—
  (a) বিগত পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীটের প্রত্যেকটি নকল (attested copy)।
  (b) Discipline roll—পূরণ করে ২ কপি।
  (c) Discipline roll অনুযায়ী দরখাস্তের ফরম সাজিয়ে দিতে হবে।
  (d) Discipline roll-এ অ্যাডমিট কার্ডের নাম ও পদবীর বানান একই রকম থাকবে।
  (e) Separate Category-এর জন্য separate discipline roll, যেমন রেগুলার প্রার্থীদের ক্ষেত্রে (Comptt, Com. III etc.), external candidateদের ক্ষেত্রে (Ext. Comp. I, Ext. Comp. III, Supp. I, Supp. III etc.) এইভাবে পেশ করতে হবে।

(6) Application forms ও Discipline Roll forms ১৯৮৬ সালের ১৬ই জুলাই অথবা তৎপূর্বে অফিস থেকে পাওয়া যাবে।

(7) পরীক্ষা কেন্দ্রে ১২ টাকা সেণ্টার ফিস দিতে হবে।

(8) পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে—
  (a) কলকাতা কেন্দ্র (কলকাতা, ২৪ পরগণা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর)
  (b) বর্ধমান কেন্দ্র (বর্ধমান, বীরভূম, বাঁকুড়া ও পুরুলিয়া)
  (c) মুর্শিদাবাদ কেন্দ্র (মুর্শিদাবাদ ও নদীয়া)
  (d) মালদা কেন্দ্র (মালদা, পঃ দিনাজপুর, জলপাইগুড়ি ও কুচবিহার)

(9) পরীক্ষাকেন্দ্রের নামের তালিকা শীঘ্র জানান হবে।

(10) হাই মাদ্রাসা কম্পার্টমেণ্টাল পরীক্ষা ১৯৮৬তে বসবার যোগ্যতা :
  (i) রেগুলার ও ক্যাজুয়েল প্রার্থীদের ক্ষেত্রে ;
    (a) যে প্রার্থী অন্ততঃপক্ষে ১৯৮৫ সালের উচ্চ মাদ্রাসা পরীক্ষায় বাধ্যতামূলক বিষয়ে মোট ৩৪০ নম্বর পেয়েছে কিন্তু গ্রুপে ২০% ও ৩৪% রাখতে পারেনি এবং যারা দুটোর বেশী গ্রুপে নয়।
    (b) যদি কোন পরীক্ষার্থী বাধ্যতামূলক বিষয়সমূহে গড়ে ৩৪০ নম্বর রাখতে না পারে এবং একটি কি দুটি গ্রুপে 34% নম্বর রাখতে না পারে, তাকে কম্পার্টমেণ্টাল পরীক্ষায় ঐ গ্রুপে বসবার সুযোগ দেওয়া হবে, অবশ্য গ্রুপগুলোর মধ্যে অন্ততঃ তিনটি গ্রুপে তাকে তিনটি বিষয়ে পাশ করার (qualifying marks) নম্বর রাখতে হবে।

(c) পরীক্ষার্থীকে ইচ্ছানুসারে (option) একটি বা একাধিক বিষয়ে 34% নম্বর না থাকলে, কোন বিশেষ গ্রুপের অংশে বা সবটায় পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া যেতে পারে।

(d) আরবিকে advanced paper হিসেবে গ্রুপে নেওয়া যেতে পারে, ঐ পত্রের পাশের নম্বর হচ্ছে 30.

(e) 'ওয়ার্ক এডুকেশন' ও 'শারীর শিক্ষায়' ও 'সোস্যাল সার্ভিস' মিলে 34% না পেলে কম্পার্টমেণ্টাল পরীক্ষার সুযোগ পাওয়া যাবে না।

(ii) এক্সটারন্যাল পরীক্ষার্থীদের জন্য :

(a) পরীক্ষার্থী এক্সটারন্যাল পরীক্ষায় বাধ্যতামূলক বিষয়ে মোট 340 নম্বর পেলে, কিন্তু অনধিক দুটি গ্রুপে ফেল করলে কম্পার্টমেণ্টাল পরীক্ষায় বসবার অনুমতি পাবে।

(b) অনধিক তিনটি বিষয়ে ফেল করলে পরীক্ষার্থীকে সাপ্লিমেণ্টারী ঐ সব বিষয়ে পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হবে, গড়পড়তা নম্বর যাই হউক না কেন।

(11) পরীক্ষার্থীকে হাই মাদ্রাসা কম্পার্টমেণ্টাল পরীক্ষায় তিনটি সুযোগ (chance) দেওয়া হবে, পরবর্তী দুটি পরীক্ষামাত্র একটি সুযোগ নষ্ট করলে, সুযোগ মিলল না বলে ধরে নেওয়া হবে।

স্বাঃ মহঃ জেড. হায়দর
সেক্রেটারী

২৭

বিবিধ
(Miscellaneous)

পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

No F 914 (17)/Secy/87 dt. 4. 4. 86

To
The Headmistress,
Kaligati Smriti Sikshaniketan (Independed)
P. O. Suri, Birbhum.

বিষয় : উচ্চ মাধ্যমিক সংসদ কর্তৃক স্বীকৃত উচ্চ মাধ্যমিক (দুই ক্লাশ XI ও XII) শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির গঠন প্রণালী

মহাশয়া,

উল্লিখিত বিষয়ে আপনাকে জানাচ্ছি যে, সংসদ কর্তৃক স্বীকৃত প্রদত্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (plus two) গভঃ অর্ডার No. 15 Edn. (HOS) dt. 18th Feb, 1986 তিন বছরের জন্য অনুমোদন ন্যস্ত করেছে। আপনাকে অবিলম্বে ম্যানেজিং কমিটি পুনর্গঠনে এবং ম্যানেজিং কমিটিতে সরকারী এজেণ্ট ও কাউন্সিলের প্রতিনিধি প্রেরণের অনুরোধ জানাতে বলা হচ্ছে।

আপনার বিশ্বস্ত
স্বা : এ. ব্যানার্জি
সেক্রেটারী

ম্যানেজিং কমিটি গঠন :

(1)	হেডমাস্টার (Secretary to the meeting)	1
(2)	শিক্ষক প্রতিনিধি	2
(3)	অশিক্ষক প্রতিনিধি	1
(4)	সরকারী মনোনীত ব্যক্তি	1
(5)	সংসদ প্রতিনিধি	1
(6)	অভিভাবক প্রতিনিধি	2
(7)	শিক্ষাবিদ (P. I.)	1
	মোট :	9

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ্

৭৭/২ পার্ক স্ট্রিট, কলিকাতা—১৬

No. S/70 dt. 3. 2. 86

পর্ষদদের কার্যকরী পরিষদের (Executive Committee) ১. ২. ৮৬ সভার প্রস্তাব অনুযায়ী সংশ্লিষ্ট মাধ্যমিক স্কুলগুলোকে জানান যাচ্ছে যে,

যেসব স্কুলে বৈধ ম্যানেজিং কমিটি / অ্যাড্মিনিস্ট্রেটর / অ্যাড হক কমিটি নেই, কিন্তু উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ডি. ডি. ও. নিযুক্ত হয়েছেন, তাদের 1. 2. 86 থেকে সরাসরি অ্যাডমিনিস্ট্রেটরের আয়ত্তে আনা হল এবং যে সব ডি. ডি. ও. কাজ করছেন তাঁরা অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে 31. 12. 86 এবং ম্যানেজিং কমিটি পুনর্গঠন পর্যন্ত (যেটাই আগে হউক না কেন) কাজ চালিয়ে যাবেন।

অ্যাডমিনিস্ট্রেটর স্কুল ম্যানেজিং কমিটির সমস্ত কাজ-কর্ম ও ক্ষমতার অধিকারী হবেন।

তাঁরা তাঁদের কার্যকালের মধ্যে ম্যানেজিং কমিটি পুনর্গঠনের কাজে হাত দেবেন।

স্বাঃ সুদীপ চট্টোপাধ্যায়
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

জেলার স্কুল পরিদর্শকের অফিস (মাধ্যমিক)

২৪ পরগনা

dt. ২১. ১. ১৯৮৬

মেমো নং ৬৫

To

The Secretary,

.... School.

বিষয়ঃ মাধ্যামিক স্কুলকে স্বীকৃতি দান / উন্নতকরণ প্রভৃতি

উল্লিখিত বিষয়ে এই সাথে প্রদত্ত ফরমে নিম্নলিখিত পয়েন্টগুলো মনে রাখতে হবেঃ

(i) হাই স্কুলে উন্নীত করতে হলে ৫০০০ টাকা রিজার্ভ ফাণ্ড;

(ii) বার ক্লাশ জুনিয়ার হাই স্কুলের জন্য ১০০০০ টাকা রিজার্ভ ফাণ্ড।

(iii) যে স্কুলে উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানা নেই, সেই স্কুলকে হাই স্কুলে উন্নীতকরণে সুপারিশ করা হবে না।

জেলা স্কুল পরিদর্শক (স্বাঃ)
২৪ পরগনা

PROFORMA of Inspection Report of Recognised Jr. (2-Class) (4-Class) High School seeking upgradation.

District :

Date of Inspection :

(A) Particulars of the School, Name, Address, Location etc.

(1) Name of the School :—

(2) Full Postal Address :—

(3) Whethere it is a Boys' or Girls' School or Co-educational :—

(4) Whether in Rural or Urban areas :—

(5) In case of Rural area name of the Gram Panchayet & Postal Address of the Block in which the School is located :—

(6) In case of Urban Areas name of the Municipality with Postal Address :—

(7) Telegraph Office, Police Station & Sub-Division in which the School is located :—

(8) Nearest Rly. Station :—

(B) Description of School Land & Building ;—

(a) Area of the Land :—

(b) Whether the land is made over to the School by a Registered Deed :—

(c) Whether the land is purchased or gifted :—

(1) Settlement Book No................Mouza...................... Khatian No......................Plot No...................

(2)(a) Whether the School has its own building ; If so whether it is on its own land as stated above.

(b) Whether School sits in a rented house ; If so, rate of monthly rent :—

(c) Whether the house is kacha or mud-built or pucca :—

(d) No. of Class room/Office room/Laboratory/Library with measurement (a sketch to be enclosed).

(e) Arrangement for sanitation, drinking water and Lavatory.

(f) Whether the School has its own play ground (Measurement of the ground) :—

(C) Whether the School has any Library, Furniture & teaching appliances :—

(1) Particulars of furniture :—

(2) Particulars of Teaching appliances :—

(3) Detailed particular about School Library (Subject-wise number of Books) :—

(D) Particulars about the status of the School :—

(1) Whether 2-class or 4-class Jr. High School :—

(2) Date of recognition as a 2-Class & or 4-Class Jr. High.

(3) Date of establishment of the School. School with Memo Number of letters communicating recognition :— (Certified copies of the recognition letters to be enclosed).

(E) Particulars about the Managing Committee :—

(1) Date of constitution/Reconstitution of the Managing Committee.

(2) Whether approved, if so Memo No. & Date :—

Particulars of the Members of Managing Committee :—

Name & Designation	Residential Address	Occupation
(i)		
(ii)		
(iii)		
(iv)		
(v)		
(vi)		
(vii)		
(viii)		
(ix)		
(x)		
(xi)		
(xii)		

(F) Particulars of feeder Schools, nearest School, and Roll strength of the applicant School :

(1) No. of feeder Primary Schools from where students are expected to attend the applicant School with distance of each such School :—

(2) Distance according to the shortest route from the nearest recognised Jr. High/High School with name and address :—

Name.	**Distance**	**No. of students**
North—		
East—		
South—		
West—		

(3) Year-wise & class-wise roll strength—

Year 19............

No. of roll			**No. of Scheduled Caste/S.T.**		
Boys	**Girls**	**Total=**	**Boys**	**Girls**	**Total=**

Year 19............

No. of Roll			**No. of Scheduled Caste/S.T.**		
Boys	**Girls**	**Total=**	**Boys**	**Girls**	**Total=**

Year 19...........

No. of Roll

Boys **Girls** **Total =**

No, of Scheduled Caste/S.T.

Boys **Girls** **Total =**

(4) Number of students present on date of Inspection—

Boys **Girls** **Total**

(G) (1) Whether the School applied for up-gradation in 1975, the School gets special permission to send up candidates to Madhyamik Exam. (Certified copy of the evidence to be enclosed).

(2) Whether the School have discontinued classes IX & X as per direction of the Board of Secondary Education.

(3) Teaching & Non-teaching staff—

(a) Name of approved Teaching & Non-teaching Staff including Headmaster indicating qualification, date of appointment, date of birth, Memo No. of approved letter etc.

(i)
(ii)
(iii)
(iv)

(v)

(vi)

(vii)

(viii)

(4) Name of Teaching & Non-teaching Staff who is working or worked as the case may be, against unrecognised classes indicating date of appointment, date of birth etc., (to be certified after verification of records by the number of Inspection Team).

(i)

(ii)

(iii)

(iv)

(v)

(H) Financial condition—

(a) Reserve Fund with A/C No. & Name of the Bank or Post Office—

(b) General Fund—

(c) Subsidiary Fund—

(d) Whether the School realised any fees from the students (details of fees with date to be stated).

(I) Observation and suggestions of the members of the District Level Inspection Team.

(J) Recommendations (if not recommended reasons to be stated).

Signature of the members of the District Level Inspection Team.

(1)

(2)

(3)

(4)

PROFORMA : INSPECTION REPORT IN RESPECT OF PROPOSED JR./HIGH SCHOOL

A. Particulars about the site of the proposed School.

1. Boys'/Girls'/Co-education..
2. Name of the Village/Street..
3. Post Office..
4. Anchal/Town..
5. Block/Municipality..
6. Telegraph Office..
7. Police Station..
8. Sub-division..
9. District..
10. Nearest Railway Station..
11. Urban/Rural..
12. Area of the land..
13. Whether the land is registered in the name of the School..
14. Whether the land is purchased or gifted..
15. Settlement Block No..
16. Mouza No..
17. Khatian No..
18. Plot No..

B. Particulars about the Sponsoring Committee..

C. Whether the Sponsoring Committee is willing to provide adequate accommodation for the proposed School..

D. Particulars about the Building, if any..

(1) No. of Rooms/Office Rooms & size a sketch Map is to be enclosed)..

(2) Arrangement for sanitation & drinking water..

(3) Particulars about furniture and teaching apparatus..

E. No. of feeder Primary Schools from where students are expected to attend the proposed School..

F. Distance from the nearest recognised Jr. High/High Schools with name and Address—
North……………………………………………………
East……………………………………………………
South……………………………………………………
West……………………………………………………

G. Expected No. of students……………………………………

H. Observation and suggestions of the Members of the District Level Inspection Team……………………………………

I. Recommendations (If not recommended, please state the reasons)……………………………………

Signature of the Members of the District Level Inspection Team.

1.
2.
3.
4.

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. $\frac{\text{2243-Edn. (S)}}{\text{SP-30/72/76}}$ dt. 9th Dec, 1976

To

The Director of Secondary Eddcation, W. B.

বিষয় : সাহায্য প্রাপ্ত হাই স্কুলে বি. কম. (old) বি. টি. পাস শিক্ষকদের সহকারী প্রধানের পদে নিয়োগ

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, তাঁর চিঠির নং 2494-GA dt. 18th Nove, 1976 এবং উল্লিখিত বিষয়ে ডাইরেক্টরেট সুপারিশ গ্রহণ করেছেন এবং অন্যান্য শর্তাদির ভিত্তিতে ২৪শে ডিসেম্বর, ১৯৬৬ সালের পূর্বে বি. কম. (old) পাস নিযুক্ত শিক্ষককে হাই স্কুলের সহ-প্রধানের পদে নিয়োগ অনুমোদনযোগ্য।

স্বাঃ এস. এন. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 1205-Edn (S) / 5P—1/19 dt. 29th Dec, 1979

To
The Director of Secondary Education, W. B.
5, Council House St. Calcutta-1

বিষয় : জুনিয়ার হাই / হাইস্কুল / জুনিয়ার মাদ্রাসা ও হাই মাদ্রাসায় ৩৪১ জন নন-ম্যাট্রিকুলেট পার্টটাইম ক্রাফট শিক্ষকদের জন্য কর্ম শিক্ষার শিক্ষকের পদ সৃষ্টি

নিম্ন স্বাক্ষরকারী রাজ্যপালের আদেশে জানাচ্ছেন যে, রাজ্যপাল সন্তুষ্ট হয়ে ৩৪১টি 'ওয়ার্ক এডুকেশনে' সহায়ক পদ মঞ্জুর করেছেন এবং তাদের বর্তমান জুনিয়ার মাদ্রাসা ও হাই মাদ্রাসাতে ১৯৮০ সালের ১লা জানুয়ারী থেকে অন্তর্ভুক্ত করে নেওয়া হবে এবং তাঁদের অবসর, মৃত্যু অথবা পদত্যাগ জনিত কার্যে উক্ত পদগুলোর বিলোপ সাধন করা হবে। এর মধ্যে একটি পদ হেম নলিনী গার্লস স্কুলের জন্য মঞ্জুর করা হল।

এই ব্যাপারে ব্যয়বরাদ্দ গ্রান্ট-ইন্-এডের 277-Education বাজেটের 1979-83-এর মধ্য ধরা হল।

স্বাঃ এস. এন. চৌধুরী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষাদপ্তর : মাধ্যমিক শাখা

No. 153/-Edn. (S) / 4H-23/82 T-1 dt. 7th Oct, 1985

বিষয় : বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক, অশিক্ষক কর্মচারী এবং প্রধান/প্রধানা নিয়োগে, বয়সের উর্ধ্বতম সীমা

গভঃ অর্ডার No. 454 Edn. (S) dt. 25. 4. 85 অনুযায়ী চাকরীতে প্রবেশের উর্ধ্বতম বয়ঃসীমা ৩৫ বছর নির্দিষ্ট করা হয়। ৪০ চল্লিশ বছর পর্যন্ত কেবলমাত্র উচ্চ শিক্ষিত, তফঃশীলভুক্ত শ্রেণী ও আদিবাসী, সামরিক বিভাগ থেকে অবসরপ্রাপ্ত, অক্ষম এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বাড়ান যেতে পারে। যে সমস্ত কর্মরত শিক্ষক উপযুক্ত

অথবা যোগ্যতা বৃদ্ধি করেছেন, তাঁদেরও সহকারী শিক্ষকের পদে নিযুক্ত করার প্রশ্ন বেশ কিছু কাল ধরে সরকারের বিবেচনাধীন রয়েছে।

সর্বশেষ বিবেচনার পর সরকার স্থির করেছেন যে, অনুমোদিত অশিক্ষক কর্মচারীর ক্ষেত্রে, অথবা যাঁরা শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধি করেছেন, তাঁদের ক্ষেত্রে নিজেদের স্কুলে সহশিক্ষকের পদ না থাকলেও তাঁরা মাদ্রাসা অথবা স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী স্কুলে নিয়োগের উপযুক্ত।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার
ডাইরেক্টোরেট অব সেকেঃ এডুকেশন
'গ্রাণ্ট'-ইন্-এড সেকশন
৬ ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. 1016 (16) G. A. / 3B-58/82 dt. 13th June, 1985

To
The Dist. Inspector of schools (S.E.)

বিষয়ঃ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

লক্ষ্য করা গেছে যে, সহকারী শিক্ষক / শিক্ষিকার পর পূরণে জেলার অফিসারগণ গভঃ অর্ডার No. 772-Edn (S) dt. 8. 7. 74 এর ভিত্তিতে পরিশোধিত স্টাফ প্যাটার্ন অনুযায়ী এম.এ/এম. এস-সি পাসের শিক্ষক নেওয়ার উপর জোর দিচ্ছেন।

কিন্তু উক্ত অর্ডার এখন আর চালু নয় এবং সমস্ত এম. এ. / এম. এস-সি পাস শিক্ষককে ১. ৪. ৮১. থেকে উচ্চতর পে-স্কেল দেওয়ার কোন ব্যবস্থা নেই। তা ছাড়া শিক্ষকদের ঐরূপ উচ্চ বেতন স্কেল দেওয়াতে আইনগত অসুবিধাও রয়েছে। স্কুলকে "Only qualified teachers to teach relevant subject for which the appointment is to be made".—বললে সমস্ত রকমের যোগ্যতা, পাস, অনার্স / এম. এ., এম. এমসি—প্রার্থী হতে পারেন, কিন্তু বর্তমান গভঃ অর্ডার অনুযায়ী সরকারী অফিসারগণ অনার্স / মাস্টার ডিগ্রীর কথা বলে দিলে তবেই ভাষা ও সায়েন্স গ্রুপের জন্য ৫০% জন উচ্চযোগ্যতাসম্পন্ন শিক্ষক নেওয়া চলবে এবং গভঃ 772 dt. 2. 7. 74 অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণী সমন্বিত স্কুলের জন্য অনুরূপ যোগ্যতা-সম্পন্ন শিক্ষক নেওয়া যেতে পারে।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব সেকে. এডু. পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ সরকার
ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন
গ্রান্ট-ইন্-এড সেকশন
৬ ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. $\frac{\text{328/16/GA}}{\text{3B-16/80}}$ dt. 15. 2 1986

To
The Dist. Inspector of schools, (S.E.)

বিষয় : সরকারী মেমো নং 166 (4000) GA dt. 30. 1. 84 অনুযায়ী দুবছরের জন্য অতিরিক্ত নিযুক্ত শিক্ষক/অশিক্ষক কর্মচারীদের উক্ত পদে স্থায়ীকরণ

উল্লিখিত বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, অতিরিক্ত পদে দুবছরের জন্য নিযুক্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিম্নলিখিত শর্তাদি পূরণে তাঁদের স্থায়ী করা যেতে পারে—

(i) হাই স্কুলের (V-X) ক্লাশ ইউনিট যদি—ঐরূপ শিক্ষকের প্রয়োজন রয়েছে বলে মনে করা হয়।

(ii) যদি শিক্ষক নিয়োগের ব্যাপারে কোন মামলা না থাকে।

(iii) যদি স্কুল ম্যানেজিং কমিটি শিক্ষকদের কাজে সন্তুষ্ট হয়ে অতিরিক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য প্রস্তাব গ্রহণ করে সুপারিশ করেন।

স্বাঃ অস্পষ্ট
14. 2. 86
ডাইরেক্টর অব স্কুল এডু. পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা দপ্তর / মাধ্যমিক শাখা

No. $\frac{\text{979-Edn. (S)}}{\text{44-23-/82 Pt-I}}$ dt. 26th Aug, 1986

To
The Director of Secondary Education, W. B.

বিষয় : বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শারীরিক দিক থেকে প্রতিবন্ধী প্রার্থী শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, প্রধান / প্রধানার নিয়োগের উর্ধ্ব বয়ঃসীমা

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, এই দপ্তরের মেমো নং 454 Edn(S) dt. 25.4.83 অনুযায়ী শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরিতে প্রথম যোগদান বয়ঃসীমা ৩৫ বছর

নির্ধারিত করা হয়। অভিজ্ঞ, খুব উচ্চ শিক্ষিত ৩০০ তফঃশীলভুক্ত শ্রেণী, আদিবাসী, সামরিক বিভাগের অক্ষম ব্যক্তি এবং শারীরিক দিক থেকে প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের সীমা বাড়িয়ে ৪০ করা হয়। কিন্তু অর্থ দপ্তরের মেমো নং 10517-F dt. 2. 12. 80 অনুযায়ী সরকারী চাকরিতে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে প্রতিবন্ধী প্রার্থীদের বয়স অন্যান্য বিষয়ে উপযুক্ত বিবেচিত হলে ৪৫ বছর পর্যন্ত বাড়ান যাবে।

2. উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার বিশেষ বিবেচনার পর সিদ্ধান্ত করেছেন যে, শারীরিক দিক থেকে প্রতিবন্ধী প্রার্থীদের চাকরিতে প্রথম যোগদানের বয়ঃসীমা ৪৫ পর্যন্ত করা হবে। অবশ্য তাঁদের অন্যদিক থেকে সংশ্লিষ্ট পদে কাজকর্ম করবার উপযুক্ত বলে বিবেচিত হতে হবে।

3. নিম্নলিখিত শর্তাদির ভিত্তিতে উল্লিখিত বিশেষ সুযোগ-সুবিধা পাওয়া যাবে ঃ

(i) ওয়েষ্ট বেঙ্গল সার্ভিস রুলের প্রথম অংশের ১৪নং রুলে শারীরিক প্রতিবন্ধীকে উপযুক্ত মেডিক্যাল অফিসার কর্তৃক সত্যিকারের প্রতিবন্ধী কিনা তা মেডিক্যাল সার্টিফিকেটের ভিত্তিতে প্রমাণ করতে হবে।

(ii) "শারীরিক দিক থেকে প্রতিবন্ধী" বলতে তিন ধরনের তিন শ্রেণীর লোককে বোঝায় ঃ—(i) অন্ধ, মূক-বধির এবং অস্থি গঠনের দিক থেকে নিম্নানুরূপ হবে ঃ—

(a) অন্ধ—যে সব অন্ধ নিম্নলিখিত অবস্থার শিকার—

(i) সম্পূর্ণ দৃষ্টিশক্তিহীন।

(ii) দৃষ্টিশক্তি প্রদায়ক লেন্সের সাহায্যেও যার দৃষ্টিশক্তি $\frac{3}{60}$ অথবা $\frac{10}{200}$ (Snellen)-এর বেশী নয়।

(b) মূক বধির—জীবনধারণে যার শ্রবণ শক্তি পুরোপুরি অকেজো, তাকে বধির বলা হয়। আর মূক অর্থে বাকশক্তি পুরোপুরি নষ্ট হয়ে গেছে। কিন্তু শ্রবণ-শক্তি স্বাভাবিক, অথবা যার বাকশক্তি স্বাভাবিক বা স্পষ্ট নয়।

(c) অস্থির দিক থেকে প্রতিবন্ধী তাদেরই বলা হবে, যার শারীরিক ত্রুটি অথবা বিকলাঙ্গ, স্বাভাবিকভাবে হাঁড়, মাংস, পেশী এবং সন্ধিস্থল স্বাভাবিকভাবে কাজের অযোগ্য।

এই আদেশ অর্ডার নং 454-Edn. (S) dt. 23. 4. 83 প্রচারিত হওয়ার তারিখ থেকে বলবৎ করা হল।

উক্ত আদেশ অর্থ দপ্তরের Group 'p' 2161 dt. 13. 8. 86 এর সঙ্গে সমতা রেখে প্রচার করা হল।

স্বাঃ এস. কে. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার
শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. $\frac{\text{978-Edn. (S)}}{\text{4A—23/82 pt.-I}}$ dt. 20th Aug, 1986

বিষয় : বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক, অশিক্ষক কর্মচারী, প্রধান/প্রধানার নিয়োগের ক্ষেত্রে বাস্তুচ্যুত ব্যক্তিদের উর্ধ্ব বয়ঃসীমা

দপ্তর মেমো নং 454—Edn. dt. 25. 4. 83 অনুযায়ী নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, চাকরীতে প্রথম প্রবেশের বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর পর্যন্ত নির্ধারিত করা হয়েছে। ৪০ বছর পর্যন্ত উর্ধ্বসীমা কমান যেতে পারে একমাত্র তফঃশীলভুক্ত শ্রেণী, আদিবাসী, সামরিক বিভাগের অক্ষমব্যক্তি, প্রতিবন্ধীর ক্ষেত্রে। কিন্তু অর্থদপ্তরের মেমো নং 590-F dt. 12. 2. 56 অনুযায়ী রাজ্য সরকারের চাকরিতে বাস্তুহারাদের জন্য ৪৫ বছর পর্যন্ত বাড়ান হয়েছে। অর্থ দপ্তরের মেমো নং 4638-F dt. 18. 5. 85 অনুযায়ী পূর্বোক্ত আদেশ বাড়ান (extended) হয়েছে।

(2) উক্ত সরকারী আদেশের পরিপ্রেক্ষিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রথম প্রবেশের বয়সের উর্ধ্বসীমা ৪৫ বছর পর্যন্ত বাড়ান হল। তবে তাং ৩১. ১২. ৮৭ সাল পর্যন্ত নিম্নোক্ত শ্রেণীর ব্যক্তিদের জন্য সুযোগ দেওয়া হবে—

(i) বাংলাদেশ (পূর্ব পাকিস্তান) থেকে ভারতে আগত ১১. ১. ৬৪ থেকে ২৩. ৩. ৭১ সালের মধ্যে ভারতে আগত বাস্তুহারা ব্যক্তি।

(ii) বর্মা দেশ থেকে প্রত্যাগত অথবা ১৯৬৩ সালের ১লা জুনের পর আসবেন, শ্রীলঙ্কা থেকে ১. ১১. ৬৪ সালের পরে ভারত-সিংহল চুক্তি অনুযায়ী যাঁরা ভারতে আসবেন।

(iii) আফ্রিকা, জাম্বিয়া, মালয়, ইথোনিয়া থেকে আগত ব্যক্তিরা।

(iv) ১৯৭৫ সালের জুলাইয়ের পর যাঁরা ভিয়েটনাম থেকে ভারতে ফিরে এসেছেন।

(v) পশ্চিম পাকিস্তান ১. ১. ৭১ থেকে ৩১. ৩. ১৯৭৩ সালের মধ্যে যাঁরা ভারতে এসেছেন।

3. তবে, বাংলাদেশ, শ্রীলঙ্কা, পূর্ব আফ্রিকান প্রভৃতি দেশ থেকে আগত ব্যক্তিদের সন্তোষজনক প্রমাণপত্র দাখিল করতে হবে।

4. পশ্চিম পাকিস্তান থেকে 1. 1. 71 তারিখে বা অথবা পরে, কিন্তু 1. 4. 73 এর পূর্বে ভারতে এসেছেন, তার বিশ্বাসযোগ্য প্রমাণপত্র অবশ্যই দাখিল হবে। এই আদেশ 23. 4. 83 থেকে প্রযোজ্য।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন

৬, ভবানী দত্ত লেন, কলিকাতা-৭৩

মেমো নং $\frac{\text{951(16)-Sc/G}}{\text{4G—6G/80}}$ dt. 16th April, 1981.

To

The District Inspector of schools (SE)

বিষয় : অনুমোদনপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক স্কুলের (জুনিয়ার হাইস্কুল ও জুনিয়ার হাই মাদ্রাসা) স্টাফের নিয়োগ ও অনুমোদন

ডাইরেক্টোরেটের এরূপ নজরে এসেছে যে,—

(i) বিদ্যালয় কর্তৃপক্ষের কিছু কিছু কর্তৃপক্ষ শূন্যপদে (ফরম্যাল ও অতিরিক্ত পদে) স্টাফ নিতে অনিচ্ছুক। এই অনীহা শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে ক্ষতিকর।

(ii) কোন কোন জেলায় স্কুল কর্তৃপক্ষকে প্রার্থীদের প্যানেল আগে থেকেই অনুমোদন নিতে নির্দেশ দেওয়া হয়। এই অভ্যাস বা প্রথা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে স্টাফ নিয়োগে অহেতুক বিলম্ব ঘটায়।

(iii) স্কুল কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় কাগজ-পত্র পেশ করা সত্ত্বেও নির্দিষ্ট ও প্রত্যাশিত সময়ের মধ্যে স্টাফ নিয়োগের অনুমোদনের সিদ্ধান্ত নেওয়া হচ্ছে না।

এর ফলে নিযুক্ত স্টাফ এবং বর্তমান স্টাফকেও কষ্ট স্বীকার করতে হয়, কারণ তাঁদের অতিরিক্ত কাজের বোঝা বহন করতে হয়, অনেক সময় এতে কোর্টের মামলাদিও আমন্ত্রিত হয়।

উল্লেখ্য ঘটনার বিবেচনায় ডাইরেক্টোরেট সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে—

(1) প্রকৃতপক্ষে কোন শূন্যপদে বা পদ খালি হলে তিন মাসের মধ্যে স্টাফ নিয়োগ সম্বন্ধে সমস্ত প্রথা অনুসরণ করে উপযুক্ত বিষয়-শিক্ষক (Subject-teacher) নিয়োগ করবার জন্য স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হচ্ছে, অবশ্য বিশেষ ক্ষেত্রে ভিন্নরূপ নির্দেশ থাকলে আলাদা কথা।

(a) সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ বিষয় শিক্ষক নিয়োগের জন্য অনুমতি চেয়ে আবেদন করলে একপক্ষ কালের মধ্যে পরিশোধিত পাঠক্রমের পরিপ্রেক্ষিতে স্বাভাবিকভাবে অনুমতি দেওয়া হবে।

(b) এখন থেকে আণ্ডার-গ্রাজুয়েট শিক্ষক, নন-ম্যাট ক্লার্ক ও বালিকা বিদ্যালয়ে পুরুষ শিক্ষক নিয়োগ বন্ধ করতে হবে।

এরূপ নিম্নযোগ্যতাসম্পন্ন স্টাফের অনুমোদন পাওয়া যাবে না।

(c) এখন থেকে ইণ্টারভিউ নেওয়া প্রার্থীদের জেলা অফিস কর্তৃক প্যানেল অনুমোদনের নিয়ম বাতিল করা হল।

(2) সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ থেকে প্রয়োজনীয় কাগজপত্র পাওয়ার একপক্ষকালের মধ্যে সংশ্লিষ্ট স্টাফকে অনুমোদনের সিদ্ধান্ত নিতে হবে।

(a) যে সব বিষয়ে ডাইরেক্টোরেটের ব্যাখ্যা প্রয়োজন, সে সব কেস ডাইরেক্টোরেটে পাঠান যেতে পারে, তা ফেলে রাখা উচিত হবে না।

(3) ডাইরেক্টোরেটের পূর্ব-অনুমতি ভিন্ন মধ্যশিক্ষা পর্ষদের মঞ্জুরীকৃত যে কোন পদে শিক্ষক নিয়োগ করা চলবে না।

(4) সংশ্লিষ্ট স্টাফ অনুমোদনের পত্র স্কুলে জানান হলেও নির্দেশ থাকবে যাতে তাঁরা প্রার্থী ও সংশ্লিষ্ট সকলকে তা জানান।

এই আদেশের বিষয়বস্তু স্কুল কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে আনার জন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে।

স্বাঃ অস্পষ্ট

ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন (পশ্চিমবঙ্গ)

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর ঃ বাজেট শাখা

No. 171-Edn. (B) / 1M-65/83 dt. 15th May, 1984

To

The Director of school Education, West Bengal

6, Bhabani Datta Lane, Calcutta-73

বিষয় ঃ সেকেণ্ডারী ও হায়ার সেকেণ্ডারী স্কুলের ডি. ই. এল. টি. যুক্ত শিক্ষকদের জন্য বেতন নির্ধারণ

G. O. No. 403(2)-Edn.(B) dt. 7. 9. 83 এর বরাবরে জানান হচ্ছে যে, বেসরকারী এডেড সেকেণ্ডারী ও হাইয়ার সেকেণ্ডারী স্কুলের যেসব শিক্ষক ১৯৮৩ সালের ডিসেম্বরের পূর্বে D. E. L. T. কোর্স সমাপ্ত করেছেন তাঁদের কর্তব্যে যোগদানের তারিখ থেকে দুটি অগ্রিম বেতন বৃদ্ধির সুযোগ দেওয়া হবে।

এখন রিপোর্ট পাওয়া গেছে যে, কিছু জুনিয়ার শিক্ষক 1.4.81 এর পরে D. E. L. T. পাস করেছেন এবং তাঁদের বেতন স্কেল সিনিয়ার টীচারদের চেয়ে বেশী হয়েছে।

রাজ্যপাল এই অবস্থায় নির্দেশ দিচ্ছেন যে, যেসব শিক্ষক 1.4.81 সালের আগে D. E. L. T. অর্জন করেছেন তাঁদের আগে 1.4.81 সালের সংশোধিত পে-স্কেলে

বেতন স্থির করার পর দুটি অতিরিক্ত অগ্রিম ইনক্রিমেণ্ট দেওয়া হবে এবং তাদের থার্ড স্টেজের সুযোগ দেওয়া হবে।

(i) পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রীধারীদের Rs. 550-1470/- স্কেলের প্রারম্ভিক বেতন Rs. 600/-

(ii) অনার্স ডিগ্রীধারীদের Rs. 500-1360/- স্কেলের প্রারম্ভিক বেতন Rs. 540/-

(iii) পাস গ্রাজুয়েট ডিগ্রীধারীদের Rs. 440-1170/- স্কেলের প্রারম্ভিক বেতন Rs. 480/-

যাঁদের উক্ত পে-স্কেলে বেতন নির্ধারণ করা হয়েছে তাঁদের আর অতিরিক্ত ইনক্রিমেণ্ট দেওয়া হবে না।

1.5.84-এর আগে তাঁদের কোন বকেয়া দাবী পূরণ করা হবে না।

স্বাঃ এম্. এন্. সিংহরায়
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : বাজেট শাখা

No. $\frac{\text{54-Edn.(B)}}{\text{9P. S/83}}$ dt. 5th day of March, 1986.

To

The Director of School Education, West Bengal.
6, Bhabani Datta Lane, Calcutta-73

বিষয় : মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক স্কুলের নিম্ন যোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানার বেতন-স্কেল সংশোধন

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে গভঃ অর্ডার No. 666-F dt. 1.3.71 এবং পঠিত গভঃ অঃ No. 386-Edn.(S) dt. 12.3.74 প্রধান/প্রধানাদের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ করা হয়েছে এবং যাঁদের যথাযথ যোগ্যতা নেই, তাঁদের অন্তর্ভুক্তির বিষয় আলোচনা করা হচ্ছে। তাঁদের গভঃ অর্ডার No. 388-Edn.(S) dt. 12.3.74 অনুযায়ী প্রধান/প্রধানার জন্য নির্ধারিত মূল বেতন নিতে সাময়িকভাবে অনুমতি দেওয়া হয়েছিল।

১৯৮৬ সালের গভঃ অর্ডার No. 372-Edn.(B) তাদের পে-স্কেল সম্বন্ধে কোন পরিবর্তন করা হয়নি।

বিশেষ বিবেচনার পর সরকার সন্তুষ্ট হয়ে নির্দেশ দিচ্ছিলেন যে, 1.4.81 থেকে

হাইস্কুল ও মাদ্রাসার নিম্ন যোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানার মর্যাদা হবে "Teacher-in-charge" বা ভার-প্রাপ্ত-শিক্ষকের।

রাজ্যপাল নির্দেশ দিচ্ছেন যে, 1.4.81 এর পূর্বে নিযুক্ত এই সব ভারপ্রাপ্ত শিক্ষক 1.4.81 থেকে তাঁদের যোগ্যতা অনুযায়ী গভঃ অর্ডার No. 372-Edn.(B) dt. 31.7.81 অনুযায়ী বেতন পাবেন এবং অতিরিক্ত স্পেশাল পে হিসাবে মাসে 75/- টাকা পাবেন এবং হায়ার সেকেণ্ডারী স্কুলে 100/- টাকা হিসেবে স্পেশাল পে পাবেন। আলোচনার ভিত্তিতে 1.4.81 থেকে তাঁদের এই সুযোগ দেওয়া হবে।

1.4.81 তারিখ অথবা তারপর থেকে কোন জুনিয়র হাইস্কুল হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলে উন্নীত হলেও তাঁদের ক্ষেত্রে এই সুযোগ দেওয়া হবে না।

তাঁরা ডি. এ. ও অন্যান্য ভাতাদি পাবেন।

স্বাঃ পি. কে. গাংগুলী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : বাজেট ব্রাঞ্চ

No. $\frac{\text{81—Edn (B)}}{\text{1M—3/82}}$ dt. 31st. March, 1986

To
The Director of School Education, West Bengal
6, Bhabani Dutta Lane, Cal-73

বিষয় : সরকারী ও বেসরকারী সেকেণ্ডারী ও মাদ্রাসার কর্মচারীদের অবসর গ্রহণের বয়স

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার No. 372-Edn(B) dt. 31. 7. '81 অনুযায়ী নূতন পে-স্কেলে অপশনধারীদের ৬০ বছর বয়সে অবসর গ্রহণের কথা ছিল। মহামান্য কলকাতা হাইকোর্ট কয়েকজন দরখাস্তকারীর আবেদনে 60/62 বয়সে অবসর গ্রহণের ব্যাপারে সরকারকে বারণ করেছেন।

এই অবস্থায় সরকার সকলের প্রতি নিরপেক্ষ সুযোগদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি রাজ্যপালের আদেশে পুনর্বিবেচনা না করা পর্যন্ত মাদ্রাসাসহ সকল বিদ্যালয়ের কর্মচারীদের বছর বছর চাকরির সীমা বাড়ানোর জন্য (Extension of Service) শরীর ও মনের উপযুক্ততার ভিত্তিতে (physically fit and mentally alert) অনুমতি দেওয়া হল, তবে তা মহামান্য হাইকোর্টের আপিল মামলার চূড়ান্ত রায় সাপেক্ষে কার্যকরী হবে।

এই সংশোধিত পে-স্কেল চালু হওয়ার পূর্বে অর্থাৎ 1. 4. '81-এর পূর্বে ৬৫ বছর পর্যন্ত বয়ঃসীমা পর্যন্ত যাঁরা সুযোগ পাবেন না, তাঁদের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য নয়। সরকারী স্কুলের শিক্ষকদের ক্ষেত্রেও এই সুযোগ দেওয়া হবে।

স্বাঃ পি. কে. গাঙ্গুলী
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন
৬, ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. 1057(71)GA dt. 5th June, 1986

To
The Dist. Inspector of Schools (SE), 24-Pags. (North)
P.O. Barasat, Dist. 24-Pags.

বিষয় : অনুমোদিত বেসরকারী স্কুলের (জুনিয়ার হাই/হায়ার সেকেণ্ডারী মাদ্রাসাবাদে) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের প্রোভিডেণ্ট ফাণ্ডে সরকারী অংশ (Contributions P.F. Fund w.ef. 1.4.1981)

রেফাঃ গভঃ অর্ডার No. 136-Edn(B) dt. 15. 5. '85

বিভিন্ন জেলা থেকে এই মর্মে রিপোর্ট পাওয়া গেছে যে, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ছেড়ে দেওয়ার সময় ১. ৪. '৮১ সাল থেকে প্রায় সব জেলা স্কুল পরিদর্শক গ্রাণ্ট-ইন-এড প্রকল্পের আওতায় ঘাটতি বেতন মঞ্জুর করবার সময় গভঃ অর্ডার No. 136(B) dt. 1. 4. '81-এর বহুল প্রচার সত্ত্বেও সরকারের দেয় প্রোভিডেণ্ট ফাণ্ডের অংশ ছেড়ে দিয়েছেন।

1.4.1981 থেকে এই পরিকল্পনায় পরিশোধিত অবসরকালীন সুযোগ চালু করা হয়েছে—

শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের গভঃ অর্ডার No 136-Edn(B) dt. 15. 5. '85 অপশন দেওয়ার সুযোগ দেওয়া হয়েছে—

(1) বর্তমান রুলে (পেনশন-কাম কণ্ট্রিবিউটরী প্রোভিডেণ্ট ফাণ্ড) কেবলমাত্র যাঁরা ১. ৪. '৮১ সালের পূর্বে চাকরিতে নিযুক্ত।
(2) পেনশন—ফেমিলি পেনশন ও গ্রাচুয়িটি।
(3) কণ্ট্রিবিউটরী প্রোভিডেণ্ট ফাণ্ড-কাম-গ্রাচুয়িটি—8·33%

অতএব এই অবস্থায়, শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পক্ষে সরকারের দেওয়া প্রোভিডেণ্ট ফাণ্ডের বিরাট অংশ ছেড়ে দেওয়ার ফলে স্কুল ফাণ্ডে এক দারুণ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ার সম্ভাবনা এবং শিক্ষা বাজেটেও এর প্রতিক্রিয়া দেখা দেবে। স্কুলের জেনারেল ফাণ্ডে এত বিরাট অংকের টাকা জমা থাকলে ঐ টাকার সমতা (adjustment) করাও মুশকিল হবে।

অতএব তাঁকে অনুরোধ করা হচ্ছে যে, বেতন মঞ্জুর করবার সময় গ্রাণ্ট-ইন-এডের আওতাভুক্ত মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ঘাটতি অনুদান দেওয়ার সময় তাঁদের অপশনের ভিত্তিতে প্রোভিডেণ্ট ফাণ্ডে সরকারী অংশের দেয় পরিমাণ যথাযথ দেওয়া হচ্ছে কিনা তার দিকে কঠোর দৃষ্টি দিতে হবে।

এই অবস্থায় উল্লেখ করা যেতে পারে যে, ভবিষ্যতে স্কুলকে গ্রাণ্ট মঞ্জুর করবার সময়

সরকার থেকে যে উদ্বৃত্ত অংশ সরকারী আদেশের সীমা অতিক্রম করে দেওয়া হয়েছে তার যেন সমন্বয় সাধন (adjustment) করা হয়। স্বাঃ পি. কে. গুহ

3. 6. '86

ডাইরেক্টর অব স্কুল এডুকেশন (পক্ষে)

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন

৬, ভবানী দত্ত লেন, কলি-৭৩

No. $\frac{405(16)/Sc/S}{7R\text{-}4\text{-}S/85}$ dt. 12. 2. '86

To

The District Inspector of Schools (SE)

বিষয়ঃ পশ্চিমবঙ্গে জুনিয়ার হাই ও হাই মাদ্রাসার স্বীকৃতি

তাঁকে অনুরোধ করা হচ্ছে যে, তিনি যেন District Level Team Madrasahs-এর সাথে জেলার মধ্যে গুণাগুণের ভিত্তিতে অনুমোদন (Recognition) উন্নয়ন (up-gradation) পেতে ইচ্ছুক মাদ্রাসার পরিদর্শন কার্যে অংশ গ্রহণ করেন—প্রতিষ্ঠার তারিখ, যাতে পর পর হয়, ১৯৭৫ সাল পর্যন্ত অননুমোদিত জুনিয়ার হাই এবং ১৯৮০ সাল পর্যন্ত অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার হাইকে হাই মাদ্রাসায় উন্নীতকরণের বিষয় বিবেচনা করতে হবে।

ডিষ্ট্রিক্ট লেভেল ইনস্‌পেকশন টীমের ইনস্‌পেকশন রিপোর্ট তিনটি (in triplicate) 20. 2. '86 তারিখের মধ্যে অবশ্যই ডাইরেক্টোরেটের কাছে পৌঁছুতে হবে। পূর্ববর্তী বছরের Inspection Report-এর সুপারিশ তিন প্রস্থও পাঠাতে হবে।

স্বাঃ এ. কে. রায়

ডাইরেক্টর অব স্কুল এডুকেশন (পক্ষে)

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মিস্ ব্রাঞ্চ

No. 874—Edn. (M) dt. 20th June, 1986.

To

The Director of School Education, West Bengal.

6, Bhabani Datta Lane, Cal-73

বিষয়ঃ মুর্শিদাবাদ জেলায় স্বীকৃতি প্রাপ্ত সিনিয়ার মাদ্রাসায় পরিদর্শন

রেফাঃ D. S. E. Memo No. 79-Sc/G dt. 14.1.86.

নিম্ন স্বাক্ষরকারী এই দপ্তরের No. 1538-Edn. (M) dt. 8.11.85 দ্বারা মুর্শিদাবাদ জেলা স্কুল পরিদর্শকের কাছে প্রেরিত মেমোতে এবং তার একটি কপি ডাইরেক্টরকে পাঠান হয়েছিল, যাতে ডাইরেক্টোরের মতামত শীঘ্রই জানতে পারা যায়।

এই প্রসঙ্গে বলা যেতে পারে যে, সরকার এই মর্মে রিপোর্ট পেয়েছেন যে, সিনিয়ার মাদ্রাসায় শিক্ষকদের যোগ্যতা বৃদ্ধির জন্য গভঃ অর্ডার No. 372-Edn. (B) dt. 31.7.81 অনুযায়ী উচ্চতর বেতন স্কেল দেওয়া হয়েছে। এই গভঃ অর্ডার কেবল মাত্র বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও হাই মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য, সিনিয়ার মাদ্রাসার জন্য নয়। যার জন্য গভঃ অর্ডার No. 220-Edn.(B) dt. 29.5.82 এবং 212-Edn. (B) dt. 5.12.84 প্রযোজ্য। ফলে সিনিয়ার মাদ্রাসার শিক্ষকদের জন্য উচ্চতর বেতন স্কেল দেওয়ার প্রশ্নে ওঠে না।

অতএব অনুরোধ করা হচ্ছে যে, ব্যাপারটার যথাযথ সত্যতা নির্ণয়ের জন্য অনুসন্ধান করা হউক, এবং উচ্চ বেতন দেওয়ার নিয়ম-বিরোধী বিষয়কে নিয়মিতকরণ করা হউক।

এই ব্যাপারে জেলা স্কুল পরিদর্শককে নির্দেশ দেওয়া হয়েছে।

স্বাঃ এ. কে. পালিত
অ্যাসিঃ সেক্রেটারী

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব সেকেণ্ডারী এডুকেশন
৬ ভবানী দত্ত লেন, কলিকাতা-৭৩

Memo No. 3110-Sc/G dt. 23rd Sept. 1981

To
The Dist. Inspector of Schools (S.E.)

বিষয়ঃ স্বীকৃতিবিহীন সিনিয়র মাদ্রাসার পরিদর্শন (inspection)

নিম্ন স্বাক্ষরকারী তাঁকে এই মর্মে অনুরোধ জানাচ্ছেন যে, মাদ্রাসাসমূহ পরিদর্শন করে নিচে দেওয়ার সংবাদের ভিত্তিতে তিনি যেন রিপোর্ট দান করেন।

রিপোর্ট নিম্নলিখিত বিষয়ের ওপর ভিত্তি করে রচিত হবে—

(1) শ্রেণীভিত্তিক ছাত্র/ছাত্রী সংখ্যা
(2) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিস্তারিত বিবরণ
(3) ক্লাশ রুম ও অন্যান্য প্রয়োজনে ঘরের সংখ্যা
(4) স্কুল বাড়ির বর্ণনা
(5) স্কুলের জায়গা-জমি কেনার রেজিষ্টার্ড দলিল আছে কিনা
(6) স্কুলের মোট জায়গা-জমির পরিমাণ ; কৃষিযোগ্য বা অন্য উদ্দেশ্যে রেজিঃ দলিলে জমি খরিদ করা কিনা
(7) ফাণ্ডের অবস্থা—রিজার্ভ ফাণ্ড, জেনারেল ফাণ্ডের অবস্থা
(8) ছেলে-মেয়েদের জন্য স্যানিটারী ব্যবস্থা
(9) ৮ কিঃ মিঃ মধ্যে স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম

(10) আসবাবপত্র, যন্ত্রপাতি ও লাইব্রেরী, বইপুস্তক

পরিদর্শন রিপোর্টের দু'প্রস্ত রিপোর্ট মাদ্রাসা শিক্ষার অফিস সুপারিন্টেণ্ডেণ্টের কাছে একমাসের মধ্যে পাঠাবেন।

স্বাঃ অস্পষ্ট
ডাইরেক্টর অব সেকেঃ এড়ুঃ (পক্ষে)

পশ্চিমবঙ্গ সরকার

শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 863-Edn.(S) dt. 2nd June, 1969

বিষয় : মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিদায়কালীন সুযোগ-সুবিধা (terminal benefit)

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার No. 1610-Edn.(S) dt. 18th July, 1968 বেসরকারী আন-এডেড মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের বয়ঃপ্রাপ্তির (superannuation) পর সরকার বয়ঃপ্রাপ্তি-পরবর্তী সময় কাজের মেয়াদ বৃদ্ধি (extension of service) কথা ভেবে আসছেন। রাজ্যপাল গভঃ অর্ডার No. 2157-Edn.(S) dt. 20th September, 1967 সংশোধিত করে এরূপ সিদ্ধান্ত নিয়েছেন যে,—

(1) স্বীকৃত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের কর্মচারীদের যাঁরা বয়ঃপ্রাপ্তির পর (৬০ বছরের পর) অনুমোদিত কার্যকালের মেয়াদবৃদ্ধির (approved extension of service) পর ১৯৬৬ সালের ১লা এপ্রিলে কর্মরত রয়েছেন, তাঁদের পেনশন রুল অনুযায়ী ঐ মেয়াদ বৃদ্ধির সময় পেনশনের জন্য বিবেচিত হবে।

**(2) স্বীকৃত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের কর্মচারীদের বয়ঃপ্রাপ্তি ৬০ বছর (superannuation) বলে ধরে নিতে হবে। তারপর কর্মচারীদের কার্যকালের মেয়াদ বৃদ্ধির ভিত্তিতে (extension of service) ৬৫ বছর পর্যন্ত রাখা যেতে পারে এই শর্তে যে তাঁদের শারীরিক ও মানসিক উপযুক্ততা (physical fitness and mental alertness) বজায় আছে। এই অনুমোদিত মেয়াদ বৃদ্ধির কার্যকাল পেনশনের জন্য যোগ্য বলে প্রতিপন্ন হবে।

**রেফারেন্স : পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাদপ্তরের মেমো নং 407—Edn. (B) dt. 12th Sept. 1983 এবং No. $\frac{\text{497—Edn.(B)}}{\text{1M—45/83 Pt.-1}}$ dt. 13th Dec. 1983.

বিষয় : স্বীকৃত বেসরকারী স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিদায়কালীন সুযোগ-সুবিধা (terminal benefit)।

(3) স্বীকৃত আন-এডেড বেসরকারী মাধ্যমিক স্কুলের কর্মচারীদেরও এই পেনশন রুলের সুযোগ দেওয়া হবে।

* * *

স্বাঃ অস্পষ্ট
সেক্রেটারী

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ
৭৭/২ পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬

সার্কুলার No. S/342 dt. 24.4.79

বিষয়ঃ স্বীকৃত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের (on extension of service) ছুটি মঞ্জুরীর নিয়মাবলী

নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে,

1. মাঝে মাঝে স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানদের কাছ থেকে এই মর্মে ব্যাখ্যা চাওয়া হয়েছে যে, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের কার্যকালের মেয়াদ বৃদ্ধির সময়ে (during the period of extension of service) dt. 15.12.77 তারিখের গভঃ নোটিফিকেশন নং 1541-Edn. (S)-এর লীভ রুলের পরিপ্রেক্ষিতে তাঁরা ছুটি-ছাটার সুযোগ-সুবিধা পাবেন কিনা।
2. বিদ্যালয় প্রধান/প্রধানাদের অবগত করা যাচ্ছে যে, একজন অনুমোদনপ্রাপ্ত স্বীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক বা অশিক্ষক কর্মচারীদের চাকরির মেয়াদ বৃদ্ধি (during the period of extension of service) ম্যানেজিং কমিটি কর্তৃক মঞ্জুর করা হলে, তাঁকে লীভ রুলে প্রদত্ত সমস্ত ছুটি-ছাটা মঞ্জুর করা যেতে পারে।

স্বাঃ অস্পষ্ট (সেক্রেটারী)

পশ্চিমবঙ্গ সরকার
শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 85(G—Edn.(B) / 5P—4084 dt. 3rd April, 1985

To
The Director of School Education, W. B.

বিষয়ঃ বেসরকারী/স্পনসর্ড শিক্ষা প্রতিষ্ঠানের অশিক্ষক কর্মচারীদের অবসর গ্রহণের বয়স

গভঃ অর্ডার No. 497(5)-Edn.(S) dt. 13.12.83 এর বরাবরে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, রাজ্যপালের আদেশে বেসরকারী স্কুলের অশিক্ষক কর্মচারীকে অবসর গ্রহণের বয়স, সরকারী আদেশ No. 497(S) Edn. (B) dt. 18,12.83 অনুযায়ী যে

সংশোধিত পে-স্কেল ১.৪.৮১ থেকে চালু হয়েছে, তদনুসারে নির্ধারিত হবে, এবং এই আদেশ বলবৎ হওয়ার দু মাসের মধ্যে নতুন করে অপশন দেওয়া চলবে।

* * *

স্বাঃ এম. এম. সিংহরায়
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 738-Edn (S) / 4A-29/84 dt. 10th June, 1984

To
The Director of School Education, West Bengal

বিষয় : শারীরিক শিক্ষা এবং ওয়ার্ক এডুকেশন গ্রুপে সহকারী শিক্ষক নিযুক্তির উপযোগিতা

স্কুল এডুকেশন ডাইরেক্টোরেটের মেমো নং 799-GA dt. 10. 5. '84 অনুযায়ী নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, সরিষা বঙ্গীয় কর্মশিক্ষা মহাবিদ্যালয় থেকে ট্রেনিং প্রাপ্ত প্রার্থীদের ওয়ার্ক এডুকেশনের পদে নিযুক্ত করা বৈধ নয়।

স্বাঃ এ. কে. পালিত
সহকারী সম্পাদক

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা দপ্তর : মাধ্যমিক শাখা

No. 1531-Edn (S) / 4A-23/82 PT-1 7th October, 1983

To
The Director of School Education, West Bengal

বিষয় : বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, অশিক্ষক কর্মচারী ও প্রধান/প্রধানার উর্ধ্ব বয়ঃসীমা

নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, গভঃ অর্ডার No. 454-Edn dt. 25. 4. '85 অনুযায়ী শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরিতে প্রবেশের প্রাথমিক বয়স হবে ৩৫ বছর। কেবলমাত্র খুব অভিজ্ঞ ও উচ্চ যোগ্যতাসম্পন্ন শিক্ষক/শিক্ষিকা, তফশীলভুক্ত আদিবাসী, সামরিক বিভাগ থেকে প্রত্যাগত এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত বয়ঃসীমা শিথিলযোগ্য। স্বীকৃত প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের ইন্সারভিসযুক্ত অর্থাৎ যাঁরা ঐসব বিদ্যালয়ে কর্মরত ছিলেন বা আছেন, সেসকল শিক্ষক বা অশিক্ষক কর্মচারী যোগ্যতাসম্পন্ন হলে তাঁদের নিয়োগ করার বিষয়টি সরকারের বিবেচনাধীন ছিল!

সরকারের বিশেষ বিচার-বিবেচনার পর উল্লিখিত শ্রেণীর প্রার্থীদের ক্ষেত্রে চাকরিতে প্রবেশের উর্ধ্বসীমা প্রাইমারী অথবা সেকেণ্ডারী বিদ্যালয়ে অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক ও মাদ্রাসা স্কুলে কর্মরত (in service) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের চাকরিতে কোন ছেদ না থাকলে এবং যোগ্যতা বৃদ্ধি করলে বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সহশিক্ষকের পদে নিযুক্ত হতে পারেন।

স্বাঃ এস. পি. ঘোষ
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
শিক্ষা দপ্তর

No. 53-Edn(B) dt. 12. 3. '85

To

The Director of School Education, West Bengal (Sec. Edn.)
6, Bhabani Datta Lane, Cal-73

বিষয়ঃ স্কুল শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের ঘরভাড়া ভাতা

নিম্ন স্বাক্ষরকারী তাঁর চিঠির রেফারেন্স নং 1592-GA dt. 27. 8. '81-এর উত্তরে জানাচ্ছেন যে, যেসব মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী স্কুল কর্তৃক প্রদত্ত কোয়ার্টারে বাস করেন, তাঁদের সরকারী আদেশ নং 239-(B) dt. 13. 6. '83-এর মেমোতে বর্ণিত নিয়মানুযায়ী ঘর-ভাড়া ভাতা দেওয়া হবে।

স্বাঃ অস্পষ্ট
ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার
ডাইরেক্টোরেট অব্ সেকেণ্ডারী এডুকেশন
৬, ভবানী দত্ত লেন, কলকাতা-৭৩

No. M-85/85 dt. 16th July, 1986

To

The Dist. Inspector of Schools (SE), Hooghly

বিষয়ঃ কলাবতী ভগবতীপুর সিদ্দিকী সিনিয়ার মাদ্রাসার সম্বন্ধে

ডাইরেক্টর অব স্কুল এডুকেশন, পঃ বঃ এর চিঠির নম্বর 2091 dt. 2. 7. '81-এর প্রসঙ্গে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, জনাব আবদুল গফ্ফর বি. কম. পার্ট ওয়ানকে অতিরিক্ত মঞ্জুরীকৃত পদে (G.O. No. 625-Edn(M) dt. 31. 3. '86 আবেশকরণ

(absorption) করা গেল না। তবে শেখ গফ্‌ফরকে সিলেকশন কমিটির কাছে ইণ্টারভ্যুর জন্য এম্পলয়মেণ্ট এক্সচেঞ্জ প্রেরিত প্রার্থীদের সঙ্গে সুযোগ দেওয়া যেতে পারে। স্কুলকে বিষয়টি জানান হউক।

স্বাঃ অস্পষ্ট

ডাইরেক্টর অব্‌ স্কুল এডুকেশনের (পঃ বঃ) পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

ডাইরেক্টর অব্‌ স্কুল এডুকেশন

পেনসন সেকশন

৬, ভবানী দত্ত লেন, কলি-৭৩

dt. 20th Sept., '86

মেমোঃ নং 1252-Sc/Pen

১৯৮১ সালে পশ্চিমবঙ্গে স্বীকৃত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারী (মৃত্যু যথা অবসরকালীন সুযোগ-সুবিধা) পরিকল্পনা অনুযায়ী অনেক দরখাস্ত পেনশন মঞ্জুরকল্পে এই অফিসে পেশ করা হয়েছে। দেখা গেছে যে, রুল অনুযায়ী প্রয়োজনীয় বিষয়-বস্তুর অভাবে কেসগুলোর যথাযথ সুরাহা হচ্ছে না।

পেনশন কেসগুলোর সুরাহা করার ব্যাপারে অহেতুক বিলম্ব এড়ানোর উদ্দেশ্যে এবং খুব তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণে ডুপ্লিকেট ফরমে নিম্নলিখিত বিষয়গুলো পেশ করবার জন্য প্রধান/প্রধানাদের অনুরোধ করা হচ্ছে ঃ

1. সার্ভিস বুক যথারীতি পূরণ।
2. নির্দিষ্ট ফরমে পেনশনের দরখাস্ত, মঞ্জুরী মেমো (sanctioning memo), পেনশনের দরখাস্ত জেলা স্কুল পরিদর্শক (মাঃ) কর্তৃক প্রতিস্বাক্ষর করে নিতে হবে।
3. স্কুল অনুমোদনের চিঠির অনুলিপি, অবর্তমানে সার্ভিস বুকে জেলা স্কুল পরিদর্শকের সার্টিফিকেট।
4. নিয়োগ অনুমোদন—৩নং-এ বর্ণিত পদ্ধতি অনুসরণীয়।
5. চাকরির মেয়াদ বৃদ্ধির সমস্ত অনুলিপি (attested)।
6. সার্ভিস বুকে হেডমাস্টারের প্রদেয় সার্টিফিকেট—সংশ্লিষ্ট ব্যক্তি কেবলমাত্র সাহায্যপ্রাপ্ত (aided) স্কুলের শিক্ষক,—কেবল ডি. এ. প্রাপ্ত স্কুলের শিক্ষক নন।
7. সর্বশেষ বেতন প্রাপ্তির সার্টিফিকেটে—মূল বেতন/মহার্ঘ বেতন (dearness pay)/স্পেশ্যাল পে এবং বেতনের কোন অংশ রিকভারী থাকলে—
8. যোগ্যতা বিষয়ক সার্টিফিকেটের অনুলিপি (attested copy), আর তা পাওয়া না গেলে প্রধান/প্রধানা বিভিন্ন পরীক্ষার তারিখ, বছর প্রভৃতি রেকর্ড

করবেন এবং জেলা স্কুল পরিদর্শককে দিয়ে. অনুস্বাক্ষর (counter-sign) করিয়ে রাখবেন।

9. ডি. সি. আর. বি. প্রকল্পে আসার ইচ্ছা/পছন্দ (option) প্রধান/প্রধানা অথবা জেলা স্কুল পরিদর্শক অথবা অন্য কোন অনুমোদিত কর্তৃপক্ষকে দিয়ে অনুলেখন করিয়ে দিতে (countersign) হবে। পছন্দ বা ইচ্ছার তারিখটি তাতে লিখে রাখতে হবে।

10. মূল (গোড়ার বেতন) বেতন স্থিরীকরণ এবং কর্মচারীর অপশন ফরম, উভয়তে জেলা স্কুল পরিদর্শকের অনুস্বাক্ষর থাকা (counter-signature) থাকা চাই।

11. সার্ভিস বইতে ছুটির হিসাবে (entry) প্রধান শিক্ষক / জেলা স্কুল পরিদর্শক / সহকারী পরিদর্শকের অনুস্বাক্ষর থাকা চাই। বিশেষ ধরনের (extra-ordinary) ছুটি কিরূপ অবস্থায় মঞ্জুর করা হল, তার যৌক্তিকতা প্রত্যেকটি ছুটির ব্যাপারে আদেশ মঞ্জুরীর নিদর্শন দেখাতে হবে।

12. ১. ৪. ৮১. তারিখ থেকে ৩১. ৮. ৮২ মধ্যে যে বা যারা অবসর নিলেন তাদের বেতনের গড়পরতা (average emoluments) হিসাব (statement) দেখাতে হবে।

13. A. C. P. F. বিবৃতি (statement) যথাযথ ফরমে দিতে হবে এবং তাতে জেলা পরিদর্শকের অনুস্বাক্ষর থাকা চাই। অধিকন্তু সার্ভিস বইতে নিম্নলিখিত উল্লেখ (entries) থাকবে এবং তার যাথার্থ্য সম্বন্ধে ডি. আই./(মাধ্যমিক)-এর সার্টিফিকেট থাকবে—

(i)(a) C.P.F.-এ যোগদানের কাল

(b) অর্জিত সুদসহ কর্তৃপক্ষের অংশ

(c) কর্তৃপক্ষের অংশ গ্রহণের তারিখ (date of drawal)

(d) C.P.F. এ কর্তৃপক্ষের (employees' share) শেয়ারে অতিরিক্ত 5% সুদ—১৯৮১ সালের ডি. সি. আর. বি. প্রকল্পে অপশন দেওয়ার পর টাকা তুলে নেওয়ার দিন পর্যন্ত—

(e) মোট যে পরিমাণ টাকা আদায় (recover) করতে হবে—

(f) আদায়ের (recovery) পদ্ধতি

(ii) যাঁরা কর্তৃপক্ষের C.P.F. প্রাপ্য অংশ ট্রেজারীতে জমা দিয়েছেন—

(a) দেয় অংশের সময়-কাল (period of contribution)

(b) কর্তৃপক্ষের C.P.F.-এর অংশ + তার ওপর সুদ (accrued)

(c) C.P.F.-এর কর্তৃপক্ষের অংশ (b) এবং ট্রেজারী চালানের নম্বর পেনশন দরখাস্তের সঙ্গে পেশ করতে হবে।

14. G. O. No. 136-Edn. (B) dt. 15.5.85 অনুযায়ী প্যারাগ্রাফ 32 B+C নির্দেশমত নিয়োগকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট।
15. ডেথ গ্রাচুয়িটি ফরমে মনোনয়ন এবং তাতে প্রধানের অনুস্বাক্ষর (counter-signature)।
16. পরিবারের পেনশনের জন্য পারিবারিক বিবরণ।
17. C.P.F.-এ কর্তৃপক্ষের প্রাপ্য অংশ তুলে নিলে (already drawn) সম্বন্ধ সাধনের জন্য ঘোষণা।
18. C. S. R-এর 911 and 920 (1) আর্টিকেল অনুযায়ী ঘোষণা এবং অমীমাংসিত (outstanding) দায়দায়িত্ব থাকলে তার সমন্বয় সম্বন্ধে ঘোষণা।
19, অবসরের পর অকর্ম অবস্থা (non-employment) সম্বন্ধে সার্টিফিকেট।
20. সার্ভিস বুকে দায়-দায়িত্বের অনস্থিত্ব সম্বন্ধে সার্টিফিকেট।
21. অবসর গ্রহণের সার্টিফিকেট এবং চাকরির ছেদহীনতার সার্টিফিকেট সার্ভিস বুকে রেকর্ড করতে হবে। সার্ভিস বুকে কোন সময় (period) পর্যন্ত মিলিয়ে (verify) দেখা হয়েছে তার উল্লেখ থাকবে।
22. তিন কপি ফটোগ্রাফে ফটো বা যুগ্ম ফটোর নাম লেখা/সই করা থাকবে এবং তা উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুস্বাক্ষরিত (attested) করে রাখতে হবে। পারিবারিক পেনশন ক্ষেত্রে অনুস্বাক্ষর গ্রুপ-এ সার্ভিসের লোক দ্বারা অনুস্বাক্ষরিত করতে হবে।
23. তিনটি টুকরা কাগজের প্রত্যেকটিতে তিনটি করে নমুনা স্বাক্ষর দিতে হবে এবং তার যথাযথ অনুস্বাক্ষর থাকা চাই—
24. বোর্ডের মেমোর বেতন স্থিরীকরণের কপি মিলিয়ে দেখার জন্য প্রয়োজন।

স্বাঃ এম. ঘোষ
ডাইরেক্টর অব সেকেণ্ডারী এডুকেশন

পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ মাদ্রাসা এডুকেশন বোর্ড
১৯ হাজী মহম্মদ মহসীন স্কোয়ার
কলকাতা-১৬

dt. 6.11.86

No. 1061/86

To
The Heads of all Senior Madrasahs

বিষয়ঃ সিনিয়ার মাদ্রাসায় সহশিক্ষার অনুমতি

বোর্ডের ১৯৮২ সালের ২১শে অক্টোবরে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে

আমি জানাচ্ছি যে, বোর্ড সমস্ত সিনিয়ার মাদ্রাসায় ১৯৮১ সালের ১লা জানুয়ারি থেকে ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত সহশিক্ষা প্রবর্তনের অনুমতি মঞ্জুর করেছেন।

স্বাঃ অস্পষ্ট
সেক্রেটারী
পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড

পশ্চিমবঙ্গ সরকার

ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টর অব্ স্কুলস্ (মাধ্যমিক)
দঃ চব্বিশ পরগনা, কলকাতা-২০

No. GA/544

dt. 28.11.86

To

The Director of School Education, W.B.
6, Bhabani Dutta Lane, Cal-73.

বিষয় ঃ মাদ্রাসা স্কুলের অনুমোদন/উন্নয়ন

রেফা ঃ অফিস No. 405(16) Sc/S dt. 12.2.86

উপরোক্ত মেমোর সম্পর্কে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছেন যে, চব্বিশ পরগনা জেলায় জুনিয়ার হাই মাদ্রাসার অনুমোদন অথবা উন্নয়নের (upgrading) ব্যাপারে জেলাস্তরের ইন্সপেকশন টীমের সুপারিশ প্রত্যেকটি মাদ্রাসার স্বপক্ষে জানান হয়েছিল। সর্বসাকুল্যে উনিশটি কেস অনুমোদনের জন্য এবং তন্মধ্যে নয়টি কেস উন্নয়ন এবং দশটির অনুমোদনের জন্য পাঠান হয়েছিল। কিন্তু উক্ত সুপারিশ অনুযায়ী একটিরও অনুমোদন বা উন্নয়ন মঞ্জুর করা হয়নি।

মেমো নং 405(16) Sc/S dt. 12.2.86 অনুসারে উল্লিখিত কেসগুলো ইন্সপেকশন রিপোর্ট সহযোগে সংশোধিত প্রোফরমায় পেশ করা প্রয়োজন।

কিন্তু বর্তমানে চব্বিশ পরগনা উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনায় বিভক্ত হওয়ার ফলে জেলা ইন্সপেকশন কমিটি কার্যতঃ অচল, এই অবস্থায় নূতন প্রোফরমা অনুযায়ী রিপোর্ট পাঠান সম্ভবপর নয়।

এই অবস্থায় নিম্ন স্বাক্ষরকারী আপনার কাছ থেকে জানতে ইচ্ছুক, পুরানো রিপোর্ট নূতন প্রোফরমায় পাঠান যাবে কিনা। কারণ পুরানো টীম সিদ্ধান্ত নিয়েছেন যে তাঁদের অস্তিত্ব বর্তমানে নেই।

সত্বর উত্তর আশা করি।

স্বাঃ টি. এন্ রায়
জেলা ঃ স্কুল পরিঃ (মা.)
দঃ ২৪ পরগনা

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

শিক্ষা দপ্তর

বাজেট শাখা

No. 244(5)-Edn.(B) dt. 1st Octo., 1986

To

The Director of School Education, (S.E.)

West Bengal

বিষয়ঃ পশ্চিমবঙ্গ অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের (মৃত্যু বা অবসরকালীন সুযোগসুবিধা) পরিকল্পনা, ১৯৮১

গভঃ অর্ডার নং 296(5)-Edn.(B) dt. 7th October, 1985-এর আংশিক সংশোধন করে নিম্নস্বাক্ষরকারী রাজ্যপালের আদেশানুসারে জানাচ্ছেন যে, "১লা এপ্রিল, ১৯৮১ তারিখে অথবা তৎপরে চাকরিতে নূতন প্রবেশকারীদের সাধারণভাবে প্রোভিডেণ্ট ফাণ্ডে দেয় অংশের পরিমাণ বেতনের ৬% ভাগের কম হবে না"।

এই আদেশ অর্থ দপ্তরের নং U.O. No. Group 1/3063 dt. 20th Sept., 1986-এর সঙ্গে সঙ্গতি রেখে প্রচার করা হল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হল।

স্বাঃ অস্পষ্ট

ডেপুটি সেক্রেটারী

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

পশ্চিমবঙ্গ সরকার

ডাইরেক্টোরেট অব স্কুল এডুকেশন

৬ ভবানী দত্ত লেন, কলকাতা-৭৩

মেমো নং 3224(17) Sc/S dt. 19th Dec. '86

To

The Dist. Inspector of Schools (S.E.)

Hooghly

তাঁকে এই মর্মে অনুরোধ করা যাচ্ছে যে,

অবিলম্বে এই মাসের মধ্যে অনুমোদিত জুনিয়ার হাই মাদ্রাসায় পরিদর্শন সমাপ্ত করে তাঁর জেলার ১৯৮০ সাল পর্যন্ত অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার হাই মাদ্রাসার সম্বন্ধে নিম্নোক্ত বিষয়ে রিপোর্ট চাওয়া হচ্ছে—

(1) অনুমোদনের তারিখ

(2) পাঁচ কিলোমিটারের মধ্যে দশ ক্লাশের অনুমোদনপ্রাপ্ত হাই স্কুল সহ মাদ্রাসার নাম-ঠিকানা

(3) অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্র সংখ্যা

(4) বিগত তিন মাসে গড় ছাত্র উপস্থিতি

(5) জুনিয়ার মাদ্রাসায় বর্তমান শিক্ষকদের যোগ্যতা

(6) স্কুল বিল্ডিং এর ব্যবস্থাদি—

(7) গার্লস্ মাদ্রাসা ও সহশিক্ষামূলক শিক্ষা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেওয়া হবে।

১৯৮৬ সালের ডিসেম্বরের মধ্যে উক্ত সংবাদাদি ড'ইরেক্টোরেটে অবশ্যই পৌছা চাই।

স্বাঃ অস্পষ্ট

ডাইরেক্টর অব স্কুল এডুঃ পশ্চিমবঙ্গ, পক্ষে

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার

মাধ্যমিক শিক্ষা ডাইরেক্টোরেট

৬, ভবানী দত্ত লেন, কলকাতা-৭৩

মেমো নং 85/85

dt. 3rd January, 1987

To

The Dist. Inspectors of Schools (S.E.) Hooghly

বিষয়ঃ প্যানেলে প্রথম স্থানাধিকারীর উর্ধ্ব বয়ঃসীমা মার্জনকরণ (condonation of over age): আণ্ডার-গ্রাজুয়েট শিক্ষক—কলাবতী ভগবতীপুর সিদ্দিকি সিনিয়ার মাদ্রাসা

পোঃ হরিপুর, জেলা হুগলী

উল্লিখিত রেফারেন্স প্রসঙ্গে নিম্ন স্বাক্ষরকারী জানাচ্ছেন যে, সরকারী আদেশ নং 454-Edn.(S) dt. 25.4.1983 অনুসারে ইণ্টারভ্যু বোর্ডে উপস্থিত শেখ আবদুল গফ্ফর সম্বন্ধে ডাইরেক্টোরেটের No. 1870-Sc/S dt. 18.7.1986 আদেশে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তির বয়ঃবৃদ্ধির প্রশ্নটি মার্জনা করা হল। অতএব উক্ত প্যানেলকে অনুমোদন করা হল।

স্বাঃ অস্পষ্ট

ডেপুটি ডাইরেক্টর অব স্কুল এডুকেশন (B) পশ্চিমবঙ্গ

পশ্চিমবঙ্গ সরকার

অর্থ দপ্তর : অডিট শাখা

No. 30-F

2nd January, 1987

মে মো রে ণ্ডা ম

1. এই মর্মে পশ্চিমবঙ্গের ডাইরেক্টর অব ট্রেজারী ও অ্যাকাউণ্টসের কাছে সংবাদ এসেছে যে, স্বীকৃত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পেনশন ও প্রোভিশ্যনাল পেনশন, গ্রাচুয়িটি ও পেনশনের কম্যুটেড ভ্যালু প্রদান করতে দেরী হচ্ছে, যেহেতু ফাণ্ডের বরাদ্দ ট্রেজারী,

কলকাতা পে এণ্ড অ্যাকাউণ্টস অফিস এবং সংশ্লিষ্ট ড্রয়িং ও ডিস্‌বারসিং অফিসে আসেনি। বিশেষ চিন্তাভাবনার পর রাজ্যপাল সন্তুষ্ট হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, পেনশন সংক্রান্ত বরাদ্দ পাওয়া না গেলেও অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের প্রাপ্য পেনশন, সাময়িক পেনশন, সাময়িক গ্রাচুয়িটি, চূড়ান্ত গ্রাচুয়িটি এবং পেনশনের কম্যুটেড ভ্যালু ট্রেজারী ও কলকাতা পে এবং অ্যাকাউণ্টস্ থেকে বরাদ্দ মঞ্জুর এবং কণ্ট্রোলিং অফিসারের বরাদ্দকৃত ফাণ্ডের সমন্বয় (adjustment) সাপেক্ষে টাকা দেওয়া হবে। ফাণ্ডের বরাদ্দ দেখাতে না পারলেও ডি. ডি. ও. দের ব্যয়ের প্রয়োজনীয়তা (progressive expenditure) দেখাতে হবে।

2. পশ্চিমবঙ্গ ট্রেজারী ও অ্যাকাউণ্টসের ডাইরেক্টোরেট থেকে এই মর্মে নির্দেশ দেওয়া হয়েছে যে, বেতন দেওয়ার বিল ফরমে (Salary bill form) বিল করলে সাময়িক পেনশন মঞ্জুর করা হবে। বেতনের বিল ফরম বলতে রাজ্য সরকারের কর্মচারীদের বেতন নেওয়ার সময় যে বিল ফরম ব্যবহার করা হয়, তাতেই চলবে। এই বিল ফরম ডি. ডি. ও. দের কাছ থেকে পাওয়া যাবে। কালেক্টর ও জেলা ম্যাজিস্ট্রেটরা প্রয়োজন বোধ করলে সরকার পরিচালিত প্রেস থেকে ১০০০ সেলারি বিল ফরম ট্রেজারী এবং অ্যাকাউণ্টসের ডাইরেক্টর ব্যয় বহন সাপেক্ষে ছাপিয়ে নিতে পারেন।

3. প্রশ্ন উঠেছে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে রিলিফ পেনশন দেওয়া যেতে পারে কিনা। এ ব্যাপারে পেনশন, প্রোভিডেণ্ট ফাণ্ড এবং গ্রুপ ইনসিওরেন্সের ডাইরেক্টরের আদেশে রিলিফ পেনশন দেওয়ার উল্লেখ আছে। ডাইরেক্টরের নির্দেশনামার আয়ত্তের মধ্যে সকল পেনশন প্রাপককেই ট্রেজারী রিলিফ পেনশন দেবেন। এই সকল পেনশন বলতে ১৯৮১ সালের অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের ১. ৪. '৮১ সাল থেকে D. C. R. B. পরিকল্পনায় সমস্ত পেনশন দেওয়ার কথাই বলা হয়েছে।

4. বিভিন্ন অঞ্চল থেকে অনুসন্ধান করা হয়েছে যে, বেসরকারী কর্মচারীদের পেনশন মনিঅর্ডার যোগে পাঠান চলতে পারে কিনা এবং তা চললে মূল পেনশনের ১০০ (একশত) টাকা পর্যন্ত পেনশন সরকারী খরচে চলবে কিনা যেরূপ সরকারী কর্মচারীদের ক্ষেত্রে বহন করা হয়ে থাকে। বর্তমান পেনশন রুলের ব্যবস্থা মত সরকারী কর্মচারীদের ১০০ টাকা পর্যন্ত মূল পেনশনের মনিঅর্ডার খরচ বহন করেন। কিন্তু রাজ্য সরকারী কর্মচারীদের ১০০ টাকা থেকে ২০০ শত টাকা পর্যন্ত পেনশনের মনিঅর্ডার খরচ পেনশন প্রাপককেই বহন করতে হয় (Vide rule I of Appendix 17B of West Bengal Treasury Rules, Vol.-II) রাজ্য সরকারী কর্মচারীদের

মধ্যে শারীরিক দিক থেকে অক্ষম পেনশন প্রাপকদের ব্যাঙ্কের মাধ্যমে পেনশন পেতে গিয়ে যাঁরা নড়াচড়া করতে ও সই করতে না পারলে বা হাতে টীপ দিতে হয়। ঐরূপ অক্ষম রাজ্য সরকারী কর্মচারী পেনশন প্রাপকদের ক্ষেত্রে ট্রেজারী/সাব-ট্রেজারী অফিসারের সন্তুষ্টি বিধানে প্রকৃত অক্ষম ব্যক্তিদের ইচ্ছানুসারে (Vide III Rule-I of Part B of Appendix 17B) সরকারী খরচে মনিঅর্ডার যোগে পেনশন প্রেরণ করা হয় এবং উক্ত ধারায় অনুমোদিত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্যও রাজ্য সরকার কর্তৃক দেয় পেনশন প্রার্থীদের সুযোগ দিচ্ছেন।

5. বিশেষ বিবেচনার পর ৫নং প্যারাগ্রাফে উল্লিখিত বিধানমত রাজ্যপাল এই মর্মে সম্মতি দিয়েছেন যে ট্রেজারী/সাব-ট্রেজারীতে একই ধরনের পেনশন নীতি গ্রহণ করা হউক। এবং রাজ্য সরকারী কর্মচারীদের ক্ষেত্রে মনিঅর্ডার সহযোগে যেরূপ পেনশন দেওয়ার সুযোগ আছে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত কর্মচারীদেরও তা দেওয়া হবে। অবশ্য এই সুযোগ কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। কারণ এই ব্যাপারে ভারত সরকারের নিজস্ব নিয়মনীতি অনুসরণ করতে হবে।

6. Appendix 17B of Treasury Rules অনুযায়ী ট্রেজারী পেনশনের রুল সরলীকৃত রুল অনুযায়ী এই ক্ষেত্রেও অনুসরণ করা হবে।

স্বাঃ জি. এন. চ্যাটার্জি
ডেপুটি সেক্রেটারী
পঃ বঃ সরকার

প্রশ্নোত্তরে হেডমাষ্টারস্ ম্যানুয়েল

মধ্যশিক্ষাপর্ষদ—ম্যানেজিং কমিটি—প্রধান শিক্ষক

প্রশ্ন 1. মধ্যশিক্ষা পর্ষদের ক্ষমতা ও দায়িত্ব বা কর্তব্য (Powers and duties) কি ?

উত্তর : পর্ষদের অ্যাক্ট ১৯৭৯ সালে সংশোধিত হওয়ার পর Powers and duties শব্দের পরিবর্তে 'function' শব্দটি ব্যবহৃত হয়েছে। ১৯৬৩ সালে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অ্যাক্ট বিধান সভায় পাশ হয় এবং ১৯৬৪ সাল থেকে কার্যকরী হয়। ঐ অ্যাক্টে প্রাথমিক ও উচ্চ শিক্ষাকে মাধ্যমিক শিক্ষা থেকে পৃথক করে দেখান হয়।

'বোর্ড' অর্থে যৌথ সংস্থা। কিন্তু আইনের চোখে একটি ব্যক্তি। যাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া চলে। বোর্ডকে Statutory Body বলা হয়।

প্রঃ 2. Statute কি ? বোর্ডকে কি Statutory Body বলা চলে ?

উঃ আইনসভায় (Legislative Assembly) যা লিখিতভাবে সিদ্ধান্ত হয় তা আইনে পরিণত হয়। ১৯৬৩ সালে মধ্যশিক্ষা পর্ষদ বিধানসভার মাধ্যমেই আইনে পরিণত হয়। পরবর্তীকালে ১৯৬৯, ৭৩, ৭৭, ৭৮, ৭৯, ৮২ সালে এই আইনকে বিধানসভার মাধ্যমে সংশোধন করা হয়। কাজেই পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদকে Statutory Body বলা চলে।

প্রঃ 3. পর্ষদের ক্ষমতা ও কার্যকরী ক্ষমতা কি ?

উঃ 'Powers' and 'function' প্রায় সমার্থক শব্দ। ১৯৬৩ সালের মধ্যশিক্ষা আইনের ২৭ নং ধারায় রাজ্য সরকারের আওতায় সাধারণভাবে মাধ্যমিক শিক্ষা পরিচালনা, পরিদর্শন (supervise) এবং প্রশাসনিক (power to control) ক্ষমতা, বিশেষভাবে মাধ্যমিক শিক্ষার উন্নয়নে মূলনীতি (policy) স্থির করা, মাধ্যমিক বা অনুরূপ পরীক্ষা গ্রহণ বা পরিচালনা করা, এবং এর স্বপক্ষে রেগুলেশন তৈরী করা, আপিল কমিটির মাধ্যমে অভিযোগের শুনানি ও সিদ্ধান্ত গ্রহণ এবং আইনগত ব্যবস্থা গ্রহণ।

প্রঃ 4. পর্ষদের প্রেসিডেণ্টের ক্ষমতা কি কি ?

উঃ পর্ষদের প্রেসিডেণ্ট সরকার-নিযুক্ত ব্যক্তি এবং আইনের বলে পর্ষদের Executive বা কর্মপরিষদের সভাপতি। তাঁর মাধ্যমেই পর্ষদের সমস্ত সিদ্ধান্ত রূপায়িত হয়। পর্ষদ তাঁর Council বা Executive কমিটির সাধারণ সিদ্ধান্ত অনুসারে পরিচালিত হলেও তাঁর জরুরী (emergency) ক্ষমতা প্রয়োগ করার অধিকার আছে। সেকশন (2) অনুযায়ী যে কোন জরুরী

পরিস্থিতিতে তিনি Executive-এর পরামর্শ ছাড়াও সিদ্ধান্ত নিতে পারেন। তবে তিনি পর্ষদের কোন সিদ্ধান্তের বিরুদ্ধে কোন ক্ষমতা প্রয়োগ করবেন না এবং পরবর্তী সময়ে কর্মপরিষদের কাছে নিজের কাজের রিপোর্ট দেবেন।

প্রঃ 5. মধ্যশিক্ষা পর্ষদের ওপর রাজ্যসরকারের প্রভাব বা ক্ষমতা কিরূপ ?

উঃ পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষার চাবিকাঠি রয়েছে রাজ্য সরকারের হাতে। পর্ষদের সভাপতি রাজ্যসরকারেরই মনোনীত ব্যক্তি। তাঁর কার্যকালের মেয়াদ বাড়ানো বা কমানোর ক্ষমতা একমাত্র রাজ্যসরকারেরই হাতে রয়েছে। রাজ্যসরকার প্রয়োজনবোধে রুলস তৈয়ার করে বোর্ডের কর্মপরিষদের মাধ্যমে তা কার্যে পরিণত করেন।

প্রঃ 6. স্কুলের ম্যানেজমেণ্ট বলতে কি বোঝায় ?

উঃ কমিটি বলতে মাধ্যমিক শিক্ষা আইন, ১৯৬৩-এর রুল অনুযায়ী গঠিত অথবা পুনর্গঠিত ম্যানেজিং কমিটি। ম্যানেজিং কমিটির অবর্তমানে পর্ষদ নিযুক্ত অ্যাডহক কমিটি অথবা অ্যাডমিনিস্ট্রেটর ম্যানেজিং কমিটির সমান মর্যাদা ও ক্ষমতার অধিকারী (Vide Rule 3)।

যে স্কুল ম্যানেজিং কমিটির কার্যকাল ফুরিয়ে গেছে তাকে মৃত বা বিলুপ্ত ম্যানেজিং কমিটি বলে। ঐ কমিটির কার্যকরী ক্ষমতা লোপ পেলে ঐ কমিটির দ্বারা আহূত সভার কোন সিদ্ধান্তই আইনতঃ সিদ্ধ নয়। কমিটির সম্পাদক স্কুলের ফাণ্ডে হাত দিতে পারেন না। ঐ অবস্থায় স্কুলের বেতনাদির টাকা-পয়সা তুলতে হলে ডি. ডি. ও'র (D. D. O) দরকার হয়। জেলা স্কুল পরিদর্শকের (মাঃ) অনুরোধ এবং তাঁরই প্রস্তাবিত ব্যক্তিকে ডি. এম. ই. ডি. ডি. ও. হিসেবে নিযুক্ত করেন। ডি. ডি. ও'র কাজ কেবল সরকারের সরকারী অনুদান সংক্রান্ত টাকা-পয়সা বেতনদানে খরচ করা।

'অরগেনাইজিং কমিটি' বলতে, হাই স্কুলের স্বীকৃতি লাভের পূর্বে অভিভাবক, স্থানীয় শিক্ষাবিদ, দাতা ও প্রতিষ্ঠাতা মিলে অস্থায়ী ভিত্তিতে একটি কমিটি তৈরী করে মধ্যশিক্ষা পর্ষদের কাছে / জেলা স্কুল পরিদর্শকের মাধ্যমে পর্ষদ নির্দেশিত শর্তাদি পূরণ করে দরখাস্ত পেশ করা। এই কমিটির স্থায়িত্ব কেবল,—স্কুলের স্বীকৃতিলাভের পর নূতন স্কুল ম্যানেজিং কমিটি যতদিন না স্কুলের ভার গ্রহণ করেন। এই অরগেনাইজিং কমিটি 'প্রতিষ্ঠাতা' ও 'দাতার' নাম রেকর্ড করবেন এবং নির্বাচনের পূর্বে জেলা স্কুল পরিদর্শকের সাহায্যে নামের তালিকা অনুমোদন করিয়ে নেবেন।

পর্ষদ কর্তৃক স্কুল ম্যানেজিং কমিটি বাতিল হলে, তৎস্থলে অ্যাডমিনিস্ট্রেটর অথবা অ্যাডহক কমিটিকে স্কুল ম্যানেজমেণ্টের ভার দেওয়া হয়। তবে অ্যাডমিনেস্ট্রেটর বা অ্যাডহক কমিটি একটি নির্দিষ্ট সময়ের জন্য এবং স্কুল ম্যানেজিং কমিটি গঠন করে দিয়েই তাঁদের দায়িত্ব খালাস।

প্রঃ 7. ম্যানেজিং কমিটি কি Satutory Body ?

উঃ Statutory Body বলতে যে সংস্থা Statute অথবা আইনসভা বা বিধানসভা কর্তৃক আইন করে গঠিত হয়। এই ব্যাপারে কলকাতা হাইকোর্টের পরস্পর-বিরোধী রায় আছে। জাষ্টিস্ মিঃ পি. কে. ব্যানার্জি মনে করেন, হাইস্কুলের ম্যানেজিং কমিটি Statutory Body নয়। আবার জাষ্টিস্ মিঃ ডি. বসু মনে করেন স্কুলের ম্যানেজিং কমিটি একটি Statutory Body। Statutory Body-এর বিরুদ্ধে হাইকোর্টে রিট পিটিশন দেওয়া চলে এবং স্কুলের কর্মচারীদের নিয়োগ ও ছাঁটাই করার অধিকার ম্যানেজিং কমিটির আছে।

প্রঃ 8. স্কুল ম্যানেজিং কমিটির ক্ষমতা ও কার্যকারিতার সীমা কতটুকু ?

উঃ পর্ষদ্ রুলের সেকশন নং ২৮ এর আওতায় নিয়োগ, সাসপেনশন ও ছাঁটাইয়ের অধিকার দেওয়া হয়েছে। তবে নিয়োগ ও ছাঁটাই উভয় ক্ষেত্রেই শিক্ষা-দপ্তরের অর্থাৎ ডি. আই. অব স্কুলের (মাঃ) পূর্ব-অনুমোদন বা সম্মতি থাকা দরকার। কমিটি প্রধান শিক্ষকসহ যে কোন শিক্ষক বা শিক্ষাকর্মীকে বিনা কৈফিয়তে সাসপেণ্ড করতে পারেন। অবশ্য তা একান্তই স্বল্প সময়ের জন্য। ম্যানেজমেণ্ট রুলের ২৮(৮) এবং ২৮(৯) (VIIa) দ্রষ্টব্য।

ম্যানেজিং কমিটি রুলের আওতায় সব বিষয় নিয়ে ভাবনাচিন্তা করতে পারেন।

অর্থ সংক্রান্ত বিষয়ে গ্রাণ্ট-ইন্-এড, সরকারীর গ্রাণ্ট ও স্টাইপেণ্ড এবং স্কুলের বিভিন্ন রকমের ফিসের আদায় থেকে যে আয় হয়, তা সরকারী নির্দেশে ও অনুশাসনমত ব্যয় করা চলে।

প্রঃ 9. ঘাটতি-বেতন-অনুদান প্রকল্পে কে বা কারা সরকারী গ্রাণ্ট পরিচালনা করবেন ?

উঃ অর্থ দপ্তরের No. 6696-F dt. 18th June, 1978 নির্দেশে স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বেতনের টাকা—(১) সেক্রেটারী (২) প্রধান/প্রধানা (৩) শিক্ষকদের প্রতিনিধি (নির্বাচিত)—এই তিনজনের যেকোন দুজনকে দিয়ে। অ্যাডমিনিষ্ট্রেটর থাকলেও অ্যাডমিনিষ্ট্রেটর সহ তিনজনের যেকোন দুজনকে দিয়ে।

স্কুলের অন্যান্য ফাণ্ডের টাকা (১) সম্পাদক ও প্রধান / প্রধানা (২) অ্যাডমিনিষ্ট্রেটর ও প্রধান / প্রধানাকে দিয়ে তোলা চলবে। তবে সর্বক্ষেত্রে ম্যানেজিং কমিটির প্রস্তাব বা অ্যাড্‌মিনিষ্ট্রেটরের অর্ডার থাকা চাই।

প্রঃ 10. বিদ্যালয় প্রধান / প্রধানার পক্ষে স্কুলের ম্যানেজিং কমিটি গঠন বা পুনর্গঠনের দায়িত্ব পালন করা কি বাধ্যতামূলক ?

উঃ হাঁ ; ম্যানেজমেণ্ট রুলের সেকশন 4(1) এবং (2c)এ তা পরিষ্কার বলা আছে।

তবে প্রধান / প্রধানাকে কতকগুলো সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়। যেমন ম্যানেজিং কমিটির সঙ্গে আলোচনা করে অর্থাৎ ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত নিয়ে। কোন মতানৈক্য (dispute) হলে বিষয়টি জেলা স্কুল পরিদর্শকের নজরে আনতে হবে এবং তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত।

প্রঃ 11. বিদ্যালয় প্রধান / প্রধানার পক্ষে ম্যানেজিং কমিটি পুনর্গঠনের কাজে অবহেলা কি শাস্তিযোগ্য অপরাধ ?

উঃ হাঁ ; যদি প্রমাণিত হয় যে, প্রধান / প্রধানা ইচ্ছাকৃতভাবে অবহেলা করেছেন তাহলে ম্যানেজিং কমিটি অথবা অ্যাডমিনিস্ট্রেটর রুল ২৮ এর (VIIA) এবং ২৮ এর সাবরুল (৭) অনুযায়ী তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন।

প্রঃ 12. ম্যানেজিং কমিটির গঠন বা পুনর্গঠনে মুখ্যতঃ কে দায়ী ?

উঃ ম্যানেজিং কমিটি (Outgoing Managing Committee), অথবা অ্যাড হক কমিটির সেক্রেটারী অথবা অ্যাডমিনিস্ট্রেটর। তাঁরা তাঁদের কার্যকাল ফুরিয়ে যাওয়ার অন্ততঃ ৬০ দিন আগে কমিটি পুনর্গঠন কল্পে সভা ডেকে বিদ্যালয়ের প্রধান / প্রধানাকে রুলের বিধান অনুযায়ী দায়িত্বভার দেবেন এবং নির্বাচনের প্রাথমিক কার্যাদি, যথা প্রধান / প্রধানাকে দায়িত্বভার অর্পণ, নির্বাচনের নির্ঘণ্ট (প্রোগ্রাম), নির্বাচন সংক্রান্ত বাজেট বরাদ্দ প্রভৃতি করে দেবেন।

প্রঃ 13. স্কুল ম্যানেজিং কমিটি সংক্রান্ত কোন মামলা সিভিল বা ক্রিমিন্যাল কোর্টে বিচারাধীন থাকলে নির্বাচনের অনুষ্ঠান করা চলে কি ?

উঃ কোর্টে ম্যানেজিং কমিটি সংক্রান্ত কোন মামলা বিচারাধীন থাকলে এবং বিশেষ করে ইনজাংশন থাকলে কোর্টের অনুমতি ছাড়া নির্বাচন করতে গেলে কোর্ট অবমাননার দায়ে (contempt of court) বিপদে পড়তে পারেন। এরূপ অবস্থায় মধ্যশিক্ষা পর্ষদ, জেলা স্কুল পরিদর্শক (মাঃ) এবং আইনজ্ঞদের মতামত নেওয়া বাঞ্ছনীয়।

প্রঃ 14. স্কুল ম্যানেজিং কমিটি কি কমিটির কর্মকর্তা নির্বাচনের পর অবিলম্বে কাজ শুরু করে দিতে পারেন ?

উঃ নির্বাচন পদ্ধতি সম্বন্ধে পর্ষদের সর্বশেষ গভঃ নোটিফিকেশন নং 640-Edn.(S) dt. 26th June, 1981 এর 26 নং সেকশনে বলা আছে যে, নির্বাচিত কমিটি কর্মকর্তা নির্বাচনের দিন থেকে অথবা পূর্ববর্তী কমিটির কার্যকাল ফুরিয়ে যাওয়ার পরদিন থেকে কাজ শুরু করতে পারেন এবং যেটাই পরে হউক না কেন ?

প্রঃ 15. পর্ষদ কি স্কুল ম্যানেজিং কমিটিকে বাতিল করতে পারেন ?

উঃ রুল 8(1)-এ পর্ষদকে ক্ষমতা দেওয়া হয়েছে যে, যদি পর্ষদ মনে করেন যে, ম্যানেজিং কমিটি সন্তোষজনকভাবে কাজ করছেন না, তাহলে পর্ষদ কমিটিকে

বাতিল করে দিতে পারেন। তবে বাতিল করবার পূর্বে পর্ষদকে সুযোগ দিতে হবে, যাতে ম্যানেজিং কমিটি আত্মপক্ষ সমর্থনের জন্য সময়-সুযোগ পান, প্রয়োজন বোধে কমিটির বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে বোর্ড জেলা-স্কুল পরিদর্শকের মাধ্যমে অনুসন্ধান করে রিপোর্ট নিতে পারেন এবং ঐ রিপোর্টের ভিত্তিতে কমিটির কাছে কৈফিয়ৎ চাইতে পারেন, কেন কমিটিকে বাতিল করে দেওয়া হবে না। এ ব্যাপারে পর্ষদ সভাপতি দুরকমে সিদ্ধান্ত নিতে পারেন—(১) জরুরী অবস্থা বিবেচনা করে নিজেই সভাপতির জরুরী ক্ষমতা প্রয়োগ করে কমিটিকে বাতিল করতে পারেন অথবা পর্ষদের কর্ম-পরিষদে পেশ করে ও প্রস্তাব পাশ করিয়ে কমিটিকে বাতিল করতে পারেন। ম্যানেজিং কমিটি Natural justice না পেলে হাইকোর্টে ম্যাণ্ডেমাস চাইতে পারেন।

প্রঃ 16. ম্যানেজিং কমিটির ইমারজেন্সী মিটিং বলতে কি বোঝায়?

উঃ ম্যানেজিং কমিটির কেবলমাত্র প্রেসিডেণ্টই জরুরী প্রয়োজনে ২৪ ঘণ্টা নোটীশের মাধ্যমে কমিটির জরুরী সভা ডাকতে পারেন। তবে জরুরী সভায় আলোচ্য বিষয় একাধিক থাকবে না। এমনকি "বিবিধ" বলেও কিছু থাকবে না। জরুরী সভার কার্যাবলী কমিটির পরবর্তী সাধারণ সভায় অনুমোদন করে (confirm) নিতে হবে।

প্রঃ 17. Meeting by Circulation বলতে কি বোঝায়?

উঃ কমিটিকে কোন সিদ্ধান্ত নেওয়ার জরুরী প্রয়োজন দেখা দিলে এবং যদি সকল সদস্যকে সভায় হাজির করাবার সম্ভাবনা না থাকলে সেক্রেটারী অথবা যুগ্ম সম্পাদক কমিটি সদস্যদের কাছে প্রস্তাবাকারে পেশ করে অধিকাংশ সভ্যের স্বাক্ষর নিতে পারলে তা গ্রাহ্য হয়। তবে পরবর্তী সাধারণ সভায় ঐ প্রস্তাবকে অনুমোদন করিয়ে নিতে হবে।

প্রঃ 18. Adjourned Meeting (স্থগিত সভা) বলতে কি বুঝায়?

উঃ ম্যানেজিং কমিটির সভা চলতে চলতে কোন বিশেষ কারণে সভার কার্য চালাতে না পারলে প্রেসিডেণ্ট উক্ত সভাকে স্থগিত করে দিতে পারেন। উক্ত স্থগিত সভা পুনরায় নোটীশ দিয়ে (সাতদিনের নোটীশ হলে ভাল হয়) একই আলোচ্য বিষয়সূচীর ওপর সভা ডাকা যেতে পারে। তবে ঐ সভায় Quorum-এর প্রয়োজন হবে না।

প্রঃ 19. 'Deferred agenda' বলতে কি বোঝায়?

উঃ মিটিং চলতে চলতে কোন আলোচ্য বিষয় কোন বিশেষ কারণে স্থগিত রাখার জন্য সেক্রেটারী আবেদন জানালে এবং সকলে একমত হলে উক্ত বিষয়সূচীকে বাদ দিয়ে অন্য বিষয়গুলোর আলোচনা চলতে পারে এবং উক্ত বাদ পড়া আলোচ্য বিষয় পরবর্তী সভায় আলোচনার জন্য সিদ্ধান্ত গ্রহণ করাকে

Deferred agenda বলা হয়। অবশ্য কোন সদস্য point of order তুললে প্রেসিডেন্ট বিষয়টিকে ভোটে দিয়ে সিদ্ধান্ত নিতে পারেন।

প্রঃ 20. "Postponed Meeting" বলতে কি বোঝায় ?

উঃ সভায় প্রয়োজনীয় সংখ্যক সদস্য উপস্থিত না থাকলে Quorum-এর অভাবে সভা অনুষ্ঠিত হতে পারে না। এই অবস্থায় উপস্থিত সদস্যরা নির্ধারিত সময়ের পরে—"Quorum-এর অভাবে ম্যানেজিং কমিটির···তারিখের সভা অনুষ্ঠিত হল না"—এই কথা কয়টি মিনিট বুকে রেকর্ড করে তার নিচে উপস্থিত সকলে সই-স্বাক্ষর দিলে সভা বন্ধ (স্থগিত নয়) হয়ে যায়। পরবর্তী সভায় সাতদিনের নোটীশ এবং নূতন করে আলোচ্য বিষয়সূচী দিতে হবে।

প্রঃ 21. "বিবিধ" বিষয়ে যে কোন নূতন বিষয়বস্তু আলোচনা করা যেতে পারে কি ?

উঃ প্রয়োজনবোধে উপস্থিত সভ্যদের ¾ অংশের সম্মতি নিয়ে কেবল নিয়োগ ও ছাঁটাই, ডেপুটেশন প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয় ছাড়া অন্য যে কোন আলোচনা চলতে পারে।

প্রঃ 22. "Note of dissent" কথাটির প্রয়োগ কখন হতে পারে ?

উঃ যে কোন প্রস্তাব পাশ হওয়ার সময় যে কোন সভ্য উক্ত প্রস্তাবের সাথে একমত না হলে তিনি প্রস্তাবের কোন বিশেষ অংশ অথবা সম্পূর্ণ প্রস্তাবের বিরুদ্ধে Note of dissent দিতে পারেন। সভার কার্যাবলীতে উক্ত মৌখিক বা লিখিতভাবে dissent দেওয়ার বিষয়টি লিপিবদ্ধ করে রাখতে হবে। কর্তৃপক্ষ Note of dissent রেকর্ড না করলে সংশ্লিষ্ট ব্যক্তি পর্যদ কর্তৃপক্ষের গোচরে তা নিতে পারেন।

প্রঃ 23. প্রস্তাবের বিষয় রেকর্ড করবার সময় "unanimously" বা 'সর্বসম্মতিক্রমে' কোন্ অবস্থায় লেখা চলে ?

উঃ সভার সভাপতি যদি আলোচ্য বিষয়ের ওপর মত যাচাই করেন এবং সকলে প্রস্তাবের পক্ষে মত প্রকাশ করলে তবেই 'সর্বসম্মতিক্রমে' বা unanimously কথা লেখা চলে।

প্রঃ 24. ম্যানেজিং কমিটির সভার জন্য agenda বা আলোচ্য সূচী তৈরী করবেন কে ?

উঃ সেক্রেটারী কমিটির প্রেসিডেন্ট ও প্রধান/প্রধানার সঙ্গে আলোচনা করেই সভার agenda ঠিক করবেন; তা না করে সেক্রেটারী নিজের খুশীমত agenda দিলে অন্য দু'জন লিখিতভাবে সেক্রেটারীকে প্রতিবাদ জানাতে পারেন এবং তৎসত্ত্বেও সেক্রেটারী নিজ সিদ্ধান্তের পরিবর্তন না করলে সভায় তাঁরা এই প্রশ্ন তুলতে পারেন। এতেও কোন প্রতিকার না হলে তাঁরা বিষয়টিকে পর্ষদ কর্তৃপক্ষের নজরে নিয়ে মতামত চাইতে পারেন।

প্রঃ 25. প্রেসিডেন্ট সভায় কোন আলোচ্য বিষয়ের উপর রুলিং দিতে পারেন কি ?

উঃ ম্যানেজমেণ্ট রুলে প্রেসিডেন্টকে এরূপ কোন অধিকার দেওয়া হয়নি। তবে

কোন বিষয়ে মতভেদ হলে তিনি উপস্থিত সভ্যদের মতামতের সংখ্যাধিক্যকে একমাত্র গ্রাহ্য বলে নির্দেশ দিতে পারেন।

প্রঃ 26. কোন স্টাফকে সাসপেণ্ড করার প্রশ্নটি 'বিবিধ' শীর্ষক আলোচ্য সূচীতে স্থান পায় কি ?

উঃ ম্যানেজমেণ্ট রুলের 21 নম্বর Agenda শীর্ষক রুলে 'বিবিধ' বিষয়ে কেবল appointment or deputation or dismissal or removal—এ চারটি বিষয় বাদে অন্য বিষয় ⅔ অংশ সভ্যের সম্মতিতে আলোচনা করা যেতে পারে। কাজেই suspend করার বিষয়টিও অনুরূপভাবে আলোচনা করা যেতে পারে। তবে প্রশ্ন উঠতে পারে, যেহেতু suspension পর্বটি dismissal অথবা removal-এর সঙ্গে সম্পর্কযুক্ত, তাই বিবিধ বিষয়ে আলোচনা করা চলে না। বিষয়টি বিতর্কমূলক এবং পর্ষদ অথবা বিচারালয় কর্তৃক এর মীমাংসা হতে পারে।

প্রঃ 27. কোন স্টাফকে সাসপেণ্ড করতে হলে পর্ষদ থেকে পূর্ব-সম্মতি দরকার হবে কি ?

উঃ এরূপ কোন বাধ্য-বাধকতার উল্লেখ নেই কিন্তু সাসপেনশনের ব্যাপারটি সাত-দিনের মধ্যে সার্কুলার নং 606 dt, 2.st June, 1982 অনুসারে পর্ষদের কছে পাঠাতে হবে। না পাঠালে আইনের protection প্রতিবাদী পেতে পারেন।

প্রঃ 28. কোন কর্মচারীকে suspend করার জন্য দেওয়ানী মামলা অথবা মেণ্ডেমাস চলতে পারে কি ?

উঃ 'সাসপেনশন' অর্থে কর্মচ্যুতি বোঝায় না। অথবা তাঁর মৌলিক অধিকারও নষ্ট হয় না। তবে 'সাস্পেনশন' করতে গিয়ে যদি রুলের statutory provisionকে মূল্য দেওয়া না হয়, তাহলে "A suit is no bar." কলকাতা হাইকোর্টে এজাতীয় বহু মামলার শুনানী হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে মামলার রায় বাদীর পক্ষে গেছে।

প্রঃ 29. হেডমাস্টার এবং সেক্রেটারীর অনুপস্থিতিতে ম্যানেজিং কমিটির কোন সভা চলতে পারে কি ?

উঃ "চলতে পারে না" এরূপ কোন নির্দেশ ম্যানেজমেণ্ট রুলে নেই। তবে তাঁদের অনুপস্থিতে সভা চলার অসুবিধা অনেক।

প্রঃ 30. ম্যানেজিং কমিটির সেক্রেটারী ম্যানেজিং কমিটির অজ্ঞাতসারে অথবা অনুমোদন সাপেক্ষে কোন সিদ্ধান্ত নিতে পারেন কি ?

উঃ ম্যানেজমেণ্ট রুলের 25 (I)-এ পরিষ্কার করে বলা হয়েছে, "Under the direction of the Managing Committee, the Secretary shall carry on correspondence......on behalf of the Committee." 'under the direction' বলতে কমিটির সভায় সিদ্ধান্ত অনুসারে। তবে

স্কুলের দৈনন্দিন কাজে সেক্রেটারীর পক্ষে কমিটির মতামত নেওয়ার প্রয়োজন নাও হতে পারে। তবে যে কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে কমিটির পূর্ব-সম্মতি দরকার,—"subject to the approval" আইনে সিদ্ধ নয়।

প্রঃ 31. ম্যানেজমেণ্ট রুলের 4 এর সেকশন (26) প্রধানের নির্বাচন সংক্রান্ত প্রোগ্রাম অনুমোদন সম্পর্কে "failure or neglect"-এর দায়ে রুল 28-এর সাব-রুল 9 অনুযায়ী প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা যায় কি ?

উঃ "Failure" ঐচ্ছিক কিংবা অনৈচ্ছিক—দুইই হতে পারে। 'Failure' এর জন্য একজনকে আইনতঃ পুরোপুরি দায়ী করা যেতে পারে না। কিন্তু "neglect" অর্থে 'Ommission, disregard or overlooking ধারণা করা যায়। অতএব 'neglect' wilful, deliberate অর্থাৎ intentional মনে করা যেতে পারে। প্রধানকে দায়িত্ব দেওয়ার পর যদি তিনি দায়িত্ব পালন না করেন, তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া চলবে।

প্রঃ 32. অভিভাবকদের ভোটার হতে হলে তাঁদের পুত্র কন্যার / ওয়ারিশের বকেয়া সমস্ত কিছু শোধ করতে হবে কী ?

উঃ ১৯৬৯ সালের সংশোধিত ম্যানেজমেণ্ট রুলের 7 নং এর ব্যাখ্যা সম্পর্কে মধ্যশিক্ষা পর্ষদ মেমো নং 11246/G dt. 17. 11. 79 অনুসারে সমস্ত বকেয়া টুইশন ফীঃ, ডেভঃ ফী প্রভৃতি সমস্ত ফিস শোধ করতে হবে। কিন্তু ১৯৮১ সালের সার্কুলার নং S/Mc—286/81, 7th 7uly, 1981, 7 নম্বর রুলটি বাদ দেওয়া হয়েছে। এর থেকে সিদ্ধান্ত করা যায় যে, এখন ভোটার তালিকায় অভিবকদের নাম তুলতে হলে বকেয়া শোধের কোন প্রয়োজন নেই।

প্রঃ 33. কোন শিক্ষক-অভিভাবক ভোটার "অভিভাবক বিভাগে" নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন কি ?

উঃ কেবলমাত্র 'শিক্ষক বিভাগ' ছাড়া তিনি অভিভাবক বিভাগে প্রার্থী হতে পারবেন না। তবে ঐ বিভাগে তাঁর ভোট দেওয়ার অধিকার আছে।

প্রঃ 34. 'প্রতিষ্ঠাতা' ও 'লাইফ মেম্বর'দের অভিভাবকদের প্রতিনিধি অথবা প্রতিষ্ঠাতা বা লাইফ মেম্বরদের নির্বাচনে কোন অধিকার দেওয়া হয়েছে কি ?

উঃ ১৯৮১ সালের সংশোধিত ম্যানেজমেণ্ট রুলে অতীতের সে অধিকার বাতিল করা হয়েছে। তাঁদের কোন ভোট দেওয়ার সুযোগ নেই।

প্রঃ 35. হেডমাস্টার অথবা সেক্রেটারী বিদ্যালয়ের কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে সাসপেণ্ড করতে পারেন কি ?

উঃ সেক্রেটারী বা হেডমাস্টারকে ঐরূপ কোন অধিকার দেওয়া হয়নি। এ ব্যাপারে ম্যানেজিং কমিটিকে অধিকার দেওয়া হয়েছে। কেবলমাত্র সেক্রেটারী অথবা যুগ্ম সেক্রেটারী ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত জানিয়ে দিতে পারেন।

প্রঃ 36. সাসপেনশন অবস্থায় শিক্ষক/অশিক্ষক কর্মচারী/প্রধান/প্রধানা শিক্ষক প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারেন কি ?

উঃ পর্ষদের চিঠি নং 7342G dt. 29. 9. 81 জানা গেছে যে, শিক্ষক বা অশিক্ষক কর্মচারী সাসপেণ্ড হওয়া সত্ত্বেও নিজেদের বিভাগে ভোটও দিতে পারবেন এবং প্রার্থীও হতেও পারবেন, প্রধান শিক্ষক ও শিক্ষকবিভাগের অন্তর্ভুক্ত বলে তিনি ভোট দানের অধিকারী।

প্রঃ 37. 'অভিভাবক' বলতে কাদের বোঝায় ?

উঃ পিতা, তাঁর অবর্তমানে মাতা এবং তাঁদের মৃত্যুতে বা অন্তর্ধানে যথাক্রমে পিতামহ, ভ্রাতা, ভগ্নী, কাকা, মামা। উক্ত ব্যক্তিদের অবর্তমানে যাঁর সঙ্গে ওয়ার্ড বাস করে, তিনি। আত্মীয় ব্যক্তি ছাড়া কেউ অভিভাবক হতে পারবেন না। বিবাহিত মেয়ের পক্ষে স্বামী অভিভাবক হিসেবে বিবেচিত নন। তার পিতা মাতা অথবা অন্যান্য আত্মীয়েরা পর্য্যায়ক্রমে অভিভাবক হবেন। লোক্যাল গার্জিয়ানকে অভিভাবক হিসেবে স্বীকৃতি দেওয়া হয়নি।

প্রঃ 38. বর্তমানে 'প্রতিষ্ঠাতা ও 'দাতা" বলতে কাদের বোঝায় ?

উঃ প্রতিষ্ঠাতা হিসেবে যাঁর বা যাঁদের নাম প্রথম কমিটির সভায় স্বীকৃতি লাভ করেছে এবং জেলা স্কুল পরিদর্শক (মাঃ) কর্তৃক অনুমোদিত ; দাতা হতে গেলে ২০,০০০ টাকা লাগে অথবা অনুরূপ মূল্যের জিনিসপত্র যিনি দান করেছেন। ১৯৮০ সালের ২৩শে ডিসেম্বরের পূর্বে যে বা যাঁরা স্কুলকে দশ হাজার বা তদূর্ধ্ব টাকা নগদে অথবা জিনিসপত্রে দান করেছেন, তিনিও দাতারূপে অভিহিত হবেন। এঁরা লাইফ মেম্বর হিসেবে অভিহিত। তবে একাধিক লাইফ মেম্বর থাকলে পালাক্রমে শিক্ষাদপ্তরের নির্দেশে কমিটিতে প্রতিনিধিত্ব করবেন। এ ব্যাপারে ম্যানেজমেণ্ট রুল 6. A. দ্রষ্টব্য। প্রতিষ্ঠাতার তালিকায় একাধিক ব্যক্তির নাম থাকলে পর্যায়ক্রমে তাঁরা ম্যানেজিং কমিটিতে প্রতিনিধিত্ব করবেন।

প্রঃ 39. শিক্ষাবিদ বা Person interested in education বলতে কাদের বোঝায় ?

উঃ 6A (3) সেকশনে স্কুল ম্যানেজিং কমিটিতে কোন বিদ্যোৎসাহী ব্যক্তিকে কো-অপ্ট করে নেওয়ার কথা বলা হয়েছে। তাঁর যোগ্যতা বা বাসস্থান, এলাকা সম্বন্ধে কোন নির্দেশ নেই। তিনি যে কেউ হতে পারেন। শহর এলাকায় কমিটির P. I. মেম্বর হতে ইচ্ছুক ব্যক্তি বা ব্যক্তিরা প্রধান/প্রধানার কাছে দরখাস্ত পেশ করবেন। প্রধান শিক্ষক কর্তৃক আহূত সভায় কো-অপশনের উদ্দেশ্যে সমবেত নির্বাচিত, মনোনীত, পদাধিকার বলে আসা মেম্বর এবং লাইফ মেম্বর, P. I. মেম্বর হতে ইচ্ছুক ব্যক্তিকে পছন্দ করে (প্রয়োজনবোধে ভোটাভুটির সাহায্যে) সদস্য নির্বাচিত করবেন।

পঞ্চায়েত এলাকায় স্থানীয় পঞ্চায়েত সমিতি প্রতিনিধি মনোনয়ন করে স্কুলের

প্রধান/প্রধানার কাছে জানিয়ে দেবেন। অবশ্য প্রধান/প্রধানাকে অভিভাবক নির্বাচনের…………মধ্যে স্থানীয় পঞ্চায়েতকে প্রতিনিধি প্রেরণের জন্য লিখবেন। পঞ্চায়েতের প্রতিনিধি তিন বছরের জন্য কমিটিতে পঞ্চায়েতের প্রতিনিধিত্ব করবেন।

প্রঃ 40. ম্যানেজিং কমিটির কর্মকর্তা নির্বাচনে প্রধান/প্রধানার ভূমিকা কিরূপ হবে?

উঃ বিভাগীয় প্রতিনিধির নাম পাওয়ার পর P. I. (শিক্ষাবিদ) কো-অপশনের কাজ। ঐ কাজও প্রধান / প্রধানাকে করতে হবে। তারপর ৭ দিনের Regd. with A/D নোটিশে কর্মকর্তা নির্বাচনের meeting ডাকবেন প্রধান/প্রধানা আহ্বায়ক হিসেবে। আহ্বায়ক হিসেবে উক্ত সভায় তিনি সভাপতির (সভা পরিচালনার জন্য) নাম প্রস্তাব করতে পারেন।

সেকেণ্ডারী (হাই) স্কুলের ম্যানেজিং কমিটি গঠন ও পুনর্গঠনে প্রধান / প্রধানাদের ভূমিকা

1. বিদ্যালয় প্রধান / প্রধানা ভোটার তালিকা প্রণয়ন করার দায়িত্ব নিজের হাতে না নিয়ে ম্যানেজিং কমিটির অনুমোদনে একটি প্রস্তুতি কমিটি গঠন করলে ভাল হয়। স্কুলের সহ-প্রধান / সহ প্রধানাসহ পাঁচজনের কমিটি হবে। সদস্যদের সকলেই সিনিয়র টীচার ও দায়িত্বশীল হবেন। প্রধান / প্রধানা প্রেসিডেন্ট এবং সহ-প্রধান / প্রধানা আহ্বায়ক হলে কমিটি ভালভাবে কাজ করতে পারবেন। অবস্থাভেদে পর্ষদ অন্য কারও ওপর নির্বাচন পরিচালনার দায়িত্বভার অর্পণ করতে পারেন। প্রধান / প্রধানা তাঁর সহযোগিতা করবেন।
2. যদিও পর্ষদ প্রধান / প্রধানাকে ভোটার তালিকা প্রণয়ন ও প্রয়োজনীয় কাজ-কর্ম করবার নির্দেশ দিয়েছেন, তবুও ম্যানেজিং কমিটিকে দিয়ে একটি প্রস্তাব পাশ করিয়ে নিলে ভাল হয়। অ্যাডমিশন রেজিস্টার ও ক্লাশ রেজিস্টার মিলিয়ে ভোটার তালিকা রচনা করতে হবে।
3. অভিভাবকের ভোটার তালিকা শ্রেণীভিত্তিক হওয়া বাঞ্ছনীয়। দ্বাদশ / দশম থেকে নিচের দিকে আসা ভাল। পঞ্চম শ্রেণীর ভর্তির কাজ শেষ করতে দেরী হয়। ছাত্র / ছাত্রী ভর্তি করবার সময় অভিভাবকের নাম ঠিকমত লেখা হয়েছে কিনা নজর রাখতে হবে। প্রথমে পিতা, পিতার অবর্তমানে মাতা; মাতা-পিতার অবর্তমানে অর্থাৎ বেঁচে না থাকলে তবে পিতামহ, ভ্রাতা, ভগ্নী, কাকা, মামা প্রভৃতি। এদের কেউ না থাকলে যে আত্মীয়-স্বজনের তত্ত্বাবধানে ছেলে / মেয়ে বাস করে, তিনিই অভিভাবক হবেন। লোক্যাল গার্জিয়ান বলে এখন কোন কেউ অভিভাবক হিসেবে বিবেচিত নন। মাতা-পিতা আগের মত এখন তাঁদের ওয়ার্ডের জন্য কাকেও অভিভাবক নিযুক্ত করতে

পারেন না। অভিভাবকের বয়স একুশ বছরের কম হবে না। অভিভাবকের তালিকা এরূপ হওয়া বাঞ্ছনীয় :

ভোটার তালিকা

স্কুলের নাম………………

অভিভাবক সিরিয়েল নম্বর	শ্রেণী / সেকশন— ছাত্র/ছাত্রীর নাম	অভিভাবকের নাম	ঠিকানা

প্রধানের স্বাক্ষর

সেক্রেটারী / প্রেসিডেন্টের স্বাক্ষর

দশম শ্রেণীর ছাত্র / ছাত্রীরা মাধ্যমিক পরীক্ষার প্রার্থী নির্বাচিত হলে ১লা জানুয়ারী থেকে তাদের নাম / তাদের অভিভাবকের নাম ভোটার তালিকায় উঠবে না।

4. এখন সংশোধিত নিয়মে ৫ই মার্চের পরে নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। নির্বাচনের অন্ততঃ ৩০ দিন আগে প্রোভিশনাল ভোটার তালিকা পাশ করে টাঙ্গাতে হবে। সেই ক্ষেত্রে ১৫ই ফেব্রুয়ারী / ১৬ই ফেব্রুয়ারী ভোটার তালিকা পাশ করলে ১৫ / ১৬ই মার্চ নির্বাচন হতে পারে। মনে রাখতে হবে, কমিটির কার্যকাল / অ্যাডমিনিস্ট্রেটরের কাজের মেয়াদ শেষ হওয়ার ৬০ দিন আগে নির্বাচন (অভিভাবকের) শেষ করতে হবে। কমিটির কর্মকর্তা নির্বাচন ও দায়িত্বভার নেওয়ার পথে অনেক কাজ বাকী থাকে। যেমন— ডি. আইয়ের কাছে বিভাগীয় প্রতিনিধি চেয়ে সমস্ত কাগজ-পত্র পাঠান। ডি. আই. অফিস কোনপ্রকার অভিযোগ আসার জন্য মাসাবধি অপেক্ষা করেন ; পঞ্চায়েত মনোনয়ন পেতেও দেরী হতে পারে। কাজেই অন্ততঃ দুই মাস হাতে রেখে কাজে নামতে হয়।

5. বিভাগীয় প্রতিনিধির জন্য জেলা স্কুল পরিদর্শকের কাছে রিপোর্ট করবার সময় এই প্রোফরমাটি পূরণ করে পাঠালে ভাল হয়—

PROFORMA

Questions	Answers
1. Whether the existing M. C. /Administrator has got valid tenure of term (Documents to be enclosed.)	1.
2. Whether the Programme of Election was duly approved by M.C./Administrator or any other person authorised by D.I./S. or Board (Quote No. & date of resolution or order of the approving authority.)	2.

Questions	Answers
3. Whether the list of eligible voters in the category of guardians was prepared on the basis of Admission & Student's Attendance Register ? If so, the total number of voters—	3.
4. Whether provisional & final Voters' List were duly approved by the competent authority ?	4.
5. Whether approved programme of Election was communicated to all eligible voters included in the provisional Voters' List under certi. of posting as per proforma No. 3 (M.C.) and published in the Notice Board of the School ?	5.
6. Whether there were any claims to or objections against omission or inclusion of names in the Voters' List, if so,	6.
7. Are there eligible persons as Founders ? If so, state their numbers and also state whether the precedence of persons in the list of Founder has been determined by Board/ D.I.S. (S.E.)	7.
8. Are there any eligible persons as Life-Members ? It so, state their numbers, names and state whether there precedence of the persons in the List of Life members has been determined by D.I.S. (S.E.)	8.
9. How many candidates submitted Nomination papers as per form No. 2 (M.C.) ?	9.
(a) How many nomination papers stood ?	(a)
(b) How many papers were withdrawn after scrutiny ?	(b)
10. If this is a Girls' Institution, whether one of the seats was kept reserved for a woman ?	10.
(a) If so, whether any such guardian has been elected or not ?	(a)
(b) If not, whether nomination from among the female guardian included in the Voter'	(b)

Questions	Answers
List has been obtained from D.I.S. (S.E.) or not ?	
11. Whether the panel of Election Officer consisting of three persons to conduct the Election of the Committee was approved by the M.C./Administrator or any other person authorised by D.I /Board ?	11.
12. Whether election of one member to the Finance Sub-Committee was made by the same Electorate immediately after Election of members of the Finance Sub-Committee ?	12.
13. Is there any Election Officer's report on the conduct of election of guardians' category ? If so, furnish an attested copy of the same along with a specimen of ballot paper.	13.
14. State the names of Elected members in the guardian's category noting the Vosers' No. against each.	14.
15. State whether H.M's report on the conduct of Election of the representatives from the Teachers and non-teaching category has been submitted.	15.
16. Whether the nomination of a member from the local Panchayet Samity has been obtained or not (Please quote the number and the date of the letter.)	16.

Signature of the Secy/Administrator
date..............

Signature of the the Head of the Institution.
date..............

Space : for observation of office—

6. Donor বা দাতার পদ সংশোধিত ম্যানেজমেণ্ট রুলে তুলে দেওয়া হয়েছে। এখন ৫০০, ১০০০ বা ১০,০০০ টাকা দিলেও দাতা হওয়া যায় না। ২০,০০০ টাকা দিলে লাইফ মেম্বর হওয়া যায়। উক্ত টাকার একাধিক লাইফ মেম্বর থাকলে পালাক্রমে ম্যানেজিং কমিটির সদস্যপদ পাবেন। তবে একজন

রাজী না হলে বা প্রত্যাহার করলে জেলা স্কুল পরিদর্শক দ্বিতীয় জনকে সুযোগ দিতে পারেন। লাইফ মেম্বরের মৃত্যুতে তাঁর প্রতিনিধিত্ব করবার অধিকার চলে যায়। লাইফ মেম্বর নিজে কমিটিতে না থেকে অন্য কোন ব্যক্তিকে প্রতিনিধিত্ব করবার অধিকার দিতে পারেন।

7. P. I. member অধিগ্রহণ (cooption) করবার ব্যাপারে প্রধান / প্রধানাকে কোন গাইড লাইন দেওয়া হয়নি। অতীতে প্রধান / প্রধানা স্থানীয় গ্রাজুয়েট বা উচ্চ পদাধিকারীদের তালিকা তৈরী করে জেলা স্কুল পরিদর্শক মহাশয়কে দিয়ে অনুমোদন করিয়ে রাখতেন। বর্তমানে শিক্ষাবিদের কোন শিক্ষাগত যোগ্যতার দরকার হয় না, স্থানীয় / অস্থানীয় বিচার করবার প্রয়োজন নেই। বিদ্যালয় প্রধান / প্রধানা P. I. অধিগ্রহণের জন্য সভা ডাকবেন। সেই সভায় প্রতিষ্ঠাতার উপস্থিতির প্রয়োজন নেই। বাকী নির্বাচিত, মনোনীত ও পদাধিকার বলে আসা সদস্যদের উপস্থিতিতে প্রধান / প্রধানার কাছে পেশ করা দরখাস্তকারীদের মধ্য থেকে একজনকে নির্বাচন করতে হবে।

8. বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে এক বা একাধিক মহিলা অভিভাবক থাকলে একটি আসন মহিলা অভিভাবকের জন্য সংরক্ষিত থাকবে। কোন মহিলা প্রার্থী না থাকলে জেলা স্কুল পরিদর্শক (মাঃ) মহিলা ভোটারদের থেকে একজনকে মনোনয়ন দেবেন।

9. **ফিনান্স সাব-কমিটি ঃ** শিক্ষক ও অশিক্ষক প্রতিনিধি নির্বাচনের দিনে প্রতিনিধি নির্বাচনের পর শিক্ষক ও অশিক্ষক কর্মীদের উপস্থিতিতে ফিনান্স সাব-কমিটি গঠন চলতে পারে। আবার পরেও হতে পারে। পদাধিকার বলে উক্ত কমিটির প্রেসিডেণ্ট হবেন বিদ্যালয়ের সম্পাদক মহাশয় এবং প্রধান / প্রধানা হবেন সেক্রেটারী। শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের দ্বারা একজন সভ্য নির্বাচিত হবেন। কমিটির সদস্যসংখ্যা মোট ৩ জন।

10. শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের মধ্যে কেউ দীর্ঘ ছুটিতে থাকলে অথবা ডেপুটেশনে থাকলে এবং সাসপেনশনে থাকলেও তিনি প্রতিনিধি নির্বাচনে ভোট দান এবং স্বয়ং প্রার্থীও হতে পারবেন। অতিরিক্ত পদে কোন শিক্ষক নিযুক্ত হলে তিনিও উক্ত অধিকার লাভ করবেন।

11. **স্টাফ কাউন্সিল ঃ** বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের নিয়েই স্টাফ কাউন্সিল গঠিত। অ্যাডহক কমিটি বা অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত হলেও স্টাফ কাউন্সিল থাকবে। স্টাফ কাউন্সিলের কার্যকাল তিন বছর। মনে রাখতে হবে, এই সংস্থার অধিকার কেবলমাত্র স্কুলের উন্নয়ন বিষয়ক আলোচনা করা এবং কমিটির কাছে সুপারিশ করা। পদাধিকার বলে প্রধান / প্রধানা কাউন্সিলের প্রেসিডেণ্ট ; এবং সেক্রেটারী সদস্যদের দ্বারা নির্বাচিত হবেন।

বিদ্যালয়ে শিক্ষক ও অশিক্ষক কর্মচারী নিয়োগ

প্রঃ 1. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান / প্রধানার শিক্ষাগত যোগ্যতা কিরূপ হবে ?

উঃ স্কুল সাবজেক্ট অনার্স, বি.টি. / বি.এড. অথবা মাস্টার ডিগ্রী এবং ট্রেণ্ড। অনার্স বলতে স্পেশ্যাল নয়। রেগুলার অনার্সে অন্ততঃ দ্বিতীয় শ্রেণী। ১৯৬৬ সাল পর্যন্ত স্পেশ্যাল অনার্স ও তৃতীয় শ্রেণীর মাস্টার ডিগ্রীকে প্রধান/প্রধানার যোগ্যতা বলে স্বীকার করে নেওয়া হয়েছে। ওল্ড বি-কম ২য় শ্রেণী বা প্রথম শ্রেণীকেও অনার্স বলে স্বীকার করা হয়নি। মাস্টার ডিগ্রীর তৃতীয় শ্রেণীতে শতকরা ৪০ নম্বর থাকলে তা যোগ্যতা বলে স্বীকৃত। মাধ্যমিক স্তরে অবশ্য দশ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা থাকা চাই। ৯৬৬ সালের পর থেকে অস্থায়ীভাবে অনুমোদনপ্রাপ্ত নিম্ন যোগ্যতার শিক্ষক / শিক্ষিকাদের প্রধান / প্রধানার পদের পরিবর্তে "টীচার-ইন্-চার্জ" হিসেবে স্থায়ী অনুমোদন দেওয়া হবে না। পূর্বে প্রধান / প্রধানার নিয়োগের সময় বয়সের সীমাও বিবেচনা করা হত। বর্তমানে তা তুলে দেওয়া হয়েছে। বয়প্রাপ্তি অর্থাৎ ৬০ বছর পূর্ণ হওয়ার আগে যেকোন স্কুলে তিনি নিযুক্ত হতে পারেন।

প্রঃ 2. মাধ্যমিক বিদ্যালয়ে সহ-প্রধান / সহ-প্রধানা নিয়োগের শিক্ষাগত যোগ্যতা কিরূপ ?

উঃ শিক্ষাগত যোগ্যতা প্রধান / প্রধানার অনুরূপ। রাজ্য সরকারের শিক্ষা দপ্তর মেমো নং $\frac{\text{693-Edn (S)}}{\text{4A-23, 82 ht}}$ dt. 16th July, '84-এ সহ-প্রধান / প্রধানার শিক্ষাগত যোগ্যতা পুনরায় নির্ণয় করেছেন : Trained Graduate with Hons. degree or with master's degree plus 3 years teaching experience in recognised secondary schools." কেউ কেউ এই অনার্স ডিগ্রীকে 'স্পেশ্যাল অনার্স ডিগ্রীও' বলে মনে করছেন। লক্ষ্য করার বিষয় এই যে, রেগুলার অনার্সকেই 'অনার্স' বলা হয় আর 'স্পেশ্যাল অনার্সকে' অনার্স বলে সার্টিফিকেটে লেখা থাকে না। শিক্ষা দপ্তরকে এর ব্যাখ্যা করে বিষয়টা পরিষ্কার করে বলার জন্য অনুরোধ করা উচিত। সরকারের পরবর্তী সার্কুলারে সরাসরি সহ-প্রধানের নিয়োগের প্রশ্নটি বাতিল করা হয়েছে।

প্রঃ 3. হাই স্কুল ও হাই মাদ্রাসার শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা কিরূপ হবে ?

উঃ যে সব অনুমোদনপ্রাপ্ত শিক্ষক / শিক্ষিকা কর্মরত, তাঁদের কথা বাদ দিয়ে নূতন শিক্ষক / শিক্ষিকাকে সাহায্যপ্রাপ্ত সেকেণ্ডারী স্কুল বা মাদ্রাসায় নিতে হলে প্রথমে দেখতে হবে, কোন্ গ্রুপে পদ খালি আছে অথবা কোন্ গ্রুপের জন্য শিক্ষক নিয়োগের অনুমতি দেওয়া হয়েছে। জেলা স্কুল পরিদর্শকের প্রাপ্ত অনুমতিপত্রে শিক্ষক / শিক্ষিকার শিক্ষাগত যোগ্যতার কথা লেখা থাকবে।

অর্থাৎ ম্যানেজিং কমিটির খুশীমত কোন শিক্ষক নেওয়ার প্রশ্ন ওঠে না। তবে হাইস্কুলে শিক্ষক/শিক্ষিকার যোগ্যতার সব নিম্নমান হচ্ছে গ্রাজুয়েট হওয়া।*

রাজ্য সরকারের সর্বশেষ সার্কুলারে জানান হয়েছে, স্কুল সাবজেক্ট গ্রুপের ভিত্তিতে শিক্ষক নিতে হলে ডিগ্রী স্তরে তাঁর ঐ সাবজেক্ট অবশ্যই থাকতে হবে। ক্লাশিক্যাল সাবজেক্ট সংস্কৃতে ৩য় ভাষার জন্য শিক্ষক নিতে হলে আগেকার ম্যাট-কাব্যতীর্থ / ব্যাকরণতীর্থ এখন আর চলবে না। অর্থাৎ তাঁকে শুধু সংস্কৃতের শিক্ষক হলে চলবে না। নিম্নতম যোগ্যতা থাকা চাই,—সংস্কৃতসহ বি.এ. পাশ। মাদ্রাসার ক্ষেত্রে অবশ্য এফ. এস. ও এম. এম পাশ শিক্ষক নেওয়ার ব্যবস্থা আছে। হাইস্কুলে আরবি / ফার্সি পড়াবার শিক্ষক নিতে হলেও ডিগ্রীসহ এম. এম., এফ. এস. (Vide circular No. 685—GA dt. 5th July, 1980 of Ed. Directorate)

ওয়ার্ক এডুকেশনে শিক্ষক নিতে হলে ডিগ্রীসহ ওয়ার্ক এডুকেশনে কোন স্বীকৃত ডিগ্রী বা ডিপ্লোমা। (Vide Notification of the Board dt. 29.9.83) ও No $\frac{69\text{—Edn.(S)}}{6\text{C—}2/84}$ dt. 1st Feb, 1984.

প্রঃ 4. সহকারী শিক্ষক/শিক্ষিকার পদে প্রথম যোগদানের বয়স কিরূপ ?

উঃ শিক্ষা দপ্তরের (মাধ্যমিক শাখা) No. 454-Edn (S) dt. 25th April, 1983 এ পূর্ববর্তী সার্কুলার সংশোধন করে মাধ্যমিক স্কুলে প্রথম চাকরির বয়স ৪০ বছরের পরিবর্তে ৩৫ বছর করা হয়েছে। কেবলমাত্র অভিজ্ঞ ও উচ্চ যোগ্যতাসম্পন্ন প্রার্থী ও SC/ST, অক্ষম, Ex-Defence, বিকল ব্যক্তিদের ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রঃ 5. প্রধান / প্রধানার চাকরির প্রথম বয়ঃসীমা কিরূপ ?

উঃ পূর্ববর্তী সার্কুলারে ৫৫ বছর স্থির করা হয়েছিল। কিন্তু শিক্ষাদপ্তরের No. 454-Edn.(S) dt. 25th April, 1983 সার্কুলারে বয়ঃপ্রাপ্তির (Suprannuation) পূর্ব পর্যন্ত যে কোন স্কুলে নিয়োগে বাধা নেই। তবে যোগ্যতা ও অভিজ্ঞতা পূর্বের মত থাকা চাই।

প্রঃ 6. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অর্থাৎ সহ-শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন 'stage' কথাটির মানে কি ?

উঃ মাধ্যমিক স্কুলে কোন সহকারী শিক্ষকের পদ খালি হলে অথবা শিক্ষাদপ্তর কর্তৃক কোন নূতন পদ মঞ্জুর করলে কাদের প্রথম এবং পর পর সুযোগ দেওয়া হবে, তার একটি নির্দেশনামা দেওয়া হয়েছে। (Vide office memo

* ভাষা গ্রুপে শিক্ষক নিতে হলে ডিগ্রী স্তরে উক্ত ভাষা অবশ্যই থাকা চাই। Vide circular No. $\frac{401\text{—Edn.(S)}}{4\text{A}+4/84}$ dt. 10th April, 1984

1066(16) GA dt. 16.6.81 এবং 1464(16) GA dt. 14.8.81) প্রথম স্তরে স্কুল ম্যানেজিং কমিটিকে D.I. of School (SE) এর কাছে প্রার্থী চাইতে হবে—(a) approved surplus (অতিরিক্ত) স্টাফ, (b) পরবর্তী স্তরে কোন শিক্ষক/শিক্ষিকা কর্মরত অবস্থায় মারা যাওয়ার পর তাঁর ওয়ারিশদের মধ্য থেকে, (c) তা পাওয়া না গেলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে, (d) সেখান থেকেও পাওয়া না গেলে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে। সাধারণতঃ ডি. আই. অফিস থেকে অনুমতি পাওয়ার সময় কোন্ স্তরে (stage) শিক্ষক/শিক্ষিকা নেওয়া হবে, তা লিখে দেওয়া থাকবে।

প্রঃ 7. কোন শিক্ষক/শিক্ষিকার "dying in harness" কথাটির মানে কি ?

উঃ মাধ্যমিক স্কুলের কোন অনুমোদনপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা কর্মরত অবস্থায় মারা গেলে তাঁর নিকটতম ওয়ারিশ—স্ত্রী/স্বামী, পুত্র/কন্যা (অবিবাহিত ও বেকার) সংশ্লিষ্ট জেলা স্কুল পরিদর্শক (মাঃ) মহাশয়ের কাছে আবেদন করলে জেলা পরিদর্শক তার একটা ব্যবস্থা করতে পারেন। তবে সে সুযোগ জেলার যে সব স্কুলে শূন্য পদ আছে, সেখানে হতে পারে।

প্রঃ 8. শিক্ষক/শিক্ষিকা কখন প্রোভিডেণ্ট ফাণ্ডের সুযোগ পাবেন ?

উঃ সাধারণতঃ স্থায়ী পদে নিযুক্ত শিক্ষকের প্রথম চাকরিতে যোগদানের পর তাঁকে দু'বছরের জন্য উক্ত পদে অবেক্ষাধীন (probation) থাকতে হয়। উক্ত সময় পার হলে শিক্ষক/শিক্ষিকাকে উক্ত পদে স্থায়ী করবার জন্য ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত নেন। তখন তাঁকে প্রোভিডেণ্ট ফাণ্ডে যোগদানের সুযোগ দেওয়া হয়। মাসে-মাসে তাঁর মূল বেতনের $6\frac{1}{4}\%$ অংশ ও নিয়োগ কর্তার অর্থাৎ স্কুল থেকেও অনুরূপ অংশ প্রোভিডেণ্ট ফাণ্ডে জমা পড়বে।

কোন এডেড স্কুলে স্থায়ীপদে নিযুক্ত শিক্ষক অন্য কোন সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলে যোগ দিলে তাঁকে যোগদানের দিন থেকে অথবা একবছর পরে উক্ত পদে স্থায়ী করলে তিনি নিয়মিত প্রোভিডেণ্ট ফাণ্ডের সুযোগ পেতে পারেন। এটা অনেকটা নির্ভর করে স্কুল ম্যানেজিং কমিটির সদিচ্ছার ওপর।

প্রঃ 9. স্কুলে নিয়োগ-পত্র দেবেন কে ?

উঃ জেলা স্কুল পরিদর্শক থেকে শিক্ষক/শিক্ষিকার প্যানেল অনুমোদন লাভের প্যানেলের প্রথম ব্যক্তিকে প্রথমে নিয়োগ-পত্র দেওয়া ; তিনি যোগ না দিলে দ্বিতীয় ব্যক্তিকে ; তাঁকে পাওয়া না গেলে তৃতীয় ব্যক্তিকে নিয়োগ-পত্র দেওয়া হয়। এঁদের তিনজনের কাকেও পাওয়া না গেলে এক বছরের মধ্যে পরবর্তী প্রার্থীদের মধ্যে ক্রম অনুসারে নিয়োগ করার জন্য জেলা পরিদর্শকের কাছে আবেদন করতে হবে।

প্যানেল থেকে ক্রম অনুসারে অনুমোদন দেওয়ার জন্য স্কুল ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত নিলেই সেক্রেটারী নিয়োগ-পত্র পাঠাতে পারেন। নিয়োগ

পত্রে অবেক্ষাধীন কালের কথা উল্লেখ করতে হবে। ম্যানেজিং কমিটি অবেক্ষাধীন সময়ে কোন শিক্ষক/শিক্ষিকার কাজকর্মে সন্তুষ্ট না হলে এক মাসের নোটিশে তাঁকে বিদায় দিতে পারেন। এরজন্য কারও কাছে কৈফিয়ৎ দিতে হবে না। প্রধান/প্রধানার রিপোর্টের ভিত্তিতে ম্যানেজিং কমিটি সিদ্ধান্ত নিতে পারেন। দুবছর পার হয়ে গেলে কমিটি যদি কোন সিদ্ধান্ত না নেন বা না নিয়ে থাকেন, তাহলে উক্ত শিক্ষক আইন অনুযায়ী স্থায়ী বলে গণ্য হবেন।

প্রঃ 10. কোন শিক্ষক পূর্ব-চাকরি ছেড়ে দিয়ে অন্য স্কুলে যোগদান করতে গেলে করণীয় কি ?

উঃ কর্মরত অবস্থায় কোন শিক্ষক অন্য স্কুলে যেতে আগ্রহী হলে তাঁকে স্কুল থেকে No objection সার্টিফিকেট নিতে হবে। উক্ত শিক্ষক নূতন স্কুলে নিয়োগ-পত্র পেলে তাঁকে তিন মাসের (স্থায়ী পদে) নোটিশ দিয়ে এবং অস্থায়ী পদে একমাসের নোটিশ দিয়ে পদত্যাগ করতে হবে। অবশ্য উভয় পক্ষ রাজী থাকলে স্বল্প সময়ের নোটীশেও পদত্যাগ পত্র গৃহীত হতে পারে। পদত্যাগ পত্র গৃহীত হলে উক্ত শিক্ষককে Release দিতে হবে। উক্ত Release letter-এ প্রধান শিক্ষক ও সম্পাদকের সই-স্বাক্ষর থাকবে এবং D. I. of Schools (SE)-এর প্রতি-স্বাক্ষর বা counter-signature থাকা চাই। চলে যাওয়ার সময় সার্ভিস বুক নিয়ে যাবেন।

প্রঃ 11. হাই স্কুল/হায়ার সেকেণ্ডারী স্কুলে লাইব্রেরীয়ান নিয়োগের নিয়ম কিরূপ ?

উঃ জুনিয়ার হাই/হাই স্কুলে সাধারণতঃ লাইব্রেরীয়ান নিয়োগের অনুমতি নেই। বর্তমানে কেবল হায়ার সেকেণ্ডারী স্কুলের জন্য লাইব্রেরীয়ান নিয়োগের অনুমোদন দেওয়া হচ্ছে।

শিক্ষা দপ্তরের সার্কুলার No 72-Edn. (H.S.) dt. 9th August, 1983 অনুযায়ী বর্তমানে তিন শ্রেণীর লাইব্রেরীয়ানকে হায়ার সেকেণ্ডারী স্কুলে নিযুক্ত করার বিধান আছে—

1. মাস্টার ডিগ্রী সহ লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা ;
2. বি.এ./বি. এস-সি/ বি. কম সহ ডিপ. লিব ;
3. ম্যাট বা সমতুল পরীক্ষাসহ লাইব্রেরী সায়েন্সে সার্টিফিকেট ;

অশিক্ষক কর্মচারী হিসেবে উক্ত পদে স্থায়ী করবার জন্য দুবছরের প্রয়োজন নেই। ম্যানেজিং কমিটি ইচ্ছা করলে তার আগেই স্থায়ী করতে পারেন এবং প্রোভিডেন্ট ফাণ্ডের সুযোগ দিতে পারেন।

প্রঃ 12. অতিরিক্ত পদে (Additional post) নিযুক্ত শিক্ষক/শিক্ষিকার সম্বন্ধে বিধি-বাঁধন কিছু আছে কি ?

উঃ প্রথমে কি হাইস্কুলে, কি উচ্চ মাধ্যমিক স্কুলে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধির ভিত্তিতে

অতিরিক্ত শিক্ষক নিয়োগের বিধান দেওয়া হয়েছিল এবং তাঁদের শিক্ষাগত যোগ্যতা ও স্থায়ী করবার ব্যাপারে কিছুটা নিষেধাজ্ঞা ছিল। কিন্তু শিক্ষা দপ্তরের (D.S.E.) মেমো নং 1267(16)·Sc/G dt. 7th June, 1984 এ শিক্ষক নিয়োগের No 1464(16) GA dt. 28.8.61 অনুসরণীয়।

নিয়ম-শৃঙ্খলা ও বিধি-বিধান

(Discipline and Disciplinary Action)

প্রঃ 1. বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী ও শিক্ষক/শিক্ষিকা কখন স্কুলে আসবেন ?

উঃ ক্লাশ আরম্ভ হওয়ার অন্ততঃ ১৫ মিনিট আগে অর্থাৎ ১১টায় স্কুল আরম্ভ হলে ১০-৪৫ মিনিটে বা তৎপূর্বে স্কুলে আসা উচিত। কারণ স্কুলের এসেম্বলী ১৫ মিনিট আগে শুরু হয়। ঐ সময়ে ছাত্র/ছাত্রী এবং শিক্ষক/শিক্ষিকাদের এসেম্বলী বা প্রার্থনার সময় উপস্থিত থাকতে হয়। অ্যাপয়েন্টেড (appointed hour) সময় বলতে ক্লাশ আরম্ভ হওয়ার ১৫ মিনিট আগের সময়কে বোঝায় (Vide Circular No. $\frac{7211/G}{005\text{-}242/112}$ dt. 21.7.82 of W. B. B. S. Edn.)

প্রঃ 2. শিক্ষক ও অশিক্ষক কর্মচারী কখন স্কুলে আসলে Late attendance-এর আওতায় পড়বেন ?

উঃ Appointed hour-এর মধ্যে স্কুলে আসতে না পারলেই সাধারণতঃ late attendance বলে গণ্য হওয়ার কথা। তবে পর্ষদ বিষয়টা ম্যানেজিং কমিটির ওপর ছেড়ে দিয়েছেন। ছাত্র-শিক্ষক ও ম্যানেজমেণ্টের কথা বিবেচনা করে তাঁরা যা সিদ্ধান্ত নেবেন, তাই গ্রাহ্য। পর্ষদের সার্কুলার No S/560 dt. 26.9.1981 এর 1(i) এ প্রধানসহ সমস্ত শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের Appointed hour-এ স্কুলে আসতে নির্দেশ দেওয়া হয়েছে।

প্রঃ 3. রুটীন-মাফিক ক্লাশ নেওয়া হলে শিক্ষক/শিক্ষিকা বাড়ী চলে যেতে পারেন কি ?

উঃ পর্ষদের 26.9.1981-এর সার্কুলারে স্কুল ছুটি না হওয়া পর্যন্ত সকলকে স্কুলে থাকতে নির্দেশ দিয়েছেন। তবে ক্লাশ না থাকলে প্রধান/প্রধানার অনুমতি নিয়ে চলে যাওয়া যায়, তবে এটা নিয়মিত হতে পারে না এবং হওয়া উচিতও নয়।

প্রঃ 4. শিক্ষক/শিক্ষিকা কি অনুপস্থিত শিক্ষকদের ক্লাশ নিতে বাধ্য ?

উঃ মধ্যশিক্ষা পর্ষদের সার্কুলার No. S/560 dt. 26.9.1981 তে 1(iii) এ পরিষ্কার করে বলা আছে, "...No teacher should refuse to take the class of an absentee colleague if allotted, whenever necessary by the Head of the Institution." পর্ষদের এরূপ

নির্দেশ থাকা সত্ত্বেও পরবর্তী সার্কুলারে এক অনুসন্ধানী প্রশ্নের উত্তরে জানান হচ্ছে : শিক্ষকের সপ্তাহে ৩৬ পিরিয়ড কাজের মধ্যে, ২৫ পিরিয়ড ক্লাশ রুমের কাজ ও ১১ পিরিয়ড টিউটোরিয়েল ক্লাশ। এর থেকে বোঝা যায় পর্ষদ এ ব্যাপারে বিদ্যালয় প্রধান/প্রধানাকে কোন বলিষ্ঠ সিদ্ধান্ত দিতে পারেন নি।

এক্ষেত্রে দেখা যায়, শিক্ষকদের জন্য ১১ পিরিয়ডের টিউটোরিয়েল ওয়ার্ক কোন স্কুলে কদাচিৎ হয়ে থাকে। অতএব উক্ত পিরিয়ডে শিক্ষকদের extra-class দেওয়া যেতে পারে।

প্রঃ 5. প্রধান/প্রধানা কি শিক্ষক/অশিক্ষক কর্মচারীদের কাছে কোন কাজের জন্য কৈফিয়ৎ চাইতে পারেন ?

উঃ প্রধান/প্রধানাকে ম্যানেজমেণ্ট রুলে Head of the Teaching & non-teaching staff বলা হয়েছে। অতএব বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের কাজ-কর্মের তদারকির অধিকার প্রধান/প্রধানার ওপর ন্যস্ত। অতএব প্রধান/প্রধানার পক্ষে সঙ্গতভাবেই তাঁদের কাছ থেকে কৈফিয়ৎ চাওয়ার অধিকার আছে। তবে কোনপ্রকার শাস্তিমূলক ব্যবস্থার দরকার হলে স্কুল ম্যানেজিং কমিটির অনুমোদন দরকার।

প্রঃ 6. বিদ্যালয় প্রধান/প্রধানাসহ স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের বিরুদ্ধে সেক্রেটারী কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেন কি ?

উঃ একমাত্র স্কুল ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুসারে সেক্রেটারী ম্যানেজিং কমিটির পক্ষে (on behalf of the Managing Committee) যে কোন আইনগত কার্যকরী পন্থা গ্রহণ করতে পারেন।

প্রঃ 7. বিদ্যালয়ের শিক্ষকেরা কি ছাত্রদের দৈহিক শাস্তি দিতে পারেন ?

উঃ দৈহিক শাস্তি দেওয়ার অধিকার বিদ্যালয়ের একমাত্র প্রধান/প্রধানারই রয়েছে। তবে দৈহিক নির্যাতন, ক্ষত ও রক্তপাত নিষিদ্ধ।

প্রঃ 8. কোন অপরাধের জন্য বিদ্যালয় প্রধান/প্রধানা কি ছাত্র/ছাত্রীকে বিদ্যালয় থেকে বহিষ্কৃত করতে পারেন ?

উঃ প্রধান/প্রধানা ছাত্র/ছাত্রীদের গর্হিত কাজ-কর্মের জন্য স্কুল ম্যানেজিং কমিটির কাছে বহিষ্কার সুপারিশ করতে পারেন। ম্যানেজিং কমিটি বহিষ্কার সুপারিশ কার্যকরী করবার আগে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী ও তার অভিভাবককে আত্মপক্ষ সমর্থন করবার পুরোপুরি সুযোগ দেবেন। ম্যানেজিং কমিটি বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করলে তা অনুমোদনের জন্য ডি. আই. অব স্কুলস্ (মাঃ)-এর কাছে অনুমোদনের জন্য পাঠাতে হবে। চূড়ান্ত সিদ্ধান্ত সাপেক্ষে ছাত্র/ছাত্রীকে সাসপেণ্ড অবস্থায় রাখা যায়। তাও খুব বেশী দিনের জন্য নয়।

প্রঃ 9. স্টাফ-কাউন্সিল ও অ্যাকাডেমিক কাউন্সিলে শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের কি কি অধিকার দেওয়া হয়েছে ?

উঃ স্টাফ-কাউন্সিলের সদস্য বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী সকলেই। পদাধিকার বলে প্রধান/প্রধানা প্রেসিডেন্ট বা সভাপতি। ভাইস-প্রেসিডেন্টের কোন পদ নেই। নির্বাচিত ও গঠিত বা পুনর্গঠিত স্টাফ-কাউন্সিলে স্কুল ম্যানেজিং কমিটি অথবা স্কুল অ্যাডমিনিস্ট্রেটরের অনুমোদন থাকা চাই। স্টাফ-কাউন্সিলের সম্পাদক শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের দ্বারা নির্বাচিত হবেন। সম্পাদক প্রেসিডেন্টের সঙ্গে আলোচনা করে সভার আলোচনা বিষয় স্থির করবেন। স্টাফ-কাউন্সিল স্কুলের বিভিন্ন সমস্যা নিয়ে কেবল আলোচনা করতে পারেন এবং ম্যানেজিং কমিটির কাছে সুরাহার জন্য সুপারিশ করতে পারেন। মনে রাখতে হবে, এই কাউন্সিল ইউনিয়ন বা ফোরাম জাতীয় প্রতিষ্ঠান নয়। প্রধানের কাজ-কর্মের সমালোচনা অথবা স্কুল ম্যানেজিং কমিটির কাজকর্মের কৈফিয়ৎ চাওয়া প্রভৃতি বিধি-বহির্ভূত।

প্রঃ 10. অ্যাকাডেমিক কাউন্সিলের কাজ-কর্মের পরিধি কি ও কতটুকু ?

উঃ অ্যাকাডেমিক কাউন্সিল কার্যতঃ প্রধান/প্রধানার জন্য একটি পরামর্শ দপ্তর। পূর্বে কলকাতা বিশ্ববিদ্যালয় ও পরবর্তীকালে মধ্যশিক্ষা পর্ষদ প্রধান/প্রধানাকে বিদ্যালয়ের অ্যাকাডেমিক ব্যাপারে সর্বে-সর্বা মনে করতেন। ১৯৬৯ সালে তৎকালীন শিক্ষামন্ত্রী প্রয়াত সত্যপ্রিয় রায়ের নেতৃত্বে মধ্যশিক্ষা পর্ষদ আইনের সংশোধন হয় এবং ঐ সময় অ্যাকাডেমিক কাউন্সিলের পত্তন হয়। স্কুলের অ্যাকাডেমিক সমস্যা সংক্রান্ত বিষয় কাউন্সিলের সভায় আলোচিত হতে পারে এবং প্রধান/প্রধানাকে কাউন্সিলের উপদেশ অর্থাৎ সিদ্ধান্ত অনুসারে চলতে হবে। এখানে প্রধান/প্রধানার ক্ষমতাকে খর্ব করা হয়েছে। এবং প্রধান/প্রধানার সঙ্গে কাউন্সিলের মতভেদ হলে ম্যানেজিং কমিটিকেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার অধিকার দেওয়া হয়েছে। যে স্কুলে প্রধান/প্রধানার সঙ্গে শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে সমঝোতার অভাব, সেখানে বিদ্যালয়ের অ্যাকাডেমিক সমস্যা গুরুতর হতে বাধ্য।

ছুটির নিয়মাবলী

প্রঃ 1. "No leave can be claimed as a matter of right" ? এই কথাটির অর্থ কি ? ছুটি মঞ্জুর করবার কর্তৃপক্ষ কি ছুটি নাও দিতে পারেন ?

উঃ যেখানে শিক্ষক/শিক্ষিকার ছুটি দাবী করবার অধিকার স্বীকৃত নয়, সেক্ষেত্রে তাঁদের ছুটির জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হবে। তবে শিক্ষক/শিক্ষিকাদের অধিকার খোলাখুলিভাবে স্বীকৃত না হলেও কার্যকারিতার দিক থেকে কোন বাধা নেই। বরং বাস্তব অভিজ্ঞতায় দেখা যাচ্ছে, শিক্ষকেরা

অধিকারের ভিত্তিতে ছুটি পেয়ে থাকেন। আমার মনে হয়, শিক্ষকদের ছুটি-ছাটা নেওয়ার ফলে যাতে স্কুলে 'dead lock condition' ঘটতে না পারে, তজ্জন্যই এই ব্যবস্থা। ইচ্ছা করলে অর্থাৎ স্কুল ম্যানেজিং কমিটি সন্তুষ্ট না হলে ছুটি-ছাটা নাও দিতে পারেন। সেক্ষেত্রে শিক্ষক/অশিক্ষক কর্মচারীকে বিনা বেতনে ছুটি নিতে হতে পারে। কর্তৃপক্ষ কিছুতেই with pay/without pay ছুটি মঞ্জুর না করলে, সংশ্লিষ্ট ব্যক্তির break of service হয়ে যেতে পারে। এইরূপ অবস্থায় ক্ষুব্ধ ব্যক্তি পর্ষদ অথবা জেলা স্কুল পরিদর্শকের কাছে প্রতিকারের জন্য আবেদন করতে পারেন।

প্রঃ 2. কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী স্বপদে স্থায়ী হওয়ার আগে মেডিক্যাল লীভ পেতে পারেন কি?

উঃ মেডিক্যাল লীভ দাবী/প্রার্থনা করবার আগে তাঁকে ছুটি অর্জন করতে হবে, অর্থাৎ তাঁর অন্ততঃ একবছরের চাকরি হওয়া চাই। প্রথম বছরে তিনি কোন প্রকারের মেডিক্যাল লীভ পাবেন না। অ্যাডভান্স লীভ দেওয়ার কোন ব্যবস্থা নেই। টেম্পোরারী বা অস্থায়ী কর্মচারীকে মেডিক্যাল লীভ মঞ্জুর করবার কোন বিধি-বিধান নেই।

প্রঃ 3. 'অ্যাডভান্স ক্যাজুয়েল লীভ' পাওয়া যেতে পারে কি?

উঃ ক্যাজুয়েল বা নৈমিত্তিক ছুটির বেলায়ও ছুটি চাওয়ার আগে ছুটি অর্জন করতে হয়। ক্যাজুয়েল লীভ একটি শিক্ষাবর্ষে (জানুয়ারী থেকে ডিসেম্বর) ১৪ দিন মাত্র। ক্যাজুয়েল লীভ না নিলে পরবর্তী বছরে তা নষ্ট হয়ে যায়। যদিও আইনতঃ ক্যাজুয়েল অ্যাডভান্স লীভের ব্যবস্থা নেই, কার্যতঃ দেখা যায় 'subject to adjustment of leave' শিক্ষকেরা ছুটি পেয়ে থাকেন। ব্যাপারটা প্রধান/প্রধানার মনোভাবের ওপর নির্ভর করে।

প্রঃ 4. "প্রত্যেক শিক্ষক ও অশিক্ষক কর্মচারী বছরে ১৫ দিন মেডিক্যাল লীভ পেতে পারেন" একথা দ্বারা কি সংশ্লিষ্ট ব্যক্তি ৩৩/৪০ বছরের চাকরিতে ৩৩/৪০ × ১৫ দিন মেডিক্যাল লীভ ভোগ করতে পারবেন?

উঃ পঃ বঃ সরকারের শিক্ষা দপ্তরের নোটিফিকেশন No. $\frac{\text{1541-Edn. (S)}}{\text{21-2/77}}$ dt. 15th Dec., '77 অনুযায়ী 4নং রুলে বলা আছে: মেডিক্যাল কারণে বিদ্যালয়ের সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষাকর্মীকে প্রতি বছর কাজের জন্য (for each complete year of service) ১৫ দিন মেডিকেল লীভ দেওয়া যেতে পারে কিন্তু মোট ছুটির দিন (M.L.) পুরো সার্ভিস পিরিয়ডে ৩৬৫ দিনের বেশী হবে না। অর্থাৎ কোন ব্যক্তি সারা চাকরি-জীবনে (৩৩ বছর) এক বছরের বেশী ছুটি পাবেন না।

পরবর্তী সময়ে মধ্যশিক্ষা পর্ষদের সেক্রেটারী ধুলিয়াপুর পল্লীশ্রী বাণী মন্দির,

পোঃ ধুলিয়াপুর, জেঃ মেদিনীপুর-এর প্রধান শিক্ষকের নিকট ব্যাখ্যা প্রসঙ্গে জানিয়েছেন : Vide 9327/G dt. 8. 11. '83—"Q. Whether the staff of the school, who has already enjoyed Medical leave for 365 days, will be eligible to have further medical leave during the period of his/her service ? Reply : No."

প্রশ্ন থেকে যায়, যদি মেডিক্যাল লীভ না পান, তাহলে অসুস্থ হলে কোন্ রকমের ছুটি পাবেন ? আর যদি M.L. without payতেও পাওয়া না যায়, তাহলে break of service বলে গণ্য হবে না তো ? পেনশন গণনার সময়, এই প্রশ্নের কি উত্তর দেওয়া যাবে ?]

প্রঃ 5. মা-বাবা, স্বামী মারা গেলে শিক্ষক/শিক্ষিকা কোন্ ধরনের ছুটির জন্য আবেদন জানাবেন ?

উঃ লীভ রুলে যে আট প্রকার ছুটির কথা বলা হয়েছে, তার কোনটার মধ্যেই উক্ত ছুটি গণ্য করা যেতে পারে না। [হিন্দুদের মধ্যে অশৌচ অবস্থায় সংশ্লিষ্ট ব্যক্তি শারীরিক ও মানসিক দিক থেকে অস্বাভাবিক অবস্থায় থাকেন এবং তাঁর পক্ষে স্কুলের কাজকর্মে মন দেওয়া একান্ত অসম্ভব। কাজেই Extra-ordinary leave অথবা special leave বা exceptional circumstance-এর কোনটার সুযোগ না পেয়ে তাঁকে মেডিক্যাল চাইতে হয় এবং মিথ্যা কারণ দেখিয়ে M.L. এর জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন জানাতে হয়। এজন্য শিক্ষকেরা বিবেকযন্ত্রণা বোধ করেন। সরকার বা পর্ষদ এই প্রশ্নটি ভেবে দেখবেন কি ?]

প্রঃ 6. মাতৃত্ব ছুটি বা Maternity Leave একজন শিক্ষিকাকে কতদিন দেওয়া যেতে পারে ?

উঃ স্থায়ীপদে কর্মরতা শিক্ষিকাকে মাতৃত্ব ছুটি নেওয়ার দিন থেকে বাড়িয়ে (ছুটি extend করে) তিনমাস পর্যন্ত পুরো বেতনে ছুটি দেওয়া যেতে পারে অথবা বাচ্চা হওয়ার পর থেকে ছয় সপ্তাহ পর্যন্ত, যেটাই আগে হউক না কেন।

অস্থায়ী শিক্ষিকা অথবা অশিক্ষক কর্মচারীকেও পুরো বেতনে বাচ্চা হওয়ার আগে চার সপ্তাহ এবং পরে চার সপ্তাহ মাতৃত্ব ছুটি দেওয়া যেতে পারে। এই ক্ষেত্রে তাঁর পক্ষে অন্ততঃ নয় মাসের চাকরি হওয়া চাই।

মেটারনিটি লীভের সাথে কেবলমাত্র ক্যাজুয়েল লীভ ও পরিপূরক ছুটি (compensatory leave) ছাড়া অন্য যে কোন ছুটি দেওয়া যেতে পারে।

প্রঃ 7. শিক্ষক বা অশিক্ষক কর্মচারী 'চাকরির মেয়াদবৃদ্ধি' স্তরে (Extension of service) কি কি ছুটি পাবেন ?

উঃ মধ্যশিক্ষা পর্ষদের সার্কুলার নং S/342 dt 24.4.79 অনুযায়ী সাধারণ শিক্ষক/শিক্ষাকর্মীর মত সমস্ত রকমের সুযোগ-সুবিধাই পাবেন। Entire

service period-এ ৩৬৫ দিন মেডিক্যাল লীভ ও অন্যান্য ছুটি-ছাটার সুযোগ পাবেন। ১৯৭৭ সালের নূতন ছুটির নিয়ম ঘোষিত হওয়ায় পূর্ববর্তী leave rules বাতিল বা obsolate হিসেবে গণ্য।

কাজের দিন ও ছুটির দিন
(Working Days & Holidays)

প্রঃ 1. সেকেণ্ডারী স্কুলে কাজের দিন ও ছুটির দিনের সংখ্যা কত ?

উঃ ১৯৬৭ সালের ২২শে আগষ্ট, পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদের সার্কুলার নং 13/67 অনুযায়ী মাধ্যমিক স্কুলের ছুটির দিনের সংখ্যা ৮৭ দিনের মধ্যে রাখতে হবে। দুটি বড় ছুটি বা ভেকেশন এবং অন্যান্য পর্ব নিয়ে ঘোষিত ছুটির সংখ্যা উক্ত সংখ্যার মধ্যে রাখাই শ্রেয়। তবে রবিবার (Sunday) ছুটির মধ্যে অন্তর্ভুক্ত হবে না।

প্রঃ 2. কাজের দিনের সংখ্যা কত হওয়া উচিত ?

উঃ উপরে বর্ণিত সার্কুলার অনুযায়ী কাজের দিনের সংখ্যা বছরে ২০০ দিনের যেন কম না হয়। গড়ে দিনে ৫ ঘণ্টা পড়াশোনার কাজ হতে পারে, ধরে নিলে বছরে ১০০০ ঘণ্টা কাজ হতে পারে।

বস্তুতঃ কার্যক্ষেত্রে তা হয় না। নানাভাবে বিভিন্ন স্কুলের খোঁজ-খবর নিয়ে দেখা গেছে বছরে ১৪০ দিনের বেশী কাজ হয় না। তাও পুরা কাজ নয়। নাম ডেকে ছুটি, অর্ধ ছুটি, শিক্ষকের অনুপস্থিতির জন্য ছুটি, অতিরিক্ত বর্ষার জন্য ছুটি, জলের অভাবে ছুটি, ছাত্র ধর্মঘট, রাজনৈতিক ধর্মঘট, ছাত্র-শিক্ষক, নেতার মৃত্যুর জন্য ছুটি, স্থানীয় ধর্মঘট, বাস ধর্মঘট প্রভৃতির জন্য কত পড়াশোনার পিরিয়ড যে নষ্ট হচ্ছে, তার ইয়ত্তা নেই। এ ছাড়া স্কুলে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, এক্সটারনেল মাধ্যমিক পরীক্ষার জন্য প্রায় এক মাসের বেশী সময় নষ্ট হয়।

প্রঃ 3. স্কুলের বার্ষিক স্পোর্টস কি কাজের দিনে না করে পারা যায় না ?

উঃ পর্ষদ উৎসব-অনুষ্ঠান, যেমন পুরস্কার বিতরণী উৎসব, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা রবিবার/শনিবার বা ছুটির দিনে করতে নির্দেশ দিয়েছেন। কিন্তু বাস্তবে তা করা যায় না। কারণ ছুটির দিনে শিক্ষক/শিক্ষিকাদের উপস্থিতি আশা করা যায় না। এবং করলেও দু'চারজন উৎসাহী শিক্ষক ছাড়া অন্য বিশেষ কেউ উপস্থিত থাকেন না।

প্রঃ 4. সরকারী ছুটির তালিকায় যে সব ছুটির দিন ধার্য করা আছে, তার সবই কি স্কুলে দিতে হবে ?

উঃ স্কুলের ছুটির তালিকা স্বাধীনভাবে তৈরী করা চলে। তাতে ২।১ দিন বাদ গেলে বিশেষ কিছু আসে যায় না।

প্রঃ 5. ছুটির দিন ও কাজের দিনের ব্যাপারে পর্ষদের কোন সুনির্দিষ্ট প্রস্তাব আছে কি ?

উঃ এ ব্যাপারে মধ্যশিক্ষা পর্ষদের সার্কুলার নং $\frac{\text{1934-Edn.(S)}}{\text{36164/66}}$ dt. 28th Aug, 1967 একটি সুস্পষ্ট নির্দেশ পাওয়া যায়। তদনুযায়ী—

(ক) পঠন-পাঠন	১৮০ দিন
(খ) ষাণ্মাসিক ও বার্ষিক পরীক্ষা	২০ দিন
(ঘ) উৎসব-অনুষ্ঠান প্রভৃতি	৫ দিন
(গ) বার্ষিক পরীক্ষার জন্য ক্লাশ বন্ধ	১৩ দিন
মোট	২১৮ দিন

প্রঃ 6. রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার N. I. Act অনুসারে ছুটি ঘোষণা করলে স্কুলকেও কি ছুটি দিতে হবে ?

উঃ হাঁ। ঐ ছুটিগুলোকে স্পেশ্যাল ছুটি বলে গণ্য করতে হবে।

অ্যাডমিশন ও ট্রান্সফার

প্রঃ 1. হাইস্কুলের পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য যে সব প্রাইমারী স্কুলের পাস করা ছাত্র/ছাত্রী আবেদন করে, তাদের ভর্তি পরীক্ষার প্রয়োজন কি ?

উঃ প্রাইমারী স্কুল থেকে মূল্যায়ণ পদ্ধতিতে কোন ছাত্র/ছাত্রীকে পাস ফেল দেওয়া হয় না। কেবল তাদের মূল্যায়ণ ক, খ, গ ও ঘ শ্রেণীতে দেখান হয়ে থাকে। 'ক' হচ্ছে উত্তম ও 'ঘ' হচ্ছে অধম। এদেশের অধিকাংশ অশিক্ষিত ও অজ্ঞ অভিভাবকের কাছে পাশ-ফেলটাই আসল কথা। হাইস্কুলে এইসব অবস্থার ছেলেমেয়েরা যখন ভিড় করে, তখন তাদের বাছাই করে নেওয়া ছাড়া কোন উপায় থাকে না। শিক্ষা দপ্তরের সার্কুলার নং 4486(16)Sc (P) dt. 22nd/23rd Aug. 1974 জানান হয়েছে, মাধ্যমিক স্কুলে ভর্তির জন্য ভর্তি পরীক্ষা নেওয়া যেতে পারে।

বিভিন্ন সূত্রে বিভিন্ন স্কুলের ৫ম শ্রেণীতে ভর্তি পরীক্ষার যে ফলাফল পাওয়া যায়, তা মোটেই আশাপ্রদ নয়। শতকরা চল্লিশজন ছাত্র/ছাত্রীও সর্ববিষয়ে পাসের নম্বর রাখতে পারে না।

প্রঃ 2. নবম শ্রেণী ও দশম শ্রেণীতে ভর্তির নিয়ম-কানুন কিরূপ ?

উঃ ৫ম থেকে নবম শ্রেণী পর্যন্ত ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে বিনা ট্রান্সফার সার্টিফিকেটে 1st Admission Test দিয়ে উপযুক্ত বিবেচিত হলে ভর্তি করা যেতে পারে। দশম শ্রেণীতে স্বীকৃত বা অনুমোদিত হাই স্কুলের ট্রান্সফার সার্টিফিকেটের ভিত্তিতে ১৫ই ফেব্রুয়ারী তারিখের মধ্যে ভর্তি করা চলে। তবে ঐরূপ ভর্তির বিষয় ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে সংশ্লিষ্ট রিজিওন্যাল অফিসে

জানাতে হবে (Vide circular No. S/3 dt. 10th January, 1984 of W.B.B.S. Edn.)। বিশেষ অবস্থায় ১৫ই তারিখের পরেও বিবেচনা করা যেতে পারে।

প্রঃ 3. স্কুলে ভর্তির সময় যে বয়স দেওয়া হয়, তার কি কোন পরিবর্তন করা চলে ?

উঃ ভর্তির রুল অনুযায়ী ৫ম থেকে ৭ম শ্রেণী পর্যন্ত ছাত্র/ছাত্রীর বয়স নির্দিষ্ট ও প্রমাণযোগ্য দলিল-পত্রের ভিত্তিতে এক বছরের মধ্যে প্রধান/প্রধানা নিজ দায়িত্বে পরিবর্তন করতে পারেন। কিন্তু অষ্টম থেকে দশম শ্রেণীতে ভর্তির সময় একবার বয়স রেকর্ড করা হলে পর্ষদের অনুমতি ব্যতীত বয়সের কোন পরিবর্তন করা চলে না।

প্রঃ 4. ভর্তির ফরমে মাতা-পিতা ছাড়া অন্য কাকেও অভিভাবক দেখানো চলে কি ?

উঃ না। পিতাই অভিভাবক। বিবাহিতা বালিকার অভিভাবকও স্বামী নয়, পিতা। পিতার অবর্তমানে মাতা। মাতা-পিতার অবর্তমানে পিতামহ, ভাই, ভগ্নী, কাকা, মামা, তারপর যে আত্মীয়ের সঙ্গে বাস করে, সেই অভিভাবক। স্থানীয় অভিভাবক বলে এখন আর কেউ বিবেচ্য নন।

প্রঃ 5. বর্তমানে দশম শ্রেণীর স্কুলে নিম্নতম ও উর্ধ্বতম ছাত্র/ছাত্রীর সংখ্যা কত ভর্তি করা চলে ?

উঃ নিম্নতম ছাত্র/ছাত্রীর সংখ্যা ২০০ এবং উর্ধ্বতম ১০০০। হায়ার সেকেণ্ডারীতে XI ও XII শ্রেণী ২৭৫ হিসেবে ৫৫০ ছাত্র/ছাত্রী ভর্তি করা চলে।

প্রঃ 6. একই স্কুলে বার্ষিক পরীক্ষায় দু'বার ফেল করলে কোন ছাত্র/ছাত্রীকে একই ক্লাশে দু বছরের বেশী রাখা যায় কি ?

উঃ না, ট্রান্সফার সার্টিফিকেট দেওয়ার নিয়ম আছে। তবে সীট থাকলে প্রধান/ প্রধানার বিশেষ অনুমতিতে পড়তে পারে। (Ref. ম্যানেজমেণ্ট অধ্যায় দ্রষ্টব্য)।

প্রঃ 7. অননুমোদিত স্কুলের ট্রান্সফার সার্টিফিকেটের কোন মূল্য আছে কি ?

উঃ না।

প্রঃ 8. ডিসেম্বর মাসে ট্রান্সফারের জন্য দরখাস্ত করলে ছাত্র/ছাত্রীর থেকে পরবর্তী সেশনের জন্য কিছু আদায় করা চলে কি ?

উঃ না।

প্রঃ 9. প্রধান/প্রধানা ট্রান্সফার সার্টিফিকেট দেওয়ার সময় ট্রান্সফার অন্ প্রমোশন দিতে পারেন কি ?

উঃ প্রধান/প্রধানা যদি বিবেচনা করেন, প্রমোশন দিয়ে ট্রান্সফার তার পক্ষে হিতকর তিনি তা দিতে পারেন। তবে যে স্কুলে ছাত্র/ছাত্রী ভর্তি হবে, সেখানে প্রধান/প্রধানা তাকে যে ক্লাশের উপযুক্ত বিবেচনা করবেন, সেই ক্লাশেই ভর্তি করতে পারেন।

প্রঃ 10. মাধ্যমিক পরীক্ষার্থীদের থেকে পরবর্তী বছরের জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত মাসের ফিস ও সেসন চার্জ আদায় করা চলে কি ?

উঃ না। ডিসেম্বর মাসেই তাদের সেশন শেষ। কাজেই পরবর্তী মাসের জন্য কিছু আদায় করা চলবে না। জানুয়ারী থেকে উক্ত পরীক্ষার্থী ছাত্রও নয়, আর তার পিতা বা মাতা ম্যানেজিং কমিটির সভ্য হলেও আর সভ্য থাকবেন না। কোন ছাত্র টেষ্ট পরীক্ষায় sent up না হলে, তাকে পুনরায় জানুয়ারীতে ভর্তি হতে হবে। ডিসেম্বরেই সেশন শেষ।

ডেপুটেশন এবং ট্রেনিং

প্রঃ 1. কোন শিক্ষকের পক্ষে বি-টি,/বি. এড/ডিপ্, ইন্ ফিজিক্যাল এডুকেশন/ওয়ার্ক এডুকেশনে (পি. জি., বি. টি.) ডিগ্রী বা ডিপ্লোমা নিতে কি কি করা দরকার ?

উঃ প্রথমতঃ উক্ত শিক্ষককে হয় স্থায়ীপদে নিযুক্ত হতে হবে অথবা স্থায়ীপদে উন্নীত (confirmed) হতে হবে। জেলা স্কুল পরিদর্শকের কাছ থেকে নিয়োগ অনুমোদন থাকা চাই। স্কুল ম্যানেজিং কমিটি অথবা অ্যাডমিনিস্ট্রেটরের কাছে যথা সময়ে ডেপুটেশনের জন্য দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকার কমপক্ষে অন্ততঃ একবছরের শিক্ষাগত যোগ্যতা থাকা চাই।

ট্রেনিং কলেজে ভর্তি হওয়ার জন্য প্রথমেই দরখাস্তের সঙ্গে স্কুল কর্তৃপক্ষের কাছ থেকে no objection certificate নিতে হবে। ভর্তির সময় শিক্ষককে স্কুল ম্যানেজিং কমিটির প্রস্তাব (resolution) এবং ডি. আই অব্, স্কুল থেকে ডেপুটেশনের অনুমতি পাওয়া চাই। অনেক সময় ডি. আই. অব স্কুলস্ কলেজে ভর্তি হয়েছেন কিনা তার প্রমাণপত্র চেয়ে থাকেন। সুতরাং প্রয়োজন বোধে সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকাকে কলেজে ভর্তি অথবা ভর্তির স্বপক্ষে প্রমাণপত্র অথবা প্রিন্সিপ্যালের চিঠিপত্র দাখিল করার প্রয়োজন হতে পারে।

ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকাকে দশমাসের জন্য অথবা জুলাই থেকে ১৫ই মে পর্যন্ত ছুটি মঞ্জুর করার নির্দেশ আছে। ১৬ই তারিখে বা তৎপরবর্তী সময়ে বি. টি./বি. এড. পরীক্ষার জন্য যোগদান করতে অসমর্থ হলে স্কুল কর্তৃপক্ষকে দরখাস্ত সহকারে জানিয়ে রাখতে হবে। পরীক্ষার জন্য অনুপস্থিত সময়টুকু স্টাডি লীভ হিসেবে বিবেচিত হবে।

ডেপুটেশন পিরিয়ডে শিক্ষক/শিক্ষিকা বেতন ও অন্যান্য ভাতা যথারীতি পাবেন এবং এমন কি নিজের দেওয়া পি. এফ. জমা দিলে স্কুল কর্তৃপক্ষও অনুরূপ অংশ জমা দেবেন।

প্রঃ 2. কোন ট্রেণ্ড শিক্ষক একাধিকবার ভিন্ন ট্রেনিং নেওয়ার জন্য ডেপুটেশন পেতে পারেন কি ?

উঃ সাধারণতঃ না। তবে নিজের খরচে ট্রেনিং নিতে ইচ্ছুক থাকলে বেতনবাদে ছুটি মঞ্জুর করা যেতে পারে। অথবা কোন বিশেষ ধরনের ট্রেনিং নেওয়ার জন্য শিক্ষা দপ্তরের অনুমতি থাকলে ডেপুটেশন পাওয়া যেতে পারে।

প্রঃ 3. ভুবনেশ্বর রিজিওন্যাল কলেজ অব এডুকেশন থেকে করসপণ্ডেন্স কোর্সে যোগ দান করা কি রাজ্য সরকারের অনুমোদিত ?

উঃ হাঁ (Vide No. 955 (4) M dt. 12th Nove. 1977 of the D. I- of Schools, Cal.)।

প্রঃ 4. শারীর শিক্ষা, হোম সায়েন্সে, পি. জি. বি. টি.-তে ডিগ্রী বা ডিপ্লোমা কি প্রধান/প্রধানার পদের জন্য উপযুক্ত যোগ্যতা ?

উঃ না (Vide No. $\frac{\text{1817-Edn. (S)}}{\text{5 p-23/66 pt}}$ dt. 11.9.69, Govt. of W.B.)।

প্রঃ 5. বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে নয় মাসের ফিজিক্স, কেমিষ্ট্রি ও বোটানীতে ট্রেনিং কি এখনও উচ্চবেতন ক্রমের পক্ষে সহায়ক ?

উঃ না, তবে যাঁরা পূর্ববর্তী একাদশ শ্রেণীর স্কুলে কাজ করার জন্য উচ্চতর বেতন স্কেল পেয়েছিলেন, তাঁরা ১৯৮১ সালের পর থেকেও পাবেন। নূতন করে আর কাকেও দেওয়া হচ্ছে না।

প্রঃ 6. D. E. L. T. যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের কি এখনও দুটি অগ্রিম বেতন-বৃদ্ধির (increment) সুযোগ দেওয়া হচ্ছে ?

উঃ অতীতে দু'টি বেতন বৃদ্ধির সুযোগ পাওয়া গেছে। কিন্তু ১৯৮০ সালের জানুয়ারী মাস থেকে এই সুযোগ বন্ধ করা হয়েছে।

(Vide No. $\frac{\text{171-Edn. (B)}}{\text{1M 56/83}}$ dt. 15th May, 1984. Govt. of W. B.)

প্রঃ 7. ডেপুটেশনের পর পরীক্ষা পাস করলে বেতন বৃদ্ধির সুযোগ কবে থেকে পাওয়া যাবে ?

উঃ থিওরীক্যাল ও প্র্যাকটিক্যাল পরীক্ষা শেষ হওয়ার পরদিন থেকে প্রাপ্য। তবে তার পূর্বে অন্ততঃ দুবছরের শিক্ষাগত যোগ্যতা (ডেপুটেশন পিরিয়ড সহ) থাকা চাই। বি. টি,/বি. এড. পাস করা নূতন শিক্ষকের ক্ষেত্রে অন্ততঃ পক্ষে একবছরের অনুমোদিত চাকরি হলে তবেই প্রাপ্য।

শিক্ষাগত যোগ্যতা ও পে-স্কেল

প্রঃ 1. ১৯৮১ সালের রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের মেমো নং 372-Edn. (B) dt. (31. 7. 81) বেতন কাঠামো অনুযায়ী কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী উক্ত স্কেলের জন্য অপশন না দিলে তাঁর পে-স্কেল কীরূপ দাঁড়াবে?

উঃ তাঁর পক্ষে পরবর্তীকালে নতুন পে-স্কেলের সুযোগ নেওয়ার উপায় থাকবে না। ১৯৭৫ সালের পে স্কেল ও সরকারের সময়ানুগ মহার্ঘভাতাই প্রাপ্য। পেনশন-গ্রাচ্যুয়িটিও আগের মত। তবে তাঁর ৬০ বছরের চাকরির পর একবছর হিসেবে পাঁচ বছর পর্যন্ত চাকরির মেয়াদ বৃদ্ধির (extension of service)-এর সুযোগ পাবেন।

প্রঃ 2. রাজ্যসরকার পরবর্তী ঘোষণায় সকলের জন্য ৬৫ বছর চাকরির মেয়াদ ঘোষণা করায় পুরনো স্কেলে থাকা কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী নূতন পে-স্কেলে অপশন দেওয়ার সুযোগ ফিরে পাবেন কি?

উঃ রাজ্যসরকার কর্তৃক সকলের জন্য ৬৫ বছরের চাকরি, এই মর্মে কোন গভঃ অর্ডার এখনও সকলের নজরে আসেনি। এরূপ অর্ডার হলে সংশ্লিষ্ট শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকেও অনুরূপ সুযোগ দেওয়া সরকারের কর্তব্য বলে মনে করি।

প্রঃ 3. প্রধান/প্রধানার পদে মাস্টারস্ ডিগ্রী সহ বি. টি/বি-এড. এবং অনার্স বি. টি./বি. এড. কি একই স্কেলের বেতন পাবেন?

উঃ হাঁ; উভয়েই ১৭ নং স্কেলের বেতন পাবেন—৬৬০ থেকে ১৬০০ টাকা এবং প্রারম্ভিক স্কেল ৯৪০ টাকা ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা।

প্রঃ 4. নিম্নযোগ্যতাসম্পন্ন অথচ অনুমোদনপ্রাপ্ত প্রধান/প্রধানার পে-স্কেল কিরূপ হবে?

উঃ যোগ্যতা অনুযায়ী বেতন-স্কেল এবং ২০% কার্যকরী ভাতা, তবে তা একত্রে প্রধানের স্কেলের প্রারম্ভিক সীমা অতিক্রম করবে না। অর্থাৎ ৯৪০ টাকার বেশী হবে না।

[এখানে একটি প্রশ্ন উঠতে পারে, কোন নিম্নযোগ্যতাসম্পন্ন প্রধান/প্রধানা নিজস্ব পে-স্কেলে ৯৪০ টাকায় পৌছানোর পর কি তাঁর ইন্‌ক্রিমেণ্ট-অব্-পে বন্ধ থাকবে? এই প্রশ্নের ব্যাখ্যা সরকার থেকে কাম্য।]

অ্যাপিল রেগুলেশন

প্রঃ 1. অ্যাপিল কমিটির গুরুত্ব কতটুকু?

উঃ স্কুলের অনুমোদিত কর্মরত শিক্ষক ও অশিক্ষক কর্মচারী প্রধান/প্রধানা সহ স্কুল ম্যানেজিং কমিটির কোন কার্যের ফলে যদি ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে মনে করেন, তাহলে তাঁরা সরাসরি কোর্টে যাওয়ার আগে পর্ষদ নিযুক্ত অ্যাপিল

কমিটির কাছে প্রতিবিধানের জন্য আবেদন করতে পারেন। এবং তাঁদের আবেদনের যথাযথ শুনানির ব্যবস্থা করা হয়।

প্রঃ 2. ক্ষুব্ধ কর্মচারী কি অ্যাপিল কমিটির কাছে না গিয়েও সরাসরি কোর্টে স্কুল কমিটির বিরুদ্ধে মামলা রুজু করতে পারেন ?

উঃ ক্ষুব্ধ ব্যক্তি যদি মনে করেন যে, অ্যাপিল কমিটিতে দেরী হতে পারে অথবা যথাযথ বিচার পাওয়ার আশা কম, অথবা নানা কারণে-উক্ত বিচার দোষযুক্ত হতে পারে, তাহলে কোর্টে যেতে বাধা নেই, তবে হাইকোর্ট সাধারণতঃ ক্ষুব্ধ ব্যক্তির অ্যাপিল কমিটিতে যাওয়াই উপযুক্ত বিবেচনা করেন। কারণ বোর্ড একটি Statutory Body.

প্রঃ 3. কোন ক্ষুব্ধ শিক্ষক বা অশিক্ষক কর্মচারী কি বিচারালয়কে উপযুক্ত বিবেচনা করে প্রতিবিধানের জন্য বেছে নিতে পারেন ?

উঃ অ্যাপিল কমিটি সংক্রান্ত রুলসের II (i) এ বলা আছে : অ্যাপিল কমিটিতে যা জানান হয়নি বা যে বিষয়ে সিদ্ধান্ত হয়নি, এমন বিষয় সম্বন্ধে সিভিল বা ক্রিমিন্যাল কোর্টে কোন মামলা দায়ের করা যাবে না। হাইকোর্ট এ ব্যাপারে মন্তব্য করেছেন যে, অ্যাপিল কমিটি ট্রাইব্যুনেলের চেয়ে কোন প্রকারের উচ্চতর সংস্থা নয়, যার ওপর হাইকোর্ট খবরদারি করতে পারবেন না। ভারতীয় শাসনতন্ত্রের ২২৭ আরটিকেলে সে ক্ষমতা দেওয়া আছে।

প্রঃ 4. অ্যাপিলকারী অথবা বিবাদী অ্যাপিল কমিটিতে শুনানীর সময় আত্মপক্ষ সমর্থনে কোন উকিল অথবা প্রতিনিধি দিতে পারেন কি ? তিনি অ্যাপিল কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে অগ্রসর হতে পারেন কি ?

উঃ (I) হাঁ, দরখাস্ত দিয়ে আগে অনুমতি নিতে হবে। (II) হাঁ, যদি দেখা যায়, অ্যাপিলের সিদ্ধান্তে সমস্ত আইনের দিক বিচার হয়নি।

প্রঃ 5. গভঃ অর্ডার নং 492 (6)-Edn (S) dt. 26. 10. 81 অনুযায়ী ১ থেকে ১৩ নং পর্যন্ত স্তরের মাধ্যমিক শিক্ষকদের মধ্যে যাঁদের ১০ বছর চাকরি হয়েছে তাঁদের একটি অতিরিক্ত ইনক্রিমেণ্ট, আবার সাব-ক্লজ 3 (a) অনুযায়ী ২০ বছরের অভিজ্ঞতার জন্য আর একটি বেতন বৃদ্ধির সুযোগ পাবেন। এর ব্যাখ্যা কি ?

উঃ শিক্ষাদপ্তরের (মাধ্যমিক বিভাগ) মেমো নং 59G. A dt. 16th January, 1982-এর ব্যাখ্যা প্রসঙ্গে ডাইরেক্টর অব্ সেকেণ্ডারী এডুকেশন জানাচ্ছেন যে, একটি মাত্র বেতনবৃদ্ধির সুযোগ পাওয়া যাবে। (যিনি একাধিক বেতনবৃদ্ধির সুযোগ নিয়েছেন তাঁকে একটির বেশী ইনক্রিমেণ্ট দেওয়া হবে না)। প্রধান/প্রধানার ক্ষেত্রে এই সুযোগ দেওয়া হয়নি।

প্রঃ 6. ১৮ বছরের চাকরি হলে কোন্ স্তরের কর্মচারীরা পরবর্তী উচ্চ বেতন স্কেলের সুযোগ পাবেন ?

উঃ ঘোষিত পে-স্কেলে ১ থেকে ১৩ নং পর্যন্ত শিক্ষক বা অশিক্ষক কর্মচারীর

১৮ বছরের অনুমোদিত চাকরি হলে, তাঁরা পরবর্তী উচ্চতর বেতন স্কেলের সুযোগ পাবেন। তবে পরবর্তী ইন্‌ক্রিমেণ্টের তারিখ আগের স্কেলের তারিখ অনুযায়ী হবে।

(Vide শিক্ষাদপ্তর No. $\frac{407\ (6)\text{-Edn. (B)}}{1\text{M}—49/82}$ dt. 14th Sept, 1982)

প্রঃ 7. যে সব শিক্ষক/শিক্ষিকা ১৯৮০ সালের এপ্রিলের আগে স্টাফ-প্যাটার্নে লেখানো যোগ্যতা ছাড়া অন্য যেকোন বিষয়ে পাস করে যোগ্যতা বৃদ্ধি করেছেন, তাঁরা উন্নত পে-স্কেলের সুযোগ পাবেন কি ?

উঃ শিক্ষাদপ্তরের গ্রাণ্ট-ইন-এড সেকশনের মেমো নং $\frac{1467\ (16)\ \text{GA}}{4\text{G-}771/80}$ dt. 3rd Aug, 1984-এ ব্যাখ্যা প্রসঙ্গে বলা হয়েছে যে, সমস্ত সেকেণ্ডারী স্কুলে (XII শ্রেণী পর্যন্ত) 1. 4. 81.-তে কর্মরত শিক্ষক/শিক্ষিকা অন্য বিষয়ে যোগ্যতা বৃদ্ধির জন্য পরীক্ষা পাসের তারিখের পাঁচ বছর পরে উচ্চতর বেতন স্কেলের সুযোগ পাবেন।

মনে রাখতে হবে : উচ্চতর যোগ্যতা অর্জনের পাঁচ বছর পরে, পরীক্ষা পাসের পূর্বের ৫ বছরের শিক্ষাগত অভিজ্ঞতা নয়।

প্রঃ 8. যোগ্যতা (qualification) বৃদ্ধির পর পাঁচ বছর অপেক্ষা করা ছাড়া উচ্চতর বেতনের সুযোগ পাওয়ার অন্য কোন উপায় আছে কি ?

উঃ হাঁ, আছে। সংশ্লিষ্ট গ্রুপের অর্থাৎ স্টাফ প্যাটার্নের প্রয়োজনে কোন পদ খালি হলে অথবা ঐ গ্রুপের কোন শিক্ষকের পদের মঞ্জুরী (sanction of a new post by the D. I. of schools, S. E.) পাওয়া গেলে ম্যানেজিং কমিটির সুপারিশের ভিত্তিতে by mutual transfer অর্থাৎ উক্ত পাস করা শিক্ষককে শূন্যপদে বা অতিরিক্ত শিক্ষকের মঞ্জুরীকৃত পদে স্থানান্তর করে উক্ত শিক্ষকের পদকে খালি ঘোষণা করা—এরূপ ব্যবস্থার জন্য জেলা স্কুল পদ-দর্শকের (মা) অনুমতি প্রয়োজন।

জুনিয়ার হাই এবং হাই ও হায়ার সেকেণ্ডারী স্কুলের স্বীকৃতি (Recognition) প্রসঙ্গে

প্রঃ 1. নূতন মাধ্যমিক স্কুলের স্বীকৃতি পেতে হলে কোন্ কোন্ বিষয়ের প্রতি দৃষ্টি রাখতে হবে ?

উঃ বর্তমানে শিক্ষাদপ্তরের নীতি খুব একটা উদার বলা চলে না। বর্তমানে সরকার নূতন হাই স্কুল খোলার পরিবর্তে জুনিয়ার হাই স্কুলকে উচ্চবিদ্যালয়ের স্তরে এবং উচ্চ বিদ্যালয়কে উচ্চতর বিদ্যালয়ের স্তরে উন্নীত করাই সরকারের পলিসি। যেহেতু বর্তমানে বিনাবেতনে মাধ্যমিক শিক্ষার প্রসারে সরকার

উদ্যোগী, সেইজন্য সরকার বর্তমানে কারও ব্যক্তিগত উদ্যোগকে খুব একটা উৎসাহদানে অনিচ্ছুক ; কারণ এতে আর্থিক অনুদানের প্রশ্ন জড়িত।

যা, হউক, নিম্নলিখিত বিষয়গুলো ভেবে-চিন্তে উক্ত সৎপ্রয়াসে অগ্রসর হওয়া ভাল। নতুবা পরে প্রত্যাশা ভঙ্গজনিত দুঃখ ও অসহায়তা দেখা দিতে পারে :

(i) স্কুলের জন্য নির্বাচিত স্থান—এক বিঘা থেকে এক একর পর্যন্ত।
স্কুলবিল্ডিং—অন্ততঃ পাকা দেওয়াল, ছাদ, টিনের অথবা পাকা ছাদ।
যাতায়াতের ব্যবস্থা—স্কুল পর্যন্ত চালাচলের ভাল রাস্তা থাকা চাই।
ফার্নিচার—চেয়ার, টেবিল, বোর্ড, বসবার জন্য ডাবল বেঞ্চী।
সেনিটারী ব্যবস্থা—পানীয় জলের নলকূপ অথবা মিউনিসিপ্যাল টেপ ওয়াটার ; প্রয়োজনীয় খেলার মাঠ।
লাইব্রেরী—ছাত্র/ছাত্রীদের জন্য জুভেনাইল লিটারেচার।
শিক্ষার সরঞ্জাম—মানচিত্র, গ্লোব, বিজ্ঞানের চার্ট-মডেল প্রভৃতি।
অফিস—লাইব্রেরী, শিক্ষকদের জন্য কমনরুম এবং প্রত্যেক ক্লাসরুম ৪৮০ থেকে ৫০০ বর্গফুটের হওয়া চাই।

(ii) ছাত্র/ছাত্রী সংখ্যা :
(a) জুনিয়ার হাই (V এবং VI) : ৬০—৮০ জন
(b) ঐ (V—VIII) : ১০০—১৫০ জন
(c) দশ ক্লাশ হাই (V—X) : ২০০—১০০০ জন

(iii) রিজার্ভ ফাণ্ড : জুনিয়ার হাই স্কুলের জন্য—
১০০০ টাকা থেকে ৩০০০ টাকা।
হাই স্কুলের জন্য—
৩০০০ টাকা থেকে ৫০০০ টাকা।

(iv) শিক্ষক/শিক্ষিকার সংখ্যা :
(a) জুনিয়ার হাই স্কুল : (V—VIII) সকলেই গ্রাজুয়েট হলে ভাল।
তন্মধ্যে—প্রধান/প্রধানা ডিগ্রীসহ বি. টি./বি. এড.
আর্টস্ গ্রাজুয়েট—ল্যাঙ্গুয়েজ—২ জন
সোশ্যাল সায়েন্স—(ভূগোল-ইতিহাস) —২ জন
বিজ্ঞান : পিওর সায়েন্স—১ জন
বায়ো-সায়েন্স—১ জন

কমপক্ষে : ৬/৭ জন

(b) হাই স্কুল (V-X) :

প্রধান/প্রধানা : মাস্টার ডিগ্রীসহ বি. টি./বি. এড.

সহকারী শিক্ষক/শিক্ষিকা—

(১) ভাষাগ্রুপ— ৪ জন

(২) সোস্যাল সায়েন্স
(ইতিহাস ও ভূগোল) ২ „

(৩) সায়েন্স (একজন বায়ো) ৩ „

(৪) কর্মশিক্ষা/সাধারণ শিক্ষা ২ „

মোট ১১+১ জন (কমপক্ষে)

গার্লস স্কুলে পুরুষ শিক্ষক নিয়োগ নিয়ম-বহির্ভূত।

(v) অশিক্ষক কর্মচারীবৃন্দ :

(১) করণিক—এস. এফ/এইচ. এস অথবা সমতুল্য।

(২) চতুর্থ শ্রেণীর কর্মচারী—ছাত্র/ছাত্রীর সংখ্যা অনুপাতে এক/দুই জন।

(vi) অরগেনাইজিং কমিটি :

প্রতিষ্ঠাতা, দাতা (২০,০০০ টাকা), শিক্ষাবিদ প্রতিনিধি।
সদস্য সংখ্যা খুব বেশী হওয়া বাঞ্ছনীয় নয়।
প্রেসিডেন্ট—স্থানীয় প্রভাবশালী ব্যক্তি।
সেক্রেটারী—একজন করিৎকর্মা ব্যক্তি
স্কুলের স্বীকৃতি (recognition) লাভের পর নূতন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত অথবা পর্যদ কর্তৃক অ্যাডমিনিস্ট্রেটর/অ্যাডহক কমিটি নিয়োগ পর্যন্ত।

(vii) স্কুলের স্বীকৃতি লাভের পূর্ব পর্যন্ত ফী নেওয়া চলতে পারে। তবে প্রতিশ্রুতি দিতে হবে যে, স্বীকৃতি লাভের পর তা বন্ধ করতে হবে। ফী ছাড়া সরকার-স্বীকৃত অন্যান্য ফী নেওয়া চলবে।

(viii) স্থানীয় এম. এল. এ./এম. পির পৃষ্ঠপোষকতা থাকা দরকার।

(ix) যে এলাকায় বালিকা বিদ্যালয় নেই, অথবা থাকলেও বেশ দূরে সেক্ষেত্রে নূতন স্কুলে সহ-শিক্ষা চলতে পারে।

স্বীকৃতি লাভের পর ছাত্র সংখ্যা ৫০০ অতিক্রম করলে জেলা স্কুল পরিদর্শকের (মাঃ) কাছে সহ-প্রধান/প্রধানার জন্য অনুমতি চেয়ে আবেদন করা যেতে পারে।

বিবিধ প্রসঙ্গে

প্রঃ 1. সহকারী শিক্ষক/শিক্ষিকাকে সপ্তাহে কত পিরিয়ড ক্লাশ নিতে হবে ?

উঃ পর্ষদের সর্বশেষ সার্কুলারে শিক্ষক/শিক্ষিকাকে সপ্তাহে রুটীন মাফিক ২৫ পিরিয়ড ও ১১ পিরিয়ড টিউটোরিয়েল কাজের খাতা-পত্র দেখার কথা। অনুপস্থিত শিক্ষকদের জন্য প্রোভিশ্যনাল ক্লাশ নেওয়া এই ৩৬ পিরিয়ডের অন্তর্ভুক্ত। প্রধান/প্রধানা প্রয়োজনবোধে উল্লেখিত ১১ পিরিয়ডে অতিরিক্ত ক্লাশ বরাদ্দ করতে পারেন।

প্রঃ 2. শিক্ষক/শিক্ষিকার প্রোভিশ্যন্যাল ক্লাশ নেওয়া কি বাধ্যতামূলক ?

উঃ হাঁ, অনেকটা তাই। পর্ষদ সেক্রেটারীর নির্দেশ এই যে প্রধান/প্রধানা কোন অতিরিক্ত ক্লাশ নেওয়ার জন্য অনুরোধ করলে, শিক্ষক/শিক্ষিকারা তাই পালন করবেন। তবে যথাসম্ভব ২৫+১১ পিরিয়ডের মধ্যে তা সীমাবদ্ধ থাকা চাই।

প্রঃ 3. প্রধান ও সহ-প্রধানের সপ্তাহে কয়টি ক্লাশ নিতে হবে ?

উঃ পুরাতন রুলে প্রধান/প্রধানার জন্য সপ্তাহে ১১ পিরিয়ড ও সহ-প্রধানের জন্য ২২ পিরিয়ড। স্টাফ প্যাটার্নে—প্রধান/প্রধানাকে কোন বিষয়ে ক্লাশ নেওয়ার অন্তর্ভুক্ত করা হয়নি। বর্তমানে একটি হায়ার সেকেণ্ডারী স্কুলের প্রধান/প্রধানার পক্ষে ক্লাশ নেওয়া প্রায় একরূপ অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। প্রশাসনিক কাজ-কর্ম এতই বেড়েছে যে, প্রধান ও সহপ্রধানের পক্ষে নিয়মিত ক্লাশ নেওয়া দুরূহ।

প্রঃ 4. সহ-প্রধান/সহ-প্রধানার জন্য কোন সুনির্দিষ্ট প্রশাসনিক কাজকর্মের নির্দেশ আছে কি ?

উঃ সপ্তাহে ২২ পিরিয়ড ক্লাশ করা ছাড়া আর কোন লিখিত নির্দেশ নেই। কিন্তু 'সহকারী প্রধান' অর্থে প্রধান/প্রধানাকে সর্বতোভাবে প্রশাসনিক কাজ-কর্মে সহায়তা বোঝায়। অধিকাংশ বিদ্যালয়ে সহ-প্রধানের ওপর প্রোভিশ্যনাল রুটীন, পরীক্ষা পরিচালনা এবং দৈনিক ফী সংগ্রহের হিসেব-নিকেশের দায়িত্ব দেওয়া হয়।

প্রঃ 5. হাই/হায়ার সেকেণ্ডারী স্কুলের প্রধান/প্রধানার কোন নির্দিষ্ট 'duty period' আছে কি ?

উঃ পর্ষদের সেক্রেটারী তার ২২. ৬. ৮২ তারিখের সার্কুলারে প্রধান/প্রধানাসহ সকল শিক্ষক-অশিক্ষক কর্মচারীকে appointed hour-এর মধ্যে স্কুলে আসতে এবং স্কুলের ক্লাশ শেষ না হওয়া পর্যন্ত স্কুল ত্যাগ করতে নিষেধ করেছেন। পর্ষদের সেক্রেটারীর নির্দেশ মানতে গেলে স্কুলের প্রশাসনিক কাজ-কর্ম ১১-৪ টার মধ্যে শেষ হয় না। স্কুলচলাকালীন পঠন-পাঠনের সময়ে প্রকৃত

পক্ষে অফিসের কাজকর্ম দেখা শোনা হয়ে ওঠে না, কাজেই প্রধান/প্রধানাকে স্কুল-পিরিয়ডের আগে-পরে স্কুলের প্রশাসনিক কাজ-কর্ম সারতে হয়।

প্রধান/প্রধানাকে স্কুলের সর্বক্ষণের কর্মচারীরূপে অভিহিত করা হয়। কাজেই আসা-যাওয়া নির্দিষ্ট ঘণ্টা-মিনিটের মধ্যে আবদ্ধ রাখলে স্কুলের ক্ষতি হওয়ার সম্ভাবনা।

প্রঃ 6. প্রধান/প্রধানাকে হাজিরা বইতে আসা ও যাওয়ার সময় রেকর্ড করার বাধ্য-বাধকতা আছে কি ?

উঃ পর্ষদের সার্কুলার নং S/560 dt. 26th Sept, 1981 অনুযায়ী প্রধান/প্রধানার হাজিরা খাতায় arrival ও departure দেওয়া অবশ্য-করণীয়।

প্রঃ 7. 'Late attendance' বলতে কত মিনিট পর্যন্ত দেরীতে আসা চলতে পারে ?

উঃ সাধারণ জ্ঞান-বুদ্ধিতে যা' বোঝায়, তাতে মনে হয়, নির্ধারিত সময় (apponited hour) যদি ১০-৪৫ মিনিট হয়, তাহলে ১১ টার মধ্যে আসতে না পারলেই দেরীতে আসা, অর্থাৎ late attendance ধরতে হবে। তবে পর্ষদ সেক্রেটারীর সার্কুলার নম্বর $\frac{7211/G}{005\text{-}4\cdot242/112}$ dt. 21. 7. 82 অনুযায়ী স্কুল ম্যানেজিং কমিটিতে এই ব্যাপারে একটি সুনির্দিষ্ট প্রস্তাব গ্রহণ করে সংশ্লিষ্ট সকলকে অবগত করাই উত্তম পন্থা।

প্রঃ 8. বিদ্যালয় প্রধান/প্রধানাকে নিয়োগ, স্থায়ীকরণ, প্রমোশন ও ছাটাই সম্বন্ধে মতামতের উপর কিরূপ গুরুত্ব দেওয়া উচিত ?

উঃ আমার মনে হয়, এই ব্যাপারে প্রধান/প্রধানার মতামতের উপর সর্বাধিক গুরুত্ব দেওয়া উচিত। কারণ প্রধান/প্রধানাকেই স্কুল পরিচালনার ক্ষেত্রে দৈনন্দিন বিভিন্ন জটীল সমস্যার সম্মুখীন হতে হয়। অ্যাপিল কমিটী এবং বিচারালয়েরও প্রধান/প্রধানার মতামত ও মন্তব্য বিশেষ করে খতিয়ে দেখা উচিত। আজকাল স্কুল ম্যানেজিং কমিটি দলীয় ও গোষ্ঠীগত রাজনীতির আখড়া হয়ে উঠেছে। এই অবস্থায় প্রধান/প্রধানা যতটা সম্ভব নিরপেক্ষ থাকা ছাড়া গত্যন্তর নেই।

প্রঃ 9. 'Sitting Headmaster' বলতে কি বোঝায় ? নূতন হেডমাস্টার/হেডমিস্ট্রেস নিয়োগের ক্ষেত্রে তাঁর ভূমিকা কিরূপ ?

উঃ বিদায়ী প্রধান/প্রধানাকে Sitting Headmaster বলা হয়েছে। বিদায়ী প্রধান/প্রধানাকে নিজের ছেড়ে যাওয়া আসনে উপযুক্ত ব্যক্তির আগমন যাতে ঘটতে পারে, তজ্জন্য বিদায়ী প্রধান/প্রধানাকে সিলেকশন কমিটির সদস্য মনোনীত করা হয়েছে। তবে officiating হেডমাস্টারের প্রতিনিধিত্ব স্বীকৃত নয়।

প্রঃ 10. প্রার্থী সিলেকশন কমিটিতে পঞ্চায়েত-মনোনীত ব্যক্তির ভূমিকা কিরূপ হওয়া উচিত ?

উঃ 'সিলেকশন কমিটি' কোন সময়েই একটি স্থায়ী কমিটি হতে পারে না। প্রয়োজনেই এর সৃষ্টি এবং প্রয়োজন ফুরিয়ে গেলেই এর অস্তিত্ব শেষ। প্রয়োজনে প্রত্যেকবারেই Selection কমিটি গঠন করতে হবে, অতএব Selection কমিটিতে প্রধান/প্রধানা, সেক্রেটারী ও অ্যাডমিনিস্ট্রেটর ছাড়া আর সকলেই অস্থায়ী, পঞ্চায়েতের প্রতিনিধির ক্ষেত্রেও তাই হবে অর্থাৎ নূতন করে মনোনয়ন দিতে হবে।

প্রঃ 11. প্রার্থী নির্বাচনে Extra curricular activities-এর গুরুত্ব কিরূপ ?

উঃ শিক্ষক/শিক্ষিকা নির্বাচনে পাঠ্যসূচী বহির্ভূত জ্ঞানবিদ্যার গুরুত্ব বিবেচনা করে ৫ নম্বর Extra curricular activities-এর জন্য রাখা হয়েছে। প্রার্থীর স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরে খেলাধুলা, অভিনয়, বিতর্ক, সংগীত, আর্টস্, এন. সি. সি., এন. এস্. এস. প্রভৃতি সার্টিফিকেট বিবেচনা করে প্রত্যেকটি বিষয়ের জন্য ১ নম্বর হিসেবে অনধিক পাঁচ নম্বর দেওয়ার বিধান আছে। তবে প্রার্থীকে প্রত্যেকটির অনুলিপি দাখিল করতে হবে।

প্রঃ 12. Proportionate casual leave বলতে কি বোঝায় ?

উঃ ক্যাজুয়েল লাভ বা নৈমিত্তিক ছুটি পেতে হলেও শিক্ষিক ও শিক্ষা কর্মীকে ছুটি অর্জন করতে হয়। বছরে ১৪ দিন ক্যাজুয়েল লীভ প্রাপ্য হলে এক মাসের জন্য ১.২ এর মতো ছুটি পাওয়া যায়। এভাবে ক্যাজুয়েল লীভ হিসেব করে দেওয়া যায় না। advance leave দিতে হয়। অগ্রিম ছুটি দেওয়ারও বিধান নেই। এই ব্যাপারে প্রধান/প্রধানার ওপর দায়িত্বটা ছেড়ে দেওয়াই প্রশস্ত। বছরে যাতে ১৪ দিনের বেশী ছুটি না দেওয়া হয় তার প্রতি লক্ষ্য রেখে প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ব্যক্তিকে C. L. দেওয়া যেতে পারে।

প্রঃ 13. নবনিযুক্ত শিক্ষককে একবছরের মধ্যে মেডিক্যাল লীভ দেওয়া চলে কি ?

উঃ না ; নিয়োগের দিন থেকে ১২ মাস বা ১ বছর কাজ করলে তবেই মেডিক্যাল লীভ অর্জন করা যায়। একমাত্র অর্জিত ছুটিই পরবর্তী বছরে মঞ্জুর করা যেতে পারে। M. L. পাওনা না থাকলে leave without pay নিতে হবে। তবে aided স্কুল থেকে আসা কর্মচারীর অতীতে মেডিক্যাল লীভ জমা থাকলে, তার থেকে M. L. মঞ্জুর করা যেতে পারে।

প্রঃ 14. পার্ট টাইম টীচার কি ধরনের ছুটি-ছাটা পেতে পারেন ?

উঃ কেবলমাত্র বছরে ১৪ দিন ক্যাজুয়েল লীভ।

প্রঃ 15. শিক্ষক বা অশিক্ষক কর্মচারী চাকরি জীবনে প্রতি বছরে ১৫ দিন মেডিক্যাল পেতে পারেন কি ?

উঃ প্রত্যেক কর্মচারীর চাকরি-জীবনে মোট ৩৬৫ দিন মেডিক্যাল লীভ প্রাপ্য

হলেও যদি বছরে ১৫ দিন হিসেবে মেডিক্যাল লীভ ভোগ করা যায়, তাহলে ২৬ বছরের মধ্যেই ৩৬৫ দিন ছুটি ফুরিয়ে গেলে আর কোন ছুটি পাওয়া যাবে না। ছুটি পাওয়া না গেলে leave without pay ; এবং ঐ লীভটি কোন্ লীভ হবে ? এর কোন ব্যাখ্যা নেই। অতএব সংশ্লিষ্ট ব্যক্তিকে earned leave বা 'half-average pay leave' নিতে হবে। কাজেই হুঁশিয়ার হয়ে ছুটি ভোগ করতে হবে।

প্রঃ 16. (i) Selection Committee কর্তৃক প্রস্তুত করা প্রার্থীদের প্যানেল ম্যানেজিং কমিটি বাতিল করে দিতে পারেন কি ? (ii) ম্যানেজিং কমিটি উক্ত প্যানেল পাঠাবার সময় কোন মন্তব্য যোগ করে দিতে পারেন কি ?

উঃ (i) সিলেকশন কমিটির তৈরী করা প্যানেল ডি. আই. অব, স্কুলের কাছে পাঠানোর সময় ম্যানেজিং কমিটিকে দিয়ে endorse করে পাঠাবার নির্দেশ আছে। (ii) স্কুল ম্যানেজিং কমিটি endorse করে পাঠাবার সময় ম্যানেজিং কমিটির কোন বক্তব্য থাকলে পাঠাতে পারেন।

প্রঃ 17. পরবর্তী স্কুল ম্যানেজিং কমিটি পূর্ববর্তী স্কুল ম্যানেজিং কমিটির/প্রশাসক/অ্যাডহক কমিটির দ্বারা প্রস্তুত করা প্রার্থীদের প্যানেল এবং জেলা স্কুল কর্তৃক অনুমোদন প্রাপ্ত প্যানেল বাতিল করে দিতে পারেন কি ?

উঃ পারেন না। তবে কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে, নানা তাল-বাহানা করে, নানা পরিস্থিতির সৃষ্টি করে অথবা রাজনৈতিক প্রভাব বিস্তার করে উক্ত অনুমোদিত প্যানেল বাতিল করে জেলাপরিদর্শকের মতামত পরিবর্তন করে নিজেদের প্যানেল পাস করিয়ে আনেন। এজাতীয় ঘটনা বিরল নয়।

প্রঃ 18. হায়ার সেকেণ্ডারী স্কুলে নাইটগার্ড ও ঝাড়ুদারের (মেথর) জন্য (৪র্থ শ্রেণীর) পোষ্ট সৃষ্টি করবার কোন সুযোগ আছে কি ?

উঃ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ৪র্থ শ্রেণীর পাঁচজন কর্মচারীর অনুমোদন পাওয়া যেতে পারে। এদের মধ্যে কোন পদ খালি হলে বা খালি থাকলে জেলা স্কুল পরিদর্শকের অনুমতি নিয়ে উক্ত পদ পূরণ করা যেতে পারে। নাইডগার্ডের জন্য কর্মরত যে কোন একজন চতুর্থ শ্রেণীর কর্মচারীকে মাসিক ২০ টাকা ভাতা দিয়ে অতিরিক্ত কাজ করানোর বিধান আছে। কোন পদ খালি না থাকলে ডেভলাপমেণ্ট ফাণ্ড থেকে মাসিক ৭৫ টাকার মধ্যে পার্টটাইম Sweeper নিয়োগ করা যেতে পারে। এর জন্য জেলা পরিদর্শকের অনুমতির প্রয়োজন নেই।

প্রঃ 19. স্কুলে ১৫/২০ বছর ধরে স্থায়ীভাবে কর্মরত ৪র্থ শ্রেণীর স্টাফকে অনুমোদন পাওয়ার জন্য অষ্টম শ্রেণীর পাস সার্টিফিকেট দেখান কি বাধ্যতামূলক ?

উঃ অষ্টম শ্রেণীর পাস সার্টিফিকেট থাকলে ভাল হয়। তবে অতীতে উক্ত পাস সার্টিফিকেট নিয়ে কোন কড়াকড়ি ছিল না। ১৯৮১ সাল থেকে কড়াকড়ি